সটীক সানুবাদ

# জ্যোতিষতত্ত্ববারিধিঃ।


শ্রীনীলকমল বিদ্যানিধিনা

সংগৃহীতঃ।

শ্রীযুক্ত অক্ষয়কুমার সিদ্ধান্তরত্নজ্যোতির্ব্বিদা

সংশোধিতঃ।



দ্বিতীয় সংস্করণ।

লিকাতা, ১০৫ নং আপার চিৎপুর রোড, তারা-লাইব্রেরী হইতে

শ্রীঅধরচন্দ্র চক্রবর্ত্তী কর্ত্তৃক

প্রকাশিত।

সন ১৩৩১—অগ্রহায়ণ।

প্রকাশক—

শ্রীঅধরচন্দ্র চক্রবর্ত্তী।

তারা লাইব্রেরী

১০৫ নং আপার চিৎপুর রোড,

কলিকাতা।

এই পুস্তক ইংরাজী ১৮৪৭ সালের ২০ আইনানুসারে
রেজেষ্টারী করা হইল।

শ্রীঅধরচন্দ্র চক্রবর্ত্তী।

চক্রবর্ত্তী প্রিণ্টিং ওয়ার্কস্
২ নং নিমুগোস্বামী লেন,

# ভূমিকা।

বহুদিবসাবধি আমার সঙ্কল্প ছিল জ্যোতিষের একখানি সংগ্রহ গ্রন্থ লিখিয়া জনসমাজে প্রচার করিব, কিন্তু শারীরিক অসুস্থতা নিবন্ধন এতাবৎকাল পর্য্যন্ত তাহা ঘটিয়া উঠে নাই। বিগত শকাব্দে আমার কলিকাতায় অবস্থান সময়ে মদীয় কতিপয় হিতৈষী সুহৃদ্ "জ্যোতিষতত্ত্ববারিধি" নাম দিয়া জ্যোতিষের একখানি সংগ্রহ লিখিতে অনুরোধ করায় আমি তাহাতে প্রোৎসাহিত হইয়া আমার চিরসঙ্কল্পিত কার্য্যানুষ্ঠানে ব্রতী হই; কিন্তু কার্য্যে প্রবৃত্ত হওয়াবধি নানারূপ বিঘ্নে পতিত হইয়াছিলাম, তাহাতে পুস্তক শেষ করিতে পারিব ক্ষণকালের জন্যেও এরূপ আশা করি নাই; সংপ্রতি ভগবানের অনুগ্রহে এক-রূপ পুস্তক শেষ করা গেল। দীপিকা, জ্যোতিস্তত্ত্ব, সৎকৃত্যমুক্তাবলী, জ্যোতিঃসার, জ্যোতিঃসারসংগ্রহ প্রভৃতি প্রাচীন সংগ্রহ আদর্শ দেখিয়া এই পুস্তক লিখিত হইয়াছে। জ্যোতিষশিক্ষার্থীর সুবিধার জন্য দীপিকার বচনে গোবিন্দানন্দকৃত টীকা যোজনা করা গেল। স্থান-বিশেষে স্মার্ত্ত মহামহোপাধ্যায় রঘুনন্দন ভট্টাচার্য্য মহাশয়ের স্বকৃত-ব্যাখ্যাও উদ্ধৃত হইয়াছে। পরন্তু

"জ্যোতিষে তন্ত্রশাস্ত্রে চ বিবাদে বৈদ্যশাস্ত্রকে।
অর্থমাত্রন্তু গৃহ্নীয়ান্নাপশব্দং বিচারয়েৎ"॥

এই প্রাচীন শ্লোকে নির্ভর করিয়াই কোন কোন বচন "ব্যাকরণগত" অশুদ্ধ বিবেচিত হইলেও তাহা পরিত্যক্ত হয় নাই, পাঠকগণও বোধ হয় উক্ত শ্লোকের অবমাননা না করিয়া উহা গ্রহণ করিবেন। এইক্ষণে এই পুস্তক পাঠে পাঠকগণের কথঞ্চিৎ উপকার হইলেও আমার পরিশ্রম সফল বিবেচনা করিব। ইতি সন ১৩১০ সাল ১৫ই মাঘ।

বিশেষ দ্রষ্টব্য। এই পুস্তকে আমার নাম ব্যতীত অন্য কোন সত্ত্ব রহিল না, প্রকাশক মহাশয়ই ইহার সম্পূর্ণ সত্ত্বাধিকারী রহিলেন। ইতি সন ১৩৪০ সাল, ১৫ই শ্রাবণ।

শ্রীনীলকমল দেবশর্ম্মা।
বিক্রমপুর, মোদনামণ্ডল।

# সূচীপত্র।


| বিষয় | পৃষ্ঠা। |
|---|---|
| অথ রব্যাদ্যুৎপত্তিকথন | ১ |
| মেষাদি রাশিকথন | ,, |
| রাশিপর্য্যায় | ২ |
| মেষাদিরাশি-বিশেষসংজ্ঞা | ,, |
| ক্রূরসৌম্যাদিবিবেক | ৩ |
| পুণ্যাদি বিবেক | ,, |
| দ্বিপদচতুষ্পদাদিরাশিকথন | ,, |
| কীটসরীসৃপাদি রাশিকথন | ৪ |
| গ্রাম্যারণ্যরাশিকথন | ,, |
| জলজরাশিকথন | ,, |
| বলজ্ঞান | ,, |
| পৃষ্ঠোদয়াদি বিবেক | ৫ |
| রাশিগণের স্থানবল | ৬ |
| বলাবলবিভাগ | ,, |
| পত্যাদি যোগদ্বারা রাশির বলাবল কথন | ,, |
| বেশ্যাদিস্থানকথন | ৭ |
| ষড়্‌বর্গ কথন | ,, |
| ক্ষেত্রাধিপকথন | ৮ |
| রাশির হ্রস্বত্বাদিসংজ্ঞা | ,, |
| রাশির অধিষ্ঠাতৃদেবতাকথন | ,, |
| রাশির বশ্যাবশ্যকথন | ৯ |
| রাশির জাতিকথন | ১০ |
| মেষাদির বর্ণকথন | ,, |
| নবগ্রহসংজ্ঞাকথন | ,, |
| গ্রহের বিশেষসংজ্ঞাকথন | ,, |
| গ্রহের জাতিকথন | ১১ |
| গ্রহের বর্ণকথন | ,, |
| গ্রহের ধাতুকথন | ১২ |
| গ্রহদিগের সত্ত্বাদিজ্ঞান | ,, |
| সাম্যাদিজ্ঞান | ,, |
| নৃপাদিজ্ঞান | ১৩ |
| পুরুষাদ্যধিপকথন | ,, |
| বেদাধিপকথন | ,, |
| রসাদিপজ্ঞান | ,, |

| বিষয় | পৃষ্ঠা। |
|---|---|
| দিগধিপতিকথন | ১৪ |
| গ্রহদিগের মিত্রাদিকথন | ,, |
| শত্রুসমকথন | ১৫ |
| সমকথন | ,, |
| তাৎকালিকমিত্রাদিকথন | ,, |
| তাৎকালিক শত্রুকথন | ১৬ |
| অধিমিত্রাদিকথন | ,, |
| রাহু ও কেতুর মিত্রাদি | ,, |
| গ্রহদিগের পাপসৌম্যকথন | ১৭ |
| গ্রহদিগের ঋতুবলজ্ঞান | ,, |
| চন্দ্রবলকথন | ,, |
| গ্রহদিগের বলবিশেষকথন | ১৮ |
| মূলত্রিকোণকথন | ২০ |
| মূলত্রিকোণাংশকথন | ,, |
| তুঙ্গাদিকথন | ২১ |
| গ্রহদৃষ্টিকথন | ২৩ |
| গ্রহদিগের দৃষ্টিকথন | ২৪ |
| রাহুর দৃষ্টিকথন | ২৫ |
| নক্ষত্রকথন | ,, |
| নক্ষত্রাধিপকথন | ,, |
| গণকথন | ২৬ |
| উগ্রনক্ষত্রগণকথন | ,, |
| ধ্রুবগণকথন | ২৭ |
| চরনক্ষত্রগণকথন | ,, |
| ক্ষিপ্র ( লঘু ) গণকথন | ,, |
| মৃদুগণকথন | ২৮ |
| তীক্ষ্ণগণকথন | ,, |
| মৃদুতীক্ষ্ণ ( মিশ্র ) গণকথন | ,, |
| অধোমুখগণকথন | ,, |
| ঊর্দ্ধমুখগণকথন | ২৯ |
| পার্শ্বমুখগণকথন | ,, |
| অথ তারাশুদ্ধিকথন | ,, |
| পঞ্চমাদিতারানির্ণয় | ৩০ |
| জন্মতারার ফল | ,, |
| তারাপ্রতীকার | ৩১ |

| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা। |
|---|---|---|---|
| দিবসের পঞ্চদশনক্ষত্র মুহূর্ত্ত কথন | ৩১ | যুতযামিত্রবেধাদিবর্জ্জনকথন | ৫৮ |
| রাত্রির পঞ্চদশনক্ষত্রমুহূর্ত্তকথন | ৩২ | যামিত্রবেধ | ,, |
| নক্ষত্রমুহূর্ত্তফল | ,, | যামিত্রবেধ প্রতিপ্রসব | ৫৯ |
| নাড়ীনক্ষত্রকথন | ,, | প্রকারান্তরে যুতবেধের প্রতি প্রসব | ৬০ |
| নাড়ীনক্ষত্রফল | ৩৩ | যুতযামিত্রাদির প্রতিপ্রসব | ৬০ |
| নাড়ীনক্ষত্রপীড়াশান্তিকথন | ৩৪ | সপ্তশলাকবেধ | ,, |
| অশুভনক্ষত্রনির্ণয় | ,, | সপ্তশলাকচক্র | ৬১ |
| পুংনক্ষত্রকথন | ৩৫ | অভিজিন্নক্ষত্রকথন | ৬৩ |
| রাশিনক্ষত্রবিভাগ | | সপ্তশলাকবেধফল | ,, |
| তিথিনিরূপণ | ৩৬ | ইন্দ্বষ্টমগতপাপকথন | ,, |
| তিথিসংজ্ঞাকথন | ৩৭ | ইন্দ্বষ্টমপ্রতিপ্রসব | ৬৫ |
| তিথির বিশেষসংজ্ঞাকথন | ,, | অথ খর্জ্জুরবেধ | ,, |
| নিত্যযোগকথন | ৩৮ | বিদ্ধনক্ষত্র বর্জ্জন | ৬৬ |
| নিত্যযোগের ত্যাজ্যকালকথন | ,, | খর্জ্জুরবেধ প্রতিপ্রসব | ,, |
| অথ করণকথন | ৪০ | অথ সুতহিবুকযোগ | ৬৭ |
| সাধিপ ববাদিকথন | ,, | অথ গোধূলিযোগ | ,, |
| সাধিপশকুন্যাদিকথন | ,, | গোধূলিব্যবস্থা | ৬৮ |
| বিষ্টিভদ্রাকথন | ৪ | গোধূলিনির্ণয় | ৬৯ |
| অথ বিষ্টিভদ্রোৎপত্তি | ৪৩ | গোধূলিপ্রশংসা | ,, |
| বিষ্টিভদ্রার অঙ্গবিভাগ | ,, | গোধূলিনিন্দা | ,, |
| অঙ্গবিভাগফল | ,, | **যোটকবিচার** | ,, |
| ভদ্রাস্থিতিনির্ণয় | ৪৪ | গণকথন | ৭০ |
| বিষ্টিভদ্রাফল | | গণফল | ৭২ |
| বিষ্টিভদ্রার প্রতিপ্রসব | ৪৫ | **নাড়ীবেধ** | ,, |
| নবগ্রহসংজ্ঞা | ৪৫ | নাড়ীবেধফল | ৭৩ |
| বারকথন | ,, | রাজযোটকপ্রশংসা | ৭৪ |
| বারগুণকথন | ৪৬ | অরিষড়ষ্টক | ,, |
| **অথ বিবাহ** | ,, | মিত্রষড়ষ্টক | ,, |
| কন্যালক্ষণ | ,, | ষড়ষ্টকাদিফল | ৭৫ |
| বৈবাহিকনক্ষত্রাদি | ৫২ | নবপঞ্চমাদিত্যে বিশেষফল | ,, |
| নিষিদ্ধমাসকথন | ৫৩ | বর্ণকথন | ,, |
| প্রশস্তমাস | ৫৪ | বর্ণফল | ,, |
| প্রশস্তাপ্রশস্তবারকথন | ,, | যোটকাপবাদ | ৭৬ |
| তিথিকথন | ৫৫ | দ্বির্দ্বাদশাদিতে বিশেষ | ৭৭ |
| নক্ষত্রকথন | ৫৫ | ভ্রমপ্রমাদোৎপন্নষড়ষ্টকাদি প্রতিকার | ,, |
| গণ্ডপাদবর্জ্জন | ৫৬ | কন্যার গ্রহাদিশুদ্ধিকথন | ৭৮ |
| ত্যাজ্যযোগকথন | ৫৭ | | |
| লগ্নকথন | ,, | | |

| বিষয় | পৃষ্ঠা। | বিষয় | পৃষ্ঠা। |
|---|---|---|---|
| বিবাহে অয়নাদিশুদ্ধি | ৭৯ | বৃহস্পতির ঐ | ১১১ |
| কালাশুদ্ধিকথন | ৮০ | শুক্রের ঐ | ১১২ |
| অনাদি দেবতাদিকথন | ৮৭ | দিবাবিবাহনিষেধ | ১১৩ |
| গয়াতে প্রতিপ্রসব | ৮৮ | কুলিকাখ্যযোগ | ,, |
| অকালবৃষ্টিকথন | ৮৮ | মাসদগ্ধাকথন | ,, |
| গ্রহণাদিতে বিবাহাদি নিষেধ | ৮৯ | চন্দ্রদগ্ধা | ১১৫ |
| জন্মমাসাদিতে বিবাহাদি নিষেধ | ৯০ | অবম ও ত্র্যহস্পর্শ | ,, |
| বিবাহাদিকার্য্যে গ্রহশুদ্ধিকথন | ৯২ | ত্র্যহস্পর্শনিন্দা | ১১৭ |
| অষ্টবর্গকথন | ,, | একদিনে ভ্রাতৃদ্বয় কি ভগিনী- | |
| রবির অষ্টবর্গ | ,, | দ্বয়ের বিবাহ নিষিদ্ধ | ,, |
| চন্দ্রের অষ্টবর্গ | ৯৩ | গুণবাহুল্যে অল্পদোষের | |
| মঙ্গলের অষ্টবর্গ | ৯৪ | ত্যাজ্যতা কথন | ,, |
| বুধের অষ্টবর্গ | ৯৫ | **নববধূবাগমন** | |
| বৃহস্পতির অষ্টবর্গ | ৯৫ | বালবন্ধ | ১১৯ |
| শুক্রের অষ্টবর্গ | ৯৬ | দ্বিরাগমন | ১২০ |
| শনির অষ্টবর্গ | ৯৬ | দ্বিরাগমনে প্রশস্ততিথিকথন | ১২৪ |
| লগ্নাষ্টবর্গ | ৯৭ | নিষিদ্ধতিথিকথন | ,, |
| অষ্টবর্গগণনক্রম | ,, | পিতৃগৃহে ভোজনানন্তর পতি- | |
| রেখা ও বিন্দুপ্রভৃতির ফল | ৯৮ | গৃহে ভোজন নিষেধ | ,, |
| মাণ্ডব্যোক্ত গ্রহের গোচরশুদ্ধি | ৯৯ | **আদ্যরজোদর্শনে** | |
| বরাহোক্ত গ্রহগোচরশুদ্ধি | ১০০ | **শুভাশুভ বারাদি** | |
| রবিশুদ্ধি | ১০২ | ঐ মাসকথন | ১২৫ |
| নিষিদ্ধরবিফল | ১০৩ | তিথিকথন | ,, |
| বৃহস্পতিশুদ্ধি | ,, | যোগাদিকথন | ,, |
| চন্দ্রশুদ্ধি | ১০৪ | নক্ষত্রফলকথন | ১২[illegible] |
| চন্দ্রতারাশুদ্ধিপ্রশংসা | ,, | **গর্ভাধান** | |
| চন্দ্রতারাদির অশুভ প্রতীকার | ১০৬ | শুক্লপর্ব্বনিরূপণ | ১২৮ |
| চন্দ্রের বিশেষ | ১০[illegible] | নিষেককালকথন | ,, |
| চন্দ্রদোষোপশান্তিস্নান | ,, | গর্ভাধানে যুগ্মাযুগ্মদিনব্যবস্থা | ১৩১ |
| গোচরে চন্দ্রশুদ্ধিফল | ,, | প্রশস্তাপ্রশস্ততিথ্যাদি কথন | ১৩৪ |
| গ্রহদিগের গোচরাপবাদ | ,, | গণ্ডপাদবর্জ্জন | ১৩৫ |
| গ্রহদিগের দক্ষিণবেধ ও | | অশক্তপক্ষে ব্যবস্থা | ,, |
| বামবেধশুদ্ধিকথন | ,, | অথফলবন্ধন | ১৩৫ |
| চন্দ্রের ঐ | ১০৮ | অথষোড়শবর্ষীয়া গর্ভিণী চিন্তা | ১৩৬ |
| প্রকারান্তর বামবেধে চন্দ্রশুদ্ধি | ১০৯ | অথ পুংসবন | ,, |
| মঙ্গল ও শনির দক্ষিণবেধ ও | | অথপঞ্চামৃত | ১৩৭ |
| বামবেধশুদ্ধি | ১১০ | অথ ধটীদান | ,, |
| বুধের ঐ | ১১১ | অথ সীমন্তোন্নয়ন | ১৩৮ |

| বিষয় | পৃষ্ঠা। |
|---|---|
| **জাতকপ্রকরণ** | |
| লগ্নমান | ১৩৯ |
| প্রসূতিজ্ঞান | ১৪০ |
| লগ্নজ্ঞান | ,, |
| গৃহস্বরূপকথন | ১৪১ |
| দীপস্থিতিজ্ঞান | ১৪৩ |
| বর্ত্তিজ্ঞান | ,, |
| তৈলজ্ঞান | ,, |
| **ষড় বর্গ নির্ণয়** | |
| ক্ষেত্রকথন | ১৪৪ |
| হোরাকথন | ,, |
| হোরাফল | ,, |
| দ্রেক্কাণকথন | ,, |
| নবাংশকথন | ১৪৫ |
| দ্বাদশাংশকথন | ১৪৬ |
| ত্রিংশাংশকথন | ,, |
| **যামার্দ্ধকথন** | |
| দণ্ডকথন | ১৪৮ |
| সূতিকাবস্ত্রদ্বারা শিশুর দিবাদণ্ডজ্ঞান | ১৪৯ |
| রাত্রিদণ্ডজ্ঞান | ১৫০ |
| **বিবিধ যোগাদিকথন** | |
| জন্মসময়ে পিতার পরোক্ষাদিজ্ঞান | ১৫১ |
| জারজযোগ | ,, |
| জারজযোগভঙ্গ | ১৫২ |
| বালকের পিতৃমাতৃসাদৃশ্যজ্ঞান | ১৫৩ |
| গণ্ডযোগ | ,, |
| গণ্ডযোগের কালনির্ণয় | ,, |
| **বিবিধ রিষ্টকথন** | |
| গণ্ডরিষ্টি | ১৫৪ |
| গণ্ডাপবাদ | ,, |
| গণ্ডরিষ্টিশান্তি | ১৫৫ |
| মাতৃরিষ্টি | ১৫৬ |
| রিষ্টভঙ্গযোগ | ১৫৮ |
| পিতৃরিষ্ট | ,, |
| পিতৃমাতৃহাযোগ | ১৬০ |
| **শিশুরিষ্ট** | |
| সূর্য্যরিষ্ট | ১৬১ |
| চন্দ্ররিষ্ট | ১৬১ |
| চন্দ্ররিষ্টভঙ্গ | ,, |
| পাপযুক্তচন্দ্ররিষ্ট | ১৬২ |
| লগ্নস্থক্ষীণেন্দুরিষ্ট | ,, |
| ত্রিংশাংশবিশেষস্থচন্দ্ররিষ্ট | ১৬৩ |
| বিবিধভৌমরিষ্ট | |
| বুধরিষ্ট | ,, |
| গুরুরিষ্ট | ১৬৪ |
| শুক্ররিষ্ট | ,, |
| শনিরিষ্ট | ,, |
| শনিরিষ্টভঙ্গ | ১৬৫ |
| রাহুরিষ্ট | ১৬৬ |
| রাহুরিষ্টভঙ্গ | ,, |
| কেতুরিষ্ট | ,, |
| দ্রেক্কাণরিষ্ট | ,, |
| লগ্নাধিপাদিরিষ্ট | ১৬৭ |
| সৌম্য গ্রহরিষ্ট | ,, |
| অথ পাপাদিগ্রহরিষ্ট | ,, |
| অথাশুভকথন | ১৬৮ |
| ছেদাদিযোগ | ১৭০ |
| পতাকীবেধ | ১৭২ |
| পতাকীচক্র | ,, |
| পতাকীচক্রে গ্রহবেধফল | ১৭৪ |
| পুরুষগণন | ১৭৫ |
| জন্মনক্ষত্রপতনফল | ১৭৬ |
| বালকের দন্তোদ্গমফল | ,, |
| অশুভদন্তজননে প্রতীকার | ১৭৭ |
| রিষ্টভঙ্গযোগ | ,, |
| গুরুচন্দ্রযোগ | ১৮১ |
| জীবযোগ | ,, |
| জীবযোগাদিফল | ,, |
| দারিদ্রযোগ | ১৮২ |
| বংশনাশযোগ | ,, |
| বৃক্ষমরণযোগ | ,, |
| শূন্যমৃত্যুযোগ | ১৮৩ |
| বস্ত্র মৃত্যুযোগ | ,, |
| নৌকামৃত্যুযোগ | ,, |
| কারামৃত্যুযোগ | ,, |

# সূচীপত্র।


| বিষয় | পৃষ্ঠা। |
|---|---|
| গৃহমৃত্যুযোগ | ১৮৪ |
| সহমরণযোগ | ,, |
| **তীর্থমৃত্যুযোগ** | |
| গঙ্গামৃত্যুযোগ | ১৮৭ |
| **কাশীমরণযোগ** | |
| জন্মমরণে মোক্ষজ্ঞানকথন | ১৯২ |
| **স্ত্রীদিগেররূপাদিনিরূপণ** | |
| অশুভপাপগ্রহফলকথন | ১৯৩ |
| বৈধব্যাদিযোগ | ১৯৩ |
| **গ্রহদিগের গোচরভোগ কালকথন** | |
| গ্রহগণের গোচরফলকথন | ১৯৬ |
| রবির | |
| চন্দ্রের | |
| মঙ্গলের | ১৯৭ |
| বুধের | ১৯৮ |
| বৃহস্পতির | ,, |
| শুক্রের | ১৯৯ |
| শনির | ,, |
| রাহুর | ২০০ |
| কেতুর | ,, |
| গোচরফলকালকথন | ২০১ |
| গ্রহসঞ্চারকালে চন্দ্রশুদ্ধি | ,, |
| তারাদিশুদ্ধিদ্বারা গ্রহশুদ্ধিকথন | ২০২ |
| **দশানিরূপণ** | |
| নাক্ষত্রিকীদশাকালকথন | ২০৩ |
| দশাফলকথন | ,, |
| দশাফলনির্ণয় | ২০৪ |
| অষ্টমচন্দ্রাদিদশাফলকথন | |
| শিরশ্ছেদাদিকারকদশাকথন | |
| দশারিষ্টকথন | ,, |
| পাপগ্রহের অন্তর্দ্দশাকথন | ,, |
| দশা ও অন্তর্দ্দশার অপবাদ | ২০৫ |
| রিষ্ট প্রতিকার | ২০৬ |
| **গ্রহদোষে দ্রব্যধারণবিধি** | |
| গ্রহদোষে মূলাদিধারণ | ২০৮ |
| গ্রহদোষে স্নানবিধি | ২০৯ |
| **জাতকর্ম্ম** | |

| বিষয় | পৃষ্ঠা। |
|---|---|
| অথনামকরণ | ২১০ |
| নিষ্ক্রামণ | ২১২ |
| তাম্বুলপ্রাশন | ২১৩ |
| ভূম্যুপবেশন | ,, |
| **অন্নপ্রাশন** | ২১৪ |
| **চূড়াকরণ** | ২১৬ |
| **নিত্যক্ষৌর** | ২২০ |
| **কর্ণবেধ** | ২ ৩ |
| **বিদ্যারম্ভ** | ২২৫ |
| **উপনয়ন** | ২২৯ |
| উপনয়নে প্রশস্তমাসকথন | ২৩০ |
| প্রশস্তাপ্রশস্ততিথ্যাদিকথন | ,, |
| জন্মলগ্নাদিপ্রশংসা | ২৩৩ |
| গ্রহণে বিশেষ | ২৩৬ |
| অনধ্যায়কথন | ২৩৮ |
| উপনয়নকাল | ২৪০ |
| **সমাবর্ত্তন** | ২৪২ |
| **অগ্নিগ্রহণ** | ২৪৩ |
| **ধনুর্ব্বিদ্যারম্ভ** | ,, |
| **মোক্ষদীক্ষা** | ২৪৪ |
| **নৃপাভিষেক** | ২৪৫ |
| **নববস্ত্র পরিধান** | ,, |
| বস্ত্রক্ষারসংযোগনিষেধ | ২৪৭ |
| **শঙ্খরত্নাদি ধারণ** | ,, |
| **নবশয্যাদ্যুপভোগ** | ২৪৯ |
| **গজাদ্যারোহণ** | ২৫০ |
| হস্তী ও অশ্বাদির জিহ্বামার্জ্জন ও রক্তমোক্ষণাদি | ,, |
| **নবদোলাদ্যারোহণ** | ২৫১ |
| **খড়্গাদিধারণ** | ,, |
| **ক্রয়বিক্রয়নক্ষত্রকথন** | ২৫২ |
| **ধনপ্রয়োগনিষেধ** | ,, |
| **স্বপ্নদর্শন** | ,, |
| **নাট্যারম্ভ** | ২৫৩ |
| **পুণ্যাহ** | ,, |
| **বাস্তুলক্ষণ** | ,, |
| বাস্তুভূমিপ্লবকথন | ২৫৪ |

| বিষয় | পৃষ্ঠা |
| --- | --- |
| বাস্তুভূমির পূর্ব্বদিকে জলাশয়ের ফলকথন | ২৫৫ |
| **পুষ্করিণ্যারম্ভ** | ,, |
| পুষ্করিণ্যাদিপ্রতিষ্ঠা | ২৫৬ |
| **বৃক্ষাদিরোপণ** | ,, |
| বাটীপ্রশস্তবৃক্ষারোপণ | ২৫৭ |
| বাস্তুভূমিতে অনারোপ্যবৃক্ষকথন | ২৫৮ |
| **গৃহারম্ভ** | ,, |
| গৃহারম্ভে নিষিদ্ধানিষিদ্ধমাসাদিকথন | ২৫৯ |
| নক্ষত্রশুদ্ধিদ্বারা বাসগৃহ-নির্ণয় | ২৬২ |
| নাগশুদ্ধিদ্বারা গৃহস্থান-নির্ণয় | ,, |
| নাগশীর্ষাদিতে গৃহকরণফল | ২৬৩ |
| একশালাদিব্যবস্থা | ২৬৪ |
| দেবগৃহারম্ভে বিশেষ | ২৬৫ |
| তৃণকাষ্ঠাদিসঞ্চয় নিষেধ | ২৬৬ |
| বাস্তুগৃহকরণ | ২৬৭ |
| আয়তাদিলক্ষণ | ২৬৮ |
| বাস্তুনক্ষত্রকথন | ২৬৮ |
| বাস্তুরাশিকথন | ২৬৯ |
| গৃহারম্ভে লোকপালাদি পূজা কথন | ,, |
| ঐ ব্রহ্মাদিপূজা | ২৭০ |
| পূর্ব্বাদিদিকে গৃহবন্ধধ্রুব কথন | ২৭০ |
| বায়ব্যাদিচতুষ্কোণে গৃহবন্ধ ধ্রুবকথন | ,, |
| গৃহের আয়কথন | ২৭১ |
| গৃহের সামান্যনক্ষত্রকথন | ২৭১ |
| গৃহের আয়জ্ঞান ও ব্যয়ফল কথন | ,, |
| গৃহের নক্ষত্রব্যবস্থা | ২৭২ |
| শল্যোদ্ধারাদি | ,, |
| দিগ্বিশেষে শল্যস্থিতিকথন | ২৭৪ |
| গৃহারম্ভে স্তম্ভপ্রমাণ | ২৭৫ |
| গৃহারম্ভে সূত্রাদির আরোপণস্থান | ,, |
| গৃহের দ্বারকরণব্যবস্থা | ,, |
| গৃহারম্ভে সূত্রচ্ছেদাদিদোষকথন | ২৭৬ |
| গৃহার্ঘ্যদাননিমিত্তকস্থাপিত কুম্ভভঙ্গে দোষকথন | ,, |
| সূত্রদানে কুব্জাদিদর্শননিষেধ | ,, |
| সূত্রদানকালে হুলহুলাদি শ্রবণফলকথন | ২৭৭ |
| **গৃহপ্রবেশ** | ২৭৭ |
| গৃহপ্রবেশবিধি | ২৭৮ |
| পারাবতাদিপোষণবিধি | ২৭৯ |
| **দেবস্থাপন** | ২৮০ |
| সামান্যদেবতা প্রতিষ্ঠা | ,, |
| বাসুদেবপ্রতিষ্ঠা | ২৮১ |
| হরির প্রতিষ্ঠাতে তিথিবিশেষ কথন | ২৮২ |
| মহেশাদিপ্রতিষ্ঠা | ,, |
| **পরীক্ষাকরণ** | ,, |
| **দীক্ষাগ্রহণ** | ২৮৩ |
| দীক্ষামাসকথন | ,, |
| দীক্ষার বারাদিকথন | ২৮৩ |
| **তন্ত্রসারোক্ত দীক্ষাকাল কথন** | ২৮৭ |
| মাসনির্ণয় | ,, |
| তিথিনির্ণয় | ২৮৮ |
| বারনির্ণয় | ২৮৯ |
| নক্ষত্রনির্ণয় | ২৯০ |
| যোগনির্ণয় | ২৯১ |
| করণনির্ণয় | ,, |
| লগ্ননির্ণয় | ,, |
| পক্ষনির্ণয় | ২৯২ |
| নিষিদ্ধমাসাদিতে তিথিবিশেষের প্রশস্ততা কথন | ,, |
| গ্রহণের তুল্যকালকথন | ২৯৬ |
| তারাদিবিদ্যাবিষয়ে বিশেষ কথন | ২৯৬ |
| অকালে প্রতিপ্রসব | ২৯৮ |
| দশমহাবিদ্যাকথন | ,, |
| অষ্টাদশমহাবিদ্যাকথন | ২৯৯ |
| **পুরশ্চরণকাল** | ৩০০ |
| পুরশ্চরণে মাসাদিনির্ণয় | ,, |
| শান্তিপুষ্টিকথন | ৩০২ |
| **হলপ্রবাহ** | ,, |
| **বীজবপন** | ৩০৪ |
| **ধান্যচ্ছেদন** | ৩০৭ |
| ধান্যাদিসংস্থাপন | ৩০৮ |
| ধান্যাদিবিবর্দ্ধনজ্ঞান | ,, |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| ধান্য মহার্ঘ্যাদিকথন | ,, |
| বার্ষিকধান্যমূল্যজ্ঞান | ৩০৯ |
| **গোশালা প্রবেশ** | ৩১০ |
| গোযাত্রাদি নিষেধ | ,, |
| গো আনয়নাদি | ৩১০ |
| **বৃষ্টিজ্ঞান** | ৩১১ |
| গ্রহসংস্থানে সদ্যঃ বৃষ্টিজ্ঞান | ৩১২ |
| **নবান্ন** | ,, |
| **জন্মতিথি কৃত্য** | ৩১৯ |
| উভয়দিনে জন্মতিথি ব্যবস্থা | ৩২১ |
| স্বনক্ষত্রে জন্মতিথিফল | ,, |
| শনিমঙ্গলবারযুক্তজন্মনক্ষত্র ফলকথন | ৩২২ |
| দোষশান্তিকথন | ,, |
| সর্ব্বৌষধিকথন | ,, |
| **যাত্রা** | ৩২৩ |
| দিগধিপতিকথন | ৩২৬ |
| বারবেলাকথন | ৩২৮ |
| কালবেলাদিকথন | ,, |
| কালরাত্রাদিকথন | ২২৯ |
| কুলিককালনিরূপণ | ৩৩০ |
| যামার্দ্ধে মহেন্দ্রাদি দণ্ডকথন | ,, |
| ঐ ফল | ৩৩১ |
| যোগিনীস্থিতিকথন | ,, |
| রাহুভ্রমণচক্রকথন | ৩৩৩ |
| যাত্রিক নক্ষত্রকথন | ৩৩৪ |
| নিন্দ্যনক্ষত্রকথন | ,, |
| নক্ষত্রশূলকথন | ৩৩৬ |
| যাত্রাতে নিষিদ্ধনক্ষত্রকরণ | ,, |
| নিষিদ্ধনক্ষত্রের বিশেষ কথন | ৩৩৭ |
| নক্ষত্রামৃতযোগকথন | ৩৩৯ |
| অমৃতযোগপ্রশংসা | ৩৪০ |
| উৎপাতাদিযোগ | ,, |
| করকচাযোগ | ৩৪১ |
| করকচাদি প্রশংসা | ,, |
| তিথিনক্ষত্রযোগে মৃত্যুযোগকথন | ৩৪২ |
| বারনক্ষত্রযোগে মৃত্যুযোগ | ,, |
| আনন্দযোগ | ,, |
| অমৃতযোগ | ৩৪৩ |
| প্রশস্তযোগ | ,, |
| যমঘণ্টযোগ | ,, |
| ত্র্যমৃতযোগ | ৩৪৪ |
| তিথ্যমৃতযোগ | ,, |
| সিদ্ধিযোগ | ৩৪৫ |
| বজ্রাঙ্কুরযোগ | ,, |
| পাপযোগ | ,, |
| বিষযোগ | ৩৪৬ |
| সিদ্ধিপাপযমঘণ্টযোগকথন | ,, |
| যমঘণ্টযোগাদির ত্যাজ্যকাল নির্ণয় | ৩৪৮ |
| বিষ্টিভদ্রাদিরপ্রতিপ্রসব | ,, |
| ত্রিপুষ্করযোগ | ,, |
| কালঘণ্টযোগ | ৩৪৯ |
| মহাদগ্ধাকথন | ,, |
| দগ্ধদিনকথন | ,, |
| দেশবিশেষে যোগব্যবস্থা | ৩৫০ |
| যাত্রাদিতে করণব্যবস্থা | ৩৫১ |
| যাত্রাতে নক্ষত্রবৎক্ষণব্যবস্থা | ,, |
| নিষিদ্ধলগ্নকথন | ৩৫২ |
| শুভাশুভলগ্নকথন | ৩৫৩ |
| যাত্রাতে লগ্নস্থনিষিদ্ধ গ্রহনির্ণয় | ৩৫৫ |
| যাত্রালগ্নের হোরাজ্ঞান | ৩৫৬ |
| যাত্রাতে দ্রেক্কাণফল | ৩৫৭ |
| ধরিত্রীযোগ | ৩৫৮ |
| কিম্বস্তুযোগ | ,, |
| বিন স্মরযোগ | ৩৫৯ |
| বিনারণযোগ | ,, |
| অরিপ্রধ্বংসযোগ | ,, |
| শশিনবেন্দ্রযোগ | ,, |
| শিলাপ্রতরণযোগ | ৩৬০ |
| অরিশলভযোগ | ,, |
| অরিবৈনতেয়যোগ | ,, |
| অরিযোষাভরণযোগ | ৩৬১ |
| যাত্রাতে রাজযোগ | ,, |
| যাত্রাতে রাজযোগফল | ৩৬২ |
| অর্থবৃদ্ধিযোগ | ,, |
| ফলপ্রাপ্তিযোগ | ,, |

| বিষয় | | বিষয় | পৃষ্ঠা। |
|---|---|---|---|
| যাত্রাঙ্গনিত্রীযোগ | ৩৬২ | পবদেশস্থরোগাদিজ্ঞান | ৩৮৩ |
| যোগ অতিযোগ ও রোগাতিযোগ কথন | ৩৬ | মনুষ্যাদির আয়ুঃপ্রমাণ | ৩৮৫ |
| যোগযাত্রাদির ব্যবস্থা | ,, | গতায়ুপরীক্ষা | ৩৮৬ |
| অভিজিদ্‌কথন | ৩৬৫ | **ঔষধপ্রকরণ** | ৩৮৭ |
| একাঙ্গীযোগ | ৩৬৬ | ঔষধভক্ষণ | ,, |
| সর্ব্বাঙ্গীযোগ | ৩৬৬ | বস্তিবিরেচনবেধ | ৩৮৮ |
| ঘাতচন্দ্রকথন | ৩৬৭ | আরোগ্যস্নানকথন | ৩৮৯ |
| ঐ ফল | ,, | **তৈলাভ্যঙ্গনিষেধ** | ৩৯০ |
| অকালবৃষ্টাদিতে যাত্রানিষেধ | ,, | তৈলাভ্যঙ্গনিষেধের প্রতিপ্রসব | ৩৯১ |
| যাত্রাদিগমনবিধি | ,, | **সাধারণকার্য্যে বারাদি ব্যবস্থা** | ,, |
| কুম্ভপাত্রের অবস্থান | ৩৬৮ | **রবিসংক্রান্তিকথন** | ৩৯২ |
| যাত্রার পরে নিষিদ্ধকর্ম্ম | ,, | সংক্রান্তিক্রম | ৩৯৩ |
| বৃহদ্‌যাত্রাতে ব্যবস্থা | ,, | সংক্রান্তির নক্ষত্রঘটিত মন্দফলকথন | ,, |
| যাত্রাতে মনঃশুদ্ধিপ্রশংসা | ৩৬৯ | সংক্রান্তির পুণ্যকালকথন | ৩৯৪ |
| যাত্রাসময়ে অশুভদর্শনকথন | ৩৭০ | দিবাসংক্রমণব্যবস্থা | ,, |
| ক্ষুন্নিন্দা | ৩৭১ | রাত্রিসংক্রমণে পুণ্যকালব্যবস্থা | ৩৯৬ |
| ক্ষুতাদিফল | ,, | মন্দাদিভেদে সংক্রান্তির পুণ্যকাল কথন | ৩৯৮ |
| যাত্রাকালে শুভদর্শনাদি | ৩৭৩ | মহাজয়াকথন | ৩৯৯ |
| যাত্রাসময়ে মাঙ্গল্যদ্রব্যদর্শন ও স্পর্শনাদিদ্বারা শুভফলকথন | ৩৭৪ | সংক্রান্ত্যাদিতে পুণ্যকর্ম্মকরণে ফলকথন | ৪০০ |
| স্বপ্নদর্শনফল | ৩৭৫ | **বিষুবাদি সঞ্চারগণন** | ,, |
| যাত্রাসময়ে বায়ুশুভাশুভলক্ষণ | ,, | ঐ ফল | ৪০১ |
| **নৌকাঘটন** | ৩৭৬ | জলবিষুবগণন | ,, |
| ঘটনস্থান হইতে নৌকা চালন | ৩৭৭ | ঐ ফল | ৪০২ |
| নৌকাযাত্রা | ,, | উত্তরায়ণসংক্রমণগণন | ,, |
| **বাণিজ্যকরণ** | ,, | ঐ ফল | ,, |
| **কুষীদকরণ** | ,, | দক্ষিণায়ণ সংক্রান্তিগণন | ৪০২ |
| **নক্ষত্রবিশেষে রোগ কথন** | ৩৭৮ | ঐ ফল | ৪০৩ |
| নক্ষত্রবিশেষে রোগ প্রতীকারকথন | ৩৮০ | বিষ্ণুপদীসঞ্চারগণন | ,, |
| বিরুদ্ধনক্ষত্রাদিতে রোগফলকথন | ৩৮১ | ঐ ফল | ,, |
| সর্পক্ষতাদিতে নক্ষত্রদ্বারা মরণ কথন | ৩৮২ | ষড়শীতিসঞ্চারগণন | ,, |
| মরণপ্রদরোগজন্মকথন | ৩৮৩ | ঐ ফল | ৪০৪ |
| রোগসম্বন্ধে শুভাশুভপ্রশ্ন | ,, | নাড়ীনক্ষত্রে পাপগ্রহসংক্রমণফল | ,, |
| রোগোপশমনযোগকথন | ,, | নাড়ীনক্ষত্রে পাপগ্রহসংক্রামণস্নান | ,, |
| প্রশ্নে মরণসূচক যোগদ্বয়কথন | ,, | জন্মনক্ষত্রে রবিসংক্রান্তিফল | ৪০৫ |
| | | জন্মনক্ষত্রে রবিসংক্রান্তিস্নান | ,, |

# সূচীপত্র।


| বিষয় | পৃষ্ঠা। |
|---|---|
| **গোচরে অশুভ রবি সংক্রান্তিস্নান** | ৪০৫ |
| **গ্রহণ** | ৪০৬ |
| চন্দ্র ও সূর্য্যগ্রহণ | ,, |
| নবাংশবিশেষে বর্ষণাদি | ৪০৭ |
| গ্রহণসময়ে রাহুবর্ণফল | ৪০৮ |
| গ্রহদর্শননিষেধকথন | ৪০৯ |
| গ্রহণগতনাড়ীনক্ষত্রফল | ৪১১ |
| গ্রহণগতনাড়ীনক্ষত্রদোষো-পশমনস্নানকথন | ৪১২ |
| সূর্য্য গ্রহণে বিশেষ | ,, |
| চন্দ্রগ্রহণে বিশেষ | ,, |
| স্বীয়জন্মরাশ্যাদিতে-গ্রহস্থিতফলকথন | ,, |
| গ্রহণফলকথন | ৪১৩ |
| গ্রহণদোষপ্রতিপ্রসবকথন | ৪১৪ |
| গ্রহণে ভোজনব্যবস্থা | ,, |
| গ্রহণের পূর্ব্বে ভোজন নিষেধ | ৪১৫ |
| চন্দ্রের গ্রস্তোদয়ে বিশেষ | ,, |
| বাল, বৃদ্ধ ও আতুরের বিশেষ | ,, |
| গ্রহণদর্শনে স্নানকথন | ৪১৬ |
| রাহুদর্শনে সূতকথন | ,, |
| গ্রহণ অদর্শনেও মুক্তিস্নানকথন | ৪১৭ |
| গ্রহণে পর্য্যুষিত অন্নবর্জ্জন | ,, |
| বৈধগ্রহণদর্শনফলকথন | ,, |
| বৈধেতরগ্রহণদর্শননিষেধ | ,, |
| **ভূকম্পে শুভাশুভগণনা ঐ ফল** | ৪১৮ |
| ভূকম্পে ঋতুফল | ৪১৯ |
| ভূকম্পে বারফল | ,, |
| **অম্বুবাচীকথন** | ৪২০ |
| অম্বুবাচীতে নিষিদ্ধানিষিদ্ধ-কর্ম্মকথন | ৪২২ |
| **যুগাদ্যা** | ৪২৪ |
| **অক্ষয়া** | ,, |
| **পুণ্যতরা** | ,, |
| **মন্বন্তরা** | ৪২৫ |
| **অর্দ্ধোদয়যোগ** | ৪২৬ |
| **ব্যতীপাতযোগ** | ,, |
| **চূড়ামণিযোগ** | ৪২৭ |
| **নারায়ণীযোগ** | ৪২৮ |
| **বারুণী** | ,, |
| মহাবারুণী | ,, |
| মহামহাবারুণী | ৪২৯ |
| **ব্রহ্মপুত্রস্নানে বিশেষযোগ কথন** | ,, |
| বুধাষ্টমীযোগ | ,, |
| **দশহরা** | ৪৩০ |
| **মহাজ্যৈষ্ঠীকথন** | ৪৩১ |
| **প্রশ্নেধাতুমূলজীবজ্ঞান** | ৪৩৩ |
| শুভাশুভপ্রশ্ন | ৪৩৪ |
| লাভালাভপ্রশ্ন | ৪৩৫ |
| নষ্টলাভাদিপ্রশ্ন | ,, |
| প্রবাসাদিজ্ঞানপ্রশ্ন | ৪৩৬ |
| অথ নবাংশাদিদ্বারা হৃত দ্রব্যাদিজ্ঞান | ৪৩৯ |
| পুত্রজন্মাদিপ্রশ্ন | ,, |
| বিবাহজ্ঞান প্রশ্ন | ,, |
| প্রশ্নে কন্যাদিচিন্তাকথন | ,, |
| প্রশ্নে আত্মতুল্যাদিচিন্তাকথন | ৪৪০ |
| **বর্ষাসময়ে বৃষ্টিজ্ঞান** | ৪৪১ |
| প্রকারান্তরে বৃষ্টিকথন | ,, |
| **ত্রিপুষ্করদোষকথন** | ,, |
| ত্রিপুষ্করফলকথন | ৪৪২ |
| ত্রিপুষ্করপ্রতিপ্রসবকথন | ৪৪৩ |
| ত্রিপুষ্করদোষশান্তিকথন | ৪৪৪ |


সূচীপত্র সম্পূর্ণ।

# জ্যোতিষতত্ত্ববারিধি।

## অথ ব্রহ্মাণ্ডোৎপত্তিকথনং।

তমস্তোমাবৃতে বিশ্বে জগদেতচ্চরাচরং।
রাশিগ্রহোড়ুসংঘাতং সৃজন্ সূর্য্যোঽভবত্তদা ॥১ (দীপিকায়াং)

এই বিশ্বসংসার সৃষ্টির প্রাক্কালে ঘনতিমিরাবৃত ছিল, সেই সময়ে পরমপুরুষ ভগবান্ স্থাবরজঙ্গমাত্মক জগৎ, মেষ বৃষ প্রভৃতি দ্বাদশ রাশি, রব্যাদি নবগ্রহ ও অশ্বিন্যাদি নক্ষত্রসমূহ সৃষ্টি করিয়া সূর্য্য নামে প্রকাশিত হইয়াছিলেন। ১

সূর্য্যাৎ সৃষ্টিমাহ। তমস্তোমাবৃত ইতি। সৃষ্টেঃ পূর্ব্বং বিশ্বে সংসারে তমঃসমূহেনাচ্ছাদিতে সতি এতচ্চরাচরং স্থাবরজঙ্গমাত্মকং জগৎ মেষাদিরাশীন্ নবগ্রহান্ নক্ষত্রসমূহাংশ্চ সৃজন্ পরম পুরুষঃ সূর্য্যসংজ্ঞোঽভবৎ। সর্ব্বান্ সুরতীতি সূর্য্য ইতিনিপাতঃ। তথা চ সূর্য্যসিদ্ধান্তে। বাসুদেবঃ পরং ব্রহ্ম তন্মূর্ত্তিঃ পুরুষঃ পরঃ। সঙ্কর্ষণোঽপঃ সৃষ্ট্বাদৌ তাসু বীজমবাসৃজৎ। তদণ্ডমভবদ্ধৈমং গর্ভমস্তস্তমোবৃতং। তত্রানিরুদ্ধঃ প্রথমং ব্যক্তীভূতঃ সনাতনঃ। হিরণ্য-গর্ভোভগবানেষচ্ছন্দসি পঠ্যতে। আদিত্যোহ্যাদি ভূতত্বাৎ প্রসূত্যা সূর্য্যউচ্যতে। পরং জ্যোতিস্তমঃপারে সূর্য্যোঽয়ং সবিত্বেতি চ। পর্য্যেতি ভুবনান্যেষ ভাবয়ন্ ভূতভাবনঃ। সোঽহঙ্কারো জগৎসৃষ্টৌ ব্রহ্মাণমসৃজৎপ্রভুঃ। ততোদেবান্ বরং দত্ত্বা সর্ব্বলোকপিতামহঃ। প্রতিষ্ঠাপ্যাণ্ড মধ্যেঽথ স্বয়ং পর্য্যেতিভাবয়ন্। ইত্যাদি সৌরসৃষ্টিরুক্তা। অত্র চ সর্ব্বনামত্বাৎ বিশ্ব ইতিপদং কথমিতি বিরোধে কশ্চিদ বিশ্বে বিশ্বাভাবেপ্রলয়ে ইতি। সিদ্ধান্তয়তি তদশুদ্ধং নঞ্তৎপুরুষস্তোত্তরপদবদিতিন্যায়েন অবিশ্বস্মিন্ইত্যেব ভবতি। অব্যয়ীভাবসমাসেঽপি বিশ্বা-ভাবস্ত তমস্তোমাবৃতত্ববিশেষণং ন সংঘটতে নবীনাস্ত সর্ব্বেষাং নাম সর্ব্বনাম ইতি ব্যুৎপত্ত্যা প্রত্যেকং যদা বিশ্বশব্দেন সর্ব্বশব্দবৎ সকলমভিধীয়তে তদৈব সর্ব্বনামত্বং অয়ং পুনর্ব্বিশ্বশব্দোঽ-থৈকরূপস্ত জগতো বাচকঃ সংজ্ঞাশব্দত্বান্নসর্ব্বনাম ইতিবদন্তি তথাচ সারাবল্যাং। তমসাবৃতে সমস্তাজ্জলভূতে ভূতলে ততোঽকস্মাৎ উদিতো ভগবান্ ভানুঃ প্রকাশয়ন্ স্বপ্রভবেণ। বৃত্তান্ত ন বিদ্যতে বিশ্বং যস্মিন্কাল ইতি কালপদ মত্রাধ্যাহার্য্যমিত্যাহুঃ। ১

## অথ মেষাদি রাশিকথনং।

সপ্তবিংশতিভির্জ্যোতিশ্চক্রং স্তিমিতবায়ুগং।
তদর্কাংশোভবেদ্রাশির্নক্ষত্রচরণাঙ্কিতঃ ॥ ২

সপ্তবিংশতি নক্ষত্রযুক্ত জ্যোতিশ্চক্র নিশ্চলবায়ুর উপরিভাগে অবস্থিত আছে, ঐ চক্রের দ্বাদশভাগের একএকভাগে অর্থাৎ নয় নয় পাদে সওয়া দুই নক্ষত্রে এক এক রাশি হয়। যথা—অশ্বিনী নক্ষত্রের ৪ পাদ ভরণীর ৪ পাদ এবং কৃত্তিকা নক্ষত্রের প্রথম ১ পাদে মেষরাশি হয়। কৃত্তিকার অবশিষ্ট ৩ পাদ রোহিণীর ৪ পাদ ও মৃগশিরার প্রথম ২ পাদে বৃষরাশি হইয়া থাকে। এইরূপ নয় নয় পাদে অপরাপর রাশি সকল জানিবে। ২

জ্যোতিশ্চক্রে রাশিবিভাগমাহ। সপ্তবিংশতীত্যাদি। সপ্তবিংশতিনক্ষত্রৈর্যুক্তং জ্যোতিশ্চক্রং স্যাৎ স্তিমিতবায়ুগং স্তব্ধবায়োরুপরিস্থিতং। তথা চ সূর্য্যসিদ্ধান্তে। ভচক্রং ধ্রুবয়োর্বদ্ধমাক্ষিপ্তং প্রবহানিলৈরিতি। তস্য চক্রস্য দ্বাদশাংশোরাশির্ভবেৎ। কিন্তুতঃ নবভির্নক্ষত্রপাদৈশ্চিহ্নিতং সপাদনক্ষত্রদ্বয়াত্মক ইত্যর্থঃ। ২

মেষবৃষমিথুনকর্কটসিংহাঃ কন্যাতুলাথ বৃশ্চিকভং।
ধনুরথমকরঃ কুম্ভোমীন ইতি চ রাশয়ঃ কথিতাঃ॥ ৩

মেষাদি দ্বাদশরাশির নাম কথিত হইতেছে। মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনু, মকর, কুম্ভ ও মীন এই দ্বাদশটি রাশি নামে অভিহিত হয়। ৩

রাশিনামান্যাহ। মেষেতি সুগম্। ৩

### অথ রাশিপর্য্যায়ঃ।

রাশিনামানি চ ক্ষেত্রং ভমৃক্ষং গৃহনাম চ।
মেষাদীনাঞ্চ পর্য্যায়ং লোকাদেব বিচিন্তয়েৎ॥ ৪

রাশিরপর্য্যায় কথিত হইতেছে।—ক্ষেত্র, ভ, ঋক্ষ এবং গৃহনাম অর্থাৎ গৃহ পর্য্যায়ক শব্দ মেষাদি দ্বাদশরাশি বাচক (ক্ষেত্র কি ভ প্রভৃতি প্রত্যেক শব্দেই রাশিকে বুঝায়) অন্যান্য পর্য্যায় লোকপরম্পরা অবগত হওয়া যায়। ৪

রাশীসংজ্ঞামাহ। রাশীতি। ক্ষেত্রাদীনি রাশীনাং মেষাদীনাং নামানি সংজ্ঞাঃ স্যুঃ গৃহনাম গৃহবেশ্ম সদ্মাদীনীত্যর্থঃ। মেষাদীনান্তু পৃথক্ পৃথক্ পর্য্যায়ং লোকাজ্জ্ঞাত্বা বিচিন্তয়েৎ যথা মেষস্য আবিকাদিসাদৃশ্যাচ্ছাগপর্য্যায়োঽপি তথাচ বৃহজ্জাতকে। ছাগসিংহবৃষে লগ্নে ইতি বৃষস্য চ গবাদি মিথুনস্য চ দ্বন্দ্বাদি ইতি। ৪

### অথ মেষাদীনাং বিশেষসংজ্ঞাঃ।

ক্রিয়তাবুরিজিতুমকুলীরলেয়পাথেয়যূক কৌর্পাখ্যাঃ।
তৌক্ষিক আকোকেরোহৃদ্রোগশ্চান্ত্যভঞ্চেত্থং॥ ৫

অধুনা রাশিদিগের বিশেষ সংজ্ঞা কথিত হইতেছে যথা—মেষের অন্যনাম ক্রিয়, বৃষের নামান্তর তাবুরি, মিথুনের সংজ্ঞান্তর জিতুম, কর্কটের অন্যনাম কুলীর, সিংহের নামান্তর লেয়, কন্যার সংজ্ঞান্তর পাথেয়; তুলার নামান্তর যূক;

বিছার সংজ্ঞান্তর কৌর্পী; ধনুর অন্য নাম তৌক্ষিক; মকরের সংজ্ঞান্তর আকোকের; কুম্ভের নামান্তর হৃদ্রোগ এবং মীনের অন্যনাম অন্ত্যভ। ৫

ব্যবহারার্থংযথাক্রম বিশেষদ্বাদশসংজ্ঞামাহ,ক্রিয়েতি, আকোকের ইতি মকরস্য সংজ্ঞাইত্যর্থঃ। ৫

## অথ রাশিনাং ক্রূরসৌম্যাদিবিবেকঃ।

ক্রূরোঽথ সৌম্যঃ পুরুষোঽঙ্গনা চ ওজোঽথ যুগ্মং বিষমঃ সমশ্চ।
চরস্থিরদ্ব্যাত্মকনামধেয়া মেষাদয়োঽমী ক্রমশঃ প্রদিষ্টাঃ॥ ৬

মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু ও কুম্ভ এই ছয়টি রাশিকে ক্রূর, পুরুষ, ওজ ও বিষম রাশি কহে। বৃষ, কর্কট, কন্যা, বিছা, মকর, ও মীন এই ছয়টিকে সৌম্য, অঙ্গনা; যুগ্ম ও সমরাশি বলা যায়। আর মেষ, কর্কট তুলা ও মকর ইহারা চররাশি। বৃষ, সিংহ, বিছা ও কুম্ভ এই চারিটি স্থিররাশি এবং মিথুন, কন্যা, ধনু ও মীন ইহারা দ্ব্যাত্মকরাশি। ৬

রাশীনাং ক্রূরাদিসংজ্ঞামাহ। ক্রূরইতি। মেষাদয়ো রাশয়ঃ যথাক্রমং ক্রূরসৌম্যাদি সংজ্ঞকাঃ প্রথমঃ ক্রূরঃ দ্বিতীয় সৌম্যঃ ততস্তৃতীয়ঃ ক্রূরশ্চতুর্থঃ সৌম্য ইত্যাদি। তথা প্রথমঃ পুরুষঃ দ্বিতীয়াস্ত্রীত্যাদি। তথা প্রথমওজঃ দ্বিতীয়োযুগ্মঃ ইত্যাদি ওজশব্দোঽয়মদন্তঃ তথাচ বৃহজ্জাতকে। ওজর্ক্ষে পুরুষাংশকেষু বলিভিরিত্যাদি। তত্রৈব যুগ্মে চন্দ্রবসি তর্থৌজভবন ইতি তথা প্রথমো বিষমঃ দ্বিতীয়ঃ সম ইত্যাদি তথা প্রথমশ্চরঃ দ্বিতীয়ঃ স্থিরঃ তৃতীয়োদ্ব্যাত্মকইতি এবং কর্কটশ্চরঃ সিংহঃস্থিরঃ কন্যা দ্ব্যাত্মক ইত্যাদি। দ্ব্যাত্মকশ্চরস্বভাবঃ স্থিরস্বভাবশ্চ তত্র চরসমীপার্দ্ধং স্থিরসমীপার্দ্ধং স্থিরমিতি তথাচ দৈবজ্ঞবল্লভায়াং দ্বিতনৌ লগ্নোপগতে চরস্থিরোক্তং ফলং দদতঃ।

## অথ পুণ্যাদিবিবেকঃ।

পুণ্যশ্চ পুষ্করশ্চৈব আধানাখ্যস্তথৈব চ।
শ্রুত্যা বৃত্ত্যা ভবন্ত্যেতে নিত্যং দ্বাদশরাশয়ঃ॥ ৭

মেষাদিরাশির পুণ্যাদি সংজ্ঞা কথিত হইতেছে যথা,—মেষ, কর্কট তুলা ও মকর ইহারা পুণ্য সংজ্ঞক। বৃষ, সিংহ বৃশ্চিক ও কুম্ভ এই কয়টী রাশি পুষ্কর-সংজ্ঞক এবং মিথুন, কন্যা, ধনু ও মীন ইহারা আধান সংজ্ঞক। ৭

## অথ দ্বিপদচতুষ্পদাদিরাশিকথনং।

মিথুনতুলাঘটকন্যা দ্বিপদাখ্যাশ্চাপপূর্ব্বভাগাশ্চ।
মৃগধনুরাদ্যন্ত্যার্দ্ধে বৃষাজসিংহাশ্চতুশ্চরণাঃ॥ ৮

মিথুন, তুলা, কুম্ভ, কন্যা ও ধনুর পূর্ব্বার্দ্ধভাগ দ্বিপদরাশি। মকরের পূর্ব্বার্দ্ধ, ধনুর শেষার্দ্ধ এবং বৃষ, মেষ ও সিংহ চতুষ্পদরাশি। ৮

রাশীনাং দ্বিপদাদিবিভাগমাহ। মিথুনেতি। মকরস্যাদ্যার্দ্ধং ধনুষোঽন্ত্যার্দ্ধং বৃষাজসিংহাশ্চ-তুষ্পদাইত্যর্থঃ। ৮

অথ কীটসরীসৃপরাশিকথনং।

কর্কটবৃশ্চিকমীনামকরস্যান্ত্যার্দ্ধঞ্চ কীটসংজ্ঞাঃ স্যুঃ।
বৃশ্চিকরাশির্মুনিভিঃ সরীসৃপত্বেন নির্দ্দিষ্টঃ॥ ৯

কর্কট, বিচ্ছা, মীন ও মকরের শেষার্দ্ধকে কীটরাশি বলা যায়, অধিকন্তু বৃশ্চিক রাশি সরীসৃপ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। ৯

কীটসরীসৃপসংজ্ঞামাহ। কর্কটেতি সুগমং। ৮

অথ গ্রাম্যারণ্যরাশি কথনং।

গ্রাম্যামিথুনতুলাস্ত্রীচাপালিঘটানিশাসু বৃষমেষৌ।
মকরাদিমার্দ্ধসিংহৌ বন্যৌ দিবসেঽজবৃষভৌ॥ ১০

মিথুন, তুলা, কন্যা, ধনু, বৃশ্চিক ও কুম্ভ এই কয়টি গ্রাম্যরাশি, আর রাত্রিতে বৃষ ও মেষ গ্রাম্যরাশি বলিয়া খ্যাত হয়। মকরের প্রথমার্দ্ধ ও সিংহ বন্যরাশি এবং দিবাতে মেষ ও বৃষ বন্যরাশি বলিয়া অভিহিত হয়। ১০

গ্রাম্যারণ্য সংজ্ঞামাহ। গ্রাম্যেতি স্ত্রী-কন্যেত্যর্থঃ। মিথুনতুলাকন্যাধনুর্ব্বৃশ্চিককুম্ভা এতে গ্রাম্যাঃ। নিশাসু রাত্রিষু বৃষমেষৌ মকরস্যাদ্যার্দ্ধং সিংহশ্চ বন্যঃ দিবসেতু বৃষমেষাবারণ্যাবিত্যর্থঃ। ১০

অথ জলজরাশিকথনং।

জলজৌ কর্কটমীনৌ মকরান্ত্যার্দ্ধঞ্চ শিবমতে কুম্ভঃ।
রাশেঃ স্বরূপমেতন্মার্কণ্ডেয়াদিভিঃ কথিতং॥ ১১

কর্কট, মীন ও মকরের শেষার্দ্ধ জলজরাশি, শিবমতে কুম্ভকেও জলজরাশি বলা যায়, মার্কণ্ডেয় প্রভৃতি ঋষিগণ কর্ত্তৃক রাশির স্বরূপ এইরূপে বর্ণিত হইয়াছে। ১১

জলজরাশিমাহ। জলজাবিতি। শিবমত ইত্যনেনৈকস্য সম্মতত্বাদন্যেষাং সর্ব্বেষামসম্মতত্বং প্রতিপাদিতং ইতি। ১১

অথ বলজ্ঞানং। *

দিবা স্যাদ্দ্বিপদোরাশির্ব্বলী নক্তং চতুষ্পদঃ।
সন্ধ্যায়াং কীটসংযুক্তা বলবন্তোজলোদ্ভবাঃ॥ ১২

রাশীনাং কালবলমাহ দীপিকায়াং।
দিনভাগে মনুষ্যাস্তু নিশায়াস্তু চতুষ্পদাঃ
সন্ধ্যাদ্বয়েঽবশেষাস্তু বলিনঃ পরিকীর্ত্তিতাঃ॥

অস্য ব্যাখ্যা। রাশীনাং কালবলমাহ। দিনভাগইতি। দিনভাগোদিবাভাগইত্যর্থঃ। অত্রাপি পাদমাত্রং বলমিতি। এতান্যুক্তানি সর্ব্ববলানি রাশীনাং লগ্নস্য চ কর্ত্তব্যানি।

দিবাতে দ্বিপদ অর্থাৎ মিথুন, তুলা, কুম্ভ, কন্যা ও ধনুর পূর্ব্বার্দ্ধ এই সকল রাশি বলবান হয়। রাত্রিতে চতুষ্পদ অর্থাৎ মকরের পূর্ব্বার্দ্ধ, ধনুর শেষার্দ্ধ, বৃষ, মেষ ও সিংহ ইহারা বলবান্ হইয়া থাকে। সন্ধ্যাতে কীট অর্থাৎ কর্কট বৃশ্চিক, মীন ও মকরের শেষার্দ্ধ বলীয়ান্ হয়। ১২

অন্যচ্চ।

গোজাশ্বিকর্কি মিথুনাঃ সমৃগানিশাখ্যাঃ
পৃষ্ঠোদয়া বিমিথুনাঃ কথিতাস্তএব।
শীর্ষোদয়াদিনবলাশ্চ ভবন্তি শেষাঃ
লগ্নং সমেত্যুভয়তঃ পৃষ্ঠরোমযুগ্মং ॥ * ১৭

ইতি পৃষ্ঠোদয়াদিবিবেকঃ।

বৃষ, মেষ, ধনু, কর্কট, মিথুন ও মকর ইহারা রাত্রিতে বলীয়ান, আর মিথুন ব্যতিরেকে এই সকল রাশিকে পৃষ্ঠোদয় বলা যায়। উক্ত রাশি ভিন্ন অপর রাশি সকল শীর্ষোদয় সংজ্ঞাবিশিষ্ট এবং দিবাতে বলীয়ান্, কিন্তু মীনরাশি দিবা কি রাত্রি সকল সময়েই সমবলশালী। ১৩

* রাশীনাং দিগ্বলমাহ দীপিকায়াং।
নরাস্তু বলিনোলগ্নে চতুর্থে জলরাশয়ঃ।
সপ্তমেবৃশ্চিকশ্চৈব দশমে পশবস্তথা ॥

অস্য ব্যাখ্যা। রাশীনাং দিগ্বলমাহ। নরাস্ত্বিতি। লগ্নগতা মিথুনতুলাঘটকন্যাধনুঃপূর্ব্বার্দ্ধানররাশয়ঃ পূর্ব্বদিগ্‌বলিনঃ যতোরাশীনামুদয়োলগ্নং উদয়শ্চ পূর্ব্বএব ভবতি। লগ্নাচ্চতুর্থস্থা মীনকর্কটমকরপরার্দ্ধা জলরাশয়ঃ উত্তরদিগ্বলিনঃ যস্মাচ্চক্র ভ্রমণক্রমেণ লগ্নশ্চতুর্থরাশিরেব উত্তরে তিষ্ঠতি সপ্তমস্থো বৃশ্চিকরাশিঃ পশ্চিমদিগ্বলী যতোলগ্নাৎ সপ্তমরাশিরস্তমেতি অস্তত্বঞ্চ পশ্চিমদিশ্যেবভবতি লগ্নাদ্দশমস্থাঃ পশুরাশয়োমেষবৃষসিংহধনুঃপরার্দ্ধমকরপূর্ব্বার্দ্ধা দক্ষিণদিগ্বলিনঃ যতোলগ্নাদ্দশমরাশিরেব দক্ষিণদিশি তিষ্ঠতি এতেন স্বকীয় স্বকীয সপ্তমস্থা নরজলাদিরাশয়োঽবলা নরা লগ্নসপ্তমে বলহীনাঃ জলজা লগ্নদশমে বলহীনাঃ চতুষ্পদা লগ্নাচতুর্থে বলহীনাঃ লগ্নগতশ্চবৃশ্চিকোবলহীনইতি। এতেষাং নরাদীনামন্তত্র গতানামনুপাতবিধিনা বলান্যানেতব্যানি। তেন চ লগ্নগতানা জলজপশুরাশীনামর্দ্ধবলমিতি প্রয়োজনং। তথা চ শ্রীপতিভট্টঃ-
নৃভিঃক্ষিপেচ্চ রূপকং চতুষ্পদাপ্যয়োর্দ্দলং ; ন কীটভে তু কিঞ্চন স্ফুটং ভবেত্তনোর্ব্বলং।

জলজচতুষ্পদকীটভসংজ্ঞা যঃ সুখদশমাস্তগতাবলবন্তঃ। নিজ নিজ সপ্তমগা বিবলাস্তে তদিতরগৈরনুপাতবিধিঃ স্যাৎ। যথা যাত্রাচূড়াদিমঙ্গলকর্ম্মণি বলবত্তয়া এতে রাশয়ঃ প্রশস্তাঃ। তথা এতেষাং বলবত্তয়া ভাবফলাধিকত্বঞ্চ তথা রাশিশীলাধ্যায়ে যৎপ্রোক্তং দ্বাদশরাশিস্থগ্রহাণাংফলং তদেতেষাং বলবত্তয়াসম্পূর্ণং স্যাৎ। তথাচ বৃহজ্জাতকে বলবতি রাশৌ তদধিপতৌ চ স্ববলযুতঃস্যাদ্ যদি তু হিমাংশুঃ কথিতফলানামবিকলদাতা শশিবদতোঽন্যোঽপ্যনুপরিকল্প্যা ইত্যাদি প্রয়োজনমূহ্যং। কশ্চিত্তু এতেষাং বলবত্তয়া লগ্নমাত্রস্য বলবত্ত্বমিতি বদতি। তন্নতহি অন্যস্য বলেনান্যস্য বলবত্ত্বং স্যাৎ গ্রন্থকর্ত্তুরনভিপ্রায়াচ্চ এবং বক্ষ্যমাণেষ্বপি রাশিবলানাং প্রয়োজনং জ্ঞাতব্যং।

পৃষ্ঠোদয়াদিন্ আমাহ। গোজেতি। বৃষমেষধনুঃকর্কটমিথুনাঃ মকরশ্চ রাত্রিসংজ্ঞকাঃ অতএব বৃষাদয়োমিথুনরহিতাঃ পৃষ্ঠোদয়সংজ্ঞিতাঃ শেষাঃ সিংহকন্যাতুলাবৃশ্চিককুম্ভাঃ শীর্ষোদয়সংজ্ঞিতাঃ দিনবলাশ্চ পৃথুরোমামৎস্যস্তদুভয়ঃ মীনলগ্নমুভয়তঃ পৃষ্ঠোদয়ে শীর্ষোদয়ে সর্ব্বেতি দিবাবলং রাত্রিবলঞ্চেতি। মিথুনস্য পৃষ্ঠোদয়ত্বনিষেধাদর্থাচ্ছীর্ষোদয়ত্বং। ১৩

## অথ রাশীনাং স্থানবলং।

কেন্দ্রস্থান্ প্রবলান্ রাশীন্ মধ্যান্ পনফরাশ্রিতান্।
আপোক্লিমগতান্গার্গিঃ সর্ব্বান্ হীনবলান্ বদেৎ॥ ১৪

অধুনা রাশিদিগের স্থানবল কথিত হইতেছে। কেন্দ্রস্থানস্থিত রাশিসমূহ বলবান্ হয়, এইরূপ পনফরস্থানস্থিত রাশিসকল মধ্যবল এবং আপোক্লিম স্থানস্থিত রাশি সমূহ হীনবল হইয়া থাকে, গর্গমুনি এইরূপ বলিয়াছেন। ১৪

রাশীনাং স্থানবলমাহ। কেন্দ্রস্থানিতি। কেন্দ্রস্থান্ রাশীন্ প্রবলান্ প্রকৃষ্ট বলবান্ বদেৎ। পনফরাশ্রিতান্ মধ্যবলান্ আপোক্লিমস্থান্ হীনবলান্ বদেৎ। অত্র চায়ং বিভাগঃ কেন্দ্রেষু সম্পূর্ণবলমেব প্রাহুঃ পনফরেষর্দ্ধবলং আপোক্লিমেষু পাদৈকমিত্যর্থঃ। তথাচ শ্রীপতিভট্টঃ। কণ্টকাদ্যাপগতেষু বিযোজ্যারূপকার্দ্ধচরণানিজবীর্য্য ইতি। এতৎপ্রয়োজনন্ত যাত্রাদিমঙ্গল কর্ম্মণি বলবত্তয়া এতে রাশয়ঃ প্রশস্তাঃ এবাং ভাবফলস্য চাধিকত্ব। ১৪

## অথ বলাবলবিভাগঃ।

যস্তু যস্যাংশপোরাশেস্তদ্বলাদংশকোবলী।
অবলস্তস্য দৌর্ব্বল্যে মধ্যমে মধ্যমঃ স্মৃতঃ॥ ১৫

যে রাশির যে গ্রহ নবাংশাধিপতি তাহার বলানুসারেই নবাংশরাশিও বলবান্ হইবে, আর নবাংশপতি গ্রহ দুর্ব্বল হইলে রাশিও দুর্ব্বল হয় এবং নবাংশাধিপতি গ্রহ মধ্যবল হইলে রাশি মধ্যবল হইয়া থাকে। ১৫

অংশবলমাহ। যস্তিতি। যস্য রাশের্যো নবাংশাধিপতিগ্রহস্তস্যাংশপতের্ব্বলাৎ সোঽংশকো নবাংশরাশির্ব্বলী তস্যাধিপস্য দৌর্ব্বল্যেঽবলস্তস্য মধ্যবলে মধ্যবলোনবাংশ ইতি। প্রয়োজনন্তস্য প্রশ্নলগ্ননবাংশয়োর্ব্বলাবলবশেন নবাংশাদপি ফলং বক্তব্যং। তথা চ বৃহজ্জাতকে। নবাংশবলাৎ প্রসবস্থাননির্ণয় উক্তঃ। রাশ্যংশসমানগোচরে মার্গেজন্মচরে স্থিরে গৃহে। স্বর্ক্ষাংশযুতে স্বমন্দিরে বলযোগাৎ ফলমংশকর্ক্ষয়োরপি। সৌভরিস্তু। অংশপোবলীতি পাঠং কৃত্বা রাশের্ব্বলান্নবাংশপতির্ব্বলীতি প্রলপতি, তন্ন অস্মিন্নধ্যায়ে রাশের্ব্বলং নিরূপ্যতে নতু গ্রহস্য। স্থানান্তরে তু স্বোচ্চত্রিকোণস্থিতভেত্যাদিনা গ্রহাণাং নবাংশবলং বক্ষ্যতে। ১৫

## পাশ্চাত্যাদিযোগাদিনা রাশিবলাবলকথনম্।

পতিতৎপ্রিয়বুধসৌম্যোচ্চস্থৈর্যুতবীক্ষিতোবলীরাশিঃ।
স্বল্পবলোঽন্যৈর্মিশ্রৈর্মধ্যঃ সর্ব্বাযুতেক্ষিতস্ত্ববলঃ॥ ১৬

মেষাদিদ্বাদশরাশি স্ব স্ব অধিপতি, কিম্বা স্বীয় স্বীয় অধিপতির মিত্র কিম্বা বুধ,

গ্রহ বা শুভগ্রহগণ অথবা উচ্চস্থ কোন গ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হইলে বলবান হয়। এইরূপ স্বীয় অধিপতির শত্রুগ্রহ কি নীচগ্রহ-কর্ত্তৃক দৃষ্ট কি যুক্ত হইলে হীনবল, (অল্পবল) পত্যাদিযুক্ত গ্রহদ্বারা দৃষ্ট না হইলে প্রত্যেকে পাদবল হইয়া থাকে। পত্যাদিগ্রহ এবং অন্যান্য গ্রহ-কর্ত্তৃক দৃষ্ট কি যুক্ত হইলে মধ্যবল, শুভ গ্রহ-কর্ত্তৃক দৃষ্ট হইলে চতুর্থাংশবল এবং সকল গ্রহকর্ত্তৃক অদৃষ্ট বা অযুক্ত হইলে বলহীন হইয়া থাকে। ১৬

রাশীনাং বলান্যাহ। পতীতি। পত্যা পতিমিত্রেণ পাপবুধেনাপি শুভেন শুভগ্রহেণ উচ্চস্থগ্রহেণ চ যুতো বীক্ষিতো বা মেষাদিরাশির্ব্বলীস্যাৎ। তত্রাযোগে প্রত্যেকং পাদবলং গ্রাহ্যং দর্শনে তু যাবদ্দর্শনং তচ্চতুর্থাংশোগৃহীতব্যঃ। তথা চ শ্রীপতিভট্টঃ। সৌম্যৈর্দৃষ্টে দৃষ্টিতুর্য্যাংশযুক্তং বীর্য্যং পাপাবলোকিতে চ তদ্বিহীনমিতি অত্রাপি পতিতৎপ্রিয়ত্বাদ্যনেকগুণযুক্তেন একেন যুক্তে দৃষ্টে বা গুণৈকস্যৈব বলং গ্রাহ্যমিতি। এতদন্যৈরুদাসীনৈঃ শত্রুভির্নীচৈশ্চ যুতদৃষ্টোঽল্পবলঃ স্যাৎ। অত্র চ পাদোনবলচতুষ্টয়ং গ্রাহ্যং। তথাচ শ্রীপতিভট্টঃ। শত্রুভে ভবতি ষোড়শাংশক ইতি। মিত্রৈঃ পত্যাদিভিশ্চান্যৈর্যুতো দৃষ্টো বা মধ্যবলঃ সর্ব্বেষাং পূর্ব্বোক্তক্রমেণ বলং গ্রাহ্যমিত্যর্থঃ। সর্ব্বগ্রহৈরযুতোঽদৃষ্টশ্চেৎ তাস্তদা অবলোবলরহিত ইত্যর্থঃ। ১৬

## অথ বেশ্যাদিস্থানকথনং।

বেশিঃ সূর্য্যাদ্দ্বিতীয়র্ক্ষং স্বামিদিক্‌সংজ্ঞিতঃ প্লবঃ।
রাশীনামুদয়োলগ্নং হোরা রাশ্যর্দ্ধলগ্নয়োঃ॥ ১৭

সূর্য্য যে রাশিতে অবস্থান করেন তাহার পররাশি অর্থাৎ দ্বিতীয়স্থানের নাম বেশী, আর সেই রাশির অধিপতি গ্রহের দিকের নাম প্লব, মেষাদি দ্বাদশ রাশির উদয়ের নাম লগ্ন, রাশির অর্দ্ধ ও লগ্নার্দ্ধকে হোরা বলা যায়। ১৭

বেশ্যাদিসংজ্ঞামাহ। বেশিরিতি। সূর্য্যাদ্বিতীয়গৃহং বেশিঃ প্লবইতি স্বামিনোদিশঃ সংজ্ঞা, প্রয়োজনন্তু জন্মলগ্নস্য প্লবে পুরুষস্য বৃদ্ধিং জানীয়াৎ যাত্রায়াঞ্চ যত্র প্লবঃ স্যাৎ তস্মিন্ লগ্নে যাত্রা শুভেতি। তথা চ সারাবল্যাং। ভবনাধিপদিঙ্‌নামপ্লব ইতি যবনৈঃ প্রযত্নতঃ কথিতঃ। তৎপ্লবগোবিনিহন্ত্যাদচিরেণ মহীপতিঃ শত্রূন্॥ কশ্চিত্তু প্লবোজলনির্গমবর্ত্মেতি প্রলপতি। লগ্নঃ রাশ্যাদয়ঃ হোরাশব্দোরাশ্যর্দ্ধে লগ্নে চ বর্ত্ততে। ১৭

## অথ ষড়্‌বর্গকথনং।

ক্ষেত্রং হোরাথ দ্রেক্কাণঃ নবাংশোদ্বাদশাংশকাঃ।
ত্রিংশাংশকশ্চ বর্গোঽয়ং ত্র্যাদ্যৈর্যো যস্য তস্য সঃ॥ ১৮

অধুনা ষড়্‌বর্গ কথিত হইতেছে। ক্ষেত্র, হোরা, দ্রেক্কাণ, নবাংশ, দ্বাদশাংশ এবং ত্রিংশাংশকে ষড়্‌বর্গ বলে, আর বর্গশব্দে উক্ত ছয়টিকে এবং এই ছয়টির মধ্যে এক একটিকেও বুঝাইয়া থাকে। স্বক্ষেত্রস্থ কি স্বহোরাদিস্থানস্থ গ্রহ বর্গস্থ বলিয়া অভিহিত হয়, যদি কোন গ্রহ ত্রি-আদিবর্গস্থ হয় তাহা হইলে জীবগণকে আত্মসদৃশ আকৃতি প্রদান করিয়া থাকেন। ১৮

১। ষড়্বর্গমাহ। ক্ষেত্রমিতি। ক্ষেত্রাদয়ঃ ষড়্বর্গসংজ্ঞকাঃ অত্র বর্গশব্দেন সমুদায়ঃ প্রত্যেকমুচ্যতে। যস্য গ্রহস্য ত্র্যাদৌ ষড়্বর্গো জাতঃ তস্য গ্রহস্য সপুরুষস্তদাকার ইত্যর্থঃ। গ্রহাকারস্তু বৃহজ্জাতকে উক্তঃ যথা—মধুপিঙ্গলদৃক্ চতুরস্রতনুঃ পিত্তপ্রকৃতিরিত্যাদি। ১৮

## অথ ক্ষেত্রাধিপ কথনং।

কুজশুক্রবুধেন্দ্বর্কসৌম্যশুক্রাবনীভুবাং।

জীবার্কিভানুজেজ্যানাং ক্ষেত্রাণি স্যুরজাদয়ঃ ॥ ১৯

ইদানীং ক্ষেত্রাধিপতি কথিত হইতেছে। মঙ্গল, শুক্র, বুধ, চন্দ্র, রবি, বুধ, শুক্র, মঙ্গল, বৃহস্পতি, শনি, শনি ও বৃহস্পতি এই সকল গ্রহের ক্ষেত্র (গৃহ) ক্রমে মেষাদি দ্বাদশরাশি হইয়া থাকেন, অর্থাৎ মেষের অধিপতি মঙ্গল, বৃষের শুক্র, মিথুনের বুধ, কর্কটের চন্দ্র, সিংহের রবি, কন্যার বুধ, তুলার শুক্র, বৃশ্চিকের মঙ্গল, ধনুর বৃহস্পতি, মকরের শনি, কুম্ভের শনি, মীনের বৃহস্পতি অধিপতি হয়।

গৃহাণাং গৃহাণাহ। কুজেতি। ইজ্যো বৃহস্পতিঃ অন্যৎ সুগমং। ১৯

## অথ রাশীনাং হ্রস্বত্বাদিসংজ্ঞা।

হ্রস্বাস্তিমিগোঽবিঘটা মিথুনধনুঃ কর্কি মৃগমুখাশ্চ সমাঃ।

বৃশ্চিক কন্যামৃগপতি বণিজো দীর্ঘাঃ সমাখ্যাতাঃ ॥ ২০

রাশি সকলের হ্রস্বত্বাদি কথিত হইতেছে। মীন বৃষ, মেষ ও কুম্ভের হ্রস্বসংজ্ঞা, মিথুন, ধনু, কর্কট ও মকর এই সকল রাশির সমসংজ্ঞা হয়। বৃশ্চিক, কন্যা, সিংহ ও তুলা রাশির দীর্ঘসংজ্ঞা হইয়া থাকে। ২০

## অথ রাশীনামধিষ্ঠাতৃদেবতা কথনং।

মৎস্যৌ ঘটী নৃমিথুনঃ সগদং সবীণং।

চাপী নরোঽশ্বজঘনো মকরো মৃগাস্যঃ।

তৌলী সশস্যদহনা প্লাবগা চ কন্যা।

শেষাঃ (১) স্বনামসদৃশাঃ স্বচরাশ্চ (২) সর্ব্বে ॥ ২১

রাশিদিগের অধিষ্ঠাতৃদেবতা বর্ণিত হইতেছে যথা।—অন্যান্যপুচ্ছাভিমুখ পরস্পর গাত্রনিরীক্ষক ও বক্রমুখ মৎস্যদ্বয় মীনরাশি ; স্কন্ধে ঘটস্থিত নর কুম্ভরাশি, স্ত্রী ও পুরুষ মিথুনরাশি, তন্মধ্যে পুরুষ গদাধারী, স্ত্রী বীণাধারিণী। অশ্বাকৃতিজঙ্ঘা ও ধনুর্ধারী পুরুষ ধনুরাশি, মৃগমুখ মকররাশি, তুলাধারী পুরুষ তুলারাশি। নৌকারূঢ়া শস্যাগ্নিহস্তা কুমারী কন্যারাশি, এতদ্ভিন্ন মেষাদি যে সকল রাশি আছে তাহারা স্বনাম সদৃশ অর্থাৎ মেষ মেষাকৃতি, বৃষ বৃষাকার, সিংহ সিংহাকৃতি, কর্কট কর্কটসদৃশ এবং বৃশ্চিক বৃশ্চিকাকৃতি। ২১

---

১ মেষবৃষকর্কটসিংহবৃশ্চিকাঃ স্বনামসদৃশা ইত্যর্থঃ। ২ খচরা ইত্যপি পাঠঃ।

রাশীনাং দেবতারূপমাহ। মৎস্যাবিতি। মীনরাশির্ম্মৎস্যদ্বয়ং অন্যোঽন্যপুচ্ছাভিবক্তং রক্তমুখং অন্যোঽন্যসর্ব্বগাত্রনিরীক্ষকং। কুম্ভঃ স্কন্ধাশক্তঘটোনরঃ। নৃমিথুনং স্ত্রীপুংসৌ তত্র পুমান্ গদাহস্তঃ স্ত্রী সবীণা। ধনুঃ ধনুর্দ্ধরোনরঃ অশ্বজঘনঃ অশ্বাকৃতির্জ্জঘনঃ ন তু অশ্বারূঢ়ো-জঘনঃ। মকরোমৃগমুখঃ। তুলারাশিস্তুলাহস্তঃ পুরুষঃ। কন্যা কুমারী শস্যাগ্নিহস্তা প্লবগা নৌস্থা। শেষাঃ মেষবৃষসিংহকর্কটবৃশ্চিকাঃ নামানুরূপাকারাঃ। সর্ব্বে দ্বাদশরাশয়ঃ স্বচরা যথাযোগ্যস্থাননিবাসিনঃ অন্যোঽন্যপুচ্ছাভিমুখমিতি কৃষ্ণানন্দঃ। মেষবৃষৌ দিবসে অরণ্যচরৌ রাত্রৌ গ্রাম্যৌ মিথুনং গ্রাম্যং কর্কটমীনৌ জলচরৌ সিংহোঽরণ্যঃ কন্যা নৌস্থা তুলাপণ্য-বীথীস্থঃ বৃশ্চিকঃ শ্বভ্রবাসী ধনুঃকুম্ভৌ গ্রাম্যৌ মকরস্য পূর্ব্বভাগোজলচরঃ প্রয়োজনন্তু হৃতনষ্ট-দ্রব্যস্য স্থাননির্ণয়াদি। ২১

## অন্যচ্চ।

স্বনামরূপা মেষাদ্যা মিথুনন্তু নৃদম্পতী।
কন্যা চ প্লবগা তৌলী শস্যমানশিলাযুতঃ।
ঘটহস্তঃপুমান্ কুম্ভোমীনোমৎস্যযুগঃ স্মৃতঃ।
জঘনেঽশ্বাকৃতির্ধন্বী মকরশ্চ মৃগাননঃ॥ ২২

পূর্ব্ববচনের অর্থ ও এইবচনের অর্থ তুল্য বিধায় ইহার পৃথক্ অনুবাদ করা হইল না।২২

## অথ রাশীনাং বশ্যাবশ্যকথনং।

দ্বিপদবশগাঃ সর্ব্বে সিংহং বিহায় চতুষ্পদাঃ।
সলিলনিলয়াভক্ষ্যাঃ বশ্যাঃ সরীসৃপজাতয়ঃ।
মৃগপতিবশে তিষ্ঠন্ত্যেতে বিহায় সরীসৃপান্।
অকথিতগৃহেষূহ্যংবশ্যং জনব্যবহারতঃ॥ ২৩

অধুনা রাশিগণের বশ্যাবশ্য কথিত হইতেছে যথা,—সিংহরাশি ভিন্ন চতুষ্পদ রাশি সকল দ্বিপদরাশি অর্থাৎ মিথুন,তুলা কুম্ভ, কন্যা ও ধনু রাশির বশীভূত হয়; জলজরাশি সমুদয় দ্বিপদরাশির ভক্ষ্য, আর সরীসৃপসংজ্ঞক রাশিভিন্ন দ্বিপদ ও চতুষ্পদরাশি সকল সিংহরাশির বশীভূত হইয়া থাকে। অন্যান্য যে সকল রাশির বশ্যাবশ্য কথিত হইল না তাহাদিগের লোকাচার বশতঃ বশ্যাবশ্য বিবেচিত হইবে, যেমন বৃষের বশীভূত মেষরাশি ইত্যাদি। ২৩

রাশীনাং বশ্যাবশ্যমাহ। দ্বিপদেতি। দ্বিপদোঽত্র মনুষ্যাঃ সিংহংত্যক্ত্বা চতুষ্পদামনুষ্য-বশগা জলরাশয়ো মনুষ্যস্য ভক্ষ্যাঃ জাতিশব্দেনাত্র প্রকার উচ্যতে। সরীসৃপজাতয়ঃ সরী-সৃপপ্রকারাঃ বৃশ্চিকজলজাবশ্যা এতেন জলজানাং ভক্ষ্যত্বং বশ্যত্বঞ্চ দর্শিতং। এতে সর্ব্বে দ্বিপদচতুষ্পদাশ্চ রাশয়ঃ সরীসৃপান্ ত্যক্ত্বা সিংহস্য বশগাঃ অত্রাপি বহুবচনাৎ সরীসৃপসদৃশানাং জলজানাং গ্রহণং। এবং অকথিতগ্রহেঽপি লোকাচারাদ্বশ্যাবশ্যত্বমূহ্যং। যথা বৃষস্য

মেষোবক্তঃ। তথা বৃহদ্‌যাত্রায়াং অত্র শ্লোকান্তরমন্তদপি বক্তব্যমুক্তং। যথা—স্থলজলজসরীসৃপাঃ স্বকানাং বলমভিবীক্ষ্য বিধেয়তাং ভজন্তে। বিষমগৃহবশে সমাহ্ৰ্যপসংস্থা নিশিবিষমাবশবৰ্ত্তিনঃ সমানা ইতি। ২৩

## অথ রাশীনাং জাতিকথনং।

মীনকর্কটবৃশ্চিকবিপ্রাঃ সিংহতুলাধনুঃ ক্ষত্রিয় উক্তঃ।
কুম্ভনরযুগ্মমেষবিশঃ স্যুঃ স্ত্রীবৃষমকরাঃ কথিতাঃ শূদ্রাঃ॥ ২৪

ইদানীং রাশিগণের জাতিবর্ণিত হইতেছে। যথা,—মীন, কর্কট ও বিচ্ছা বিপ্র জাতি, সিংহ, তুলা ও ধনু ক্ষত্রিয় জাতি। কুম্ভ, মিথুন ও মেষ বৈশ্য জাতি এবং কন্যা, বৃষ ও মকর ইহারা শূদ্রজাতি। ২৪

## অথ মেষাদীনাং বর্ণকথনং।

অরুণসিতহরিতপাটলপাণ্ডুবিচিত্রাঃ সিতেতরপিষঙ্গৌ।
পিঙ্গলকর্ব্বুরবভ্রুকমলিনারুচয়োযথাসংখ্যং॥ ২৫

মেষাদিদ্বাদশরাশির বর্ণ কথিত হইতেছে। মেষরাশি রক্তবর্ণ, বৃষ শুক্লবর্ণ, মিথুন হরিদ্বর্ণ, কর্কট পাটলবর্ণ, সিংহ পাণ্ডুরবর্ণ, কন্যা বিচিত্র বর্ণ, তুলা কৃষ্ণবর্ণ, বিচ্ছা পিষঙ্গবর্ণ, ধনু পিঙ্গলবর্ণ, মকর কর্ব্বুরবর্ণ, কুম্ভ বভ্রুকবর্ণ এবং মীন মলিনবর্ণ হয়। ২৫

রাশীনাং বর্ণমাহ। অরুণেতি। মেষাদিদ্বাদশরাশীনাং যথা ক্রমমরুণাদয়োবর্ণাভবন্তি। অব্যক্তরাগস্ত্বরুণঃ সিতঃ শুক্লঃ হরিতঃ শুক্লবর্ণঃ শ্বেতরক্তস্তুপাটলঃ, পাণ্ডুশ্চারশুক্লঃ বিচিত্রো নানাবর্ণঃ সিতেতরঃ কৃষ্ণবর্ণঃ কদ্রুপিঙ্গলৌ পিষঙ্গৌ পিঙ্গলশ্চাগ্নিবর্ণঃ স্বর্ণবর্ণশ্চেতি কেচিৎ কর্ব্বুরঃ সবলবর্ণঃ বভ্রুকং কপিলবর্ণঃ বভ্রুনা কপিলে ত্রিষু ইত্যমরঃ। মলিনঃ কৃষ্ণবর্ণঃ। প্রয়োজনন্তু হৃতনষ্টদ্রব্যস্ত বর্ণজ্ঞানাদি। ২৫

## অথ নবগ্রহসংজ্ঞাকথনং।

রবিঃ সোমোমঙ্গলশ্চ বুধোজীবঃ সিতঃ শনিঃ।
রাহুঃ কেতুশ্চ কথিতোমার্কণ্ডেয়াদিভিঃ পুরা॥ ২৬

সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতু এই নয়টি গ্রহসংজ্ঞক, এইরূপ মার্কণ্ডেয় প্রভৃতি মুনিগণ কর্ত্তৃক অভিহিত হইয়াছে। ২৬

## অথ গ্রহাণাং বিশেষসংজ্ঞাকথনং।

হেলিঃ সূর্য্যশ্চন্দ্রমাঃ শীতরশ্মিঃ,
হেম্নাবিজ্ঞোবোধনশ্চেন্দুপুত্রঃ॥
আরোবক্রঃ ক্রূরদৃক্‌চাবনেয়ঃ
কাব্যোমন্দঃ সূর্য্যপুত্রোঽসিতশ্চ॥

জীবোঽঙ্গিরাঃ সুরগুরুর্ব্বচসাং পতীজ্যো,
শুক্রোভৃগুর্ভৃগুসুতঃ সিতআস্ফুজিচ্চ।
রাহুস্তমোঽসুরগুরশ্চ শিখী চ কেতুঃ
পর্য্যায়মন্যদুপলভ্য বদেচ্চ লোকাৎ॥ ২৭

গ্রহদিগের সংজ্ঞান্তর কথিত হইতেছে যথা, সূর্য্যের নাম হেলি। চন্দ্রের নাম শীতরশ্মি। বুধের নাম হেমন্, বিৎ, জ্ঞ এবং ইন্দুপুত্র। মঙ্গলের নামান্তর আর, বক্র, ক্রূরদৃক্ ও আবনেয়। শনির নাম কাল, মন্দ, সূর্য্যপুত্র ও অসিত। গুরুর নামান্তর জীব, অঙ্গিরা, সুরগুরু, বচসাংপতি ও ইজ্য। শুক্রের নাম ভৃগু, ভৃগুসুত; সিত, ও আস্ফুজিৎ। রাহুর নামান্তর তমঃ, অগু ও অসুর এবং কেতুর সংজ্ঞান্তর শিখী, ইহাভিন্ন গ্রহগণের অপর যে সকল নাম আছে তাহা লোকপরম্পরা জ্ঞাত হইবে। ২৭

গ্রহসংজ্ঞামাহ। হেলিরিতি। হেলিঃ সূর্য্যস্য সংজ্ঞা। হেমনৃপন্দোবুধস্য সংজ্ঞা। বচসাং পতিরিজ্যশ্চ লোকাদন্যদপি পর্য্যায়ং জ্ঞাত্বা বদেৎ। ২৭

অথ গ্রহণাং জাতিকথনং।

ব্রাহ্মণৌ শুক্রবাগীশৌ ক্ষত্রিয়ৌ ভৌমভাস্করৌ।
বৈশ্যশ্চন্দ্রোবুধঃ শূদ্রোম্লেচ্ছৌ রাহুশনৈশ্চরৌ॥ ২৮

অধুনা কোন্ গ্রহ কোন্জাতির অধিপতি তাহা বর্ণিত হইতেছে। শুক্র ও বৃহস্পতি ব্রাহ্মণ জাতির অধিপতি। মঙ্গল ও রবি ক্ষত্রিয় জাতির অধিপতি, চন্দ্র বৈশ্যজাতির অধিপতি, বুধ শূদ্রজাতির অধিপতি এবং রাহু ও শনৈশ্চর ম্লেচ্ছজাতির অধিপতি হইয়া থাকেন। ২৮

চন্দ্রোবশ্যে 'বুধঃ শূদ্রে পতির্ম্লেচ্ছোঽন্ত্যজে জনে। ইতিদীপিকায়াং পরার্দ্ধস্যপাঠঃ। জাত্যধিপানাহ। ব্রাহ্মণইতি। ব্রাহ্মণবিষয়ে ব্রাহ্মণস্য শুক্রবাগীশৌ পতীত্যর্থঃ। প্রয়োজনন্তু চৌরাদিজাতিজ্ঞানার্থং। ২৮

অথ গ্রহাণাং বর্ণকথনং।

গৌরবর্ণোদীনাধীশোগৌরাশ্চন্দ্রেজ্যভূমিজাঃ।
শ্যামলৌ বুধশুক্রৌ চ কৃষ্ণৌ রাহুশনৈশ্চরৌ॥২৯

সূর্য্য গৌরবর্ণ, চন্দ্র, গুরু ও মঙ্গল ইহারাও গৌরবর্ণ হয়, এইরূপ বুধ ও শুক্র শ্যামলবর্ণ, রাহু ও শনিকৃষ্ণবর্ণ এবং কেতু ধূম্রবর্ণ হইয়া থাকে। ২৯

অন্যচ্চ।

রক্তশ্যামোভাস্করোগৌর ইন্দুর্নাত্যুচ্চাঙ্গোরক্তগৌরশ্চ বক্রঃ।
দূর্ব্বাশ্যামোজ্ঞোগুরুর্গৌরগাত্রঃ শ্যামঃ শুক্রোভাস্করিঃ কৃষ্ণদেহঃ।
কৃষ্ণবর্ণোভবেদ্রাহুঃ কেতুশ্চ ধূম্রবর্ণকঃ॥ ৩০

গ্রন্থান্তরে লিখিত আছে যে; সূর্য্য রক্তশ্যামবর্ণ, চন্দ্র গৌরবর্ণ, মঙ্গল অনুচ্চাঙ্গ ও রক্তগৌরবর্ণ, বুধ দূর্ব্বাশ্যামবর্ণ, বৃহস্পতি গৌরবর্ণ, শুক্র শ্যামবর্ণ, রাহু ও শনি কৃষ্ণবর্ণ এবং কেতু ধূম্রবর্ণ নির্দ্দিষ্ট আছে। ৩০

গ্রহাণাং বর্ণমাহ রক্তশ্যাম ইতি প্রয়োজনন্তু হৃতনষ্টদ্রব্যস্য রূপজ্ঞানাদি। ৩০

অথ গ্রহাণাং ধাতুকথনং।

পিত্তে প্রভাকরক্ষ্যজৌ শ্লেষ্মাণৌ চন্দ্রভার্গবৌ।
জ্ঞগুরু সমধাতু চ পবনৌ স্বাহুমন্দগৌ॥ ৩১

রবি ও মঙ্গল পিত্তপ্রকৃতি, শুক্র শ্লেষ্মা প্রকৃতি, বুধ ও বৃহস্পতি সমধাতু প্রকৃতি এবং রাহু ও শনি বায়ু প্রকৃতি। ৩১

মধুপিঙ্গলদৃক্ চতুরস্রতনুঃ পিত্তপ্রকৃতিঃ সবিতাল্পকচঃ।
তনুভৃৎস্তনুর্ব্বহুবাতকফঃ প্রাজ্ঞঃ শশী মৃদুবাক্ শুভদৃক্॥
ভূমিজস্তরুণমূর্ত্তিরুদারঃ পৈত্তিক সুচপলঃ কৃশমধ্যঃ।
শ্লিষ্টবাক্ সততহাস্যরুচিঃ জ্ঞঃ পিত্তমারুতকফপ্রকৃতিঃ।
বৃহত্তনুঃ পিঙ্গলমূর্দ্ধজেক্ষণঃ বৃহস্পতিঃ শ্রেষ্ঠমতিঃ কফাত্মকঃ।
ভৃগুঃ সুখী কান্ততনুঃ সুলোচনঃ কফানিলাত্মাসিতবক্রমূর্দ্ধজঃ॥
মন্দোঽলসঃ কপিলদৃক্ কৃশদীর্ঘগাত্রঃ
স্থূলদ্বিজঃ পুরুষলোমকচোঽনিলাত্মা॥ ৩২

(ইতি ধাত্বধিপাঃ)

সূর্য্য গ্রহ মধুপিলাক্ষ, চতুষ্কোণ, পিত্তপ্রকৃতি ও অল্পকেশবিশিষ্ট। চন্দ্র স্ত্রী মৃদুভাষী, প্রাজ্ঞ, বাতকফাধিক্য প্রকৃতি ও শোভনাক্ষিবিশিষ্ট। মঙ্গল নবীনাঙ্গ, উদারচেতা, পিত্তাধিক্যশরীরী, চপল, মধ্যক্ষীণ, শ্লিষ্টভাষী ও হাস্যরসপ্রিয়। বুধ পিত্তবায়ু ও শ্লেষ্মাকৃতি, বৃহৎশরীর, পিঙ্গলাক্ষ ও পিঙ্গলবর্ণকেশধারী। গুরু কফপ্রকৃতি ও সুবুদ্ধিমান। শুক্র সুখী, মনোরম কান্তিবিশিষ্ট, সুলোচন কফবায়ু-প্রকৃতি এবং ঈষৎ বক্রকেশধারী। শনৈশ্চর অলস, কপিলাক্ষ, কপিলবর্ণকেশ-ধারী, কৃশ, দীর্ঘগাত্র, স্থূলদন্ত, বায়ুপ্রকৃতি এবং রোম ও কেশবিশিষ্ট পুরুষ। ৩২

অথ গ্রহাণাং সত্ত্বাদিজ্ঞানং।

চন্দ্রার্কজীবাজ্ঞসিতৌ কুজার্কী যথাক্রমং সত্ত্বরজস্তমাংসি॥ ৩৩

চন্দ্র, রবি ও বৃহস্পতি সত্ত্বগুণবিশিষ্ট, বুধ ও শুক্র রজোগুণবিশিষ্ট এবং মঙ্গল ও শনি তমোগুণবিশিষ্ট। ৩৩

অথ সাম্যাদিজ্ঞানং।

সাম্যোজীবঃ সভৃগুতনয়োদগুনাথৌ কুজার্কৌ
দানেশেন্দুঃ শিখিযমবুধাঃ সাম্যমাভেদনাথাঃ।

বীর্য্যোপেতৈরুপচয়করৈর্লগ্নৈঃ কেন্দ্রগৈর্ব্বা
তত্বং সিদ্ধির্ভবতি তদহঃ স্বাংশকৈর্ব্বাপি তেষাং ॥ ৩৪

কোন্ গ্রহ কোন্ নীতির অধিপতি তাহা কথিত হইতেছে। বৃহস্পতিও শুক্র সামনীতির অধিপতি, মঙ্গল ও রবি দণ্ডনীতির অধিপতি, চন্দ্র দাননীতির অধিপতি এবং কেতু, শনি, বুধ ও রাহু ভেদনীতির অধিপতি হন। বলবান্ ঐ সকল গ্রহ যে বালকের লগ্নস্থ উপচয়স্থ * কি কেন্দ্রস্থ অথবা নবাংশস্থ হন তাহার ঐ সমস্ত গুণ শরীরে অধিক থাকে অর্থাৎ বৃহস্পতি কি শুক্র লগ্নাদিতে থাকিলে জাতবালক সামগুণ বিশিষ্ট এবং মঙ্গল ও রবি লগ্নাদিতে থাকিলে দণ্ডগুণ বিশিষ্ট হয়। ৩৪

### অথ নৃপাদিজ্ঞানং।

রবিচন্দ্রৌ চ রাজানৌ কুজোনেতা বুধঃ শিশুঃ।
সচিবৌ গুরুশুক্রৌ চ প্রেষ্যৌ শনিভুজঙ্গমৌ ॥ ৩৫

রবি ও চন্দ্র রাজা, মঙ্গল সেনাপতি, বুধ রাজকুমার, গুরু ও শুক্র রাজমন্ত্রী শনি, রাহু ও কেতু প্রেষ্য। ৩৫

### অথ পুরুষাদ্যধিপকথনং।

পুংসাং সূর্য্যারবাগীশা যোষিতাং চন্দ্রভার্গবৌ।
ক্লীবানাং বুধমন্দৌ চ পতয়ঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ৩৬

রবি, মঙ্গল ও বৃহস্পতি পুরুষগ্রহ, চন্দ্র ও শুক্র স্ত্রীগ্রহ এবং বুধ ও শনৈশ্চর নপুংসকগ্রহ। ৩৬

পুরুষাদ্যধিপানাহ পুংসামিতি। স্পষ্টার্থং। ৩৫

### অথ বেদাধিপকথনং।

ঋগ্বেদাধিপতির্জীবো যজুর্ব্বেদাধিপঃ সিতঃ।
সামবেদাধিপোভৌমঃ শশিজোঽথর্ব্ববেদরাট্ ॥ ৩৭

বেদাধিপতি বর্ণিত হইতেছে যথা,—বৃহস্পতি ঋগ্বেদের অধিপতি, শুক্র যজুর্ব্বেদের অধিপতি, মঙ্গল সামবেদের এবং বুধ অথর্ব্ব বেদের অধিপতি। ৩৭

বেদাধিপানাহ। ঋগ্বেদিতিস্পষ্টার্থং। ৩৭

### অথ রসাধিপজ্ঞানং।

কটুলবণতিক্তমিশ্রোমধুরাম্লৌ চ কষায়কোঽর্কতঃ।
এতেরসাঃ প্রিয়াভবন্তি মুখেঽর্কাদ্যা বর্ত্তমানাঃ সন্তঃ ॥ ৩৮

রবিগ্রহ কটুরসের অধিপতি হন, এইরূপ চন্দ্র লবণ রসের, মঙ্গল তিক্তরসের,

---

* উপচয় সংজ্ঞা ও কেন্দ্রসংজ্ঞা যথাস্থানে লিখিত হইবে।

বুধ মিশ্ররসের, বৃহস্পতি মধুররসের. শুক্র অম্লরসের এবং শনি কষায় রসের অধিপতি হইয়া থাকেন। এই সকল গ্রহের মধ্যে অঙ্গ *বিভাগকরিলে বালকের যে স্থানে যে গ্রহ পতিত হন, সেই গ্রহ যে রসের প্রিয়, জাতবালক ও সেই রসের অধিক প্রিয় হইয়া থাকে। যথা রবি মুখস্থানে থাকিলে কটুবস্তু এবং চন্দ্র মুখস্থানে থাকিলে লবণরস আহারে অধিক ইচ্ছা জন্মিয়া থাকে।৩৮

## অথ দিগধিপতিকথনম্।

সূর্য্যঃ শুক্রঃ ক্ষমাপুত্রঃ সৈংহিকেয়ো সিতঃ শশী।
সৌম্যস্ত্রিদশমন্ত্রী চ প্রাচ্যাদি দিগধীশ্বরাঃ॥ ৩৯

অধুনা দিকের অধিপতি কথিত হইতেছে যথা—পূর্ব্বদিকের অধিপতি রবি, শুক্র অগ্নিকোণের, মঙ্গল দক্ষিণদিকের, রাহু নৈঋতকোণের,শনি পশ্চিমদিকের, চন্দ্র বায়ুকোণের, বুধ উত্তরদিকের এবং বৃহস্পতি ঈশানকোণের অধিপতি হইয়া থাকেন। ৩৯

পূর্ব্বাদ্যষ্টদিশাং পতীনাহ। সূর্য্যইতিস্পষ্টার্থং।৩৯

## অথ গ্রহাণাং মিত্রাদিকথনম্।

মিত্রাণি সূর্য্যাচ্ছশিভৌমজীবাঃ সূর্য্যেন্দুজৌ সূর্য্যশশাঙ্কজীবাঃ।
আদিত্যশুক্রৌ রবিচন্দ্রভৌমাঃ বুধার্কজৌ চন্দ্রজভার্গবৌ চ॥৪০

অধুনা গ্রহদিগের নৈসর্গিকমিত্র কথিত হইতেছে।—রবির মিত্র চন্দ্র, মঙ্গল ও বৃহস্পতি হন ; এইরূপ চন্দ্রের মিত্র রবি ও বুধ, মঙ্গলের মিত্র রবি চন্দ্র ও বৃহস্পতি ; বুধের মিত্র রবি ও শুক্র, বৃহস্পতির মিত্র রবি, চন্দ্র ও মঙ্গল, শুক্রের মিত্র বুধ ও শনি এবং শনির মিত্র বুধ ও শুক্র হইয়া থাকেন। ৪০

গ্রহাণাং মিত্রাণ্যাহ। মিত্রাণীতি। সূর্য্যাৎসূর্য্যাদিতঃ বিভক্তিকথিতানি যথাক্রমেণ মিত্রাণি স্যুঃ। যথা শশিভৌমজীবাঃ রবের্ম্মিত্রং, সূর্য্যবুধৌ চন্দ্রস্য, সূর্য্যচন্দ্রজীবাঃ কুজস্য, রবিশুক্রৌ বুধস্য, রবিচন্দ্রকুজাঃ গুরোঃ, বুধশনী ভৃগোঃ, বুধশুক্রৌ শনেরিতি। ৪০

সিতাসিতৌ চন্দ্রমসোন কশ্চিদ্ বুধঃ শশী সৌম্যসিতৌ রবীন্দূ।
রবীন্দুভৌমা রবিতস্তমিত্রা মিত্রারিশেষশ্চ সমঃ প্রদিষ্টঃ॥ ৪১

ইতি শত্রুসমকথনং।

নৈসর্গিক শত্রু ও সম কথিত হইতেছে যথা—রবির শত্রু শুক্র ও শনৈশ্চর, চন্দ্রের শত্রু নাই। মঙ্গলের শত্রু বুধ, বুধের শত্রু চন্দ্র,বৃহস্পতির শত্রু বুধ ও শুক্র, শুক্রের শত্রু রবি ও চন্দ্র এবং শনির শত্রু রবি, চন্দ্র ও মঙ্গল নির্দ্দিষ্ট আছে। মিত্র এবং শত্রুভিন্ন অন্যান্যগ্রহ সকল উক্ত গ্রহগণের সম বলিয়া কথিত হয়। ৪১

* মেষাদিবারা অঙ্গ বিভাগ লগ্ন প্রকরণে বর্ণিত হইবে।

শত্রুনাহ। সিতাসিতাবিতি। রবিতোরব্যাদিতঃ প্রথমাবিভক্ত্যদিতা যথাসংখ্যেন অমিত্রাঃ শত্রবঃ স্যুঃ। শত্রুপর্য্যায়েঽমিত্রশব্দঃ পুলিঙ্গ ইতি। রবেঃ শুক্রশনী শত্রূ, চন্দ্রস্য ন কশ্চিৎশত্রুঃ, কুজস্য বুধঃ, বুধস্য চন্দ্রঃ, গুরোর্ব্বুধশুক্রৌ, ভৃগোরবীন্দু, শনেরবীন্দুভৌমা ইত্যর্থঃ। মিত্রারীণাং শেষঃ সমঃ প্রদীষ্টঃ কথিতঃ। যথা রবের্ব্বুধঃ সমঃ ইত্যাদি। তথা চ লঘুজাতকে। শত্রুর্ম্মন্দসিতৌ সমশ্চ শশিজো মিত্রাণি শেষা রবেস্তীক্ষ্ণাংশুর্হিমরশ্মিজশ্চ সুহৃদৌ শেষাঃ সমাঃ শীতগোঃ। জীবেন্দূষ্ণকরাঃ কুজস্য সুহৃদো জ্ঞোঽরিঃ সিতার্কী সমৌ মিত্রে সূর্য্যসিতৌ বুধস্য হিমগুঃ শত্রুঃ সমাশ্চাপরে। গুরোঃ সৌম্যসিতাবরী রবিসুতো মধ্যোঽপরে ত্বন্যথা। সৌম্যার্কী সুহৃদৌ সমৌ কুজগুরূ শুক্রস্য শেষাবরী। শুক্রজ্ঞৌ সুহৃদৌ সমঃ সুরগুরুর্ম্মন্দস্য চান্যেঽরয়ঃ। তৎকালে চ দশায়বন্ধুসহজ স্বান্ত্যেষু মিত্রং স্থিতঃ।৪১

## অথ গ্রহাণাং সমকথনং।

সৌম্যোঽঙ্গিরা ভৌমসিতাসিতাশ্চ সিতাসিতৌ ভূসুতসৌরিজীবাঃ।
সৌরিঃ কুজেজ্যৌ বচসাংপতিশ্চ রব্যাদিতোঽমী সমসংজ্ঞকাঃ স্যুঃ॥৪২

রবির সম বুধ, এইরূপ চন্দ্রের সম বৃহস্পতি, মঙ্গল শুক্র ও শনি, মঙ্গলের সম শুক্র ও শনি, বুধের সম মঙ্গল, শনি ও বৃহস্পতি, বৃহস্পতির সম শনি, শুক্রের সম মঙ্গল ও বৃহস্পতি এবং শনির সম বৃহস্পতি হইয়া থাকেন। ৪২

## অথ তাৎকালিকমিত্রাদিকথনং।

চতুর্থদশবিত্তান্ত্যত্রিলাভস্থাঃ পরস্পরং।
তৎকালমিত্রাণ্যুচ্চস্থঃ কৈশ্চিদুক্তোঽন্যথা রিপুঃ॥৪৩

অধুনা গ্রহগণের তাৎকালিক মিত্র নিরূপিত হইতেছে যথা—রবি প্রভৃতি গ্রহগণের মধ্যে যে গ্রহ যাহার চতুর্থ দশম, দ্বিতীয়, তৃতীয় ও একাদশ হইবে পরস্পর তাঁহাদেরই তাৎকালিক মিত্রতা হইয়া থাকে। যেমন—কর্কটরাশিতে যদি রবি থাকেন তাঁহার চতুর্থ তুলা, দশম মেষ, দ্বিতীয় সিংহ, দ্বাদশ মিথুন, তৃতীয় কন্যা ও একাদশ বৃষ এই সকল রাশিস্থ গ্রহগণ কর্কটস্থ রবির তাৎকালিক মিত্র এবং রবি উক্ত সকল রাশিস্থ গ্রহগণের তাৎকালিক মিত্র হইবেন, এবং উচ্চস্থগ্রহগণও তাৎকালিক মিত্র হইয়া থাকেন। এই সকল গ্রহভিন্ন অপরাপর গ্রহগণ তাৎকালিক শত্রু হন। ৪৩

তৎকালমিত্রমাহ। চতুর্থেতি। চতুর্থদশমস্থৌ দ্বিতীয়দ্বাদশস্থৌ তৃতীয়ৈকাদশস্থৌ অন্যোঽন্যং তৎকালমিত্রে ভবতঃ। কৈশ্চিদিতি বহুবচনেন বহুসম্মতত্বং দর্শিতং। উচ্চস্থঃ স্বতুঙ্গস্থো গ্রহঃ সর্ব্বেষাং মিত্রমুক্তং এতদ্গ্রন্থকারস্য সম্মতং। অন্যথা অনিমিষেত্যাদিশ্লোকে উচ্চস্থস্য ভৃগোস্তাৎকালিক শত্রুগৃহস্থত্বেন ত্রিভাগহানৌ সত্যাং সম্পূর্ণং পরমায়ুর্ন স্যাদিত্যর্থঃ। অন্যথা চতুর্থদশাদিব্যতিরিক্তস্থানস্থ শত্রুরিত্যর্থঃ

অথ তাৎকালিকশত্রুকথনং।

জন্মপঞ্চাঙ্গসপ্তাষ্টনবমস্থাঃ পরস্পরং।
তৎকালশত্রবোজ্ঞেয়াস্থিতি জ্যোতির্ব্বিদাং মতং॥ ৪৪

এক্ষণে গ্রহণের তাৎকালিক-শত্রু বর্ণিত হইতেছে যথা—যে গ্রহ যাহ প্রথম (একঘরে) অথবা পঞ্চম, ষষ্ঠ, সপ্তম অষ্টম কি নবমঘরে অবস্থি তাঁহাদের পরস্পর তাৎকালিক শত্রুতা হয়, যেমন কর্কটস্থ রবির প্রথম ঘর কর্ক পঞ্চম ঘর বৃশ্চিক, ষষ্ঠ ঘর ধনু, সপ্তম ঘর মকর অষ্টম ঘর কুম্ভ এবং নবম ঘর মী এই সকল রাশিস্থিত গ্রহ সকল রবির শত্রু হইয়া থাকেন, জ্যোতিশাস্ত্র বেত্তার এইরূপ বলেন। ৪৪

অথ অধিমিত্রাদিকথনং।

স্থিতসমরিপুসংজ্ঞা যে নিসর্গে নিরুক্তা
অধিহিতহিতমধ্যাস্তেঽপি তৎকালমিত্রৈঃ।
রিপুসমসুহৃদাখ্যা যে নিসর্গোপদিষ্টাঃ
অধিরিপুরিপুমধ্যাঃ শত্রুভিশ্চিন্তনীয়াঃ॥ ৪৫

অনন্তর অধিমিত্রাদি কথিত হইতেছে যথা—গ্রহগণের মধ্যে যিনি যাহা স্বাভাবিক মিত্র, সম ও শত্রু হন, তিনি তাৎকালিক মিত্র হইলে যথাক্র অধিমিত্র, মিত্র ও সম হইয়া থাকেন। অর্থাৎ স্বাভাবিক মিত্র তাৎকালিক মি হইলে অধিমিত্র, স্বাভাবিক সম তাৎকালিক মিত্র হইলে মিত্র এবং স্বাভাবি শত্রু তাৎকালিক মিত্র হইলে সম হইবেন। আর যাহারা স্বাভাবিক শত্রু সম মিত্র বলিয়া কথিত আছেন, তাঁহারা তাৎকালিক শত্রু হইলে যথাক্র অধিশত্রু, শত্রু ও সম বলিয়া খ্যাত হইবেন, অর্থাৎ স্বাভাবিক শত্রু তাৎকালি শত্রু হইলে অধিশত্রু, স্বাভাবিক সম তাৎকালিক শত্রু হইলে শত্রু এ স্বাভাবিক মিত্র তাৎকালিক শত্রু হইলে সম হইবেন। ৪৫

অধিমিত্রাদিব্যবস্থামাহ। স্থিতেতি। নিসর্গে স্বভাবে মিত্রসমশত্রবো যে উক্তাস্তে তৎকা মিত্রৈর্যথাসংখ্যং অধিমিত্রমিত্রসমা স্যুঃ। যো নৈসর্গিকসুহৃৎ তৎকালমিত্রত্বে সোঽধিমিত্রং সমঃ স মিত্রং যঃ শত্রুঃ স সমঃ। এবঞ্চ নিসর্গে যে রিপুসমসুহৃদ্ উক্তাস্তে তৎকালশত্রুভিশ্চতু দশাদিব্যতিরিক্তস্থানৈর্যথাসংখ্যং অধিশত্রুশত্রুসমাঃ স্যুঃ। যো নৈসর্গিক শত্রুঃ স তৎকালশত্রু অধিশত্রুঃ যঃ সমঃ স শত্রুঃ যঃ সুহৃৎ স সমইত্যর্থ। ৪৫

অথ রাহুকেতোর্মিত্রাদি।

উচ্চং নৃযুগ্মং ঘটভং ত্রিকোণং কন্যাগৃহং শুক্রশনী চ মিত্রে।
সূর্য্যঃ শশাঙ্কোধরণীসুতশ্চ রাহোরিপুর্ব্বিংশতিকঃ পরাংশঃ॥ ৪৬

ইদানীং রাহু ও কেতুর মিত্রাদি কথিত হইতেছে যথা,—রাহুর উচ্চস্থান মিথুনরাশি, মূলত্রিকোণ কুম্ভরাশি, ক্ষেত্র কন্যারাশি, মিত্র শুক্র ও শনৈশ্চর, শত্রু রবি, চন্দ্র ও মঙ্গল হয় কিন্তু মিথুনের বিংশতিভাগ উচ্চাংশ এবং কুম্ভের বিংশতিভাগ ত্রিকোণাংশ হইয়া থাকে। ৪৬

সিংহস্ত্রিকোণং ধনুরুচ্চসংজ্ঞং মীনোগৃহং শুক্রশনী বিপক্ষৌ।
সূর্য্যারচন্দ্রাঃ সুহৃদঃ সমানৌ জীবেন্দুজৌ ষট্ শিখিনঃ পরাংশাঃ ॥ ৪৭

কেতুর মূলত্রিকোণ সিংহরাশি, উচ্চস্থান ধনুরাশি, ক্ষেত্র মীনরাশি; শত্রু শুক্র ও শনি; মিত্র রবি, মঙ্গল ও চন্দ্র; সম বৃহস্পতি ও বুধ; সিংহের ষষ্ঠভাগ ত্রিকোণাংশ এবং ধনুর ষষ্ঠভাগ উচ্চাংশ। ৪৭

## অথ গ্রহাণাং পাপসৌম্যকথনম্।

অর্দ্ধোনেন্দ্বর্কসৌরারাঃ পাপাস্তৈস্তৈর্যুতোঽপরে।
শুভাঃ পাপৌ তমঃকেতু বিষ্ণুধর্ম্মোত্তরোদিতৌ ॥ ৪৮

অর্দ্ধ-ঊনচন্দ্র, অর্থাৎ কৃষ্ণাষ্টমীর পর হইতে শুক্লাষ্টমী পর্য্যন্ত চন্দ্র, রবি, শনি, মঙ্গল ও পাপযুক্ত বুধ এবং রাহু ও কেতু ইহারা পাপগ্রহ; পূর্ণচন্দ্র, পাপরহিত বুধ, বৃহস্পতি ও শুক্র শুভগ্রহ, বিষ্ণুধর্ম্মোত্তর গ্রন্থে এইরূপ উক্ত হইয়াছে। ৪৮

গ্রহাণাং পাপশুভত্বমাহ। অর্দ্ধোনেতি। অর্দ্ধোনশ্চান্দ্রোরবিঃ শনিঃ কুজশ্চ পাপাঃ তৈঃ পাপৈঃ যুক্তো বুধঃ পাপঃ। অতিরিক্তঃ পূর্ণশ্চন্দ্রো জীবশুক্রৌ শুভৌ কেবলো বা বুধঃ শুভঃ। তমঃকেতু বিষ্ণুধর্ম্মোত্তরে পাপাবুক্তৌ। অন্যেষাং মতে ন চ পাপত্বং ন চ শুভত্বমনয়োরিত্যাহুঃ। ৪৮

## অথ গ্রহাণাং ঋতুবলজ্ঞানম্।

শনিশুক্রকুজেন্দুজ্ঞগুরবঃ শিশিরাদিষু।
ভবন্তি কালবলিনৌ গ্রীষ্মে সূর্য্যস্তথৈব চ ॥ ৪৯

গ্রহগণের বল নির্ণীত হইতেছে যথা—শনি, শুক্র, মঙ্গল, চন্দ্র, বুধ ও বৃহস্পতি গ্রহ ক্রমে শিশিরাদি ছয় ঋতুতে বলবান্ হন অর্থাৎ শনি শিশিরে, শুক্র বসন্তে, মঙ্গল গ্রীষ্মে, চন্দ্র বর্ষায়, বুধ শরৎকালে ও বৃহস্পতি হেমন্তে বলবান্ হইয়া থাকেন, আর সূর্য্য গ্রীষ্মকালে বলবান হন, কিন্তু এই সকল গ্রহের বল পাদমাত্র। ৯

ঋতুবলমাহ। শনীতি। শিশিরাদিষু ষট্‌সু ঋতুষু যথাসংখ্যং শন্যাদয়োবলিনঃ। সূর্য্যস্তু গ্রীষ্মবলী এতদ্বলন্তু একপাদমিত্যর্থঃ। ৪৯

## অথ চন্দ্রবলকথনম্।

মাসে তু শুক্লাপ্রতিপৎপ্রবৃত্তে পূর্ব্বে শশী মধ্যবলোদশাহে।
শ্রেষ্ঠোদ্বিতীয়েঽল্পবলস্তৃতীয়ে সৌম্যৈস্তু দৃষ্টোবলবান্ সদৈব ॥ ৫০

ইতি যবনেশ্বরঃ।

শুক্লপ্রতিপদ হইতে শুক্লাদশমী পর্য্যন্ত চন্দ্র মধ্যবলী হন এবং শুক্লাএকাদশী হইতে কৃষ্ণপক্ষীয় পঞ্চমী পর্য্যন্ত চন্দ্র সম্পূর্ণ বলী হন। আর কৃষ্ণাষষ্ঠী হইতে অমাবস্যা পর্য্যন্ত অল্পবলী হইয়া থাকেন। কিন্তু শুভগ্রহ কর্তৃক চন্দ্র দৃষ্ট হইলে সর্ব্বদাই বলবান্ থাকেন। ৫০

পক্ষবলে চন্দ্রস্য বিশেষমাহ। মাসেত্বিতি। শুক্লপ্রতিপৎপ্রবৃত্তে চান্দ্রে মাসে পূর্ব্বদশাহে শুক্লপ্রতিপদাদিতঃ শুক্লদশমীপর্য্যন্তং চন্দ্রোমধ্যবলঃ। দ্বিতীয়ে দশাহে শুক্লদশম্যাঃ কৃষ্ণাপঞ্চমী-পর্য্যন্তং সম্পূর্ণবলঃ। তৃতীয়ে দশাহে কৃষ্ণষষ্ঠ্যামাবস্যাপর্য্যন্তং অল্পবলঃ। এতেন শুভবদ দ্বপাতবিধিঃ পূর্ব্বোক্তপ্রকারেণৈবেতি চন্দ্রস্য তু পক্ষবলং যল্লভাতে তদ্দ্বিগুণং কার্য্যং। তথা চ দ্বিঘ্নং ভানোরয়নজবলং পক্ষবীর্য্যং তথেন্দোরিতি। অত্র চ শুভগ্রহৈর্দৃষ্টশ্চন্দ্রঃ সর্ব্বদৈব বলবানিতি। ৫০

## অথ গ্রহাণাং বলবিশেষকথনং।

স্বোচ্চে স্থিতাঃ শ্রেষ্ঠবলা ভবন্তি মূলত্রিকোণে স্বগৃহে চ মধ্যাঃ।

ইষ্টেক্ষিতা মিত্রগৃহাশ্রিতা বা বীর্য্যং কনীয়ঃ সমুপাবহন্তি॥ ৫১

গ্রহগণ উচ্চস্থ (তুঙ্গী) হইলে পূর্ণবলী, মূলত্রিকোণে থাকিলে ত্রিপাদবলী এবং স্বগৃহে অবস্থিত হইলে অর্দ্ধবলী হন, আর শুভগ্রহ কর্তৃক দৃষ্ট কি মিত্র গৃহস্থিত হইলে পাদবলী হইয়া থাকেন। ৫১

সামান্যেনোক্তানাং বলানাং বিশেষবিভাগমাহ। স্বোচ্চেস্থিতা ইতি। উচ্চস্থাগ্রহাঃ শ্রেষ্ঠবলিনঃ সম্পূর্ণবলিনইত্যর্থঃ। কিন্তু স্বোচ্চরাশেঃ সকাশাৎ প্রতিরাশৌ দশদশপলৈর্হানিঃ। তথা স্বনীচরাশেঃ সকাশাত্তু বৃদ্ধিশ্চানুপাতেন জ্ঞাতব্যাঃ মূলত্রিকোণস্থাঃ স্বগৃহ ইত্যুপলক্ষণং স্বগৃহাদি বর্গস্থাশ্চ বলিন ইত্যর্থঃ। সামান্যেনোক্ত বিশেষত্বং মূলত্রিকোণে পাদোনং বলং স্বগৃহাদিবর্গেষ্বর্দ্ধবলং। তথা চ শ্রীপতিভট্টঃ। পাদোনকং বলং ত্রিকোণগৃহগে স্বক্ষে বলস্য ত্রয়োবস্বংশাহুদিমিত্রভে চ চরণোমিত্রে সমক্ষে হষ্টমঃ। শত্রুভে ভবতি ষোড়শা শকশ্চাপি-মিত্রভবনেরদাংশক ইতি। ইষ্টেক্ষিতাঃ শুভদৃষ্টাঃ মিত্রগৃহাদিবর্গস্থাশ্চ কনীয়োঽল্পবলং বহন্তি। তত্রায়ং বিশেষঃ। যাবতী শুভদৃষ্টিস্তস্যাশ্চতুর্থাংশং বলং এবঞ্চ যাবতী পাপদৃষ্টিস্তচ্চতুর্থাংশ-হানির্ব্বলেঃ কার্য্যা। তথাচ শ্রীপতিভট্টঃ। সৌম্যৈর্দৃষ্টে দৃষ্টিতুর্য্যাংশযুক্তং বীর্য্যং পাপালো-কিতে তদ্বিহীনমিতি। তথা মিত্রগৃহাদিবর্গে পাদমাত্রং বলং এতদুপলক্ষণং সমগৃহে বিষমগৃহে চ পাদঃ পুংস্ত্রীনপুংসকগৃহেষু ভমুখান্ত্যমধ্যস্থিতেষু পাদমাত্রং বলং শুভযোগেঽপি পাদমাত্রংবলং তথা চ শ্রীপতিভট্টঃ। যুগ্মভাংশকগতৌ শশি শুক্রৌ যচ্ছতো হি বলপাদমযুগ্মে ভাংশকেঽপি রবিকুজেজ্যশনিজ্ঞা ভাবদেব বিতরন্তি হি সত্যং। ভান্তমধ্যমুখগেষু চ পাদঃ স্ত্রীনপুংসকনরেষু বিধেয়ঃ কণ্টকাদ্যুপগতেষু নিযোজ্যা রূপকার্দ্ধচরণা নিজবীর্য্যং। ৫১

স্বক্ষেত্রে চ বলং পূর্ণং পাদোনং মিত্রমান্দিরে।

অর্দ্ধং সমগৃহে জ্ঞেয়ং পাদং শত্রুগৃহে স্থিতে॥ ৫২

গ্রহগণ স্বীয় গৃহে থাকিলে পূর্ণবলী, মিত্র-গৃহেস্থিত হইলে ত্রিপাদবলী, সম-

গৃহে অর্দ্ধবলী এবং শত্রুগৃহে অবস্থিত হইলে পাদবলী হইয়া থাকেন এইটি নিয়ম মাত্র। ৫২

পরিপূর্ণবলঃ সূচ্চে সুনীচে হ্বতবলোগ্রহঃ।

সূচ্চসুনীচয়োরন্তর্ভাগহারাৎ ফলং বদেৎ॥ ৫৩

গ্রহগণ স্বচ্চস্থানে থাকিলে পূর্ণবলী হন এবং সুনীচস্থানে অবস্থিত হইলে বলহীন হইয়া থাকেন, সুচ্চ ও সুনীচস্থানস্থ গ্রহের বল ভাগহারে জ্ঞাত হইবে।৫৩

স্বক্ষেত্রতুঙ্গাংশসুহৃদ্‌গৃহস্থঃ স্বোচ্চে বিলাসী সুহৃদা সমেতঃ।

জীবেন্দুজৌ শত্রুনিরীক্ষিতৌ বা গ্রহঃ স্বকালে শুভমাতনোতি॥ ৫৪

গ্রহগণ স্বক্ষেত্রস্থিত, তুঙ্গাংশস্থ মিত্র-গৃহস্থিত কি উচ্চস্থ অথবা মিত্রযুক্ত হইলে শুভফল দান করেন, বৃহস্পতি ও বুধ শত্রু-দৃষ্ট হইলেও শুভ ফলদান করিয়া থাকেন। ৫৪

গুরুশুক্রৌ পূর্ণচন্দ্রোমুখ্যদাঃ পরিকীর্ত্তিতাঃ।

বুধচন্দ্রৌ সমৌ সাধ্যৌ শেষাঃ শত্রবঙ্গীরিতাঃ॥ ৫৫

বৃহস্পতি, শুক্র ও পূর্ণচন্দ্র অতিশয় শ্রেষ্ঠ হন, বুধ ও মধ্যবল চন্দ্র মধ্যম এবং অপর গ্রহ সকল হীনভাবাপন্ন হইয়া থাকেন। ৫৫

মূলত্রিকোণে বাণাব্ধী তদর্দ্ধমধিমিত্রকে।

স্বগৃহে স্যাদ্‌বলং ত্রিংশত্তদর্দ্ধং মিত্রমন্দিরে।

তদর্দ্ধং সমরাশৌ স্যাত্তদর্দ্ধং শত্রুমন্দিরে।

তদর্দ্ধমধিশত্রৌ স্যাদ্ গ্রাহ্যং তৎসপ্তবর্গজং॥ ৫৬

মূলত্রিকোণে গ্রহগণ অবস্থিত হইলে ত্রিপাদবলী হন, অধিমিত্রগৃহে ত্রিপাদের অর্দ্ধবল থাকে। স্বগৃহে সম্পূর্ণবলের অর্দ্ধ থাকিবে এবং মিত্রগৃহে তদর্দ্ধ (পাদ) বল, সমগৃহে পাদার্দ্ধবল, শত্রুগৃহে পাদপাদ বল এবং অধিশত্রু গৃহে তাহার অর্দ্ধবল হইয়া থাকে। এই সপ্তবর্গজ বল বিবেচনা করিতে হয়। ৫৬

যুগ্মভাংশগতৌ চন্দ্রশুক্রৌ বাণেন্দুবীর্য্যদৌ।

অযুগ্মভাংশগা অন্যে তাবন্ত এব বীর্য্যদাঃ॥ ৫৭

সমরাশিস্থ চন্দ্র ও শুক্র পাদবলী হন, আর বিষমরাশিস্থ অন্য সকল গ্রহও পাদবলী হইয়া থাকেন। ৫৭

আদিমধ্যান্তরামাংশৈঃ পুংষণ্ডস্ত্রীগ্রহা অপি।

কেন্দ্রাদিস্থ গ্রহস্তৌজঃ ষষ্টিত্রিংশত্তিথিক্রমাৎ॥ ৫৮

রাশিকে তিনভাগ করিয়া প্রথম দ্রেক্কাণে পুংগ্রহ (সূর্য্য মঙ্গল ও বৃহস্পতি) পূর্ণবলী, মধ্যদ্রেক্কাণে ষণ্ডগ্রহ (বুধ ও শনি) অর্দ্ধবলী এবং শেষদ্রেক্কাণে স্ত্রী গ্রহ (চন্দ্র ও শুক্র) পাদবলী হন। কেন্দ্রাদিস্থ গ্রহেরও ঐরূপ হইয়া থাকে। ৫৮

### অথ মূলত্রিকোণকথনং।

সিংহোবৃষশ্চ মেষশ্চ কন্যা ধন্বী ধটোঘটঃ।
অর্কাদীনাং ত্রিকোণানি মূলানি রাশয়ঃ ক্রমাৎ॥ ৫৯

অধুনা রবি প্রভৃতির মূলত্রিকোণ কথিত হইতেছে। রবির সিংহরাশি চন্দ্রের বৃষরাশি, মঙ্গলের মেষরাশি, বুধের কন্যারাশি, বৃহস্পতির ধনুরাশি, শুক্রের তুলারাশি এবং শনির কুম্ভরাশি মূলত্রিকোণ বলিয়া কথিত হয়। ৫৯

যথাক্রমং রব্যাদীনাং মূলত্রিকোণস্থানান্যাহ। সিংহেতি। স্পষ্টার্থঃ।৫৯

### অন্যচ্চ।

সিংহবৃষাজপ্রমদাকার্ম্মুকভৃত্তৌলিকুম্ভধরাঃ।
সূর্য্যাদীনাং মূলত্রিকোণভবনান্যনুক্রমশঃ॥ ৬০

বচনান্তরেও লিখিত আছে যে, সিংহ, বৃষ, মেষ, কন্যা, ধনু, তুলা ও কুম্ভরাশি ক্রমে রব্যাদি সপ্তগ্রহের মূলত্রিকোণ বলিয়া প্রসিদ্ধ। ৬০

### অথ মূলত্রিকোণাংশকথনং।

রবিভৌমজীবভার্গবশনৈশ্চরাণাং ত্রিকোণভাগাঃ স্যুঃ।
নখরবিদিক্ তিথিনখরা জ্ঞেন্দোর্দ্দিগ্ভাংশকাঃ সূচ্চাৎ॥ ৬১

রব্যাদি সপ্তগ্রহের সিংহাদি সপ্তরাশি মূলত্রিকোণ হইলেও সিংহ রাশির বিংশতি অংশ রবির, মেষরাশির দ্বাদশাংশ মঙ্গলের, ধনুরাশির দশাংশ বৃহস্পতির, তুলারাশির পঞ্চদশাংশ শুক্রের এবং কুম্ভরাশির বিংশতি অংশ শনির মূলত্রিকোণাংশ হইবে। বুধ ও চন্দ্রের বিশেষ এই, বুধের স্বচ্চাংশের পর দশাংশ ও চন্দ্রের স্বচ্চাংশের পর সপ্তবিংশতি অংশ মূলত্রিকোণ হয়। ৬১

অংশবিভাগমাহ। রবীতি। যথাক্রমং রব্যাদীনাং নখাদয়োমূলত্রিকোণাংশাঃস্যুঃ। বুধচন্দ্রয়োঃ পুনঃ স্বচ্চাৎ পরমোচ্চাৎ যথাসংখ্যং দশাংশাঃ সপ্তবিংশতিরংশাশ্চ মূলত্রিকোণভাগাঃ যথা রবেঃ সিংহে বিংশত্যাংশাঃ মূলত্রিকোণভাগাঃ চন্দ্রস্য বৃষে প্রথমভাগত্রয়াদূর্দ্ধ্বং সপ্তবিংশতি ভাগপর্য্যন্তং কুজস্য মেষে দ্বাদশাংশাঃ বুধস্য কন্যায়াং পঞ্চদশাংশাদূর্দ্ধ্বং পঞ্চবিংশত্যংশপর্য্যন্তং। গুরোর্দ্ধনুষি দশাংশাঃ,শুক্রস্য তুলায়াং পঞ্চদশাংশাঃ শনেঃ কুম্ভে বিংশত্যংশা ইতি। অত্র চ সৌভরিঃ সিংহে বিংশত্যংশা মূলত্রিকোণং ততঃপরং দশাংশা এব স্বগৃহাণি এবমন্যেষামপি প্রলপতি তন্ধেয়ং। ন হি সংজ্ঞায়াং সজ্ঞান্তরংবাধ্যতে অন্যথা সিংহে বিংশত্যংশাভ্যন্তরে স্থিতস্য রবেঃ পরমায়ুষোদ্বিগুণত্বং নস্যাৎ স্বগৃহত্বাভাবাৎ যদ্বা রাশ্যাধিপত্যমেব গ্রহাণামুক্তং ন তু তদংশাধিপত্বং তথা চ সর্ব্বত্রৈবাভেদেন প্রয়োগোদৃশ্যতে যথা বৃহজ্জাতকে রাশিশীলনিরূপণে। বিক্রান্তঃ স্থিরধীঃ সুগর্ব্বিতমনাঃ মাতুর্ব্বিধেয়োঽর্কভে ইত্যনেনার্ভকত্বং প্রতিপাদ্য সমস্তস্যৈব সিংহরাশেঃ শীলত্বমুক্তং যথা মূলত্রিকোণাংশানাং স্বগৃহত্বাভাবে সতি তেষাং ষড়্বর্গো ন স্যাৎ অধিপাভাবেন ক্ষেত্রবর্গাভাবাদিতি।৬১

অথ তুঙ্গাদি কথনং।

সূর্য্যাদ্যুচ্চান্ ক্রিয়বৃষমৃগস্ত্রী কুলীরান্তযুকে
দিগ্বহ্নীন্দ্রদ্বয়তিথিশরান্ সপ্তবিংশাংশ্চবিংশান্।
অংশানেতান্ বদতি যবনশ্চান্ত্যতুঙ্গান্ সুতুঙ্গান্
তানেবাংশান্ মদনভবনেষ্বাহ নীচান্ সুনীচান্॥ ৬২

অনন্তর রব্যাদিগ্রহের তুঙ্গস্থান কথিত হইতেছে। মেষ বৃষ মকর, কন্যা, কর্কট, মীন ও তুলা এই সপ্তরাশির দশমাদি অংশকে সূর্য্যাদি সপ্তগ্রহের উচ্চ ও পরমোচ্চস্থান বলিয়া যবন মুনি কহিয়াছেন। দশমাদি অংশের শেষাংশই সুতুঙ্গ বলিয়া অভিহিত। ক্রমে কথিত হইতেছে যথা,—মেষরাশির দশাংশ রবির উচ্চস্থান, আর দশাংশের শেষাংশ (দশমাংশ) পরমোচ্চস্থান। বৃষরাশির তিন অংশ চন্দ্রের উচ্চস্থান এবং তৃতীয়াংশ অর্থাৎ চরমাংশ পরমোচ্চ বা সুচ্চস্থান। মকররাশির অষ্টাবিংশতি অংশ মঙ্গলের উচ্চস্থান ও অষ্টাবিংশতি অংশের শেষাংশ পরমোচ্চস্থান। কন্যারাশির পঞ্চদশাংশ বুধের উচ্চস্থান এবং পঞ্চদশাংশের শেষাংশ সুচ্চস্থান। কর্কটরাশির পঞ্চমাংশ বৃহস্পতি উচ্চস্থান এবং পঞ্চমাংশ পরমোচ্চস্থান। মীনরাশির সপ্তবিংশতি অংশ শুক্রের উচ্চস্থান ও সপ্তবিংশতি অংশের চরমাংশ সুচ্চস্থান। তুলারাশির বিংশাংশ শনির উচ্চস্থান, বিংশতি অংশের শেষাংশ পরমোচ্চস্থান। * ৬২

উচ্চনীচানাহ। সূর্য্যাদীতি। ক্রিয়াদিরাশিষু যথাসংখ্যং দিগাদ্যংশান্ যবনাচার্য্যঃ সূর্য্যাদিনামুচ্চান্ উচ্চসংজ্ঞকান্ বদতি অন্ত্যতুঙ্গাংশ্চ সুতুঙ্গান্ বদতি। তুঙ্গাংশানাং মধ্যে যোঽন্ত্যোঽংশঃ সতুঙ্গ ইত্যর্থঃ। এতদুক্তং ভবতি রবের্মেষরাশৌ দশাংশা উচ্চাঃ দশমাংশঃ পরমোচ্চঃ। চন্দ্রস্য বৃষে ত্রয়োঽংশাঃ উচ্চাঃ তৃতীয়োঽংশঃ সুচ্চঃ। মঙ্গলস্য মকরে ইন্দ্রদ্বয়মষ্টাবিংশতিরংশা উচ্চাঃ

* মেষাদি সপ্তরাশির যে সপ্তমরাশি তাহাদের দশমাদি অংশকে রব্যাদি সপ্তগ্রহের নীচ ও সুনীচস্থান বলা যায় অর্থাৎ মেষের সপ্তম তুলারাশি তাহার দশাংশ রবির নীচস্থান এবং দশমাংশ সুনীচস্থান। বৃষরাশির সপ্তম বৃশ্চিক তাহার তিন অংশ চন্দ্রের নীচস্থান এবং তৃতীয়াংশ সুনীচ বা পরম নীচস্থান। মকররাশির সপ্তম কর্কট, তাহার অষ্টাবিংশতি অংশ মঙ্গলের নীচস্থান এবং অষ্টাবিংশতি অংশের শেষাংশ পরম নীচস্থান। কন্যারাশির সপ্তম মীন, তাহার পঞ্চদশাংশ বুধের নীচস্থান ও পঞ্চদশাংশের চরমাংশ সুনীচস্থান। কর্কটরাশির সপ্তম মকর, তাহার পঞ্চমাংশ বৃহস্পতির নীচস্থান এবং পঞ্চমাংশ পরম নীচস্থান। মীনের সপ্তম, কন্যারাশির সপ্তবিংশতি অংশ শুক্রের নীচস্থান ও সপ্তবিংশতি অংশের শেষাংশ সুনীচস্থান। তুলারাশির সপ্তম মেষ, তাহার বিংশতি অংশ শনির নীচস্থান এবং বিংশতি অংশের চরমাংশ পরম নীচস্থান। এই সকল অংশভাগ ত্রিংশাংশ করিয়া লইতে হইবে।

অষ্টবিংশতিপূর্ণোংহংশঃ সূচ্চঃ। এবং বুধস্ত কন্যায়াং পঞ্চদশাংশাঃ গুরোঃ কর্কটে পঞ্চাংশাঃ। শুক্রস্ত মীনে সপ্তবিংশতির শাঃ শনেস্তুলায়াং বিংশত্যংশাঃ সর্ব্বেষামন্ত্যোংশঃ সুতুঙ্গ ইত্যর্থঃ। মেষাদীনাং তুঙ্গানাং মদনভবনে সপ্তমস্থানে যথা ক্রমং তানেব দিগাদ্যংশান্ সূর্য্যাদীনা অন্ত্য নীচাংশ্চ সুনীচানাহ যথা তুলায়াং দশাংশা রবের্নীচা দশমোংহংশঃ পরমনীচ ইত্যাদি অংশবিভাগস্ত ত্রিংশাংশস্ফুটাদেব জ্ঞাতব্য ইতি। ৬২

অন্যচ্চ।

মেষোবৃষোমৃগঃ কন্যাকর্কিমীনতুলাধরাঃ।
ভাস্করাদের্ভবন্ত্যুচ্চারাশয়ঃ ক্রমশস্ত্বিমে ॥৬৩

গ্রন্থান্তরে উচ্চসংজ্ঞা যথা—মেষ, বৃষ, মকর, কন্যা, কর্কট, মীন ও তুলারাশি যথাক্রমে রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনৈশ্চরের উচ্চস্থান হয়।৬৩

ত্রিংশদ্ভাগে দিশোরামা অষ্টাবিংশস্তিথিস্তথা।
পঞ্চবৈসপ্তবিংশশ্চ বিংশতিঃ সূচ্চসংজ্ঞকাঃ ॥ ৬৪

রাশিকে ত্রিংশৎভাগ করিয়া দশমভাগ, তৃতীয়ভাগ, অষ্টাবিংশতিভাগ, পঞ্চম ভাগ.সপ্তবিংশতিভাগ ও বিংশতিভাগ রবি প্রভৃতি সপ্তগ্রহের সূচ্চস্থান জানিবে।৬৪

সূচ্চাচ্চ সপ্তমং নীচং প্রাগ্‌বদ্ ভাগৈর্ব্বিনির্দ্দিশেৎ।
উচ্চান্তঃ সূচ্চসংজ্ঞঃ স্যান্নীচান্তস্তু সুনীচকঃ ॥ ৬৫

পূর্ব্বোক্ত দশমাদিভাগ ক্রমে উচ্চস্থান ও তাহার সপ্তমরাশিকে নীচস্থান জানিবে, আর উচ্চাংশের চরমাংশের নাম সূচ্চ এবং নীচাংশের শেষাংশের নাম সুনীচ। ৬৫

অপরঞ্চ।

দশাংশকে রবির্ম্মেষে ত্র্যংশে চ চন্দ্রমাবৃষে।
অষ্টাবিংশত্যংশকে তু মকরে ভূমিনন্দনঃ।
বুধঃ স্ত্রিয়াং তিথের্ম্মানে পঞ্চাংশে কর্কটে গুরুঃ।
সপ্তবিংশত্যংশকে তু ভৃগুর্ম্মীনে উদাহৃতঃ।
বিংশত্যংশে শনির্যূকে সুতুঙ্গস্তুঙ্গসংজ্ঞকঃ।
সপ্তমে তু পুনঃ সর্ব্বে সুনীচনীচসংজ্ঞকাঃ ॥ ৬৬

গ্রন্থান্তরে গ্রহদিগের সুতুঙ্গ, তুঙ্গ, সুনীচ ও নীচসংজ্ঞা কথিত হইতেছে যথা,—রবি মেষের দশাংশে, চন্দ্র বৃষের তিন অংশে, মঙ্গল মকরের অষ্টাবিংশতি অংশে, বুধ কন্যার পঞ্চদশ অংশে, বৃহস্পতি কর্কটের পঞ্চাংশে,শুক্র মীনের সপ্তবিংশতি অংশে এবং শনৈশ্চর তুলার বিংশতি অংশে সুতুঙ্গ ও তুঙ্গ হইয়া থাকেন। আর ঐ সকল রাশির সপ্তমস্থানে উক্তরূপ অংশে রব্যাদি সপ্তগ্রহ সুনীচ ও নীচ সংজ্ঞাতে কথিত হন। ৬৬

অথ গ্রহদৃষ্টিকথনং।

ত্রিদশে চ ত্রিকোণে চ চতুরস্রে চ সপ্তমে।
পাদবৃদ্ধ্যা হি সর্ব্বেষাং গ্রহাণাং দৃষ্টিরুচ্যতে॥ ৬৭
ইতি জাতকচন্দ্রিকায়াং।

অধুনা গ্রহগণের দৃষ্টি কথিত হইতেছে। যে স্থানে গ্রহ অবস্থিত হন,তাহার তৃতীয় স্থানে ও দশমস্থানে, নবম ঘরে ও পঞ্চম ঘরে, চতুর্থস্থানে ও অষ্টমস্থানে এবং সপ্তমস্থানে এক এক পাদ বৃদ্ধি ক্রমে দৃষ্টি থাকে। ৬৭

পাদদৃষ্টিস্ত্রিদশকে অর্দ্ধদৃষ্টিস্ত্রিকোণকে।
পাদোনা চতুরস্রে স্যাৎ পূর্ণদৃষ্টিশ্চ সপ্তমে॥ ৬৮
ইতি জ্যোতিঃসারে।

জ্যোতিঃসারেও উক্ত হইয়াছে যে, তৃতীয় ও দশমস্থানে পাদদৃষ্টি, পঞ্চম ও নবমস্থানে অর্দ্ধদৃষ্টি, চতুর্থ ও অষ্টমস্থানে ত্রিপাদদৃষ্টি এবং সপ্তমস্থানে সম্পূর্ণ দৃষ্টি নির্দ্দিষ্ট আছে। ৬৮

তৃতীয়ে দশমে চৈব পাদদৃষ্টিরুদাহৃতা।
অর্দ্ধদৃষ্টিশ্চ নবমে পঞ্চমে পরিকীর্ত্তিতা।
চতুর্থে চাষ্টমে চৈব পাদোনা পরিকীর্ত্তিতা।
সপ্তমে পরিপূর্ণা চ ফলমেবং প্রকল্পয়েৎ॥ ৬৯
ইতি জাতকচন্দ্রিকায়াং।

সাধারণ গ্রহের তৃতীয় ও দশমস্থানে একপাদ দৃষ্টি থাকে, নবম ও পঞ্চমস্থানে দৃষ্টি হয়, চতুর্থ ও অষ্টম ঘরে ত্রিপাদ দৃষ্টি থাকে এবং সপ্তমস্থানে সম্পূর্ণ হইয়া থাকে,ফলও ঐরূপে দেখিতে হয়। ৬৯

ত্রিদশত্রিকোণচতুরস্রসপ্তমান্যবলোকয়ন্তি চরণাভিবর্দ্ধিতাঃ।
রবেজ্যরুধিরাঃ পরে চ যে ক্রমশোভবন্তি কিল বীক্ষণেঽধিকাঃ॥৭০
ইতি দীপিকায়াং।

তৃতীয় ও দশমস্থানে, নবম ও পঞ্চমঘরে চতুর্থ ও অষ্টমঘরে এবং সপ্তমস্থানে এক পাদ বৃদ্ধিক্রমে গ্রহগণের দৃষ্টি থাকে। কিন্তু তৃতীয় ও দশমস্থানে ...হের পূর্ণদৃষ্টি, নবম ও পঞ্চমস্থানে বৃহস্পতির পূর্ণদৃষ্টি, চতুর্থ ও অষ্টমস্থানে ...র পূর্ণদৃষ্টি এবং সপ্তমস্থানে রবি, চন্দ্র, বুধ, শুক্র, শনি, বৃহস্পতি ও মঙ্গ- ...ম্পূর্ণ দৃষ্টি হইয়া থাকে। ৭০

...ণাং দৃষ্টিমাহ। ত্রিদশেতি। অধিষ্ঠিতরাশিসকাশাৎ ত্রিদশৌ তৃতীয়দশমৌ সর্ব্বে ...াদেন চতুর্থভাগেনাবলোকয়ন্তি। ত্রিকোণং নবপঞ্চমং পাদদ্বয়েন চতুরস্রং চতুর্থা- ...ত্রয়েণ সপ্তমং রাশিং চতুর্ভিঃ পাদৈরবলোকয়ন্তি সর্ব্বে গ্রহাঃ সাম্যানি স্থানানি।

তত্রৈব বিশেষমাহ। রবিজেতি। অমরেজ্যোদেবপূজ্যোগুরুরিত্যর্থঃ। কিলনিশ্চিতং শনিগুরুভৌমাঃ এতদন্যে গ্রহাশ্চ যথাসংখ্যং ত্রিদশত্রিকোণচতুরস্রসপ্তমেষু দর্শনেঽধিকাঃ অধিকদর্শিনঃ সম্পূর্ণদর্শিন ইত্যর্থঃ। শনিস্ত্রিদশে সম্পূর্ণং পশ্যতি জীবস্ত্রিকোণে ভৌমশ্চতুরস্রে ইপরে রবিচন্দ্রবুধশুক্রাশ্চকারাৎ শনিজীবভৌমাঃ সপ্তমে সম্পূর্ণং পশ্যন্তীত্যর্থঃ। তথা চ সারাবল্যাং, পূর্ণং পশ্যতি রবিজস্তৃতীয়দশমং ত্রিকোণমপি জীবঃ। চতুরস্র ভূমিসুতো সিতার্ক বুধহিমকরাঃ কলত্রঞ্চ। ৭০

পাদং পশ্যতি খেচরাস্ত্রিদশভে পঞ্চাঙ্কভে তু দ্বয়ং
পাদোনং চতুরস্রভে মদগৃহে পূর্ণং বিশেষস্ত্বয়ং।
পাদে পাদচতুষ্টয়ং রবিসুতঃ পাদদ্বয়ে গীষ্পতিঃ
পাদোনেঽবনিজঃ পরস্তু পরবন্নান্যত্র দৃষ্টিঃ কচিৎ ॥* ৭১

ইতি জাতকচন্দ্রিকায়াং।

গ্রহগণ তৃতীয় ও দশম ঘরে একপাদ দৃষ্টি রাখেন। এইরূপ পঞ্চম ও নবম স্থানে অর্দ্ধদৃষ্টি, চতুর্থ ও অষ্টম ঘরে ত্রিপাদ দৃষ্টি এবং সপ্তমস্থানে সম্পূর্ণদৃষ্টি করিয়া থাকেন; কিন্তু ইহার মধ্যে বিশেষ এই,—তৃতীয় ও দশমস্থানে শনির পূর্ণদৃষ্টি, পাদদৃষ্টি নাই। পঞ্চম ও নবমস্থানে বৃহস্পতির সম্পূর্ণ দৃষ্টি, অর্দ্ধদৃষ্টি নাই। চতুর্থ ও অষ্টমস্থানে মঙ্গলের পূর্ণদৃষ্টি, ত্রিপাদদৃষ্টি নাই। অন্যান্যস্থানে অপর-গ্রহের ন্যায় দৃষ্টি আছে, কিন্তু উল্লেখিতস্থান-ভিন্নস্থানে গ্রহগণের দৃষ্টি নাই। ৭১

তৃতীয়েদশমে চার্কিঃ পশ্যন্ পূর্ণফলপ্রদঃ।
ত্রিকোণকান্ গুরুশ্চৈব চতুর্থাষ্টমগান্ কুজঃ ॥ ৭২

ইতি সংকৃত্যমুক্তাবল্যাং ॥

শনিগ্রহ তৃতীয় ও দশমস্থানে দৃষ্টি করতঃ সম্পূর্ণ-ফলদাতা হন, এইরূপ বৃহস্পতি পঞ্চম ও নবমস্থানে সম্পূর্ণফল এবং মঙ্গল চতুর্থ ও অষ্টমস্থানে দৃষ্টি করতঃ সম্পূর্ণ-ফলদান করিয়া থাকেন। ৭২

## অথ গ্রহাণামদৃষ্টিস্থানানি

স্বস্থানঞ্চ দ্বিতীয়ঞ্চ ষষ্ঠমেকাদশস্তথা।
দ্বাদশঞ্চ ন পশ্যন্তি শেষান্ পশ্যন্তি তে গ্রহাঃ ॥ ৭৩

ইতি জাতকচন্দ্রিকায়াং।

গ্রহগণ যে যে স্থান দর্শন করেন না, তাহা লিখিত হইতেছে।—গ্রহগণ যে ঘরে অবস্থিতি করেন, সেই স্থান আর দ্বিতীয়, ষষ্ঠ, একাদশ ও দ্বাদশস্থান কখনও অবলোকন করেন না, অন্য অন্য ঘরে, পূর্ব্বোক্ত দৃষ্টি থাকে। ৭৩

---

* নবমং পঞ্চমঞ্চৈব ত্রিকোণাং পরিকীর্ত্তিতং। চতুর্থমষ্টমঞ্চৈব চতুরস্রং বিদুর্ব্বুধাঃ

অথ রাহোদৃষ্টিকথনং।

সুতমদননবান্ত্যে পূর্ণদৃষ্টিঃ সুরারেঃ যুগলদশমরাশৌ দৃষ্টিপাদত্রয়ার্হঃ।
সহজরিপুচতুর্থেঽষ্টমে চার্দ্ধদৃষ্টিঃ স্থিতিভবনমুপান্ত্যং নৈব দৃশ্যংহি রাহোঃ॥

ইতি সৎকৃত্যমুক্তাবল্যাং।

আধুনা রাহুরদৃষ্টি কথিত হইতেছে—রাহু যে স্থানে অবস্থিত হন তথা হইতে বামদিকে পঞ্চম, সপ্তম, নবম, ও দ্বাদশস্থানে পূর্ণদৃষ্টি করেন, দ্বিতীয় ও দশম ঘরে তিনপাদ দৃষ্টি থাকে, আর তৃতীয়, ষষ্ঠ, চতুর্থ ও অষ্টম ঘরে অর্দ্ধদৃষ্টি হয়, কিন্তু রাহু যে রাশিতে থাকেন সেই স্থান ও একাদশস্থান অবলোকন করেন না। ৭৪

অথ নক্ষত্রকথনং।

অশ্বিনী ভরণী চৈব কৃত্তিকা রোহিণী তথা।
মৃগশিরাস্তথা চার্দ্রা পুনর্ব্বসুকপুষ্যকৌ।
অশ্লেষা চ মঘা চৈব পূর্ব্বফল্গুন্যুত্তরফল্গুনী।
হস্তা চিত্রা তথা স্বাতী বিশাখা চানুরাধিকা।
জ্যেষ্ঠা মূলা পূর্ব্বাষাঢ়োত্তরা চ শ্রবণা তথা।
ধনিষ্ঠা শতভিষা চৈব পূর্ব্বভাদ্রপদা তথা।
উত্তরাদি ভাদ্রপদা রেবতী ভানি চ ক্রমাৎ॥ ৭৫

অনন্তর সপ্তবিংশতি নক্ষত্র কথিত হইতেছে যথা,—১ অশ্বিনী, ২ ভরণী, ৩ কৃত্তিকা, ৪ রোহিণী, ৫ মৃগশিরা, ৬ আর্দ্রা, ৭ পুনর্ব্বসু, ৮ পুষ্যা, ৯ অশ্লেষা, ১০ মঘা, ১১ পূর্ব্বফল্গুনী, ১২ উত্তরফল্গুনী, ১৩ হস্তা, ১৪ চিত্রা, ১৫ স্বাতী, ১৬ বিশাখা, ১৭ অনুরাধা, ১৮ জ্যেষ্ঠা ১৯ মূলা, ২০ পূর্ব্বাষাঢ়া, ২১ উত্তরাষাঢ়া, * ২২ শ্রবণা, ২৩ ধনিষ্ঠা, ২৪ শতভিষা, ২৫ পূর্ব্বভাদ্রপদ, ২৬ উত্তরভাদ্রপদ, ২৭ রেবতী এই সপ্তবিংশতি নক্ষত্র নামে খ্যাত। ৭৫

অথ নক্ষত্রাধিপকথনং।

অশ্বিযমদহনকমলজশশীশূলভৃদদিতি জীবফণি পিতরঃ।
যোন্যর্য্যমদিনকৃৎত্বষ্টৃ পবন শক্রাগ্নি মিত্রাশ্চ।
শক্রোনির্ঋতিস্তোয়ং বিশ্ববিরিঞ্চী হরির্ব্বসুর্ব্বরুণঃ
অজপাদোঽহিব্রধ্ন পূষা চেতীশ্বরাভানাং॥ ৭৬

অশ্বিন্যাদিনক্ষত্রের অধিষ্ঠাতৃ দেবতাগণ কথিত হইতেছে যথা,—অশ্বিনীনক্ষ-

---

* বৈশ্বস্য চতুর্থাংশে শ্রবণাদিলিপ্তিকা চতুষ্কে চাভিজিৎ। উত্তরাষাঢ়ার শেষ চতুর্থাংশ ও শ্রবণার প্রথম চারিদণ্ডের নাম অভিজিৎ।

ত্রের অধিপতি অশ্বি ( অশ্বিনীকুমারদ্বয় ), ভরণীর অধিপতি যম, কৃত্তিকার অগ্নি, রোহিণীর ব্রহ্মা, মৃগশিরার চন্দ্র, আর্দ্রার শিব, পুনর্ব্বসুর অদিতি, পুষ্যার বৃহস্পতি, অশ্লেষার সর্প, মঘার পিতৃগণ, পূর্ব্বফল্গুনীর যোনি, উত্তরফল্গুনীর অর্য্যমা, হস্তার দিনকর, চিত্রার ত্বষ্টা, স্বাতীর পবন, বিশাখার শক্রাগ্নি, অনুরাধার মিত্র, জ্যেষ্ঠার ইন্দ্র, মূলার নির্ঋতি, পূর্ব্বাষাঢ়ার তোয়, উত্তরাষাঢ়ার বিশ্ববিরিঞ্চি, শ্রবণার হরি, ধনিষ্ঠার বসু, শতভিষার, বরুণ, পূর্ব্বভাদ্রের অজপাদ, উত্তরভাদ্রের অহিব্রধ্ন এবং রেবতীর অধিপতি পুষা। ৭৬

যথাক্রমমষ্টাবিংশতিনক্ষত্রাণাং দেবতামাহ। অশ্বীতি। অত্র যা যা যস্ত যস্ত নক্ষত্রদেবতা উক্তা তস্ত তস্ত নক্ষত্রস্ত তৎপর্য্যায়শব্দোবাচক ইত্যর্থঃ। অশ্বিন্যা অশ্বিনীকুমারোদেবতা। অত্রাশ্বিনীকুমার পর্য্যায়োঽশ্বপর্য্যায়শ্চ বোদ্ধব্যঃ, যোনির্ভগসংজ্ঞকদেবতা পূর্ব্বফল্গুন্যা, উত্তরফল্গুন্যা অর্য্যমেতি স্বরূপমাত্রং ন তু পর্য্যায়ঃ। হস্তায়াস্ত দিনকৃৎ দেবতা, রবিপর্য্যায়শ্চ ত্বষ্টা চিত্রায়াঃ স্বাত্যাঃ পবনোদেবতা, শক্রাগ্নিসংজ্ঞকদেবতা বিশাখায়াঃ, জলদেবতা পূর্ব্বাষাঢ়ায়া, উত্তরাষাঢ়াভিজিতোর্ব্বিশ্ববিরিঞ্চী দেবতে উত্তরাষাঢ়ায়া বিশ্বদেবসংজ্ঞকদেবতা, অভিজিন্নক্ষত্রস্ত বিরিঞ্চির্দ্দেবতা। বিরিঞ্চিরিতি স্বরূপমাত্রং ন তু পর্য্যায়ঃ। অজপাদোঽজৈকপাদ ইত্যর্থঃ। পুষাদেবতা রেবত্যাঃ পুষেতি স্বরূপমাত্রং পুষাদেবতা অস্তেতি পৌষ্ণশব্দো রেবতী বাচকঃ। এতচ্চার্ধ্যাম্বয়ং পিতর ইত্যন্তমর্দ্ধং মিত্রাশ্চেত্যন্তমেকার্য্যা অন্যস্যাশ্চ বরুণ ইত্যন্তমর্দ্ধং। ৭৬

অথ গণকথনং।

উগ্রঃ পূর্ব্বমঘান্তকা ধ্রুবগণাস্ত্রীণ্যুত্তরাণি স্বভূ-
র্ব্বাতাদিত্যহরিত্রয়ং চরগণঃ পুষ্যাশ্বিহস্তা লঘুঃ।
চিত্রামিত্রমৃগান্ত্যভং মৃদুগণস্তীক্ষ্ণোঽহিরুদ্রেন্দ্রযুক্
মিশ্রোঽগ্নিঃ সবিশাখভঃ শুভকরাঃ সর্ব্বে স্বকৃত্যে গণাঃ॥ ৭৭

নক্ষত্রাদির গণ কথিত হইতেছে—পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, মঘা ও ভরণী এই পাঁচটি নক্ষত্র উগ্রগণ। উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ ও রোহিণী এই চারিটি নক্ষত্র ধ্রুবগণ। স্বাতী, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা ও শতভিষা এই পাঁচটি নক্ষত্র চরগণ। পুষ্যা, অশ্বিনী ও হস্তা এই তিনটী নক্ষত্র লঘুগণ। চিত্রা, অনুরাধা, মৃগশিরা, ও রেবতী এই চারিটি নক্ষত্র মৃদুগণ। অশ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা ও মূলা এই চারিটী নক্ষত্র তীক্ষ্ণগণ। কৃত্তিকা ও বিশাখানক্ষত্র মিশ্রগণ। উক্ত সকল নক্ষত্র স্বীয় স্বীয় কার্য্যে শুভফল প্রদান করেন। ৭৭

সংক্ষেপেনাদৌ সর্ব্বান্ গণান্ কথয়তি। উগ্রইতি। ইন্দ্রযুগিতি ইন্দ্রদ্বয়ং জ্যেষ্ঠামূলা চেত্যর্থঃ। এতে সর্ব্বে গণাঃ বক্ষ্যমাণোক্ত স্বকীয়কর্ম্মণি শুভাঃ ইত্যর্থঃ। ৭৭

অথ উগ্রনক্ষত্রগণকথনং।

উগ্রাণি পূর্ব্বভরণী পিত্র্যাণ্যুৎসাদনাদি সাধ্যেষু যোজ্যানি।
বন্ধন বিষদহনশস্ত্রসংঘাতাদিষু চ সংসিদ্ধ্যৈ॥ ৭৮

উগ্রগণ নক্ষত্র কথিত হইতেছে,—পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, ভরণী ও মঘা এই পঞ্চ নক্ষত্র উগ্রগণ। ইহাতে শত্রু উচ্চাটন, বন্ধন, বিষ-প্রয়োগ, দহন ও অস্ত্রঘাতাদি কার্য্য করিলে তাহা সিদ্ধ হয়। ৭৮

উগ্রনক্ষত্রাণ্যাহ। উগ্রাণীতি। পূর্ব্বাত্রয়ং উৎসাদনং শত্রূণামুচ্চাটনং। ৭৮

### অথ ধ্রুবনক্ষত্রগণকথনং।

ত্রীণ্যুত্তরাণি তেভ্যো রোহিণ্যশ্চ ধ্রুবাণি তৈঃ কুর্য্যাৎ।
অভিষেকশান্তিতরুনগরবীজবাপধ্রুবারম্ভান্॥ ৭৯

ধ্রুব নক্ষত্রগণ কথিত হইতেছে—উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ ও রোহিণী এই চারিটী নক্ষত্র ধ্রুবগণ। ইহাতে অভিষেক, শান্তি, তরু, নগরস্থাপন ও বীজবপন কর্ম্ম প্রশস্ত, আর কোন কোন ব্যক্তি অধোমুখ নক্ষত্র-বিহিত বিদ্যারম্ভ, অর্ঘ্যদান এবং ভূমি-খননাদি কর্ম্মও ইহাতে প্রশস্ত বলিয়া থাকেন। ৭৯

ধ্রুবনক্ষত্রাণ্যাহ। ত্রীণীতি। ত্রীণ্যুত্তরাণি রোহিণী চ ধ্রুবসংজ্ঞকানি তেভ্যঃ বক্ষ্যমাণশ্লোকোক্তবিদ্যার্ঘ্যভূমিখননকর্ম্মেভ্যঃ শস্তানীত্যর্থঃ। তৈশ্চাভিষেকাদীনি কুর্য্যাদিতিকেচিৎ। কেচিত্তু তেভ্যঃ সপ্তবিংশতিনক্ষত্রেভ্যঃ সকাশাৎ ত্রীণ্যুত্তরাণি রোহিণী চ নক্ষত্রাণি ধ্রুবসংজ্ঞকানীতি। রোহিণ্য ইতি বহুবচনং তারাবাহুল্যাৎ। ৭৯

### অথ চরনক্ষত্রগণকথনং।

শ্রবণাত্রয়মাদিত্যানিলৌ চ চরকর্ম্মণি হিতানি।
আরামোদ্যানানি কর্ম্মণি ভবন্তি চরবর্গে॥ ৮০

চর নক্ষত্রগণ কথিত হইতেছে—শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, পুনর্ব্বসু ও স্বাতী এই পঞ্চ নক্ষত্র চরগণ, এই সকল নক্ষত্রে চর (অস্থির) কর্ম্ম, আরাম (উপবন) উদ্যান (ফলান্বিতবন) আরম্ভ শুভ হইয়া থাকে। ৮০

চরনক্ষত্রাণ্যাহ। শ্রবণেতি। শ্রবণাদীনি চরাণি এতানি চরকর্ম্মণ্যস্থির কর্ম্মণি বিহিতানি অত্র চরবর্গে আরামোদ্যানানাং কর্ম্মাণি শুভানি ভবন্তীত্যর্থঃ। আরামঃ পুষ্পপ্রধানং বনং উদ্যানন্তু ফলপ্রধানমিতি। ৮০

### অথ ক্ষিপ্র (লঘু) গণকথনং।

লঘু হস্তাশ্বিনীপুষ্যা পুণ্যরতিজ্ঞানভূষণকলাসু।
শিল্পৌষধিপণ্যেষু চ সিদ্ধিকরাণি প্রদিষ্টানি॥ ৮১

ক্ষিপ্রগণ কথিত হইতেছে—হস্তা, অশ্বিনী ও পুষ্যানক্ষত্র ক্ষিপ্র (লঘু) গণ, ইহাতে পুণ্যকর্ম্ম, রতিজ্ঞান, ভূষণ, কলা, শিল্পকর্ম্ম, ঔষধক্রিয়া এবং পণ্যকর্ম্ম শুভ হয়। ৮১

লঘুনক্ষত্রাণ্যাহ। লঘ্বিতি। লঘুসংজ্ঞকহস্তাশ্বিপুষ্যাঃ পুণ্যাদিষু বিহিতাঃ তানি চ নক্ষত্রাণি শিল্পৌষধিপণ্যেষ্বপি সিদ্ধিকরাণীত্যর্থঃ। অশ্বিনীতি ক্বচিদ্দীর্ঘস্তাপি ক্রুষঃ। ৮১

### অথ মৃদুগণকথনং।

মৃদুবর্গস্তনুরাধাচিত্রাপৌষ্ণেন্দবানি মিত্রার্থে।
সুরতবিধিবস্ত্রভূষণমঙ্গলগীতেষু চ হিতানি ॥ ৮২

মৃদু নক্ষত্রগণ কথিত হইতেছে—অনুরাধা, চিত্রা, রেবতী ও মৃগশিরা এই চারিটি নক্ষত্র মৃদুগণ। ইহাতে মিত্র, অর্থ, সুরতবিধি; বস্ত্র, ভূষণ ও গীতাদি মঙ্গল কর্ম্ম প্রশস্ত। ৮২

মৃদুনক্ষত্রাণ্যাহ। মৃদ্বিতি সুগমং। ৮২

### অথতীক্ষ্ণগণকথনং।

মূলশক্রশিবভুজগাধিপানি তীক্ষ্ণানি তেষু সিদ্ধ্যন্তি।
অভিঘাতমন্ত্রবেতালভেদবধবন্ধন সমাধাঃ ॥ ৮৩

তীক্ষ্ণগণ কথিত হইতেছে—মূলা, জ্যেষ্ঠা, আর্দ্রা ও অশ্লেষা এই চারিটি নক্ষত্র তীক্ষ্ণগণ। ইহাতে অভিঘাত, মন্ত্রকর্ম্ম, ভূতদানবাদিসাধন ও বধবন্ধনাদি কার্য্য সিদ্ধ হয়। ৮৩

তীক্ষ্ণগণমাহ। মূলেতি। বেতালোভূতদানবাদিসাধনং। ৮৩

### অথ মৃদুতীক্ষ্ণ (মিশ্র) গণকথনং।

হৌতভুজং সবিশাখং মৃদুতীক্ষ্ণং তদ্বিমিশ্রফলকারি।
হয়বৃষভকুঞ্জরাণাং বাহনদমনানি সেতুশ্চ ॥ ৮৪

মৃদু-তীক্ষ্ণনক্ষত্র কথিত হইতেছে—কৃত্তিকা ও বিশাখানক্ষত্র মৃদুতীক্ষ্ণ (মিশ্র) গণ। উক্ত নক্ষত্রে মৃদু ও তীক্ষ্ণগণ বিহিত কর্ম্মের মিশ্র (মধ্য) ফল হয়। আর অশ্ব, বৃষ, হস্তী প্রভৃতির বহন, দমন ও সেতুকর্ম্ম শুভ হয়। ৮৪

মৃদুতীক্ষ্ণ নক্ষত্রাণ্যাহ। হৌতভুজমিতি। মৃদুতীক্ষ্ণগণঃ তত্র মৃদুগণবিহিতকর্ম্মাণি তীক্ষ্ণগণ বিহিত কর্ম্মাণি চ মিশ্রফলং মধ্যফলং করোতি। তত্র চ হয়াদীনাং বাহনদমনানি কার্য্যাণি সেতুশ্চ কার্য্য ইত্যর্থঃ। ৮৪

### অথাধোমুখগণকথনং।

অশ্লেষবহ্নিযমপিত্র্যবিশাখযুক্তং পূর্ব্বাত্রয়ং শতভিষা চ নবাপ্যুড়ূনি।
এতান্যধোমুখগণানি শিবানি নিত্যং বিদ্যার্থভূমিখননেষু চ ভূষিতানি ॥৮৫

অধোমুখ নক্ষত্র কথিত হইতেছে—অশ্লেষা, কৃত্তিকা, ভরণী, মঘা, বিশাখা, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ ও শতভিষা এই নয়টী নক্ষত্র অধোমুখগণ বলিয়া অভিহিত। ইহাতে বিদ্যারম্ভ, অর্থ্যদান ও ভূমিখননাদিকার্য্য শুভকর হয়। ৮৫

অধোমুখনক্ষত্রাণ্যাহ। অশ্লেষেতি। অধোমুখগণানিতি অধোমুখগণঃ সমুদায়ে। যেষাং নক্ষত্রাণামিত্যর্থঃ। ৮৫

অথোর্দ্ধমুখগণকথনং।

রোহিণ্যার্দ্রসতিষ্য মূলবসবোবিষ্ণুস্ত্রয়োঽপ্যুত্তরাঃ
এতান্যূর্দ্ধমুখানি ভানি চ নব জ্যোতির্ব্বিদোমেনিরে।
এভিশ্চিত্র সিতাতপত্র ভবনপ্রাসাদ হর্ম্ম্যাভিষেক-
প্রাকারাট্ট বিহার তোরণ পুরঃ প্রারম্ভণং শস্যতে॥ ৮৬

ঊর্দ্ধমুখ নক্ষত্র কথিত হইতেছে—রোহিণী, আর্দ্রা, পুষ্যা, মূলা, ধনিষ্ঠা, শ্রবণা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, ও উত্তরভাদ্রপদ এই নয়টি নক্ষত্রকে জ্যোতির্ব্বিদ্গণ ঊর্দ্ধমুখ বলিয়া নির্দ্দিষ্ট করিয়াছেন। চিত্রকর্ম্মে, শ্বেতচ্ছত্রধারণে, গৃহারম্ভে, রাজপুর গঠনে ও অট্টালিকারম্ভে এই সকল নক্ষত্র প্রশস্ত হয়, আর বৃক্ষরোপণে, প্রাচীরগঠনে, বণিকগৃহারম্ভে, বিহারকর্ম্মে এবং বহির্দ্বার ও পুরীগঠনে উক্ত নক্ষত্রগণ প্রশস্ত হইয়া থাকে। ৮৬

ঊর্দ্ধমুখনক্ষত্রাণ্যাহ। রোহিণ্যেতি। তিষ্য. পুষ্যা, প্রাসাদো রাজগৃহং হৈর্ম্ম্যং সৌধগৃহং অট্টং বণিক্পণ্যগৃহং। ৮৬

অথ পার্শ্বমুখগণকথনং।

মৈত্রাখণ্ডল চন্দ্রপাণিতুরগাশ্চত্রাস্তথা স্বাতয়ো
রেবত্যোঽথ পুনর্ব্বসুশ্চ কথিতঃ পার্শ্বস্য নামাগণঃ।
এভিষন্ত্ররথাদিপোতকরণং বেশ্মপ্রবেশোঽপি বা
শস্তোঽয়ং গজবাজি গর্দ্দভগবাংদামে তথা যন্ত্রণে॥ ৮৭

পার্শ্বমুখ নক্ষত্র কথিত হইতেছে—অনুরাধা, জ্যেষ্ঠা, মৃগশিরা, হস্তা, অশ্বিনী, চিত্রা, স্বাতী, রেবতী ও পুনর্ব্বসু এই নয়টি নক্ষত্রকে পার্শ্বমুখগণ কহে। উক্ত নক্ষত্রে যন্ত্রাদিকরণ, রথনির্ম্মাণ, নৌকাগঠন ও গৃহপ্রবেশ প্রশস্ত হয়, আর হস্তী, অশ্ব, গর্দ্দভ, ও গো দমন এবং হল শকটাদি যোজন কর্ম্ম প্রশস্ত হইয়া থাকে।৮৭

পার্শ্বমুখনক্ষত্রাণ্যাহ। মৈত্রেতি। এভির্নক্ষত্রৈর্যন্ত্ররথাদিনৌকাকরণং স্যাৎ সদ্মপ্রবেশঃ স্যাৎ অয়ং পার্শ্বমুখগণঃ গজাদীনাং দামে প্রথম দমনে যন্ত্রণে প্রথম শকটাদিযোজনে চ শস্ত-ইত্যর্থ.। ৮৭

অথ তারাশুদ্ধিকথনং।

তারাস্তু জন্ম সম্পদ্বিপৎক্ষেমপাপশুভকষ্টাঃ।
মিত্রাতিমিত্রসংজ্ঞাশ্চৈতাঃ সংজ্ঞানুরূপফলাঃ॥ ৮৮

অনন্তর তারা শুদ্ধি কথিত হইতেছে—জন্ম, সম্পৎ, বিপৎ, ক্ষেম, পাপ, শুভ, কষ্ট, মিত্র ও অতিমিত্র এই নয়টী তারাসংজ্ঞক, জন্মনক্ষত্র হইতে গণনা করিয়া তিনবার সপ্তবিংশতি-নক্ষত্র দেখিতে হয়। প্রত্যেক ব্যক্তিরই জন্ম ৩

সম্পৎ ৩ বিপৎ ৩ ক্ষেম ৩ পাপ ৩ শুভ ৩ কষ্ট ৩ মিত্র ৩ ও অতিমিত্র ৩ টী তারা হইয়া থাকে। ঐ সকল তারা নামানুরূপ ফল প্রদান করেন। অর্থাৎ জন্ম, বিপৎ, পাপ ও কষ্টতারা অশুভদায়িকা এবং সম্পদাদি তারা শুভ ফলদায়িকা হইয়া থাকেন। ৮৮

তারাশুদ্ধিমাহ। তারাস্থিতি। জন্মনক্ষত্রতস্ত্রিরাবৃত্তি পরিভ্রমাজ্জন্মাদয়স্তারাঃ স্যুঃ। এতাস্তারা নামানুরূপফলদা ইত্যর্থঃ। অতিমিত্রং অত্যন্ত মিত্রমিত্যর্থঃ। তথাচ স্বরোদয়ে। "জন্মসম্পদ্‌বিপৎক্ষেম. প্রত্যরিঃ সাধকোবধঃ। মিত্রং পরমমিত্রঞ্চ জন্মাদীনি পুনঃ পুনঃ।" অত্র চ কেচিদতিমিত্রতারা ন শুভেতি প্রলপন্তি। তদশুদ্ধং বক্ষ্যমাণ প্রতীকারকথনাভাবাৎ তথা চ যাত্রাপ্রকরণে। "যাত্রায়াং শোভনাস্তারাঃ সমা. কর্ম্মান্ত্যসংযুতা" ইতি। লিখিতস্বরোদয় বচনাৎ তথাচ রাজমার্ত্তণ্ডে। পরমে মৈত্রে শুভা প্রতিদয়িতাধ্বস্তরোগরিপুপক্ষেতি। তথা চ তত্রৈব তারাফলকথনং। রোগাজন্মসু তারকাসু কথিতঃ কার্য্যপ্রণাশোঽচিরাদারোগ্যং দ্রবিণঞ্চ বাঞ্ছিতফলাবাপ্তিঃ সদা সম্পদি। তারায়াং বিপদো ভবন্তি বিপদি প্রারব্ধকার্য্যক্ষয়ঃ। ক্ষেমারোগ্যধনপ্রমোদমুদিতং ক্ষেমাভিধানেষ্বপি। পঞ্চম্যামচিরাম্মনোঽতিতরলং কার্য্যপ্রসিদ্ধং প্রভি। সদ্বস্ত্রদ্রবিণপ্রমোদমতুলং প্রাপ্নোতি ষষ্ঠ্যামপি। সপ্তম্যামপি কোষনাশমশুভং নানাগদব্যাহৃতি কাষ্টম্যাং ধনমানসৌখ্যবিজয়াঞ্চৈবং নবম্যামপি। ৮৮

জন্ম সম্পদ্ বিপৎক্ষেমঃ প্রত্যরিঃ সাধকোবধঃ।
মিত্রং পরমমিত্রঞ্চ নবতারাঃ প্রকীর্ত্তিতাঃ॥ ৮৯

ইতি গ্রন্থান্তরে।

গ্রন্থান্তরেও উক্ত হইয়াছে যে—জন্ম, সম্পৎ, বিপৎ, ক্ষেম, প্রত্যরি, সাধক, বধ, মিত্র ও পরমমিত্র এই নয়টী তারাসংজ্ঞায় অভিহিত। ৮৯

## অথ পঞ্চমাদিতারানির্ণয়ঃ।

পাপাখ্যাস্ত্রিবিধাঃ পঞ্চচতুর্দ্দশবিংশতিস্ত্রিযুতাঃ।
সিদ্ধিফলা বৃদ্ধিকরী বিনাশসংজ্ঞাঃ ক্রমাৎ কথিতাঃ। ৯০

পাপতারা তিনটী অর্থাৎ জন্ম নক্ষত্র হইতে পঞ্চম নক্ষত্র, চতুর্দ্দশ নক্ষত্র ও ত্রয়োবিংশতিনক্ষত্র। এই তারাত্রয়ের মধ্যে প্রথমপাপতারা (জন্মনক্ষত্র হইতে পঞ্চমতারা) সিদ্ধফলপ্রদা হন, দ্বিতীয় পাপতারা, বৃদ্ধি প্রদান করেন এবং তৃতীয় পাপতারা বিনাশ সাধন করিয়া থাকেন। ৯০

পাপতারায়াং বিশেষমাহ। পাপাখ্যা ইতি। ত্রিযুতাবিংশতিস্ত্রয়োবিংশতিরিত্যর্থঃ। তথা সিদ্ধিদা ঋদ্ধিদা চৈব মৃত্যুদা চ বিশেষতঃ। প্রত্যরির্নামতস্তারাস্ত্রিপ্রকারাঃ প্রকীর্ত্তিতাঃ। ৯০

## অথ জন্মতারাফলং।

যাত্রায়াং পথিবন্ধনং কৃষিবিধৌ সর্ব্বার্থনাশোভবেৎ
ভৈষজ্যে মরণং তথা সুনিয়তং দাহোগৃহারম্ভণে।

ক্ষৌরে রোগসমাগমোবহুবিধঃ শ্রাদ্ধেঽর্থনাশস্তথা।
বাদে বুদ্ধিবিনাশনং স্বরিভয়ং প্রাপ্নোত্যসৌ জন্মভে॥ ৯১

জন্ম তারার ফল কথিত হইতেছে।—জন্মতারায় যাত্রা করিলে পথে বন্ধন হয়, এইরূপ কৃষিকার্য্যে শস্যাদি বিনাশ, ঔষধ-প্রয়োগে মৃত্যু, গৃহারম্ভে গৃহদাহ, ক্ষৌরকার্য্যে রোগ, শ্রাদ্ধে অর্থনাশ, বিবাদে বুদ্ধিনাশ ও শত্রু কর্ত্তৃক ভয় হইয়া থাকে। ৯১

সর্ব্বমঙ্গলকার্য্যাণি ত্রিষু জন্মসু কারয়েৎ।
বিবাদশ্রাদ্ধভৈষজ্যযাত্রাক্ষৌরাণি বর্জ্জয়েৎ॥ ৯২

সমস্ত শুভকর্ম্মই ত্রিজন্মতারায় করিতে পারা যায়, কেবল বিবাদ, শ্রাদ্ধ, ঔষধ-প্রয়োগ, যাত্রা ও ক্ষৌরকর্ম্ম নিষিদ্ধ। ৯২

## অথ তারাপ্রতীকারঃ।

বিপত্তারে গুড়ংদদ্যান্নিধনে তিলকাঞ্চনং।
প্রত্যরৌ লবণং দদ্যাচ্ছাকং দদ্যাত্রিজন্মনি॥ ৯৩

তারা অশুদ্ধি থাকিলে কর্ম্মকালীন তাহার প্রতীকার কথিত হইতেছে। বিপৎ তারায় গুড়দান করিতে হয়, এইরূপ বধতারায় তিলের সহিত কাঞ্চনদান, প্রত্যরি, ( পাপ ) তারায় লবণদান এবং জন্মতারায় শাকদান করিলে অশুভ তারা শুভ ফলদান করিয়া থাকেন। ৯৩

• তারাদোষপ্রতীকারমাহ। বিপদিতি। প্রত্যরিঃ পাপতারা নিধনং কষ্টতারা তথাচ জন্ম সম্পৎ বিপৎ ক্ষেম প্রত্যরিঃ সাধকো বধঃ। মিত্রং পরমমিত্রঞ্চ জন্মাদীনি পুনঃ পুনঃ। তিলকাঞ্চনং। তিলকাঞ্চনং তিলসহিতকাঞ্চনমিত্যর্থঃ। ৯৩

## অথ দিবসস্য পঞ্চদশনক্ষত্র মুহূর্ত্তকথনং।

শিবভুজগমিত্রপিতৃবসুজলবিশ্ববিরিঞ্চিপঙ্কজপ্রভবাঃ।
ইন্দ্রাগ্নীন্দ্রনিশাচরবরুণার্য্যমযোনয়শ্চাহ্নি॥ ৯৪

দিবাতে পঞ্চদশমুহূর্ত্তের অধিপতি নক্ষত্র কথিত হইতেছে।—দিবামানকে পঞ্চদশভাগে বিভক্ত করিলে তাহার এক এক ভাগের নাম মুহূর্ত্ত। প্রথম মুহূর্ত্তের অধিপতি আর্দ্রা নক্ষত্র হয়। এইরূপ দ্বিতীয় মুহূর্ত্তের অধিপতি অশ্লেষা তৃতীয়-মুহূর্ত্তের অধিপতি অনুরাধা, চতুর্থের অতিপতি মঘা, পঞ্চমের অধিপতি ধনিষ্ঠা, ষষ্ঠের অধিপতি পূর্ব্বাষাঢ়া, সপ্তমের অধিপতি অভিজিৎ, নবমের অধিপতি রোহিণী, দশমের অধিপতি বিশাখা, একাদশের অধিপতি জ্যেষ্ঠা, দ্বাদশের অধিপতি মূলা, ত্রয়োদশের অধিপতি শতভিষা, চতুর্দ্দশের অধিপতি উত্তরফল্গুনী এবং পঞ্চদশমুহূর্ত্তের অধিপতি পূর্ব্বফল্গুনীনক্ষত্র হইয়া থাকে। ৯৪

দিবসস্ত পঞ্চদশমুহূর্ত্তাধিপনক্ষত্রাণ্যাহ। শিবেতি। পঞ্চদশভাগীকৃতস্ত দিবামানস্ত যথাক্রমং শিবাদীনি নক্ষত্রাণি অধিপানি। বিরিঞ্চিঃ অভিজিদুক্তমেব। ১৪

অথ রাত্রেঃ পঞ্চদশনক্ষত্রমুহূর্ত্তকথনং।

রুদ্রোঽজোঽহির্ব্রধ্নপূষাদস্রান্তকাগ্নিধাতারঃ।

ইন্দ্বদিতিহরিগুরু * রবিত্বষ্টনিলাখ্যাঃ ক্ষণরাত্রৌ॥ ১৫

রাত্রিমুহূর্ত্তের অধিপতিনক্ষত্র কথিত হইতেছে।—রাত্রিমানকে পঞ্চদশভাগে বিভক্ত করিলে এক এক ভাগের নাম মুহূর্ত্ত। রাত্রিতে প্রথম মুহূর্ত্তের অধিপতি আর্দ্রানক্ষত্র। দ্বিতীয় মুহূর্ত্তের অধিপতি পূর্ব্বভাদ্রপদ, তৃতীয়ের অধিপতি উত্তরভাদ্রপদ, চতুর্থের অধিপতি রেবতী, পঞ্চমের অধিপতি অশ্বিনী, ষষ্ঠের অধিপতি ভরণী, সপ্তমের অধিপতি কৃত্তিকা, অষ্টমের অধিপতি রোহিণী, নবমের অধিপতি মৃগশিরা, দশমের অধিপতি পুনর্ব্বসু, একাদশের অধিপতি শ্রবণা, দ্বাদশের অধিপতি হস্তা, চতুর্দ্দশের অধিপতি চিত্রা এবং পঞ্চদশ মুহূর্ত্তের অধিপতি স্বাতীনক্ষত্র হয়। ১৫

রাত্রেঃ পঞ্চদশ মুহূর্ত্তাধিপনক্ষত্রাণ্যাহ। রুদ্র ইতি। পঞ্চদশভাগীকৃতস্য রাত্রিমানস্ত রুদ্রাদিনক্ষত্রসংজ্ঞকাঃ ক্ষণামুহূর্ত্তানি স্যুঃ তদধিপত্বেন তন্নক্ষত্রসংজ্ঞাভাজঃক্ষণাঃ। ১৫

অথ নক্ষত্রমুহূর্ত্তফলং।

অহ্নঃ পঞ্চদশাংশো রাত্রেশ্চৈবং মুহূর্ত্ত ইতি সংজ্ঞা।

নক্ষত্রে যদ্বিহিতং তৎকার্য্যং তন্মুহূর্ত্তেঽপি। ১৬

দিবামানকে পঞ্চদশভাগে বিভক্ত করিলে তাহার এক এক ভাগের নাম মুহূর্ত্ত, রাত্রিমানকেও পঞ্চদশভাগে বিভক্ত করিলে এক এক ভাগকে মুহূর্ত্ত বলা যায়, যে নক্ষত্র যে কার্য্য বিহিত আছে তাহা সেই নক্ষত্রের মুহূর্ত্তেও করিতে পারা যায়। ১৬

মুহূর্ত্তসংজ্ঞাফলমাহ। অহ্ন ইতি। রাত্রিমানং দিবামানং যাবত্ততি তাবদেব পঞ্চদশাংশো-মুহূর্ত্তসংজ্ঞক ইত্যর্থঃ। অত্র চ দণ্ডদ্বয়ং মুহূর্ত্ত ইতি নিগদিতঃ সৌভরেরিত্যাশনাত্যসনমেব করণমিতি। অত্র চ যন্নক্ষত্রে যৎকর্ম্ম বিহিতং তন্নক্ষত্রমুহূর্ত্তেঽপি তৎকর্ম্ম কর্ত্তব্যমিত্যর্থ। ১৬

অথ নাড়ীনক্ষত্রাণি।

জন্মাদ্যং কর্ম্ম ততোঽপি দশমং সাংঘাতিকং ষোড়শভং।

সমুদয়মষ্টাদশভং বিনাশসংজ্ঞং ত্রয়োবিংশং।

আদ্যাত্তু পঞ্চবিংশং মানসমেবং নরঃ ষড়্‌ক্ষঃ স্যাৎ।

নবনক্ষত্রোনৃপতিঃ স্বজাতিদেশাভিষেকর্ক্ষৈঃ॥ ১৭

---

* গুরুহরীতিপুস্তকান্তরে পাঠঃ।

নাড়ীনক্ষত্র কথিত হইতেছে।—যে নক্ষত্রে মনুষ্য জন্মগ্রহণ করে সেই নক্ষত্র তাহার জন্মনাড়ী, জন্মনাড়ী হইতে গণনায় দশমনক্ষত্র কর্ম্মনাড়ী, ষোড়শনক্ষত্র সাংঘাতিকনাড়ী, অষ্টাদশনক্ষত্র সমুদয়নাড়ী, ত্রয়োবিংশনক্ষত্র বিনাশনাড়ী এবং পঞ্চবিংশতিনক্ষত্রের নাম মানসনাড়ী, এই ছয়টী নক্ষত্র মনুষ্যের ষণ্নাড়ীনক্ষত্র বলিয়া প্রসিদ্ধ। রাজাদিগের আর তিনটী নাড়ী আছে স্বজাতিনাড়ী, দেশনাড়ী ও অভিষেকনাড়ী, ইহা লইয়া সর্ব্বসমেত নৃপতিগণের নবনাড়ী হয়। স্বীয়জাতি-নিরূপিত নক্ষত্রের নাম স্বজাতিনাড়ী, দেশনামানুসারে যে নক্ষত্র হয় তাহার নাম দেশনাড়ী, আর যে নক্ষত্রে রাজা অভিষিক্ত হন তাহার নাম অভিষেকনাড়ী। ৯৭

তারাণাং সংজ্ঞান্তরেণ ফলমার্য্যাদ্বয়েনাহ। জন্মাদ্যমিতি। আদ্যং যত্র পুমান্ জাতঃ তজ্জন্মসংজ্ঞকং নক্ষত্রমিত্যর্থঃ। তস্মাদ্দশমং কর্ম্মনাড়ী ষোড়শভং সাংঘাতিকং অষ্টাদশভং সামুদায়িকং ত্রয়োবিংশং বৈনাশিকং তথা আদ্যা জন্মনক্ষত্রং পঞ্চবিংশনক্ষত্রং মানস-সংজ্ঞমিত্যর্থঃ। এবম্প্রকারেণ নরঃ ষড়্ক্ষঃ স্যাৎ ষট্‌নক্ষত্রাণি যস্যেতি বিগ্রহঃ। নৃপতির্নবনক্ষত্রঃ পূর্ব্বপ্রোক্তানি ষট্ স্বজাতিদেশাভিষেকর্ক্ষৈঃ সহ নবনক্ষত্রাণীত্যর্থঃ। জাতিদেশ নক্ষত্রাণি চ যোগযাত্রায়ামুক্তানি যথা। পূর্ব্বাত্রয়ং সানিলমগ্রজানাং রাজ্ঞাস্তু পুষ্যেণ সহোত্তরাণি। সপৌষ্ণমৈত্রং পিতৃদৈবতঞ্চ প্রজাপতের্ভঞ্চ কৃষীবলানাং। আদিত্য-হস্তাভিজিদাশ্বিনানি বণিগ্‌জনানাং প্রবদন্তি ভানি। মূলাত্রিনেত্রানিলবারুণানি ভান্যন্যজাতেঃ প্রভবিষ্ণুতায়াঃ। সৌম্যেন্দ্রচিত্রাবসুদৈবতানি সেবাজনস্যাম্যমুপাগতানি। সর্পোবিশাখাশ্রবণাভরণ্যশ্চাণ্ডালজাতেরপি নির্দ্দিশন্তি। নক্ষত্রত্রয়বর্গৈরাগ্নেয়াদ্যৈর্ব্ব্য-বস্থিতৈর্নবহুধা। ভারতবর্ষমধ্যে প্রাগাদি বিভাজিতাদেশাঃ। তথা ত্রিভিস্ত্রিভির্ভৈরপি কৃত্তিকাদ্যৈর্নিপীড়িতৈর্ভূপতয়োঽভিযোজ্যাঃ। পাঞ্চালনাথোমগধাধিপশ্চ কলিঙ্গরাড়্জয়িনী-পতিশ্চ। আনর্ত্তরাট্‌সৈন্ধবহারহোরৌ। মদ্রেশ্বরোড়্শ্চ কুলূতনাথঃ। এতে হি কূর্ম্মাঙ্গসমাশ্রিতানাং ভানাং ভবন্তি ক্ষিতিপাস্তনাথাঃ। তথা কূর্ম্মোপদিষ্টানি হি দেশভানি রাজ্ঞোঽভিষেকাহনি চাভিষেকং। ৯৭

### অথ নাড়ীনক্ষত্রফলং।

ঈহাদেহার্থহানিঃ স্যাজ্জন্মর্ক্ষে চোপতাপিতে।
কর্ম্মর্ক্ষে কর্ম্মণাং হানিঃ পীড়া মনসি মানসে।
মূর্ত্তিদ্রবিণবন্ধূনাং হানিঃ সাংঘাতিকে তথা।
সন্তপ্তে সামুদায়িকে মিত্রভৃত্যার্থসংক্ষয়ঃ।
বৈনাশিকে বিনাশঃ স্যাদ্দেহদ্রবিণসম্পদাম্॥ ৯৮

নাড়ী নক্ষত্রের ফল বর্ণিত হইতেছে। মনুষ্যের জন্মনাড়ী (জন্মনক্ষত্র) উপতাপিত হইলে চেষ্টা, দেহ ও অর্থের হানি হয়, এইরূপ কর্ম্মনাড়ী অর্থাৎ জন্ম-নক্ষত্র হইতে দশমনক্ষত্র উপতাপিত হইলে কর্ম্মের হানি, মানসনাড়ী উপতাপিত হইলে মানসিক পীড়া, সাংঘাতিকনাড়ী উপতাপিত হইলে দেহ, ধন ও বন্ধুরহানি,

সামুদায়িক নাড়ী উপতাপিত হইলে মিত্র, ভৃত্য ও অর্থক্ষয় এবং বৈনাশিকনাড়ী উপতাপিত হইলে শরীর, ধন ও সম্পদ বিনাশ হইয়া থাকে। ৯৮

## অথ নাড়ীনক্ষত্রপীড়াশান্তিকথনম্।

সর্ব্বেষামেব পীড়ায়াং দিনমেকমুপোষিতোঽনলং জুহুয়াৎ।
সাবিত্র্যা ক্ষীরতরোঃ সমিদ্‌ভিরমরদ্বিজানুরতঃ॥ ৯৯

অধুনা নাড়ীনক্ষত্রের প্রতীকার কথিত হইতেছে।—জন্মপ্রভৃতি ষণ্নাড়ীর-মধ্যে মানবের কোন একটী নাড়ী অথবা সকল নাড়ী যদি দূষিত হয় তাহা হইলে ঐ দোষশান্ত্যর্থ দেবব্রাহ্মণানুরক্ত ব্যক্তি একদিবস উপবাস করিয়া গায়ত্রী-পাঠ পূর্ব্বক অগ্নিতে ক্ষীরবৃক্ষের সমিধদ্বারা অষ্টোত্তর সহস্র হোম করিবেন।৯৯

নাড়ীনক্ষত্রদোষপ্রতীকারমাহ। সর্ব্বেষামিতি। সর্ব্বেষাং নাড়ীনক্ষত্রাণাং ক্রমেণ সমুদায়েন বা পীড়ায়াং গায়ত্র্যা হোমং কুর্য্যাদিত্যর্থঃ। দেবদ্বিজানুরক্তপুরুষঃ দেবব্রাহ্মণপূজাপি কর্ত্তব্যেতি তাৎপর্য্যং অনুক্তসংখ্যকে হোমেঽষ্টোত্তরসহস্রসংখ্যাবিধানাৎ অত্রাপ্যষ্টোত্তরসহস্র-হোম ইতি। যথাপুরশ্চরণচন্দ্রিকায়াং। "যেষাং জপে চ হোমে চ সংখ্যানোক্তা মনীষিভিঃ তেষামষ্টসহস্রং তু স খ্যা স্যাজ্জপহোময়োঃ"। অত্র চ নাড়ীদোষশান্তিস্নানমুক্তং যোগযাত্রায়াং। যথা গোক্ষীরসিতবৃষভশকৃন্মূত্রৈঃ পত্রৈশ্চ পর্ণকোষায়াঃ। স্নানং জন্মদিনে দুষ্টে স্বাচারবতাং হরতি পাপং। কর্ম্মণি ঘৃতমধুহোমোদশাহমক্কারমদ্যমাংসাদঃ। দূর্ব্বাপ্রিয়ঙ্গুলাজশতপুষ্প-শতাবরীস্নানং। সাংঘাতিকে তু দুষ্টে মাংসমধুক্ষৌর্য্যমন্মথাংস্ত্যক্তা স্নানঞ্চ তত্র কুর্য্যাৎ প্রিয়ঙ্গুসিদ্ধার্থ বিল্বদলৈঃ। সংমিশ্রিতেন পয়সা মুস্তাহ্বয়চন্দনদ্বিতীয়মুস্তৈঃ। (নাগরমুথা ইতি খ্যাতঃ) দান্তোদূর্ব্বাং জুহুয়াদ্দানং দদ্যাদ্ যথাশক্তি। সামুদায়িকে তু দদ্যাৎ কাঞ্চনরজতাঙ্কিতং হস্তে দ্বিষ্টে। বৈনাশিকেঽন্নপানং বস্ত্রধাঞ্চ গুণান্বিতে দদ্যাৎ। মানসতাপে হোমঃ সরোরুহৈঃ পায়সৈর্দ্বিজাভোজ্যাঃ। গজমদশিরীষচন্দনবলাতিবলবারিণা স্নানং। সিতসিদ্ধার্থমিশ্রে-দূর্ব্বাদধিচন্দনোশীরৈঃ। স্যায়াত্তদীয়মন্ত্রৈস্তারাদোষপ্রশমনায়। ৯৯

## অশুভনক্ষত্রনির্ণয়ঃ।

নক্ষত্রমপটুকিরণং পশ্চাৎ সন্ধ্যাগতং গ্রহৈর্ভিন্নং।
ক্রূরনিপীড়িতমুৎপাতদূষিতঞ্চাশুভং সর্ব্বং॥ ১০০

অধুনা অশুভ নক্ষত্র কথিত হইতেছে। অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্র মধ্যে অপটু কিরণ (অস্ফুট রশ্মি) রবিভোগ্য নক্ষত্রের পূর্ব্ব এবং পর নক্ষত্র অল্প-রশ্মিযুক্ত হয়, এই উভয় নক্ষত্র, পশ্চাৎ সন্ধ্যাগত (রবিভোগ্য) নক্ষত্র, আর শুভাশুভ গ্রহযোগদ্বারা ভিন্ন নক্ষত্র পাপগ্রহভোগ্য নক্ষত্র এবং উল্কাপাতাদি ত্রিবিধোৎপাত দূষিত নক্ষত্র অশুভ নক্ষত্র বলিয়া অভিহিত হইয়াছে; উক্ত সকল অশুভ নক্ষত্রে কোন শুভকর্ম্ম কর্ত্তব্য হয় না। ১০০

অশুভনক্ষত্রমাহ। নক্ষত্রমিতি। অপটুকরণং অস্ফুটরশ্মি রবিভোগ্য নক্ষত্রস্য পূর্ব্বাপরস্থং নক্ষত্রদ্বয়ং অল্পরশ্মীত্যর্থঃ, পশ্চাৎ সন্ধ্যাগতং অস্তগতং রবিভোগ্যনক্ষত্রমিত্যর্থঃ। গ্রহৈঃ শুভাশুভ গ্রহৈঃ সর্ব্বগ্রহৈর্যোগতারাযোগেন শকটভেদেন বা ভিন্নমিত্যর্থঃ। ক্রূরনিপীড়িতং পাপগ্রহভোগ্যনক্ষত্রমিত্যর্থঃ। উৎপাতদূষিতং উল্কাদিত্রিবিধোৎপাতদূষিতমিত্যর্থঃ। এতৎসর্ব্বং নক্ষত্রং সর্ব্বকর্ম্মণ্যশুভমিত্যর্থঃ। ১০০

## অথ পুংনক্ষত্রকথনং।

হস্তোমূলঃশ্রবণঃ পুনর্ব্বসুঃ মৃগশিরস্তথা পুষ্যঃ।
পুংসংজ্ঞিতে চ কার্য্যে পুং নামোঽয়ং গণঃ স্মৃতঃ॥ ১০১

হস্তা, মূলা, শ্রবণা, পুনর্ব্বসু, মৃগশিরা ও পুষ্যা এই সকল নক্ষত্রকে পুংনক্ষত্র বলা যায়; পুংসবনাদি কার্য্যে উক্ত নক্ষত্র সকল প্রশস্ত হইয়া থাকে। ১০১

পুন্নামগণমাহ। হস্ত ইতি। পুংসংজ্ঞিতে পুংসবনাদৌ তু কার্য্য ইত্যর্থঃ। ১০১

## অথ রাশিনক্ষত্রবিভাগঃ।

অশ্বিনীমঘমূলাদৌ মেষসিংহহয়াদয়ঃ।
বিষমর্ক্ষান্নিবর্ত্তন্তে পাদবৃদ্ধ্যা যথোত্তরং॥ ১০২

অধুনা রাশি নক্ষত্র বিভাগ কথিত হইতেছে যথা;—অশ্বিনী, মঘা, ও মূলা নক্ষত্র হইতে বিষম ( অযুগ্ম ) নক্ষত্রের এক এক পাদ বৃদ্ধি ক্রমে যথা সংখ্যে মেষাদি, সিংহাদি ও ধনুরাশি জানিবে। ১০২

রাশিনক্ষত্রবিভাগমাহ। অশ্বিনীতি। অশ্বিন্যাদ্যাশ্লেষান্তং মঘাদিজ্যেষ্ঠান্তং মূলাদিরেবত্যন্তং যথাসংখ্যং মেষাদয়শ্চত্বারঃ সিংহাদয়শ্চত্বারোধনুরাদয়শ্চত্বারোরাশয়ঃ স্যুঃ। তে চ মেষাদয়ঃ সিংহাদয়োহয়াদয়শ্চত্বারোরাশয়ঃ বিষমনক্ষত্রাদ্‌যথোত্তরং পাদৈকং বৃদ্ধ্যা নিবর্ত্তন্তে এতদুক্তং ভবতি প্রথমরাশির্ম্মেষঃ তৃতীয়কৃত্তিকানক্ষত্রস্যৈকপাদাদ্দ্বিতীয়রাশির্ব্বৃষঃ,পঞ্চমমৃগশিরোনক্ষত্রস্য পাদদ্বয়াৎ, তৃতীয়রাশির্ম্মিথুনঃ সপ্তমপুনর্ব্বসুনক্ষস্য পাদত্রয়াৎ, চতুর্থরাশিঃ কর্কটঃ নবমাশ্লেষা-নক্ষত্রস্য পাদচতুষ্টয়াৎ। এবং সিংহাদয়োহয়াদয়শ্চ মঘাদিতোমূলাদিতশ্চ বোদ্ধব্যাঃ। গৌভরিস্তু বিষমরাশেরিত্যস্য সম্বন্ধং প্রলপতি। ১০২

## অথ স্পষ্টমাহ।

অশ্বিন্যা সহ ভরণী কৃত্তিকাপাদশ্চ কথিতো মেষঃ,
বৃষভঃ কৃত্তিকাশেষং রোহিণ্যর্দ্ধঞ্চ মৃগশিরসঃ।
মৃগশিরোঽর্দ্ধঞ্চার্দ্রা পুনর্ব্বসোস্ত্রিপাদং মিথুনঃ।
পাদঃ পুনর্ব্বসোরন্ত্যঃ পুষ্যাশ্লেষা চ কর্কটঃ।
সিংহোঽথ মঘা পূর্ব্বফল্গুনী পাদউত্তরায়াঃ।
তচ্ছেষং হস্তা চিত্রার্দ্ধঞ্চ কন্যাখ্যঃ।
তৌলিনি চিত্রার্দ্ধঞ্চ স্বাতী বিশাখায়াঃ পাদত্রয়ং।

অশ্বিনি বিশাখাপ্যাদস্তথানুরাধাম্বিতাজ্যেষ্ঠা।
মূলং পূর্ব্বাষাঢ়া প্রথমশ্চাপ্যুত্তরাংশকোধম্বী।
মকরস্তৎপরিশেষং শ্রবণার্দ্ধং ধনিষ্ঠায়াঃ।
ধনিষ্ঠার্দ্ধংশতভিষাপূর্ব্বভাদ্রপদত্রয়ং কুম্ভঃ।
ভাদ্রপদাশেষস্তথোত্তরারেবতী মীনঃ॥ ১০৩

অশ্বিনীপ্রভৃতি সপ্তবিংশতিনক্ষত্রের দ্বারা দ্বাদশরাশি বিভাগ স্পষ্টরূপে বর্ণিত হইতেছে যথা ;—অশ্বিনী, ভরণী ও কৃত্তিকার প্রথমপাদ পর্য্যন্ত মেষরাশি। কৃত্তিকার শেষ তিনপাদ, রোহিণী ও মৃগশিরার প্রথমার্দ্ধ পর্য্যন্ত বৃষরাশি। মৃগশিরার শেষার্দ্ধ, আর্দ্রা ও পুনর্ব্বসুর তিনপাদ পর্য্যন্ত মিথুনরাশি। পুনর্ব্বসুর শেষপাদ, পুষ্যা ও অশ্লেষানক্ষত্র পর্য্যন্ত কর্কটরাশি। মঘা, পূর্ব্বফল্গুনী ও উত্তরফল্গুনীর প্রথমপাদ পর্য্যন্ত সিংহ রাশি। উত্তরফল্গুনীর শেষ তিনপাদ, হস্তা ও চিত্রার অর্দ্ধপর্য্যন্ত কন্যারাশি। চিত্রার শেষার্দ্ধ, স্বাতী ও বিশাখার তিনপাদ পর্য্যন্ত তুলারাশি। বিশাখার শেষপাদ, অনুরাধা ও জ্যেষ্ঠানক্ষত্র পর্য্যন্ত বৃশ্চিকরাশি। মূলা, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়ার প্রথমপাদ পর্য্যন্ত ধনুরাশি। উত্তরাষাঢ়ার শেষ তিনপাদ, শ্রবণা ও ধনিষ্ঠা নক্ষত্রের অর্দ্ধপর্য্যন্ত মকররাশি। ধনিষ্ঠার শেষার্দ্ধ, শতভিষা ও পূর্ব্বভাদ্রপদের তিনপাদ পর্য্যন্ত কুম্ভরাশি। পূর্ব্বভাদ্রপদের শেষপাদ, উত্তরভাদ্রপদ ও রেবতীনক্ষত্র মীনরাশি। ১০৩

## অথ তিথিনিরূপণম্।

অর্কাদ্বিনিঃসৃতঃপ্রাচীং যদ্‌যাত্যহরহঃ শশী।
ভাগৈর্দ্বাদশভিস্তৎ স্যাত্তিথিশ্চান্দ্রমসং দিনং॥ ১০৪

ইতি সূর্য্যসিদ্ধান্তঃ।

অধুনা তিথি নিরূপিত হইতেছে যথা—সূর্য্যমণ্ডল হইতে বিনির্গত হইয়া পূর্ব্বদিকে চন্দ্রের দ্বাদশভাগ গমনের নাম তিথি বা চান্দ্রদিন বলা যায়। ১০৪

ত্রিংশাংশকস্তথা রাশের্ভাগ ইত্যভিধীয়তে।
আদিত্যাদ্বিপ্রকৃষ্টস্তু ভাগং দ্বাদশকং যদা।
চন্দ্রমাঃ স্যাত্তদা রামতিথিরিত্যভিধীয়তে॥ ১০৫

ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে।

রাশিকে ত্রিংশাংশ করিলে তাহার এক এক অংশের নাম ভাগ, চন্দ্র সূর্য্যমণ্ডল হইতে বিনির্গত হইয়া ঐরূপ দ্বাদশভাগ গমন করিলে তাহার নাম একতিথি বলা যায়। ১০৫

**তত্র পক্ষাবুভৌ মাসে শুক্লকৃষ্ণৌ ক্রমেণ হি।**
**চন্দ্রবৃদ্ধিকরঃ শুক্লঃ কৃষ্ণশ্চন্দ্রক্ষয়াত্মকঃ॥ ১০৬**

ইতি ষট্‌ত্রিংশন্মতং।

চান্দ্র-ত্রিংশতিথিতে এক চান্দ্রমাস হয়, সেই চান্দ্রমাসের মধ্যে শুক্ল ও কৃষ্ণ নামক দুইটি পক্ষ আছে। শুক্লপক্ষে চন্দ্রের কলা বৃদ্ধি হয় এবং কৃষ্ণপক্ষে চন্দ্রের কলা ক্ষয় হইয়া থাকে। ১০৬

**পক্ষত্যাদ্যাস্তু তিথয়ঃ ক্রমাৎপঞ্চদশস্মৃতাঃ।**
**দর্শান্তাঃ কৃষ্ণপক্ষে তাঃ পূর্ণিমান্তাশ্চ শুক্লকে॥ ১০৭**

প্রতিপদাদি অমাবস্যান্ত পঞ্চদশতিথি কৃষ্ণপক্ষে এবং প্রতিপদাদি পূর্ণিমান্ত পঞ্চদশতিথি শুক্লপক্ষে নির্দ্দিষ্ট আছে। ১০৭

## অথ তিথিসংজ্ঞাকথনং।

**প্রতিপদ্দ্বিতীয়াতৃতীয়াচতুর্থীপঞ্চমীষষ্ঠীসপ্তম্যাষ্টমীনবমীদশম্যে-**
**কাদশীদ্বাদশীত্রয়োদশীচতুর্দ্দশীপূর্ণিমামাবস্যা ইতি তিথয়ঃ॥১০৮**

তিথি সমূহের নাম কথিত হইতেছে যথা,—প্রতিপদ, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী, অষ্টমী নবমী, দশমী, একাদশী, দ্বাদশী, ত্রয়োদশী, চতুর্দ্দশী ও পূর্ণিমা এই পঞ্চদশ তিথি শুক্লপক্ষে এবং প্রতিপদ হইতে অমাবস্যা পর্য্যন্ত পঞ্চদশ তিথি কৃষ্ণপক্ষে। ১০৮

* অথ তিথ্যধিদেবতামাহ। অগ্নিঃ প্রজাপতির্গৌরী গণেশোঽহিগু রোরবিঃ। শিবোদুর্গা-ন্তকোবিশ্বো হরিঃ কামোহরঃ শশী। পিতরঃ প্রতিপদাদীনাং তিথীনামধিপাঃ ক্রমাৎ। ১০৮

## অথ তিথীনাং বিশেষসংজ্ঞাকথনং।

**নন্দাভদ্রাজয়ারিক্তাপূর্ণাঃ প্রতিপদঃ ক্রমাৎ। ১০৯**

প্রতিপদাদি তিথির ক্রমে নন্দা, ভদ্রা, জয়া, রিক্তা ও পূর্ণা এই পঞ্চ প্রকার নাম আছে। ১০৯

## অন্যচ্চ।

**প্রতিপদেকাদশী ষষ্ঠী নন্দা জ্ঞেয়া মনীষিভিঃ।**
**দ্বিতীয়া দ্বাদশী চৈব ভদ্রা প্রোক্তা চ সপ্তমী।**
**ত্রয়োদশ্যষ্টমী চৈব তৃতীয়া চ তথা জয়া।**
**চতুর্থী নবমী চৈব রিক্তা চতুর্দ্দশী তথা।**
**পঞ্চমী দশমী চৈব অমাবস্যাথ পূর্ণিমা।**
**পূর্ণেতি তিথয়োজ্ঞেয়াঃ সর্ব্বদা চ মনীষিভিঃ॥ * ১১০**

* অথ তিথিবিশেষে কর্ম্মবিশেষাদি। নন্দাসু চিত্রোৎসব বাস্তবক্ষং ক্ষেত্রাদি কুর্ব্বীত তথৈব

প্রতিপদাদি তিথির নন্দাদি সংজ্ঞা স্পষ্টরূপে কথিত হইতেছে। প্রতিপদ, একাদশী, ও ষষ্ঠী তিথির নন্দাসংজ্ঞা হয়, এইরূপ দ্বিতীয়া দ্বাদশী ও সপ্তমীর ভদ্রা-সংজ্ঞা, ত্রয়োদশী, অষ্টমী ও তৃতীয়ার জয়াসংজ্ঞা, চতুর্থী, নবমী ও চতুর্দ্দশীর রিক্তাসংজ্ঞা এবং পঞ্চমী,দশমী,অমাবস্যাও পূর্ণিমার পূর্ণাসংজ্ঞা হইয়া থাকে।১১০

অথ নিত্যযোগকথনং।

বিষ্কুম্ভঃ প্রীতিরায়ুষ্মান্ সৌভাগ্যঃ শোভনস্তথা।
অতিগণ্ডঃ সুকর্ম্মা চ ধৃতিঃ শূলস্তথৈব চ।
গণ্ডোবৃদ্ধি ধ্রুবশ্চৈব ব্যাঘাতোহর্ষণস্তথা॥
বজ্রশ্চাসৃগ্ ব্যতীপাতোবরীয়ান্ পরিঘঃ শিবঃ।
সাধ্যঃ সিদ্ধঃ শুভঃ শুক্রোব্রহ্মেন্দ্রৌ বৈধৃতিস্তথা॥ ১১১

নিত্যযোগ কথিত হইতেছে—বিষ্কুম্ভ, প্রীতি, আয়ুষ্মান্, সৌভাগ্য, শোভন, অতিগণ্ড, সুকর্ম্মা, ধৃতি, শূল, গণ্ড, বৃদ্ধি, ধ্রুব ব্যাঘাত, হর্ষণ, বজ্র, অসৃক্, ব্যতীপাত. বরীয়ান্, পরিঘ, শিব, সাধ্য, সিদ্ধ, শুভ, শুক্র, ব্রহ্ম, ইন্দ্র ও বৈধৃতি এই সপ্তবিংশতি নিত্যযোগ নামে খ্যাত। ১১১

নিত্যযোগানাহ। বিষ্কুম্ভেতি সুগমং। ১১১

অথ যোগাশাংত্যাজ্যকালকথনং।

পরিঘস্য ত্যজেদর্দ্ধং শুভকর্ম্ম ততঃ পরং।
ত্যাজ্যাদৌ পঞ্চ বিষ্কুম্ভে সপ্ত শূলে চ নাড়িকাঃ।
গণ্ডব্যাঘাতয়োঃ ষট্কং নবহর্ষণবজ্রয়োঃ।
বৈধৃতিব্যতীপাতৌ চ সমস্তৌ পরিবর্জ্জয়েৎ।
শেষা যথার্থনামানঃ শুভকার্য্যেষু শোভনাঃ॥ ১১২

বিষ্কুম্ভাদি যোগের ত্যাজ্যকাল কথিত হইতেছে যথা—পরিঘযোগের অর্দ্ধ পরিত্যাগ করিয়া শুভ কর্ম্ম করিবে। এইরূপ বিষ্কুম্ভ যোগের প্রথম পাঁচ দণ্ড, শূলযোগের প্রথম সাতদণ্ড, গণ্ড ও ব্যাঘাতযোগের প্রথম ছয়দণ্ড, হর্ষণ ও বজ্রযোগের প্রথম নয়দণ্ড এবং বৈধৃতি ও ব্যতীপাতযোগের সমস্ত পরিত্যাগ করিয়া শুভকার্য্য করিতে হইবে। উক্ত সকল যোগ ভিন্ন যে সকল যোগ আছে তাহাতে শুভকর্ম্ম করিলে শুভফল প্রাপ্ত হওয়া যায়। ১১২

---

নিত্যং। বিবাহভূষাশকটাধ্বযানং ভদ্রাসু কার্য্যাণ্যপি পৌষ্টিকানি। জয়াসু সংগ্রামবলোপযোগকার্য্যাণি সিদ্ধ্যন্তি হি নির্ম্মিতানি। রিক্তাসু বিদ্বিড্ বধবন্ধ ধন্তে বিষাগ্নিশস্ত্রাদি চ যাতি সিদ্ধিং পূর্ণাসু মাঙ্গল্যবিবাহযাত্রা সপৌষ্টিকং শান্তিকর্ম্ম কার্য্যং। সদৈব দর্শে পিতৃকর্ম্মমুক্তং নান্যদ্বিদধ্যাচ্ছুভমঙ্গলাদি। ইতি জ্যোতিঃ সারে।

এতেষাং শুভাশুভত্বমাহ। পরিঘস্যেত্যাদি। বিষ্কুম্ভযোগে আদৌ পঞ্চনাড়িকা দণ্ডান্ ত্যক্ত্বা ততঃপরং শুভকর্ম্ম কুর্য্যাদিত্যন্বয়ঃ। অতিগণ্ডে গণ্ডে চ ষড়িত্যন্বয়ঃ। এতচ্ছেষানামাসুরূপফলাঃ সর্ব্বকার্য্যেষু শুভা ইত্যর্থঃ। ১১২

অন্যচ্চ।

বিরুদ্ধসংজ্ঞা ইহ যে চ যোগাস্তেষামনিষ্টাঃ খলু পাদ আদ্যঃ
সবৈধৃতিস্তু ব্যতীপাতনামা সর্ব্বেঽপ্যনিষ্টাঃ পরিঘস্য চার্দ্ধং॥
তিস্রস্তু যোগে প্রথমে সবজ্রে ব্যাঘাতসংজ্ঞে নব পঞ্চ শূলে।
গণ্ডেঽতিগণ্ডে চ ষড়েব নাড্যঃ শুভেষু কার্য্যেষু বিবর্জ্জনীয়াঃ॥ ১১৩

বচনান্তরেও উক্ত যোগ-সমূহের ত্যাজ্যকাল কথিত হইতেছে যথা,—বিরুদ্ধ-যোগের আদ্য পাদ দূষণীয়, বৈধৃতি ও ব্যতীপাতযোগের সমস্ত এবং পরিঘ-যোগের অর্দ্ধও দুষ্ট হইয়া থাকে। আর বিষ্কুম্ভযোগের প্রথম তিনদণ্ড, বজ্র ও ব্যাঘাতযোগের প্রথম নয় দণ্ড, শূলযোগের প্রথম পাঁচদণ্ড, এবং গণ্ড ও অতি-গণ্ডযোগের প্রথম ছয়দণ্ড পরিত্যাগ করতঃ শুভকর্ম্ম করিতে হইবে। ১১৩

অপরঞ্চ।

বিষ্কুম্ভে ঘটকাস্তিস্রঃ শূলে পঞ্চ তথৈব চ।
গণ্ডাতিগণ্ডয়োঃ সপ্ত নব ব্যাঘাতবজ্রয়োঃ॥ * ১১৪

ইতি ভীমপরাক্রমে।

ভীম পরাক্রম গ্রন্থেও লিখিত আছে যে—বিষ্কুম্ভের তিনদণ্ড, শূলের পাঁচদণ্ড, গণ্ড ও অতিগণ্ডের সাতদণ্ড এবং ব্যাঘাত ও বজ্রযোগের নয়দণ্ড পরিত্যাগ করতঃ শুভকর্ম্মাদি করিবে। ১১৪

প্রকারান্তরঞ্চ।

দণ্ডমেকং ত্যজেৎ সাধ্যে ব্যাঘাতে ঘটিকাত্রয়ং।
সপ্ত শূলে ষট্ চ বজ্রে নব গণ্ডাতিগণ্ডয়োঃ।
বৈধৃতৌ পরিঘে চার্দ্ধং বিষ্কুম্ভে ঘটিকাদ্বয়ং।
ব্যতীপাতে চ নিঃশেষং দণ্ডাস্ত্বেকঞ্চ হর্ষণে॥ ১১৫

ইতি কৃত্যচিন্তামণৌ।

কৃত্যচিন্তামণিগ্রন্থে লিখিত আছে যে—শুভকর্ম্মে সাধ্যযোগের ছয়দণ্ড এবং গণ্ড ও অতিগণ্ডযোগের নয়দণ্ড ত্যাগ করিতে হয়, এইরূপ বৈধৃতি যোগের অর্দ্ধ, বিষ্কুম্ভের দুইদণ্ড, ব্যতীপাতের সমস্ত এবং হর্ষণযোগের একদণ্ড পরিত্যাগ করিয়া শুভকর্ম্ম করিতে হয়। ১১৫

---

* বিষ্কুম্ভাদিযোগের ত্যাজ্যকাল কোন বচনে পাঁচদণ্ড, কোন বচনে তিনদণ্ড ও কোনবচনে দুইদণ্ড আছে তাহা শক্তাশক্তভেদে মীমাংসা করিতে হইবে।

সর্ব্বেষু দেশম্ববিশেষতোঽমী বিষ্কুম্ভকাদ্যা মুনিভিস্তু যোগাঃ।
বারর্ক্ষযোগাস্তিথিবারযোগাঃ বঙ্গেষু যোজ্যা ন তু তেঽন্যদেশে ॥১১৬

বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি নিত্যযোগের শুভাশুভফল সকলদেশেই সমান হয়, কিন্তু বক্ষ্যমাণ অমৃত ও পাপযোগাদি, বার-নক্ষত্র নিমিত্তক যোগ, সিদ্ধিযোগ ও দগ্ধাদি এবং তিথিবার-নিমিত্তক যোগের শুভাশুভ-ফল বঙ্গদেশেই হইয়া থাকে। অন্যদেশে ঐ সকল যোগের ব্যবহার ও ফল দেখা যায় না, মুনিগণের ও এইরূপ অভিপ্রায়। ১১৬

সর্ব্বেষাং শুভাশুভযোগানাং দেশবিশেষএব ফলমাহ ! সর্ব্বেম্বিতি। বারর্ক্ষযোগা বক্ষ্যমাণ অমৃতপাপাদয়ঃ তিথিবারযোগাঃ সিদ্ধিদগ্ধাদয়ঃ বঙ্গেষু যোজ্যাশ্চান্যদেশে গুণদোষোশ্চানাস্তীত্যর্থঃ। ১১৬

অথ করণকথনম্।

বববালবকৌলবতৈতিলগরবণিজবিষ্টয়ঃ সপ্ত
শকুনিচতুষ্পাদনাগকিস্তুঘ্নানি ধ্রুবাণি করণানি ॥ ১১৭

বব, বালব, কৌলব, তৈতিল, গর, বণিজ, বিষ্টি, শকুনি, চতুষ্পাদ, নাগ ও কিস্তুঘ্ন এই একাদশটি করণ। ১১৭

অথ সাধিপববাদিকথনম্।

বববালবকৌলবতৈতিলগরবণিজবিষ্টিসংজ্ঞানাং।
পতয়ঃ স্যুরিন্দ্রকমলজমিত্রার্য্যমভূশ্রিয়ঃ সযমাঃ ॥ ১১৮

ইদানীং সাধিপকরণ কথিত হইতেছে। বব, বালব, কৌলব, তৈতিল, গর, বণিজ ও বিষ্টি এই সপ্তকরণের যথাক্রমে ইন্দ্র, ব্রহ্মা মিত্র, অর্য্যমা, পৃথিবী, লক্ষ্মী ও যম ইহারা অধিপতি হইয়া থাকেন। ১১৮

করণানি তদধিপাংশ্চাহ। ববেতি। সুগমং। ১১৮

অথ সাধিপশকুন্যাদিকথনম্।

কৃষ্ণচতুর্দশ্যন্তার্দ্ধাদ্ ধ্রুবাণি শকুনিচতুষ্পদনাগাঃ।
কিস্তুঘ্নমথ চ তেষাং কালবৃষফণিমারুতাঃ পতয়ঃ ॥১১৯

শকুন্যাদিকরণ চতুষ্টয় কথিত হইতেছে। কৃষ্ণাচতুর্দ্দশীর শেষার্দ্ধ হইতে আরম্ভ হইয়া শুক্ল প্রতিপদের পূর্ব্বার্দ্ধপর্য্যন্ত তিথ্যর্দ্ধভোগক্রমে শকুনি, চতুষ্পদ, নাগ ও কিস্তুঘ্ন এই চারিটি করণ হয়, ইহারা ধ্রুব (নিশ্চল) বলিয়া খ্যাত ; কাল, বৃষ, ফণী ও মারুত উক্ত করণ চতুষ্টয়ের যথাক্রমে অধিপতি হইয়া থাকেন। ১১৯

শকুন্যাদিকরণচতুষ্টয়মাহ। কৃষ্ণেতি। কৃষ্ণচতুর্দশ্যা অন্ত্যদণ্ডার্দ্ধাৎ শুক্ল প্রতিপদাদ্যর্দ্ধপর্য্যন্তং তিথ্যর্দ্ধভোগক্রমেণ যথাক্রমং শকুন্যাদয়ঃ স্যুঃ। এতানি ধ্রুবাণি নিশ্চলানি একতিথাবেব স্থিতত্বাৎ ববাদীনি অধ্রুবাণি চ লগ্নানি অষ্টবৃত্ত্যা অনেকতিথিভ্রমণাৎ শেষং সুগমং। ১১৯

শুক্লাদিতিথিশেষার্দ্ধে পঞ্চমে তত্তুরীয়কে।
আদ্যন্তর্দ্ধাৎ ক্রমেণ স্যুরষ্টাবৃত্ত্যা ববাদয়ঃ॥ ১২০

কোন্ তিথিতে কোন্ করণ হয় তাহা বর্ণিত হইতেছে যথা—শুক্লাপ্রতিপদের শেষার্দ্ধ, শুক্লাপঞ্চমীর পূর্ব্বার্দ্ধ, শুক্লাষ্টমীর শেষার্দ্ধ, শুক্লাদ্বাদশীর পূর্ব্বার্দ্ধ, পূর্ণিমার শেষার্দ্ধ, কৃষ্ণাচতুর্থীর পূর্ব্বার্দ্ধ কৃষ্ণাসপ্তমীর শেষার্দ্ধ ও কৃষ্ণাএকাদশীর পূর্ব্বার্দ্ধ ববকরণ। শুক্লাদ্বিতীয়ার পূর্ব্বার্দ্ধ, শুক্লাপঞ্চমীর শেষার্দ্ধ, শুক্লানবমীর পূর্ব্বার্দ্ধ, শুক্লাদ্বাদশীর শেষার্দ্ধ, কৃষ্ণাপ্রতিপদের পূর্ব্বার্দ্ধ, কৃষ্ণাচতুর্থীর শেষার্দ্ধ, কৃষ্ণাষ্টমীর পূর্ব্বার্দ্ধ ও কৃষ্ণাএকাদশীর শেষার্দ্ধ বালব করণ। শুক্লাদ্বিতীয়ার শেষার্দ্ধ, শুক্লাষষ্ঠীর পূর্ব্বার্দ্ধ, শুক্লানবমীর শেষার্দ্ধ, শুক্লাত্রয়োদশীর পূর্ব্বার্দ্ধ, কৃষ্ণা প্রতিপদের শেষার্দ্ধ, কৃষ্ণাপঞ্চমীর পূর্ব্বার্দ্ধ, কৃষ্ণাষ্টমীর শেষার্দ্ধ ও কৃষ্ণাদ্বাদশীর পূর্ব্বার্দ্ধ কৌলবকরণ। শুক্লাতৃতীয়ার পূর্ব্বার্দ্ধ, শুক্লাষষ্ঠীর শেষার্দ্ধ; শুক্লাদশমীর পূর্ব্বার্দ্ধ; শুক্লাত্রয়োদশীর শেষার্দ্ধ, কৃষ্ণাদ্বিতীয়ার পূর্ব্বার্দ্ধ, কৃষ্ণাপঞ্চমীর শেষার্দ্ধ, কৃষ্ণানবমীর পূর্ব্বার্দ্ধ ও কৃষ্ণাদ্বাদশীর শেষার্দ্ধ তৈতিলকরণ। শুক্লাতৃতীয়ার শেষার্দ্ধ, শুক্লাসপ্তমীর পূর্ব্বার্দ্ধ শুক্লাদশমীর শেষার্দ্ধ, শুক্লাচতুর্দ্দশীর পূর্ব্বার্দ্ধ, কৃষ্ণাদ্বিতীয়ার শেষার্দ্ধ, কৃষ্ণাষষ্ঠীর পূর্ব্বার্দ্ধ, কৃষ্ণানবমীর শেষার্দ্ধ ও কৃষ্ণাত্রয়োদশীর পূর্ব্বার্দ্ধ গরকরণ। শুক্লাচতুর্থীর পূর্ব্বার্দ্ধ, শুক্লাসপ্তমীর শেষার্দ্ধ, শুক্লাএকাদশীর পূর্ব্বার্দ্ধ, শুক্লাচতুর্দ্দশীর শেষার্দ্ধ, কৃষ্ণাতৃতীয়ার পূর্ব্বার্দ্ধ, কৃষ্ণাষষ্ঠীর শেষার্দ্ধ, কৃষ্ণাদশমীর পূর্ব্বার্দ্ধ ও কৃষ্ণাত্রয়োদশীর শেষার্দ্ধ বণিজকরণ। শুক্লাচতুর্থীর শেষার্দ্ধ, শুক্লাষ্টমীর পূর্ব্বার্দ্ধ, শুক্লাএকাদশীর শেষার্দ্ধ, পূর্ণিমার পূর্ব্বার্দ্ধ, কৃষ্ণাতৃতীয়ার শেষার্দ্ধ, কৃষ্ণা-সপ্তমীর পূর্ব্বার্দ্ধ, কৃষ্ণাদশমীর শেষার্দ্ধ ও কৃষ্ণাচতুর্দ্দশীর পূর্ব্বার্দ্ধ বিষ্টিকরণ। ১২০

কৃষ্ণপক্ষে চতুর্দ্দশ্যাঃ শেষার্দ্ধে শকুনির্ভবেৎ।
চতুষ্পাদশ্চ পূর্ব্বার্দ্ধে নাগঃশেষার্দ্ধসংস্থিতঃ।
শুক্লপ্রতিপদাদ্যর্দ্ধে কিন্তুঘ্নঃ শেষতোববঃ॥ ১২১

কৃষ্ণাচতুর্দ্দশীর শেষার্দ্ধে শকুনিকরণ, অমাবস্যার পূর্ব্বার্দ্ধে চতুষ্পাদকরণ, শেষার্দ্ধে নাগকরণ শুক্লপ্রতিপদের পূর্ব্বার্দ্ধে কিন্তুঘ্ন করণ এবং শেষার্দ্ধে ববকরণ হয়। শকুনি, চতুষ্পাদ, নাগ ও কিন্তুঘ্ন করণের অঙ্ক ব্যবহৃত হয় না, শকুনির "শ" চতুষ্পাদের "চ" নাগের "ন" কিন্তুঘ্নের "কিং" অঙ্কের পরিবর্ত্তে লিখিতে হয় ১২১

ইতি করণনিরূপণং।

অথ বিষ্টি ভদ্রাকথনং।

তৃতীয়াদশমীশেষে তৎপঞ্চম্যোস্তুপূর্ব্বতঃ।
কৃষ্ণে বিষ্টিঃ সিতে তদ্বত্তাসাংপরতিথিষ্বপি॥ ১২২

বিষ্টিভদ্রা ( বিষ্টিকরণ ) বিশেষরূপে বর্ণিত হইতেছে। কৃষ্ণপক্ষীয় তৃতীয়া ও দশমীতিথির শেষার্দ্ধ বিষ্টিকরণ হয় ; এইরূপ উক্ত তিথিদ্বয়ের পঞ্চম কৃষ্ণা-সপ্তমী ও কৃষ্ণাচতুর্দ্দশী তিথির পূর্ব্বার্দ্ধ বিষ্টিকরণ হইয়া থাকে। শুক্লপক্ষে তৃতীয়া ও দশমীর পর পর তিথি চতুর্থী ও একাদশীর পরার্দ্ধ এবং তৎপঞ্চম তিথি অষ্টমী ও পূর্ণিমাতিথির পূর্ব্বার্দ্ধ বিষ্টিভদ্রা হয়। ১২২

সুখবোধার্থং বিষ্টিনির্ণয়মাহ। তৃতীয়েতি। কৃষ্ণপক্ষে তৃতীয়া দশম্যোঃ শেষার্দ্ধে বিষ্টিঃ স্যাৎ তৎপঞ্চমযোস্তৃতীয়াদশমীপঞ্চমতিথ্যোঃ সপ্তমীচতুর্দ্দশ্যোঃ পূর্ব্বতঃ পূর্ব্বার্দ্ধে বিষ্টিরিত্যর্থঃ। সিতে শুক্লপক্ষে তাসাং তৃতীয়াদীনাং পরতিথিষু চতুর্থ্যেকাদশ্যোস্তদ্বচ্ছেষার্দ্ধে অষ্টমীপৌর্ণমাস্যোস্তদ্বৎ পূর্ব্বার্দ্ধে বিষ্টিরিত্যর্থঃ। ১২২

### অন্যচ্চ।

একাদশ্যাশ্চতুর্থ্যাশ্চ শেষার্দ্ধে শুক্লপক্ষকে।
অষ্টমীপৌর্ণমাস্যোস্তু পূর্ব্বার্দ্ধে বিষ্টিসম্ভবঃ॥ ১২৩

শুক্লাএকদশী ও শুক্লাচতুর্থীর শেষার্দ্ধ এবং শুক্লাষ্টমী ও পূর্ণিমার পূর্ব্বার্দ্ধ বিষ্টিভদ্রা বলিয়া খ্যাত হয়। ১২৩

কৃষ্ণপক্ষে তৃতীয়ায়াদশম্যাস্তু পরার্দ্ধতঃ।
সপ্তম্যাশ্চ চতুর্দ্দশ্যাঃ পূর্ব্বার্দ্ধে বিষ্টিরীরিতা॥ ১২৪

কৃষ্ণাতৃতীয়া ও কৃষ্ণাদশমীর শেষার্দ্ধ এবং কৃষ্ণাসপ্তমী ও কৃষ্ণাচতুর্দ্দশীর পূর্ব্বার্দ্ধ বিষ্টিভদ্রা বলিয়া অভিহিত। ১২৪

### অপরঞ্চ।

কৃষ্ণে তৃতীয়াদশমীপরার্দ্ধে পূর্ব্বার্দ্ধভাগে মুনিভূততিথ্যোঃ।
সিতে চতুর্থী শিবয়োঃ পরস্তাৎ পূর্ব্বেঽষ্টমীপূর্ণিময়োশ্চ বিষ্টিঃ॥ ১২৫

ইতি সারসংগ্রহে।

সারসংগ্রহ-ধৃতবচনে কথিত হইয়াছে—কৃষ্ণপক্ষের তৃতীয়া ও দশমী তিথির পরার্দ্ধ, সপ্তমী ও চতুর্দ্দশীতিথির পূর্ব্বার্দ্ধ বিষ্টিভদ্রা হয়, আর শুক্লপক্ষের চতুর্থী ও একাদশীতিথির পরার্দ্ধ এবং অষ্টমী ও পূর্ণিমাতিথির পূর্ব্বার্দ্ধ বিষ্টিভদ্রা হইয়া থাকে। ১২৫

### প্রকারান্তরঞ্চ।

তৃতীয়াদশমীশেষে পূর্ব্বে সপ্তচতুর্দ্দশী।
পূর্ব্বে পূর্ণাষ্টমী শুক্লে চতুর্থ্যেকাদশী পরে॥ ১২৬

ইতি সারসংগ্রহে।

সারসংগ্রহধৃত বচনান্তরে বর্ণিত হইয়াছে।—তৃতীয়া ও দশমীর শেষার্দ্ধ বিষ্টিকরণ, পূর্ণিমা ও শুক্লপক্ষীয় অষ্টমীর পূর্ব্বার্দ্ধ এবং চতুর্থী ও একাদশীর পরার্দ্ধ বিষ্টিসংজ্ঞক। ১২৬

খনা।

তিনদশ শেষভাগ, সাত চৌদ্দ কালার আগ।
ধলার শেষ এগার চার, আট পনর আগে মার॥

অথ বিষ্টিভদ্রোৎপত্তিঃ।

দৈত্যেন্দ্রৈঃ সমরেঽমরেষু বিজিতেষ্বীশঃ ক্রুধা দৃষ্টবান্
স্বং কায়াৎ কিল নির্গতা খরমুখী লাঙ্গুলিনী চ ত্রিপাৎ।
বিষ্টিঃ সপ্তভুজা মৃগেন্দ্রগলকা স্থূলোদরী প্রেতগা
দৈত্যঘ্নী মুদিতা সুরৈস্তু করণপ্রান্তে নিযুক্তা সদা॥ ১২৭

বিষ্টিভদ্রার উৎপত্তি বর্ণিত হইতেছে।—পুরাকালে দেবাসুরের যুদ্ধে দেবগণ অসুর কর্ত্তৃক পরাজিত হইয়া শিবের নিকটে বৃত্তান্ত জানাইলে শঙ্কর অতিশয় ক্রোধযুক্ত হন। সেই সময়ে শিবের শরীর হইতে গর্দ্দভের ন্যায় মুখ, পুচ্ছধারিণী ত্রিপাদবিশিষ্টা, সপ্তভূজা, সিংহের ন্যায় গলদেশ, স্থূলোদরী, প্রেতের ন্যায় শরীর ধারিণী বিষ্টিভদ্রানাম্নী একমূর্ত্তি নির্গতা হইয়া অসুরগণকে পরাভূত করণান্তে দেবগণের সমীপে স্থান প্রার্থনা করিলে তাঁহারা পরিতুষ্ট হইয়া বিষ্টিভদ্রাকে করণের প্রান্তভাগে নিযুক্ত করিয়া দিলেন। ১২৭

অথ বিষ্টিভদ্রায়াঅঙ্গবিভাগঃ।

নাড্যস্তু পঞ্চ বদনং গলকস্তথৈকা বক্ষোদশৈকসহিতা নিয়তং চতস্রঃ।
নাভিঃ কটিঃ ষড়থ পুচ্ছতলা চ তিস্রো বিষ্টের্ধ্রুবং নিগদিতোঽঙ্গবিভাগএষঃ

বিষ্টিভদ্রার অঙ্গবিভাগ বর্ণিত হইতেছে।—যে যে তিথির পূর্ব্বার্দ্ধ কি পরার্দ্ধ বিষ্টিসংজ্ঞায় অভিহিত, তাহাকে ত্রিশাংশ করিলে প্রথম পাঁচ অংশ বিষ্টির মুখ, এক অংশ গলদেশ, একাদশভাগ বক্ষঃস্থান, চারিভাগ নাভি, ছয় অংশ কটি এবং তিনভাগ পুচ্ছরূপে নির্দ্দিষ্ট হইবে। এই সকল স্থানের ফলাফল নিম্নে বিবরিত হইতেছে। ১২৮

অথ অঙ্গবিভাগফলং।

মুখে কার্য্যধ্বস্তি ভবতি মরণঞ্চাথ গলকে
ধনয়ানির্ব্বক্ষস্তথ কটিতটে বুদ্ধিবিলয়ঃ।
কলির্নাভিদেশে বিজয়মথ পুচ্ছে চ জগদুঃ
শরীরে ভদ্রায়াঃ পৃথগিতিফলং সর্ব্বমুনয়ঃ॥ ১২৮

বিষ্টির বদনে (প্রথম পাঁচদণ্ডমধ্যে) কার্য্যহানি হয়, এইরূপ গলদেশে মৃত্যু, বক্ষদেশে ধনহানি, কটিদেশে বুদ্ধিনাশ, নাভিদেশে কলহ এবং পুচ্ছদেশে (শেষ-তিনদণ্ড মধ্যে) কার্য্য করিলে বিজয় অর্থাৎ তাহা সিদ্ধ হইয়া থাকে। ১২৮

## অথ ভদ্রাস্থিতিনির্ণয়ঃ।

মেষোক্ষ কৌর্পমিথুনে ঘটসিংহমীনকর্কেষু চাপমৃগতৌলিসুতাসু সূর্য্যে।
স্বর্মর্ত্ত্যনাগনগরী ক্রমশঃ প্রয়াতি বিষ্টিঃ ফলান্যপি দদাতি হি তত্র দেশে

বিষ্টিভদ্রার স্থিতিনির্ণয় কথিত হইতেছে।—সৌরবৈশাখ, জ্যৈষ্ঠ, অগ্রহায়ণ ও আষাঢ়ে বিষ্টিভদ্রা স্বর্গলোকে বাস করেন। ফাল্গুন, ভাদ্র, চৈত্র ও শ্রাবণমাসে মর্ত্ত্যভবনে অবস্থিত হন, আর পৌষ, মাঘ, কার্ত্তিক ও আশ্বিনমাসে নাগলোকে বাস করিয়া থাকেন। বিষ্টিভদ্রা কোন্‌স্থানে বাস করিলে কি ফল হইবে তাহা নিম্নে লিখিত হইতেছে। ১২৯

## অথ বিষ্টিভদ্রাফলম্‌।

স্বর্গে ভদ্রা শুভং কুর্য্যাৎ পাতালে চ ধনাগমং।
মর্ত্ত্যলোকে যদা ভদ্রা সর্ব্বকার্য্যবিনাশিনী॥ ১৩০

ভদ্রা স্বর্গে থাকিলে শুভফল প্রদান করেন, পাতালে (নাগলোকে) থাকিলে ধন সঞ্চয় হয়, আর পৃথিবীতে ভদ্রা অবস্থিত হইলে সকল কার্য্য বিনাশ হইয়া থাকে। ১৩০

কেষু কেষ্বপি কার্য্যেষু সর্ব্বাণ্যেব তু যোজয়েৎ।
বিহায় বিষরৌদ্রাণি বিষ্টিং সর্ব্বত্র বর্জ্জয়েৎ। ১৩১

অধুনা করণের ফল কথিত হইতেছে—কোন কোন কার্য্য বিশেষে ববাদি সকল করণই প্রশস্ত হয়, যাত্রাদিকার্য্যে গর, বণিজ ও বিষ্টিকরণ অবশ্য ত্যজ্য। বিষ্টিকরণ (বিষ্টিভদ্রা) বিষপ্রদান ও যুদ্ধাদিকার্য্যে প্রশস্ত হয়, কিন্তু অন্য কোন কার্য্যেই শুভজনক হয় না, কেবল পুচ্ছের তিনদণ্ড সকল কার্য্যে শুভ হইয়া থাকে। ১৩১

করণানাং ফলমাহ। কেষ্বিতি কেষু কেষু কর্ম্মসু সর্ব্বাণ্যেব করণানি যোজয়েৎ কেষ্বিত্যনেন যাত্রাদিষু গরবণিজবিষ্টয়স্ত্যাজ্যা ইত্যর্থঃ। তথা চ বক্ষ্যতি। গরবণিজবিষ্টিপরিবর্জ্জিতানি করণানি যা তু স্থিরানীতি। বিষরৌদ্রকর্ম্মাণি ত্যক্তা বিষ্টিং সর্ব্বত্র বর্জ্জয়েৎ। বিষপ্রদানেষু যুদ্ধাদিরৌদ্রকর্ম্মণি চ বিষ্টির্ব্বিহিতেত্যর্থঃ। তথা চ দৈবজ্ঞবল্লভায়াং। "ব্যতীপাতবিষ্টিবৈধৃতিপাপগ্রহলগ্নদিবসেষু চৌর্য্যাবস্কন্দানৃতসংগ্রামাঃ সিদ্ধিমায়ান্তি" তত্র চ বিষ্টেঃ শেষদণ্ডত্রয়ে পুচ্ছভাগে শুভকর্ম্ম কর্ত্তব্যং। তথা চ রাজমার্ত্তণ্ডে—"বিষ্টিং ভুজঙ্গমাকারাং কেচিদিচ্ছন্তি দারুণাং। ভুজঙ্গস্য মুখে ভীতির্ন তু পুচ্ছে কদাচন"। আস্যং তস্যাভবতি ঘটিকা, পঞ্চ

কণ্ঠস্তথৈকা বক্ষশ্চৈকাদশনিগদিতা নাভিদেশশ্চতস্রঃ। পুচ্ছাস্তিস্রঃ, কটিরপি তথা ষট্ চ পূর্ব্বং মুনীন্দ্রৈরাখ্যা তেষাং ন শুভফলদা বর্জ্জয়েত্তুত্তমস্তাং। পুচ্ছস্ত পূর্ব্বং ষট্ ঘটিকা কটিঃ তৎপরং দণ্ডত্রয়ং পুচ্ছমিত্যর্থঃ। তথা চ তত্রৈব, কার্য্যং ন সিদ্ধ্যতি মুখে মরণং। গলে স্থাদর্থক্ষয়ো হৃদিকটাবপি বুদ্ধিনাশঃ। নাভৌ ভয়ং বিজয়লব্ধিরতীব পুচ্ছে বিষ্টিপ্রমাণ ফলমেতদুশন্তি সন্তঃ। ১৩১

## অন্যচ্চ।

*বিহায় বিষরৌদ্রাণি বিষ্টিং সর্ব্বত্র বর্জ্জয়েৎ।*
*বিষ্টিশেষে ত্রিদণ্ডেঽপি পুচ্ছে* * কার্য্যং শুভাবহং॥ ১৩২

বচনান্তরে লিখিত আছে যে—বিষদানাদি ও যুদ্ধকার্য্যাদি ভিন্ন সকল কার্য্যেই বিষ্টিভদ্রা পরিত্যাগ করিতে হইবে, বিষ্টিপুচ্ছে (শেষতিনদণ্ডে) কার্য্য করিলে তাহা সিদ্ধ হইয়া থাকে। ১৩২

## প্রতিপ্রসবোযথা।

দিবাপরার্দ্ধজা বিষ্টিঃ পূর্ব্বার্দ্ধা স্যাত্তথা নিশি।
তদা ভদ্রা ন দোষায় সা ভদ্রা ভদ্রদায়িকা॥ ১৩৩

যে সকল তিথির শেষার্দ্ধ বিষ্টিভদ্রা তাহা যদি দিবাভাগে হয়, কিম্বা যে সকল তিথির পূর্ব্বার্দ্ধ বিষ্টিভদ্রা তাহা যদি রাত্রিতে পায় তবে বিষ্টিভদ্রাজন্য দোষ হয় না। ১৩৩

## অথনবগ্রহসংজ্ঞা।

সূর্য্যশ্চন্দ্রোমঙ্গলশ্চ বুধশ্চাপি বৃহস্পতিঃ।
শুক্রঃ শনৈশ্চরোরাহুঃ কেতুশ্চেতি নবগ্রহাঃ॥ ১৩৫

গ্রহদিগের নাম কথিত হইতেছে—রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতু এই নয়টিকে নবগ্রহ বলা যায়। ১৩৪

## অথবারকথনং।

রবিঃ সোমোমঙ্গলশ্চ বুধোজীবঃ সিতঃ শনিঃ।
এতেষাং নামতোবারাঃ সপ্তৈব পরিকীর্ত্তিতাঃ॥ ১৩৭

সাতটি গ্রহের নামানুসারে বার কথিত হইতেছে যথা,—রবি, সোম, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি এই সাতটি বার সংজ্ঞক। ১৩৫

* ঘুজাটিনী সিতে পক্ষে দেকিমে বা সিতেতরে। অক্ষরেণ তিথিঃ, প্রোক্তাস্বরে দণ্ডাঃ প্রকীর্ত্তিতাঃ তদ্‌যথা। চতুর্থ্যাং পঞ্চদণ্ডাশ্চ একাদশ্যাংত্রিদণ্ডিকাঃ। দণ্ডদ্বয়ং তথাষ্টম্যাং পৌর্ণমাস্যং চতুষ্টয়ং। তৃতীয়ায়াং দশম্যাস্তুদণ্ডৈকাদশং তথা। সপ্তম্যাঞ্চ চতুর্দ্দশ্যাং দণ্ডানাঞ্চ চতুষ্টয়ং। বিষ্টিপুচ্ছন্ত বিজ্ঞেয়ং তত্র স্যাদ্বিজয়োনৃণাং॥ ইতি হৃদয়ানন্দকৃত সারসংগ্রহ-ধৃতবচনং।

### অথবারশুভকথনং।

সিতেন্দুবুধজীবানাং বারাঃ সর্ব্বত্র শোভনাঃ।
ভানুভূসুতমন্দানাং শুভকর্ম্মসু কেম্বপি ॥ ১৩৬

শুক্র, সোম, বুধ ও বৃহস্পতিবার প্রায় সকল শুভকর্ম্মেই প্রশস্ত হয়, রবি মঙ্গল ও শনিবার কোন কোন কার্য্য বিশেষে শুভদায়ক হইয়া থাকে। ১৩৬

বারশুদ্ধিমাহ। সিতেতি। সর্ব্বত্র সর্ব্বকর্ম্মস্বিত্যর্থঃ। রবিভৌমশনীনাং বারা. কেম্বপি শুভকর্ম্মসু শোভনাঃ। ন তু সর্ব্বকর্ম্মসু। তথা চ রাজমার্ত্তণ্ডে—"জীবার্কভৌমবারাশ্চ শস্তাঃ পুংসবনে বিধৌ"। তথা পশুপতিদীপিকায়াং—"স্থাপ্যং সমাপ্যং ক্রতুযূপকাষ্ঠবেশ্ম প্রবেশংগজবাজিবাহং। গ্রাম প্রবেশং নগরে পুরে বা কুর্য্যাদ্দিনে সূর্য্যসুতস্য সর্ব্বং" ॥ এতেন কেম্বপি শুভকর্ম্মসু শুভাঃ অর্থাদশুভকর্ম্মসু সর্ব্বেষপি পাপগ্রহবারাঃ শুভাইতি তাৎপর্য্যং, তথা চ দৈবজ্ঞবল্লভায়াং। ব্যতীপাতবিষ্টিবৈধৃতিপাপগ্রহ লগ্নদিবসেষু। চৌর্য্যাবস্কন্দানৃতসংগ্রামা সিদ্ধিমায়ান্তি ॥ ১৩৬

নৃপাভিষেকোনৃপতিপ্রয়াণং নৃপস্য কার্য্যং নৃপদর্শনঞ্চ।
যচ্চাগ্নিকার্য্যং ভুবি বীজপাতং সর্ব্বং তদাদিত্যদিনে প্রশস্তং॥ ১৩৭

নৃপতির অভিষেক, নৃপতির গমন, রাজকার্য্য, রাজদর্শন, অগ্নিকার্য্য ও বীজবপন এই সকল কর্ম্মে রবিবার প্রশস্ত হয়। ১৩৭

ভেদাভিঘাতং নগরে পুরে বা সেনাপতিত্বঞ্চ তথৈব রাজ্ঞাং।
ব্যায়ামশাস্ত্রং ব্যসনানি চৌর্য্যং কুর্য্যাদ্দিনে ভূমিসুতস্য সর্ব্বং ॥ ১৩৮

নগরে অথবা পুরে ভেদাভিঘাত, রাজার সেনাপতিত্বে ব্রতী হওয়া, ব্যায়াম, ব্যসনক্রিয়া ও চৌর্য্য এই সকল কার্য্যে মঙ্গলবার শুভদায়ক হইয়া থাকে। ১৩৮

ইতি জ্যোতিষতত্ত্ববারিধৌ সামান্যকাণ্ড নাম প্রথমস্তরঙ্গঃ।

## অথ বিবাহঃ।

### তত্রাদৌ কন্যাপরীক্ষামাহ।

ধর্ম্মার্থকামমোক্ষাণাং দারাঃ সংপ্রাপ্তিহেতবঃ।
পরীক্ষন্তে প্রযত্নেন পূর্ব্বমেব করগ্রহাৎ। ১

ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গের মূলীভূতা পত্নী, অতএব বিবাহের পূর্ব্বে ভাবিপত্নীর লক্ষণালক্ষণ অবশ্য বিচারণীয়। ১

### অথকন্যালক্ষণং।

অব্যঙ্গাঙ্গীং সৌম্যনাম্নীং হংসবারণগামিনীং।
তনুলোমকেশদশনাং মৃদ্বঙ্গীমুদ্বহেৎ স্ত্রিয়ং ॥ ২

ইতি মনুঃ।

অধুনা কন্যার লক্ষণ কথিত হইতেছে—অবিকলাঙ্গী, শুভনামিকা, হংস ও হস্তীসদৃশ গতিবিশিষ্টা এবং রোম, কেশ ও দন্ত যাহার অতি সূক্ষ্ম এইরূপ কোমলাঙ্গী কন্যা বিবাহের উপযুক্তা। ২

কন্যালক্ষণমাহ। অব্যঙ্গাঙ্গী।মতি। অব্যঙ্গাঙ্গীং সম্পূর্ণাঙ্গীমিত্যর্থঃ। সৌম্যনাম্নীং মনোহরনাম্নীং যশোদা, শুভদা, গৌরীত্যাদি। উগ্রনাম্নীস্তু বর্জ্জয়েৎ চামুণ্ডা ভৈরবীত্যাদি। হংসহস্তীগামিনীং মন্দগামিনীমিত্যর্থঃ। তনুলোম্নীং সূক্ষ্মলোম্নীং অকর্কশলোম্নীমিত্যর্থঃ। অকর্কশকেশাং তনুদন্তাং আয়ামে দৈর্ঘ্যে দন্তস্য সূক্ষ্মত্বং জ্ঞেয়ং। মৃদ্বঙ্গীং কোমলাঙ্গীং ঈদৃশীং স্ত্রিয়ং বিবহেদিত্যর্থঃ। ২

হংসস্বনাং মেঘবর্ণাং মধুপিঙ্গললোচনাং
তাদৃশীং বরয়েৎ কন্যাং গৃহস্থঃ সুখমেধতে॥ ৩

হংসের কণ্ঠধ্বনি সদৃশ যাহার কণ্ঠধ্বনি, মেঘের ন্যায় বর্ণ মধুপিঙ্গল-চক্ষু এইরূপ কন্যাকে গৃহস্থ সুখ ইচ্ছা করিলে বিবাহ করিবেন। ৩

প্রতিষ্ঠিততলাঃ সম্যক্ রক্তাম্ভোজসমত্বিষঃ॥
তাদৃশাশ্চরণা ধন্যা যোষিতাং ভোগবর্দ্ধনাঃ॥ ৪

ইতিভবিষ্যে।

যে কন্যার পদতল রক্তপদ্ম-সদৃশ অথচ ভূমিলগ্ন হয়, সেইরূপ চরণবিশিষ্ট কন্যা অতি প্রশংসনীয়া। ৪

নোদ্বহেৎ কপিলাং কন্যাং নাধিকাঙ্গীং ন রোগিণীং।
নালোমিকাং নাতিলোম্নীং ন বাচালাং ন পিঙ্গলাং।
নর্ক্ষবৃক্ষনদীনাম্নীং নান্ত্যপর্ব্বতনামিকাং।
ন পক্ষ্যহিপ্রেষ্যনাম্নীং ন চ ভীষণনামিকাং॥৫

যে কন্যা কপিলবর্ণা, অধিকাঙ্গী, রোগিণী, লোমহীনা, অধিক লোমযুক্তা, বাচালা, পিঙ্গলবর্ণা এবং নক্ষত্র, বৃক্ষ, নদী, অন্ত্যজ, পর্ব্বত; পক্ষী, সর্প, দূতী ও ভীষণনামিকা তাহাকে বিবাহ করিবে না। ৫

প্রতিপ্রসবমাহ।

গঙ্গা চ যমুনা চৈব গোমতী চ সরস্বতী।
নদীষ্বাসাং নামবৃক্ষে মালতী তুলসী অপি।
রেবতী চাশ্বিনী ভেষু রোহিণী শুভদা ভবেৎ॥ ৬

ইতি মৎস্যসূক্তে।

পূর্ব্ববচনে যে নক্ষত্র, বৃক্ষ ও নদীনামিকা কন্যা বর্জ্জন করা হইয়াছে তাহার প্রতিপ্রসব কথিত হইতেছে যথা,—নদীর মধ্যে গঙ্গা, যমুনা, গোমতী ও সরস্বতী, বৃক্ষের মধ্যে মালতী ও তুলসী এবং নক্ষত্রের মধ্যে রেবতী, অশ্বিনী ও রোহিণী নামিকা কন্যা বিবাহে শুভদায়িকা হয়। ৬

নেত্রে যস্যাঃ কেকরে পিঙ্গলে বা স্যাদ্দুঃশীলা শ্যাবলোলেক্ষণা চ।
কূপোযস্যাগণ্ডয়োঃ সস্মিতায়া নিঃসন্দিগ্ধাং বন্ধকীং তাং বদন্তি॥ ৭

ইতি কৃত্যচিন্তামণৌ।

যে কন্যার নেত্রদ্বয় টারা, কি পিঙ্গলবর্ণ অথবা চঞ্চল, যাহার হাস্য সময়ে গণ্ডদ্বয়ে কূপাকার চিহ্ন দেখা যায়, সেই কন্যা নিশ্চয়ই বন্ধ্যাত্ব প্রাপ্ত হয়। ইহা শাস্ত্রবিৎপণ্ডিতগণ বলিয়াছেন। ৭

শ্যামা সুকেশী তনুলোমরাজী সুভ্রূশ্চশীলাঃ সুগতিঃ সুদন্তা।
. বেদীবিমধ্যা যদিপঙ্কজাক্ষী কুলেন হীনাপি বিবাহনীয়া। ৮

ইতিনন্দীকেশ্বরপুরাণং।

শ্যামা * সুকেশ ধারিণী, লোমাবলী যাহার সূক্ষ্ম, ভ্রূযুগল অতিশয় শোভনীয়, যে কন্যা সুশীলা, গমন যাহার মরাল ও বারণ সদৃশ, দন্ত যাহার অতি-সুন্দর, কটিদেশ অতিশয় ক্ষীণ, পঙ্কজতুল্য যাহার নয়ন এইরূপ কন্যা হীনকুলোদ্ভবা হইলেও তাহাকে বিবাহ করিবে। ৮

ধৃষ্টা কুদন্তা যদি পিঙ্গলাক্ষী লোম্না সমাকীর্ণ সমাঙ্গযষ্টিঃ।
মধ্যে চ পুষ্টা যদি রাজকন্যা কুলেঽপি যোগ্যা ন বিবাহনীয়া॥ ৯

লজ্জাবিহীনা, কুৎসিতদন্তা, পিঙ্গলাক্ষী, অতিশয় লোমযুক্তা, অঙ্গযষ্টি যাহার সমান, মধ্যদেশ যাহার স্থূল এইরূপ কন্যা উত্তম বংশোদ্ভবা কি রাজবালা হইলেও তাহাকে বিবাহ করিবে না। ৯

রোমে হীনে সমে স্নিগ্ধে জঙ্ঘে চ ক্রমবর্ত্তুলে।
সা রাজপত্নী ভবতি বিশিরে সুমনোহরে॥ ১০

যে রমণীর জঙ্ঘাদ্বয় লোমশূন্য, সমান, স্নিগ্ধ, গোলাকার, শিরাশূন্য ও সুদৃশ্য সে অবশ্যই রাজভার্য্যা হইবে। ১০

গম্ভীরা দক্ষিণাবর্ত্তা নাভিঃ স্যাৎ সুখসম্পদে।
বামাবর্ত্তা সমুত্তানা ব্যক্তগ্রন্থী ন শোভনা॥ ১১

---

* স্তনৌ চ কঠিনৌ যস্যাঃ নিতম্বে চ বিশালতা, মধ্যক্ষীণা চ যা নারী সা শ্যামা পরিকীর্ত্তিতা।

যে স্ত্রীর নাভি গম্ভীর ও দক্ষিণাবর্ত্ত সে সম্পত্তির অধিকারিণী হইয়া সুখভোগ করে, আর যাহার নাভি বামাবর্ত্ত, উন্নত অথবা গ্রন্থী স্পষ্টপ্রতীয়মান হয় সে চিরকাল অসুখে কাল কর্ত্তন করে। ১১

স্নিগ্ধাঃ সমুন্নতাস্তাম্রাবৃত্তাঃ পাদনখাঃ শুভাঃ।
রাজ্ঞীত্বসূচকং স্ত্রীণাং পাদপৃষ্ঠসমুন্নতিঃ। ১২

যে মহিলার পাদনখ স্নিগ্ধ, উন্নত, তাম্রবর্ণ, বর্ত্তুলাকার ও সুন্দর এবং যাহার চরণের উপরভাগ উন্নত সেই রমণী রাজভার্য্যা হইবে। ১২

যস্যাঃ পদতলে রেখা সা ভবেৎ ক্ষিতিপাঙ্গনা।
ভবেদখণ্ডভোগা চ যা মধ্যাঙ্গুলি সঙ্গতা॥ ১৩

যে রমণীর চরণতলে শুভচিহ্ন আছে সে রাজ্ঞী হইবে। যাহার মধ্যমাঙ্গুলী অন্য অঙ্গুলীর সহিত যোগ থাকে সেই স্ত্রী চিরকাল সুখভোগ করিবে। ১৩

উন্নতোমাংসলোঽঙ্গুষ্ঠোবর্ত্তুলোঽতুলভোগদঃ।
বক্রোহ্রস্বশ্চ চিপিটঃ সুখসৌভাগ্যভঞ্জকঃ॥ ১৪

যে রমণীর অঙ্গুষ্ঠ মাংসল, বর্ত্তুলাকার ও উন্নত সে অতিশয় সৌভাগ্য-শালিনী হয়, যাহার অঙ্গুষ্ঠ বক্র, হ্রস্ব ও চ্যাপটা সে সুখবিহীনা হইয়া থাকে। ১৪

দীর্ঘাঙ্গুলীভিঃ কুলটা কৃশাভিরতিনির্ধনা।
হ্রস্বাভিঃস্যাচ্চ হ্রস্বায়ুর্ভগ্নাভির্ভগ্নবর্ত্তিনী।
চিপিটাভির্ভবেদ্দাসী বিরলাভির্দ্দরিদ্রিণী॥ ১৫

যে রমণীর অঙ্গুলী দীর্ঘাকার সে কুলটা হয়, অঙ্গুলী কৃশ হইলে ধনহীনা আর যদি খর্ব্ব হয় তবে সেই স্ত্রী অল্পদিন জীবিতা থাকে। অঙ্গুলী ভগ্নবৎ হইলে সেই রমণী ভগ্নদশাতে জীবন অতিবাহিত করে, আর অঙ্গুলী যাহার চ্যাপটা সে দাসী হয় এবং পরস্পর অঙ্গুলিসমূহ যাহার বিরল সে দরিদ্রা হইয়া থাকে। ১৫

পরস্পরং যদাঙ্গুল্যঃ সমারূঢ়া ভবন্তি হি।
হত্বা বহূনপি পতীন্ পরপ্রেষ্যা তদা ভবেৎ॥ ১৬

যে স্ত্রীর অঙ্গুলিসমূহ পরস্পর সংযুক্ত থাকে সে বহুপতি বিনষ্ট করিয়া পরের দাসী হয়। ১৬

সমপার্ষ্ণি শুভানারী মৃদুপার্ষ্ণি সুদুর্ভগা।
কুলটোন্নতপার্ষ্ণি স্যাদ্দীর্ঘপার্ষ্ণি চ দুঃখভাক্॥ ১৭

যে রমণীর পার্ষ্ণি (গোড়ালি) সমান সে শুভলক্ষণাক্রান্তা, যাহার

পাৰ্ষ্ণি স্থূল সে সুদুর্ভগা আর যাহার পাৰ্ষ্ণি উন্নত সে কুলটা এবং যাহার পাৰ্ষ্ণি দীর্ঘ সেই রমণী দুঃখভাগিনী হয়। ১৭

বৃত্তং পিশিতসংলগ্নং জানুযুগ্মং প্রশস্যতে।
নির্ম্মাংসং স্বৈরচারিণ্যা দরিদ্রায়াশ্চ বিশ্লথং॥ ১৮

যে রমণীর জানুদ্বয় গোলাকার ও মাংসল, সে সৌভাগ্যান্বিতা হয়, যাহার জানুদ্বয় মাংসহীন এবং শ্লথ সে দরিদ্রা ও দুশ্চারিণী হইয়া থাকে।১৮

বিশিরৈঃ করভাকারৈরুরুভির্ম্মসৃণৈর্ঘনৈঃ।
সুবৃত্তৈরোমরহিতৈর্ভবেয়ুর্ভূপবল্লভা॥ ১৯

যে রমণীর উরুদ্বয় শিরাশূন্য, করিশাবকের শুণ্ডের ন্যায় সুগঠিত, ঘন, মসৃণ, গোলাকার ও রোমশূন্য সেই স্ত্রী ভূপতির প্রিয়তমা হইবে।১৯

চতুর্ভিরঙ্গুলৈঃ শস্তা কটির্ব্বিংশতিসংযুতৈঃ।
সমুন্নতনিতম্বাঢ্যা চতুরস্রা মৃগীদৃশাং॥ ২০

রমণীগণের কটির পরিধি যদি একহস্ত পরিমিত হয় এবং নিতম্ব উন্নত ও মৃসৃণ থাকে তবে সেই স্ত্রী সুলক্ষণাক্রান্তা হইবে। ২০

নিতম্ববিম্বোনারীণামুন্নতোমাংসলঃ পৃথুঃ।
মহাভোগায় সংপ্রোক্তস্তদন্যোঽশর্ম্মদায়কঃ॥ ২১

যে স্ত্রীর নিতম্ব উন্নত, মাংসল ও স্থূল সে অত্যন্ত বিভবশালিনী হয়, কিন্তু ইহার বিপরীত হইলে দুঃখভাগিনী হইয়া থাকে। ২১

উদরেণাতিতুচ্ছেন বিশিরেণ মৃদুত্বচা।
যোষিদ্ভবতি ভোগাঢ্যা নিত্যমিষ্টান্নসেবিনী॥ ২২

যে মহিলার জঠরের চর্ম্ম মৃদু,, উদর কৃশ ও শিরাশূন্য সে মহাসুখভোগ করে এবং সর্ব্বদা মিষ্টান্ন ভোজন করিয়া থাকে। ২২

কুম্ভাকারং দরিদ্রায়া জঠরঞ্চ মৃদঙ্গবৎ॥
কুষ্মাণ্ডাভং যবাভঞ্চ দুস্পূরং জায়তে স্ত্রিয়াঃ। ২৩

যে রমণীর জঠর কুম্ভাকার বা মৃদঙ্গ-সদৃশ সে দরিদ্র হয়, যাহার জঠর কুষ্মাণ্ড তুল্য কি যব-সদৃশ তাহার উদর কেহই পরিপূর্ণ করিতে সক্ষম হয় না।২৩

নির্লোমহৃদয়ং যস্যাঃ সমং নিম্নত্ববর্জ্জিতং।
ঐশ্বর্য্যঞ্চাপ্যবৈধব্যং প্রিয়প্রেমা চ সা ভবেৎ॥ ২৪

যে রমণীর হৃদয় নির্লোম, সমতল আর বক্ষস্থল যাহার নিম্ন নহে—সে ঐশ্বর্য্য শালিনী ও চিরকাল সধবা থাকে এবং পতির প্রিয়তমা হইয়া সুখভোগ করে।২

ঘনৌ বৃত্তৌ পৃথুদৃঢ়ৌ পীনৌ শস্তৌ পয়োধরৌ।
স্থূলাগ্রৌ বিরলৌ সূক্ষ্মৌ বামোরূণাং ন শর্ম্মদৌ॥ ২৫

রমণীগণের স্তনযুগল যদি বর্ত্তুল, উচ্চ, কঠিন ও স্থূলাকার হয়, তবে সেই স্ত্রী প্রশংসনীয়া হয়; আর স্তনযুগ্ম সূক্ষ্মাগ্র ও বিরল হইলে অমঙ্গলের কারণ হইয়া থাকে। ২৫

দক্ষিণোন্নতবক্ষোজা পুত্রিণী স্বগ্রণীর্ম্মতা।
বামোন্নতকুচা সূতে কন্যাং সৌভাগ্যসুন্দরীং॥ ২৬

যে স্ত্রীর দক্ষিণ স্তন উচ্চ সে পুত্রবতী ও গৃহের কর্ত্রী হইয়া সুখে কাল অতিবাহিত করে, আর যাহার বামস্তন উন্নত সে সৌভাগ্যান্বিতা হইয়া সুন্দরীকন্যা প্রসব করে। ২৬

মূলে স্থূলৌ ক্রমকৃশাবগ্রে তীক্ষ্ণৌ পয়োধরৌ।
সুখদৌ বাল্যকালে তু পশ্চাদত্যন্তদুঃখদৌ॥ ২৭

রমণীগণের স্তনমূল স্থূল হইয়া উপরিভাগ যদি পরস্পর কৃশভাবে অগ্রদেশে অতিশয় সূক্ষ্ম হয়, তবে সেই স্ত্রী প্রথম অবস্থায় সুখভোগ করিয়া পরে বহুকষ্ট ভোগ করে। ২৭

অম্ভোজমুকুলাকারমঙ্গুষ্ঠাঙ্গুলিসম্মুখং।
হস্তদ্বয়ং মৃগাক্ষীণাং বহুভোগায় জায়তে॥ ২৮

যে রমণীর করদ্বয়ের অঙ্গুষ্ঠাঙ্গুলির অগ্রদেশ পদ্মকলিকার ন্যায় সে বহু সুখভোগ করিয়া থাকে। ২৮

মৃদু মধ্যোন্নতং রক্তং তলং পাণ্যোররন্ধ্রকং।
প্রশস্তং শস্তরেখাঢ্যমল্পরেখং শুভপ্রদং॥ ২৯

স্ত্রীগণের করতল যদি শোণিতবর্ণ, ছিদ্রশূন্য, কোমল, অল্পরেখাযুক্ত ও শুভরেখা বিশিষ্ট হয় এবং মধ্যস্থল উন্নত থাকে তবে তাহারা সৌভাগ্যশালিনী হইয়া থাকে। ২৯

বিধবা বহুরেখেণ বিরেখেণ দরিদ্রিণী।
ভিক্ষুকী সুশিরাঢ্যেন নারী করতলেন বৈ॥ ৩০

রমণীগণের করতলে বহুরেখা থাকিলে বিধবা হয়, নিয়মিত রেখা না থাকিলে দরিদ্রা হইয়া থাকে; আর যদি করতলে শিরা থাকে তবে সেই রমণী ভিক্ষাদ্বারা জীবন নির্ব্বাহ করে। ৩০

মৎস্যেন সুভগা নারী স্বস্তিকেন তু সুপ্রজাঃ॥
পদ্মেন ভূপতেঃ পত্নী জনয়েৎ ভূপতিং সুতং॥ ৩১

স্ত্রীগণের করতলে মৎস্যরেখা থাকিলে সৌভাগ্যবতী হয়, স্বস্তিকাকার চিহ্ন থাকিলে উত্তমপুত্র প্রসব করে; পদ্মাকার চিহ্ন থাকিলে রাজপত্নী হয় এবং তাহার পুত্রও রাজা হইয়া থাকে। ৩১

অথ বৈবাহিকনক্ষত্রাদি।

রেবত্যুত্তররোহিণীমৃগশিরোমূলানুরাধামঘা
হস্তাস্বাতিষু তৌলিষষ্ঠমিথুনেষূদ্যৎসু পাণিগ্রহঃ।
সপ্তা* ষ্টান্ত্যবহিঃ শুভৈরুড়ুপতাবেকাদশে দ্বিত্রিগে
ক্রূরৈস্ত্র্যায়ষড়ষ্টগৈর্ন তু ভৃগৌ ষষ্ঠে কুজে চাষ্টমে॥ ৩২

অধুনা বিবাহের বিহিত নক্ষত্রাদি কথিত হইতেছে যথা,—রেবতী উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, মৃগশিরা, মূলা, অনুরাধা, মঘা, হস্তা ও স্বাতীনক্ষত্রে, তুলা, কন্যা ও মিথুনলগ্নে বিবাহ প্রশস্ত। যদি লগ্নের সপ্তম, অষ্টম ও দ্বাদশস্থানে শুভগ্রহ না থাকে এবং লগ্নাপেক্ষায় চন্দ্র যদি একাদশ, দ্বিতীয় কি তৃতীয় স্থানে অবস্থিতি করেন আর পাপগ্রহ তৃতীয়, একাদশ, ষষ্ঠ, অষ্টমস্থানে থাকেন তবে শুভপ্রদ হয়; কিন্তু লগ্নের ষষ্ঠস্থানে শুক্র ও অষ্টমস্থানে মঙ্গল থাকিলে নিষিদ্ধ। ৩২

বৈবাহিকনক্ষত্রাদীন্যাহ। রেবতীত্যাদি। রেবত্যুত্তরাদিনক্ষত্রেষু কন্যাতুলামিথুনেষু উদ্যৎসু লগ্নেষু পাণিগ্রহোবিবাহঃ কার্য্যঃ তথা লগ্নাৎ সপ্তাষ্টান্ত্যবহিঃ; স্থিতৈঃ সপ্তাষ্টদ্বাদশস্থানানি বর্জ্জয়িত্বা অন্যত্রস্থিতৈঃ শুভগ্রহৈঃ তথা লগ্নাদেকাদশদ্বিতীয়তৃতীয়গতে চন্দ্রে তথা লগ্নাৎত্র্যায়ষড়ষ্টগৈঃ পাপৈঃ পাণিগ্রহঃ কার্য্য ইত্যন্বয়ঃ। অত্র চ শুক্রস্য ষষ্ঠস্থানেশুভফলদত্বে প্রাপ্তে কুজস্যচাষ্টমে শুভফলদত্বে প্রাপ্তে নিষেধমাহ ন তু ভৃগৌ ষষ্ঠে কুজেচাষ্টমে ইতি। ৩২

দম্পত্যোর্দ্বিনবাষ্টরাশিরহিতে দারানুকূলে রবৌ
চন্দ্রে চার্ককুজার্কিশুক্রবিযুতে মধ্যেঽথবা পাপয়োঃ।
ত্যক্ত্বা চ ব্যতীপাতবৈধৃতিদিনংবিষ্টিঞ্চ রিক্তাং তিথিং
ক্রূরাহায়ণচৈত্রপৌষরহিতে লগ্নাংশকে মানুষে॥ ৩৩

দম্পতীর অর্থাৎ বর ও কন্যার দ্বিদ্বাদশ, নবম, পঞ্চম ও ষড়ষ্টকাদি না থাকিলে বরের রবিশুদ্ধি ও কন্যার চন্দ্রশুদ্ধ থাকিলে এবং রবি, মঙ্গল শনি ও শুক্রের সহিত কিম্বা পাপদ্বয়ের মধ্যে চন্দ্র অবস্থিত না হইলে আর ব্যতীপাত, বৈধৃতি, বিষ্টিকরণ, রিক্তাতিথি, পাপগ্রহের বার দক্ষিণায়ন চৈত্র ও পৌষমাস ত্যাগ করিয়া দ্বিপদলগ্নের নবাংশে বিবাহ প্রশস্ত হয়। ৩৩

সংক্ষেপেণ দম্পত্যোর্য্যোটকাদীন্যাহ। দম্পত্যোরিতি। দম্পত্যোরন্যোঽন্যং দ্বিনবাষ্টরাশি রহিতে রহিতস্থিতি ভাবে ক্তঃ দ্বিদ্বাদশ নবপঞ্চক ষড়ষ্টক রাশিযোটক ত্যাগে সতি পাণিগ্রহঃ

* লগ্নাদিস্থানেন সপ্তাদিনা সম্বন্ধ ইত্যর্থঃ।

কার্য্যঃ ইতি পূর্ব্বশ্লোকেনান্বয়ঃ। রবৌ দারস্থ বরস্থানুকূলে সতি তথা তির্য্যকিরণঞ্চ পুংসইত্যুক্ত মেব তথা চাভিধানং স্যাদ্দারকোমানবক ইতি। চন্দ্রে চ শনিকুজরবিশুক্রযোগরহিতে সতি কেচিত্ত্ব সর্ব্বগ্রহাযুক্ত ইত্যাহুঃ। যথা রাজমার্ত্তণ্ডে। দারিদ্র্যং রবিণা কুজে চ মরণং সৌম্যেন নষ্টপ্রজা দৌর্ভাগ্যং গুরুণা সিতেন চন্দ্রে চ সাপত্নাকং। প্রব্রজ্যার্কসুতেন সেন্দুজগুরৌ বাঞ্ছন্তি কেচিচ্ছুভং দ্ব্যাদৌর্ম্মূর্ত্তারসদ্গ্রহৈঃ শুভদৃষ্টৈর্দ্দীর্ঘপ্রবাসোঽপি বা। তথা রাহুযুক্তশ্চন্দ্রোঽপি ন শুভঃ যথা রাজমার্ত্তণ্ডে। রাহুসমেতে চন্দ্রে প্রাপ্তা পাণিগ্রহস্তু যা কন্যা। পরপুরুষাসক্তহৃদয়া নীচৈরপি প্রয়াতি সংসর্গমিতি। অথ বা শব্দঃ সমুচ্চয়ে চন্দ্রে চ পাপয়োর্ম্মধ্যে স্থিতে সতি বিবাহো ন কার্য্য ইত্যর্থঃ। যথা, তত্রৈব সক্রুরে বা শশিনি ক্রুরদ্বয়মধ্যগে বিলগ্নে বা শুভকর্ম্মাণি শুভেচ্ছুনৈবোপদিশেন্নরেন্দ্রাণাং। তথা ব্যতীপাতবৈধৃতিযোগযুক্তদিনং ত্যক্ত্বা বিষ্টিকরণং রিক্তাতিথিঞ্চ ত্যক্ত্বা পাণিগ্রহঃ কার্য্য ইত্যন্বয়ঃ। অত্র চ নন্দায়াং ভার্গবদিনে ত্রয়োদশ্যাং ত্রিজন্মনি। অত্র শ্রাদ্ধং ন কুর্ব্বীত পুত্রদারধনক্ষয়াদিতি সাবকাশ শ্রাদ্ধনিষেধাৎ নন্দাতিথৌ ত্রয়োদশ্যাঞ্চ শ্রাদ্ধাসম্ভবে বিবাহোনিষিদ্ধ ইত্যর্থঃ ক্রুরাহায়ণচৈত্রপৌষরহিত ইতি ক্রুরাহায়ণচৈত্রপৌষাণাং রহিতে ত্যাগে সতীত্যর্থঃ। ক্রুরাহাঃ পাপগ্রহবারাঃ এতেন সোমবুধ গুরুশুক্রবারাঃ প্রশস্তা ইত্যর্থঃ। অত্র চ নন্দায়াং ভার্গবদিনে ইত্যাদিনা সাবকাশশ্রাদ্ধ নিষেধেঽপি শুক্রবারে বিবাহ কার্য্যঃ। শুক্রবারস্য শব্দোপস্থিতে তত্তদ্বিধি বৈয়র্থ্যাপত্তেঃ। পশুপতিদীপিকায়াং পৌষ্ণানুরাধমঘরোহিণীমূলহস্তাঃ স্বাত্যুত্তরামৃগশিরশ্চ শুভবিবাহে। বারাস্তথা বুধবৃহস্পতিশুক্রশ্চন্দ্রা রিক্তেতরাশ্চ তিথয়ঃ খলু বিষ্টিহীনাঃ। এতেন যত্র সামান্যবিধিস্তত্র সাবকাশ শ্রাদ্ধনিষেধঃ। যত্র চ শব্দোবিশেষ বিধিস্তত্র কর্ত্তব্যমেবেতি নির্গলিতার্থঃ। তথা ক্রুরাহস্যায়নং সঞ্চারদিনং কেচিত্ত্ব ক্রুরায়ণং দক্ষিণায়নমিত্যাহুঃ তত্র পৌষনিষেধস্য বার্থত্বাদিতি তথা পৌষচৈত্রমাসয়োস্ত্যাগে সতীত্যর্থঃ॥ রাজমার্ত্তণ্ডে। "মাঙ্গল্যেষু বিবাহেষু কন্যাসম্বরণেষু চ। দশমাসাঃ প্রশস্যন্তে চৈত্রপৌষ বিবর্জ্জিতাঃ" ॥ কেচিত্তু যাম্যায়নে নিষেধমাহুঃ যথা তত্রৈব। উক্তা দক্ষিণমার্গগে দিনপতৌ নৈবপ্রতিষ্ঠাং ব্রজেৎ কন্যেত্যাহ সমস্ত-শাস্ত্রকুশলোবৈদ্যামুনীনাং মতং। সাধ্বী ত্তুত্তরমার্গগে সুতধনোপেতা বিহায়াপরে চৈত্রং পৌষ-যুতং হরেশ্চ শয়নং শেষং জগুঃ শোভনমিতি। অত্র চ মুনিমতদ্বৈধে বৈকল্পিক এব শাস্ত্রার্থো ষোড়শীগ্রহণাগ্রহণবদিতি অত্র চ কন্যাযাবৎসরশুদ্ধিমাহ রাজমার্ত্তণ্ডে। মাসত্রয়াদূর্দ্ধমযুগ্মবর্ষ ইত্যাদি।" অষ্টবর্ষা ভবেদ্গৌরী নববর্ষাতু রোহিণী দশবর্ষা ভবেৎ কন্যা পরতস্তুরজস্বলা। ( নব-বর্ষাতুকন্যকা। সংপ্রাপ্তে দ্বাদশবর্ষে ইতিতুপাঠঃ ) মাতা চৈব পিতা চৈব জ্যেষ্ঠভ্রাতা তথৈব চ ত্রয়স্তে নরকং যান্তি দৃষ্ট্বা কন্যাং রজস্বলাং ॥ যস্তাং বিবাহয়েৎ কন্যাং ব্রাহ্মণোমদমোহিতঃ। অসম্ভাষ্যোহ্যপাঙ্‌ক্তেয়ঃ স বিপ্রোবৃষলীপতিঃ"। অতিপ্রৌঢ়ায়াস্তু কালানিয়মমাহ। অতি প্রৌঢ়া তু যা কন্যা নানুকূলং প্রতিক্ষত ইতি। লগ্নাংশকে মানুষ ইতি কন্যাতুলামিথুনলগ্নে তন্নবাংশে চ পাণিগ্রহঃ কার্য্য ইত্যর্থঃ। সৌভরিণা তু কুম্ভধনুষোরপ্যুক্তং তদশুদ্ধং কন্যাতুলাভৃন্মিথুনেষু সাধ্বী শেষেষ্বসাধ্বী ধনবর্জ্জিতেতি বক্ষ্যমাণত্বাৎ উক্তঞ্চ তৌলিষষ্ঠমিথুনেষুদ্যৎস্বিতি। ৩৩

## অথনিষিদ্ধমাসকথনং।

আষাঢ়ে ধনধান্যভোগরহিতা নষ্টপ্রজা শ্রাবণে
বেশ্যা ভাদ্রপদে ইষে চ মরণং রোগান্বিতা কার্ত্তিকে।

পৌষে প্রেতবতী বিয়োগবহুলা চৈত্রেমদোন্মাদিনী
অন্যেষেব বিবাহিতা পতিরতা নারী সমৃদ্ধা ভবেৎ॥ ৩৪

বিবাহের নিষিদ্ধ মাস কথিত হইতেছে যথা,—আষাঢ়মাসে কন্যার বিবাহ হইলে ধনধান্য-ভোগ বর্জ্জিতা হয়, শ্রবণমাসে বিবাহ হইলে সন্তান বিনষ্ট হইয়া থাকে। এইরূপ ভাদ্রমাসে বেশ্যা, আশ্বিনে মৃত্যু, কার্ত্তিকে রোগবতী, পৌষে প্রেতগা ও বিয়োগান্বিতা এবং চৈত্রমাসে বিবাহ হইলে সেই কন্যা মদনোন্মত্তা হয়। বৈশাখ, জ্যৈষ্ঠ, অগ্রহায়ণ, মাঘ ও ফাল্গুনমাসে বিবাহিতাকন্যা পতিপরায়ণা ও সমৃদ্ধিশালিনী হইয়া থাকে। ৩৪

অথ প্রশস্তমাসাঃ।

মাঘফাল্গুনবৈশাখজ্যৈষ্ঠমার্গাঃ শুভাবহাঃ।
উক্তস্তথৈব চাষাঢ়ঃ কথিতঃ শুভদোবুধৈঃ॥ ৩৫

মতান্তরে কথিত হইয়াছে যে, মাঘ, ফাল্গুন, বৈশাখ, জ্যৈষ্ঠ, অগ্রহায়ণ ও আষাঢ়মাস বিবাহে শুভ দায়ক। ৩৫

অথ প্রশস্তাপ্রশস্তবারকথনং।

গুরুশুক্রবুধেন্দুনাং দিনেষু সুভগা ভবেৎ। *
সূর্য্যার্কিভূমিপুত্রাণাং দিনেষু কুলটা মতা॥ ৩৬

বিবাহের শুভাশুভবার কথিত হইতেছে। বৃহস্পতি শুক্র, বুধ ও সোমবারে কন্যা সৌভাগ্যশালিনী হয় আর রবি, শনি ও মঙ্গলবারে বিবাহিতা কন্যা কুলটা হইয়া থাকে। ৩৬

অপরঞ্চ।

অঙ্গারকদিনে চৈব যা কন্যা পরিণীয়তে।
ন তৃপ্তিং পুরুষৈর্যাতি কাষ্ঠৈরিব হুতাশনঃ॥ ৩৭

বচনান্তরে কথিত হইয়াছে। মঙ্গলবারে যদি কন্যার বিবাহ হয় তাহা হইলে কাষ্ঠদাহ করিয়া অগ্নি যেরূপ তৃপ্ত হয় না, বিবাহিতা কন্যাও তদ্রূপ পুরুষদ্বারা তৃপ্তিলাভ করিতে পারে না। ৩৭

অন্যচ্চ।

অর্কার্কিভূমিপুত্রাণাং দিনেষু কলহপ্রিয়া।
সাপত্ন্যং সমবাপ্নোতি তুষারকরবাসরে॥ † ৩৮

* গুরুশুক্রবুধাহেষু বিবাহঃ শুভদঃ সদা ইতি।

† অঙ্গারকদিনে নারী কান্তং দৃষ্টা পলায়তে। সূর্য্যপুত্রদিনে চৈব ধনপুত্রবিনাশিনী ইতি। উষ্ণাচার্কদিনে কন্যা দুষ্টা ভবতি নিশ্চিতং ইতি চ।

গ্রন্থান্তরে কথিত হইয়াছে।—রবি, শনি ও মঙ্গলবারে বিবাহিতা কন্যা কলহকারিণী হয় এবং সোমবারে বিবাহিতা কন্যার সপত্নী হইয়া থাকে। ৩৮

**অথ তিথিকথনং।**

**অমাবস্যায়াং রিক্তাসু করণে বিষ্টিসংজ্ঞকে।**
**যঃ করোতি বিবাহং স শীঘ্রং যাতি যমালয়ং। * ৩ঃ**

অমাবস্যা রিক্তা (চতুর্থী নবমী ও চতুর্দ্দশী) এবং বিষ্টিভদ্রা তিথিতে যে ব্যক্তি বিবাহ করে সে অচিরেই শমনসদনে গমন করিয়া থাকে। ৩৯

**রিক্তাসু বিধবা কন্যা দর্শেঽপি স্যাদ্বিবাহিতা।**
**শনৈশ্চরদিনে চৈব যদি রিক্তাতিথির্ভবেৎ।**
**তস্যাং বিবাহিতা কন্যা পতিসন্তানবর্দ্ধিনী॥ ৪০**

ইতি সৎকৃত্যমুক্তাবল্যাং।

রিক্তা ও অমাবস্যাতিথিতে বিবাহিতা কন্যা বিধবা হয়, কিন্তু শনিবারে যদি রিক্তা তিথি হয় তবে তাহাতে কন্যার বিবাহ হইলে সেই কন্যা পতিসমক্ষে বহুসন্তান প্রসব করিয়া থাকে। † ৪০

**তিথিশ্চতুর্থী নবমী চতুর্দ্দশী তথাষ্টমী দেব! কুহুদিনঞ্চ।**
**বিষ্টিব্যতীপাতদিবাবিবাহে বৈধব্যমাপ্নোত্যপি দেবকন্যা॥ ৪১**

**ইতি কৃত্যচিন্তামণৌ।**

কৃত্যচিন্তামণিগ্রন্থে লিখিত আছে যে—চতুর্থী, নবমী, চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, বিষ্টিভদ্রা তিথি, ও ব্যতীপাতযোগে এবং দিবাভাগে বিবাহিতা নারী দেবকন্যা হইলেও তাহার বৈধব্যযন্ত্রণা ঘটে। ৪১

**অথ নক্ষত্রকথনং।**

**পূর্ব্বাত্রয়ে বিশাখায়াংশিবাদ্যভচতুষ্টয়ে।**
**উঢ়া চাশু ভবেৎ কন্যা বিধবাতোবিবর্জ্জয়েৎ॥ ‡ ৪২**

ইতি ভীমপরাক্রমে।

---

* তিথয়ঃ প্রতিপদ্দর্শাষ্টমীরিক্তাং বিনা শুভাঃ ইতি। প্রতিপৎদুঃখ জননী দ্বিতীয়াপ্রীতিবর্দ্ধিনী। সৌভাগ্যদা তৃতীয়া চ চতুর্থী চার্থনাশিনী। পঞ্চম্যাং সুখবিত্তানি ষষ্ঠী বিত্তপ্রদায়িনী। বিদ্যাশীলসুখাপ্তিঃস্যাৎ সপ্তম্যামফলাষ্টমী। নবমী শোকফলদা আনন্দোদশমীদিনে। সুখদৈকাদশী চৈব সফলা দ্বাদশী স্মৃতা। মানপুত্রৌ ত্রয়োদশ্যাং চতুর্দ্দশ্যৌ তু দোষদে। ফলং বহুবিধং নিত্যং পঞ্চদশ্যাং বিশেষতঃ ইতি চ।

† মঙ্গলবারে জয়া (ত্রয়োদশী, অষ্টমী বা তৃতীয়াতিথি) হইলে অষ্টমী তিথিরদোষ গ্রাহ্য হয় না।

‡ মূলামঘানুরাধা চ রোহিণ্যুত্তররেবতী। হস্তা মৃগশিরঃ স্বাতী বিবাহে চ সুশোভনা। ইতি প্রশস্তনক্ষত্রকথনং।

পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, বিশাখা আর্দ্রা, পুনর্ব্বসু, পুষ্যা ও অশ্লেষানক্ষত্রে বিবাহিতা কন্যা শীঘ্রই বিধবা হয় অতএব ঐ সকল নক্ষত্রে বিবাহ নিষিদ্ধ। ৪২

বিষ্ণু ভাদ্যে ত্রিকে চিত্রে জ্যেষ্ঠায়াং জ্বলনে ত্রিকে। *
এভির্ব্বিবাহিতা কন্যা ভবত্যেব সুদুঃখিতা॥ ৪৩

শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, চিত্রা, জ্যেষ্ঠা, অশ্বিনী, ভরণী ও কৃত্তিকা নক্ষত্রে বিবাহিতা কন্যা অত্যন্ত দুঃখভাগিনী হয়। ৪৩

কন্যায়াঃ পাণিং গৃহ্নীয়াত্রিষুত্রিষূত্তরাদিষু।
স্বাতৌ মৃগশিরোরোহিণ্যাং বা॥ † ৪৪

ইতি পারস্করঃ।

পারস্কর কহিয়াছেন—উত্তরফল্গুনী, হস্তা, চিত্রা, উত্তরাষাঢ়া, শ্রবণা, ধনিষ্ঠা, উত্তরভাদ্রপদ, রেবতী, অশ্বিনী, স্বাতী, মৃগশিরা ও রোহিণী এই সকল নক্ষত্রে কন্যার বিবাহ দিবে। চিত্রা, শ্রবণা, ধনিষ্ঠা ও অশ্বিনী নক্ষত্রে যজুর্ব্বেদীয় বিবাহ হইতে পারে। কেহ কেহ যজুর্ব্বেদীর আপৎ কালে ঐ নক্ষত্র চতুষ্টয়ের ব্যবস্থা করেন। ৪৪

### অথ গণ্ডপাদবর্জ্জনকথনং।

আদ্যে মঘাচতুর্ভাগে নৈঋতস্যাদ্য এব চ।
রেবত্যাস্তচতুর্ভাগে বিবাহঃ প্রাণনাশকঃ॥ ‡ ৪৫

বিবাহে বিহিত নক্ষত্র—মঘা, মূলা ও রেবতীর বিশেষ কথিত হইতেছে যথা—মূলানক্ষত্রের প্রথমপাদে এবং রেবতীর শেষপাদে বিবাহ হইলে প্রাণনাশ হয়, অতএব মঘা ও মূলানক্ষত্রের আদ্যপাদ এবং রেবতীর অন্তপাদ পরিত্যাগ করিয়া বিবাহ দিবে। ৪৫

গণ্ডপাদবর্জ্জনমাহ। আদ্য ইতিঃ। মঘায়াআদ্যে চতুর্থভাগে প্রথমপাদে নৈঋতস্য মূলায়াশ্চ প্রথমে পাদে রেবত্যা অন্তপাদে বিবাহঃ প্রাণনাশকঃ অন্যেষাস্তু গণ্ডানামবৈবাহিক-নক্ষত্রত্বেন স্বতএব নিষেধ ইতি। ৪৫

* জ্বলনে ত্রিকে জ্বলনাস্তত্রিকে ইত্যর্থঃ ইতি মাধবাচার্য্যঃ। জ্বলনে যমে ইত্যপি ক্বচিৎপাঠঃ।

† চিত্রাশ্রবণাধনিষ্ঠাশ্বিনীনক্ষত্রং যজুর্ব্বেদিবিষয়মাপদ্বিষয়ঞ্চেতি। সৎকৃত্যমুক্তাবল্যাং।

‡ মাসান্তে ম্রিয়তে কন্যা তিথ্যন্তে স্যাদপুত্রিণী। নক্ষত্রান্তে চ বৈধব্যং বর্ষান্তে বর্গনাশনং॥

### অথ ত্যাজ্যযোগকথনং।

ব্যাঘাতশূলে পরিঘাতিগণ্ডে গণ্ডে ব্যতীপাতপুরন্দরান্তে।
পাণিগ্রহং যো বিদধাতি শীঘ্রং যমালয়ং যাতি সবৈধৃতৌ চ ॥৪৬ *
ইতি জ্যোতিষতত্ত্বে।

বিবাহে নিত্যযোগের মধ্যে কোন্ যোগ ত্যাজ্য তাহা কথিত হইতেছে—ব্যাঘাত, শূল, পরিঘ, অতিগণ্ড, গণ্ড, ব্যতীপাত, ইন্দ্র ও বৈধৃতিযোগে বিবাহ হইলে শীঘ্রই যমসদনে যাইতে হয় অতএব উক্ত সকল যোগে বিবাহ করিবে না। ৪৬

কুলচ্ছেদোব্যতীপাতে পরিঘে স্বামিঘাতিনী।
বৈধৃতৌ বিধবা নারী বিষদাহোঽতিগণ্ডকে।
ব্যাঘাতে ব্যাধিসংঘাতঃ শোকার্ত্তা হর্ষণে তথা।
শূলে চ ব্রণশূলং স্যাদ্‌গণ্ডে রোগভয়ং তথা ॥
বিষ্কুম্ভেঽপ্যহিদংশঃ স্যাদ্‌বজ্রকে মরণং ভবেৎ।
এতে বৈ দারুণাঃ সর্ব্বে দশযোগাঃ প্রকীর্ত্তিতাঃ ॥ ৪৭
ইতি রত্নমালায়াং।

রত্নমালাগ্রন্থে লিখিত আছে যে—ব্যতীপাতযোগে বিবাহ হইলে কুলচ্ছেদ হয়, পরিঘযোগে স্বামি-নিধন, বৈধৃতিতে বিধবা, অতিগণ্ডে বিষদাহ, ব্যাঘাতে রোগ-সমূহ, হর্ষণে শোক, শূলে ব্রণ ও শূলরোগ, গণ্ডে রোগভয়, বিষ্কুম্ভে সর্পদংশন এবং বজ্রযোগে বিবাহ হইলে মৃত্যু হইয়া থাকে। এই দশটি যোগ অতিশয় ভয়ানক, ইহাতে কদাচও বিবাহ করিবে না। ৪৭

### অথ লগ্নকথনং।

কন্যাতুলাভৃমিথুনেষু সাধ্বী শেষেষ্বসাধ্বী ধনবর্জ্জিতা চ।
নিন্দ্যেঽপি লগ্নে দ্বিপদাংশ ইষ্টঃ কন্যাদিলগ্নেষ্বপি নান্যভাগঃ ॥ ৪৮

কন্যা, তুলা ও মিথুনলগ্নে বিবাহিতা কন্যা সাধ্বী হয়, বৃশ্চিক, ধনু, মকর, কুম্ভ, মীন, মেষ, বৃষ, কর্কট ও সিংহলগ্নে বিবাহিতা কন্যা অসাধ্বী হইয়া থাকে ; কিন্তু ইহাদের মধ্যে বিশেষ এই—কন্যা, তুলা ও মিথুনলগ্নের দ্বিপদাংশ † ইষ্ট ফলদায়ক হইয়া সাধ্বীত্ব প্রদান করে এবং অন্য ভাগে কেবল সাধ্বীত্ব প্রদান করিয়া

* বৈধৃতিকৈঃ পরিণীতা বিকলেন্দ্রিয়া ব্যতীপাতে। বিষ্ট্যাং মরণং নিত্যং সুভগাঃ ষট্‌স্বপি করণেষু। ধ্রুবগণৈঃ শকুনাদ্যৈঃ পরিগ্রহাদ্ ধ্রুবং মৃত্যুং।

† মিথুন, তুলা, কুম্ভ, কন্যা ও ধনুর পূর্ব্বার্দ্ধের নাম দ্বিপদ ইহাদিগের নবাংশকে দ্বিপদাংশ বলা যায়।

থাকে। আর নিন্দ্যলগ্নের মধ্যে ও দ্বিপদাংশ ইষ্টফল প্রদান করে; কিন্তু কন্যাদিলগ্নের সদ্ভাব হইলে অন্য লগ্নের দ্বিপদাংশ শুভদ হয় না। ৪৮

বিহিতলগ্ননবাংশানাহ। কন্যেতি। নিন্দ্যে লগ্নে কন্যাদিব্যতিরিক্তলগ্নে দ্বিপদানাং কন্যাদীনাং নবাংশ ইষ্টঃ। কন্যাদিলগ্নাভাবে তন্নবাংশে বা কর্ত্তব্যমিত্যর্থঃ। তথা কন্যাদিলগ্নেষ্বপি অন্যনবাংশে ন কার্য্যঃ কিন্তু তেষাং নবাংশ এব। ৪৮

অপরঞ্চ।

ব্যূঢ়া ধনুষি কুলটা তৎপূর্ব্বার্দ্ধে সতীত্যপরে জগুঃ॥ ৪৯

ধনুলগ্নের পরার্দ্ধে বিবাহিতা কন্যা কুলটা হয়, কিন্তু পূর্ব্বার্দ্ধে বিবাহ হইলে সতী হইয়া থাকে। ৪৯

অন্যচ্চ।

কন্যাতুলামন্মথাংশে ভবেৎ পাণিগ্রহোযদি।
তদ্দ্রেক্কাণে চ কন্যায়াবৈধব্যং মরণং ভবেৎ॥ ৫০

গ্রন্থান্তরে লিখিত আছে যে—কন্যা, তুলা ও মিথুনের স্বীয় স্বীয় নবাংশে এবং স্ব স্ব দ্রেক্কাণে কন্যা পরিণীতা হইলে তাহার বৈধব্য যন্ত্রণা ও মরণ ঘটিয়া থাকে, অতএব কন্যাদিলগ্নের স্ব স্ব নবাংশে ও দ্রেক্কাণে বিবাহ নিষিদ্ধ। ৫০

অথ যুতযামিত্রবেধাদিবর্জ্জনকথনং।

পঞ্চ পাণিগ্রহে দোষাবর্জ্জনীয়াঃ প্রযত্নতঃ।
বৈধব্যং কুলটা মৃত্যুর্দ্দারিদ্র্যমনপত্যতা॥
যুতযামিত্রবেধৌ চ তথা সপ্তশলাকজঃ।
ইন্দস্টমগতঃ পাপঃ খর্জ্জুরশ্চাপি পঞ্চমঃ॥ ৫১

পাণিগ্রহণে যুতবেধ, যামিত্রবেধ, সপ্তশলাক, ইন্দ্বষ্টমগতপাপ ও খর্জ্জুরবেধ এই পাঁচটি যোগ অবশ্যই বর্জ্জনীয়; যেহেতু যুতবেধে বৈধব্য প্রাপ্তি, যামিত্রবেধে কুলটাদোষ, সপ্তশলাকায় মৃত্যু, ইন্দ্বষ্টমগতপাপে দরিদ্রতা ও খর্জ্জুরবেধে বিবাহ হইলে বন্ধ্যাত্ব প্রাপ্ত হইয়া থাকে। ৫১

অথ যামিত্রবেধঞ্চ।

রবিমন্দকুজাক্রান্তং মৃগাঙ্কাৎ সপ্তমং ত্যজেৎ।
চূড়াবিবাহযাত্রাসু গৃহকর্ম্মপ্রবেশনে॥ ৫২

চন্দ্র যে রাশিতে অবস্থিত সেই স্থান হইতে সপ্তমরাশিতে যদি রবি, শনি কিম্বা মঙ্গল বাস করেন তাহা হইলে যামিত্রবেধ হয়, ইহাতে চূড়া, বিবাহ, গৃহারম্ভ ও গৃহপ্রবেশ নিষিদ্ধ। ৫২

সপ্তমস্থে পাপে চন্দ্রবেধমাহ। রবীতি। যস্য চন্দ্রস্য সপ্তমে রবিঃ শনিঃ কুজো বা তিষ্ঠতি তং চন্দ্রং বিবাহাদিষু বর্জ্জয়েদিতি তাৎপর্য্যং। তথা চ রাজমার্ত্তণ্ডে। পাপাৎসপ্তমগঃ শশীইত্যাদি।

মিত্রগৃহাদৌ দোষাভাবমাহ। রাজমার্ত্তণ্ডঃ। মিত্রাশ্রমে মিত্রসমীক্ষিতো বা মিত্রাংশকে মিত্রসমাশ্রিতো বা। ক্রূরগ্রহাদস্তগতোঽপি সোমঃ সমীহিতার্থং বিতরেন্নরাণাং॥ তথা যাতঃ স্বমিত্রভবনে সুহৃদীক্ষিতো বা ভাস্বন্ময়ূখবিমলীকৃতদিঙ্মুখো বা। যামিত্রদোষমপহৃত্য পরং করোতি সোমঃ সমীহিতফলং খলু মানবানাং॥ ৫২

**যামিত্রসংস্থে ম্রিয়তে মহীজে প্রজাবিহীনা কুলটা চ সূর্য্যে।**

**সুরারিপূজ্যে রজনীকরে বা কন্যান্যরক্তা পতিঘাতিনী চ॥ ৫৩**

ইতি সারসংগ্রহধৃতবচনং।

যামিত্রস্থানে (চন্দ্রের সপ্তমে) মঙ্গল থাকিলে মৃত্যু হয়, এইরূপ রবি থাকিলে সন্তানহীনা ও ব্যভিচারিণী এবং চন্দ্র শুক্রের সহিত যুক্ত থাকিলে নারী পরপুরুষের বশীভূতা হইয়া স্বামিবধ করিয়া থাকে। এই বচনটি দীপিকাতে বিবাহ-প্রশ্ন সম্বন্ধে লিখিত হইয়াছে। ৫৩

যোগান্তরমাহ। যামিত্রেতি। সপ্তমস্থে মঙ্গলে কন্যা ম্রিয়তে সূর্য্যে সপ্তমস্থে পুত্রবিহীনা কুলটা চ স্যাৎ কুলটাত্বঞ্চ লগ্নে সূর্য্যেচেতি বোদ্ধব্যং। তথা চ দৈবজ্ঞবল্লভায়াং। দিবসমণিঃ সপ্তমগোলগ্নাৎ কন্যাঃ মৃতপ্রজাঃ কুর্য্যাৎ। কুলটামুদয়োপগতঃ কুরুতে নৈবাত্র সন্দেহঃ। রজনীকরে বেতি বা শব্দঃ সমুচ্চয়ে শুক্রে চন্দ্রে মিলিত্বা সপ্তমস্থে পরপুরুষগামিনী পতিঘাতিনী চ স্যাৎ। তথা চ দৈবজ্ঞবল্লভায়াং। সক্রূরৌ কুরুতোঽমৃতাংশু শশিজৌ ষষ্ঠে স্ত্রিয়ং দুর্ভগাং কুর্ব্বতে শশিভার্গবৌ চ কুলটামায়ে চ জায়াস্থিতাবিতি। ৫৩

**অথ যামিত্রবেধপ্রতিপ্রসবমাহ।**

**যস্মিন্নৃক্ষে বসেচ্চন্দ্রস্তস্মাদৃক্ষে চতুর্দ্দশে।**

**পাপগ্রহে স্থিতে চৈব যামিত্রবেধ ইষ্যতে॥ ৫৪**

ইতি সারসংগ্রহে।

যামিত্রবেধের প্রতিপ্রসব কথিত হইতেছে, যে নক্ষত্রে চন্দ্র অবস্থিত, সেই নক্ষত্র হইতে চতুর্দ্দশনক্ষত্রে যদি পাপগ্রহ বাস করে তাহা হইলেই যামিত্রবেধ হইবে। ৫৪

**মূলত্রিকোণনিজমন্দিরগোঽথপূর্ণমিত্রর্ক্ষসৌম্যগৃহগোঽথ তদীক্ষিতো বা।**

**যামিত্রবেধবিহিতানপরাত্যদোষান্ দোষাকরঃ সুখমনেকবিধং বিধত্তে॥ ৫৫**

চন্দ্র যদি মূলত্রিকোণে * কি স্বীয়গৃহে (কর্কটে) অবস্থিত, পূর্ণাবস্থা প্রাপ্ত, মিত্র (রবি কি বুধের) গৃহে অবস্থিত, অথবা শুভগ্রহের ক্ষেত্রে অবস্থিত কিম্বা শুভগ্রহ কর্ত্তৃক অবলোকিত হন, তাহা হইলে যামিত্রবেধের দোষ সমূহ বিনষ্ট ও শুভফল হইয়া থাকে। ৫৫

**অথ যামিত্রযুক্তবেধঃ।**

**পাপাৎ সপ্তমগঃ শশী যদি ভবেৎ পাপেন যুক্তোঽথ বা**

**যত্নেনাশু বিবর্জ্জয়েন্মুনিমতোদোষোঽপ্যয়ং কথ্যতে।**

---

* চন্দ্রের মূলত্রিকোণ বৃষরাশি।

যাত্রায়াং বিপদোগৃহে সুতবধঃ ক্ষৌরে চ রোগোদ্ভবঃ।
চোদ্বাহে বিধবা ব্রতে চ মরণং শূলঞ্চ পুংকর্ম্মণি॥ ৫৬

ইতি সারসংগ্রহে।

যামিত্রযুতবেধ কথিত হইতেছে—পাপগ্রহ হইতে সপ্তমস্থানে যদি চন্দ্র অবস্থিত হন তাহা হইলে যামিত্রবেধ হয়; আর পাপগ্রহের সহিত যুক্ত হইলে যুতবেধ হইয়া থাকে। যুতবেধে যাত্রা করিলে অনিষ্ট, গৃহারম্ভে পুত্রহানি, চূড়াকর্ম্মে রোগ, বিবাহে বৈধব্য, উপনয়নে মরণ এবং পুংসবন করিলে শূল-রোগ জন্মিয়া থাকে। অতএব উক্ত সকল কার্য্য যুতবেধ থাকিলে কখনই করিবে না। ৫৬

অন্যচ্চ।

যত্র রাশৌ ভবেচ্চন্দ্রোঽশুভগ্রহো যদা ভবেৎ।
যুতদোষস্তদাজ্ঞেয়ো বিনা শুক্রং শুভে শুভং॥ ৫৭

ইতি জ্যোতিঃসারে।

গ্রন্থান্তরে যুতবেধ কথিত হইতেছে—যে রাশিতে চন্দ্র অবস্থিত সেই স্থানে অশুভ গ্রহ অবস্থান করিলে যুতবেধ হয়; আর শুক্র ভিন্ন শুভগ্রহ চন্দ্রযুক্ত থাকিলে শুভপ্রদ হইয়া থাকে। ৫৭

ফলম্।

রবিণা সংযুতে হানির্ভৌমেন নিধনং শশী।
করোতি মূলনাশঞ্চ রাহুকেতুশনৈশ্চরৈঃ॥ ৫৮

ইতি জ্যোতিঃসারে।

যুতবেধের ফল কথিত হইতেছে—চন্দ্র রবিযুক্ত হইলে হানি, মঙ্গলযুক্ত থাকিলে মৃত্যু এবং রাহু, কেতু কি শনৈশ্চরযুক্ত হইলে মূলনাশ হইয়া থাকে।৫৮

অথ যুতযামিত্রাদীনাং প্রতিপ্রসবঃ।

বৃষাজালিধনুঃকর্কিসিংহমীনে চ চন্দ্রমাঃ।
ন দোষঃ পাপয়োর্ম্মধ্যে যুতযামিত্রয়োরপি॥ ৫৯ *

বৃষ, মেষ, বৃশ্চিক, ধনু, কর্কট, সিংহ কি মীনরাশিতে চন্দ্র থাকিলে যদি যুতবেধ কি যামিত্রবেধ হয় তবে তাহাতে দোষ হইবে না; আর পাপদ্বয়মধ্য-গত চন্দ্র যদি উক্ত সকল রাশিতে অবস্থিত হন তাহাও দোষকর নহে।৫৯

স্বক্ষেত্রগঃ স্বোচ্চগো বা মিত্রক্ষেত্রগতোযদি।
যুতিদোষায় ন ভবেদ্দম্পত্যোঃ শ্রেয়সে সদা॥

ইতি গ্রন্থান্তরে যুতবেধপ্রতিপ্রসবঃ।

## অথ সপ্তশলাকবেধঃ।

কৃত্তিকাদিচতুঃসপ্তরেখারাশৌ পরিভ্রমন্।
গ্রহশ্চেদেকরেখস্থোবেধঃ সপ্তশলাকজঃ॥ ৬০

ইতি দীপিকায়াং।

কৃত্তিকাদি অষ্টাবিংশতিরেখাতে চন্দ্র নিয়তই ভ্রমণ করেন কিন্তু চন্দ্রাতিরিক্ত গ্রহ যদি কর্ম্মকালীননক্ষত্রে কি তাহার বেধনক্ষত্রে অবস্থিতি করেন তবে সপ্তশলাক বেধ হইয়া থাকে। পাঠকবর্গের সুবিধার নিমিত্তে নিম্নে সপ্তশলাকচক্র অঙ্কিত হইল। ৬০


সপ্তশলাকবেধমাহ। কৃত্তিকাদীতি। কৃত্তিকাদি কৃত্বা অভিজিন্নক্ষত্রেণ সার্দ্ধং চতুঃসপ্তরেখারাশৌ অষ্টাবিংশতিরেখাসমূহে উর্দ্ধাধঃ ক্রমেণ পরিভ্রমনগ্রহো যদ্যেকরেখাস্থঃ স্যাত্তদা সপ্তশলাকজোবেধঃ স্যাৎ। যথা রাজমার্ত্তণ্ডে সপ্তসপ্ত বিনিপাত্য রেখিকাস্তির্য্যগূর্দ্ধমথ কৃত্তিকাদিকম্। লেখয়েদভিজিতাসমং তদা একরেখখগেন বিধ্যতে। ৬০

## অথ সপ্তশলাকচক্রং।

সপ্ত সপ্ত বিলিখেৎ প্ররেখিকাস্তির্য্যগূর্দ্ধমথ কৃত্তিকাদিকং।
লেখয়েদভিজিতা সমন্বিতং চৈকরেখখগেন বিধ্যতে॥ ৬১

ইতি রাজমার্ত্তণ্ডঃ।

উর্দ্ধভাবে সপ্ত ও তির্য্যগ্ভাবে সপ্ত রেখা অঙ্কিত করিয়া উর্দ্ধরেখাতে ক্রমে কৃত্তিকাদিনক্ষত্র লিখিবে, অভিজিৎ নক্ষত্রের সহিত গণনা করিলেই রেখা পূর্ণ হইবে। এক রেখাস্থিত গ্রহ থাকিলে বেধ হয়। ৬১




অশ্বিনী পূর্ব্বফল্গুন্যাং রেবত্যুত্তরফল্গুনী।
হস্তেনোত্তরভাদ্রশ্চ পূর্ব্বভাদ্রশ্চ চিত্রকে।

স্বাত্যা শতভিষা বিদ্ধা বিশাখা চ ধনিষ্ঠয়া।
কৃত্তিকা শ্রবণা বিদ্ধা রোহিণ্যভিজিতস্তথা।
মৃগশীর্ষোত্তরাষাঢ়ে পূর্ব্বাষাঢ়ে তথার্দ্রয়া।
পুনর্ব্বসো চ মূলে চ তথা পুষ্যশ্চ জ্যেষ্ঠয়া।
অশ্লেষয়ানুরাধা চ মঘায়াং ভরণীষু চ।
বিদ্ধান্যেতানি রাজেন্দ্র অশ্বিন্যাদিতোভক্রমাৎ॥ ৬২

কোন্ নক্ষত্রের সহিত কোন্ নক্ষত্রের বেধ হয় তাহা কথিত হইতেছে—অশ্বিনীর সহিত পূর্ব্বফল্গুনীর বেধ হয়, এইরূপ রেবতীর সহিত উত্তরফল্গুনীর, হস্তার সহিত উত্তরভাদ্রপদের, চিত্রার সহিত পূর্ব্বভাদ্রপদের, স্বাতীর সহিত শতভিষার, বিশাখার সহিত ধনিষ্ঠার, কৃত্তিকার সহিত শ্রবণার, রোহিণীর সহিত অভিজিতের, মৃগশিরার সহিত উত্তরাষাঢ়ার, আর্দ্রার সহিত পূর্ব্বাষাঢ়ার, পুনর্ব্বসুর সহিত মূলার, পুষ্যার সহিত জ্যেষ্ঠার, অশ্লেষার সহিত অনুরাধার এবং মঘার সহিত ভরণীনক্ষত্রের বেধ হইয়া থাকে। এই বেধ অশ্বিন্যাদি করিয়া জানিবে। ৬২

অন্যচ্চ।

হর্ষ্যগ্নী অভিজিদ্বিধী মৃগশিরোবিশ্বৌ কবন্ধেশ্বরৌ
রক্ষোহপ্রী গুরুবজ্রিণাবথ চ মিত্রাহী মঘাসূরজৌ।
যোন্যশ্বাবথ চার্য্যমান্তগতভে হস্তাহিবুধ্নাবজ-
ত্বষ্টারৌ বরুণানিলৌ বসুবিশাখেভে প্রভিন্নে ইমে॥ ৬৩ *

ইতি জ্যোতিঃসারে।

জ্যোতিঃসারেও সপ্তশলাকচক্রে কোন্ নক্ষত্রের সহিত কোন্ নক্ষত্রের বেধ হইবে তাহা লিখিত হইয়াছে—শ্রবণানক্ষত্রের সহিত কৃত্তিকার বেধ হয়, এই-রূপ অভিজিতের সহিত রোহিণীর, উত্তরাষাঢ়ার সহিত মৃগশিরার, পূর্ব্বাষাঢ়ার সহিত আর্দ্রার, মূলার সহিত পুনর্ব্বসুর, জ্যেষ্ঠার সহিত পুষ্যার, অনুরাধার সহিত অশ্লেষার, মঘার সহিত ভরণীর, পূর্ব্বফল্গুনীর সহিত অশ্বিনীর, উত্তরফল্গুনীর সহিত

---

* অনলে বৈষ্ণবে বেধ, ব্রহ্মশূন্যে গণি।
বাণ একুশে, রসে বিশে, সাত উনিশে জানি॥
বসুশক্র ফণীমিত্র, দিক্‌পক্ষে মেলা।
শিবাচাঁদে, দিবাকরে পৌষ্ণ সহখেলা॥
করছাব্বিশ, ভুবনপঁচিশ, স্বাতীশতভিষা।
বিশাখায় ধনিষ্ঠায় সপ্তশলাক ভাষা॥

রেবতীর, হস্তার সহিত উত্তরভাদ্রপদের, চিত্রার সহিত পূর্ব্বভাদ্রপদের, স্বাতীর সহিত শতভিষার এবং বিশাখানক্ষত্রের সহিত ধনিষ্ঠানক্ষত্রের বেধ হইয়া থাকে। ৬৩

### অথাভিজিন্নক্ষত্রকথনং।

বৈশ্বস্য চতুর্থাংশে শ্রবণাদৌ লিপ্তিকা চতুষ্কে চ।
অভিজিত্তস্থে খচরে বিজ্ঞেয়া সা রোহিণী বিদ্ধা॥ ৬৪

উত্তরাষাঢ়ার শেষ চতুর্থাংশ ও শ্রবণার আদি চারিদণ্ডের নাম অভিজিৎ, এই অভিজিৎনক্ষত্রে গ্রহ থাকিলে রোহিণীর সহিত বেধ হয় জানিবে। ৬৪

অভিজিন্নক্ষত্রস্থানমাহ। বৈশ্বস্যেতি। বৈশ্বস্য উত্তরাষাঢ়ায়াঃ চতুর্থেপাদে শ্রবণায়া আদিলিপ্তিকাচতুষ্কে প্রথমচতুর্দ্দণ্ডে অভিজিন্নক্ষত্রং তত্রস্থে গ্রহে রোহিণীবিদ্ধা জ্ঞেয়া। ৬৪

### অথ সপ্তশলাকবেধফলং।

যস্যাঃ শশী সপ্তশলাকভিন্নঃ পাপৈরপাপৈরথ বা বিবাহে।
রক্তাংশুকেনৈব রুরোদমানা শ্মশানভূমিং প্রমদা প্রয়াতি॥ ৬৫

যাহার বিবাহকালীন সপ্তশলাকচক্রে চন্দ্রের সহিত পাপগ্রহের কি শুভ-গ্রহের বেধ হয়, সেই কন্যা বিবাহের রক্তবসন পরিধান পূর্ব্বক রোদন করতঃ শ্মশানভূমিতে স্বামীর মুখানল করিতে গমন করে। ৬৫

বিবাহে সপ্তশলাকদোষমাহ। যস্যা ইতি সুগমং।

অন্যচ্চ।

চন্দ্রাতিরিক্তখচরৈর্যদ্যত্র বেধসম্ভবঃ।
চিতাভূমিং বিশেন্নারী ভর্ত্তা চ প্রবিশেদ্ বনং॥ ৬৬

বিবাহ সময়ে সপ্তশলাকচক্রে চন্দ্র ভিন্ন গ্রহের সহিত যদি বেধ হয়, তবে সেই কন্যা চিতাভূমিতে প্রবেশ করে অর্থাৎ তাহার মরণ হয় এবং উক্ত কন্যার স্বামীও বনে গমন করিয়া থাকে। ৬৬

ইতি সপ্তশলাকবেধফলং।

### অথ ইন্দ্বষ্টমগতপাপকথনং।

ইন্দ্বষ্টমগান্ পাপান্ বর্জ্জয়েন্নৈধনং বিলগ্নঞ্চ।
চন্দ্রঞ্চ নিধনসংস্থং সর্ব্বারম্ভপ্রয়োগেষু॥ ৬৭

অনন্তর ইন্দ্বষ্টমগত পাপ কথিত হইতেছে—চন্দ্রের অষ্টমস্থানে পাপগ্রহ থাকিলে তাহাকে ইন্দ্বষ্টমগত পাপ বলা হয়, এই ইন্দ্বষ্টমগত পাপ ও লগ্নাষ্টমগত পাপ এবং অষ্টমস্থ চন্দ্র সকল কার্য্যেই পরিত্যাগ করিবে। ৬৭

সর্ব্বকর্ম্মসু চন্দ্রলগ্নয়োর্ব্বর্জ্জনমাহ। ইন্দ্বষ্টমেতি। ইন্দোঃ লগ্নাদষ্টমস্থানে চ গতান্ চন্দ্রসঙ্গতান্ লগ্নাষ্টমগতাংশ্চ পাপান্ বর্জ্জয়েৎ। পাপানিতি বহুবচনমবিবক্ষিতং, যথা রাজমার্ত্তণ্ডে—"নিধনং নিধনবিলগ্নে বিত্তনাশোবিনাশগে হিমগৌ"। পাপগ্রহে নিধনগে চন্দ্রগতেঽপ্যনেকবৈধুর্য্যং। তথা সক্রূরে বা শশিনি ক্রূরদ্বয়মধ্যগে বিলগ্নে বা শুভকর্ম্মাণি শুভেচ্ছুনৈবোপদিশেন্নরেন্দ্রাণাং। যস্য ব্রতোপনয়নাদি শুভক্রিয়াসু ক্রূরোঽষ্টমোভবতি বাথ শশী বিলগ্নাদিত্যাদি লিখিষ্যমাণবচনঞ্চইন্দোরষ্টমগতান্ পাপান্ বর্জ্জয়েদিতি। তথা জন্মরাশেরষ্টমং লগ্নং বর্জ্জয়েৎ তথা ইষ্টলগ্নস্যাষ্টমস্থং চন্দ্রঞ্চ বর্জ্জয়েৎ। তত্র সৌভরিঃ জন্মরাশেরষ্টমস্থমিতি বদতি তন্ন তস্য গোচরাশুদ্ধত্বেন স্বতএব নিবৃত্তত্বাৎ পুনর্নিষেধোঽনর্থকঃ স্যাদিতি। তথা চ রাজমার্ত্তণ্ডে—যস্য ব্রতোপনয়নাদি শুভক্রিয়াসু ক্রূরোঽষ্টমো ভবতি বাথ শশী বিলগ্নাৎ তস্যাচিরেণ মরণং পরিকীর্ত্তয়ন্তি সন্তঃ সুরেন্দ্রসচিবোঽপি চ কণ্টকস্থে। ৬৭

জন্মর্ক্ষান্নিধনে শশী যদি ভবেল্লগ্নাচ্চ পাপোঽষ্টমঃ
পাপাৎসপ্তমগোঽথ বা হিমকরঃ পাপেন বা সংযুতঃ।
লগ্নঞ্চাষ্টমগং নৃণাং যদি ভবেৎ স্বাজ্জন্মলগ্নাত্তদা
যাত্রাপুংসবনব্রতাদিষু মহান্ দোষোবিবাহে ধ্রুবং॥ ৬৮

ইতি ভোজদেবঃ।

মনুষ্যের জন্মরাশি হইতে অষ্টমস্থানে চন্দ্র থাকিলে, কি লগ্নের অষ্টমে পাপগ্রহ অবস্থিতি করিলে অথবা পাপগ্রহের সপ্তমে চন্দ্র অবস্থান করিলে, কি পাপগ্রহযুক্ত হইলে কিম্বা জন্মলগ্ন হইতে অষ্টমলগ্নে যাত্রা, পুংসবন, উপনয়ন ও বিবাহাদি শুভকার্য্য করিলে অতিশয় অমঙ্গল হইবে। ৬৮

অন্যচ্চ।

অষ্টমস্থঃ কুজশ্চৈব নেত্ররোগং দদাতি হি।
মৃত্যুং মার্ত্তণ্ডজোদদ্যান্মার্ত্তণ্ডোবুদ্ধিনাশনং।
সৈংহিকেয়োমহাব্যাধিং চন্দ্রান্নিধনগোযদা।
চন্দ্রান্নিধনগাঃ পাপালগ্নাদ্বা নিধনোপগাঃ।
কর্ত্তুর্ম্মৃত্যুপ্রদানিত্যং সর্ব্বদা শান্তিকর্ম্মসু॥ ৬৯

গ্রন্থান্তরে লিখিত হইয়াছে যে—বিবাহাদি শুভকর্ম্মে চন্দ্র হইতে অষ্টম মঙ্গল নেত্ররোগ প্রদান করেন, শনৈশ্চর চন্দ্রের অষ্টমস্থ হইলে মৃত্যুদান করিয়া থাকেন, এইরূপ অষ্টম রবিতে বুদ্ধিনাশ, অষ্টম রাহুতে মহাব্যাধি রোগযুক্ত হয়। আর শুভকর্ম্মে লগ্নের অষ্টমে পাপগ্রহ থাকিলে কর্ত্তার মৃত্যু হইয়া থাকে। ৬৯

মৃত্যুস্থানে শশাঙ্কাজ্জনয়তি চ ভয়ং তিগ্মরোচির্নরাণাং
বন্ধূনাং শোকমুগ্রং বিবিধগদভয়ং ভূমিজোভূমিনাশং।

মার্ত্তণ্ডির্বজ্রপাতং জঠরগদভয়ং সর্ব্বদা শান্তিকর্ম্মে
তস্মাৎ পীযূষভানোর্নিপতনভবনে নৈব পাপাঃ প্রশস্তাঃ॥ ৭০
ইতি কৃত্যচিন্তামণৌ।

কৃত্যচিন্তামণিগ্রন্থে লিখিত আছে যে,—শুভকার্য্যে চন্দ্রের অষ্টমস্থানে রবি থাকিলে অতিশোক ও নানারূপ রোগভয় হয়, মঙ্গল চন্দ্রের অষ্টমে থাকিলে ভূমি নাশ হইয়া থাকে,শনৈশ্চর অষ্টমস্থ হইলে মানবের মস্তকে বজ্রপতন ও উদরপীড়া জন্মে অতএব চন্দ্রের অষ্টমস্থানে পাপগ্রহ থাকিলে শুভকার্য্য কর্ত্তব্য নহে। ৭০

চন্দ্রান্নিধনগে পাপে নিধনং পরিকীর্ত্তিতং। ৭১
ইতি প্রভাকরভট্টঃ।

প্রভাকরভট্ট বলিয়াছেন,—কর্ম্মকালীন চন্দ্রের অষ্টমস্থানে পাপগ্রহ থাকিলে কর্ত্তার মৃত্যু হয়। ৭১

### ইন্দ্বষ্টমপ্রতিপ্রসবমাহ।

চন্দ্রস্থিতর্ক্ষাদ্‌যদি ষোড়শর্ক্ষে সূর্য্যারমন্দাঃ সমুপাবহন্তি।
তদা বিবাহং ব্রতবন্ধচূড়াং সর্ব্বং ন কার্য্যং মুনয়োবদন্তি॥৭২

ইন্দ্বষ্টমগতপাপের প্রতিপ্রসব কথিত হইতেছে—কর্ম্মকালে চন্দ্র যে নক্ষত্রে থাকেন সেই নক্ষত্র হইতে ষোড়শনক্ষত্রে যদি রবি, মঙ্গল কিম্বা শনি অবস্থিত হন, তাহা হইলেই দোষ হইবে। ইহাতে বিবাহ, উপনয়ন ও চূড়াদি শুভকর্ম্ম কিছুই করিবে না, কিন্তু ষোড়শনক্ষত্রগত না হইলে বিবাহাদি কর্ম্মে কোন বাধা নাই। ৭২

### অথ খর্জ্জুরবেধঃ।

তিথ্যঙ্গবেদৈকদশোনবিংশ ত্রৈকাদশাষ্টাদশবিংশসংখ্যাঃ।
ইষ্টোড়ুনা সূর্য্যযুতোড়ুনা চ যোগাদমুশ্চেদ্দশযোগভঙ্গঃ। ৭৩


অনন্তর খর্জ্জুরবেধ কথিত হইতেছে—কর্ম্মকালীননক্ষত্রের সহিত রবিভুজ্যমাননক্ষত্র যোগ করিলে যদি পঞ্চদশ, ছয়, চারি, এক, দশ, উনিশ, সাতাইশ, একাদশ, অষ্টাদশ অথবা বিংশতি এই সকল সংখ্যার মধ্যে যে কোন্ অঙ্ক হয় তাহা হইলে খর্জ্জুরবেধ হইবে। খর্জ্জুরবেধের নামান্তর দশযোগভঙ্গ এবং ইহাকে বিদ্ধনক্ষত্রও বলিয়া থাকে। ৭৩

বিদ্ধনক্ষত্রমাহ। তিথ্যঙ্গেতি। ইষ্টনক্ষত্রেন সূর্য্যাক্রান্তনক্ষত্রেণ চ যোগাৎ যদি তিথ্যাঙ্গাদয়োহমূর্দশসংখ্যা ভবন্তি তদা দশযোগভঙ্গঃ স্যাৎ। সপ্তবিংশাধিকে তু সপ্তবিংশং বর্জ্জয়িত্বা শেষেণ দশযোগভঙ্গোবিচার্য্যঃ। যথা রাজমার্ত্তণ্ডে—সাধ্যক্ষ্যিন্দুযুতবর্কসমন্বিতক্ষ ভাগঃ অদেয় উড়ুভির্দ্দশযোগচক্রং। ৭৩

ঊর্দ্ধমেকা তথা রেখা তির্য্যগ্রেখাত্রয়োদশ।
অশ্লেষাং মস্তকে দত্ত্বা দক্ষিণক্রমযোগতঃ।
মঘাদীন্যপি দেয়ানি চেত্থং খর্জ্জুরবেধতঃ।
ইষ্টনক্ষত্ররেখায়াং যদি তিষ্ঠতি ভাস্করঃ।
বেধস্তদা স্যান্নোদ্বাহঃ কার্য্যস্তত্র কদাচন॥ ৭৪

ইতি জ্যোতিঃসারে।

খর্জ্জুরবেধ দেখিবার প্রণালী লিখিত হইতেছে—ঊর্দ্ধদিকে একটী রেখা টানিয়া তির্য্যগ্ভাবে ত্রয়োদশটী রেখা অঙ্কিত করিতে হইবে। অনন্তর ঊর্দ্ধ-রেখার উপরিভাগে অশ্লেষানক্ষত্র রাখিয়া দক্ষিণাবর্ত্তে মঘাদিনক্ষত্র স্থাপন করিলেই খর্জ্জুরবেধ জানা যাইতে পারে। কর্ম্মকালীন নক্ষত্র ও সূর্য্যভোগ্যনক্ষত্র একরেখাতে পড়িলে খর্জ্জুরবেধ হয়, ইহাতে বিবাহ কদাচ করিবে না। ৭৪




অথ বিদ্ধনক্ষত্র বর্জ্জনম্।

কর্ণবেধে বিবাহে চ ব্রতে পুংসবনে তথা।
প্রাশনে চাদ্যচূড়ায়াং বিদ্ধমৃক্ষং বিবর্জ্জয়েৎ॥ ৭৫

কর্ণবেধে, বিবাহে উপনয়নে, পুংসবনে, অন্নপ্রাশনে এবং চূড়াকার্য্যে বিদ্ধ-নক্ষত্র পরিত্যাগ করিবে অর্থাৎ দশযোগভঙ্গ বিবেচিত হইবে। ৭৫

বিদ্ধনক্ষত্রবর্জ্জনমাহ। কর্ণবেধ ইতি। প্রাশনে অন্নপ্রাশনে :আদ্যচূড়ায়াং প্রথমক্ষৌর-ইত্যর্থঃ। বিদ্ধং বক্ষ্যমাণ দশযোগবেধবিদ্ধমিত্যর্থঃ। যথা—রাজমার্ত্তণ্ডে। বিবাহেঽর্থ্যপ্রক্রি-য়ায়াং ব্রতে পুংসবনে তথা। কর্ণবেধাদি চূড়ায়াং বিদ্ধমৃক্ষং বিবর্জ্জয়েৎ। ৭৫

অথ খর্জ্জুরবেধপ্রাপ্তিপ্রমাণম্।

আদ্যপাদে স্থিতে সূর্য্যে তুরীয়াংশং প্রপশ্যতি।
দ্বিতীয়স্থে তৃতীয়ন্তু বিপরীতমতোঽন্যথা॥ ৭৬

খর্জ্জুরবেধ বা দশযোগভঙ্গের প্রতিপ্রসব বর্ণিত হইতেছে—রবি যদি নক্ষত্রের আদ্য পাদস্থিত হন তবে কর্ম্মকালীননক্ষত্রের চতুর্থপাদ ও দ্বিতীয়পাদে থাকিলে তৃতীয়পাদ দুষ্ট হইবে। আর যদি চতুর্থপাদে রবি অবস্থিত হন তবে প্রথমপাদ এবং তৃতীয়পাদে থাকিলে দ্বিতীয়পাদ দূষণীয় হইবে। ৭৬

বিদ্ধনক্ষত্রস্য বিশেষমাহ। আদ্যইতি। আক্রান্তনক্ষত্রস্য প্রথম পাদস্থিতে সূর্য্যে ইষ্টনক্ষত্রস্য চতুর্থপাদং পতিতোদুষ্যতি। অতএব পাদত্রয়মদুষ্টমিতি তাৎপর্য্যং। এবং দ্বিতীয়পাদস্থে সূর্য্যে তৃতীয়পাদং দূষ্যতি ততোঽন্যথা বিপরীতং চতুর্থপাদস্থে সূর্য্যে আদ্যপাদং তৃতীয়স্থে দ্বিতীয়পাদং দুষ্যতীত্যর্থঃ। তথা চ স্বরোদয়ে আদ্যাংশেন চতুর্থাংশং চতুর্থাংশেনেত্যাদি। ৭৬

## স্পষ্টমাহ।

আদ্যাংশেন চতুর্থাংশং চতুর্থাংশেন চাদিমং।
দ্বিতীয়েন তৃতীয়ন্তু তৃতীয়েন দ্বিতীয়কং ॥ ৭৭

ইতি স্বরোদয়ে।

বচনান্তরে লিখিত আছে যে—প্রথমপাদে রবি অবস্থিত হইলে চতুর্থাংশ ত্যাজ্য, চতুর্থাংশে থাকিলে প্রথমপাদ দূষণীয় এবং দ্বিতীয়পাদে থাকিলে তৃতীয়-পাদ দুষ্ট ও তৃতীয়পাদে থাকিলে দ্বিতীয়পাদ দূষণীয় হইয়া থাকে। ৭৭

## খনা।

দশযোগভঙ্গে পড়ে মহামারী, সপ্তশলাকে বিধবা নারী।
স্বামিত্রবেধে ধনপুত্রনাশং বদন্তি বরাহঃ স্বামিবিনাশং ॥

## অথ সুতহিবুকযোগঃ।

সুতহিবুকবিয়দ্বিলগ্ন ধর্ম্মেষমরগুরুর্দানবার্চ্চিতো বা।
যদশুভমুপযাতি তচ্ছুভত্বং শুভমপি বৃদ্ধিমুপৈতি তৎ প্রভাবাৎ ॥ ৭৮

সুতহিবুকযোগ কথিত হইতেছে—যথা বৈবাহিকলগ্নে, কি লগ্নের পঞ্চম, চতুর্থ, দশম অথবা নবমস্থানে যদি বৃহস্পতি কি শুক্র অবস্থিত হন তাহা হইলে লগ্নাদিতে যে সকল দোষ থাকে তাহা খণ্ডন হয় এবং বিশুদ্ধলগ্ন অধিকতর প্রশস্ত হইয়া থাকে। ৭৮

সুতহিবুকযোগমাহ। সুতহিবুকেতি সুগমং। ৭৮

## অন্যচ্চ।

সপ্তমেতরকেন্দ্রস্থত্রিকোণস্থশ্চ বা পুনঃ
শুক্রোগুরুর্ব্বিবাহে তু হন্তি দোষান্ বিলগ্নগান্ ॥ ৭৯

বচনান্তরে লিখিত আছে যে—বৈবাহিক লগ্নের সপ্তমভিন্ন কেন্দ্রস্থানে ও ত্রিকোণে বৃহস্পতি কি শুক্র অবস্থিতি করিলে লগ্নজদোষসমূহ বিনষ্ট হয়। ৭৯

অপরঞ্চ।

লগ্নে গুরৌ চন্দ্রসুতে ভৃগৌ বা চতুর্থধর্ম্মাত্মজকর্ম্মগৈর্ব্বা।
পাণিগ্রহং প্রাপ্য সুতার্থী সৌখ্যং প্রাপ্নোতি বিত্তং ধনলাভসংস্থৈঃ॥৮০

ইতি শুভহিবুকযোগঃ।

প্রকারান্তরে শুভহিবুকযোগ কথিত হইতেছে—বৈবাহিক লগ্নে কি লগ্নের চতুর্থ, নবম অথবা দশমস্থানে বৃহস্পতি, বুধ কিম্বা শুক্র থাকিলে পুত্রার্থী পাণিগ্রহকর্ত্তার অতিশয় সুখ হয়; আর দ্বিতীয়স্থানে কি একাদশে উক্ত গ্রহগণ থাকিলে বিত্তলাভ হইয়া থাকে। ৮০

লগ্নে তৎপঞ্চমে তুর্য্যে নবমে দশমে তথা।
গুরুর্ভৃগুর্ব্বা দোষঘ্নোবিবাহে বর্দ্ধতে শুভং॥ ৮১

ইতি সৎকৃত্যমুক্তাবল্যাং।

সৎকৃত্যমুক্তাবলীতেও লিখিত আছে যে—লগ্নের পঞ্চমে, চতুর্থে, নবমে কিম্বা দশমে যদি বৃহস্পতি কি শুক্র অবস্থিত হন তাহা হইলে লগ্নগত দোষ বিনষ্ট হইয়া বিবাহে শুভ বৃদ্ধি হয়। ৮১

অথ গোধূলিযোগঃ।

সন্ধ্যাতপারুণিতপশ্চিমদিগ্বিভাগে ব্যোম্নি স্ফুরৎতরলতারকসন্নিবেশে।
রুদ্ধেগবাং খুরপুটোদ্গলিতৈরজোভিঃ গোধুলিরেষকথিতোভৃগুজেন যোগঃ

অনন্তর গোধূলিযোগ কথিত হইতেছে—সূর্য্যকিরণদ্বারা পশ্চিমদিক্ অরুণবর্ণ হইলে আকাশ মণ্ডলে যে সময় নক্ষত্র সকল বিমল ভাবে প্রকাশ পায়, সেই সময়ে গোষ্ঠ হইতে গো সকল গৃহ গমনে উদ্যত হইলে তাহাদের খুরপুটোদ্গলিত ধূলি ঊর্দ্ধদিকে উড্ডীয়মান হয়। ভৃগুমুনি সেই সময়েকেই গোধূলি বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। ৮২

গোধূলিযোগমাহ। সন্ধ্যেতি। গবাং খুরধূলিভির্ব্যোম্নি ঊর্দ্ধে আচ্ছাদিতে সতীতার্থঃ। ভৃগুজেন ভার্গবমুনিনা গোধূলিযোগঃ কথিতঃ। রাজমার্ত্তণ্ডে চ কালভেদেন গোধূলিভেদ উক্তোযথা। গোধূলিং ত্রিবিধাং বদন্তি মুনয় ইত্যাদি। ৮২

অথ গোধূলিব্যবস্থা।

লগ্নং যদা নাস্তি বিশুদ্ধমন্যদ্ গোধূলিকাং তত্র শুভাং বদন্তি।
লগ্নে বিশুদ্ধে সতি বীর্য্যযুক্তে গোধূলিকা নৈব ফলং বিধত্তে॥ ৮৩

ইতি সারসংগ্রহে।

যেখানে বিশুদ্ধ লগ্নাদি না পাওয়া যায় মুনিগণ সেই খানেই গোধূলির ব্যবস্থা করিয়াছেন, কিন্তু বিশুদ্ধলগ্ন সম্ভব হইলে গোধূলিলগ্ন প্রশস্ত হইবে না। * ৮৩

## অথ গোধূলিনির্ণয়ঃ

গোধূলিং ত্রিবিধাং বদন্তি মুনয়োনারী বিবাহাদিকে
হেমন্তে শিশিরে প্রয়াতি মৃদুতাং পিণ্ডীকৃতে ভাস্করে।
গ্রীষ্মেঽর্দ্ধাস্তমিতে বসন্তসময়ে ভানৌ গতেঽদৃশ্যতাং
সূর্য্যে চাস্তমুপাগতে চ নিয়তং প্রাবৃট্ শরৎকালয়োঃ॥ ৮৪

নারীর বিবাহাদি কার্য্যে মুনিগণ তিনপ্রকার গোধূলি বলিয়াছেন—হেমন্ত ও শিশিরকালে ভাস্কর পিণ্ডীকৃত হইয়া স্বীয় তেজকে মন্দীভূত করিলে গোধূলি হইবে। এইরূপ গ্রীষ্মকালে অর্দ্ধাস্তের পর, বসন্তকালে সূর্য্য অদৃশ্য হইলে এবং বর্ষা ও শরৎকালে সূর্য্যদেব অস্তগামী হইতে প্রবৃত্ত হইলেই গোধূলি হইয়া থাকে। ৮৫

## অথ গোধূলিপ্রশংসা।

নাস্মিন্ গ্রহা ন তিথয়ো ন চ বিষ্টিবারাঃ ঋক্ষাণি নৈব জনয়ন্তি কদাপি বিঘ্নং
অব্যাহতঃ সততমেব বিবাহকালে যাত্রাসু চায়মুদিতোভৃগুজেন যোগঃ॥৮৫

গোধূলিকালে বিবাহ হইলে গ্রহশুদ্ধি, তিথিশুদ্ধি, বিষ্টিভদ্রাদোষ কি নক্ষত্র শুদ্ধি ইহার কিছুই বিচার করিতে হইবে না, যেহেতু গোধূলিতে গ্রহ-নক্ষত্রাদি বিঘ্ন কারক হন না। বিবাহকালেই গোধূলির প্রশস্ততা, যাত্রাতেও গোধূলি গ্রাহ্য ভৃগুমুনি এরূপ কহিয়াছেন। ৮৫

গোধূলিপ্রশংসামাহ। নাস্মিন্নিতি। সুগমং। এতচ্চ স্তুতিমাত্রং কিন্তু গোধূলিযোগেঽপি শুভাশুভং সর্ব্বমেব বিচার্য্যং তথা রাজমার্ত্তণ্ডে—শুভাশুভযুতং নূনং রাশের্দোষঞ্চ নিশ্চিতং। বিবাহলগ্নবচ্চৈব গোধূলিয়াং তাশুরি। ৮৫

## অথ গোধূলিনিন্দা।

মার্গশীর্ষে তথা মাঘে গোধূলিঃ প্রাণনাশিনী॥ ৮৬

কোন্ কোন্ মাসে গোধূলি নিষেধ তাহা কথিত হইতেছে—অগ্রহায়ণমাস ও মাঘমাসে গোধূলি প্রাণ নাশিকা হয়, অতএব উক্ত মাসদ্বয়ে গোধূলিতে বিবাহ নিষিদ্ধ। ৮৬

---

* পার্শ্বইমে মুক্তিগতে শশাঙ্কে গোধূলিকে মৃত্যুমুপৈতি কন্যা। কুজেঽষ্টমে মূর্ত্তিগতেঽথবাপি বরস্য নাশঃ প্রবদন্তি গর্গাঃ। ইতি গ্রন্থান্তরে।

অনুষ্টুপ্।

মার্গে গোধূলিযোগে ভবতি চ বিধবা মাঘমাসে তথৈব।
পুত্রায়ুর্ধনযৌবনেন সহিতা কুম্ভে স্থিতে ভাস্করে।
বৈশাখে সুখদা প্রজাধনবতী জ্যৈষ্ঠে পতের্মানদা
আষাঢ়ে ধনধান্যপুত্ত্রবহুলা পাণিগ্রহে কন্যকা॥ ৮৭

জ্যোতিস্তত্ত্ব ধৃতবচনে কথিত হইতেছে যে—অগ্রহায়ণ ও মাঘমাসে গোধূলি-যোগে বিবাহিতা কন্যা বিধবা হয়, আর ফাল্গুনমাসে গোধূলিযোগে বিবাহ হইলে ধন-পুত্রাদি বৃদ্ধি পায়, এইরূপ বৈশাখে সুখ, সন্তান ও ধনবতী, জ্যৈষ্ঠে পতির মানদাত্রী, এবং আষাঢ়মাসে গোধূলিযোগে বিবাহ হইলে সেই কন্যা ও বহু পুত্রান্বিতা হইয়া থাকে। ৮৭

লগ্নে চোত্তমবর্ণানাং শুদ্ধৌ পাণিগ্রহোমতঃ।
বিবাহোহীনবর্ণস্য গোধূলৌ তু প্রশস্যতে॥ ৮৮

রাঘবাচার্য্যধৃতবচনং।

রাঘবাচার্য্যধৃত বচনে বর্ণিত হইয়াছে যে—উত্তমবর্ণের বিবাহ বিশুদ্ধলগ্নেই কর্ত্তব্য। হীনবর্ণের বিবাহ গোধূলিতে প্রশস্ত। ৮৮

ইতি গোধূলিযোগকথনং।

# অথ যোটকবিচারঃ।

## তত্রাদৌ গণকথনং।

হস্তাস্বাতী মৃগোঽশ্বিনী হরিগুরূ পৌষ্ণানুরাধেঽদিতিঃ
চার্দ্রা রোহিণী চোত্তরাণি ভরণী পূর্ব্বাণি ভানিত্রয়ং।
জ্যেষ্ঠাসর্পবিশাখমূলবরুণাবস্বগ্নিচিত্রামঘাঃ।
কথ্যন্তে মুনিভির্যথা ক্রমবশাদ্দেবানরারাক্ষসাঃ॥ ৮৯

ইতি সারসংগ্রহে।

কোন্ নক্ষত্রে জন্মিলে কোন্ গণ হয় তাহা বর্ণিত হইতেছে—হস্তা, স্বাতী, মৃগশিরা, অশ্বিনী, শ্রবণা, পুষ্যা, রেবতী, অনুরাধা ও পুনর্ব্বসু এই নয়টী নক্ষত্রে জন্মগ্রহণ করিলে জাত মনুষ্য দেবগণ হয়। এইরূপ আর্দ্রা, রোহিণী, উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদ, ভরণী, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া ও পূর্ব্বভাদ্রপদনক্ষত্রে জাতব্যক্তি নরগণ এবং জ্যেষ্ঠা, অশ্লেষা, বিশাখা মূলা, শতভিষা, ধনিষ্ঠা, কৃত্তিকা চিত্রা ও মঘানক্ষত্রে জাতব্যক্তি রাক্ষসগণ হইয়া থাকে।৮৯

**হস্তাস্বাতিশ্রুতিমৃগশিরঃপুষ্যমৈত্রাশ্বিভানি।**

**পৌষ্ণাদিত্যে অগুরিহ বুধাদেবসংজ্ঞানি ভানি ॥ ৯০**

ইতি কৃত্যচিন্তামণৌ।

কৃত্যচিন্তামণিগ্রন্থেও লিখিত আছে যে—হস্তা,স্বাতী, শ্রবণা, মৃগশিরা, পুষ্যা অনুরাধা, অশ্বিনী, রেবতী ও পুনর্ব্বসু নক্ষত্রকে পণ্ডিতগণ দেবসংজ্ঞক বলিয়াছেন। ৯০

**পূর্ব্বাস্তিস্রঃ শিবভভরণী রোহিণী চোত্তরাশ্চ।**

**প্রাহুর্ম্মর্ত্ত্যাহ্বয়মুড়ুগণং নূনমেতং মুনীন্দ্রাঃ ॥৯১**

ইতি কৃত্যচিন্তামণৌ।

পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, আর্দ্রা, ভরণী, রোহিণী,উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদ নক্ষত্রকে মুনিগণ মনুষ্য ( নর ) সংজ্ঞক বলিয়াছেন। ৯১

**চিত্রাশ্লেষা নির্ঋতিপিতৃভে বাসবং বাসবার্ক্ষং।**

**শক্রাগ্ন্যোর্ভে বরুণদহনর্ক্ষে চ রক্ষোগণোহয়ং ॥ ৯২**

ইতি কৃত্যচিন্তামণৌ

চিত্রা, অশ্লেষা, মূলা, মঘা, ধনিষ্ঠা, জ্যেষ্ঠা,বিশাখা, শতভিষা ও কৃত্তিকানক্ষত্র রাক্ষসগণ বলিয়া অভিহিত। ৯২

### অথ গণফলং।

**স্বকুলে চোত্তমাপ্রীতির্ম্মধ্যমা দেবমানুষে।**

**দেবাসুরে বৈরিতা চ মৃত্যুর্ম্মানুষরাক্ষসে ॥৯৩**

ইতি গণফ কথনং।

গণফল কথিত হইতেছে—বর ও কন্যার যদি একগণ হয়, তবে উভয়ের অতিশয় প্রীতি জন্মে। দেবগণ ও মনুষ্যগণে বিবাহ হইলে মধ্যমা প্রীতি হয়। দেবগণে ও রাক্ষসগণে বিবাহ হইলে দম্পতীর মধ্যে বৈরতা অর্থাৎ সর্ব্বদা কলহ ঘটে, আর নরগণ ও রাক্ষসগণে বিবাহ হইলে নরগণের মৃত্যু হইয়া থাকে। ৯৩

ইতি গণফলকথনং।

# অথ নাড়ীবেধঃ।

অশ্বিন্যাদিলিখেচ্চক্রং সর্পাকারং ত্রিনাড়িকং।

*তত্র বেধবশাজ্জ্ঞেয়ং বিবাহাদৌ শুভাশুভং॥ ৯৪ **

*সর্পাকার তিনটী নাড়ীবিশিষ্ট একটি চক্র অঙ্কিত করিয়া তাহাতে অশ্বিন্যাদি* নক্ষত্র তিনভাগে স্থাপন করিবে। অনন্তর বরের নক্ষত্রের সহিত কন্যার নক্ষত্রের বেধ হয় কিনা তাহা দেখিবে, বিবাহে বেধ না হইলে শুভ এবং বেধ হইলে অশুভ জানিবে। ৯৪

একনাড়ীস্থধিষ্ণ্যানি যদি স্যুর্ব্বরকন্যয়োঃ।
তদা বেধং বিজানীয়াদ্‌গুর্ব্বাদিষু তথৈব চ॥ ৯৫

যদি বর ও কন্যার জন্মনক্ষত্র এক নাড়ীস্থিত হয় তাহা হইলে বেধ হয়; মন্ত্রগ্রহণ সময়ে গুরু শিষ্যেরও উক্তরূপে নাড়ীবেধ দেখিতে হইবে। ৯৫

প্রকটং যস্য জন্মর্ক্ষং তস্য জন্মর্ক্ষতোব্যধঃ।
প্রনষ্টং জন্মভং যস্য তস্য নামর্ক্ষতোভবেৎ॥
যয়োর্জ্জন্মভয়োর্ব্বেধে ন কর্ত্তব্যঃ কদাচন।
যয়োর্জ্জন্মভয়োর্ব্বেধোযয়োর্নামভয়োস্তথা।
নামজন্মর্ক্ষয়োর্ব্বেধোন কর্ত্তব্যঃ কদাচন॥ ৯৬

যাহার জন্মনক্ষত্র জ্ঞান আছে সেই ব্যক্তির জন্ম-নক্ষত্রদ্বারাই বেধ দেখিতে হইবে। জন্মনক্ষত্র জ্ঞান না থাকিলে নামঋক্ষদ্বারা বেধ দেখিবে। উভয়ের জন্মনক্ষত্র বেধ হইলে কদাচও বিবাহ দিবে না। কন্যা ও বরের জন্মনক্ষত্র বেধে বিবাহ নিষিদ্ধ এবং উভয়ের নামঋক্ষবেধ হইলে তাহাতেও বিবাহ দিবে না। কিন্তু একের নামঋক্ষ অপরের জন্মঋক্ষদ্বারা বেধ দেখিবে না। ৯৬

একানাড়ীস্থিতা চেৎ স্যাদ্‌ভর্ত্তুর্নাশায় চাঙ্গনা।
তস্মান্নাড়ীব্যধোবীক্ষ্যোবিবাহে শুভমিচ্ছতা॥ ৯৭

একনাড়ীতে উভয়ের জন্মনক্ষত্র থাকিলে সেই অঙ্গনা পতির নাশের কারণ হয় অতএব মঙ্গল ইচ্ছুক ব্যক্তি অবশ্যই বেধ দেখিবেন। ৯৭

---

* অশ্বিন্যাদি লিখেদ্ভূমৌ ত্রিপঙ্‌ক্ত্যা নবসংখ্যয়া। নক্ষত্রৈশ্চ ত্রিভির্নাড়ীবেধনং জাতু-পর্য্যযঃ॥ অন্যচ্চ। সপ্তবিংশতিবিন্দূংশ্চ লিখিত্বা ভূতলে শুভে। রেখাত্রয়েণ রচয়েৎ সর্পাকারং ত্রিভিস্ত্রিভিঃ। সর্পাকারোঘটনাবশেষঃ কৃত্তিকাদিযদৈবতশেষঃ। পৃষ্ঠে সুতহত পতিগতয়োগঃ ক্রোড়ে বনিতাবিত্তবিয়োগঃ। মধ্যমবেধে ভবতি বিবাহ উভয়োর্ম্মরণং বদতি বরাহঃ॥ মধ্যে ক্রোড়ে বহুসন্তানং ক্রোড়ে পৃষ্ঠে যশ উজ্জ্বলং মধ্যে পৃষ্ঠে ভবতি বিবাহোবহুসুতধনযুতমিতি মুনিবরাহঃ॥

অথ নাড়ীবেধফলং।

প্রাঙ্‌নাড্যা বেধতোভর্ত্তা মধ্যনাড্যোভয়ং তথা।
পৃষ্ঠনাড়ীব্যধে কন্যা ম্রিয়তে নাত্র সংশয়ঃ ॥ ৯৮

প্রথম নাড়ীতে বেধ হইলে বিবাহিত পুরুষের মৃত্যু হইবে। মধ্য নাড়ীতে বেধ থাকিলে স্ত্রী-পুরুষ উভয়ের মৃত্যু হয়, আর পৃষ্ঠনাড়ী বেধে বিবাহিতা কন্যার মৃত্যু হইয়া থাকে, ইহাতে সংশয় নাই। ৯৮

একরাশ্যাদিযোগে তু নাড়ীদোষোন বিদ্যতে ॥
অন্যত্র তু বিচার্য্যৈষা স্বভাবাচ্ছোভনাশ্চ তে॥ ৯৯

ইতি জ্যোতিঃসারে।

স্ত্রী-পুরুষের একরাশ্যাদিযোগ হইলে পূর্ব্বোক্ত নাড়ীদোষ হয় না। যেখানে একরাশ্যাদিযোগ নাই তথাতেই নাড়ীবেধে দোষ হইয়া থাকে। ৯৯

যথা।

একরাশৌ চ দম্পত্যোঃ শুভং স্যাৎ সমসপ্তকে। *
চতুর্থে দশমে চৈব তৃতীয়ৈকাদশে তথা ॥ ১০০

যোটক গণনাতে স্ত্রী-পুরুষের একরাশি * হইলে শুভ হয়, অভিন্ন নক্ষত্র হইয়া একরাশি হইলে অতিশয় শুভ হইয়া থাকে। আর বরের রাশি হইতে কন্যার রাশি কিম্বা কন্যার রাশি হইতে বরের রাশি যদি সমসপ্তকে অর্থাৎ সমরাশি হইয়া সপ্তম হয়, তবে শুভপ্রদ হইবে। উভয়ের রাশি পরস্পর গণনাতে যদি চতুর্থ, দশম, তৃতীয় কিম্বা একাদশ হয়, তাহা হইলেও শুভ অর্থাৎ রাজযোটক হয়। এই বচনে সমসপ্তক উল্লেখ আছে বলিয়া বিষমসপ্তক হইলে শুভ হইবে না। ১০০

যোটকশুদ্ধিমাহ। একরাশাবিতি। দম্পত্যোরেকরাশৌ সতি শুভং অত্র চ নক্ষত্রৈক্যেঽতীবশুভং। যথা নক্ষত্রমেকং যদি ভিন্নরাশি র্ন দম্পতী তত্র সুখং লভেতাং। অভিন্নরাশির্যদি চৈকঋক্ষং কার্য্যো বিবাহোবহুসৌখ্যদাতা ॥ এবঞ্চ সমসপ্তকে তৃতীয়ৈকাদশে দশমচতুর্থে রাশৌ শুভমিত্যর্থঃ। এতদন্যত্র দ্বিদ্বাদশে ষড়ষ্টকে নবপঞ্চকে চাশুভমিতি তাৎপর্য্যং ॥ ১০০

যোটকে সপ্তকে মেষে তুলে যুগ্মহয়ৌ তথা।
সিংহঘটৌ সদা বর্জ্জ্যৌ মৃত্যুং তত্রাব্রবীচ্ছিবঃ ॥ ১০১

---

* সমগ্রহণাদ্বিষমসপ্তকে দোষঃ।

† বর ও কন্যার একরাশি, সমসপ্তক, উভয়ের রাশি পরস্পর গণায় চতুর্থ, দশম, তৃতীয় ও একাদশ এই সমস্তই রাজযোটক।

মেষ, তুলা, মিথুন, ধনু, সিংহ অথবা কুম্ভ এই ছয়টি বিষমরাশি। যৌটক-গণনায় বিষমরাশি সপ্তম হইলে মৃত্যু হয়, অতএব বিষমসপ্তম অবশ্যই ত্যাগ করিবে, শিব এইরূপ বলিয়াছেন। ১০১

### অথ রাজযোটকপ্রশংসা।

*ন রাজযোগে গ্রহবৈরিতা চ ন তারশুদ্ধির্ন গণত্রয়ং স্যাৎ।*
*ন নাড়ীদোষো ন চ বর্ণদুষ্টির্গর্গাদয়স্তে মুনয়োবদন্তি॥ ১০২*

ইতি রাজমার্ত্তণ্ডে।

রাজযোগ থাকিলে গ্রহশুদ্ধি, তারাশুদ্ধি, গণশুদ্ধি, নাড়ীদোষ অথবা বর্ণ-দোষ ইহার কিছুই বিবেচনীয় নহে। ১০২

### অরিষড়ষ্টকং।

মকরঃ করিকুলরিপুণা কন্যামেষেণ সহ ঝষস্তুলয়া।
কর্কিঘটৌ বৃষধনুষী বৃশ্চিকমিথুনৌ চারিবিধৌ॥ ১০৩

মকর সিংহ, কন্যা মেষ, মিথুন তুলা, কর্কট কুম্ভ ও বৃষ ধনু এই সকল রাশির ষড়ষ্টক অরিষড়ষ্টক নামে খ্যাত। ১০৩

### অথমিত্রষড়ষ্টকং।

মকরসমেতং মিথুনং কন্যাকলসৌ মৃগেন্দ্রমীনৌ।
বৃষভতুলেঽলিমেষৌ কর্কটধনুষী চ মিত্রবিধৌ॥ ১০৪

মকর মিথুন, কন্যা কুম্ভ, সিংহ মীন, বৃষ তুলা, বৃশ্চিক মেষ ও কর্কট ধনু এই সকল ষড়ষ্টকেরনাম মিত্রষড়ষ্টক। ১০৪

যদি কন্যাষ্টমে ভর্ত্তা ভর্ত্তুঃ ষষ্ঠে চ কন্যকা।
ষড়ষ্টকং বিজানীয়াদ্ বর্জ্জিতং ত্রিদশৈরপি॥ ১০৫

যদি কন্যার অষ্টমস্থানে বরের রাশি ও বরের ষষ্ঠস্থানে কন্যার রাশি থাকে তাহা হইলে ঐ ষড়ষ্টক অতিশয় দুষণীয় হইবে, এমন কি উক্ত ষড়ষ্টক দেবতারাও পরিত্যাগ করেন। ১০৫

মিত্রাদিযোগেঽপি ষড়ষ্টকাদৌ তারাবিপৎপ্রত্যরিনৈধনাখ্যাঃ।
বর্জ্জ্যা বিবাহে পুরুষোড়ুতোহি প্রীতিঃ পরা জন্মসু তারকাসু॥১০৬

ষড়ষ্টকযোগে যদি বর ও কন্যার রাশির অধিপতি মধ্যে পরস্পর মিত্রতা থাকে, তাহা হইলেও বরের জন্মনক্ষত্র হইতে গণনায় কন্যার জন্মনক্ষত্র যদি বিপৎ,

প্রত্যরি কি বধতারা হয়, তবে বিবাহ হইতে পারে না ; কিন্তু জন্মতারা হইলে সেই বিবাহ অতিশয় প্রীতিদায়ক হইবে। ১০৬

অথ ষড়ষ্টকাদিফলম্।

মরণং নাড়ীযোগে কলহঃ ষট্কাষ্টকে বিপত্তির্ব্বা।
অনপত্যতা ত্রিকোণে দ্বিদ্বাদশে চ দারিদ্র্যং ॥ ১০৭

বর ও কন্যার নাড়ীবেধ হইলে মৃত্যু হয়, ষড়াষ্টকে সর্ব্বদা কলহ ঘটে, নবপঞ্চকে অনপত্যতাদোষ জন্মে এবং দ্বিদ্বাদশে দরিদ্রতা হইয়া থাকে। ১০৭

অশুভযোটকমাহ। মরণমিতি। নাড়ীযোগে কর্ম্মসাংঘাতিকাদিনাড়ীপ্রাপ্তৌ মরণং ষটকাষ্টকেকলহোবিপত্তির্ব্বা স্যাৎ। ত্রিকোণে নবপঞ্চকে অপত্যাভাবঃ দ্বিদ্বাদশে দারিদ্র্যং স্যাৎ ॥ ১০৭

অথ নবপঞ্চকাদৌ বিশেষফলম্।

পুংসোগৃহাৎ সুতগৃহে সুতহা চ কন্যা ধর্ম্মেস্থিতা সুতবতী পতিবল্লভা চ।
পুংসোগৃহাদ্ধনগৃহে ধনহা চ কন্যা রিপ্ফেস্থিতা ধনবতী পতিবল্লভা চ ॥

যদি বরের রাশি হইতে কন্যার রাশি পঞ্চম হয় তাহা হইলে সেই কন্যা মৃতপুত্রিকা হইয়া থাকে। আর বরের রাশি অপেক্ষায় কন্যার রাশি নবম হইলে পুত্রবতী ও পতিপ্রিয়া হয়। দ্বিদ্বাদশ গণনায় পুরুষের রাশি হইতে কন্যার রাশি দ্বিতীয় হইলে কন্যা ধননাশিনী হয় আর বরের রাশি অপেক্ষায় কন্যার রাশি দ্বাদশ হইলে সেই বিবাহিতা কন্যা ধনবতী ও পতি-বল্লভা হইয়া থাকে। ১০৮

নবপঞ্চমদ্বিদ্বাদশয়োরপবাদমাহ। পুংস ইতি সুগমং। ষট্কাষ্টকেঽপি বিশেষমাহঃ কেচিৎ। "পুরুষস্যাষ্টমে ভাগে কন্যা তিষ্ঠতি বৈ যদা। কন্যায়াঃ ষট্সু স্থানেষু ন দোষোবৈ প্রজায়তে" যদি কন্যাষ্টমে ভর্ত্তা ভর্ত্তুঃ ষষ্ঠে চ কন্যকেত্যাদি। ১০৮

অথ বর্ণকথনম্।

কর্কিমীনালয়োবিপ্রাঃ ক্ষত্রাঃ সিংহতুলাহয়াঃ।
বৈশ্যাযুগ্মাজকুম্ভাখ্যাঃ শূদ্রাবৃষমৃগাঙ্গনাঃ ॥ ১০৯

রাশিগণের বর্ণ কথিত হইতেছে যথা,—কর্কট, মীন ও বৃশ্চিকরাশি বিপ্রবর্ণ, সিংহ, তুলা ও ধনুরাশি ক্ষত্রিয় বর্ণ, মিথুন, মেষ ও কুম্ভরাশি বৈশ্যবর্ণ, এবং বৃষ, মকর ও কন্যারাশি শূদ্রবর্ণ বলিয়া অভিহিত হয়। ১০৯

অথ বর্ণফলম্।

বর্ণজ্যেষ্ঠা চ যা নারী বর্ণহীনশ্চ'যঃ পুমান্।
তয়োর্ব্বিবাহে মৃত্যুঃ স্যাৎ যথাসাম্যাত্র সংশয়ঃ ॥ ১০৯

যদি বরের অপেক্ষায় কন্যার বর্ণ শ্রেষ্ঠ হয় এবং বরের বর্ণ হীন হয় তবে সেই বরকন্যার বিবাহ হইলে বিবাহকাল হইতে ছয়মাসের মধ্যে উভয়ের মৃত্যু হইয়া থাকে ইহাতে সংশয় নাই। ১০৯

## অথ যোটকাপবাদঃ।

একরাশ্যাদিযোগে তু নাড়ীদোষোন বিদ্যতে॥ ১১০

বর ও কন্যার একরাশ্যাদিযোগ হইলে নাড়ীবেধ দোষ হইবে না। ১১০

### অন্যচ্চ।

একর্ক্ষ তু যদাকন্যা রাশ্যেকা চ যদা ভবেৎ।
ধনপুত্রবতী নারী ভর্ত্তা চ চিরজীবকঃ॥ ১১১

বচনান্তরে লিখিত আছে যে—বর ও কন্যার একনক্ষত্র হইয়া যদি একরাশি হয় তাহা হইলে সেই কন্যা ধনশালিনী ও পুত্রবতী হয়, আর তাহার পতি দীর্ঘজীবী হইয়া থাকে। ১১১

সুহৃদেকাধিপে যোগে তারাবলে বশ্যরাশৌ বা।
অপি নাড্যাদিবিরোধে ভবতি বিবাহোহহিতার্থায়॥ ১১২

বর কন্যার রাশ্যধিপতির যদি পরস্পর মিত্রতা থাকে কি অন্যতরের নক্ষত্র গণনাতে তারাশুদ্ধ হয় কিম্বা অন্যতর রাশির বশ্যতা * থাকে তবে নাড়ী বেধাদি থাকিলেও বিবাহে দোষ না হইয়া শুভফল প্রদান করিবে। ১১২

### অন্যচ্চ।

সৌহৃদ্যে হ্যুভয়োর্দ্বয়োরপি তয়োরেকাধিপত্যেঽপি চ
তারাষষ্ঠসুমিত্রমিত্রভবনে ক্ষেমাখ্যসম্পদ্ যদি।
ষট্ কাষ্টে নবপঞ্চকে ব্যয়ধনে যোগেঽপি পুংযোষিতোঃ
প্রীত্যায়ুঃ সুখবৃদ্ধিপুষ্টিজনকঃ কার্য্যোবিবাহস্তদা॥ ১১৩

বচনান্তরে কথিত হইয়াছে যে, যদি বর ও কন্যার রাশ্যধিপতির পরস্পর মিত্রতা থাকে কিম্বা উভয়রাশির অধিপতি একগ্রহ হয় অথবা অন্যতর নক্ষত্র গণনাতে যদি ষষ্ঠ ( সাধক ) সুমিত্র, মিত্র, ক্ষেম বা সম্পৎ হয় তাহা হইলে ষড়-

---

* অশ্বেভাজফণিদ্বয়ঞ্চ বৃষভুঙ্ মেষেন্দুরৌ মূষিকশ্চাখুগৌঃ ক্রমশস্ততোঽপি মহিষী ব্যাঘ্রঃ পুনঃ সৌরভী। ব্যাঘ্রেণৌ মৃগকুক্কুরৌ কপিরথোরভ্রদ্বয়ং বানরঃ। সিংহোঽশ্বোমৃগরাট্ পশুশ্চ করটী যোনিশ্চ ভানামিয়ং॥ গোব্যাঘ্রং গজসিংহমশ্বমহিষং শ্বৈনঞ্চ বভ্রূরগং বৈরং বানরমেষকঞ্চ সুমহত্তদ্বিড়ালেন্দুরং। লোকানাং ব্যবহারতোঽন্যদপি চ জ্ঞাত্বা প্রযত্নাদিদং দম্পত্যোর্নৃপভৃত্যয়োরপি সদা বর্জ্জ্যং শুভত্বার্থিভিঃ॥ ইতিজ্যোতিষতত্ত্বধৃতশ্রীপতিরত্নমালায়াং।

ষ্টক, নবপঞ্চক এবং দ্বিদ্বাদশাদিযোগেও বিবাহ হইতে পারে অধিকন্তু সেই বিবাহ প্রায় আয়ু, সুখবৃদ্ধি ও পুষ্টিজনক হইয়া থাকে। ১১৩

### দ্বিদ্বাদশাদৌ বিশেষমাহ।

ঐকাধিপত্যং ভবনেশমৈত্রং বৈশ্যং যদি স্যাদুভয়োড়ুশুদ্ধৌ।
দ্বিদ্বাদশে বা নবপঞ্চকে বা কার্য্যো বিবাহোন ষড়ষ্টকে তু ॥ ১১৪

দ্বিদ্বাদশাদিযোগে বিশেষ কথিত হইতেছে।—যদি বর ও কন্যার রাশির অধিপতি একগ্রহ হয় কিম্বা পরস্পরের মিত্রতা থাকে অথবা উভয়রাশির মধ্যে একরাশি অন্যের বশ্য হয়, কি একের নক্ষত্র হইতে গণনায় অন্যের নক্ষত্র শুদ্ধ-থাকে তাহা হইলে দ্বিদ্বাদশ কি নবপঞ্চক হইলেও বিবাহ হইতে পারে। কিন্তু ষড়ষ্টকে বিবাহ নিষিদ্ধ। ১১৪

দ্বিদ্বাদশনবপঞ্চকয়োরপবাদান্তরমাহ। ঐকাধিপত্যমিতি। উভয়োরাশ্যোরেকাধিপতির্যদি স্যাত্তদা দ্বিদ্বাদশে নবপঞ্চকে চ ন দোষ ইতি তথা উভয়োরাশ্যধিপয়োর্মিত্রত্বং বা স্যাৎ যদি বা উভয়োরাশ্যোর্ব্বশিত্বং স্যাৎ তথাপি বিবাহঃ কার্য্য ইত্যর্থঃ। এতচ্চ উভয়োড়ুশুদ্ধাবেব কার্য্যং নান্যথা। উভয়োড়ুশুদ্ধৌ অন্যোঽন্যজন্মসম্পদাদি তারাশুদ্ধাবিত্যর্থঃ। যথা রাজমার্ত্তণ্ডে সৌহৃদ্যেহ্যভয়োর্ভবেদ্যদি তয়োরৈকাধিপত্যেঽপি বা। তারামিত্রসুমিত্রজন্মশুভদা ক্ষেমা চ সম্পৎকরী ষষ্ঠাষ্টে নবপঞ্চকে ব্যয়ধনে যোগেঽপি পুংযোষিতোঃ প্রীত্যায়ুঃ সুতবিত্তবৃদ্ধিজনকঃ কার্য্যোবিবাহস্তদা। মৈত্রাদিযোগেঽপি ষড়ষ্টকাদৌ তারাবিপৎপ্রত্যরিনৈধনাখ্যাঃ। বর্জ্জ্যা-বিবাহাদিষু কীর্ত্তিতা তু প্রীতিঃ পরা জন্মসু তারকাসু। এতেনোভয়োড়ুশুদ্ধাবন্যোঽন্য নাড়ীনক্ষত্রশুদ্ধাবিতি কেনচিদ্ব্যাখ্যাতং তদশুদ্ধং অন্যথা নাড়ীযোগস্য স্বতএব নিষিদ্ধত্বে-নোভয়োড়ুশুদ্ধাবিত্যনর্থকং স্যাৎ ইতি। ন ষড়ষ্টকেত্বিতি ষড়ষ্টকে তু এবমৈকাধিপত্যাদি-বিচারেণ কার্য্যঃ তস্য সর্ব্বদৈব নিষিদ্ধত্বাদিতি। অত্র চ রাজমার্ত্তণ্ডাদৌ ষড়ষ্টকেঽপি ঐকা-ধিপত্যাদৌ বিবাহোদর্শিতঃ। যথা সৌহৃদ্যে হ্যভয়োরিত্যাদি বচনদ্বয়ং পূর্ব্বলিখিতমাস্তে। তথা বৃহদ্বিবাহকুণ্ডল্যাং। ষট্কাষ্টকেঽপি ভবনাধিপমিত্রভাবমৈকাধিপত্যমবলোক্য চ বৈশ্যরাশিং। কার্য্যোবিবাহসময়ঃ শুভকৃন্নরাণাং তারাভবেদ্যদি পরস্পরতোবিশুদ্ধঃ। তথা রাজমার্ত্তণ্ডে। "ঐকাধিপত্যাদিরাশীনাহ। মকরমেতং মিথুনং কন্যাকলসৌ মৃগেন্দ্রমীনৌ চ বৃষভঘটাবজকীটৌ কর্কটধন্বী মিত্রবিধৌ। তথা তত্রৈবামিত্ররাশীনাহ। মকরঃ করি-কুলরিপুণা যোষা মেষেণ সহ ঝষস্তুলয়া। ঘটকর্কটৌ বৃষধন্বী বৃশ্চিকমিথুনৌ চারি-বিধৌ। এবঞ্চ মতদ্বয়বিরোধে যুক্তিঃ কল্প্যতে ষড়ষ্টকস্য দোষদ্বয়ং কলহোবিপত্তিশ্চেতি তত্র চৈকাধিপত্যাদৌ বিপত্তিদোষাভাবেন কলহমাত্রস্যাল্পদোষত্বাৎরাজমার্ত্তণ্ডাদৌ বিবাহো-দর্শিতঃ ইতি গ্রন্থকৃতাপি কলহজদোষঃ।ন্নিষিদ্ধমিতি ন বিরোধঃ ॥ ১১৪

### অথ ভ্রমপ্রমাদোৎপন্নষড়ষ্টকাদিপ্রতীকারঃ।

ষড়ষ্টকে গোমিথুনং প্রদেয়ং কাংস্যং সরূপ্যং নবপঞ্চকে তু।
দ্বিদ্বাদশাখ্যে কনকাম্রতাম্রং বিপ্রার্চ্চনং হেম চ নাড়ী দোষে ॥ ১১৫

ভ্রম কি প্রমাদবশতঃ যদি কদাচিৎ ষড়ষ্টকাদিযোগে বিবাহ হয়, তাহা হইলে সেই দোষশান্তির নিমিত্ত দান করিতে হইবে। ষড়ষ্টকে গোযুগ্ম ( স্ত্রীগো ও বলীবর্দ্ধ ) দান করিতে হয়, এইরূপ নবপঞ্চকে রূপার সহিত কাংস্যপাত্র এবং দ্বিদ্বাদশে সুবর্ণ, তণ্ডুল ও তাম্র দান, নাড়ীদোষে বিপ্রার্চ্চন ও সুবর্ণ দান করিতে হয়। ১১৫

কদাচিদ্ভ্রমপ্রমাদেন ষড়ষ্টকাদৌ বিবাহে সতি প্রতীকারমাহ। ষড়ষ্টক ইতি। গোমিথুনং স্ত্রীগবীবলীবর্দ্দাবিত্যর্থঃ ॥ ১১৫

**অথ কন্যায়াগ্রহাদি-শুদ্ধিকথনং।**

**গ্রহশুদ্ধিমব্দশুদ্ধিং শুদ্ধিং মাসায়নর্ত্তুদিবসানাং।**
**অর্ব্বাগ্ দশবর্ষেভ্যো মুনয়ঃ কথয়ন্তি কন্যকানাং ॥১১৬**

বিবাহে কন্যার গ্রহাদি শুদ্ধি কথিত হইতেছে—দশবৎসর বয়ঃক্রমের মধ্যে কন্যার বিবাহ হইলে গ্রহগণের গোচরশুদ্ধি. অব্দশুদ্ধি ( যুগ্মাযুগ্মবর্ষবিচার ) মাসশুদ্ধি, অয়নশুদ্ধি, ঋতুশুদ্ধি ও দিবস ( বার ) শুদ্ধি দেখিতে হইবে, মুনিগণ কন্যার বিবাহ-সম্বন্ধে এইরূপ কহিয়াছেন। ১১৬

**অযুগ্মে দুর্ভগা নারী যুগ্মে চ বিধবা ভবেৎ।**
**তস্মাদ্গর্ব্ভান্বিতে যুগ্মে বিবাহে সা পতিব্রতা ॥ ১১৭**

কন্যার অযুগ্মবর্ষে বিবাহ হইলে দুর্ভাগা হয় এবং যুগ্মবর্ষে বিবাহ হইলে বিধবা হইয়া থাকে ; অতএব গর্ব্ভান্বিত * যুগ্মবর্ষ গণনা করিয়া বিবাহ দিবে। ঐ রূপ গর্ব্ভান্বিত যুগ্মবর্ষে বিবাহ হইলে সেই কন্যা পতিব্রতা হয়। ১১৭

**মাসত্রয়াদূর্দ্ধমযুগ্মবর্ষে যুগ্মেঽপিমাসত্রয়মেব যাবৎ।**
**বিবাহশুদ্ধিং প্রবদন্তি সর্ব্বে বাৎস্যাদয়োজ্যোতিষি জন্মমাসাৎ ॥১১৮**

বাৎস্যপ্রভৃতি জ্যোতির্ব্বেত্তাগণ বলিয়াছেন—অযুগ্মবর্ষে তিনমাসের পর এবং যুগ্মবর্ষে তিনমাসের মধ্যে বিবাহে কালশুদ্ধি হইবে। ১১৮

**প্রসূত্যাধানতঃ শুদ্ধির্ব্বিষমেঽব্দে সমে ক্রমাৎ।**
**বিবাহে যোষিতাং চন্দ্রার্কেজ্যশুদ্ধির্নৃযোষিতোঃ ॥ ১১৯**

কন্যার বিবাহে প্রসূতির গর্ব্ভগ্রহণ হইতে বিষম ( অযুগ্ম ) বর্ষ বিবেচিত হইবে এবং সম ( যুগ্ম ) বর্ষে জন্ম হইতে গণনা করিতে হইবে। চন্দ্র, রবি ও বৃহস্পতি শুদ্ধি স্ত্রী-পুরুষ উভয়েরই দেখিতে হয়।১১৯

**সভর্ত্তৃকক্রিয়ারম্ভে ভর্ত্তুর্গোচরশুদ্ধিতঃ।**
**যাত্রোদ্বাহে গর্ব্ভকৃত্যে স্বশুদ্ধ্যাপ্নোতি তৎফলং ॥ ১২০**

* জন্মের পূর্ব্বের নয়মাস গ্রহণ করিলেই তাহাকে গর্ব্ভান্বিত বলা যায়।

স্ত্রীলোকের পতির সহিত যে কর্ম্ম করিতে হয় তাহাতে পতির গোচর শুদ্ধি বিবেচিত হইবে; কিন্তু যাত্রা, বিবাহ ও গর্ত্তকৃত্যে রমণীর স্বীয়গোচর শুদ্ধি থাকিলেই তাহাতে ফল পাইবে। ১২০

**প্রারভ্য জন্মসময়াদ্ যুবতের্ব্বিবাহং ওজোঽব্দকেষু মুনয়ঃ শুভমাদিশন্তি।**
**আধানতঃ প্রভৃতিতঃ সমবৎসরেষু প্রোক্তস্তয়োর্ন শুভদস্তু বিলোমবর্ষে॥**

অযুগ্মবর্ষে জন্মসময় হইতে বৎসর গণনা করিবে। যুগ্মবৎসরে আধান (গর্ত্তগ্রহণ) হইতে বর্ষ বিবেচিত হইবে। অযুগ্মবর্ষে গর্ত্তগ্রহণ হইতে গণনা এবং যুগ্মবর্ষে জন্ম হইতে গণনা শুভ হইবে না, বিবাহবিষয়ে মুনিগণ এইরূপ আদেশ করিয়াছেন। ১২১

**যুগ্মাব্দকেষু যুবতেরপি জন্মমাসাৎ মাসত্রয়ং বিবহনে পরমব্দশুদ্ধিং।**
**প্রাহুঃ সমস্তমুনয়োবিষমে তু বর্ষে মাসত্রয়াদুপরিতঃ খলু জন্মমাসাৎ॥১২২**

কন্যার বিবাহে জন্মমাস হইতে গণনায় যুগ্মবৎসরে তিনমাসের মধ্যে বর্ষশুদ্ধি থাকে, আর অযুগ্মবর্ষে তিনমাসের পরে বৎসরশুদ্ধি হয়, সকল মুনিগণই এইরূপ বলিয়াছেন। ১২২

## অথ বিবাহে অয়নাদিশুদ্ধিঃ।

আশ্বলায়নঃ।

**উদগয়নে আপূর্য্যমাণে পক্ষে কল্যাণনক্ষত্রে চূড়োপনয়ন-গোদানবিবাহাঃ। বিবাহঃ সর্ব্বকালিক ইত্যেকে॥ ১২৩**

আশ্বলায়ন কহিয়াছেন,—উত্তরায়ণে, শুক্লপক্ষে এবং শুভনক্ষত্রে চূড়াকর্ম্ম, উপনয়ন, গোদান ও বিবাহ হইবে। আর কেহ কেহ বলিয়াছেন বিবাহ সকল কালেই হইতে পারে। ১২৩

**হরৌ প্রসুপ্তে ন চ দক্ষিণায়নে**
**তিথৌ চ রিক্তে শশিনি ক্ষয়ংগতে॥ ১২৪**

শ্রীহরির শয়নে, দক্ষিণায়নে, রিক্তাতিথিতে ও অমাবস্যায় বিবাহ নিষিদ্ধ। ১২৪

**রাজগ্রস্তে তথা যুদ্ধে পিতৄণাং প্রাণসংশয়ে।**
**অতিপ্রৌঢ়া চ যা কন্যা নানুকূলং প্রতীক্ষতে॥ ১২৫**

নৃপতিকর্ত্তৃক আবদ্ধ কিম্বা যুদ্ধে যদি পিতার প্রাণসংশয় হয়, তাহা হইলে অত্যন্ত বয়স্থা কন্যাকে গ্রহগোচরশুদ্ধি কি অব্দাদিশুদ্ধি বিচার না করিয়াও বিবাহ দিতে পারে। ১২৫

**অতিপ্রৌঢ়া চ যা কন্যা কুলধর্ম্মবিরোধিনী।**
**অবিশুদ্ধাপি সা দেয়া চন্দ্রলগ্নবলেন তু॥ ১২৬**

অতিপ্রৌঢ়া কন্যা অবিবাহিতা থাকিলে কুলধর্ম্ম বিনাশ হয় অতএব কালাদিশুদ্ধি না থাকিলেও চন্দ্রবল (চন্দ্রশুদ্ধি) ও শুভলগ্ন দেখিয়া বিবাহ দিতে পারে। ১২৬

কালাত্যয়ে চ কন্যায়াঃ কালদোষোন বিদ্যতে॥ ১২৭

ইতি দশমবর্ষাৎপরং।

বিবাহের কাল অতীত হইলে যে কালদোষ গ্রাহ্য হইবে না, তাহা দশমবর্ষের পরে বিবেচিত হইবে। ১২৭

মলমাসাদিকালানাং বিবাহাদৌ প্রযত্নতঃ।
পুংসঃ প্রতি সদা দোষাৎ সর্ব্বদৈব হি বর্জ্জ্যতা॥ ১২৮

পুরুষসম্বন্ধে বিবাহাদি কর্ম্মে মলমাসাদি কাল নিষেধ আছে অতএব সর্ব্বদাই তাহা পরিত্যাগ করিবে। ১২৮

## অথ কালাশুদ্ধিকথনং।

গুর্ব্বাদিত্যে গুরৌ সিংহে নষ্টে শুক্রে মলিম্লুচে।
যাম্যায়নে হরৌ সুপ্তে সর্ব্বকর্ম্মাণি বর্জ্জয়েৎ॥ ১২৯

অধুনা কালাশুদ্ধি কথিত হইতেছে।—বৃহস্পতি ও রবি যদি একনক্ষত্রগত হইয়া একরাশিতে অবস্থিতি করেন কিম্বা বিভিন্ন নক্ষত্রে থাকিয়াও একরাশিস্থ হন, তাহা হইলে গুর্ব্বাদিত্যযোগ হয়। উক্তযোগে, বৃহস্পতি সিংহরাশিতে থাকিলে, শুক্র বৃদ্ধ, সন্ধ্যাগত, অস্ত কি বাল্যাগত হইলে, মলমাসে দক্ষিণায়নে ও হরিশয়নে সকল কাম্যকর্ম্ম পরিত্যাগ করিবে। ১২৯

সর্ব্বকর্ম্মণিকালাশুদ্ধিমাহ। গুর্ব্বেতি। গুর্ব্বাদিত্যস্তু দ্বিপ্রকারোভবতি রবিজীবাবেকরাশিগতৌ চ একনক্ষত্রগতৌ চ একনক্ষত্রগতত্বশ্চাভিন্নরাশিগতত্বে সতীতি বোদ্ধব্যং। তথা চ কাশ্যপঃ। ঋক্ষৈকমন্দিরগতৌ যদি জীবভানূ শুক্রোঽস্তগঃ সুরবরৈকগুরুশ্চ সিংহে। নারভ্যতে ব্রতবিবাহ গৃহপ্রতিষ্ঠা ক্ষৌরাদিকর্ম্ম গমনাগমনঞ্চ ধীরৈঃ। নারভ্যতে ইত্যনেনারব্ধব্রতস্তু পূর্ব্বসঙ্কল্পিতব্রতং কর্ত্তব্যমিতি তাৎপর্য্যং। তত্র সর্ব্বকর্ম্মাণীত্যত্র কর্ম্মশব্দঃ কাম্যকর্ম্মপরঃ দেবার্চ্চনন্তু নিত্যকর্ম্ম কর্ত্তব্যমেব এবং সর্ব্বত্র। তথা সিংহরাশিস্থে গুরৌ সর্ব্বকর্ম্মাণি বর্জ্জয়েৎ। তথা রাজমর্ত্তণ্ডে। যাত্রাং চূড়াং বিবাহং শ্রুতিবিবরবিধিং যাগসদ্মপ্রবেশৌ প্রাসাদোদ্যানহর্ম্ম্যাম্বরনবভবনারম্ভবিদ্যাপ্রদানং। মৌঞ্জীবন্ধং প্রতিষ্ঠাং মণিরদকনকাধারণং কুর্ব্বতে যে মৃত্যুস্তেষাং হরীজ্যে গুরুদিনকরয়োরেকরাশিস্থয়োশ্চ। অত্র চ সিংহস্থবৃহস্পতৌ বিবাহে বিশেষমাহ। রাজমার্ত্তণ্ডে। গুরৌ হরিস্থেন বিবাহমাহুর্হারীতগর্গপ্রমুখাইত্যাদি। তথা মঘাঋক্ষং পরিত্যজ্য যদা সিংহে গুরুর্ভবেৎ। বিবাহস্তত্র কর্ত্তব্যো-মুনিভিঃ পরিকীর্ত্তিতঃ। অত্র চ বক্রাতিচারেণ রাশ্যন্তরগমনে সিংহস্থবৃহস্পতিদোষোনাস্তি কিন্তুহি বক্রাতিচারোক্তদোষমাত্রমেবেত্যর্থঃ। তথা নষ্টে শুক্রে সর্ব্বকাম্যকর্ম্মাণি বর্জ্জয়েৎ।

বিকারাপত্তিনষ্টত্বং তচ্চতুর্দ্ধা ভবতি বৃদ্ধত্বসন্ধ্যাগতত্বাস্তত্ববালত্বভেদেন। অত্র চ অস্তাৎ পূর্ব্বং বৃদ্ধত্বং সন্ধ্যাগতত্বঞ্চ অস্তাৎ পরতো বালকত্বং। তথা রাজমার্ত্তণ্ডে—"ভবেৎ সন্ধ্যাগতং পশ্চাদস্তমেতি দিনত্রয়ং। দিনানি পঞ্চপূর্ব্বেণ সর্ব্বকর্ম্ম বিবর্জ্জয়েৎ॥ বালোদিনচতুষ্কং স্যাদ্বৃদ্ধঃ পঞ্চাহমুচ্যতে। ত্র্যহং সন্ধ্যাগতঃ শুক্রস্ত্রিধাপ্যেবং বিবর্জ্জয়েৎ"। বালে ভৃগৌ পরিণীতা যুবতির্ন সাধ্বী ভবেদবশ্যমিয়ং। বৃদ্ধে তস্মিন্ বন্ধ্যা সন্ধ্যাস্তে মৃত্যুমাপ্নোতি॥ মলিম্লুচ ইতি। মলমাসে সর্ব্ব কাম্যকর্ম্মাণি বর্জ্জয়েৎ। মলমাসকারণমুক্তং যথা। "দিবসস্ত হরত্যর্কঃষষ্টিভাগমৃতৌ ততঃ। করোত্যেকমহশ্ছেদং তথৈবৈকঞ্চ চন্দ্রমাঃ"॥ এবমর্দ্ধতৃতীয়ানামব্দানামধিমাসকং। গ্রীষ্মে জনয়তঃ পূর্ব্বং পঞ্চাব্দান্তে তু পশ্চিমমিতি। অত্র চ শুক্লপ্রতিপদাদিদর্শান্তে চান্দ্রমাসে যদি রবিসঞ্চারো ন স্যাৎ তদা সমাসোমলিম্লুচস্যাৎ তথা চ "অমাবস্যাপরিচ্ছিন্নং রবিসংক্রান্তিবর্জ্জিতং। মলমাসং বিজানীয়াৎ গর্হিতং সর্ব্বকর্ম্মসু"॥ তথা রবিণা লঙ্ঘিতোমাসশ্চান্দ্রঃ খ্যাতোমলিম্লুচঃ। তত্র যদ্বিহিতং কর্ম্ম উত্তরে মাসি কারয়েৎ। তথা পক্ষদ্বয়েঽপি সংক্রান্তির্যদি নস্যাৎ। সিতাসিতে তদা তন্মাসবিহিতমুত্তরে মাসি কারয়েৎ। তথা চ "অগ্ন্যাধেয়ং প্রতিষ্ঠাঞ্চ যজ্ঞদানব্রতানি চ। দেবব্রতবৃষোৎসর্গচূড়াকরণমেখলাঃ। মাঙ্গল্যমভিষেকঞ্চ মলমাসে বিবর্জ্জয়েৎ। তথা বাপিকূপতড়াগানি প্রতিষ্ঠাং যজ্ঞকর্ম্ম চ। ন কুর্য্যান্মলমাসেঽপি মহাদানব্রতানি চ। অত্র কর্ম্মবিশেষস্য কর্ত্তব্যতামাহ হারীতঃ। গর্ভে বার্দ্ধুষিকৃত্যে চ মৃতানাং পিণ্ডকর্ম্মসু। সপিণ্ডীকরণে চৈব নাধিমাসং বিদুর্বুধাঃ"॥ তথা বৃহস্পতিঃ। "নিত্যনৈমিত্তিকেকুর্য্যাৎ প্রযতঃ সন্ মলিম্লুচে। তীর্থস্নানং গজচ্ছায়াং প্রেতশ্রাদ্ধং তথৈব চ"॥ নিত্যং অহরহঃকর্ত্তব্যং নিত্যশ্রাদ্ধহোমস্নানাদি নৈমিত্তিকং পুত্রজন্মনিমিত্তকশ্রাদ্ধমিত্যর্থঃ। গজচ্ছায়া চন্দ্রসূর্য্যগ্রহণং। হস্তী ভূত্বা স্বর্ভানুঃ গ্রসতে ইতিশ্রুতেঃ। যাম্যায়নে দক্ষিণায়নে। আষাঢ়ে তু হরিশয়নসম্ভবাৎ হরৌ সুপ্তঃ ইতিপুনরুক্তঃ। অত্র চ গুর্ব্বাদিত্যাদিকালাশুদ্ধৌ আরব্ধষট্পঞ্চম্যাদিব্রতস্য কর্ত্তব্যমেব বিশেষবিধিবৈয়র্থ্যাৎ যথা রম্ভাতৃতীয়াদিব্রতে শিবরহস্যে মাসে মলিম্লুচেঽপ্যেবং যজেদ্দেবীং সশঙ্করাং। কিন্তু নোদ্যাপনং কার্য্যমিত্যাহ ভগবান্ শিবঃ। এবঞ্চ যত্র যত্র বিধিস্তত্র বিধিবৈয়র্থ্যভয়াত্তত্তৎকর্ম্ম কর্ত্তব্যমেব যথা যাম্যায়নে অনন্তব্রতাদি তথা শ্রাবণেমাসি গৃহারম্ভ ইত্যাদি॥ ১২৯

বাপীকূপতড়াগযাগগমন ক্ষৌরপ্রতিষ্ঠাব্রতং
বিদ্যামন্দিরকর্ণবেধনমহাদানং বনং সেবনং।
তীর্থস্নানবিবাহদেবভবনং মন্ত্রাদিদেবেক্ষণং
দূরেণৈব জিজীবিষুঃ পরিহরেদস্তংগতে ভার্গবে॥ ১৩০

ইতি কৃত্যচিন্তামণৌ।

বাপি (জলাশয় বিশেষ) কূপ (কুয়া) তড়াগ (দীর্ঘিকা) যজ্ঞ, গমন, চূড়াকর্ম্ম, প্রতিষ্ঠা, উপনয়ন, বিদ্যারম্ভ, গৃহারম্ভ, কর্ণবেধ, মহাদান, বনসেবন, অনারব্ধ তীর্থস্নান, বিবাহ, দেবভবনারম্ভ মন্ত্রাদিগ্রহণ ও অনাবৃত্ত অনাদিদেবতা দর্শন এই সকল কর্ম্ম শুক্র অস্ত হইলে জীবন ইচ্ছুক ব্যক্তি পরিত্যাগ করিবে অর্থাৎ শুক্রাস্তাদিজন্য অকাল হইলে উক্ত সকল কার্য্য করিতে পারিবে না। ১৩০

সর্ব্বাণি শুভকর্ম্মাণি কুর্য্যাদস্তং গতে সিতে।
বিবাহং মেখলাবন্ধং যাত্রাঞ্চ * পরিবর্জ্জয়েৎ ॥ ১৩১
ইতি বৃহদ্রাজমার্ত্তণ্ডে।

রাজমার্ত্তণ্ডে উক্ত হইয়াছে যে,—সকল শুভকর্ম্ম শুক্রাস্ত হইলে করিতে পারিবে। কিন্তু বিবাহ, উপনয়ন ও যাত্রাদি † পরিত্যাগ করিতে হইবে।১৩১

বালে শুক্রে বৃদ্ধে শুক্রে নষ্টে শুক্রে জীবে নষ্টে।
বালে জীবে বৃদ্ধে জীবে সিংহাদিত্যে গুর্ব্বাদিত্যে ॥
তথা মলিম্লুচে মাসি সুরাচার্য্যেঽতিচারগে।
বাপীকূপতড়াগাদিক্রিয়াঃ প্রাগুদিতাস্ত্যজেৎ ॥ ১৩২

শুক্রের বাল্য, বার্দ্ধক্য ও অস্ত সময়ে; বৃহস্পতির অস্ত, বাল্য ও বার্দ্ধক্যকালে, সিংহাদিত্যে, গুর্ব্বাদিত্যে, মলমাসে এবং বৃহস্পতি অতিচারী হইলে পূর্ব্বোক্ত বাপী, কূপ ও তড়াগাদিকর্ম্ম পরিত্যাগ করিবে। ফলকথা—গুরু শুক্রের বাল্য বৃদ্ধাদি অকালের উপলক্ষণ, যে কোনরূপে অকাল হইলেই উল্লিখিত কার্য্য সকল পরিত্যাগ করিতে হইবে। ১৩২

অতিচারগতে জীবে বক্রে চৈব বৃহস্পতৌ।
কামিনী বিধবা প্রোক্তা তস্মাত্তৌ পরিবর্জ্জয়েৎ ॥ ১৩৩

বৃহস্পতি অতিচারী কি বক্রগমন করিলে যদি বিবাহ হয় তবে ঐ বিবাহিতা নারী বিধবা হইবে, অতএব বৃহস্পতি অতিচারী কি বক্র হইলে বিবাহ নিষিদ্ধ। ১৩৩

অতিচারং গতে জীবে বক্রে বাস্তমুপাগতে।
ব্রতোদ্বাহৌ ন কুর্ব্বীত জায়তে মরণং ধ্রুবং ॥ ১৩৪

বৃহস্পতি অতিচারী হইলে, বক্রগমন করিলে কিম্বা অস্তাদি হইলে উপনয়ন ও বিবাহাদিকার্য্য করিবে না, যদি কেহ উক্ত সকল কার্য্য করে তাহা হইলে মৃত্যুতুল্য ফল হইয়া থাকে। ১৩৪

বক্রাতিচারে দোষমাহ। অতিচার ইতি। বক্রাতিচারগে গুরৌ ব্রতোদ্বাহৌ ন কুর্য্যাৎ ব্রতমুপনয়নং এতচ্চোপলক্ষণং যথা রাজমার্ত্তণ্ডে—"অতিচারং গতে জীবে বর্জ্জয়েত্তদনন্তরং। ব্রতোদ্বাহাদি চূড়ায়ামষ্টাবিংশতিবাসরান্" ॥ অষ্টাবিংশতিদিনমাত্রবর্জ্জনন্ত কার্য্যবশেনানুপেক্ষণীয়ত্বাদিতি। অত্র চ রাশ্যন্তরসঞ্চারে সত্যেব বক্রাতিচারদোষোনান্যথেতি।

---

* যাত্রাঞ্চেতি চকারোবচনান্তরোক্ত প্রাতিস্বিকনিষিদ্ধকর্ম্মান্তরং সমুচ্চিনোতি।

† যাত্রাদি এই আদিশব্দ দ্বারা অন্যান্য বচনোক্ত প্রাতিস্বিক নিষিদ্ধকর্ম্ম জানিবে।

অত্র চ বক্রাতিচারগোগুরুর্যস্মিন্ রাশৌ যাতি তস্যৈব ফলং দদাতি যথা—রাজমার্ত্তণ্ডে। "বরাহমাণ্ডব্যপরাশরাদ্যা গর্গাঙ্গিরাদ্যা মুনয়োবদন্তি। বক্রাতিচারে সুররাজমন্ত্রী যত্রাগতস্তত্র ফলং দদাতি"॥ এবং মহাতিচারে সম্বৎসরমেব মঙ্গলং ন কর্ত্তব্যং। তথা চ। "অতিচারং গতোজীবস্তত্রৈব কুরুতে স্থিতিং। তদা মহাতিচারঃ স্যাল্লুপ্তসম্বৎসরক্রিয়ঃ"॥ তথা অস্তং গতে জীবে ব্রতোদ্বাহৌ ন কুর্য্যাৎ অত্রাপ্যুপলক্ষণং যথা রাজমার্ত্তণ্ডে—"অস্তং প্রয়াতে চ ভৃগৌ গুরৌ বা সূর্য্যে নিরংশে হিমগৌ প্রনষ্টে। ন কূপবাপ্যাদিকমন্দিরার্য্যং শুভং প্রদিষ্টং ধনকীর্ত্তিনাশাৎ॥" অস্তমিতে ভৃগুপুত্রে কন্যা ম্রিয়তে বৃহস্পতৌ পুরুষঃ। উভয়োরপি মরণং স্যাৎ কেতৌ পাণিগ্রহণেঽভ্যুদিতে। তথা অস্তগতত্বমুপলক্ষণং সন্ধ্যাবালবৃদ্ধত্বেঽপি শুভকর্ম্ম ন কর্ত্তব্যং। যথা রাজমার্ত্তণ্ডে—"বালে বৃদ্ধে চ সন্ধ্যাংশে চতুঃপঞ্চত্রিবাসরান্। জীবে চ ভার্গবে চৈব বিবাহাদিষু বর্জ্জয়েৎ"॥ ১৩৪

**অতিচারং গতোজীবঃ পূর্ব্বভং নৈব গচ্ছতি।**
**সমচারেঽপি কর্ম্মাণি নৈব তত্রৈব সংস্থিতে॥ ১৩৫**

বৃহস্পতি অতিচারী হইয়া যদি পূর্ব্বরাশিতে পুনর্ব্বার গমন না করেন কি সমচার হইয়াও যদি সেইখানে অবস্থিতি করেন—তবে অকালজন্য কর্ম্ম নিষিদ্ধ হইবে। ১৩৫

**বালে বৃদ্ধে তথৈবাস্তে কুরুতে দৈত্যমন্ত্রিণি।**
**উদ্বাহিতায়াং কন্যায়াং দম্পত্যোরেকনাশনম্॥ ১৩৬**

ইতি দেবলঃ।

দেবল কহিয়াছেন,—শুক্রের বাল্য, বার্দ্ধক্য কি অস্তজন্য অকালে যদি বিবাহ হয়, তবে দম্পতির মধ্যে একজনের মৃত্যু হইবে। ১৩৬

**প্রাগুদ্গতশিশুরহস্ত্রিতয়ং সিতঃ স্যাৎ পশ্চাদ্দশাহমিতি পঞ্চদিনানি বৃদ্ধঃ। প্রাক্ পক্ষমেব কথিতোঽত্রিবশিষ্ঠগর্গৈর্জীবস্তু পক্ষমপি বৃদ্ধশিশুর্ব্বিবর্জ্জ্যঃ॥**

শুক্র পূর্ব্বদিকে উদিত (শিশু) হইলে তিনদিন অকাল হয়, এইরূপ পশ্চিমদিকে বালক হইলে দশদিন অকাল, পশ্চিমদিকে অস্ত (বৃদ্ধ) হইলে পাঁচদিন (আপদ্বিষয়ে) অকাল এবং পূর্ব্বদিকে বৃদ্ধ হইলে পঞ্চদশদিন অকাল হইয়া থাকে। আর বৃহস্পতি বালক কিম্বা বৃদ্ধ হইলে পঞ্চদশদিন অকাল হয়। ১৩৭

**পক্ষং বৃদ্ধস্তু পূর্ব্বেণ দশাহং পশ্চিমেন তু।**
**প্রত্যগ্‌বালোদশাহস্তু পূর্ব্বেণ তু দিনত্রয়ম্॥ ১৩৮**

শুক্র পূর্ব্বদিকে অবস্থিত হইয়া বৃদ্ধ হইলে পঞ্চদশদিন অকাল, পশ্চিমদিকে বৃদ্ধ হইলে দশদিন অকাল, পশ্চিমদিকে বালক হইলে দশদিন অকাল এবং পূর্ব্বদিকে বালক হইলে তিনদিন অকাল হয়। ১৩৮

অত্যন্তাশক্তৌ।

বালে বৃদ্ধে চ সন্ধ্যাংশে চতুঃপঞ্চত্রিবাসরান্।
জীবে ভার্গবে চৈব বিবাহাদিষু বর্জ্জয়েৎ ॥১৩৯

ইতি রাজমার্ত্তণ্ডঃ।

রাজমার্ত্তণ্ডে অত্যন্তাশক্তবিষয়ে কথিত হইয়াছে—বৃহস্পতি কি শুক্র বালক হইলে চারিদিন, বৃদ্ধ হইলে পাঁচদিন এবং সন্ধ্যাগত হইলে তিনদিন পরিত্যাগ করিয়া বিবাহাদি শুভকার্য্য করিতে পারিবে। ১৩৯

বক্রে চৈবাতিচারে ত্রিদশপতিগুরৌ দৈবপূজ্যে চ সুপ্তে
গুর্ব্বাদিত্যে * হ্যধিমাসে দিবসকররিপৌ বাক্‌পতৌ চৈত্রপৌষে।
বিষ্ট্যাং কেতূদ্‌গমে বা শরদি সুরগুরৌ সিংহসংস্থে মনোজ্ঞে
বর্ষাদাপ্নোতিচোঢ়া সুনিয়তমরণং দেব কন্যাপি ভর্ত্তুঃ ॥ ১৪০

বৃহস্পতি বক্রী কি অতিচারী হইলে, হরিশয়নে, গুর্ব্বাদিত্যযোগে, অধিমাসে, রাহুযুক্তবৃহস্পতি হইলে, চৈত্রমাসে ও পৌষমাসে, বিষ্টিভদ্রাতিথিতে, শরৎকালে, কেতুদ্‌গম হইলে এবং বৃহস্পতি সিংহরাশিস্থ হইলে যদি নারী পরিণীতা হয় তবে সে দেবকন্যা হইলেও তাহার পতির একবৎসরের মধ্যে মৃত্যু হইবে। ১৪০

একরাশিস্থিতৌ স্যাতাং যদি রাহুবৃহস্পতী।
বিবাহব্রতযজ্ঞাদি তদা সর্ব্বত্র বর্জ্জয়েৎ ॥ ১৪১

বচনান্তরে লিখিত হইয়াছে যে,—রাহু ও বৃহস্পতি যদি এক রাশিতে অবস্থিত হন তাহা হইলে বিবাহ, ব্রত ও যজ্ঞাদি সর্ব্বত্রই পরিত্যাগ করিবে। ১৪১

বালে চ দুর্ভগা নারী বৃদ্ধে নষ্টপ্রজা ভবেৎ।
নষ্টে চ মৃত্যুমাপ্নোতি সর্ব্বমেতদ্‌গুরাবপি ॥ ১৪২

ইতি রাজমার্ত্তণ্ডে।

রাজমার্ত্তণ্ডে লিখিত আছে—শুক্র কি বৃহস্পতি যদি বাল্যভাব ধারণ করেন তবে বিবাহিতা নারী দুর্ভগা হয়, এইরূপ বৃদ্ধ হইলে মৃতবৎসা এবং অস্তভাবে থাকিলে পরিণীতা কন্যার মৃত্যু হইয়া থাকে। ১৪২

---

* একরাশৌ যদি স্যাতাং একর্ক্ষবিষয়ে যদি। গুর্ব্বাদিত্যৌ তদা ত্যাজ্যা যজ্ঞোদ্বাহাদিকা ক্রিয়া ॥

**সিংহে গুরৌ পরিণীতা পতিমাত্মানমাত্মজান্ হন্তি।**
**ক্রমশস্ত্রিষু পিত্রাদিষু বশিষ্ঠগর্গাদয়ঃ প্রাহুঃ ॥ ১৪৩**

বশিষ্ঠ ও গর্গাদিমুনিগণ বলিয়াছেন—সিংহরাশিস্থ বৃহস্পতি মঘানক্ষত্রে থাকিলে পরিণীতা কন্যার পতিবিনাশ হয়, পূর্ব্বফল্গুনীনক্ষত্রে অবস্থিত হইলে বিবাহিতা কন্যার মৃত্যু ঘটে, আর যদি উত্তরফল্গুনীনক্ষত্রে বৃহস্পতি থাকেন তবে পরিণীতা স্ত্রীর সন্তান বিনষ্ট হইয়া থাকে। ১৪৩

**গুরৌ হরিস্থেন বিবাহমাহুর্হারীতগর্গপ্রমুখামুনীন্দ্রাঃ।**
**যদা ন মাঘী মঘসংযুতা স্যাৎ তদা তু কন্যোদ্বহনং বদন্তি ॥ ১৪৪**

'বৃহস্পতি সিংহরাশিতে অবস্থিত হইলে বিবাহ নিষিদ্ধ।' হারীত, গর্গ প্রভৃতি শ্রেষ্ঠ মুনিগণ এইরূপ বলিয়াছেন, কিন্তু তাহার মধ্যে বিশেষ এই যদি মঘানক্ষত্র মাঘীপূর্ণিমাতে যোগ হয়, তবে সিংহস্থ গুরুজন্য অকাল হইবে, আর যদি মাঘীপূর্ণিমার সহিত মঘানক্ষত্রের যোগ না হয় তাহা হইলে সিংহস্থ বৃহস্পতি সমানকালীন বিবাহিতা কন্যার শুভ হইয়া থাকে। ১৪৪

**অত্রৈব মাণ্ডব্যঃ।**

**মঘাখ্যঋক্ষং পরিত্যজ্য যদা সিংহে গুরুর্ভবেৎ।**
**তত্রাব্দে কন্যকা চোঢ়া সুভগা সুপ্রিয়াভবেৎ ॥ ১৪৫**

মঘানক্ষত্র ভিন্ন অন্য নক্ষত্রস্থিত হইয়া যদি সিংহরাশিতে গুরু থাকেন তবে তাহাতে বিবাহিতা কন্যা সুভগা হইয়া থাকে। ১৪৫

**অতিচারং গতে জীবে বৃষে বৃশ্চিককুম্ভয়োঃ।**
**যজ্ঞোদ্বাহাদিকং কুর্য্যাত্তত্র কালোন লুপ্যতে ॥ ১৪৬**

ইতি হারীতঃ।

হারীত কহিয়াছেন,—বৃহস্পতি অতিচারী হইয়া যদি বৃষ, বৃশ্চিক কি কুম্ভরাশিতে গমন করেন তবে তাহাতে অকাল হইবে না, প্রত্যুত যজ্ঞ ও বিবাহাদি সকল কর্ম্মই করিতে পারিবে। ১৪৬

**অতিচারং গতে জীবে বৃষে বৃশ্চিককুম্ভয়োঃ।**
**তত্র বিবাহিতা কন্যা সংপ্রীণয়াৎ কুলদ্বয়ম্ ॥ ১৪৭**

ইতি কৃত্যচিন্তামণৌ।

কৃত্যচিন্তামণিগ্রন্থেও লিখিত আছে যে,—বৃহস্পতি অতিচারী হইয়া যদি বৃষ, বৃশ্চিক কি কুম্ভরাশিতে গমন করেন, তবে তাহাতে বিবাহিতা কন্যা দুই কুল পরিতুষ্ট করে। ১৪৭

যদাতিচারং সুররাজমন্ত্রী করোতি গোমন্মথমীনসংস্থঃ।
ন যাতি চেদ্ যদ্যপি পূর্ব্বরাশিং শুভায় পাণিগ্রহণং বশিষ্ঠঃ॥১৪৮

ইতি ভীমপরাক্রমে।

ভীমপরাক্রমে বশিষ্ঠবচনে লিখিত আছে—বৃহস্পতি যদি অতিচারী হইয়া বৃষ, মিথুন কি মীনরাশিতে অবস্থিত হন, আর পূর্ব্বরাশিতে গমন না করেন, তবে তাহাতে বিবাহ শুভপ্রদ হইবে। ১৪৮

অতিচারং গতে জীবে স্থিররাশৌ চ সংস্থিতে।
তত্র ন লুপ্যতে কালোবদত্যেবং পরাশরঃ॥ ১৪৯

পরাশর বলিয়াছেন যে,—বৃহস্পতি যদি অতিচারী হইয়া স্থিররাশিতে অবস্থিতি করেন, তাহা হইলে বৃহস্পতির অতিচারজন্য অকাল হইবে না। ১৪৯

বাপীকূপতড়াগাদিনিষিদ্ধং সিংহগে গুরৌ।
মকরস্থে তু তৎকার্য্যং ন দোষঃ কাললোপজঃ॥ ১৫০

বৃহস্পতি সিংহরাশিতে থাকিলে বাপী, কূপ ও তড়াগ প্রভৃতি খননাদি নিষিদ্ধ, কিন্তু মকররাশিতে বৃহস্পতি অবস্থিতি করিলে বাপী, কূপ ও তড়াগাদি সকলই করিতে পারিবে অর্থাৎ অকাল হইবে না। ১৫০

কন্যাবৃশ্চিকমেষেষু মিথুনে চ ঝষে বৃষে।
অতিচারেঽপি কর্ত্তব্যং বিবাহাদি বুধৈঃ সদা॥ * ১৫১

কন্যা, বৃশ্চিক, মেষ, মিথুন, মীন ও বৃষরাশিতে বৃহস্পতি অতিচারী হইয়া গমন করিলে অকাল হইবে না অর্থাৎ বিবাহাদিকর্ম্ম হইতে পারে এইরূপ কেহ কেহ বলিয়াছেন। কিন্তু মহামহোপাধ্যায় স্মার্ত্তভট্টাচার্য্য বলেন,—এই বচন দ্বৈতনির্ণয় গ্রন্থে অমূলক বলিয়া লিখিত আছে। ১৫১

ত্রিকোণজায়াধনলাভরাশৌ বক্রাতিচারেণ গুরুঃ প্রয়াতঃ
যদা তদা প্রাহ শুভে বিলগ্নে হিতায় পাণিগ্রহণং বশিষ্ঠঃ॥ ১৫২

ইতি দীপিকায়াং।

বৃহস্পতি বক্রী কি অতিচারী হইয়া যদি কর্ম্মকর্ত্তার নবম, পঞ্চম, সপ্তম, দ্বিতীয় কিম্বা একাদশরাশিতে অবস্থিত হন, তাহা হইলে শুভলগ্নে বিবাহ হইতে পারে, বশিষ্ঠ বলিয়াছেন ঐ বিবাহ মঙ্গলদায়ক হইবে। ১৫২

বক্রাতিচারে বিবাহে বিশেষমাহ। ত্রিকোণেতি। জন্মরাশেঃ সকাশাৎ নবপঞ্চসপ্তমদ্বিতীয়ৈকাদশরাশৌ বক্রাতিচারেণ যদি গুরুঃ প্রয়াতোগতঃ তদা শুভে লগ্নে পাণিগ্রহণং হিতায় বশিষ্ঠঃ প্রাহ অন্যথা ন কুর্য্যাদিত্যর্থঃ॥ ১৫২

---

* ইত্যেতদমূলং দ্বৈতনির্ণয়েঽপ্যুক্তং।

মকরস্থোযদাজীবোবর্জ্জয়েৎ পঞ্চমাংশকং।

শেষেষপি চ ভাগেষু বিবাহঃ শোভনোমতঃ॥ ১৫৩

ইতি দেবীপুরাণং।

পূর্ব্বে যে মকরস্থ বৃহস্পতিতে বিবাহ নিষিদ্ধ বলিয়া উল্লেখ হইয়াছে তাহা পঞ্চমাংশে জানিবে, অন্যভাগে বিবাহ শুভদায়ক হইবে। ১৫৩

গণ্ডক্যা উত্তরে তীরে গিরিরাজস্য দক্ষিণে।

সিংহস্থং মকরস্থঞ্চ গুরুং যত্নেন বর্জ্জয়েৎ॥ ১৫৪

গণ্ডকীনদীর উত্তর এবং হিমালয়ের দক্ষিণস্থিত যে সকল দেশ আছে তাহাতেই সিংহস্থ ও মকরস্থ বৃহস্পতি যত্নপূর্ব্বক পরিত্যাগ করিবে। ১৫৪

## অথপ্রসঙ্গাদনাদিদেবদর্শনাদিনিষেধকথনং।

অনাদিদেবতাং দৃষ্ট্বা শুচঃস্যুর্নষ্টভার্গবে।

মলমাসেঽপ্যনাবৃত্তং তীর্থস্নানমপি ত্যজেৎ॥ * ১৫৫

ইতি ভৃগুকৌশিকাদয়ঃ।

নষ্টশুক্রে ও মলমাসে (অকালে) অনাবৃত্ত অনাদিদেবতা দর্শন করিলে শোকপ্রাপ্ত হয়। আর মলমাসাদিরূপ অকালে অনাবৃত্ত তীর্থস্নানও করিতে নাই। ১৫৫

বালে বা যদি বা বৃদ্ধে শুক্রে চাস্তমুপাগতে।

মলমাসইবৈতানি বর্জ্জয়েদ্দেবদর্শনম্॥ † ১৫৬

ইতি বৃদ্ধমনুপ্রভৃতয়ঃ।

মলমাসে যে রূপ অনাবৃত্ত অনাদিদেবতাদর্শনাদি কাম্যকর্ম্ম পরিত্যাগ করিতে হয়, শুক্র বাল্য, বৃদ্ধ কি অস্তভাব ধারণ করিলেও সেইরূপ অনাবৃত্ত অনাদিদেবদর্শনাদি কাম্যকর্ম্ম পরিত্যাগ করিতে হইবে। ১৫৬

---

* আবৃত্তে তীর্থগমনে প্রতিজ্ঞাতে চ কর্ম্মণি। কালাত্যয়ে চ কন্যায়াঃ কালদোষোন বিদ্যতে॥ ইত্যঙ্গিরাঃ। শুচঃ শোকাঃ নষ্টভার্গব ইতি অশুদ্ধকালমাত্রোপলক্ষণং এবং মলমাসেঽপীত্যপি।

শুচঃ শোকাদুঃখানীতিযাবৎ। নষ্টভার্গবইতি অশুদ্ধ কালান্তরোপলক্ষণং। ইদঞ্চ সকামপরং মুমুক্ষুণা অকালেঽপ্যনাদিদেবতাদর্শনং কর্ত্তুমর্হতে শান্তিকর্ম্মবদিতিচিন্ত্যং অনাবৃত্তত্বঞ্চ প্রাথমিকত্বং। ইতি গোস্বামিটীকা।

† যথা মলমাসে অনাবৃত্তমেব অনাদিদেবতাদর্শনং বর্জ্জনীয়ং তথাবালশুক্রাদাবপ্যনাবৃত্তমেব অনাদিদেবতাদর্শনং বর্জ্জয়েৎ ন তু আবৃত্তমপি। শুক্রাস্ত ইতি এতচ্চোপলক্ষণং।

অনাদিদেবতা * র্চাসু কালদোষো ন বিদ্যতে।
নিত্যাভ্যাসযোগেন তথৈবৈকাদশীব্রতে ॥ ১৫৭

আরও অনাদি দেবতার পূজনাদিতে কালদোষ নাই, আর যে প্রতিমার নিত্য পূজা হয় তাহাতেও কালদোষ প্রতিবন্ধক হয় না এবং একাদশীব্রতে কালদোষ অগ্রাহ্য। ১৫৭

গয়ায়াং প্রতিপ্রসবমাহ।

গয়ায়াং সর্ব্বকালন্তু পিণ্ডং দদ্যাদ্‌বিচক্ষণঃ।
অধিমাসে জন্মদিনে অস্তে চ গুরুশুক্রয়োঃ।
ন ত্যক্তব্যং গয়াশ্রাদ্ধং সিংহস্থে চ বৃহস্পতৌ ॥ ১৫৮

ইতি তীর্থচিন্তামণৌ বায়ুপুরাণং।

গয়াক্ষেত্রে পণ্ডিতব্যক্তি সর্ব্বদাই পিণ্ডদান করিবেন। অধিমাসে (মলমাসে জন্মদিনে, বৃহস্পতি ও শুক্রের অস্তসময়ে কি বৃহস্পতি সিংহস্থ হইলেও গয়াশ্রাদ্ধ পরিত্যাগ করিবেন না। ১৫৮

অথাকালবৃষ্টিকথনং।

চতুর্ম্মাসে নিবৃত্তে তু চক্রপাণিসমুত্থিতে।
অকালবৃষ্টিং জানীয়াদ্‌যাবন্ন সুপ্যতে হরিঃ ॥ ১ ১৫৯

চাতুর্মাস্যব্রতান্তে শ্রীহরির উত্থান হইতে শয়নের পূর্ব্বকালপর্য্যন্ত যে সময় তাহাতে বৃষ্টি হইলে অকাল বৃষ্টি বলিয়া জানিবে। জীমূতবাহন "যাবন্ন সুপ্যতে হরিঃ" এই স্থলে "যাবদ্‌বিষ্ণুমহোৎসবঃ" এইরূপ পাঠ করিয়া ফাল্গুনী পূর্ণিমা-পর্য্যন্ত অকাল বৃষ্টির সময় নির্দ্দেশ করিয়াছেন। ১৫৯

পৌষাদি চতুরোমাসান্ জ্ঞেয়া বৃষ্টিরকালজা।
ব্রতযজ্ঞাদিকং তত্র বর্জ্জয়েৎ সপ্তবাসরান্ ॥ ১৬০

ইতি ভোজদেবঃ।

---

* অনাদিদেবতাতঞ্চ পুরাণভারতাদি প্রসিদ্ধং শ্রীপুরুষোত্তম বিশ্বেশ্বরপ্রভৃতিতং তেনানাবৃত্তাদিদেবতাদর্শনং তীর্থস্নানঞ্চ শুক্রাস্তে. মলমাসে চ ত্যজেৎ। ইতি মলমাসতত্ত্বে-স্মার্ত্তেনোক্তং।

† যাসু অর্চ্চাসু নিত্যং পূজাক্রিয়তে তাস্বিত্যর্থঃ অভ্যাসেতি প্রত্যহং পূজয়েদিত্যর্থঃ। ইতি কাশীরাম টীকা ॥ ১৫৭

১ অত্র যাবদ্বিষ্ণুমহোৎসব ইতি জীমূতবাহন পঠতি মহোৎসবঃ ফাল্গুন পূর্ণিমেতি ব্যাচষ্টে চ।

সৌর পৌষ হইতে চৈত্র পর্য্যন্ত বর্ষণ হইলে অকাল বৃষ্টি জানিবে। তিনদিন ক্রমে চরণাঙ্কিত বর্ষণ হইলে শেষদিন হইতে সপ্তাহ পর্য্যন্ত অকাল হয়। ইহাতে ব্রতযজ্ঞাদি কাম্যকর্ম্ম আরম্ভ করিতে পারিবে না। ১৬০

মার্গান্ * মাসাৎ প্রভৃতি মুনয়োব্যাসবাল্মীকিগর্গাঃ
চৈত্রং যাবৎ প্রবর্ষণবিধৌ নেতিকালং বদন্তি।
নাড়ীজঙ্ঘঃ সুরগুরুমুনির্ব্বক্তি বৃষ্টেরকালৌ
মাসাবেতাবশুভফলদৌ পৌষমাঘৌ ন শেষাঃ॥ ১৬১

*পৌষমাস হইতে চৈত্রমাস পর্য্যন্ত বৃষ্টির অকাল, ব্যাস, বাল্মীকি ও গর্গমুনি এইরূপ বলিয়াছেন। কিন্তু নাড়ীজঙ্ঘ ও বৃহস্পতি বলেন,—পৌষ ও মাঘে বৃষ্টি হইলে অকালবর্ষণ হয়, এতদ্ভিন্নমাসে বৃষ্টি হইলে কালবর্ষণ হইয়া থাকে।১৬১*

বৃষ্টিঃ করোতি দোষং তাবন্নাকালসম্ভবা রাজ্ঞঃ।
যাবন্ন ভবতি যানে নরপশুচরণাঙ্কিতবসুধা॥ ১৬২

যে বর্ষণে মনুষ্য ও পশুর চরণচিহ্ন পৃথিবীতে অঙ্কিত না হয় সেই রূপ অকাল বৃষ্টি দোষাবহ হইবে না। ১৬২

প্রকৃতমনুসরামঃ।

অনিষ্টে ত্রিবিধোৎপাতে সিংহিকাসূনুদর্শনে।
সপ্তরাত্রং ন কুর্ব্বীত যাত্রোদ্‌বাহাদিমঙ্গলম্॥ ১৬৩

দিব্য, ভৌম ও আন্তরীক্ষ † এই ত্রিবিধ উৎপাতে এবং গ্রহণ হইলে সাত-দিন পর্য্যন্ত যাত্রা ও বিবাহাদি মঙ্গলকার্য্য করিবে না। ১৬৩

অথ কালাশুদ্ধিমাহ। অনিষ্ট ইতি। ত্রিবিধোৎপাতো দিব্যভৌমান্তরীক্ষাঃ দিব্যো গ্রহযুদ্ধধূমকেতূদয়াদিঃ ভৌমো ভূকম্পনির্ঘাতাদিঃ আন্তরীক্ষোদিগ্‌দাহোল্কাদিঃ এতেষাঞ্চায়্যাদিমণ্ডলপাতেনানিষ্টফলত্বমিষ্টফলত্বঞ্চ এতৎ সর্ব্বং স্থানান্তরে বিবৃতম্। অত্র চানিষ্টফলে ত্রিবিধোৎপাতে সপ্তরাত্রং যাত্রোদ্বাহাদি মঙ্গলং কর্ম্ম ন কুর্য্যাৎ ইষ্টফলে তু কর্ত্তব্যমেবেতি তাৎপর্য্যং। তথা রাহুদর্শনেঽপি সপ্তরাত্রং মঙ্গলং ন কুর্য্যাৎ। নমু দিব্যং গ্রহর্ক্ষবৈকৃতামিত্যনেন রাহুদর্শনস্যাপি দিব্যোৎপাতত্বাৎ পুনরুক্তিঃ সত্যং রাহুদর্শনে সত্যেব নিষেধঃ। যস্তু কদাচিৎ রাহুং ন পশ্যতি তেনাপি মঙ্গলং ন কর্ত্তব্যমেব। যথা রাহুদর্শনএব স্নান দেঃ কর্ত্তব্যতা নাদর্শনে। অন্যথা মেঘাচ্ছন্নতয়া দর্শনাভাবেঽপি নিষেধঃ স্যাদিতি দর্শনপদন্তু, চাক্ষুষজ্ঞানপরং জ্ঞানমাত্রপরত্বে লক্ষণাপ্রসঙ্গাৎ। এতৎ সর্ব্বং সময়প্রকাশে বিবৃতমিতি অতো-রাহুদর্শনে সত্যেব নিষেধঃ। অন্যোৎপাতানান্তু দর্শনেঽপি নিষেধ ইত্যপুনরুক্তিঃ। কিঞ্চাত্র

---

* মার্গাদিত্যবিধৌপঞ্চমী নাস্তিবিধৌ পৌষাদীত্যনেনৈকবাক্যত্বাৎ।

† গ্রহযুদ্ধ ও ধূমকেতুউদয়াদি দিব্যোৎপাত, ভূকম্প-নির্ঘাতাদি ভৌমোৎপাত এবং দিগ্‌দাহ-উল্কাপাতাদি অন্তরীক্ষোৎপন্ন উৎপাত।

রাহুদর্শনে ইষ্টে অনিষ্টে চ সামান্যতোনিষেধঃ ইতি। তথাচানিষ্টমুক্তং বরাহসংহিতায়ং—"জন্ম সপ্তাষ্টরিপ্ফাঙ্কদশমস্থে নিশাকরে, দৃষ্টোঽরিষ্টপ্রদোরাহুর্জন্মর্ক্ষে নিধনে ঽপি বা" ॥ জন্মর্ক্ষং ত্রিজন্মনক্ষত্রং নিধনং ত্রয়োবিংশনক্ষত্রং অত্রাপি দৃষ্টইতি বিশেষণানর্থক্যভয়াদ্দর্শনা-দেবরিষ্টপ্রদত্বং নাদর্শনাদিতি। অত্র চ রাশৌ যত্র বিধুন্তুদেন তরণিরিত্যাদিবচনং পঠন্তি তদমূলমিতি স মূলত্বে চ গোচরবিশেষোঽয়ং। এবঞ্চাকালবৃষ্টাবপি সপ্তরাত্রং মঙ্গলং ন কর্ত্তব্যং। তথা চ রাজমর্ত্তণ্ডে। "পৌষাদিচতুরোমাসান্ জ্ঞেয়াবৃষ্টিরকালজা। ব্রতং যাত্রাদিকং তত্র বর্জ্জয়েৎ সপ্তবাসরান্ ॥" বৃষ্টিঃ করোতি দোষং তাবন্নাকাল সম্ভবারাজ্ঞঃ। যাবন্ন ভবতি গমনে নরপশুচরণাঙ্কিতা বসুধেতি। যাবৎকর্দ্দমাক্তা পৃথিবীনস্যাদিত্যর্থঃ ॥ ১৬২

## বিশেষমাহ।

একরাত্রং পরিত্যজ্য কুর্য্যাৎ পাণিগ্রহং গ্রহে।
প্রয়াণে সপ্তরাত্রন্তু ত্রিরাত্রং ব্রতবন্ধনে ॥ ১৬৩

গ্রহণের একদিন পরিত্যাগ করিয়া বিবাহ করিবে সাতদিন পরিত্যাগ করিয়া যাত্রা করিবে এবং তিনদিন পরিত্যাগ করিয়া উপনয়ন দিবে। ১৬৪

দিগ্দাহে দিনমেকঞ্চ গ্রহে সপ্তদিনানি চ।
ভূকম্পে চ সমুদ্ভূতে ত্র্যহাণি পরিবর্জ্জয়েৎ।
উল্কাপাতে চ ত্রিদিনং ধূমে পঞ্চদিনানি চ।
বজ্রপাতে দিনমেকং বর্জ্জয়েৎ সর্ব্বকর্ম্মসু ॥ ১৬৫

দিগ্দাহে একদিন, গ্রহণে সাতদিন, ভূকম্পে তিনদিন, উল্কাপাতে তিন-দিন, ধূমকেতুদর্শনে পাঁচদিন ও বজ্রপতনে একদিন পরিত্যাগ করিয়া সকল মঙ্গলকার্য্য করিবে ॥ ১৬৫

## অথ জন্মমাসাদৌবিবাহাদিনিষেধঃ।

ন জন্মমাসে ন চ চৈত্রপৌষে, ক্ষৌরং বিবাহো ন চ কর্ণবেধঃ।
অর্থস্য হানিং বহুদুঃখপীড়াং, মূলস্য নাশং মুনয়োবদন্তি ॥ ১৬৬

অনন্তর জন্মমাসাদিতে বিবাহাদি নিষেধ কথিত হইতেছে। জন্মমাসে, চৈত্র-মাসে কি পৌষমাসে ক্ষৌরকর্ম্ম বিবাহ ও কর্ণবেধ করিবে না, উল্লেখিত মাসে যে ব্যক্তি উক্ত সকল কার্য্য করিবে তাহার অর্থহানি, বহুদুঃখ, রোগ ও মূল বিনাশ হইয়া থাকে। মুনিগণ এইরূপ বলিয়াছেন। ১৬৭

যোজন্মমাসে ক্ষুরকর্ম্মযাত্রাং কর্ণস্যবেধং কুরুতে বিবাহং। *
নূনং স রোগং ধনপুত্রনাশং প্রাপ্নোতি মূঢ়োবধবন্ধনানি ॥ ১৬৭

ইতি ভোজরাজঃ।

* কুরুতে চ মোহাদিতি পাঠান্তরং।

ভোজরাজ কহিয়াছেন—যে ব্যক্তি জন্মমাসে ক্ষৌরকর্ম্ম, যাত্রা, কর্ণবেধ ও বিবাহ করে তাহার ধন ও পুত্র বিনষ্ট হয় এবং রোগ ও বধ-বন্ধন হইয়া থাকে। ১৬৭

**জাতং দিনং দূষয়তে বশিষ্ঠশ্চাষ্টৌ চ গর্গোযবনোদশাহং।**
**জন্মাখ্যমাসং কিল ভাগুরিশ্চ চৌড়ে বিবাহে ক্ষুরকর্ণবেধে॥ ১৬৮**

বশিষ্ঠ কহিয়াছেন—জন্মদিন পরিত্যাগ করিয়া চূড়া, বিবাহ, ক্ষৌরকর্ম্ম ও কর্ণবেধ করিতে পারে। গর্গমুনির মতে আটদিন ও যবনমুনির মতে দশদিন ত্যাগ করিয়া উক্ত কার্য্য করিতে পারিবে, কিন্তু ভাগুরিমুনির মতে জন্মমাসই পরিত্যাগ করিতে হইবে। ১৬৮

**স্নানং দানং তপোহোমঃ সর্ব্বমঙ্গল্যবর্দ্ধনং।**
**উদ্বাহশ্চ কুমারীণাং জন্মমাসে প্রশস্যতে॥ ১৬৯**

ইতি শ্রীপতিসমুচ্চয়ে।

স্নান, দান, তপস্যা, হোম ও সকল মাঙ্গল্য-বর্দ্ধনকর্ম্ম এবং কন্যার বিবাহ জন্মমাসে প্রশস্ত হয়। ১৬৯

**জন্মমাসে চ পুত্রাঢ্যা ধনাঢ্যা চ ধনোদয়ে।**
**জন্মভে জন্মরাশৌ চ কন্যাহি ধ্রুবসন্ততিঃ॥ ১৭০**

ইতি কৃত্যচিন্তামণৌ।

জন্মমাসে কন্যার বিবাহ হইলে পুত্রবতী হয়, জন্মমাস হইতে দ্বিতীয়-মাসে বিবাহিতা কন্যা ধনশালিনী হইয়া থাকে, আর জন্মনক্ষত্রে কি জন্মরাশিতে যে কন্যার বিবাহ হইবে তাহার সন্ততি অক্ষুণ্ণ থাকিবে। ১৭০

**জ্যৈষ্ঠে মাসি তথা মার্গে ক্ষৌরং পরিণয়ং ব্রতং।**
**জ্যেষ্ঠপুত্রদুহিত্রোশ্চ যত্নতঃ পরিবর্জ্জয়েৎ॥ ১৭১**

ইতি গর্গঃ।

প্রথম গর্ভোৎপন্ন পুত্র বা কন্যার জ্যৈষ্ঠমাসে কি অগ্রহায়ণমাসে চূড়াকরণ বিবাহ ও পুত্রের উপনয়ন যত্নক্রমে পরিত্যাগ করিবে। ১৭১

**ন জন্মমাসি ন চ জন্মভে তথা নৈব জন্মদিবসেহপি কারয়েৎ।**
**আদ্যগর্ভভবপুত্রকন্যয়োর্জ্যৈষ্ঠে মাসি ন চ জাতু মঙ্গলং॥ ১৭২**

জন্মমাসে, জন্মনক্ষত্রে এবং জন্মদিনে পুরুষের মাঙ্গল্যকর্ম্ম নিষেধ, আর জ্যৈষ্ঠমাসে প্রথমগর্ভজাতপুত্র কি কন্যার মাঙ্গল্য কর্ম্ম কদাচও করিবে না। ১৭২

কৃত্তিকাস্থরবিং ত্যক্ত্বা জ্যৈষ্ঠে জেষ্ঠস্য কারয়েৎ।
উৎসবেষু চ সর্ব্বেষু দিগ্‌দিনানি চ বর্জ্জয়েৎ ॥ ১৭৩

কৃত্তিকানক্ষত্রস্থিত রবি অর্থাৎ জৈষ্ঠমাসের প্রথম দশদিন পরিত্যাগ করিয়া জ্যেষ্ঠপুত্র কি কন্যার সমস্ত মঙ্গলকার্য্যই করিতে পারিবে। ১৭৪

কৃষিবপনবিবাহঃ পট্টবন্ধাভিষেকঃ প্রথমযুবতিসেবাগন্ধমাল্যানুলেপঃ।
ইতি বদতি সমস্তং জন্মবারে প্রশস্তং পথি গমনবিরুদ্ধং ক্ষৌরকর্ম্মাতিরুদ্ধং

শস্যরোপণ বিবাহ (*) পট্টবন্ধ, অভিষেক, গর্ব্ভাধান, গন্ধ, মাল্য ও অনুলেপন ধারণ জন্মবারে প্রশস্ত হয়, যাত্রা ও ক্ষৌরকর্ম্ম জন্মবারে অতিশয় নিষিদ্ধ হইয়া থাকে, অতএব উক্ত দুই কার্য্য কদাচও জন্মবারে করিবে না। ১৭৫

অথবিবাহাদৌ গ্রহশুদ্ধিকথনং।

অষ্টবর্গশুভৈঃ শ্রীমান্ কর্ম্ম কুর্য্যান্নভশ্চরৈঃ।
গোচরৈস্তৈস্তদপ্রাপ্তৌ তদপ্রাপ্তৌ চ বেধগৈঃ ॥ ১৭৬

ইতি সৎকৃত্যমুক্তাবল্যাং।

সৎকৃত্যমুক্তাবলীগ্রন্থে উক্ত হইয়াছে যে—অষ্টবর্গে গ্রহশুদ্ধি দেখিয়া কর্ম্ম করিবে, অষ্টবর্গে গ্রহগণ শুদ্ধ না থাকিলে গোচরশুদ্ধি দেখিবে, গোচরেও যদি গ্রহগণ শুদ্ধ না থাকেন তাহা হইলে বামবেধে কি দক্ষিণ বেধে শুদ্ধ থাকিলে কর্ম্ম করিতে পারিবে। ১৭৬

অথার্ষ্টবর্গকথনং।

তত্রাদৌরবেরষ্টবর্গঃ।

স্বাদ্দিনকৃচ্ছুভদঃ ক্ষিতিপক্ষসমুদ্রনগাদিকপঞ্চগতো- ১। ২। ৪। ৭। ৮। ৯। ১০। ১১ হথ বিভাবরিভর্ত্তুস্ত্র্যঙ্গদশেশগতো- ৩। ৬। ১০। ১১ হথ কুস্বাদ্দিনকরবৎ ১। ২। ৪। ৭। ৮। ৯। ১০। ১১ বুধাত্ত্রিশরর্ত্তুনবাদিষু জাতো-৩। ৫। ৬। ৯। ১০। ১১। ১২ দেবগুরোর্ব্বিষয়র্ত্তুনবেশগতো-৫। ৬। ৯। ১১ হথ সুরারিগুরোঃ সময়াচলভাস্করযাতঃ- ৬। ৭। ১২ তীক্ষ্ণমরীচিসুতাদপি ভাস্করব-১। ২। ৪। ৭। ৮। ৯। ১০। ১১ দথ লগ্নগৃহাত্ত্রিকৃতাঙ্গদশাদিষু যাতঃ ৩। ৪। ৬। ১০

---

* কন্যার বিবাহে জন্মমাস জন্মরাশি ও জন্মনক্ষত্র প্রশস্ত বলিয়া কথিত হইয়াছে অতএব জন্মবারও কন্যার বিবাহে প্রশস্ত বলাই সঙ্গত।

১১ ১২॥ *॥ রবিরেখাঃ (৪৮) তথাচ সূর্য্যাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১ চন্দ্রাৎ ৩।৬।১০।১১ কুজাৎ ১।২।৪।৭।৮ ৯।১০।১১ বুধাৎ ৩।৫।৬।৯।১০।১১।১২ জীবাৎ ৫।৬।৯।১১ শুক্রাৎ ৬।৭।১২ মন্দাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১ লগ্নাৎ ৩।৪।৬।১০।১১।১ =৪৮। ইতি রবেরষ্টবর্গঃ॥ ১৭৭

অনন্তর অষ্টবর্গ কথিত হইতেছে। জন্মসময়ের রাশিচক্র অর্থাৎ মানবের জন্মকালে যে গ্রহ যে রাশিতে অবস্থিত থাকেন, সেই সকল গ্রহ সেই সেই রাশিতে স্থাপন পুর্ব্বক যে লগ্নে জন্ম তাহাও "লং" চিহ্নদ্বারা যথাস্থানে চিহ্নিত করিবে। পরে রবির অষ্টবর্গ করিতে হইলে রবিগ্রহ যে স্থানে অবস্থিত সেই স্থান হইতে প্রথম, দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম নবম, দশম ও একাদশঘরে এক একটী রেখাপাত করিতে হইবে। এবং চন্দ্র হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশঘরে এক একটী রেখাপাত করিবে; এইরূপ মঙ্গল হইতে প্রথম, দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম ও একাদশঘরে, বুধ হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ নবম, দশম, একাদশ ও দ্বাদশঘরে, বৃহস্পতি হইতে পঞ্চম, ষষ্ঠ, নবম ও একাদশঘরে, শুক্রহইতে ষষ্ঠ, সপ্তম ও দ্বাদশঘরে, শনি হইতে প্রথম, দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম ও একাদশঘরে এবং লগ্ন হইতে তৃতীয়,চতুর্থ, ষষ্ঠ, দশম, একাদশ ও দ্বাদশঘরে এক একটী রেখা অঙ্কিত করিতে হইবে। অষ্টবর্গে গ্রহগণ শুদ্ধ কিনা তাহা দেখিবার প্রণালী পরে লিখিত হইতেছে। ১৭৭

## অথ চন্দ্রস্যাষ্টবর্গঃ।

চন্দ্রঃ শুভোঽর্কাত্রিকালাদ্রিদন্তাবলা শাশিবস্থঃ ৩। ৬।৭।৮।১০।১১ ততঃ স্বাৎ কুরমত্ত্বগাশাশিবস্থঃ ১।৩। ৬।৭।১০।১১ ক্ষ্মাজাদ্দ্বিবহ্ন্যাযুষড়ঙ্কদিগীশেষ্বথ ২।৩।৫।৬।৯।১০।১১ জ্ঞাৎ কুরামাব্বিবাণাগদন্তাবলা শাশিবস্থো- ১।৩।৪।৫।৭।৮।১০।১১

---

* অষ্টবর্গোক্তগোচরফলমাহ। স্বাদ্দিনকৃদিতি। জন্মকালে যত্র গ্রহাস্তিষ্ঠন্তি তস্মাদ্বক্ষ্যমাণ প্রকারেণ শুভাশুভত্বং বোদ্ধব্যং। তত্র চ যস্মিন্‌স্থানে শুভত্বং বক্ষ্যতে তত্র রেখাদাতব্যা যত্র চ নোক্তং তত্র বিন্দবো দাতব্যা ইতিপ্রকারঃ। তত্র চ রবিঃ স্বাদাদ্যনঃ ক্ষিত্যাদিগঃ শুভ বিভাবরিভর্ত্ত শ্চন্দ্রাৎ ত্র্যাদিষু রবিঃ শুভঃ। বিভাবরীতি যাকারৌ স্ত্রীকৃতৌহ্রস্বৌ কচিদিতি দীর্ঘস্য হ্রস্বতা। কুজাৎ সূর্য্যবৎ রবিঃ শুভঃ। বুধাত্রিশরাদিষু রবিঃ শুভঃ। গুরোর্ব্বিষয়াদিষু রবিঃ শুভঃ শুক্রাৎ ষড়াদিষু রবিঃ। শনেঃ সূর্য্যবৎ রবিঃ শুভঃ। লগ্নাত্র্যাদিষু রবিঃ শুভঃ। ১৭৭

হথজীবাৎ কুদৃগ্বেদশৈলে ভকাষ্ঠাশিবস্থো-১।২।৪।৭।৮।১০।১১ হথ শুক্রাত্রিবেদেষুশৈলগ্রহাশাশিবস্থঃ ৩।৪।৫।৭।৯।১০।১১ তীক্ষ্ণাংশুদেহোত্তবাদ্রামবাণর্ত্তুশম্ভুস্থিতো ৩। ৫।৬।১১ হথোদয়াব্দ ব্যবাহর্ত্তুকাষ্ঠাশিবস্থঃ ৩।৬।১০।১১॥ *॥ চন্দ্ররেখাঃ (৪৯) তথা চ সূর্য্যাৎ ৩।৬।৭ ৮।১০।১১, চন্দ্রাৎ ১।৩।৬।৭।১০।১১ কুজাৎ ২।৩।৫।৬।৯।১০। ১১, বুধাৎ ১।৩।৪।৫।৭।৮। ১০।১১ জীবাৎ ১।২।৪।৭।৮।১০।১১,শুক্রাৎ ৩।৪।৫।৭ ৯। ১০।১১ মন্দাৎ ৩।৫।৬। ১১ লগ্নাৎ ৩। ৬।১০।১১ —৪৯। ইতি চন্দ্রস্যাষ্টবর্গঃ॥ ১৭৮ †

## অথ কুজস্যাষ্টবর্গঃ‡।

কুজোঽর্কাচ্চতুভোবহ্নিবাণর্ত্তুদিক্ শম্ভুগো- ৩।৫। ৬।১০।১১ হথেন্দুতোরামকালেশগঃ ৩।৬। ১১ ততঃ স্বাৎ কুদৃগ্বেদসপ্তাষ্টদিক্ শম্ভুগো- ১।২।৪।৭।৮।১০।১১ হথ নিশানাথপুত্রাদ্‌গুণেষঙ্গ-রুদ্রোপযাতঃ ৩।৫।৬।১১ ততোজীবতঃ কালকাষ্ঠাশিবার্কোপযাতো ৬।১০। ১১।১২ হথ দেবারিপূজ্যাদনেহো ঙ্গঃ গজে-শার্কসংস্থঃ ৬।৮ ১১।১২ ততঃ সূর্য্যপুত্রাৎ কুবেদাগ-নাগগ্রহাশাভবস্থো- ১।৪।৭।৮ ৯।১০।১১ হথ লগ্নাৎ কুরামাঙ্গদিক্‌শম্ভুযাতঃ ১।৩।৬।১০।১১ কুজরেখাঃ (৩৯) তথা চ সূর্য্যাৎ ৩।৫।৬।১০।১১, চন্দ্রাৎ ৩।৬। ১১ কুজাৎ ১। ২ ।৪। ৭।৮। ১০।১১, বুধাৎ ৩।৫।৬।১১ জীবাৎ ৬।১০।১১।১২ শুক্রাৎ ৬।৮।১১।১২,মন্দাৎ ১।৪।৭ ৮।৯। ১০। ১১ লগ্নাৎ ১।৩।৬। ১০। ১১=৩৯। ইতি কুজস্যাষ্টবর্গঃ॥ ১৭৯

---

* চন্দ্রোঽর্কাত্রিকালাদিষু শুভদঃ॥ স্বাদাত্মনশ্চন্দ্রঃ কুরামাদিষুঃ শুভঃ। কুজষ্যাদিষু চন্দ্রঃ শুভঃ। বুধাচ্চন্দ্রঃ কুরামাদিষু শুভঃ। গুরোঃ কুদৃগাদিষু চন্দ্রঃ শুভঃ। শুক্রাত্রাদিষু চন্দ্রঃ-শুভঃ। শনেরামাদিষু চন্দ্রঃ শুভঃ। লগ্নাত্র্যাদিষু চন্দ্রঃ শুভঃ। এবমন্তেষামপি গ্রহাণাং কর্ত্তব্যম্। ১৭৮

† চন্দ্রাদিগ্রহের অষ্টবর্গ অনুবাদ করিলে বিশেষফল নাই বিধায় রেখাপাতের অঙ্ক প্রদত্ত হইল পাঠকবর্গ উক্ত অঙ্ক দেখিয়াই অষ্টবর্গ করিতে পারিবেন।

‡ কুজইতি। অন্যেষঃ বর্ট। ১৭৯

## অথ বুধস্যাষ্টবর্গঃ।

জ্ঞঃ শুভোঽর্কতঃ শরঋতু গোশিবার্কগো- ৫।৬।৯।১১। ইথ চন্দ্র তোদ্বিবেদ্‌কালনাগদিঙ্‌ মহেশ্বরেষু ২।৪।৬।৮।১০।১১, ভূমিজাৎ কুদৃক্‌কৃতাগনাগোদিগেশগঃ ১।২।৪।৭।৮।৯।১০।১১, ততঃ স্বাৎ কুবহ্নিপঞ্চষণ্ণাবাদিকেষু ১।৩।৫।৬ ৯।১০।১১।১২, বাক্‌পতেঃ রসাষ্টশম্ভু সূর্য্যগো- ৬।৮।১১।১২। ইথ শুক্রতঃ কুবাহু-বহ্নিবেদপঞ্চনাগগোশিবেষু ১।২।৩।৪।৫।৮।৯।১১ পঙ্গুতঃ কুদৃক্‌কৃতাগনাগপঞ্চকস্থিতো ১।২।৪।৭।৮।৯।১০।১১।১২ ইথ লগ্নতঃ ক্ষিতি-দ্বিবেদকালনাগদিক্‌শিবেষু ১।২।৪।৬।৮।১০। ১১। বুধরেখাঃ (৫৫) তথা চ সূর্য্যাৎ ৫।৬।৯।১১।১২চন্দ্রাৎ ২।৪। ৬।৮।১০।১১, কুজাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১, বুধাৎ ১। ৩।৫।৬।৯।১০।১১।১২, জীবাৎ ৬।৮।১১।১২, শুক্রাৎ ১। ২।৩।৪।৫।৮।৯।১১, মন্দাৎ ১।২।৪।৭।৮।৯।১০। ১১।১২, লগ্নাৎ ১।২।৪।৬।৮।১০।১১—৫৫! ইতি বুধস্যাষ্টবর্গঃ ॥ ১৮০

## অথ বৃহস্পতেরষ্টবর্গঃ।

সুররাজগুরুঃ শুভদোরবিতঃ কুযমানলবেদনগাদিক পঞ্চ * গতো ১। ২।৩।৪।৭।৮।৯।১০।১১ ইথবিধোর্দ্বিশরাচলগোশিবগো- ২।৫।৭।৯।১১ বসুধাতনয়াৎ কুযমাব্ধিনগাষ্টদশেশগতো- ১।২।৪।৭।৮।১০।১১ ইথ বুধাৎ ক্ষিতিযুগ্মকৃতেষুরসগ্রহ-দিক্‌গিরিশোপগতঃ ১।২।৪।৫।৬।৯।১০।১১ তদনু স্বত একযমানলবারিধিপর্ব্বতনাগদশেশগতো- ১।২।৩।৪।৭। ৮।১০।১১। ইথ সিতাৎ যমপঞ্চরসগ্রহদিক্‌শিবগঃ২।৫।৬। ৯।১০।১১ রবিনন্দনতোদহনেষুরসার্কগতো- ৩।৫।৬।১২ ইথ লগ্নগৃহাৎ কুযমাব্ধিশরর্ত্তুনগগ্রহদিক্‌ গিরিশোপগতঃ ১।২। ৪।৫।৬।৭।৯।১০।১১। গুরুরেখাঃ (৫৬) তথা চ সূর্য্যাৎ ১।২।৩।৪।৭।৮।৯।১০।১১। চন্দ্রাৎ ২। ৫।৭।৯।১১। কুজাৎ ১।২।৪।৭।৮।১০।১১ বুধাৎ

---

* নগাদিকপঞ্চগতঃ সপ্তাদ্যেকাদশপর্য্যন্তমিত্যর্থঃ। গিরিশঃ শিবঃ একাদশ ইত্যর্থঃ।

১।২।৪।৫।৬।৯।১০।১১ জীবাৎ ১।২।৩।৪। ৭।৮।১০।১১। শুক্রাৎ ২।৫।৬।৯।১০।১১। মন্দাৎ ৩।৫।৬।১২ লগ্নাৎ ১।২।৪।৫।৬।৭।৯।১০। ১১=৫৬। ইতি বৃহস্পতেরষ্টবর্গঃ ॥ ১৮১

## অথ শুক্রস্যাষ্টবর্গঃ।

ভৃগুঃ শুভোরবের্গক্লেশসূর্য্যগো- ৮।১১।১২ হথ চন্দ্রতঃ ক্ষাদি * পঞ্চকাষ্টগোশিবার্কগঃ ১।২।৩।৪।৫।৮।৯।১১ ১২ কুজাৎ ত্রিবেদকালগোশিবার্কগো- ৩।৪।৬।৯।১১।১২ হথবোধনাদ্রিবাণকালরন্ধ্ররুদ্রসংস্থিতঃ ৩।৫।৬।৯।১১ গুরোঃ শরাষ্টরন্ধ্রদিঙমহেশগঃ ৫।৮।৯।১০।১১ ততঃ স্বাৎ কপঞ্চ-কাষ্টরন্ধ্রদিক শিবোপগঃ ১।২।৩।৪। শনের্গুণাব্ধিপঞ্চ-নাগগোদশেশগো- ৩।৪।৫।৮।৮।৯।১০।১১ হথ লগ্নতঃ কুপঞ্চকাষ্ঠগোশিবস্থিতঃ ১।২ ৩।৪।৫।৮।৯।১১ শুক্র-রেখাঃ (৫২) তথাচ সূর্য্যাৎ ৮।১১।১২। চন্দ্রাৎ ১।২।৩। ৪।৫।৮।৯ ১১।১২ কুজাৎ ৩।৪।৬।৯।১১।১২ বুধাৎ ৩।৫।৬।৯।১১ জীবাৎ ৫।৮।৯।১০।১১ শুক্রাৎ ১। ২।৩।৪।৫।৮।৯।১০।১১ মন্দাৎ ৩।৪।৫। ৮।৯।১০।১১। লগ্নাৎ ১।২।৩।৪।৫।৮।৯। ১১—৫২। ইতি শুক্রস্যাষ্টবর্গঃ ॥ ১৮২

## অথ শনেরষ্টবর্গঃ।

পঙ্গুরর্কাৎ শুভঃ ক্ষাযমাম্ভোধিশৈলাষ্টদিক্ শম্ভুগো- ১।২ ৪। ৭।৮।১০।১১ হথেন্দুতোরামকালেশগঃ ৩।৬।১১ ক্ষাসু-তাদ্বহ্নিবাণর্ত্তুকাষ্ঠাশিবার্কোপগো- ৩।৫।৬।১০।১১।১২ হথ জ্ঞতঃ কালদন্তাবলা * দিস্থিতঃ ৬।৮।৯।১০।১১।১২ অথ জীবতোবাণকালেশমার্ত্তণ্ডগঃ ৫।৬।১১।১২ ততোদৈত্যপূজ্যাদ-

---

* ক্ষাদিপঞ্চকং একাদিপঞ্চপর্য্যন্তমিত্যর্থঃ। ১৮২

দন্তাবলোহস্তী তদাদি অষ্টাদিদ্বাদশপর্য্যন্তমিত্যর্থঃ। অত্রাষ্টবর্গে রবিরেখাঃ ৪৮ চন্দ্রাস্য ৪৯ কুজস্য ৩৯ বুধস্য ৫৫ গুরোঃ ৫৬ শুক্রস্য ৫২ শনেঃ ৩৯।

নেহঃশিবার্কোপগঃ ৬ । ১১ । ১২ স্বাজ্জু তাশেষুকালেশযাতঃ ৩। ৫ । ৬ । ১১ ততোলগ্নতঃ ক্ষ্মাগুণাম্ভোধিষড়্ দিঙ্ মহেশস্থিতঃ ১ । ৩ । ৪ । ৬ । ১০ । ১১ শনিরেখাঃ ( ৩৯ ) তথা চ সূর্য্যাৎ ১ । ২ । ৪ । ৭ । ৮ । ১০ । ১১ চন্দ্রাৎ ৩ । ৬ । ১১ কুজাৎ ৩ । ৫ । ৬ । ১০ । ১১ । ১২ বুধাৎ ৬ । ৮ । ৯ । ১০ । ১১ । ১২ । জীবাৎ ৫ । ৬ । ১১ । ১২ শুক্রাৎ ৬ । ১১ । ১২ মন্দাৎ ৩ । ৫ । ৬ । ১১ লগ্নাৎ ১।৩।৪।৬ ১০।১১ = ৩৯ । ইতি শনেরষ্টবর্গঃ । ১৮৩

অথ লগ্নাষ্টবর্গঃ

সূর্য্যাদেকদ্বিচতুঃসপ্তাষ্টদশৈকাদশেষু ১।২।৪।৭।৮।১০।১১ সোমাত্রিষড়েকাদশেষু ৩।৬ ১১ ভৌমাত্রিপঞ্চষড়েকাদশেষু ৩।৫।৬।১১ বুধাৎ ষড়াষ্টনবদশৈকাদশেষু ৬।৮।৯।১০।১১ গুরোঃ, পঞ্চষড়েকাদশদ্বাদশেষু ৫।৬।১১।১২ শুক্রাৎ ষড়েকাদশদ্বাদশেষু৬ ১১।১২ শনেস্ত্রিপঞ্চাষ্টদশৈকাদশেষু ৩।৫।৮।১০।১১ লগ্নাদেকত্রিচতুঃষড়্ শৈকাদশেষু ১।৩।৪।১০।১১। লগ্নরেখা (৩৭) তথা চ সূর্য্যাৎ ১।২।৪।৭।৮।১০।১১চন্দ্রাৎ ৩।৬।১১ কুজাৎ ৩।৫।৬।১১ বুধাৎ ৬ ৮।৯।১০।১১ জীবাৎ ৫।৬ ১১।১২ শুক্রাৎ ৬।১১।১২ মন্দাৎ ৩ ৫ ৮।১০।১১লগ্নাৎ ১।৩।৪।৬।১০।১১ = ৩৭ ।ইতি লগ্নাষ্টবর্গঃ॥১৮৪

অথাষ্টবর্গ-গণনক্রমঃ।

যাবতী যাবতী রেখাগ্রহাণামষ্টবর্গকে।
তাবতী দ্বিগুণীকৃত্য চাষ্টাভিঃ পরিশোধয়েৎ ॥
অষ্টোপরি ভবেদ্রেখা অষ্টাভ্যন্তরবিন্দবঃ।
অষ্টাভিশ্চ সমোযত্র সমস্তত্র নিগদ্যতে ॥ ১৮৫

অধুনা অষ্টবর্গ-গণনক্রম কথিত হইতেছে—পূর্ব্বোক্ত প্রণালীতে রেখাপাত করিলে যে ঘরে যত রেখা পতিত হইবে তাহাকে দ্বিগুণ করতঃ আটদ্বারা হরণ করিতে হয়। আটদ্বারা হরণ করিলে অবশিষ্ট যে অঙ্ক থাকিবে তাহা সেই ঘরে বসাইবে। দ্বিগুণ করিলে যদি আটের ন্যূন হয়, তাহা হইলে যতবিন্দু হইলে আট হইতে পারে তত বিন্দু সেই ঘরে অঙ্কিত করিবে, আর দ্বিগুণ করিলে যদি আট হয় তবে সেই ঘরে সম লিখিতে হইবে। ১৮৫

স্পষ্টমাহ।

শূন্যে তু বিন্দবশ্চাষ্টৌ রেখৈকে রসবিন্দবঃ।
চত্বারোবিন্দবোযুগ্মে ত্রিবিন্দুরামরেখকে ॥

সমরেখা চতুষ্কে তু পঞ্চমে নেত্ররেখিকা।
ষড়্‌রেখাসু চতুরেখা সপ্তমে রসরেখিকা॥ ১৮৬

ইতি জাতকচন্দ্রিকায়াং।

অনন্তর অষ্টবর্গের রেখা ও শূন্য লিখিবার প্রণালী কথিত হইতেছে। যে ঘরে রেখাপাত না হয়, সেখানে অষ্টশূন্য লিখিতে হইবে, এইরূপ যে ঘরে একটী রেখাপাত হইবে সেখানে ছয়শূন্য, যেখানে দুইরেখা পড়িবে সেখানে চারিশূন্য, যেখানে তিনরেখা পড়িবে সে খানে দুইশূন্য লিখিবে। আর যে ঘরে চারিটী রেখাপাত হইবে সেখানে সম, যেখানে পাঁচরেখা পড়িবে সেঘরে দুই-সংখ্যক অঙ্ক এবং যে ঘরে ছয় রেখা পড়িবে সেখানে চারি সংখ্যক অঙ্ক এবং যে ঘরে সাতরেখা পতিত হইবে সেখানে ছয়সংখ্যক অঙ্ক লিখিতে হইবে। ১৮৬

অথ রেখাবিন্দ্বাদীনাং ফলং।

শ্রীরানন্দস্তথা শ্রেয়োযোগোরাজ্যপ্রদস্তথা।
দ্ব্যাদিদ্বিগুণরেখাণাং ফলমেতদনুক্রমাৎ॥ ১৮৭

ইতি দীপিকায়াং।

দ্ব্যাদি দ্বিগুণরেখার ফল কথিত হইতেছে—দুই রেখাতে শ্রীলাভ, চারি রেখাতে আনন্দানুভব, ছয় রেখাতে মঙ্গল এবং আট রেখা থাকিলে রাজ প্রাপ্তি হয়। ১৮৭

অন্যচ্চ।

রেখাদ্বয়ে শুভং কুর্য্যাদ্ ধনী রেখাচতুষ্টয়ে।
রেখাষট্‌কে প্রভুখ্যাতিরষ্টরেখে মহীপতিঃ॥ ১৮৮

ইতি জাতকচন্দ্রিকায়াং

জাতকচন্দ্রিকাতেও উক্ত হইয়াছে যে অষ্টবর্গের ঘরে দুই অঙ্ক থাকিলে শুভ, চারি অঙ্ক হইলে ধনবান্, ছয় অঙ্ক থাকিলে প্রভুত্বলাভ এবং আট অঙ্ক থাকিলে নরপতি হয়। ১৮৮

মলিনোঽথ বিপদ্ধানির্যোগোমৃত্যুপ্রদস্তথা।
দ্ব্যাদিদ্বিগুণবিন্দূনাং ফলমেতদনুক্রমাৎ॥ ১৮৯

ইতি দীপিকায়াং।

দ্ব্যাদিদ্বিগুণ শূন্যের ফল বর্ণিত হইতেছে—দুইবিন্দু পড়িলে মলিনতা, চারি শূন্যে বিপৎ, ছয় বিন্দুতে হানি এবং আট বিন্দু থাকিলে মৃত্যু হইয়া থাকে। ১৮৯

অনুষ্টুপ্।

শূন্যদ্বয়ে ভবেন্মৃত্যুশ্চতুঃশূন্যে প্রপীড়নং।
ষট্শূন্যে রোগদারিদ্র্যমষ্টশূন্যে মৃতির্ভবেৎ॥ ১৯০

ইতি জাতকচন্দ্রিকায়াং।

জাতকচন্দ্রিকায় শূন্যের ফল কথিত হইয়াছে যে—দুইশূন্য থাকিলে মৃত্যুতুল্য ফল, চারি শূন্য পড়িলে অন্যকর্তৃক পীড়িত; ছয় শূন্যে রোগ ও দারিদ্রতা এবং আট শূন্য পতিত হইলে মানবের মৃত্যু হয়। ১৯০

শুভারেখাঃ সমাখ্যাতা অশুভা বিন্দবঃ স্মৃতাঃ।
যত্র রেখা ন বিন্দুশ্চ তৎসমৎ পরিকীর্ত্তিতম্॥ ১৯১

ইতি দীপিকায়াং।

অষ্টবর্গে যদি রেখাপাত হয় তবে শুভ হইবে,. বিন্দু পড়িলে অশুভ হইবে এবং যেখানে রেখা কি বিন্দু কিছুই থাকিবে না তাহাকে সম বলা যায়,সেখানেও অশুভ ফল হইবে না। ১৯১

অষ্টবর্গেষু যে শুদ্ধাস্তে শুদ্ধাঃ সর্ব্বকর্ম্মসু।
অশুভাশ্চাষ্টবর্গেষু সর্ব্বত্রৈবাশুভামতাঃ॥ ১৯২

ইতি জাতকচন্দ্রিকায়াং।

জন্মকালীন গ্রহগণ অষ্টবর্গে শুদ্ধ থাকিলে সকল কর্ম্মেই শুভফল দান করেন. আর যদি অষ্টবর্গে শুদ্ধ না থাকেন তাহা হইলে সমস্ত কার্য্যে অশুভ ফল দান করিয়া থাকেন। ১৯২

ব্রতারম্ভে বিবাহে চ যাত্রায়াং ক্ষুরকর্ম্মণি।
অবিশুদ্ধাষ্টবর্গস্য সমস্তানিষ্ফলাক্রিয়াঃ॥ ১ ৩

ইতি জ্যোতিস্তত্ত্বে।

জ্যোতিস্তত্ত্বধৃতবচনে লিখিত আছে যে—ব্রতারম্ভে (উপনয়নে) বিবাহে যাত্রাতে এবং চূড়াকর্ম্মে অষ্টবর্গে গ্রহশুদ্ধ না হইলে কর্ম্ম নিস্ফল হইয়া থাকে। অতত্রব কর্ম্মকালীন অষ্টবর্গে গ্রহশুদ্ধ দেখা আবশ্যক। ১৯৩

অথ গ্রহাণাং গোচরশুদ্ধিঃ।

কেতূপপ্লবভৌমমন্দগতয়ঃ ষষ্ঠত্রিসংস্থাঃ শুভাঃ।
চন্দ্রার্কাবপি তে চ তৌ চ দশমৌ চন্দ্রঃ পুনঃ সপ্তমঃ॥
জীবঃ সপ্তনবদ্বিপঞ্চমগতোযুগ্মেষু সোমাত্মজঃ।
শুক্রঃ ষড়্দশসপ্তবর্জ্জমিতরে সর্ব্বেহপ্যুপান্তে শুভাঃ॥ ১৯৪

ইতি মাণ্ডব্যঃ।

অনন্তর মাণ্ডব্যোক্ত গোচরশুদ্ধি কথিত হইতেছে—জন্মরাশি হইতে তৃতীয়, ষষ্ঠ ও দশমস্থ কেতু রাহু, মঙ্গল, শনি ও রবিগ্রহ শুভফলদাতা হন ; তৃতীয়, ষষ্ঠ, দশম ও সপ্তমস্থ চন্দ্র শুভফলদান করেন। বৃহস্পতি জন্মরাশি হইতে সপ্তম, নবম, দ্বিতীয় ও পঞ্চমস্থ হইলে শুভ হন, বুধ দ্বিতীয়, চতুর্থ, ষষ্ঠ, অষ্টম, দশম ও সপ্তমভিন্নস্থানে শুভদাতা হন এবং জন্মরাশি হইতে একাদশস্থানে সকল গ্রহই শুভফল দান করিয়া থাকেন। ১৯৪

কেতূপপ্লবেত্যাদ্যুক্তগোচরস্যাষ্টবর্গগোচরস্য চ দ্বয়োরেব ফলে অতীব শুভফলং দ্বয়োর্ব্বিরোধে মধ্যফলং দ্বযোরশুভেঽতীবাশুভফলমিতি যুক্তিঃ। অত্র সৌভরিণা ইত্যষ্টবর্গগোচরং যন্নিগদিতং তদিষ্টং অন্যৎ কেতূপপ্লবেত্যাদিনা যদুক্তং তন্নেষ্টং ন সম্যক্ ফলদায়কমিতি প্রলপিতং তদ্ধেয়মেব। স্থানেষ্বেতেষু স্থিতাঃ শেষেষ্বস্থিতাভবন্তি চাষ্টানাং। অশুভ শুভবিশেষফলং গ্রহাঃ প্রবচ্ছন্তি চারগতাঃ। ইতিলঘুজাতকবচনবিরোধাৎ শ্লোকস্থান-দ্বয়াপত্তেশ্চ বৃহজ্জাতকে কেতূপপ্লবেত্যাদিগোচরস্যানুক্তত্বেনাষ্টবর্গগোচরস্থানন্তরমস্য বচনস্য-পাঠাদস্যাঃ কুব্যাখ্যায়া অঘটনাচ্চেত্যলং বহুনা।

গোচরশুভাশুভমাহ। কেতূপপ্লবেতি। উপপ্লবোরাহুঃ কেতুরাহুভৌমমন্দাঃ জন্মকালীন-চন্দ্রাধ্যুষিতরাশেঃ ষষ্ঠস্থাস্তৃতীয়স্থাশ্চ শুভদাঃ। চন্দ্রার্কাবপি ষষ্ঠস্থৌ তৃতীয়স্থৌ চ শুভদৌ তে চ কেতূপপ্লবভৌমমন্দগতয়ঃ দশমস্থাঃ শুভদাঃ তৌ চ চন্দ্রার্কৌ দশমৌ শুভদৌ দশমাবিতি সমীপস্থ সংখ্যা গৃহীতৌ চন্দ্রস্তু সপ্তমস্থেঽপি শুভদঃ। এতে চ রাহুকেতুকুজমন্দসূর্য্যাঃ তৃতীয়ষষ্ঠদশমগাঃ শুভদাঃ। চন্দ্রঃ তৃতীয়ষষ্ঠদশমসপ্তমগঃ শুভ ইত্যর্থঃ। জন্মরাশেঃ সকাশাৎ গুরুঃ সপ্তনবদ্বিপঞ্চমগতঃ শুভদঃ। বুধস্তু যুগ্মেষু দ্বিতীয়চতুর্থষষ্ঠাষ্টমদ্বাদশেষু স্থিতঃ শুভদঃ। শুক্রস্তু ষষ্ঠদশমসপ্তমরাশিং ত্যক্ত্বা ইতরে অন্যস্থানে একদ্বিত্রিচতুঃপঞ্চাষ্টম-নবমৈকাদশদ্বাদশেষু শুভদঃ। ইতরইতি মাণ্ডব্যমুনিনোক্তত্বাৎ সর্ব্বনাম কার্য্যাভাব ইতিকেচিৎ কশ্চিত্তু ষড়দশসপ্তমর্ক্ষ সহিত ইতিপাঠং করোতি বস্তুতস্তু ইতর ইতিপরেণ সহান্বয়ঃ তত্রেয়ং ব্যাখ্যা শুক্রঃ ষড়্দশসপ্তবর্জ্জিতবশিষ্টরাশিষু জন্মদ্বিত্রিচতুঃপঞ্চাষ্টমনবমৈকাদশদ্বাদশেষু শুভদঃ এতেন শুক্রস্যৈকাদশস্থানে শুভত্বমায়াত্যেব ইতরেঽন্যেপি সর্ব্বে একাদশে শুভাঃ। অতএবা-পিশব্দোঽপি সার্থকইতি। অন্তস্য সমীপমুপান্তমেকাদশং সর্ব্বেগ্রহাঃ একাদশস্থাঃ শুভা ইত্যর্থঃ। ১৯৪

সূর্য্যঃ ষট্‌ত্রিদশস্থিতস্ত্রিদশষট্‌সপ্তাদ্যগশ্চন্দ্রমাঃ
জীবঃ সপ্তনবদ্বিপঞ্চমগতোবক্রার্কজৌ ষট্‌ ত্রিগৌ।
সৌম্যঃ ষড়্‌দ্বিচতুর্দ্দশাষ্টমগতঃ সর্ব্বেঽপ্যুপান্তে শুভাঃ
শুক্রঃ ষট্‌দশসপ্তমর্ক্ষ সহিতঃ শার্দ্দূলবত্রাসকৃৎ॥ ১৯৫

ইতি বরাহঃ।

বরাহোক্তগোচরশুদ্ধি কথিত হইতেছে—জন্মরাশি হইতে ষষ্ঠ, তৃতীয়, ও দশমস্থ রবি শুভ ; তৃতীয়, দশম, ষষ্ঠ, সপ্তম ও জন্মস্থ চন্দ্র শুভ, সপ্তম, নবম, দ্বিতীয় ও পঞ্চমস্থিত বৃহস্পতি শুভ ; মঙ্গল ও শনি ষষ্ঠ ও তৃতীয়স্থ শুভ ; ষষ্ঠ,

দ্বিতীয়, চতুর্থ, দশম ও অষ্টমস্থিত বুধ শুভ, জন্মরাশি হইতে একাদশস্থিত সমস্ত গ্রহই শুভপ্রদ হন, আর ষষ্ঠ, দশম ও সপ্তমস্থিত শুক্র ব্যাঘ্রের ন্যায় ত্রাশ জন্মাইয়া থাকেন। ১৯৫

এতস্মাৎবোক্তমেব বরাহোক্তগোচরেণ সংবাদয়তি। সূর্য্য ইতি। অত্র জন্মরাশিগতশ্চন্দ্রঃ শুভদইতি বিশেষঃ। বক্রার্কজৌ ষট্ ত্রিগাবিত্যত্র :দশমগাবিত্যপুহৎ। বুধশ্চ দ্বাদশস্থঃ শুভইত্যপুহম্। ১৯৫

রবিশুদ্ধৌ গৃহকরণং রবিগুরুশুদ্ধৌ ব্রতোদ্বাহৌ।
ক্ষৌরং তারকশুদ্ধ্যা শেষং চন্দ্রাশ্রিতং কর্ম্ম।
সর্ব্বদা সর্ব্বকার্য্যেষু চিত্তশুদ্ধির্ব্বিশেষতঃ॥ ১৯৬

ইতি জ্যোতিস্তত্ত্বে।

গৃহারম্ভে রবিশুদ্ধি বিবেচিত হইবে, উপনয়ন ও বিবাহে রবি ও বৃহস্পতি-শুদ্ধি থাকা আবশ্যক, চূড়াকর্ম্মে নক্ষত্রশুদ্ধির প্রয়োজন এবং অন্যান্য কার্য্যে চন্দ্রশুদ্ধি বিবেচনীয়। কিন্তু সর্ব্বদা সকল কার্য্যই চিত্তশুদ্ধির উপরে নির্ভর করে অর্থাৎ চিত্তশুদ্ধি না থাকিলে কোন কার্য্যই কর্ত্তব্য হয় না। ১৯৬

পুংসামর্কঃ স্মৃতোযোনির্যোষিতামমৃতদ্যুতিঃ।
অতঃ পুংযোষিতোঃ শস্তং বলমর্কশশাঙ্কজম॥ ১৯৭

ইতিবিদ্যাধরীবিলাসে।

পুরুষের বল রবিগ্রহ এবং স্ত্রীদিগের বল চন্দ্র অতএব রবি ও চন্দ্রের বল বিবেচনা করিয়া পুরুষ ও স্ত্রীর কার্য্য করিবে। ১৯৭

গোচরশুদ্ধাবিন্দুং কন্যায়া যত্নতঃ শুভং বীক্ষ্য।
তিগ্মকিরণঞ্চ পুংসঃ শেষৈরবলৈরপি বিবাহঃ॥ ১৯৮

বিবাহ সময়ে কন্যার গোচরে চন্দ্রশুদ্ধি হইলে ও পুরুষের গোচরে রবিশুদ্ধি থাকিলে অন্য গ্রহগণ শুদ্ধ না হইলেও বিবাহ হইতে পারে। ১৯৮

চন্দ্রশুদ্ধিং রবিশুদ্ধিঞ্চাহ। গোচরশুদ্ধাবিতি। সপ্তমোপচয় ইত্যাদিনা গোচরশুদ্ধৌ কন্যায়াযত্নেন শুভং চন্দ্রং দৃষ্ট্বা বিবাহ কার্য্য ইত্যর্থঃ এতেনৈতদুক্তং ভবতি উভয়োরেব চন্দ্র-শুদ্ধিঃ কার্য্যা কিন্ত্বত্র কন্যায়াঃ যত্নেনাবশ্যং চন্দ্রশুদ্ধিঃ কার্য্যা বরস্য তু কদাচিৎ কার্য্যবশাৎ প্রতীকারেণাপি বিবাহঃ কার্য্যোন তু কন্যায়া ইত্যর্থঃ। অতএব বামবেধাদিশুদ্ধির্বা সা সর্ব্বত্র কল্পনীয়েত্যর্থঃ। যথা রাজমার্ত্তণ্ডে—তারানুরূপফলদঃ স্বগৃহে স্ববর্গে স্বোচ্চেঽপি শীতকিরণাঃ সুহৃদ্‌ত্রিভাগে শস্তোঽষ্টবর্গপরিশোধিতগোচরেণ পক্ষাদিশুদ্ধিবিপরীতবিশুদ্ধিশুদ্ধইতি। যথা জন্মরাশেঃ শুভঃ সূর্য্য ইত্যাদিনা শুদ্ধৌ সূর্য্যঞ্চ পুংসঃ শুভং বীক্ষ্য বিবাহঃ কার্য্যঃ অত্রাপ্যু-ভয়োরেব বিশুদ্ধিঃ কার্য্যা কিন্তু পুংসো যত্নেনাবশ্যং রবিশুদ্ধিঃ কার্য্যা কন্যায়াঃ কদাচিৎ কার্য্যবশাৎ প্রতীকারেণ রবিশুদ্ধ্যভাবেঽপি বিবাহঃ ন তু বরস্যেত্যর্থঃ। অতঃ কন্যায়া অপি

রবিশুদ্ধিঃ যথা রাজমার্ত্তণ্ডে—জন্মনি ভানৌ বিধবা পতিসুতত্যক্তা অষ্টমুখপঞ্চমে। শেষগৃহস্থে কন্যা নানাশোকাতুরা নূনমিতি। অত্র চ গুরুশুদ্ধিরপি চিন্ত্যা যথা তত্রৈব। রবিশুদ্ধৌ গৃহকরণং রবিগুরুশুদ্ধৌ ব্রতবাহৌ ক্ষৌরং তারকবিশুদ্ধৌ শেষং কর্ম্ম চন্দ্রাশ্রিতমিতি। গুরুশুদ্ধিস্তু—জীবঃ সপ্তনবদ্বিপঞ্চমগত ইত্যাদিনা বোধ্যা। তথা জন্মাষ্টমদ্বাদশগঃ সুরেজ্যোবৈধব্যদঃ স্ত্রীক্ষয়কৃত্ত্রিষষ্ঠঃ। সৌভাগ্যদাতা দশমশ্চতুর্থঃ শেষেষু সৌভাগ্যসুখায়কৃৎ স্যাৎ। শেষৈরিতি এতচ্ছেষৈর্মঙ্গলাদিভিরবলৈর্গোচরাশুদ্ধৈরপি বিবাহঃ কার্য্য ইত্যর্থঃ। এতচ্চ গৌড়দেশীয়ানাং যথা—যদ্যপি সুরগুরু সূর্য্যৌ শস্তৌ কথিতৌ বিবাহযোগেঽপি সকলগুণোদয়দাত্রী ভানোঃ শুদ্ধি পরা গৌড়ে। তথা রাজমার্ত্তণ্ডে—বৃহস্পতৌ গোচরশোভনস্থে বিবাহমিচ্ছন্তি হি দাক্ষিণাত্যাঃ। রবৌ বিশুদ্ধে প্রবদন্তি গৌড়া ন গোচরে মানবকে প্রমাণং। ভৌমে বিশুদ্ধে যমুনা তটোদ্ভবা হিমালয়োত্থাঃ শশিজে শুভপ্রদে কৈলাসদেশপ্রভবাঃ শনৈশ্চরে দীপান্তরোত্থাঃ ভৃগুজে অশুঃ শুভং। অত্র চ গ্রহামিত্রাদি গৃহে স্থিতা অনিষ্টা অপি শুভদা যথা পশুপতিদীপিকায়াং সুহৃদগৃহঃ স্বোচ্চগতোঽপি বা স্বামিত্রেক্ষিতো বা স্বগৃহং গতো বা। অনিষ্টসংস্থোঽপি ধ্রুবং নরাণাং সর্ব্বোগ্রহঃ শ্রেষ্ঠফলং দদাতি। ১৯৮

## অথ রবিশুদ্ধিঃ।

জন্মরাশেঃ শুভঃ সূর্য্যস্ত্রিষষ্ঠদশলাভগঃ।
দ্বিপঞ্চনবমোঽপীষ্টস্ত্রয়োদশদিনাৎপরম্॥ ১৯৯

অধুনা রবিশুদ্ধি কথিত হইতেছে—মনুষ্যের জন্মরাশি হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম একাদশরাশিস্থিত রবি সর্ব্বদা শুভ হন, আর জন্মরাশি অপেক্ষায় দ্বিতীয় পঞ্চম কি নবমরাশিস্থ রবিও ত্রয়োদশ দিনের পরে শুভ হইয়া থাকেন। ১৯৯

ত্রিষড়্দশৈকাদশগোদিনেশঃ সুতার্থসৌভাগ্যশুভপ্রদঃ স্যাৎ।
বৈধব্যদাতাষ্টমরাশিসংস্থঃ শেষেষু রুগ্‌দুঃখশুচঃ করোতি॥ ২০০

ইতি ভোজরাজঃ।

জন্মরাশি হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশরাশিস্থিত রবি পুত্র, অর্থ, সৌভাগ্য ও মঙ্গলদায়ক হন; অষ্টমরাশিতে থাকিলে রমণীর বৈধব্যযন্ত্রণা দান করেন। আর জন্মস্থ কি দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম, সপ্তম, নবম ও দ্বাদশ রাশিতে অবস্থিত হইলে রোগ, দুঃখ ও শোকদাতা হইয়া থাকেন। ২০০

## অন্যচ্চ।

দ্বিপঞ্চনবমস্থোঽপি ভবেচ্ছুভকরোরবিঃ।
উভৌ যদি শুভৌ স্যাতাং হরিণাঙ্কবৃহস্পতি॥ ২০১

ইতি সারসংগ্রহে।

যদি চন্দ্র ও বৃহস্পতি গোচরে শুভ থাকেন তাহা হইলে দ্বিতীয়, পঞ্চম কি নবমস্থ রবিও ত্রয়োদশদিনের মধ্যে শুভ হন। ২০১

দ্বিতীয়পুত্রাঙ্কগতঃ প্রভাকরঃ ত্রয়োদশাহাৎ পরতঃ শুভঃ প্রদঃ।
ন জন্মসপ্তব্যয়রন্ধ্রগতস্তথা করোতি পংসামপি তাদৃশং ফলম্ ॥২০২

ইতি জ্যোতিষতত্ত্বে।

জ্যোতিষতত্ত্ব-ধৃত বচনে উক্ত হইয়াছে যে—জন্মরাশি হইতে দ্বিতীয়, পঞ্চম ও নবমস্থ রবি মাসের ত্রয়োদশদিবস পরে শুভফলদাতা হন, কিন্তু জন্মস্থ কি সপ্তম, দ্বাদশ ও অষ্টমস্থ রবি কোন সময়েই শুভফল দান করেন না। ২০২

## অথ নিষিদ্ধরবিফলং।

জন্মস্থার্কে ভবতি বিধবা বন্ধুহীনা দ্বিতীয়ে।
নিস্বা পাতালসংস্থে সুতগৃহে ধনহা সপ্তমে নষ্টকামা।
মৃত্যৌ প্রাপ্নোতি মৃত্যুং ব্যয়নবমগতে রোগশোকাভিভূতা।
শেষে রাশৌ বিবাহে বিপুলধনবতী ধর্ম্মকামার্থযুক্তা ॥ ২০৩

জন্মরবিতে বিবাহিতা কন্যা বিধবা হয়, এইরূপ দ্বিতায় রবিতে বন্ধুহীনা, চতুর্থে ধনহীনা, পঞ্চমে ধননাশিনী, সপ্তমে কামনাভ্রষ্টা ও অষ্টম রবিতে মরণ এবং দ্বাদশ ও নবম রবিতে রোগশোকাদিতে অভিভূতা হইয়া থাকে। তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশ রবিতে বিবাহিতা নারী বিপুল ধনশালিনী ও ধর্ম্মকামার্থ-যুক্তা হয়। ২০৩

## অন্যচ্চ।

চতুর্থে চাষ্টমে চৈব দ্বাদশে চ দিবাকরে।
কন্যা বৈধব্যমাপ্নোতি নিয়তং পাণিপীড়নে ॥ ২০৪

বচনান্তরে লিখিত আছে যে—বিবাহ সময়ে জন্মরাশি অপেক্ষায় চতুর্থ অষ্টম ও দ্বাদশরাশিতে রবি থাকিলে কন্যা নিশ্চয়ই বিধবা হয়। ২০৪

## অথ বৃহস্পতিশুদ্ধিঃ ॥

চতুর্থে চাষ্টমে চৈব দ্বাদশে চ বৃহস্পতৌ।
বিবাহিতোনরোমৃত্যুং প্রাপ্নোত্যত্র ন সংশয়ঃ ॥ ২০৫

ইতি সারসংগ্রহে।

জন্মরাশি অপেক্ষায় চতুর্থে, অষ্টমে কি দ্বাদশরাশিতে বৃহস্পতি থাকিলে বিবাহিতব্যক্তির মৃত্যু হয়, ইহাতে সংশয় নাই। অতএব উক্তস্থান ভিন্ন অন্য-রাশিতে বৃহস্পতি থাকিলে বিবাহে শুভ হইবে। ২০৫

অথ চন্দ্রশুদ্ধিঃ।

সপ্তমোপচয়া * দ্যস্থশ্চন্দ্রঃ সর্ব্বত্র শোভনঃ।
শুক্লপক্ষে দ্বিতীয়স্তু পঞ্চমোনবমস্তথা॥ ২০৬

জন্মচন্দ্র অপেক্ষায় সপ্তম, একাদশ ও ষষ্ঠচন্দ্র সর্ব্বদাই শুভফল দেন, শুক্লপক্ষে দ্বিতীয় পঞ্চম কি নবমচন্দ্রও শুভ হইয়া থাকেন। ২০৬

দশষষ্ঠতৃতীয়ৈকাদশসপ্তমগঃ শুভঃ।
চন্দ্রমা জন্মচন্দ্রোঽপি জন্মর্ক্ষপরিবর্জ্জিতঃ॥ ২০৭

ইতি গ্রন্থান্তরে।

মনুষ্যের জন্মরাশি হইতে দশম, ষষ্ঠ, তৃতীয় ও একাদশচন্দ্র শুভদ হন, আর জন্মনক্ষত্রগত না হইলে জন্মচন্দ্রও শুভদ হইয়া থাকেন। ২০৭

অন্যচ্চ।

জন্মনক্ষত্রগশ্চন্দ্রঃ প্রশস্তঃ সর্ব্বকর্ম্মসু।
ক্ষৌরভেষজবাদাধ্বকর্ত্তনেষু চ তং ত্যজেৎ॥ ২০৮

ইতি সৎকৃত্যমুক্তাবল্যাং।

সৎকৃত্যমুক্তাবলী-ধৃত বচনে কথিত হইয়াছে—জন্মনক্ষত্রগত জন্মচন্দ্র সকল কার্য্যেই প্রশস্ত, কেবল ক্ষৌরকর্ম্ম, ঔষধপ্রয়োগ, বিবাদ, যাত্রা ও ছেদনকর্ম্মে জন্মনক্ষত্রগত জন্মচন্দ্র পরিত্যাগ করিতে হইবে। ২০৮

অথ চন্দ্রতারাশুদ্ধি প্রশংসা।

তারাচন্দ্রবলে প্রাপ্তে দোষাশ্চান্যে ভবন্তি যে।
তে সর্ব্বে বিলয়ং যান্তি সিংহং দৃষ্ট্বা গজা ইব॥ ২০৯

ইতি গ্রন্থান্তরে।

অনন্তর চন্দ্র ও তারাশুদ্ধির উৎকর্ষতা প্রতিপাদিত হইতেছে—যেরূপ সিংহ দর্শন করিলে হস্তী পলায়ন করে তদ্রূপ তারা ও চন্দ্রশুদ্ধি থাকিলে সকল দোষ বিলয় প্রাপ্ত হয়। ২০৯

সর্ব্বকর্ম্মণ্যুপাদেয়া বিশুদ্ধিশ্চন্দ্রতারয়োঃ।
তচ্ছুদ্ধাবেব সর্ব্বেষাং গ্রহাণাং ফলদাতৃতা॥ * ২১০

চন্দ্রশুদ্ধি ও তারাশুদ্ধির প্রশংসা কথিত হইতেছে। সকল কর্ম্মেই চন্দ্র তারাশুদ্ধির উৎকর্ষতা অভিহিত হইয়াছে, যেহেতু চন্দ্র তারা শুদ্ধি থাকিলেই গ্রহগণ শুভফল প্রদান করিয়া থাকেন। ২১০

* অথোপচয়সংজ্ঞা ত্রিলাভরিপুকর্ম্মণাং।

সর্ব্বকর্ম্মারম্ভেষু চন্দ্রতারাশুদ্ধেষু প্রাশস্ত্যমাহ। সর্ব্বকর্ম্মণীত্যাদি। তস্মাত্তচ্ছুদ্ধৌ চন্দ্রতারাশুদ্ধৌ সত্যমেব সর্ব্বকর্ম্মসু গ্রহাণাং ফলদায়কত্বমিতি যথা রাজমার্ত্তণ্ডে—চন্দ্রবলেন বিহীনো ন মনঃ পরিতোষদঃ ক্রিয়ারম্ভঃ। অন্যগুণৈরপি যুক্তোঽজরী রাবলো বরস্ত্রীণাং। তথা তিথিরেকগুণাঃ প্রোক্তবারাশ্চৈবেত্যাদি। তথাচ তত্রৈব তারাস্তত্র ন গণ্যন্তে যত্রেত্যাদি কৃষ্ণে বলবতী তারেত্যাদি। তারবলেন কর্ত্তব্যং চন্দ্রমা ইত্যাদি। ২১০

অন্যচ্চ।

তিথিরেকগুণাঃ প্রোক্তা বারাশ্চৈব চতুর্দ্দশ।
ঋক্ষং ষোড়শমিত্যাহুর্যোগশ্চাপি শতাধিকঃ।
সহস্রাদধিকঃ সূর্য্যশ্চন্দ্রোলক্ষগুণান্বিতঃ।
বর্জ্জয়িত্বা বলং সর্ব্বং তস্মাচ্চন্দ্রবলং বলম্॥ ২১১

ইতি রাজমার্ত্তণ্ডে।

বচনান্তরে চন্দ্রশুদ্ধির প্রশংসা কথিত হইতেছে—কর্ম্মকালীন তিথির একগুণ বল হয়, এইরূপ বারের চতুর্দ্দশগুণ, নক্ষত্রের ষোড়শগুণ যোগের শতাধিকগুণ, সূর্য্যের সহস্রাধিকগুণ বল হইয়া থাকে, অতএব অন্য সকল বল পরিত্যাগ করিয়াও চন্দ্রবল অবশ্যই গ্রহণ করিবে। ২১১

অপরঞ্চ।

তারাস্তত্র ন গণ্যন্তে যত্র চন্দ্রোবলোত্তরঃ।
স্বামিনা পরিতুষ্টেন ভৃত্যক্রোধোনিরর্থকঃ॥ ২১২

ইতি দীপিকাটীকায়াং।

যেমন ভৃত্যের প্রভু পরিতুষ্ট থাকিলে ভৃত্যের ক্রোধ হইলেও তাহাতে কিছু আসে যায় না, সেইরূপ যেখানে চন্দ্রবল পাওয়া যায় তথাতে তারাবল গণ্য হয় না। ২১২

করকচামৃত্যুযোগশ্চ দিনং দগ্ধং তথাপরে।
শুভে চন্দ্রে প্রণশ্যন্তি বৃক্ষাবজ্রহতা ইব॥ ২১৩

ইতি গ্রন্থান্তরে।

বৃক্ষ যেমন বজ্রদ্বারা আহত হয় সেইরূপ করকচাযোগ, মৃত্যুযোগ, দিনদগ্ধা ও অন্যান্য অশুভ, চন্দ্র শুদ্ধি থাকিলে বিনষ্ট হইয়া থাকে। ২১৩

কৃষ্ণে বলবতী তারা শুক্লে চন্দ্রোবলোত্তরঃ।
তস্মাৎ কার্য্যং প্রযত্নেন সুশুদ্ধে চন্দ্রতারকে॥ ২১৪

ইতি দীপিকাটীকায়াং।

* বারাশ্চৈব চতুর্গুণা ইত্যপি পাঠঃ।

কৃষ্ণপক্ষে তারাবল অধিক হয়, আর শুক্লপক্ষে চন্দ্র বলীয়ান্ হইয়া থাকেন, অতএব চন্দ্রতারা উভয় শুদ্ধ থাকিলেই কর্ম্ম কর্ত্তব্য হয়। ২১৪

তারবলেন কর্ত্তব্যং চন্দ্রমা যদি দুর্ব্বলঃ।
দুর্ব্বলেনৈব শক্তঃ স্যাৎ প্রারব্ধে বিষয়ে যতঃ॥ ২১৫

ইতি দীপিকাটীকায়াং।

যদি চন্দ্রমা ক্ষীণত্বাদি দ্বারা অত্যন্ত দুর্ব্বল হয়েন, তাহা হইলে তারাবল গ্রহণ কর্ত্তব্য। যে হেতু প্রারব্ধ বিষয়তেও দুর্ব্বল শক্ত হয় না। ২১৫

ন কৃষ্ণপক্ষে শশিনঃ প্রভাবঃ তারাবলং তত্র বিচারণীয়ং।
বিদেশসংস্থে বিকলেঽপি পত্যৌ সর্ব্বাণি কর্ম্মাণি করোতি নারী॥২১৬

ইতি সৎকৃত্যমুক্তাবল্যাং।

সৎকৃত্যমুক্তাবলী-ধৃত বচনে কথিত হইয়াছে যে—যেমন বিদেশগামী কি বিকলাঙ্গযুক্ত পতি বর্ত্তমানে সকল কর্ম্মই তাহার পত্নীর কর্ত্তব্য সেইরূপ কৃষ্ণপক্ষে চন্দ্রবলের হ্রাসতাপ্রযুক্ত তারাবলই গ্রাহ্য। ২১৬

অথ চন্দ্রতারাদ্যশুভপ্রতীকারঃ।

কর্ম্ম কুর্য্যাৎ ফলাবাপ্তৌ চন্দ্রাদিশোভনে বুধঃ।
সুস্থকালে ত্বিদং সর্ব্বং নাত্রঃ কালমপেক্ষতে॥ ২১৭

ইতি জ্যোতিস্তত্ত্বে।

কর্ম্মের অবকাশ থাকিলে বিশেষ ফল প্রাপ্তির নিমিত্তে চন্দ্র তারাদি শুদ্ধ হইলেই কর্ম্ম কর্ত্তব্য, কিন্তু যদি কর্ম্মের অবকাশ না থাকে তাহা হইলে নিম্নোক্ত প্রতীকার করিয়া কর্ম্ম করিতে হইবে, কদাচও অপেক্ষা করিবে না। ২১৭

চন্দ্রে চ শঙ্খং লবণঞ্চ তারে তিথাবভদ্রে সিততণ্ডুলাংশ্চ।
ধান্যঞ্চ দদ্যাৎ করণর্ক্ষবারে যোগে তিলান্ হেমমণিঞ্চ লগ্নে॥২১৮

ইতি সৎকৃত্যমুক্তাবল্যাং।

অনন্তর চন্দ্রতারাদি অশুদ্ধ থাকিলে তাহার প্রতীকার কথিত হইতেছে—চন্দ্র অশুভ হইলে শঙ্খদান করিবে, এইরূপ তারা অশুভ হইলে লবণ দান, তিথি অশুভ হইলে আতপতণ্ডুল দান, অশুভকরণ, অশুভ নক্ষত্র কি অশুভ বার হইলে ধান্যদান, অশুভযোগে তিলদান এবং অশুভ লগ্ন হইলে তাহার প্রতীকারের নিমিত্ত স্বর্ণ ও মণিদান করিতে হইবে। ২১৮

## চন্দ্রস্য বিশেষঃ।

শ্বেতং বাসঃ সিতাধেনুঃ শঙ্খো বা ক্ষীরপূরিতঃ।

দেয়ো বা রাজতশ্চন্দ্রশ্চন্দ্রদোষোপশান্তয়ে॥ ২১৯

চন্দ্র অশুভ হইলে দোষ শান্ত্যর্থ শ্বেতবস্ত্র, শুক্লবর্ণা ধেনু ও দুগ্ধপূর্ণশঙ্খ অথবা রৌপ্যময় চন্দ্র দান করিতে হইবে। ২১৯

চন্দ্রদোষশান্তিদানমাহ। শ্বেতমিতি। বস্ত্রাদীনাং প্রত্যেকমেব দোষহন্তৃত্বং সমুদিতে তু ফলভূমা কল্পনীয়ঃ ইতি। ২১৯

## অথ চন্দ্রদোষোপশান্তিস্নানম্

উশীরঞ্চ শিরীষঞ্চ চন্দনং পদ্মকং তথা।

শঙ্খে ন্যস্তমিদং স্নানং চন্দ্রদোষোপশান্তয়ে॥ ২২০

চন্দ্র অশুভ হইলে শ্বেতবীরণের মূল, শিরীষ, চন্দন ও পদ্মমিশ্রিত জল শঙ্খে রাখিয়া তদ্দ্বারা স্নান করিবে। ২২০

চন্দ্রদোষোপশান্তিস্নানমাহ। উশীরমিতি। উশীরং শ্বেতবীরণমূলং তথা শিরীষাদীনাং শঙ্খাধারে পূর্ণং কৃত্বা এভিঃ স্নানমিদং স্নানমিতি সমস্তং পদম্। ২২০

## অথ গোচরে চন্দ্রশুদ্ধিফলম্

সপ্তাদ্যচন্দ্রে ধ্রুবমর্থলাভঃ ষষ্ঠে তৃতীয়ে ধনভোগমায়ুঃ।

সর্ব্বার্থসিদ্ধিং দশমে লভন্তে একাদশে সর্ব্বসুখানি চৈব॥২২১

চন্দ্রশুদ্ধির ফল বর্ণিত হইতেছে—সমচন্দ্র ও জন্মচন্দ্রে অর্থলাভ হয়, ষষ্ঠ ও তৃতীয়চন্দ্রে ধনভোগ ও আয়ুর্বৃদ্ধি হয়। আর দশম চন্দ্রে সর্ব্বার্থলাভ এবং একাদশচন্দ্রে সর্ব্বপ্রকারে সুখভোগ হইয়া থাকে। ২২১

## অথ গ্রহাণাং গোচরাপবাদমাহ।

ত্রয়োদশদিনান্যর্কোদশষড়্ধরণীসুতঃ॥

সার্দ্ধং দিনঞ্চ শীতাংশুর্ম্মাসমেকাদশংতমঃ।

সৌরিঃপাদাধিকং বর্ষং মাসানষ্টৌ বৃহস্পতিঃ।

ভবনার্দ্ধং ভৃগুঃ সৌম্যোযাবদ্রাশ্যশুভাঃ ফলম্॥

কষ্টং ব্রতাদিকে দদ্যু র্ন তথা শেষভাগগাঃ॥ ২২২

রবি একরাশিতে একমাস ভোগ করেন। তিনি বিরুদ্ধ থাকিলে ত্রয়োদশ দিনের পরে শুভফল দিবেন; এইরূপ মঙ্গল ত্রিপক্ষমধ্যে ষোড়শ দিন পরে, চন্দ্র, দুই দিন পনরদণ্ড মধ্যে দেড়দিন পরে, রাহু, দেড় বৎসর মধ্যে একাদশমাস পরে, শনি আড়াই বৎসর মধ্যে একবৎসর তিনমাস পরে, বৃহস্পতি একবৎসর মধ্যে আট মাস পরে শুক্র অষ্টাবিংশতি দিনের মধ্যে চতুর্দ্দশ দিন পরে এবং বুধ

## অথ গ্রহাণাং দক্ষিণবেধবামবেধৌ *

### তত্রাদৌ রবেঃ।

লাভবিক্রমখশত্রুতঃ স্থিতঃ শোভনোনিগদিতোদিবাকরঃ।
খেচরৈঃ সুতভতপোজলান্ত্যগৈর্ব্ব্যর্কিভির্যদি ন বিধ্যতে তদা॥২২৩

অনন্তর গ্রহগণের দক্ষিণবেধ ও বামবেধে শুদ্ধি কথিত হইতেছে,—জন্মরাশি হইতে একাদশ, তৃতীয়, দশম ও ষষ্ঠস্থিত রবি দক্ষিণবেধে শুভ হন, যদি শনি ভিন্ন গ্রহগণ পঞ্চম, নবম, চতুর্থ ও দ্বাদশস্থানে না থাকেন, অর্থাৎ একাদশস্থ রবি শুভদ হন, যদি পঞ্চমস্থানে শনি ভিন্ন গ্রহ না থাকে, এইরূপ তৃতীয়স্থ রবি শুভফল দান করেন যদি নবমস্থানে শনি ভিন্ন গ্রহ না থাকে, দশমস্থ রবি শুভপ্রদ হন, যদি চতুর্থস্থানে শনি ভিন্ন গ্রহ অবস্থান না করেন এবং ষষ্ঠস্থিত রবি শুভ ফল প্রদান করেন যদি দ্বাদশস্থানে শনি ভিন্নগ্রহ অবস্থিত না থাকেন।

জন্মরাশি হইতে পঞ্চম, নবম, চতুর্থ ও দ্বাদস্থ রবি বামবেধে শুভ হন যদি শনি ভিন্ন গ্রহগণ একাদশ, তৃতীয়, দশম ও ষষ্ঠস্থানে অবস্থিত থাকেন অর্থাৎ পঞ্চমস্থ রবি শুদ্ধ হন, যদি শনি ভিন্ন গ্রহগণ একাদশস্থানে থাকেন, এইরূপ নবমস্থ রবি শুভপ্রদ হন, যদি শনি ভিন্ন গ্রহ তৃতীয়স্থানে থাকেন, চতুর্থস্থ রবি শুভদাতা হন, যদি দশমস্থানে শনি ভিন্ন গ্রহ অবস্থান করেন, এবং দ্বাদশস্থ রবি বামবেধে শুদ্ধ থাকেন যদি শনি ভিন্ন গ্রহগণ ষষ্ঠস্থানে অবস্থিতি করেন। ২২৩

### চন্দ্রস্য

দ্যূনজন্মরিপুলাভখত্রিগশ্চন্দ্রমাঃ শুভফলপ্রদস্তথা।
স্বাত্মজান্ত্যমৃতিবন্ধুধর্ম্মগৈর্ব্বিধ্যতে ন বিবুধৈর্যদিগ্রহৈঃ॥২২৪

ইতি জ্যোতিস্তত্ত্বে।

জন্মরাশি হইতে সপ্তম, আদ্য, ষষ্ঠ, একাদশ, দশম ও তৃতীয়স্থ চন্দ্র দক্ষিণবেধে শুদ্ধ হন, যদি দ্বিতীয়, পঞ্চম, দ্বাদশ, অষ্টম, চতুর্থ ও নবমস্থানে বুধ ভিন্ন গ্রহগণ অবস্থিতি না করেন, অর্থাৎ সপ্তমস্থ চন্দ্র শুভদাতা হন যদি দ্বিতীয়স্থানে বুধ ভিন্ন গ্রহগণ না থাকেন, এইরূপ জন্মস্থ চন্দ্র শুভ হন যদি পঞ্চমস্থানে

* বামবেধস্তু দ্যূনজন্মেতি। ইতি স্মার্ত্তাঃ। সপ্তানাং গ্রহাণাং দক্ষিণবেধবামবেধৌ। ইত্যপি জ্যোতিস্তত্ত্বে স্মার্ত্তেনোক্তম্।

ভিন্ন গ্রহ অবস্থিত না হন, ষষ্ঠস্থ চন্দ্র শুভপ্রদ হন, যদি দ্বাদশস্থানে বুধ ভিন্ন গ্রহ না থাকে,একাদশস্থ চন্দ্র শুভ দান করেন যদি অষ্টমস্থানে বুধ ভিন্ন গ্রহ অবস্থান না করেন, দশমস্থ চন্দ্র শুভ হন যদি চতুর্থস্থানে বুধ ভিন্ন গ্রহ না থাকেন এবং তৃতীয়স্থ চন্দ্র দক্ষিণবেধে শুদ্ধ হইয়া থাকেন যদি নবমস্থানে বুধ ভিন্ন গ্রহ অব- স্থিত না হন।

জন্মরাশি হইতে দ্বিতীয়, পঞ্চম, দ্বাদশ, অষ্টম, চতুর্থ ও নবমস্থ চন্দ্র বামবেধে শুদ্ধ হন যদি সপ্তম, আগু,ষষ্ঠ,একাদশ,দশম ও তৃতীয়স্থানে বুধ ভিন্ন গ্রহ থাকেন, অর্থাৎ দ্বিতীয়স্থ চন্দ্র শুভদ হন যদি সপ্তমস্থানে বুধ ভিন্ন গ্রহ অবস্থিত হন, এইরূপ পঞ্চমস্থ চন্দ্র শুভফল দান করেন যদি জন্মস্থানে বুধ ভিন্ন গ্রহ থাকেন, দ্বাদশস্থ চন্দ্র শুদ্ধ হন যদি ষষ্ঠস্থানে বুধ ভিন্ন গ্রহ অবস্থিত হন, অষ্টমস্থ চন্দ্র শুদ্ধ হন যদি একাদশস্থানে বুধাতিরিক্ত গ্রহ থাকেন; চতুর্থস্থ চন্দ্র শুভপ্রদ হন যদি দশমস্থানে বুধ ভিন্ন গ্রহ অবস্থান করেন; এবং নবমস্থ চন্দ্র বামবেধে শুদ্ধ হইয়া থাকেন যদি তৃতীয়স্থানে বুধাতিরিক্ত গ্রহ থাকেন। ২২৪

## প্রকারান্তর বামবেধ চন্দ্রশুদ্ধিকথনম্

সিতশনিকুজজীবার্কাস্তইন্দুর্নরাণাং ব্যয়সুখনবমস্থোঽপীষ্টদাতার্থ তেষাং।
খসুতনিধনগশ্চেন্মৃত্যুপুত্রার্থগোঽপি প্রচুরশুভফলং স্যাদ্বামবেধেন শুদ্ধঃ॥ ২২৫

ইতি জ্যোতিস্তত্ত্বে।

প্রকারান্তরে বামবেধে চন্দ্র শুদ্ধি কথিত হইতেছে—মানবগণের দ্বাদশ চতুর্থ ও নবমস্থ বিরুদ্ধ চন্দ্র যদি শুক্র, শনি, মঙ্গল, বৃহস্পতি কি রবির সপ্তম স্থানে অবস্থিত, হন তাহা হইলে বামবেধে শুদ্ধ হইয়া শুভফল দান করেন, এইরূপ মনুষ্যের অষ্টমস্থ বিশুদ্ধ চন্দ্র যদি শুক্র, শনি, মঙ্গল, বৃহস্পতি কি রবির দশমস্থানে থাকেন তবে শুভ হন, আর পঞ্চমস্থ বিরুদ্ধ চন্দ্র ঐ শুক্রাদিগ্রহের অষ্টমস্থিত হইলে শুভদ হন এবং দ্বিতীয়স্থ বিরুদ্ধ চন্দ্র যদি উক্ত শুক্রাদিগ্রহের অষ্টমস্থানে অবস্থিত হন তাহা হইলে বামবেধে শুদ্ধ হইয়া প্রচুর শুভফল দান করিয়া থাকেন। ২২৫

চন্দ্রস্য বামবেধেন শুদ্ধিমাহ। সিতেতি। নরাণাং ব্যয়সুখনবমস্থোবিরুদ্ধশ্চন্দ্রঃ শুক্রশনিকুজজীবার্কাণাং অস্তে সপ্তমে স্থিতো নরাণামিষ্টদাতা স্যাৎ। এতত্তু রবিমন্দকুজাক্রান্তমিত্যাদিনা যামিত্রবেধনিষিদ্ধাদন্যেষু কর্ম্মসু বোদ্ধব্যং। অথ নরাণাং মৃত্যুপুত্রার্থগোঽপি চন্দ্রঃ যথাসংখ্যং তেষাং সিতাদীনাং খসুতনিধনগোযদি স্যাত্তদা:বামবেধেন শুদ্ধঃ প্রচুরশুভফলোভবতি প্রচুরং শুভফলং যস্মাৎ স প্রচুরশুভফলইত্যর্থঃ। অয়মর্থঃ নৃণামষ্টমগোঽপি সিতাদীনাং দশমগশ্চেৎ শুভঃ, নৃণাংপঞ্চমগোঽপি সিতাদীনাং পঞ্চমগশ্চেৎ শুভঃ। নৃণাং দ্বিতীয়-

গোঽপি সিতাদীনামষ্টমগশ্চেচ্ছুভ ইতি। তথা চ বৃহদ্‌যাত্রায়াং পঞ্চমায়দশষট্‌ত্রিজন্মগোনেষ্ট-দোদ্বিনিধনোপগৈগ্র হৈঃ। বন্ধুরিপ্‌ফনবপঞ্চমস্থিতৈশ্চেষ্টদোষদি বিলোমবেধগঃ। অস্যার্থঃ জন্মরাশেঃ সপ্তমায়দশষট্‌ত্রিজন্মগশ্চন্দ্রো যথাসংখ্যং জন্মরাশের্দ্বিনিধনোপগৈর্বন্ধুরিপ্‌ফনব-পঞ্চমস্থৈশ্চ গ্রহৈর্ব্বিদ্ধো ন শুভদঃ স্যাৎ। অত্র চ পূর্ব্বোক্ত দ্যূনজন্মেত্যাদি বচনাদ্‌ বুধং ত্যক্তেতি বোদ্ধব্যং। তদ্‌যথা জন্মরাশেঃ সপ্তমস্থশ্চন্দ্রোজন্মরাশের্দ্বিতীয়স্থেন বুধ বর্জ্জিতেন গ্রহেণ বিদ্ধো ন শুভঃ। এবং জন্মরাশেরেকাদশস্থেজন্মরাশেরষ্টমস্থেন দশমস্থো-বন্ধুস্থেন ষষ্ঠস্থোরিপ্‌ফস্থেন তৃতীয়স্থোনবমস্থেন জন্মগঃ পঞ্চমস্থেন বিদ্ধোনেষ্টদ ইত্যর্থঃ। যদি তু বিলোমবেধগশ্চন্দ্রঃ স্যাৎ তদা ইষ্টদ ইত্যর্থঃ। এতদুক্তং ভবতি বিপরীতগশ্চন্দ্রো দ্বিনি-ধনবন্ধুরিপ্‌ফনবপঞ্চমস্থোযথাসংখ্যং বিপরীতস্থৈঃ জন্মরাশেঃ সপ্তমায়দশষট্‌ত্রিজন্মস্থৈর্ব্বুধ-বর্জ্জিতৈগ্র হৈর্ব্বিদ্ধশ্চন্দ্রঃ শুভদঃ স্যাৎ। তদ্‌যথা জন্মরাশের্দ্বিতীয়স্থশ্চন্দ্রো জন্মরাশেঃ সপ্তম-স্থেন গ্রহেণ বিদ্ধঃ শুভঃ। অতএব জন্মরাশেঃ সপ্তমাৎ জন্মরাশের্দ্বিতীয়স্যাষ্টমত্বেন গ্রন্থকৃতা অর্থগশ্চন্দ্রঃ সিতাদীনাং নিধনশ্চেৎ শুভ ইত্যুক্তঃ। এবঞ্চাষ্টমস্থ একাদশস্থেন বিদ্ধঃ শুভঃ। অতোঽষ্টমস্য একাদশাদ্দশমস্থত্বেন গ্রন্থকৃতা মৃত্যুগশ্চন্দ্রঃ সিতাদীনাং দশমগশ্চেৎ শুভইত্যুক্তঃ। এবং বন্ধুস্থোদশমস্থেন বিদ্ধঃ শুভঃ। অতশ্চতুর্থস্য দশমাৎ সপ্তমস্থত্বেন গ্রন্থকৃতা সুখগশ্চন্দ্রঃ সিতাদীনাং সপ্তমস্থশ্চেচ্ছুভ ইত্যুক্তঃ। এবং রিপ্‌ফস্থঃ ষষ্ঠস্থেন বিদ্ধঃ শুভঃ। অতোরিপ্‌ফস্য ষষ্ঠাৎ সপ্তমস্থত্বেন গ্রন্থকৃতা ব্যয়স্থশ্চন্দ্রঃ সিতাদীনাং সপ্তমস্থশ্চেৎ শুভ ইত্যুক্তঃ। এবং নবমস্থ-স্তৃতীয়স্থেন বিদ্ধঃ শুভঃ অতোনবমস্য তৃতীয়াৎ সপ্তমস্থত্বেন সিতাদীনামস্তস্থ ইত্যুক্তং। এবং পঞ্চমস্থো জন্মরাশি গতেন গ্রহেণ বিদ্ধঃ শুভঃ অতঃ পঞ্চমস্য জন্মরাশিতঃ পঞ্চমত্বেন গ্রন্থকৃতা পঞ্চমশ্চন্দ্রঃ সিতাদীনাং পঞ্চমস্থশ্চেচ্ছুভ ইত্যুক্তং। তথা চ বশিষ্ঠঃ। "জন্মরাশিগতশ্চন্দ্রোজন্মতঃ পঞ্চমোগ্রহঃ। স্থিতোযদা তদা চেন্দুর্ব্বেধগোনেষ্টদঃ স্মৃতঃ। পঞ্চমস্থানগশ্চন্দ্রোজন্মরাশিগতো গ্রহঃ। যদা তদা বিপর্য্যস্তো বেধগঃ শুভদঃ স্মৃতঃ"। এবং তৃতীয়ষট্‌সপ্তদশমৈকাদশোপগঃ। ধর্ম্মরিপ্‌ফ দ্বিবন্ধ্বষ্টস্থিতৈর্ব্বিদ্ধস্তু নেষ্টদঃ।বিপরীতেন বিদ্ধস্তু শুভদঃ পরিকীর্ত্তিতঃ। ২২৫

## কুজশন্যোঃ।

**বিক্রমায়রিপুগঃ কুজঃ শুভঃ স্যাত্তদান্ত্যসুতধর্ম্মগৈঃ খগৈঃ।**
**চেন্ন বিদ্ধইনসূনুরপ্যসৌ কিন্তু ধর্ম্মঘৃণিনা ন বিধ্যতে॥ ২২৬**

ইতি জ্যোতিস্তত্ত্বে।

মানবের জন্মরাশি হইতে তৃতীয়স্থানে মঙ্গল থাকিলে দক্ষিণবেধে শুদ্ধ হন, যদি দ্বাদশস্থানে কোন গ্রহ না থাকে। একাদশস্থ মঙ্গল শুভদ হন যদি পঞ্চমস্থানে কোন গ্রহ বাস না করেন এবং ষষ্ঠস্থ মঙ্গল শুভফল প্রদান করেন যদি নবমস্থানে কোন গ্রহ না থাকেন।

জন্মরাশি হইতে দ্বাদশস্থ মঙ্গল বামবেধে শুদ্ধ হন যদি তৃতীয়স্থানে কোন গ্রহ থাকে, পঞ্চমস্থ মঙ্গল শুভপ্রদ হন যদি একাদশস্থানে গ্রহ অবস্থিত হন এবং নবমস্থ মঙ্গল শুভদ হন যদি ষষ্ঠস্থানে কোন গ্রহ থাকে।

মনুষ্যের জন্মরাশি হইতে তৃতীয়স্থ শনি দক্ষিণবেধে শুদ্ধ হন যদি দ্বাদশস্থানে

রবি না থাকেন, একাদশস্থ শনি শুভ হন যদি পঞ্চমস্থানে রবি অবস্থিত না হন এবং ষষ্ঠস্থ শনি শুভপ্রদ হন যদি নবমস্থানে রবি না থাকেন।

মানবের জন্মরাশি হইতে দ্বাদশস্থ শনি বামবেধে শুদ্ধ হন যদি তৃতীয়স্থানে রবি থাকেন, পঞ্চমস্থ শনি শুভদ হন যদি একাদশস্থানে রবি অবস্থিত হন এবং নবমস্থ শনি বামবেধে শুভ হন যদি ষষ্ঠস্থানে রবি থাকেন। ২২৬

বুধস্য।

স্ব স্মুশক্রমৃতিখায়গঃ শুভোক্তস্তদা ন খলু বিধ্যতে যদা
আত্মজত্রিনবকাদ্যনৈধনপ্রান্ত্যৈগৈর্বিবিধুভির্নভশ্চরৈঃ॥ ২ ৭

ইতি জ্যোতিস্তত্ত্বে।

জন্মরাশি হইতে দ্বিতীয়স্থানে বুধ থাকিলে দক্ষিণবেধে শুভ হন যদি পঞ্চমস্থানে চন্দ্র ভিন্ন কোন গ্রহ না থাকে। চতুর্থস্থ বুধ শুভ হন যদি তৃতীয়স্থানে চন্দ্রাতিবিক্ত গ্রহ না থাকে। ষষ্ঠস্থ বুধ শুভফল প্রদান করেন যদি নবমস্থানে চন্দ্র ভিন্ন গ্রহ অবস্থিত না হন। অষ্টমস্থ বুধ শুভদ হন যদি জন্মস্থানে চন্দ্রাতিরিক্ত গ্রহ না থাকে। দশমস্থ বুধ শুভ দান করেন যদি অষ্টমস্থানে চন্দ্র ভিন্ন গ্রহ অবস্থিতি না করে এবং একাদশস্থ বুধ দক্ষিণবেধে শুভ হইয়া থাকেন যদি দ্বাদশ স্থানে চন্দ্রাতিরিক্ত গ্রহ না থাকে।

জন্মরাশি হইতে পঞ্চমস্থ বুধ বামবেধে শুভ হন যদি দ্বিতীয়স্থানে চন্দ্র ভিন্ন গ্রহ থাকে, এইরূপ তৃতীয়স্থ বুধ শুভদ হন যদি চতুর্থস্থানে চন্দ্রাতিরিক্ত গ্রহ অবস্থিতি করেন, নবমস্থ বুধ শুভফল দান করেন যদি ষষ্ঠস্থানে চন্দ্র ভিন্ন গ্রহ থাকেন, জন্মস্থ বুধ শুভ হন যদি অষ্টমস্থানে চন্দ্রাতিরিক্ত গ্রহ থাকে, অষ্টমস্থ বুধ শুভদ হন যদি দশমস্থানে চন্দ্র ভিন্ন গ্রহ অবস্থান করেন এবং দ্বাদশস্থ বুধ বামবেধে শুভ হন যদি একাদশস্থানে চন্দ্রাতিরিক্ত গ্রহ থাকেন। ২২৭

গুরোঃ।

স্বায়ধর্ম্মতনয়দ্যুনস্থিতোনাকনায়কপুরোহিতঃ শুভঃ।
রিপ্‌ফরন্ধ্রখজলত্রিগৈর্যদা বিধ্যতে গগনচারিভির্নহি॥২২৮

ইতি জ্যোতিস্তত্ত্বে।

জন্মরাশি হইতে দ্বিতীয়স্থ বৃহস্পতি দক্ষিণবেধে শুভ হন যদি দ্বাদশস্থানে কোনগ্রহ না থাকে, এইরূপ একাদশস্থ বৃহস্পতি শুভফল দান করেন যদি অষ্টমস্থানে গ্রহ না থাকে, নবমস্থ বৃহস্পতি শুভফল দান করেন যদি দশমস্থানে কোন গ্রহ অবস্থিতি না করেন, পঞ্চমস্থ বৃহস্পতি শুভদ হন যদি চতুর্থস্থানে গ্রহ না

থাকে এবং সপ্তমস্থানস্থ বৃহস্পতি দক্ষিণবেধে শুভ হইয়া থাকেন যদি তৃতীয়স্থানে গ্রহগণ অবস্থিত না হন।

মানবের জন্মরাশি হইতে দ্বাদশস্থ বৃহস্পতি বামবেধে শুভ হন যদি দ্বিতীয়স্থানে গ্রহ থাকে, এইরূপ অষ্টমস্থ বৃহস্পতি শুভ হন যদি একাদশস্থানে কোন গ্রহ অবস্থিতি করেন, দশমস্থ বৃহস্পতি শুভদ হন যদি নবমস্থানে গ্রহ থাকে, চতুর্থস্থ বৃহস্পতি শুভদাতা হন যদি পঞ্চমস্থানে গ্রহগণ বাস করেন এবং তৃতীয়স্থ বৃহস্পতি বামবেধে শুভ হন যদি সপ্তমস্থানে কোনগ্রহ থাকে। ২২৮

শুক্রস্য।

আমৃতাষ্টমতপোব্যয়ায়গোবিদ্ধআস্ফুজিদশোভনঃ স্মৃতঃ।
নৈধনাস্ততনুকর্ম্মধর্ম্মধীলাভবৈরিসহজস্থখেচরৈঃ॥ ২২৯

ইতি জ্যোতিস্তত্ত্বে।

মনুষ্যের জন্মরাশিস্থ শুক্র দক্ষিণবেধে শুভ হন যদি অষ্টমস্থানে কোন গ্রহ না থাকে। এইরূপ দ্বিতীয়স্থ শুক্র শুভ হন যদি সপ্তমস্থানে গ্রহগণ বাস না করেন। তৃতীয়স্থ শুক্র শুভদাতা হন যদি জন্মরাশিতে গ্রহ না থাকে। চতুর্থস্থ শুক্র শুভফল দান করেন যদি দশমস্থানে গ্রহ অবস্থিত না হন। পঞ্চমস্থ শুক্র শুভ হন যদি নবমস্থানে কোন গ্রহ অবস্থিতি না করেন। নবমস্থ শুক্র শুভফল দান করেন যদি একাদশে কোন গ্রহ না থাকেন। দ্বাদশস্থ শুক্র শুভপ্রদ হন যদি ষষ্ঠস্থানে কোন গ্রহ অবস্থান না করেন এবং একাদশস্থ শুক্র দক্ষিণবেধে শুভ হন যদি তৃতীয়স্থানে কোন গ্রহ না থাকেন।

জন্মরাশি হইতে অষ্টমস্থ শুক্র বামবেধে শুভ হন যদি জন্মরাশিতে গ্রহ থাকে, এইরূপ সপ্তমস্থ শুক্র শুভ হন যদি দ্বিতীয়স্থানে গ্রহগণ বাস করেন। জন্মস্থ শুক্র শুভদাতা হন যদি তৃতীয়স্থানে গ্রহ থাকে। দশমস্থ শুক্র শুভদান করেন যদি চতুর্থস্থানে গ্রহ অবস্থিতি করে। নবমস্থ শুক্র শুভপ্রদ হন যদি পঞ্চমস্থানে গ্রহ থাকে। পঞ্চমস্থ শুক্র শুভ দান করেন যদি অষ্টমস্থানে গ্রহগণ বাস করেন। একাদশস্থ শুক্র শুভ হন যদি নবমস্থানে গ্রহ থাকে। ষষ্ঠস্থ শুক্র শুভদাতা হন যদি দ্বাদশস্থানে গ্রহগণ অবস্থিত হন এবং তৃতীয়স্থ শুক্র বামবেধে শুভ হন যদি একাদশস্থানে গ্রহ থাকে। ২২৯

ইতি গ্রহাণাং দক্ষিণবেধ বামবেধৌ।

এবমত্র খচরাব্যধান্বিতাঃ সৎফলং ন হি দিশন্তি গোচরে।
বামবেধবিধিনা ত্বশোভনা অপ্যমী শুভফলং দিশন্ত্যলম্॥ ২৩০

ইতি জ্যোতিস্তত্ত্বে।

দক্ষিণবেধে যে যে স্থানে গ্রহগণ থাকিলে বেধ হয় তাহা পূর্ব্বে কথিত হইয়াছে সেই সেই স্থানে গ্রহ থাকিলে ও গোচরে গ্রহগণ শুভ হইলেও শুভফল দান করেন না; কিন্তু বামবেধে গ্রহগণ বিদ্ধ হইলেও তাহারা শুভফল দান করিয়া থাকেন। ২৩০

যথোক্ত স্থানস্থাগ্রহা এবমুক্তপ্রকারেণ ব্যধাম্বিতাজন্মরাশের্যথাসংখ্যং পূর্ব্বোক্তস্থানস্থৈর্গ্রহৈর্বিদ্ধা গোচরে শুভা অপি শুভফলং ন দিশন্তি। বিপরীতবেধবিধিনা তু বিদ্ধাঃ শুভাঃ। বেধকস্থানানি যান্যুক্তানি বামবেধে তানি বেধ্যস্থানানি যানি চ বেধ্যস্থানান্যুক্তানি বামবেধে তানি চ বেধকস্থানানি নরাণাং বামবেধবেধ্যস্থানস্থা গ্রহাজন্মরাশিতোবামবেধকস্থানস্থৈর্গ্রহৈর্বিদ্ধা অশুভফলা অপি শুভফলমিত্যর্থং দিশন্তীতি। তথা চ রবেরুদাহৃতীয়তে। নরাণাং লাভবিক্রমখশক্রমু স্থিতোদিবাকরোজন্মরাশিতোযথাসংখ্যং সুততপোজলান্ত্যগৈঃ শনিবর্জ্জিতৈর্গ্রহৈর্বিদ্ধঃ সন্ শুভফলং ন দদাতি। তথা চ বামবেধে নরাণাং সুততপোজলান্ত্যগো দিবাকরঃ জন্মরাশিতোযথাসংখ্যং লাভবিক্রমখশক্রমু স্থিতৈর্গ্রহৈঃ শনিবর্জ্জিতৈর্বিদ্ধঃ সন্ শুভফলং দদাতীত্যর্থঃ। এবমন্যেষামপি বোদ্ধব্যম্। ২৩০

## অথ দিবাবিবাহনিষেধঃ।

বিবাহে তু দিবাভাগে কন্যা স্যাৎ পুত্রবর্জ্জিতাঃ।
বিবাহানলদগ্ধা সা নিয়তং স্বামিঘাতিনী॥ ২৩১

ইতি জ্যোতিঃসারসংগ্রহে।

দিবাতে বিবাহ হইলে কন্যা পুত্রহীনা হয়, আর বিবাহানল দ্বারা দগ্ধ হইয়া সেই স্ত্রী স্বামীঘাতিনী হইয়া থাকে। ২৩১

## অথ কুলিকাখ্যযোগকথনম্।

সূর্য্যে চ সপ্তমী সোমে ষষ্ঠী ভৌমে চ পঞ্চমী
বুধে চতুর্থী দেবেজ্যে তৃতীয়া ভৃগুনন্দনে।
দ্বিতীয়া বর্জ্জনীয়া স্যাৎ প্রতিপচ্চ শনৈশ্চরে
কুলিকাখ্যোহি যোগোহয়ং বিবাহাদৌ ন শস্যতে॥ ২৩২

ইতি জ্যোতিঃসারে।

জ্যোতিঃসারধৃত বচনে কথিত হইয়াছে যে, রবিবার সপ্তমী, সোমবার ষষ্ঠী, মঙ্গলবার পঞ্চমী, বুধবার চতুর্থী, বৃহস্পতিবার তৃতীয়া, শুক্রবার দ্বিতীয়া এবং শনিবার প্রতিপদ তিথি হইলে কুলিকাখ্যযোগ হয়, এই যোগে বিবাহাদি কর্ম্ম প্রশস্ত নহে। ২৩২

## অথ মাসদগ্ধাকথনম্।

দ্বিতীয়া মীনধনুষোশ্চতুর্থী বৃষকুম্ভয়োঃ।
মেষকর্কটয়োঃ ষষ্ঠী কন্যামিথুনকেঽষ্টমী॥

দশমী বৃশ্চিকে সিংহে দ্বাদশী মকরে তুলে।
এভির্জাতো ন জীবেত যদি শক্রসমোভবেৎ।
বিবাহে বিধবা নারী যাত্রায়াং মরণং ভবেৎ।
নিষ্ফলং কৃষিবাণিজ্যং বিদ্যারম্ভে চ মূর্খতা।
গৃহপ্রবেশে ভঙ্গঃ স্যাচ্চূড়ায়াং মরণং ধ্রুবং।
ঋণদানে ফলং নাস্তি ব্রতদানে চ নিষ্ফলে।
শুভকর্ম্মাণি সর্ব্বাণি নৈব কুর্য্যাদ্বিচক্ষণঃ॥ ২৩৩

ইতি রাজমার্ত্তণ্ডাদৌ।

দগ্ধাতিথি কথিত হইতেছে,—মীন ও ধনুরাশিতে রবি থাকিলে দ্বিতীয়া তিথি দগ্ধা হয়। এইরূপ বৃষ ও কুম্ভরাশিতে চতুর্থী দগ্ধা, মেষ ও কর্কটরাশিতে ষষ্ঠী দগ্ধা, কন্যা ও মিথুনরাশিতে অষ্টমী দগ্ধা, বৃশ্চিক ও সিংহরাশিতে দশমী দগ্ধা এবং মকর ও তুলারাশিতে রবি থাকিলে দ্বাদশীতিথি দগ্ধা হইয়া থাকে। ইহাকেই মাসদগ্ধা বলা যায়। ইহাতে জাতব্যক্তি ইন্দ্রতুল্য হইলেও জীবিত থাকে না। মাসদগ্ধাতে বিবাহ হইলে কন্যা বিধবা হয়. ইহাতে যাত্রা করিলে মরণ, কৃষি ও বাণিজ্যে নিষ্ফল, বিদ্যারম্ভে মূর্খতা, গৃহপ্রবেশে গৃহভঙ্গ; চূড়াতে মরণ, ঋণদানে ফলাভাব এবং উপনয়ন ও দানে নিষ্ফল হইয়া থাকে। অতএব পণ্ডিতগণ কোন শুভকর্ম্মই মাসদগ্ধাতে করিবেন না। ২৩৩

আদ্যা ধনুঃস্থ শফরীষু পরা দ্বিতীয়া।
একান্তরে দিনকরে তিথয়ঃ প্রদগ্ধাঃ॥ ২৩৪

ইতি জ্যোতিস্তত্ত্বে।

ধনুরাশিতে সূর্য্য থাকিলে শুক্লাদ্বিতীয়া দগ্ধা হয় এবং মীনরাশিতে রবি অবস্থিত হইলে কৃষ্ণা দ্বিতীয়াও দগ্ধা হইয়া থাকে, এক এক তিথি অন্তর দগ্ধা হয়।২৩৪

কার্ম্মুকে চ তথা কুম্ভে মেষে যুগ্মে হরৌ ঘটে।
এষু শুক্লা দ্বিতীয়াদ্যাদগ্ধাঃ কৃষ্ণা ঝষাদিষু॥ ২৩৫

ইতি জ্যোতিস্তত্ত্বে।

ধনু, কুম্ভ, মেষ, মিথুন, সিংহ ও তুলারাশিতে রবি অবস্থানকালীন শুক্লা-দ্বিতীয়াদি এক এক তিথি অন্তরে দগ্ধা হইবে আর কৃষ্ণা দ্বিতীয়াদি মীনাদি রাশিতে দগ্ধা জানিবে। ২৩৫

* সিতা চ কৃষ্ণা দশমী হয়াবলৌ বিষুর্দ্ধ্বগে তৌলধরে বলক্ষে প্রস্তুতত্ত্বে।

রাশ্যোশ্চন্দ্রস্য চ রবেঃ স্থিত্যা বাচ্যং ফলং বুধৈঃ।
যাঃ প্রোক্তাস্তিথয়োদগ্ধা মেষাদিষু চ রাশিষু।
শুক্লাস্তাবিষমে রাশৌ সমে কৃষ্ণাঃ প্রকীর্ত্তিতাঃ॥ ২৩৬

ইতি জ্যোতিস্তত্ত্বে।

পূর্ব্ব বচনে যে যে দুই দুই রাশিতে দ্বিতীয়াদি তিথি দগ্ধা বলিয়া কথিত হইয়াছে তাহা চন্দ্র ও রবি এই উভয় স্থিতিদ্বারাই জানিবে, ইহাতে বিশেষ এই, বিষমরাশিতে শুক্লাতিথি দগ্ধা হয় এবং সমরাশিতে কৃষ্ণাতিথি দগ্ধা হইয়া থাকে। ২৩৬

রাশিষু চন্দ্রস্থিত্যা দগ্ধায়াং ব্যক্তমাহ।

ষষ্ঠী মেষকুলীরয়োর্হি মকরে কন্যাযুগে চাষ্টমী
সিংহে বৃশ্চিকরাশিগে চ দশমী তৌলৌ মৃগে দ্বাদশী।
চাপে চাথ ঝষে দ্বিকা যদি বৃষে কুম্ভে চতুর্থী যদা
দগ্ধাখ্যাস্তিথয়ো বদন্তি মুনয়স্ত্যাজ্যা সদা কর্ম্মসু॥ ২৩৭

ইতি জ্যোতিস্তত্ত্বে।

রাশিতে চন্দ্রস্থিতি দ্বারা যে তিথি দগ্ধা হয় তাহা বর্ণিত হইতেছে। মেষ ও কর্কটরাশিতে চন্দ্র থাকিলে ষষ্ঠীতিথি দগ্ধা হয়। এইরূপ কন্যা ও মিথুনরাশিতে অষ্টমী, সিংহ ও বৃশ্চিকরাশিতে দশমী, তুলা ও মকর রাশিতে দ্বাদশী, ধনু ও মীনরাশিতে দ্বিতীয়া এবং বৃষ ও কুম্ভরাশিতে চন্দ্র অবস্থিতি করিলে চতুর্থীতিথি দগ্ধা হইয়া থাকে। এই সকল দগ্ধাতিথি সকল কার্য্যেই ত্যাগ করিতে হয় মুনিগণ এইরূপ বলিয়াছেন। ২৩৭

অথাবমত্র্যহস্পর্শৌ।

তিথ্যন্তদ্বয়মেকো দিনবারঃ স্পৃশতি যত্র তদ্ভবত্যবমদিনম্।
ত্রিদিনস্পৃক্ তিথিত্রয়স্পর্শনাদহঃ॥ ২৩৮

অধুনা অবম ও ত্র্যহস্পর্শ কথিত হইতেছে।—এক দিবারাত্রির মধ্যে দুই তিথির অবসান হইলে সেই দিনকে অবম * বলা যায়, আর এক দিবারাত্রির মধ্যে তিন তিথির স্পর্শ হইলে তাহাকে ত্র্যহস্পর্শ বলিয়া থাকে। ২৩৮

অবমত্র্যহস্পর্শদিনমাহ। তিথ্যন্তেতি। একোদিনবারঃ একএব বারস্তিথ্যন্তদ্বয়ং যত্র দিনে স্পৃশতি তদ্দিনমবমসংজ্ঞকং ভবতি অহস্তিথিত্রয়স্পর্শনাৎ ত্রিদিনস্পৃগ্ দিনং স্যাৎ যদহস্তিথিত্রয়ং স্পৃশতি তদ্দিনং ত্রিদিনস্পৃগিত্যর্থঃ। যথা দণ্ডদ্বয়মেকাতিথিস্তদনন্তরমপরদিনসূর্য্যোদয়াবধি

---

* যে কোন তিথি সূর্য্যোদয়ের (বার প্রবৃত্তির) পর কিছুকাল থাকিয়া যদি পরতিথি পরদিন সূর্য্যোদয়ের পূর্ব্বকাল পর্য্যন্ত থাকে তবে তাহাকে অবম বলা যায়।

সমস্তদিনব্যাপিনী চান্যা তদ্দিনমবমং স্যাদিতি। যত্র চ দণ্ডদ্বয়মেকাতিথিরন্যা চ সপ্তপঞ্চাশদ্দণ্ডাত্মিকা তদনন্তরমন্যতিথিযোগঃ অতস্তিথিত্রয়স্পর্শাৎ ত্র্যহস্পৃশিতি সাম্প্রদায়িকাঃ। বস্তুতস্তু দিনবারহত্যানেন বারপ্রবৃত্তিকালাৎ পরদিনসূর্য্যোদয়াবধি তিথ্যন্তদ্বয়স্পর্শেঽবমদিনং স্যাৎ ত্র্যহস্পৃগ্দিনন্তু অহ্নঃ সূর্য্যোদয়কালাৎ তিথিত্রয়যোগোযদা স্যাত্তদা ইত্যর্থঃ। তথাচ গৌড়-দেশে সার্দ্ধৈকদণ্ডাদূর্দ্ধং বারপ্রবৃত্তিঃ। তদনন্তরং পরদিনসূর্য্যোদয়াবধি তিথ্যন্তদ্বয়স্পর্শে তদ্দিন-মবমং স্যাৎ যথা দণ্ডদ্বয়মেকাতিথিরন্যা চ ষট্‌পঞ্চাশদ্দণ্ডাত্মিকা ইতি তথা যস্মিন্ দিনে সূর্য্যো-দয়াদ্বারপ্রবৃত্তেঃ পূর্ব্বমেকাতিথির্দ্দণ্ডৈকাহন্যা চ সপ্তপঞ্চাশদ্দণ্ডাত্মিকা চেত্তস্মিন্নেব দিনেঽন্য-তিথিযোগঃ স্যাত্তদা ত্র্যহস্পৃক তদ্দিন স্যাৎ। তথা করণরত্নেশ্বরাচার্য্যেণ লিখিতং। অবমং তদ্বারদিনং তিথ্যন্তদ্বয়যোগিষৎ। ত্র্যহস্পর্শস্তু ত্রিতিথিস্পর্শাদৌদয়িকং বিদুরিতি। কেচিত্তু অহ্নস্ত্রয়স্পর্শাদিতিপাঠং কৃত্বা ব্যাচক্ষতে অহ্নস্ত্রয়স্পর্শাদ্দিনত্রয়স্পর্শাৎ ত্রিদিনস্পৃক্ তিথিঃ স্যাদিতি ষষ্টিদণ্ডাত্মিকতয়া বর্দ্ধমানা যাতিথি সা ত্রিদিনস্পৃগিত্যর্থঃ। এতচ্চ সম্প্রদায়বিরুদ্ধ-মাচারবিরুদ্ধং শাস্ত্রবিরুদ্ধঞ্চ তথাচ শূলপাণিনা একাদশীবিবেকে বিষ্ণুরহস্যবচনং লিখিতং। "একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী। ত্র্যহস্পৃক্ তদহোরাত্রমুপোষ্যা সা সদাতিথিরিতি। তথা চ রাজমার্ত্তণ্ডে—"একস্মিন্ সাবনে ত্বহ্নি তিথিনামিত্যাদি। ত্র্যহস্পৃগ্দিবসশ্চৈব মহা-পুণ্যতমঃ স্মৃতঃ। তিথিত্রয়স্য সংস্পর্শাত্র্যবস্পৃক সমুদাহৃতঃ"। ২৩৮

দ্বৌ তিথ্যন্তাবেকবারে যত্র স স্যাদ্দিনক্ষয়ঃ॥ ২৩৯

ইতি কৌর্ম্মপাদ্ময়োঃ।

কর্ম্মপুরাণ ও পদ্মপুরাণে লিখিত আছে যে,—যদি একদিন রাত্রির মধ্যে দুইটী তিথির অন্ত হয় তবে তাহাকে দিনক্ষয় (ত্র্যহস্পর্শ) বলে। ২৩৯

একস্মিন্ সাবনে ত্বহ্নি তিথীনাং ত্রিতয়ং যদা।

তদা দিনক্ষয়ঃ প্রোক্তস্তত্র সাহস্রিকং ফলম্॥ * ২৪০

ইতি বশিষ্ঠঃ।

বশিষ্ঠ বলিয়াছেন,—এক সাবনদিনের মধ্যে যদি তিনটী তিথি হয় তাহা হইলে দিনক্ষয় (ত্র্যহস্পর্শ) বলা যায়, ঐদিনে মাঙ্গল্যেতর বৈদিক কর্ম্ম করিলে সহস্র গুণ ফল হইয়া থাকে। ২৪০

অধিমাসে দিনপাতে † ধনুষি রবৌ ভানুলঙ্ঘিতে মাসি।

চক্রিণি সুপ্তে কুর্য্যান্নো মাঙ্গল্যং বিবাহঞ্চ॥ ২৪১

ইতি ভীমপরাক্রমে।

ভীমপরাক্রমে কথিত হইয়াছে,—অধিমাসে, দিনক্ষয়ে, সৌরপৌষে, মলমাসে এবং শ্রীহরির শয়নাবস্থাতে বিবাহাদি মাঙ্গল্যকর্ম্ম কিছুই করিবে না। ২৪১

---

* সাহস্রিকং ফলমিতি মাঙ্গল্যেতরবৈদিককর্ম্মপরমিতি স্মার্ত্তেনোক্তম্।

† দিনপাতে দিনক্ষয়ে ইতি স্মার্ত্তাঃ।

## অথ ত্র্যহস্পর্শনিন্দা।

ত্র্যহস্পৃশন্নাম যদেতদুক্তমত্রপ্রযত্নঃ কৃতিভির্ব্বিধেয়ঃ।
বিবাহযাত্রাশুভপুষ্টিকর্ম্ম সর্ব্বং ন কার্য্যং ত্রিদিনস্পৃশে তু॥ ২৪২

যে দিন ত্র্যহস্পর্শ বলিয়া কথিত হইয়াছে,—তাহাতে বিবাহ ও যাত্রাদি শুভকর্ম্ম পণ্ডিতগণ যত্নপূর্ব্বক পরিত্যাগ করিবেন। গোবিন্দানন্দ বলিয়াছেন—"ত্র্যহস্পর্শ তিথিবিশেষ-বিহিত ব্রতারম্ভ প্রভৃতি করিতে পারিবে"। ২৪২

ত্র্যহস্পর্শনিন্দামাহ। ত্র্যহস্পৃশমিতি। ত্র্যহস্পর্শ দিনং যদুক্তং তত্র পণ্ডিতৈঃ প্রযত্নঃ কার্য্যঃ যত্নেন তদ্বর্জ্জনীয়মিত্যর্থঃ। বিবাহাদি সর্ব্বং শুভকর্ম্ম তত্র ন কার্য্যমিত্যর্থঃ। তিথিবিশেষ-বিহিতব্রতারম্ভাদি তু কার্য্যমেব বিবাহাদিমঙ্গলকর্ম্মস্বেবাস্য নিষেধাৎ। ২৪২

## একদিনে সোদরাণাং বিবাহনিষেধশ্চ।

একোদরপ্রসূতানামেকস্মিন্নপি বাসরে। *
বিবাহো নৈব কর্ত্তব্যোগর্গস্য বচনং যথা॥২৪৩

ইতি বৃহস্পতিঃ।

বৃহস্পতি কহিয়াছেন—"গর্গমুনিরমতে একদিনে একগর্ভজাত সহোদর কি সহোদরাগণের মধ্যে একাধিক বিবাহ নিষিদ্ধ।" গৌড়াদি দেশেও এইরূপই ব্যবহার কিন্তু উড়িষ্যাবাসিরা উক্তবচনে "বাসরে" এই স্থলে "বৎসরে" এইরূপ পাঠ করিয়া একবৎসরের মধ্যে একগর্ভজাত ভ্রাতৃদ্বয়ের কি ভগিনীদ্বয়ের বিবাহ নিষিদ্ধ বলিয়া থাকেন। ২৪৩

একস্মিন্ দিবসে চৈব সোদরাণাং তথৈব চ।
যুগ্মমৌদ্বাহিকং বর্জ্জ্যং কন্যাদানদ্বয়ন্তথা॥ ২৪৪

ইতি মৎস্যসূক্তেমহাতন্ত্রে।

মৎস্যসূক্তেমহাতন্ত্রেও লিখিত আছে যে—একদিনে সহোদরদ্বয়ের বিবাহ নিষিদ্ধ এবং কন্যাদ্বয় দানও একদিনে কখনই কর্ত্তব্য নহে। ২৪৪

## গুণবাহুল্যাদল্পদোষস্যাকিঞ্চিৎকরত্বকথনম্।

ন সকলগুণ-সম্পাপ্তিস্ত্যতেহল্পৈরহোভি-
র্ব্বহুতরগুণযুক্তং যোজয়েন্মঙ্গলেষু।
প্রভবতি হি ন দোষোভূরিভাবে গুণানাং
সলিললব ইবাগ্নেঃ সম্প্রদীপ্তেন্ধনস্য॥ ২৪৫

---

* বাসর ইত্যত্র বৎসর ইতি ওড্রদেশীয়াঃ পঠন্তি ব্যবহরন্তি চ। ইতি উদ্বাহতত্ত্ব স্মার্ত্তোদ্ধৃতম্।

যদিও সকল গুণযুক্ত দিন প্রায়ই পাওয়া যায় না ; তথাপি বিবাহাদি মঙ্গল-কার্য্যে বহুগুণযুক্তদিন ধার্য্য করিবে। কারণ প্রজ্বলিত কাষ্ঠ যেরূপ জলবিন্দুপাতে নির্ব্বাণ হয়, সেইরূপ বহুগুণযুক্ত দিনও অল্প দোষে দূষিত হয় না। ২৪৫

উপসংহারমাহ ন সকলেতি। অল্পদিনৈঃ সর্ব্বে :গুণা ন লভ্যন্তে তস্মাদ্‌বিবাহাদিমঙ্গল কর্ম্মসু বহুগুণযুক্তং দিনং যোজয়েৎ। : হি যস্মাদ্‌গুণানাং ভূরিভাবে বহুত্বে দোষো ন প্রভবতি দৃষ্টান্তমাহ সলিললব ইতি। ২১৫

গুণশতমপি দোষঃ কশ্চিদেকোঽতিবৃদ্ধঃ
ক্ষপয়তি যদি নান্যস্তদ্বিরোধী গুণোঽস্তি।
ঘটমিব পরিপূর্ণং পঞ্চগব্যেন সদ্যো-
মলিনয়তি সুরায়াবিন্দুরেকোঽপি সর্ব্বম্॥ ২৪৬

গুরুতর একটী দোষেও শতগুণ বিনষ্ট হয় যদি ঐ দোষের বিরোধী কোন গুণ না থাকে, যেমন পঞ্চগব্য পরিপূর্ণ ঘট একবিন্দু সুরামিশ্রিত হইলেই দূষিত হইয়া থাকে। ২৪৬

বহুগুণে সত্যপি একস্যাপি দোষস্য অতিগুরুত্বে নিষেধমাহ। গুণশতমিতি। একোঽপ্যতিগুরুঃ কশ্চিদ্দোষো গুণশতমপি নাশয়তি যদি তদ্দোষবিরোধী গুণোঽন্যোনাস্তি বিরোধিগুণে তিষ্ঠতি সতি গুরুদোষোঽপি ন দোষাবহ ইতি। দৃষ্টান্তমাহঘটমিতি—যথা পঞ্চগব্যেন পূরিতং ঘটং সদ্যস্তৎক্ষণাৎ সুরাবিন্দুর্ম্মলিনয়তি পুত্বপ্ত্যার্থয়োরিতি করণে ষষ্ঠী। এষ চ সর্ব্বোবিচারো-মুখ্যকর্ম্মণ্যেব বিবাহে তু কেচিৎপাণিগ্রহণং মুখ্যং বদন্তি কেচিচ্চান্যোঽন্যমুখাবলোকনমিতি যথা রাজমার্ত্তণ্ডে—"ঘৃতদধিমধুপর্কপ্রাশনাদগ্নিসাক্ষাদ্ যদি শুভমশুভম্বা পাণিযোগেঽঙ্গনায়াঃ।" বহুমুনিমতমেতৎ সম্প্রদানং প্রধানং হ্যভয়বদনচন্দ্রালোকনাদ্যঞ্চ কেচিদিতি। এতেন দ্বয়মেব শুভলক্ষণে কার্য্যমিতি প্রতীমঃ। ২৪৬

ইতি জ্যোতিস্তত্ত্ববারিধৌ বিবাহপ্রকরণং নাম দ্বিতীয়স্তরঙ্গঃ।

# অথ নববধ্বাগমনং।

যুগ্মাঙ্কবাণাদ্রিদিনে বিবাহাৎ বধ্বাগমঃ ষোড়শবাসরান্তঃ।
শুভস্তদূর্দ্ধং বিষমাব্দমাসদস্রেষু যাবন্ন চ পঞ্চমাব্দম্॥ ১

নববধ্বাগমন কথিত হইতেছে—বিবাহের পর ষোড়শদিন মধ্যে যুগ্মদিবসে এবং অযুগ্মদিনের মধ্যে নবম, পঞ্চম ও সপ্তমদিবসে নববধূকে পতিগৃহে প্রথম আনয়ন করিবে। ষোড়শ দিবসের পর পঞ্চমবৎসরের মধ্যে অযুগ্মবর্ষে অযুগ্মমাসে ও অযুগ্মদিনে পতিগৃহে আনয়ন করিবে। ১

অন্যচ্চ।

আরভ্যোদ্বাহদিবসাৎ ষষ্ঠে বাপ্যষ্টমে দিনে।
বধূপ্রবেশঃ সম্পত্ত্যৈ দশমেঽথ সমে দিনে॥ ২

বিবাহ দিবস হইতে ষষ্ঠ, অষ্টম কি দশম দিবসে অথবা অন্যান্য যুগ্মদিনে নব বধূকে পতিগৃহে আনয়ন করিলে সম্পত্তি বৃদ্ধি হয়। ২

অপরঞ্চ।

বধূপ্রবেশনং কার্য্যং পঞ্চমে সপ্তমে দিনে।
নবমে চ শুভে বারে সুলগ্নে শশিনোবলে॥ ৩

বিবাহ দিন হইতে পঞ্চম, সপ্তম কি নবম দিবসে শুভগ্রহের বারে শুভলগ্নে চন্দ্র বলবান্ হইলে নববধূকে আনয়ন করিবে। ৩

ধ্রুবক্ষিপ্রমৃদুশ্রোত্রবসুমূলমঘানিলে।
বধূপ্রবেশঃ সন্নেষ্টোরিক্তারার্কবুধে পরৈঃ॥ ৪

উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, পুষ্যা, অশ্বিনী, হস্তা, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, শ্রবণা, ধনিষ্ঠা, মূলা, মঘা ও স্বাতীনক্ষত্রে রিক্তা ভিন্ন তিথিতে মঙ্গল, রবি ও বুধ ভিন্ন বারে নববধূকে পতির আলয়ে আনয়ন করিবে। ৪

অথ বালবন্ধঃ।

ধ্রুবমৃদুলঘুবর্গে বিষ্ণুমূলানিলর্ক্ষে
শনিশশিদিনবর্জ্জ্যং গোদ্বিদেহোদয়েষু।
উপচয়গতপাপে সৎসু কেন্দ্রত্রিকোণে
শুভতিথিকরণযোগে বালবন্ধঃ শুভেন্দৌ॥ ৫

বিবাহের পরে কেশবন্ধনের শুভদিন কথিত হইতেছে—উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী,চিত্রা,অনুরাধা,মৃগশিরা, রেবতী, পুষ্যা, অশ্বিনী, হস্তা,শ্রবণা, মূলা ও স্বাতীনক্ষত্রে শনি ও সোম ভিন্ন বারে বৃষ, মিথুন, কন্যা, ধনু ও মীনলগ্নে তৃতীয়, একাদশ, ষষ্ঠ ও দশমস্থ পাপ গ্রহ থাকিলে লগ্ন, চতুর্থ, সপ্তম, দশম, নবম ও পঞ্চমস্থানে শুভগ্রহ অবস্থিত হইলে শুভতিথি শুভকরণ ও শুভযোগে চন্দ্রশুদ্ধ থাকিলে কামিনীর বিবাহের পরে প্রথম কেশবন্ধন কর্ত্তব্য। ৫

বিবাহানন্তরং কেশবন্ধমাহ। ধ্রুবেতি। ধ্রুবগণাদিনক্ষত্রেষু শনিশশিবারং বর্জ্জয়িত্বা অন্যেষু বারেষু তত্র চ রবিগুরুকুজবারা অতি প্রশস্তাঃ। যথা রাজমার্ত্তণ্ডে—“ভবতি পুংগ্রহবারে স্ত্রীণাং খলু বালবন্ধনে পুরুষঃ”। যুবতি গ্রহে হি যুবতী নপুংসকে স্যান্নপুংসকোৎপত্তিঃ। বৃষদ্ব্যায়কলগ্নেষু বৃষমিথুনকন্যাধনুর্মীনেষু লগ্নাদুপচয়স্থপাপে কেন্দ্রত্রিকোণস্থেষু সদ্গ্রহেষু শুভেচন্দ্রে শুভ তিথিকরণযোগে বালবন্ধঃ কার্য্যঃ। ৫

## অথ দ্বিরাগমনং।

বৃত্তে পাণিগ্রহে গেহাৎ পিতুঃ পতিগৃহং প্রতি।
পুনরাগমনং বধ্বাস্তদ্দ্বিরাগমনং বিদুঃ॥ ৬

ইতি নারায়ণপদ্ধতৌ।

দ্বিরাগমন কথিত হইতেছে—বিবাহ হইলে পর যে পিতৃগৃহ হইতে বধূর পতির গৃহে পুনর্ব্বার গমন তাহাকে পণ্ডিতগণ দ্বিরাগমন কহিয়াছেন। ৬

শ্বশ্রূং হন্ত্যষ্টমে বর্ষে শ্বশুরঞ্চ দশাব্দিকে।
সংপ্রাপ্তে দ্বাদশে বর্ষে পতিং হন্তি দ্বিরাগমে॥ ৭ *

ইতি কৃত্যচিন্তামণৌ।

অষ্টমবর্ষে দ্বিরাগমনে শাশুড়ীর মরণ ও দশমবর্ষে শ্বশুরের মরণ হয়, আর দ্বাদশবর্ষে দ্বিরাগমন করিলে পতির বিনাশ হইয়া থাকে। ৭

বিবাহমাসি প্রথমং বধ্বা নাগমনং যদি।
তদা সর্ব্বমিদং চিন্ত্যং যুগ্মাদ্যব্দং বিচক্ষণৈঃ॥ ৮

ইতি জ্যোতিঃসারসংগ্রহে।

বিবাহ যে মাসে হয় সেই মাসের মধ্যে যদি বধূ পতিগৃহে না যাইয়া থাকে তাহা হইলেই পণ্ডিতগণ কর্ত্তৃক যুগ্মাদিবর্ষ বিবেচিত হইবে। ৮

### অন্যচ্চ

বিবাহদিবসাদ্ যাত্রা দ্বিতীয়দিবসে শুভা।
তন্মাসাভ্যন্তরে তস্য চিন্ত্যং নৈতদ্বিচক্ষণৈঃ॥ ৯

বচনান্তরে কথিত হইতেছে যে,—বিবাহ দিবস হইতে দ্বিতীয় দিবসে যাত্রা শুভদায়িকা হয়, আর বিবাহের ১ মাস মধ্যেও যুগ্মাদি বিবেচ্য নহে। ৯

স্ত্রীশুদ্ধ্যালিঘটাজসংযুতরবৌ কালে বিশুদ্ধে ভৃগুং
সংত্যজ্য প্রতিলোমগং শুভদিনে যাত্রাপ্রবেশোচিতে।
ত্যক্ত্বাহস্তু নিরংশকং নববধূযাত্রাপ্রবেশৌ পতিঃ
কুর্য্যাদেকপুরাদিষু প্রতিভৃগোর্নেচ্ছন্তি দোষং বুধাঃ॥ ‡ ১০

ইতি দীপিকায়াং।

---

* ষষ্ঠেঽষ্টমে দ্বিদশবিংশচতুষ্টয়ে বা পাষ্টাদশে বসুযুগে চ চতুর্দ্দশে বা। বর্ষে যদা নববধূ-গমনঞ্চ শীঘ্রং বৈবস্বতং গময়তি স্বপতিং স্ববন্ধুং॥ ইতি গ্রন্থান্তরে।

‡ ভৃগৌ সম্মুখে সংস্থিতে বাথ পক্ষে ন গচ্ছেন্নবোঢ়া শিশুর্গর্ভিণী চ। ব্রজেদেব কন্যা ভবেৎ সা নবোঢ়া শিশুর্ভ্রংশমাপ্নোত্যগর্ভা সগর্ভা॥ ইতি গ্রন্থান্তরে।

দীপিকাতে উক্ত হইয়াছে যে—বধূর চন্দ্র-তারাশুদ্ধি ও কালশুদ্ধি থাকিলে সৌর অগ্রহায়ণ, ফাল্গুন কি বৈশাখমাসে শুভদিনে সংক্রান্তি ও পুরশুক্র ত্যাগ করিয়া যাত্রোচিত-নক্ষত্রে নববধূকে যাত্রা করাইবে। পতি যদি স্বয়ং নববধ্বাগমন অর্থাৎ দ্বিরাগমন করান, তাহা হইলে পুরশুক্রাদি দোষ গ্রাহ্য হইবে না। ১০

পৈত্রাগারে কুচকুসুময়োঃ সম্ভবো বা যদি স্যাৎ
কালঃ শুদ্ধো ন ভবতি যদা সংমুখো বাপি শুক্রঃ।
মেষে কুম্ভেঽলিনি চ ন ভবেদ্ভাস্করশ্চেত্তথাপি
স্বামী ভদ্রেঽহনি নববধূং বেশয়েন্মন্দিরং স্বম্॥ * ১১

ইতি জ্যোতিস্তত্ত্বে।

যদি পিতার ভবনে রমণীর কুচকমল বিকসিত হয়, তাহা হইলে কালশুদ্ধি না থাকিলেও পুরশুক্রাদি দোষ বিবেচনা না করিয়া শুভদিন পাইলেই স্বামী স্বয়ং নববধূকে নিজগৃহে লইয়া যাইবেন; এমন কি বৈশাখ, ফাল্গুন কি অগ্রহায়ণ মাস না হইলেও তাহাতে কোন দোষ হইবে না। ১১

অপিচ।

ভর্ত্তুর্গোচরশোভনে দিনপত্যৌ নাস্তংগতে ভার্গবে
হিত্বা চ প্রতিলোমগৌ বুধসিতৌ জীবস্তু শুদ্ধো তথা।
সূর্য্যে কীটঘটাজগে শুভদিনে পক্ষে চ কৃষ্ণেতরে
চানীতা গুণশালিনী নববধূর্নিত্যোৎসবামোদিতা॥ ১২

ইতি জ্যোতিস্তত্ত্বে।

পতির গোচরে রবি ও বৃহস্পতি শুদ্ধ থাকিলে সৌর অগ্রহায়ণ, কি ফাল্গুন কি বৈশাখমাসে শুক্লপক্ষে শুভদিনে সর্ব্বদা উৎসবযুক্তা ও আমোদান্বিতা গুণশালিনী ভার্য্যাকে দ্বিরাগমন করাইবে, কিন্তু শুক্র অস্ত হইলে অথবা বুধ কি শুক্র সম্মুখস্থ হইলে দ্বিরাগমন নিষিদ্ধ। ১২

একগ্রামে চতুঃশালে দুর্ভিক্ষে রাষ্ট্রবিপ্লবে।
পতিনা নীয়মানায়াঃ পুরঃ শুক্রো ন দুষ্যতি॥ ১৩

ইতি জ্যোতিস্তত্ত্বে।

* পৈত্রো গৃহে চেৎ কুচপুষ্পসম্ভবঃ স্ত্রীণাং ন দোষঃ প্রতিশুক্রসম্ভবঃ। ভৃগ্বঙ্গিরোবাৎস্যবশিষ্ঠকশ্যপাত্রীণাং ভরদ্বাজমুনেঃ কুলে তথা। ইতি গ্রন্থান্তরে।

সম্মুখস্থিত শুক্রের প্রতিপ্রসব কথিত হইতেছে যথা—একগ্রামে কি চতুঃশালার মধ্যে কিম্বা দুর্ভিক্ষসময়ে অথবা রাজবিপ্লব ঘটিলে পতি যদি পত্নীকে লইয়া যায় তাহাতে সম্মুখস্থ শুক্র দোষজনক হয় না। ১৩

কাশ্যপেষু বশিষ্ঠেষু ভৃগ্বাদিত্যাঙ্গিরঃস্থ চ।
ভারদ্বাজেষু বাৎস্যেষু প্রতিশুক্রো ন দোষভাক্॥ ১৪

ইতি জ্যোতিস্তত্ত্বে।

যাহার কাশ্যপ, বশিষ্ঠ, ভৃগু, অদিতি, অঙ্গিরা, ভরদ্বাজ কিম্বা ব্যাৎস্যগোত্র তাহার গমনকালে সম্মুখস্থ শুক্র দোষভাগী হইবে না। ১৪

মার্গফাল্গুনবৈশাখে শুক্লপক্ষে শুভান্বিতে।
গোচরাদিত্যশুদ্ধৌ চ পত্যুঃ শুদ্ধৌ বৃহস্পতৌ।
বধ্বাদ্বিরয়নং শস্তং মাসেষন্যেষনিষ্টদম্॥ ১৫

ইতি ভীমপরাক্রমে।

ভীমপরাক্রমে দ্বিরাগমন বিষয়ে কথিত হইয়াছে যে—অগ্রহায়ণ, ফাল্গুন কি বৈশাখমাসে শুক্লপক্ষে শুভনক্ষত্র-বারাদিযুক্ত দিনে বধূর গোচরে রবিশুদ্ধি ও পতির গোচরে বৃহস্পতিশুদ্ধি থাকিলে নববধূর দ্বিরাগমন প্রশস্ত হয়, আর উক্ত মাস ভিন্ন অন্যান্য মাসে দ্বিরাগমন করাইলে অনিষ্টদ হইয়া থাকে। ১৫

পুষ্যাদিত্যসমীরণাদিতিবসুস্বপ্যুত্তরারেবতী-
তারানায়করোহিণীষু শুভদে মেষালিকুম্ভে রবৌ।
বারেম্বিজ্যসিতেন্দুবিৎসু শুভদে তারে প্রশস্তে বিধৌ
কন্যামন্মথমীন * তৌলিমৃগভে স্যাদঙ্গনাব্যাগমঃ॥ ১৬

ইতি প্রচেতাঃ।

প্রচেতা কহিয়াছেন—পুষ্যা, হস্তা, স্বাতী, পুনর্ব্বসু, ধনিষ্ঠা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রেবতী, মৃগশিরা ও রোহিণী এই সকল শুভ নক্ষত্রে সৌর বৈশাখ, অগ্রহায়ণ ও ফাল্গুনমাসে, বৃহস্পতি, শুক্র, সোম ও বুধবারে শুভ তারাতে, চন্দ্রশুদ্ধি থাকিলে কন্যা, মিথুন, মীন মতান্তরে কুম্ভ, তুলা মকরলগ্নে নববধূর দ্বিরাগমন করাইবে। ১৬

অন্যচ্চ।

পুষ্যাদিত্যসমীরণাদিতিবসুত্রীণ্যুত্তরাণাশ্বিনী-
রোহিণ্যঃ শশলাঞ্ছনোঽপি শুভদোমেষালিকুম্ভে রবৌ।

* তৌলিকুম্ভমৃগভে ইতি পাঠান্তরম্।

দেবাচার্য্যসিতেন্দুসৌম্যদিবসে তারাপ্রশস্তে বুধঃ
কন্যামন্মথমীনভে নববধূর্গানং মৃগে তৌলিকে॥ ১৭

ইতি সারসংগ্রহে।

মতান্তরে উক্ত হইয়াছে যে—পুষ্যা, হস্তা, স্বাতী, পুনর্ব্বসু, ধনিষ্ঠা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, অশ্বিনী, রোহিণী ও মৃগশিরা এই সকল শুভনক্ষত্রে সৌর বৈশাখ কি অগ্রহায়ণ অথবা ফাল্গুনমাসে বৃহস্পতি, শুক্র, সোম ও বুধবারে তারাশুদ্ধি থাকিলে কন্যা, মিথুন, মীন, মকর ও তুলালগ্নে নববধূর দ্বিরাগমন প্রশস্ত হয়। ১৭।

অপরঞ্চ।

বৃদ্ধে চাস্তগতে শিশৌ ভৃগুসুতে চন্দ্রে চ সূর্য্যেস্থিতে
বক্রে চাপি গুরৌ তথাতিচরিতে লুপ্তে চ সম্বৎসরে।
বর্ষে দ্বাদশকে গুরৌ হরিগৃহে পক্ষে চ শুক্লেতরে
আনীতাশ্রমকাঙ্ক্ষিণী নববধূরত্যন্তদুঃখপ্রদা॥ ১৮

ইতি পরাশরঃ।

শুক্রের বার্দ্ধক্য, অস্ত কি বাল্যাবস্থাতে চন্দ্র ও সূর্য্য এক রাশিতে অবস্থিত হইলে, বৃহস্পতি সিংহস্থ, বক্রী, অতিচারী কি মেগাতিচারী হইলে, কৃষ্ণপক্ষে দ্বাদশবর্ষ বয়স্কা নববধূর দ্বিরাগমন করিলে সে অতিশয় দুঃখদায়িনী হইয়া থাকে। ১৮

প্রকারান্তরঞ্চ।

ওজোহব্দেহলিঘটাজগে দিনকরে গুর্ব্বর্কচন্দ্রে শুভে
কন্যামন্মথতৌলিমীনমৃগভে যুক্তেক্ষিতে সদ্গ্রহৈঃ।
দেবাচার্য্যসিতেন্দুসৌম্যদিবসে পক্ষে চ কৃষ্ণেতরে
মূলক্ষিপ্রচরধ্রুবেষু মৃদুভে বধ্বাদ্বিতীয়াগমঃ॥ ১৯

ইতি গ্রন্থান্তরে।

গ্রন্থান্তরে দ্বিরাগমনের শুভদিন কথিত হইতেছে—অযুগ্মবর্ষে সৌর অগ্রহায়ণ, ফাল্গুন ও বৈশাখমাসে বৃহস্পতি, রবি ও চন্দ্রশুদ্ধ হইলে, কন্যা, মিথুন, তুলা, মীন ও মকরলগ্ন শুভগ্রহযুক্ত কি শুভগ্রহ কর্ত্তৃক অবলোকিত হইলে বৃহস্পতি, শুক্র, সোম ও বুধবারে শুক্লপক্ষে মূলা, পুষ্যা, অশ্বিনী, হস্তা, স্বাতী, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, চিত্রা, অনুরাধা, মৃগশিরা ও রেবতীনক্ষত্রে বধূর দ্বিরাগমন প্রশস্ত হয়। ১০

অথ দ্বিরাগমে প্রশস্ততিথি কথনম্।

দ্বিতীয়া তৃতীয়া চৈব পঞ্চমী সপ্তমী তথা।
দশম্যেকাদশী প্রোক্তা ত্রয়োদশী শুভা তথা ॥ ২০

দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী, সপ্তমী, দশমী, একাদশী ও ত্রয়োদশীতিথি দ্বিরাগমনে শুভদায়িকা। ২০

অথ নিষিদ্ধতিথি কথনম্।

নাষ্টম্যাং ন চ রিক্তায়াং নাদ্যষষ্ঠী চ পূর্ণিমা।
দ্বাদশী চাশুভা জ্ঞেয়া দ্বিরাগমনকর্ম্মসু ॥ * ২১

অষ্টমী, রিক্তা ( চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী ) প্রতিপদ, ষষ্ঠী, পূর্ণিমা ও দ্বাদশী তিথি দ্বিরাগমনে অশুভদায়িকা। ২১

অথ যাত্রায়াং পতিগৃহে ভোজননিষেধশ্চ।

ভুক্ত্বা পিতৃগৃহে কন্যা ভুঙ্‌ক্তে স্বামিগৃহে যদি।
দৌর্ভাগ্যং জায়তে তস্যাঃ শপন্তি কুলদেবতাঃ ॥ ২২

ইতি সৎকৃত্যমুক্তাবল্যাং।

বিবাহিতা কন্যা পিতৃগৃহে ভোজন করিয়া যদি পতির গৃহে ভোজন করে তবে দুর্ভাগ্যবতী হয় এবং কুলদেবতা তাহাকে অভিসম্পাত করিয়া থাকেন।২২

## আদ্যরজোদর্শনে শুভাশুভবারাদিকথনম্।

আদিত্যে বিধবা নারী সোমে চৈব পতিব্রতা।
বেশ্যা মঙ্গলবারে চ বুধে সৌভাগ্যমেব চ।
বৃহস্পতৌ পতিঃ শ্রীমান্ শুক্রে পুত্রবতী ভবেৎ।
শনৌ বন্ধ্যাং বিজানীয়াৎ প্রথমং স্ত্রী রজঃস্বলা ॥ ১

ইতি নারায়ণপদ্ধতৌ।

অনন্তর প্রথম রজোযোগের ফল কথিত হইতেছে—রবিবারে স্ত্রীর প্রথম রজোদর্শন হইলে বিধবা হয়, এইরূপ সোমবারে পতিব্রতা, মঙ্গলবারে বেশ্যা ও বুধবারে সৌভাগ্যবতী হয়, বৃহস্পতিবারে রজস্বলা হইলে পতি অতিশয়

---

* মাসদগ্ধা বিবাহপ্রকরণে বিলিখিতা বিষ্টিভদ্রা চ সামান্যকাণ্ডে লিখিতা। দিনদগ্ধাং যাত্রাপ্রকরণে বক্ষ্যামি। এতাগ্রহণীয়াঃ।

লক্ষ্মীযুক্ত হইয়া থাকে। শুক্রবারে প্রথম রজোদর্শন হইলে সেই নারী পুত্রবতী ও শনিবারে রজঃস্বলা হইলে বন্ধ্যাত্বলাভ করে।

অথ মাস কথনম্।

জ্যৈষ্ঠে স্যাদ্বিধবা নারী আষাঢ়ে বন্ধুনাশিনী।
শ্রাবণে চ মৃতাপত্যা ভাদ্রে চ বহুরোগিণী।
আশ্বিনে চ মৃতাপত্যা কার্ত্তিকে কুলনাশিনী।
মার্গশীর্ষে ধর্ম্মশীলা পৌষে চ রতিবিহ্বলা।
মাঘে পতিব্রতা নারী ফাল্গুনে বহুপুত্রিণী।
চৈত্রে চ মদনোন্মত্তা বৈশাখে প্রিয়বাদিনী॥ * ২

ইতি জ্যোতিস্তত্ত্বে।

জ্যৈষ্ঠমাসে প্রথম রজোদর্শন হইলে সেই স্ত্রী বিধবা হয়; এইরূপ আষাঢ়ে বন্ধুনাশিনী, শ্রাবণে মৃতবৎসা, ভাদ্রে বহু রোগযুক্তা, আশ্বিনে মৃতবৎসা, কার্ত্তিকে কুলক্ষয়কারিণী, অগ্রহায়ণে ধর্ম্মপরায়ণা, পৌষে মদনোন্মত্তা, মাঘে পতিব্রতা, ফাল্গুনে বহুপুত্রযুক্তা, চৈত্রে কামুকী এবং বৈশাখমাসে প্রথম রজোদর্শন হইলে সেই নারী প্রিয়ভাষিণী হইয়া থাকে। ২

অথ তিথিকথনম্।

প্রতিপৎ সুভগাং নারীং দ্বিতীয়া বাতুলাং প্রিয়াং।
তৃতীয়া ক্ষেমমারোগ্যং চতুর্থী পতিবল্লভাম্॥
পঞ্চমী শুভগাং নারীং ষষ্ঠী পররতাঙ্করেৎ।
সপ্তমী শ্রীযুতাং নারীমষ্টমী পতিরোগিণীম্॥
নবমী বিধবাং নারীং দশমী চ সুপুত্রিণীং।
একাদশী মৃতবৎসাং দ্বাদশী পরগামিনীম্॥
ত্রয়োদশী চার্থ পুত্রাং চঞ্চলাঞ্চ চতুর্দ্দশী।
নষ্টেন্দুঃ কুরুতে মৃত্যুং পৌর্ণমাসী চ সম্পদঃ॥ ৩

নারীগণের প্রথম রজোযোগে তিথিফল কথিত হইতেছে—প্রতিপদ তিথিতে স্ত্রীর প্রথম রজোদর্শন হইলে সুভগা হয়, এইরূপ দ্বিতীয়াতে বাতুলা, তৃতীয়াতে মঙ্গল ও আরোগ্যলাভ, চতুর্থীতে পতিবল্লভা, পঞ্চমীতে সুভগা, ষষ্ঠীতে পর-পুরুষাসক্তা, সপ্তমীতে ধনশালিনী, অষ্টমীতে পতি রোগান্বিত, নবমীতে বিধবা, দশমীতে পুত্রবতী, একাদশীতে মৃতপুত্রা, দ্বাদশীতে পরপুরুষগামিনী, ত্রয়োদশীতে

---

* মার্গফাল্গুনবৈশাখেজ্যৈষ্ঠে চ শ্রাবণে তথা। মাঘে কৃষ্ণেতরে পক্ষে স্ত্রীণামাদিরজঃ শুভম্। কৃষ্ণপক্ষে তু দশমী মধ্যমং ফলমাদিশেৎ॥ ইতি কস্মিংশ্চিদ্‌গ্রন্থে।

ধন ও পুত্রযুক্তা, চতুর্দ্দশীতে চঞ্চলা এবং অমাবস্থায় মৃত্যু হইয়া থাকে। আর পূর্ণিমাতে প্রথম রজস্বলা হইলে সম্পত্তি লাভ করে। ৩

অন্যচ্চ।

দ্বিতীয়া পঞ্চমী চৈব তৃতীয়া দশমী তথা।
প্রথমে রজসি স্ত্রীণাং শুভাশ্চান্যেঽধমাঃ স্মৃতাঃ।
অমারিক্তাষ্টমীষষ্ঠীদ্বাদশী প্রতিপৎস্বপি॥ ৪

গ্রন্থান্তরে প্রথম রজোদর্শনে তিথিফল কথিত হইতেছে।—দ্বিতীয়া, পঞ্চমী, তৃতীয়া ও দশমীতিথিতে প্রথম রজস্বলা হইলে শুভ হয়, আর অমাবস্থা, রিক্তা, অষ্টমী, ষষ্ঠী,দ্বাদশী ও প্রতিপদাতিথিতে প্রথম রজোদর্শনে অশুভ হইয়া থাকে। ৪

অথ যোগাদিকথনম্।

পরিঘস্য তু পূর্ব্বার্দ্ধে ব্যতীপাতে চ বৈধৃতৌ।
সন্ধ্যা * সূপপ্লবে বিদ্যাদশুভং প্রথমার্ত্তবম্॥ ৫

যোগাদির ফল কথিত হইতেছে—পরিঘযোগের পূর্ব্বার্দ্ধে,ব্যতীপাতে,বৈধৃতি যোগে, সন্ধ্যাকালে ও গ্রহণসময়ে প্রথম রজোযোগে অশুভ ফল হয়। ৫

অন্যচ্চ।

বিষ্কুম্ভে দুর্ভগা নারী বন্ধ্যা স্যাদতিগণ্ডকে।
শূলে শূলান্বিতা গণ্ডে বজ্রে বেশ্যা ভবেদ্ধ্রুবম্।
ব্যতীপাতে বৈধৃতৌ চ পতিঘ্নী নাত্র সংশয়ঃ।
পরিঘে স্যান্মৃতাপত্যা ব্যাঘাতে চাত্মঘাতিনী।
শেষাযথা নামফলা নারীণাং প্রথমার্ত্তবে॥ ৬

বিষ্কুম্ভযোগে প্রথম রজোদর্শন হইলে সেই রমণী দুর্ভগা হয়; এইরূপ অতিগণ্ডযোগে বন্ধ্যা. শূলযোগে শূলরোগান্বিতা, গণ্ড ও বজ্রযোগে বেশ্যা, ব্যতীপাত ও বৈধৃতিযোগে স্বামিঘাতিনী, পরিঘযোগে মৃতপুত্রা এবং ব্যাঘাতযোগে প্রথম রজস্বলা হইলে আত্মঘাতিনী হইয়া থাকে; অন্যান্যযোগে নামসদৃশ ফল হয়। ৬

অথ নক্ষত্রফলকথনম্।

পূর্ব্বাত্রয়ে বাম্যভুজঙ্গরৌদ্রেবৈধব্যমস্যাবিদধাতি নূনং।
মঘে সশোকাপ্যথ ভে দ্বিতীশে সা বন্ধকীন্দ্রানলভে দরিদ্রা॥ ৭

ইতি জ্যোতিস্তত্ত্বে।

---

* সন্ধ্যাদ্বয়ে তথা রাত্রৌ পিত্রাগারে পরালয়ে। বিষ্টৌ তথৈব সংক্রান্ত্যাং গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ। কৃষ্ণপক্ষে চাশুভং স্যান্নারীণাং প্রথমং রজঃ॥ ইতিসন্ধ্যাদৌ আদ্যঋতুফলম্।

পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ, ভরণী, অশ্লেষা ও আর্দ্রানক্ষত্রে প্রথম রজোদর্শনে নিশ্চয়ই বিধবা হয়। আর মঘানক্ষত্রে শোক পায়, পুনর্ব্বসুনক্ষত্রে বন্ধ্যাত্ব প্রাপ্ত হয় এবং জ্যেষ্ঠা ও কৃত্তিকানক্ষত্রে দরিদ্র হইয়া থাকে। ৭

পুষ্পং দৃষ্টং নিন্দিতে ভে যদি স্যাৎ শান্তিং * কুর্য্যাদঙ্গনানাঞ্চ পূর্ব্বং।
তৎ সংযোগং বান্ধবা বর্জ্জয়েয়ুর্যাবদ্ভূয়োদৃশ্যতে শস্তভে তৎ ॥ ৮

ইতি জ্যোতিস্তত্ত্বে।

নিন্দিত নক্ষত্রে যদি প্রথম রজোদর্শন হয়, তবে সেই নারীর জন্যে শান্তি করিতে হইবে আর যে পর্য্যন্ত শুভনক্ষত্রে পুনর্ব্বার রজস্বলা না হয় তাবৎ পর্য্যন্ত বান্ধবগণ সেই স্ত্রীর সহিত স্পর্শাদি সম্বন্ধ পরিত্যাগ করিবেন। ৮

কৃত্তিকাদীনি ঋক্ষাণি দিক্ষ্বষ্টসু লিখেদ্বুধঃ।
চত্বারি দিক্ষু ঋক্ষাণি কোণেষু চ ত্রয়ং লিখেৎ।
পূর্ব্বাদিক্রমতোলেখ্যং ফলং তেনৈব নির্দ্দিশেৎ।
শ্রীর্ব্বন্ধ্যাসুভগা চৈব বিপুত্রা পুত্রিণী তথা।
বিধবা সর্ব্বসম্পন্না বেশ্যা চেতি ক্রমাৎ ফলম্।
আদ্যে রজসি সম্ভূতে স্ত্রীণামৃক্ষফলং ভবেৎ ॥ † ৯

ইতি জ্যোতিস্তত্ত্বে।

একটি দিক্‌চক্র অঙ্কিত করিয়া তাহাতে কৃত্তিকাদি করিয়া নক্ষত্রাঙ্ক আট-দিকে স্থাপন করিবে। চারিদিকে চারি চারি নক্ষত্র এবং চতুষ্কোণে তিন তিন নক্ষত্রাঙ্ক অঙ্কিত করিতে হইবে। কৃত্তিকাদিনক্ষত্র পূর্ব্বাদিক্রমে লিখিতে হইবে, ফলও ঐরূপেই জ্ঞাত হইবে অর্থাৎ পূর্ব্বদিকের নক্ষত্রাঙ্ক মধ্যে প্রথম রজস্বলা হইলে শ্রীযুক্তা, অগ্নিকোণে বন্ধ্যা, দক্ষিণে সৌভাগ্যবতী, নৈঋর্তে পুত্রবিহীনা, পশ্চিমে পুত্রবতী, বায়ুকোণে বিধবা, উত্তরে সর্ব্বসম্পন্না এবং ঈশানকোণস্থিত

* মাসদোষে গুড়ং তৈলং বারদোষে চ তণ্ডুলং। নক্ষত্রে চ মণিং দদ্যাদ্‌যোগে চ তিলকাঞ্চনম্। তিথিদোষে মণিং দদ্যাৎ করণে কাঞ্চনন্তথা। লগ্নদোষে বৃষং দদ্যাৎ প্রথমে স্ত্রী রজস্বলা। ইতি গ্রন্থান্তরে।

† অশ্বিন্যাদি ক্রমেণ নক্ষত্রফলম্। সুভগা চৈব দুঃশীলা বন্ধ্যা পুত্রৈঃসমন্বিতা। ধর্ম্মযুক্তা ব্রতস্থী চ পরসন্তানমোহিনী ॥ সুপুত্রা চৈব দুষ্পুত্রা পিতৃবেশ্মরতা সদা। দীনা প্রজাবতী চৈব পুত্রাঢ্যা চিত্রকারিণী ॥ সাধ্বী পতিপ্রিয়া নিত্যং সুপুত্রা কষ্টচারিণী। স্বকর্ম্মণি রতা হি স্ত্রী পুণ্যপুত্রাদি সংযুতা ॥ নিত্যং ধনচয়াসক্তা সুপুত্রা ধান্যসংযুতা। মূর্খা শ্চাজ্ঞা পুণ্যবতী মৃক্ষাদেঃ ক্রমাৎফলম্ ॥ ইতি গ্রন্থান্তরে।

নক্ষত্রাঙ্কের মধ্যে যদি প্রথম রজোদর্শন হয় তাহা হইলে সেই স্ত্রী বেশ্যা হইয়া থাকে। স্ত্রীলোকদিগের আত্মঋতুর নক্ষত্রফল এইরূপে জ্ঞাত হইবে। ৯

## অথ গর্ব্ভাধানম্।

### তত্রাদৌ পঞ্চপর্ব্বনিরূপণম্।

চতুর্দ্দশ্যষ্টমী চৈব অমাবস্যাথ পূর্ণিমা।
পর্ব্বাণ্যেতানি রাজেন্দ্র রবিসংক্রান্তিরেব চ।
স্ত্রীতৈলমাংসসংভোগী পর্ব্বস্বেতেষু বৈ পুমান্।
বিমূত্রভোজনং নাম প্রয়াতি নরকং ধ্রুবম্॥ ১

ইতি বিষ্ণুপুরাণম্।

পঞ্চপর্ব্ব বর্ণিত হইতেছে যথা:—চতুর্দ্দশী, অষ্টমী, অমাবস্যা, পূর্ণিমা ও রবিসংক্রান্তিকে পঞ্চপর্ব্ব কহে; ইহাতে যে ব্যক্তি স্ত্রীসংভোগ, তৈলমর্দ্দন, কি মাংস ভোজন করে সে বিমূত্রভোজন নামক নরকে গমন করিয়া থাকে। ১

### অন্যচ্চ।

কুহুপূর্ণেন্দুসংক্রান্তিচতুর্দ্দশ্যষ্টমীষু চ।
নরশ্চণ্ডালযোনিঃ স্যাৎ স্ত্রী-তৈলমাংসসেবনাৎ॥ * ২

ইতি সারসংগ্রহে।

বচনান্তরে স্ত্রীসেবনাদি নিষেধ বর্ণিত হইতেছে।—অমাবস্যা, পূর্ণিমা সংক্রান্তি চতুর্দ্দশী ও অষ্টমীতিথিতে মানব স্ত্রীসঙ্গ, তৈলব্যবহার কি মাংসভোজন করিলে চণ্ডালযোনি প্রাপ্ত হয় অতএব উক্ত সকল দিনে স্ত্রীসেবনাদি করিবে না। ২

### অথ নিষেধকালকথনম্।

প্রথমেঽহনি চাণ্ডালী দ্বিতীয়ে ব্রহ্মঘাতিনী।
তৃতীয়ে রজকী প্রোক্তা চতুর্থেঽহনি শুদ্ধ্যতি॥

রজস্বলাস্ত্রী প্রথম দিবসে চণ্ডালিনীসদৃশী, দ্বিতীয়দিনে ব্রহ্মঘাতিনী তুল্যা এবং তৃতীয়দিবসে রজকিনীর ন্যায় অস্পৃশ্যা থাকিয়া চতুর্থ দিবসে শুদ্ধ হয়।

---

* পূর্ণায়ং যোষিৎ পরিবর্জ্জনীয়া। ইতিকল্পতরুধৃতবামনপুরাণং। বুধে চ যোষাং ন সমাচরেচ্চ ইতি। যোষিদ্যথাকৃত্তিকাসূত্তরাসু। ইতি চ কল্পতরৌ।

স্নানং দিনং পরিত্যজ্য যাবদ্বহতি শোণিতং।

তাবদেব ঋতুঃ স্ত্রীণাং রাত্রয়ঃ ষোড়শ স্মৃতাঃ॥ ৪

স্ত্রীদিগের রজোদর্শনাবধি ষোড়শরাত্রির মধ্যে প্রথম তিনদিন পরিত্যাগ করিয়া ঋতুকাল জানিবে। ৪

চতুর্থে জায়তে পুত্রঃ স্বল্পায়ুর্গুণবর্জ্জিতঃ।

বিদ্যাধর্ম্মপরিভ্রষ্টো দরিদ্রঃ ক্লেশভাজনঃ। ৫

রজস্বলাস্ত্রী চতুর্থ দিবসে স্নানানন্তর পতির সহিত বাস করিতে পারেন কিন্তু উক্ত দিবসে গর্ভধারণ করিয়া পুত্র প্রসব করিলে সেই পুত্র অল্পায়ুবিশিষ্ট, গুণ হীন, মূর্খ, অধর্ম্মাচারী, দরিদ্র ও ক্লেশভাজন হইয়া থাকে। ৫

পঞ্চমে জায়তে কন্যা দুর্ভগা নিত্যদুঃখিতা।

স্বল্পায়ুরসতী বেশ্যা কুরূপা বিধবা স্মৃতা॥ ৬

পঞ্চম দিবসে গর্ভধারণ করিলে কন্যা হয়, ঐ কন্যা দুর্ভগা, চিরদুঃখিনী, অল্পায়ুবিশিষ্টা, অসতী; বেশ্যা, কুরূপা ও বিধবা হইয়া থাকে। ৬

ষষ্ঠে চ জায়তে পুত্রো ন দোষী ন গুণী তথা।

মূর্খোদুঃখী কুরূপশ্চ ধনসন্ততিবর্জ্জিতঃ॥ ৭

ষষ্ঠ দিবসে গর্ভধারণ করিলে পুত্র হয়, সেই পুত্র দোষহীন, নিগুর্ণ, মূর্খ দুঃখভাগী, কুরূপ, ধনহীন ও নিঃসন্তান হইয়া থাকে। ৭

সপ্তমে জায়তে কন্যা দুঃখিনোনায়িকা ভবেৎ।

জীবতী সা মৃতা লোকে ধনধান্যবিবর্জ্জিতা॥ ৮

সপ্তম দিবসে গর্ভধারণ করিলে কন্যা হয়, সেই কন্যা দরিদ্রের রমণী ও জীবন্মৃতার ন্যায় ধনধান্যবিহীনা হইয়া থাকে। ৮

অষ্টমে জায়তে পুত্রঃ পিতুর্ব্বিত্তবিনাশকঃ।

ব্যাধিতোদুর্ম্মুখশ্চৈব প্রায়োনিষ্ঠুরমানসঃ॥ ৯

অষ্টম দিবসে গর্ভধারণ করিলে পুত্র হয়, সেই পুত্র পিতৃধন বিনাশক, ব্যাধিযুক্ত, দুর্ম্মুখ ও নির্দ্দয় প্রকৃতিবিশিষ্ট হইয়া থাকে। ৯

নবমে জায়তে কন্যা মেধায়ুঃপুত্রসংযুতা।

লক্ষ্মীসমা ভবেন্নারী স্বামিনোহিতকারিণী॥ ১০

নবম দিবসে গর্ভধারণ করিলে কন্যা হয়, সেই কন্যা মেধাবিনী; দীর্ঘায়ুযুক্তা পুত্রবতী, লক্ষ্মীসমা ও পতির হিতকারিণী হইয়া থাকে। ১০

দশমে জায়তে পুত্রোধনধান্যমহেশ্বরঃ।

ভাগ্যবান্ বহুশোবিদ্যামেধায়ুঃপুত্রসংযুতঃ ॥ ১১

দশম দিবসে গর্ভধারণ করিলে পুত্র হয়,সেই পুত্র ধনধান্যের অধীশ্বর, ভাগ্যবান্, অতিশয় বিদ্বান্, মেধাযুক্ত ও পুত্রবান্ হইয়া থাকে। ১১

রুদ্রে চ জায়তে কন্যা কুলদ্বয়মনোহরা।

সতী পুত্রবতী সাধ্বী ধর্ম্মকর্ম্মহিতৈষিণী ॥ ১২

একাদশ দিবসে গর্ভধারণ করিলে কন্যা হয়, সেই কন্যা উভয় কুল উজ্জ্বল করে এবং সতী, পুত্রবতী সাধ্বী ও ধর্ম্মকর্ম্মে রতা হইয়া থাকে। ১২

দ্বাদশে জায়তে পুত্রোযশোবিদ্যাদয়ান্বিতঃ।

ধনী সুপুত্রযুক্তশ্চ মতিমান্ লোকপালকঃ ॥ ১৩

দ্বাদশ দিবসে গর্ভধারণ করিলে পুত্র হয়, সেই পুত্র যশস্বী, বিদ্বান্, দয়াশীল, ধনী, সুপুত্রান্বিত, বুদ্ধিমান্ ও লোকপালক হইয়া থাকে। ১৩

ত্রয়োদশে জায়তে কন্যা কুলদ্বয়মনোহরা।

সাধ্বীপুত্রবতী ধন্যা ধর্ম্মলোকনিবাসিনী ॥ ১৪

ত্রয়োদশ দিবসে গর্ভধারণ করিলে কন্যা হয়, সেই কন্যা উভয় কুল উজ্জ্বলকারিণী, সাধ্বী, পুত্রবতী ও প্রশংসনীয়া হইয়া ধর্ম্মলোকে বাস করে। ১৪

চতুর্দ্দশে জায়তে পুত্রোবলিনোনৃপসন্নিভঃ।

শুদ্ধবীর্য্যযশোরাশির্ম্মেধালক্ষ্মীসমন্বিতঃ ॥ ১৫

চতুর্দ্দশ দিবসে গর্ভধারণ করিলে পুত্র হয়, সেই পুত্র বলবান্, নৃপতি-তুল্য, যশস্বী, মেধাবী ও লক্ষ্মীযুক্ত হইয়া থাকে। ১৫

পঞ্চদশে জায়তে কন্যা ভূপালকণ্ঠধারিণী।

অর্দ্ধপ্রাণহরাপত্যুঃ সতী ধর্ম্মপরায়ণা ॥ ১৬

পঞ্চদশ দিবসে গর্ভধারণ করিলে কন্যা হয়, সেই কন্যা ভূপাল-প্রণয়িনী, স্বামীর অর্দ্ধাঙ্গস্বরূপা, সতী ও ধর্ম্মপরায়ণা হইয়া থাকে। ১৬

ধর্ম্মজ্ঞশ্চ কৃতজ্ঞশ্চ সমবজ্ঞোমহীপতিঃ।

ষোড়শে জায়তে পুত্রঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ ॥ * ১৭

ইতি সারসংগ্রহধৃতবচনানি।

ষোড়শ দিবসে গর্ভধারণ করিলে পুত্র হয়, সেই পুত্র ধর্ম্মজ্ঞ, কৃতজ্ঞ, ভূপতি, সত্যবাদী ও জিতেন্দ্রিয় হইয়া থাকে। ১৭

---

* ইত্যাদি বচনানুসারেণ ঋতুকালাবধি ষোড়শদিনমধ্যে দশমে দ্বাদশে চতুর্দ্দশে ষোড়শে বা নিষেকঃ কর্ত্তব্যঃ। ইতি হৃদয়ানন্দঃ।

ষোড়শর্ত্তু নিশাঃ স্ত্রীণাং তাসু যুগ্মাসু সম্বিশেৎ। ১৮

ইতি যাজ্ঞবল্ক্যঃ।

ভগবান্ যাজ্ঞবল্ক্য কহিয়াছেন—স্ত্রীদিগের ষোড়শরাত্রি পর্য্যন্ত ঋতুকাল তন্মধ্যে যুগ্মরাত্রিতে নিষেক কর্ত্তব্য। ১৮

স্ত্রীণামৃতুর্ভবতি ষোড়শবাসরাণি তত্রাদিতঃ পরিহরেচ্চ নিশাশ্চ তিস্রঃ।
যুগ্মাসু রাত্রিষু নরাবিষমাসু নার্য্যঃ কুর্য্যান্নিষেকমথ তাস্বপি পর্ব্ববর্জ্জ্যম্॥১৯

ইতি জ্যোতিস্তত্ত্বে।

স্ত্রীদিগের ঋতুকাল ষোড়শ দিবস পর্য্যন্ত। তন্মধ্যে প্রথম তিনদিন পরিত্যাগ করিয়া অন্য ত্রয়োদশ দিবসের মধ্যে রজোদর্শনাবধি যুগ্মরাত্রিতে গর্ভধারণ করিলে পুত্র ও অযুগ্মরাত্রিতে কন্যা জন্মে, অতএব যুগ্মরাত্রিতে নিষেক কর্ত্তব্য; কিন্তু পঞ্চপর্ব্ব পরিত্যাগ করিতে হয়। ১৯

এবং গচ্ছন্ স্ত্রিয়ং ক্ষামাং মঘাং মূলাঞ্চ বর্জ্জয়েৎ।
শস্তইন্দৌ সকৃৎপুত্রং লক্ষণ্যং জনয়েৎ পুমান্॥ ২০

ইতি যাজ্ঞবল্ক্যঃ।

মূলা ও মঘানক্ষত্র পরিত্যাগ করিয়া শুভচন্দ্রে আহার লাঘবাদিদ্বারা ক্ষীণাস্ত্রী গমন করিলে উত্তম লক্ষণাক্রান্ত পুত্র জন্মে। ২০

যুগ্মাসুপুত্রাজায়ন্তে স্ত্রিয়োঽযুগ্মাসু রাত্রিষু।
তস্মাদ্যুগ্মাসু পুত্রার্থী সংবিশেদার্ত্তবে স্ত্রিয়ম্॥ ২১

ইতি যাজ্ঞবল্ক্যঃ।

যাজ্ঞবল্ক্য কহিয়াছেন,—যুগ্মরাত্রিতে পুত্র হয় এবং অযুগ্মরাত্রিতে কন্যা হইয়া থাকে অতএব পুত্রার্থী মনুষ্যের যুগ্মরাত্রিতেই স্ত্রীগমন বিধেয়। ২১

পুমান্ পুংসোঽধিকে শুক্রে স্ত্রী ভবত্যধিকেস্ত্রিয়াঃ। ২২

ইতিমনুঃ।

ভগবান্ মনু বলিয়াছেন—পুরুষের শুক্র অধিক হইলে পুত্র জন্মে এবং স্ত্রীর শোণিত অধিক হইলে কন্যা জন্মিয়া থাকে। ২২

যুগ্মায়ামপি রাত্রৌ চেৎ শোণিতং প্রচুরং তদা।
কন্যা পুংবদ্ ভবতি শুক্রাধিক্যে পুমান্ ভবেৎ॥ ২৩

ইতি জ্যোতিস্তত্ত্বে।

যুগ্মরাত্রিতেও যদি স্ত্রীর শোণিত অধিক হয়, তাহা হইলে পুরুষচরিত্রা কন্যা জন্মে এবং পুরুষের শুক্র অধিক হইলে পুত্র জন্মিয়া থাকে। ২৩

**পীড়ারাশৌ ভৌমদৃষ্টে শশাঙ্কে মাসং মাসং যোষিতামার্ত্তবং স্যাৎ।**
**ত্র্যংশে শান্তং যচ্চ রক্তং জবাভং তদ্গর্ভার্থং বেদনাগন্ধহীনম্ ॥ ২৪**

অনুপচয় রাশিস্থিত চন্দ্রগ্রহ, মঙ্গল কর্ত্তৃক অবলোকিত হইলে প্রতিমাসে স্ত্রীগণের যে রজঃ উৎপত্তি হয়, আর যে শোণিত তিনদিবসেই উপশমিত হইয়া যায়, এবং যে শোণিতের বর্ণ জবাপুষ্প-সদৃশ ও বেদনা-গন্ধাদিবিহীন তাহাতে নিষেক করিলে গর্ভসঞ্চার হইয়া থাকে। ২৪

ঋতুনিরূপণমাহ। পীড়েতি। কুজদৃষ্টে চন্দ্রে প্রতিমাসং স্ত্রীণামৃতুর্ভবতি। যথা সারাবল্যাং। "ইন্দুর্জ্জলং কুজোঽগ্নির্জ্জলমিশ্রস্তুগ্নিরেব পিত্তং স্যাৎ"। এবং ক্ষুভিতে পিত্তেন রজঃ প্রবর্ত্ততে স্ত্রীষু। অত্র চ বালাবৃদ্ধাতুরাবন্ধ্যাং বর্জ্জয়িত্বা তু যোষিতাং। পীড়ারাশৌ অনুপচয়রাশৌ গতে চন্দ্রে ভৌমদৃষ্টে মাসং মাসং যদার্ত্তবং রজোভবতি তদ্রজোগর্ভার্থং গর্ভক্ষমং স্যাৎ যচ্চ রক্তং ত্র্যংশে দিনত্রয়ে শান্তং জবাভং ওড্রপুষ্প-সদৃশবর্ণং বেদনাহীনং গন্ধহীনঞ্চ তচ্চরজোগর্ভক্ষমং স্যাদিত্যর্থঃ। যথাসারাবল্যাং। "অনুপচয়রাশিসংস্থে কুমুদাকরবান্ধবে রুধিরদৃষ্টে। প্রতিমাসং যুবতীনাং ভবতি রজোজন্তুর্ম্ময়ঃ"। এবং যত্ত্বভবতি রজোগর্ভস্য নিমিত্তমেব কথিতন্তু তৎ। উপচয়সংস্থে বিফলং প্রতিমাসং দর্শনং তস্যেতি। এতেন পীড়ারাশৌ গোচরদুষ্টে চন্দ্রে ইত্যশুদ্ধমেব প্রলপিতং সৌভরিণেতি। ২৪

**মাসেশৈঃ সিতকুজগুরুরবিশশিশনিসৌম্যলগ্নপশশীনৈঃ।**
**কলুষৈঃ পীড়া গর্ভস্য পীড়িতৈঃ পতনমন্যথা পুষ্টিঃ॥ ২৫**

গর্ভমাসাধিপতিদ্বারা গর্ভের শুভাশুভ কথিত হইতেছে— গর্ভধারণ হইতে প্রসবকাল পর্য্যন্ত দশমাসের অধিপতি ক্রমে শুক্র, মঙ্গল, বৃহস্পতি, রবি, চন্দ্র, শনি, বুধ, নিষেককালের লগ্নাধিপতি চন্দ্র ও রবি নির্দ্দিষ্ট আছেন ; অর্থাৎ প্রথম মাসের অধিপতি শুক্র, দ্বিতীয় মাসের অধিপতি মঙ্গল, তৃতীয়মাসের অধিপতি বৃহস্পতি, চতুর্থমাসের অধিপতি রবি, পঞ্চমমাসের অধিপতি চন্দ্র, ষষ্ঠমাসের অধিপতি শনি,সপ্তমমাসের অধিপতি বুধ,অষ্টমমাসের অধিপতি নিষেকলগ্নাধিপতি, নবমমাসের অধিপতি চন্দ্র এবং দশমমাসের অধিপতি রবিগ্রহ হন। উক্ত সকল মাসাধিপতি গ্রহের মধ্যে যদি কোনগ্রহ পাপযুক্ত হন তাহা হইলে সেই মাসে গর্ভের পীড়া হইবে আর যদি কোন গ্রহ অস্তাদিত্রিবিধোৎপাত কি উপরাগাদিদ্বারা পীড়িত হন তবে সেই মাসে গর্ভপাত হওয়ার আশঙ্কা এবং যদি কোন গ্রহ শুভগ্রহযুক্ত কি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন, তাহা হইলে গর্ভপুষ্ট হইয়া শুভ হয়। ২৫

মাসনাথৈর্গর্ভস্যশুভাশুভমাহ। মাসেশৈরিতি। যথাক্রমং গর্ভাধানাৎ প্রভৃতি দশমাসানামধিপৈঃ সিতাদিভিঃ কলুষৈঃ পাপগ্রহযুক্তৈর্গর্ভস্য পীড়া স্যাৎ তৈশ্চ পীড়িতৈঃ অস্তাদিত্রিবিধোৎপাতোপরাগাদিহতৈর্গর্ভস্য পাতঃ স্যাৎ অন্যথা শুভগ্রহযোগে শুভদৃষ্টে গর্ভস্য পুষ্টিঃ স্যাদিত্যর্থঃ। তথা দৈবজ্ঞবল্লভায়াং। এতে যদা শত্রুগৃহে বসন্তি যুদ্ধে জিতাঃ শত্রুভিরস্তগা বা। অন্যত্র বা পীড়িতদেহভাজোগর্ভস্য পাতায় ভবন্তি খেটাঃ। তথা সারাবল্যাং।

উৎপাতক্রূরহতে তন্মাসস্তাধিপে পততি গর্ভ ইতি। অত্র চ লগ্নপঃ নিষেকলগ্নাধিপঃ প্রশ্নলগ্নাধিপশ্চেতি। ২৫

পুংনক্ষত্রাণি চৈতানি তিষ্যোহস্তঃ পুনর্ব্বসুঃ।
অভিজিৎ প্রৌষ্ঠপচ্চৈবানুরাধাষাঢ়শ্চাশ্বযুক্॥ ২৬

ইতি শাতাতপঃ।

শাতাতপ কহিয়াছেন,—পুষ্যা, হস্তা, পুনর্ব্বসু, অভিজিৎ, পূর্ব্বভাদ্রপদ, অনুরাধা, পূর্ব্বাষাঢ়া ও অশ্বিনী এই সকল নক্ষত্র পুংনক্ষত্র। ২৬

হস্তোমূলং শ্রবণঃ পুনর্ব্বসুর্মৃগশিরস্তথা পুষ্যশ্চ।
গর্ভাধানাদিকার্য্যেষু পুংনামায়ংগণঃ শুভদঃ॥ ২৭

বচনান্তরে কথিত হইয়াছে যে,—হস্তা, মূলা, শ্রবণা, পুনর্ব্বসু, মৃগশিরা, ও পুষ্যা এই সকল নক্ষত্র পুংগণ, ইহাতে গর্ভাধানাদি কার্য্য করিলে শুভফল প্রদান করে। ২৭

জ্যেষ্ঠামূলামঘাশ্লেষারেবতী কৃত্তিকাশ্বিনী।
উত্তরাত্রিতয়ং ত্যক্ত্বা পর্ব্ববর্জ্জ্যং ব্রজেদৃতৌ॥ ২৮

ইতি জ্যোতিস্তত্ত্বে।

গ্রন্থান্তরে উক্ত হইয়াছে,—জ্যেষ্ঠা, মূলা, মঘা, অশ্লেষা, রেবতী, কৃত্তিকা, অশ্বিনী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, ও উত্তরভাদ্রপদ নক্ষত্র এবং পর্ব্বত্যাগ করিয়া ঋতুকালে ভার্য্যা গমন করিবে। ২৮

পুষ্যার্কচন্দ্রশিবমূলপুনর্ব্বসুঃস্বাদাষাঢ়যুগ্মহরিভাদ্রপদদ্বয়ঞ্চ।
এতানি পুংসি কথিতানি শুভানি ভানি চান্যেষু গর্ভপতনাদিভয়ঞ্চ তেষু॥

ইতি জ্যোতিস্তত্ত্বে।

পুষ্যা, হস্তা, মৃগশিরা, আর্দ্রা, মূলা, পুনর্ব্বসু, পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, শ্রবণা, পূর্ব্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদ এই সকল নক্ষত্র পুংগণ, ইহাতে গর্ভাধান শুভদায়ক হয়। এই সকল ভিন্ন অন্য নক্ষত্রে গর্ভাধান হইলে স্ত্রীর গর্ভপতন হইয়া থাকে। ২৯

মূলর্ক্ষং স্মৃতিদুষ্টত্বাদ্ গর্ভাধানেষু নেষ্যতে।
তস্য পুংসবনাদৌ তু পুংসংজ্ঞত্বে প্রয়োজনম্॥ ৩০

ইতি জ্যোতিস্তত্ত্বে।

মূলানক্ষত্র স্মৃতিতে বিরুদ্ধ হেতুক গর্ভাধানে প্রশস্ত নহে। কিন্তু পুংসবনাদি কার্য্যে মঙ্গলদায়ক বিধায় পুংনক্ষত্র বলিয়া কথিত হইয়াছে। ৩০

### অথ প্রশস্তাপ্রশস্ততিথ্যাদিকথনম্।

নন্দা ভদ্রা ভবেৎ পুংসি স্ত্রীষু পূর্ণা জয়া স্মৃতা।
রিক্তা নপুংসকে হ্যাহুস্তস্মাত্তাং পরিবর্জ্জয়েৎ॥ ৩১

ইতি জ্যোতিস্তত্ত্বে।

নন্দা ও ভদ্রা তিথি পুরুষকর্ম্মে প্রশস্ত, পূর্ণা ও জয়াতিথি স্ত্রীকর্ম্মে মঙ্গলদায়ক, রিক্তাতিথি নপুংসক অতএব তাহাকে পরিত্যাগ করিবে। ৩১

পাপাসংযুতমধ্যগেষু দিনকৃল্লগ্নক্ষপাস্বামিষু
তদ্দ্যুনেষ্বশুভোজ্ঝিতেষু বিকুজে ছিদ্রে বিপাপে সুখে।
সদ্‌যুক্তেষু ত্রিকোণকণ্টকবিধুম্বায়ত্রিষষ্ঠান্বিতে
পাপে যুগ্মনিশাস্বগণ্ডসময়ে পুংশুদ্ধিতঃ * সঙ্গমঃ॥ ৩২

যদি রবি, লগ্ন ও চন্দ্র পাপযুক্ত না হন, এবং পাপগ্রহ মধ্যে অবস্থিতি না করেন, অথবা রবি লগ্ন ও চন্দ্রের সপ্তমস্থানে পাপগ্রহ বাস না করে, অষ্টমে মঙ্গল অথবা চতুর্থে পাপগ্রহগণ যুক্ত না হয়, আর রাশি, লগ্ন ও লগ্নের পঞ্চম, নবম, চতুর্থ, সপ্তম, দশমস্থান শুভগ্রহযুক্ত হয় এবং লগ্নের একাদশ, তৃতীয় ও ষষ্ঠস্থানে পাপগ্রহ অবস্থিতি করে তাহা হইলে যুগ্মরাত্রিতে গণ্ডনক্ষত্র ত্যাগ করিয়া পুরুষের চন্দ্রশুদ্ধি থাকিলে গর্ভাধান করিবে। ৩২

নিষেকমাহ। পাপেতি। রবিলগ্নচন্দ্রেষু পাপযুক্তেষু তদ্দ্যুনেষু তেষাং রবিলগ্নচন্দ্রাণাং সপ্তমেষু পাপবর্জ্জিতেষু লগ্নস্ত ছিদ্রেঽষ্টমস্থানে বিকুজে কুজরহিতে সতি লগ্নস্ত সুখে চতুর্থে পাপরহিতে সতি সৌভরিস্তু তেষাং ছিদ্রে বিকুজ ইতি তন্নিরূপাধিদ্বিতীয়াদিশব্দোলগ্নস্তেব দ্বিতীয়াদিবাচকোনান্যস্তেতি। তথা চ সারাবল্যাং। "হোরাষ্টমে ক্ষিতিসুতে ম্রিয়তে গর্ভঃ সহ জনন্যেতি"। সদ্‌ যুক্তেষ্বিতি। লগ্নস্ত ত্রিকোণে নবপঞ্চমে কেন্দ্রে চ চন্দ্রে চ শুভগ্রহযুক্ত ইত্যর্থঃ। অত্র চ সৌভরিণা সল্লগ্নেষ্বিতিপাঠং কৃত্বা সল্লগ্নেষু চান্দ্রপহতলগ্নেষু ত্রিকোণ কণ্টকস্থেষু চন্দ্রেষ্বিতি ব্যাখ্যাতং। এষ চ ইন্দ্রাশনাভ্যাসনপ্রমাদঃ। যতোরাজমার্ত্তণ্ডে। "কেন্দ্রত্রিকোণেষু শুভস্থিতেষু লগ্নে শশাঙ্কে চ শুভৈঃ সমেতে। পাপৈ স্ত্রিলাভারিগতৈঃ প্রযায়াৎপুংজন্মযোগেষু চ সম্প্রয়োগম্। তথা বৃহজ্জাতকে। "শশাঙ্কলগ্নোপগতৈঃ শুভগ্রহৈ স্ত্রিকোণজায়ার্থসুখাস্পদস্থিতৈঃ। তৃতীয়লাভারিগতৈশ্চ পাপৈঃ সুখী চ গর্ভো রবিণা নিরীক্ষিতঃ ইতি"। তথা পাপগ্রহে লগ্নত্তায়ত্রিষষ্ঠগতে সতি যুগ্মরাত্রৌ যথা মনুঃ। "ঋতুঃ স্বাভাবিকঃ স্ত্রীণাং রাত্রয়ঃ ষোড়শ স্মৃতাঃ। তাসামাদ্যা চতস্রস্তু নিন্দিতৈকাদশী চ যা। ত্রয়োদশী চ শেষাঃ স্যুঃ প্রশস্তাদশরাত্রয়ঃ। যুগ্মাসু পুত্রাজায়ন্তে স্ত্রিয়োঽযুগ্মাসু রাত্রিষু।"

---

* কন্যানক্ষত্রশুদ্ধৌ তদ্বিবাহঃ শুভকৃন্নৃণাং। পশ্চাদ্ ভর্ত্তুর্বিশুদ্ধ্যা তু যাত্রাপুংসোৎসবাদয়ঃ॥ ইতি জ্যোতিস্তত্ত্বে। বিবাহকার্য্যং ক্ষুদ্রপ্রতিষ্ঠা গর্ভপ্রতিষ্ঠা বনিতাবিশুদ্ধৌ। অন্যানি কার্য্যাণি ধবস্তশুদ্ধৌ পত্যৌ বিহীনে প্রমদাস্বশুদ্ধ্যা। ইতি গ্রন্থান্তরে বিরুদ্ধবচনমপি।

তথা পর্ব্ববর্জ্জং ব্রজেচ্চেনাং তদৃতৌ রতি কাম্যয়েতি। গণ্ডসময়ং বর্জ্জয়িত্বা পুংশুভিতঃ পুংসশ্চন্দ্রশুদ্ধ্যা সঙ্গমঃ কার্য্যঃ ইত্যর্থঃ। তথা সারাবল্যাং। "উপচয়ভবনে শশভৃদ্‌দৃষ্টো গুরুণা সুহৃদ্ভিরথ বার্সো। পুংসাং করোতি যোগং বিশেষতঃ শুক্রসংদৃষ্টঃ ইতি। ৩২

## অথ গণ্ডপাদবর্জ্জনম্।

মূলমঘাশ্বিনীনামাদ্যং জ্যেষ্ঠান্ত্যসর্পাণাং।
অন্ত্যং গণ্ডপাদং ত্যক্ত্বা ষোড়শাহে ঋতৌ ব্রজেৎ॥ ৩৩

গণ্ডনক্ষত্র কথিত হইতেছে—মূলা, মঘা ও অশ্বিনীর আদ্যভাগ এবং জ্যেষ্ঠা, রেবতী ও অশ্লেষার শেষভাগ গণ্ডনক্ষত্র। গণ্ডনক্ষত্র ত্যাগ করিয়া ষোড়শাহমধ্যে গর্ভাধান করিবে। ৩৩

## অশক্তৌ তু ভুজবলভীমে।

অন্ত্যং পৌষ্ণেন্দ্রসর্পাণামাদ্যং পিত্রশ্বিমূলগং।
গণ্ডং দণ্ডত্রয়ং খ্যাতঃ সর্ব্বকার্য্যেষু গর্হিতম্॥ ৩৪

অশক্তবিষয়ে ভুজবলভীমে কথিত হইয়াছে যে,—রেবতী,জ্যেষ্ঠা ও অশ্লেষার অন্ত্য ( শেষ ) তিনদণ্ড এবং মঘা, অশ্বিনী ও মূলার আদ্য তিনদণ্ড গণ্ডনামে অভিহিত, ইহা সকল কার্য্যেই পরিত্যাগ করিবে। ৩৪

## অথ ফলবন্ধনম্।

রোহিণ্যন্তকচিত্রাহিবিশাখশতবর্জ্জিতে।
ভে পুংগ্রহাহে স্ত্রীশুদ্ধ্যা ফলবন্ধনমিষ্যতে॥ ৩৫

স্ত্রীলোকের প্রথম রজোদর্শন হইলে ঋতুস্নানের পরে যে ফলবন্ধন করিতে হয়, তাহার শুভদিন কথিত হইতেছে—রোহিণী, ভরণী, চিত্রা, অশ্লেষা, বিশাখা ও শতভিষা এই সকল নক্ষত্র ভিন্ন অন্য নক্ষত্রে মঙ্গল, রবি ও বৃহস্পতি-বারে স্ত্রীর চন্দ্র-তারা শুদ্ধ হইলে প্রথম ঋতুস্নানের পরে ফলবন্ধন করিবে। ৩৫

*প্রথমঋতৌ রজসি চোপরতে ঋতুস্নানানন্তরং ফলবন্ধনং ক্রিয়তে। তদ্বিধিমাহ। রোহিণীতি। রোহিণ্যাদি বর্জ্জিতে নক্ষত্রে পুংগ্রহস্যাহনি :বারে রবিকুজগুরুবারে স্ত্রীশুদ্ধ্যা স্ত্রীণাং চন্দ্রতারাশুদ্ধ্যা ফলবন্ধনমিষ্যতে। ঋতুস্নানন্তু চতুর্থদিনে পুষ্পাদিভিঃ কার্য্যং যথা রাজমার্ত্তণ্ডে। "শুভসৌভাগ্যবিবৃদ্ধ্যৈ এলাচম্পকমুস্তচন্দনোপেতৈঃ। সৎকলিনীফলপুষ্পৈঃ পুষ্পেষু নিশাত্রয়েস্নায়াৎ"। ৩৫

পুমান্ বিংশতিবর্ষশ্চেৎ পূর্ণষোড়শবর্ষয়া।
স্ত্রিয়া সংগচ্ছতে গর্ভাশয়ে শুদ্ধে রজস্যপি।
অপত্যং জায়তে ভদ্রং তয়োর্ন্যূনেঽধমং স্মৃতম্॥ ৩৬

পূর্ণবিংশতিবর্ষীয় পুরুষ যদি পূর্ণ ষোড়শবর্ষীয়া স্ত্রীগমন করে আর স্ত্রীর গর্ভাশয়ে কি শোণিতে কোন দোষ না থাকে তাহা হইলে উত্তম সন্তান জন্মে; ইহার ইতর বিশেষ হইলে অধম সন্তান জন্মিয়া থাকে। ৩৬

## অথ ষোড়শবর্ষীয়াগর্ভিণীচিন্তা।

যা সূতা ষোড়শে বর্ষে তত্র যা ধৃতগর্ভিকা।
মৃত্যুস্তস্যাঃ সপুত্রায়াঃ পিতুশ্চাপি চ সম্মতঃ ॥ ৩৭

যে নারী ষোড়শবর্ষে প্রসব করে কি গর্ভধারণ করে তাহার পুত্রের সহিত মরণ হয়, আর ঐ পুত্রের পিতারও মরণ হইয়া থাকে। ৩৭

## অথ পুংসবনম্।

কুর্য্যাৎ পুংসবনং সুযোগকরণে নন্দে সভদ্রে তিথৌ
ভাদ্রাষাঢ়নৃভেশ্বরেষু নৃদিনে বেধং বিনেন্দৌ শুভে।
অক্ষীণে চ ত্রিকোণকণ্টকগতে সৌম্যেঽশুভে বৃদ্ধিষু
স্ত্রীশুদ্ধ্যা ঘটযুগ্মসূর্য্যগুরুভেষুদ্যৎসু মাসত্রয়ে ॥ ৩৮

অধুনা পুংসবন কথিত হইতেছে—গর্ভাধান দিন গণনায় তৃতীয়মাসে শুভযোগ ও শুভকরণে, প্রতিপদ, একাদশী, ষষ্ঠী, দ্বিতীয়া, দ্বাদশী ও সপ্তমীতিথিতে পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া, হস্তা, মূলা, শ্রবণা, পুনর্ব্বসু, মৃগশিরা, পুষ্যা ও আর্দ্রানক্ষত্রে রবি মঙ্গল ও বৃহস্পতিবারে যামিত্রবেধ, যুতবেধ, দশযোগভঙ্গ না থাকিলে শুভচন্দ্রে ও পূর্ণচন্দ্রে লগ্নের ত্রিকোণস্থানে ও কেন্দ্রস্থানে শুভগ্রহ এবং তৃতীয়, একাদশ ও ষষ্ঠস্থানে অশুভগ্রহ থাকিলে স্ত্রীর চন্দ্রতারা অনুকূলে কুম্ভ, মিথুন, সিংহ, ধনু ও মীনলগ্নে পুংসবন করিবে। ৩৮

পুংসবনমাহ। কুর্য্যাদিতি। শোভনযোগে শোভনকরণে চ নন্দাভদ্রাতিথৌ, তথা নন্দা ভদ্রা ভবেৎ পুংসি স্ত্রিয়াং পূর্ণা তথা জয়া। রিক্তা নপুংসকস্তু স্যাৎ তস্মাত্তাং পরিবর্জ্জয়েৎ। ভাদ্রপদদ্বয়ে আষাঢ়দ্বয়ে নৃভে পুন্নামগণে হস্তামূলাশ্রবণাপুনর্ব্বসুমৃগশিরঃপুষ্যেষু ঈশ্বরে আর্দ্রায়াঞ্চ নৃদিনে পুংগ্রহবারে রবিকুজগুরুবারে অক্ষীণে পূর্ণে চন্দ্রে বেধং যামিত্রবেধং দশযোগভঙ্গবেধঞ্চ বিনা শুভে গোচরশুদ্ধে সতি লগ্নাৎ কেন্দ্রত্রিকোণস্থে শুভগ্রহে পাপগ্রহে চ বৃদ্ধিগে উপচয়স্থে স্ত্রীশুদ্ধ্যা স্ত্রীণাং চন্দ্রতারাশুদ্ধৌ [ তথাচ গ্রন্থান্তরে। স্ত্রীণাং সর্ব্বক্রিয়ারম্ভে ভর্ত্তুর্গোচরশুদ্ধিতঃ। যাত্রাপুংসবনোদ্বাহে বিশুদ্ধির্যোষিতঃ সদা। ইতি ] কুম্ভমিথুনসিংহধনুর্মীনলগ্নেষু মাসত্রয়ে পুংসবনং কুর্য্যাৎ। তৃতীয়মাসেঽশক্তৌ ষষ্ঠাষ্টমমাসেঽপি কার্য্যং। তথা চ। মাসে ষষ্ঠেঽষ্টমে বাপি শুদ্ধ্যা চন্দ্রমসঃ সদা। অরিক্তায়াং তিথৌ শুক্রে জ্ঞেয়ং পুংসবনং হিতম্। এতৎ প্রতিগর্ভে কর্ত্তব্যং যথা রাজমার্ত্তণ্ডে। "প্রাপ্তে তৃতীয়মাসে স্ফুরদিন্দুকলাকলাপপক্ষে চ। পুংসবনং পুত্রেচ্ছুঃ গর্ভে গর্ভে প্রকুর্ব্বীত"। ৩৮

অথ পঞ্চামৃতম্ ।

রেবত্যশ্বিপুনর্ব্বসুদ্বয়মরুন্মূলানুরাধামঘা
হস্তা চোত্তরফল্গুভেষু চ ভৃগৌ জীবার্কবারে তথা ।
লগ্নে * চোভয়শুদ্ধিগে সুনিয়তং সংত্যজ্য রিক্তাং তিথিং
দেয়ং মাসি তু পঞ্চমে শুভদিনে † পঞ্চামৃত যোষিতাম্ ॥ ৩৯

পঞ্চামৃতের শুভদিন কথিত হইতেছে—রেবতী, অশ্বিনী, পুনর্ব্বসু, পুষ্যা, স্বাতী, মূলা, অনুরাধা, মঘা, হস্তা, ও উত্তরফল্গুনীনক্ষত্রে শুক্র, বৃহস্পতি ও রবিবারে শুভলগ্নে স্ত্রী-পুরুষের চন্দ্রতারা শুদ্ধ থাকিলে রিক্তা ভিন্ন তিথিতে গর্ভগ্রহণ হইতে পঞ্চমমাসে শুভদিনে স্ত্রীদিগকে পঞ্চামৃতপান করাইবে। ৩৯

পঞ্চমে মাসি গর্ভদোহার্থং পঞ্চামৃতং দীয়তে তস্য বিধিমাহ। রেবত্যশ্বীতি রেবত্যাদি নক্ষত্রেষু শুক্রগুরুরবিবারে শুভে লগ্নে উপচয় শুদ্ধিগে পুংস্ত্রীশুদ্ধিগে চ রিক্তাং তিথি ত্যক্ত্বা শুভদিনে পঞ্চমমাসে যোষিতাং পঞ্চামৃতং দেয়ম্। যাজ্ঞবল্ক্যঃ। দোহদস্যাপ্রদানেন গর্ভদোষমবাপ্নুয়াৎ। বৈরূপ্যং মরণং বাপি তস্মাৎ কার্য্যং প্রিয়ং স্ত্রিয়াঃ। পঞ্চামৃতমুক্তং। দুগ্ধং সশর্করঞ্চৈব ঘৃতং দধি তথা মধু। পঞ্চামৃতমিদং প্রোক্তং বিধেয়ং সর্ব্বকর্ম্মসু। ৩৯

অন্যচ্চ।

পঞ্চামৃতং পঞ্চমমাস এব অজদ্বয়ে চাম্বুনি পৈত্রষট্‌কে।
বিরিঞ্চিপঞ্চান্ত্যচতুষ্টয়েষু শুক্রারসূর্য্যেন্দুদিনে শুভেন্দৌ ॥ * ৪০

বচনান্তরে পঞ্চামৃত বিষয়ে উক্ত হইয়াছে যে—গর্ভাধান দিন হইতে পঞ্চমমাসে শুক্র, মঙ্গল, রবি ও সোমবারে পূর্ব্বভাদ্র উত্তরভাদ্র, পূর্ব্বাষাঢ়া, মঘা, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, হস্তা, চিত্রা, স্বাতী, রোহিণী, মৃগশিরা, আর্দ্রা, পুনর্ব্বসু, পুষ্যা, রেবতী, অশ্বিনী, ভরণী ও কৃত্তিকানক্ষত্রে চন্দ্রশুদ্ধি থাকিলে পঞ্চামৃতপান করাইবে। ৪০

অথ ধটীদানম্।

মঘাষ্টকেঽম্বুত্রিতয়েঽদিতিদ্বয়ে, পৌষ্ণদ্বয়ে ধাতৃযুগে গুরূদয়ে।
মাসে চ ষষ্ঠে চ চতুষ্টয়ে স্ত্রিয়াং শুদ্ধ্যা ঝমন্দাহবহির্ধটীশুভা। ৪১

ধটীদান কথিত হইতেছে—মঘা, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, হস্তা, চিত্রা, স্বাতী, বিশাখা, অনুরাধা, পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, শ্রবণা, পুনর্ব্বসু, পুষ্যা, রেবতী, অশ্বিনী, রোহিণী ও মৃগশিরানক্ষত্রে, ধনু ও মীনলগ্নে ষষ্ঠমাস গর্ভ সময়ে কিম্বা

---

* লগ্নক্ষোড়ুপশোভনেষু ইতিপাঠান্তরম্।

† সুকরণে ইতিপাঠান্তরম্।

* প্রাচীন সংগ্রহকৃত্তিরলিখিতত্বাদপ্রমাণমিব লক্ষ্যতে।

চতুর্থমাসে স্ত্রীর চন্দ্রতারা শুদ্ধ থাকিলে বুধ ও শনি ভিন্ন বারে গর্ভরক্ষার নিমিত্ত হরিদ্রাক্ত গ্রন্থিযুক্ত বস্ত্রাঞ্চল স্ত্রীর কক্ষালে বাঁধিবে। উক্ত বস্ত্রাঞ্চলকেই ধটী বলা যায়। ৪১

ষষ্ঠে মাসি গর্ভরক্ষার্থং গ্রন্থিযুক্ত হরিদ্রাক্তং বস্ত্রাঞ্চলং ধটীসংজ্ঞকং কক্ষালে নিবধ্যতে তস্য বিধিমাহ। মঘাষ্টকইতি। মঘাদ্যষ্টনক্ষত্রে পূর্ব্বাষাঢ়াদিত্রিতয়ে পুনর্ব্বসুপুষ্যয়োঃ রেবত্যশ্বিন্যোঃ রোহিণীমৃগরসোঃ গুরূদয়ে ধনুর্ম্মীনলগ্নে ষষ্ঠে চতুষ্টয়ে মাসে স্ত্রিয়াশ্চন্দ্রতারাশুদ্ধ্যা বুধ শনিবারং ত্যক্ত্বা ঘটীদানকর্ম্মশুভমিত্যর্থঃ। ৪১

## অথ সীমন্তোন্নয়নম্।

ষষ্ঠে মাস্যষ্টমেঽহ্নীজ্যকুজদিনকৃত্যং নন্দভদ্রে তিথৌ চ
মৈত্রে মূলে মৃগাঙ্কে করপিতৃপবনে পৌষ্ণবিষ্ণুত্রিযুগ্মে *
তিষ্যাশ্বাদিত্যরৌদ্রে যুবতিহরিঝষে বৃশ্চিকে বাপি লগ্নে
চন্দ্রে তারেঽনুকূলে শুভমপি নিয়তং স্যাচ্চসীমন্তকর্ম্ম ॥ ৪২

সীমন্তোন্নয়নের দিন বর্ণিত হইতেছে—গর্ভধানাবধি ষষ্ঠ বা অষ্টমমাসে বৃহস্পতি, মঙ্গল ও রবিবারে প্রতিপদ, একাদশী, ষষ্ঠী, দ্বিতীয়া, দ্বাদশী ও সপ্তমী তিথিতে অনুরাধা, মূলা, মৃগশিরা, হস্তা, মঘা, স্বাতী, রেবতী, শ্রবণা, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, পুষ্যা. অশ্বিনী, পুনর্ব্বসু ও আদ্রানক্ষত্রে কন্যা, সিংহ, মীন ও বৃশ্চিকলগ্নে, চন্দ্রতারা শুদ্ধ থাকিলে সীমন্তোন্নয়ন করিবে। ৪২

মৃগাজরহিতে লগ্নে নবাংশে পুংগ্রহস্য চ।
কেচিদ্ বদন্তি সীমন্তং তথা রিক্তেতরে তিথৌ ॥ ৪৩

কোন কোন পণ্ডিতেরা বলেন যে—মকর ও মেষ ভিন্ন লগ্নে রবি, মঙ্গল ও বৃহস্পতির নবাংশে রিক্তা ভিন্ন তিথিতে গর্ভবতী স্ত্রীর সীমন্তোন্নয়ন করিবে। ৪৩

মাসেশে (†) প্রবলে শুভেক্ষিতবিধৌ মাসে চ ষষ্ঠেঽষ্টমে
মৈত্রেপুংসবনোদিতর্ক্ষসহিতে রিক্তাবিহীনে তিথৌ।
সীমন্তোন্নয়নং মৃগাজরহিতে লগ্নে নবাংশোদয়ে
যোজ্যং পুংসবনোদিতং যদপরং তৎসর্ব্বমত্রাপি চ ॥ ৪৪

ইতি দীপিকায়াং।

---

* ত্রিযুগ্মে ফল্গুনীদ্বয়ে আষাঢ়দ্বয়ে ভাদ্রপদদ্বয়ে চেত্যর্থঃ,

† মাসাধিপাস্তু সিতকুজগুরুরবিশশিশনিসৌম্যলগ্নপশশীনাঃ, নিষেকদিবসাবধিমাসং গৃহীত্বা মাসাধিপাগণনীয়াঃ।

মাসাধিপতি গ্রহ বলবান্ হইলে, চন্দ্র শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইলে, ষষ্ঠ কি অষ্টমমাসে অনুরাধা ও পুংসবনোদিতনক্ষত্রে রিক্তা ভিন্ন তিথিতে, মকর ও মেষ ভিন্ন লগ্নে মিথুন, তুলা, কুম্ভ ও কন্যালগ্নের নবাংশে পুংসবনোক্ত বারাদিতে স্ত্রীর সীমন্তোন্নয়ন করাইবে। ৪৪

মাসেশ ইতি। গর্ভমাসাধিপঃ পূর্ব্বোক্তঃ তস্মিন্ প্রবলে শুভদৃষ্টে চন্দ্রে ষষ্ঠেঽষ্টমে বা মাসে পুংসবনোক্তনক্ষত্রে অনুরাধায়াঞ্চ রিক্তান্যতিথৌ মকরমেষব্যতিরিক্তে লগ্নে নবাংশোদয়ে নররাশের্ম্মিথুনতুলা ঘটকন্যারাশের্নবাংশে সীমন্তোন্নয়নং কার্য্যমিত্যর্থঃ। যথা রাজমার্ত্তণ্ডে। "মাসে ষষ্ঠেঽষ্টমে বা বলিনি তদধিপে শীতগৌ চেষ্টদৃষ্টে পুন্নামর্ক্ষোপযাতে নরভবননবাংশোদয়ে কামিনীনাং"। কার্য্যংসীমন্তকর্ম্ম ত্রিদশপতিগুরৌ কেন্দ্রগে কোণগে বা ক্রূরৈঃ কেন্দ্রত্রিকোণব্যয়নিধনবহির্গর্ভপুষ্টিং করোতি॥ যদপরং পুংসবনোদিতং পুংগ্রহবারাদি তৎসর্ব্বং সীমন্তোন্নয়নে কার্য্যমিত্যর্থঃ। এতচ্চ প্রথমগর্ভএব কার্য্যং নান্যত্র। যথা সকৃৎ সকৃতসংস্কারাসীমন্তেন দ্বিজস্ত্রিয়ঃ। যং যং গর্ভং প্রসূয়ন্তে সগর্ভঃ শুদ্ধিমর্হতি। দৈবাদকরণে সপুত্রাপি সংকর্ত্তব্যা যথা রাজমার্ত্তণ্ডে। "নারী যা অকৃতাসীমন্তা প্রসবেচ্চ কদাচন। ক্রোড়ে নিধায় তৎপুত্রং পুনঃ সংস্কার মর্হতি"। ৪৪

# অথ জাতকপ্রকরণম্।

## তত্রাদৌ লগ্নমানং।

বেদোঽগৈঃ ৪। ৭ খনুবৈর্যুগো ৪। ৫০ গ্রহভুজৈর্ব্বাণো—৫।২৯ হুতিবেদৈঃ শরঃ ৫। ৪১ বাণোবহ্নিগুণৈঃ ৫। ৩৩ শরোগ্রহভুজৈঃ ৫।২৯ শৈলানলৈঃ শায়কঃ ৫। ৩৭ বাণঃ শূন্যকৃতৈঃ ৫। ৪০ শরোঽগশশিভি-৫।১৭ র্বহ্ন্যগ্নিভির্ব্বেদকো ৪।৩৩ বহ্নিঃ সপ্তশরৈ ৩।৫৭ গুণোনগকৃতৈ-৩। ৪৭ র্মেষাদিমানং সতাম্॥ ১

মেষাদিলগ্নের মান কথিত হইতেছে—মেষলগ্নের মান ৪। ৭ চারিদণ্ড সাতপল, বৃষের মান ৪। ৫০ চারিদণ্ড পঞ্চাশপল, মিথুনের মান ৫। ২৯ পাঁচদণ্ড উনত্রিশপল, কর্কটের মান ৫। ৪১ পাঁচদণ্ড একচল্লিশপল, সিংহের মান ৫। ৩৩ পাঁচদণ্ড তেত্রিশপল, কন্যার মান ৫। ২৯ পাঁচদণ্ড উনত্রিশপল, তুলার মান ৫। ৩৭ পাঁচদণ্ড সাইত্রিশ পল, বৃশ্চিকের মান ৫। ৪০ পাঁচদণ্ড চল্লিশ পল, ধনুর মান ৫। ১৭ পাঁচদণ্ড সতেরপল, মকরের মান ৪। ৩৩ চারিদণ্ড তেত্রিশ পল, কুম্ভের মান ৩। ৫৭ তিনদণ্ড সাতপঞ্চাশ পল এবং মীনলগ্নের পরিমাণ ৩। ৪৭ তিনদণ্ড সাতচল্লিশ পল। ১

## অথ প্রসূতিজ্ঞানম্।

সুপ্রসূতির্ভবেচ্চন্দ্রে শুভগ্রহযুতেক্ষিতে।
দুর্গ্রহেক্ষিতযুক্তে চ প্রসূতির্দুঃখভাগিনী ॥ ২

জাতকপ্রকরণ কথিত হইয়াছে—জাতব্যক্তির ফলাফল জানিতে হইলে, প্রথমতঃ জাতকের মাতার প্রসব সময়ের অবস্থা জানিতে হয়, অতএব তাহা বর্ণিত হইতেছে যথা—চন্দ্র শুভগ্রহযুক্ত কি শুভগ্রহকর্ত্তৃক ঈক্ষিত হইলে প্রসূতি সুখে প্রসব করিয়াছে জানিতে হইবে। আর যদি চন্দ্র পাপগ্রহ কর্ত্তৃক ঈক্ষিত কি পাপগ্রহযুক্ত হন তাহা হইলে প্রসূতি অতিশয় কষ্টে প্রসব করিয়াছে নির্ণিত হইবে। ২

## অথ লগ্নজ্ঞানম্।

যস্মিন্নৃক্ষে বসেদ্ ভানুস্তদেব সপ্তমেঽপি বা।
যাবদ্দ্বিপ্রহরং পশ্চাদ্দিবা দ্বাদশভিপুনঃ।
ঊনবিংশতিভে রাত্রৌ যাবদ্যামোবসেদ্দ্বয়ং।
চতুর্ব্বিংশতিভে পশ্চাজ্জাতলগ্নমুদাহৃতম্ ॥ ৩

ইতি জাতকচন্দ্রিকায়াম্।

জাতবালকের লগ্ন নির্ণীত হইতেছে যথা—রবি যে নক্ষত্রে অবস্থিত সেইখানে অথবা তাহার সপ্তমনক্ষত্র যে ঘরে হইবে সেইস্থানে লগ্ন হইতে পারে, এই নিয়ম দিবা দুই প্রহরের মধ্যে। দুই প্রহরের পরে সন্ধ্যাপর্য্যন্ত রবিভোগ্যনক্ষত্র হইতে দ্বাদশনক্ষত্র যে ঘরে হইবে সেই ঘরে লগ্ন হয়। এইরূপ রাত্রি দুইপ্রহরের মধ্যে রবিভোগ্যনক্ষত্র হইতে ঊনবিংশতিনক্ষত্রে এবং রাত্রি শেষ দুইপ্রহর মধ্যে চতুর্ব্বিংশতিনক্ষত্র বিশিষ্টরাশি লগ্ন হইয়া থাকে। ৩

## অন্যচ্চ।

যস্মিন্ ঋক্ষে বসেদ্ভানুস্তদাদি সপ্তঋক্ষকে।
দ্বাদশে সপ্তদশে চৈব তথৈব পঞ্চবিংশতৌ।
পূর্ব্বাপরাহ্নযোগেন দিনে রাত্রৌ যথা ক্রমাৎ ॥ ৪

বচনান্তরে লগ্ননির্ণয় করা যাইতেছে—জন্মকালীন রবি যে নক্ষত্রে অবস্থিতি করেন তথা হইতে সপ্তমনক্ষত্র যে রাশির ঘটক, বেলা দুই প্রহর মধ্যে সেই রাশি লগ্ন হইবে, আর রবিভোগ্যনক্ষত্র হইতে দ্বাদশনক্ষত্রবিশিষ্ট রাশি দিবার শেষ দুই প্রহরে লগ্ন হইতে পারে। এইরূপ রাত্রি দুইপ্রহর মধ্যে রবিভোগ্যনক্ষত্র হইতে সপ্তদশনক্ষত্র ঘটকরাশি এবং শেষ দুইপ্রহর মধ্যে পঞ্চবিংশতিনক্ষত্র ঘটক রাশি

অপরঞ্চ

চন্দ্রে বা সপ্তমে বাপি হ্যুভয়ত্রিকোণেঽপি বা।
জাতলগ্নং ন সন্দেহ ইতি জ্যোতির্ব্বিদোবিদুঃ॥ ৫

চন্দ্র যে রাশিতে অবস্থিত সেই রাশি অথবা চন্দ্রের সপ্তমরাশি কিম্বা এই উভয়ের নবম কি পঞ্চমরাশি জাতলগ্ন হইবে ইহাতে সংশয় নাই, জ্যোতির্ব্বিদগণ এইরূপ বলিয়াছেন। ৫

প্রকারান্তরঞ্চ।

চন্দ্রোরাশ্যধিপোবাপি যত্র তৎ সপ্তমেঽপি বা।
এষাং ত্রিকোণকে বাপি জাতলগ্নমুদাহৃতম্॥ * ৬

যেখানে চন্দ্র আছেন সেইরাশি অথবা রাশ্যধিপতিগ্রহ যেখানে অবস্থিতি করেন সেইরাশি জাতলগ্ন হইবে; আর চন্দ্র কি রাশ্যধিপতিগ্রহের সপ্তমস্থানের নবম ও পঞ্চমস্থানে যে রাশি সেইটিও লগ্ন হইতে পারে। ৬

মেষে কুলীরতুলালিঘটে প্রাগুত্তরতোগুরুসৌম্যগৃহেষু।
পশ্চিমতশ্চ বৃষেণ নিবাসোদক্ষিণভাগকরৌ মৃগসিংহৌ॥ ৭

ইতি বৃহজ্জাতকে।

বৃহজ্জাতকে উক্ত হইয়াছে যে—মেষ, কর্কট, তুলা, বৃশ্চিক ও কুম্ভলগ্নে জন্মিলে স্থতিকাগৃহ পূর্ব্বদিকে কি উত্তরদিকে থাকিবে; ধনু, মীন, মিথুন কি কন্যালগ্নে স্থতিকাগৃহ পশ্চিমদিকে হইবে। বৃষ, মকর ও সিংহলগ্নে স্থতিকাগৃহ দক্ষিণদিকে অবস্থিত হইবে। ৭

গৃহস্বরূপমাহ।

জীর্ণং সংস্কৃতমর্কজে ক্ষিতিসুতে দগ্ধং নবং শীতগৌ
কাষ্ঠাঢ্যং ন দৃঢ়ং রবৌ শশিসুতে চানেকশিল্পোদ্ভবং
রম্যং চিত্রযুতং নবঞ্চ ভৃগুজে জীবে দৃঢ়ং মন্দিরং
চক্রস্থৈশ্চ যথোপদেশরচনাং সামন্তপূর্ব্বাং বদেৎ॥ ৮

জন্মকালীন রবিগ্রহ বলবান্ থাকিলে জীর্ণসংস্কৃতগৃহে প্রসব হয়, এইরূপ মঙ্গল বলবান্ থাকিলে দগ্ধগৃহে, চন্দ্র বলবান্ থাকিলে নূতন গৃহে, রবি বলবৎ থাকিলে ভগ্নকাষ্ঠগৃহে, বুধ বলবান্ থাকিলে বহুশিল্পকার্য্যান্বিত গৃহে, শুক্র বলবৎ থাকিলে মনোরম্য চিত্রযুক্ত নূতনগৃহে এবং বৃহস্পতি জন্মকালীন বলবান্ হইলে

* চন্দ্ররাশ্যধিপতির্যত্র তত্রিকোণমথাপি বা। তৎসপ্তমে তৃতীয়ে বা জাতলগ্নং তদেব হি। প্রথমচরণে স্বরাশ্যধিপতি র্যত্রোতি পাঠান্তরম্ ইতি গ্রন্থান্তরে।

সুদৃঢ় মন্দিরে প্রসব হইয়া থাকে, ফলতঃ চক্রস্থ গ্রহগণের বলদ্বারাই প্রসব গৃহ নিশ্চিত হয়। ৮

মেষে চাপমৃগেন্দ্রয়োঃ কিল শিশুঃ প্রাচীশিরাজায়তে।
গোকন্যামকরেষু দক্ষিণশিরাজাতোভবেন্নিশ্চিতং।
মীনে বৃশ্চিককর্কিণোর্যদি তদা কৌবেরমূর্দ্ধাভবেৎ
কুম্ভর্ক্ষে ধটগ্ময়োর্যদি তাং পদশ্চাত্যমূর্দ্ধা যতঃ॥ ৯

ইতি জ্যোতিস্তত্ত্বে।

শিশুর মস্তকপতন দ্বারা লগ্ন নির্ণীত হইতেছে,—মেষ, ধনু ও সিংহলগ্নে প্রসব হইলে জাতশিশুর মস্তক পূর্ব্বদিকে থাকিবে, এইরূপ বৃষ, কন্যা ও মকর লগ্নে দক্ষিণদিকে, মীন, বৃশ্চিক ও কর্কটলগ্নে উত্তরদিকে এবং কুম্ভ, তুলা ও মিথুনলগ্নে জাতশিশুর মস্তক পশ্চিমদিকে থাকিবে। ৯

দ্বারং বাস্তুনি কেন্দ্রোপগাদ্‌গ্রহাদসতি বা বিলগ্নর্ক্ষাৎ।
দীপোঽর্কাদুদয়াদবর্ত্তিরিন্দুতঃ স্নেহনির্দ্দেশঃ॥ ১৯

ইতি দীপিকায়াং।

শিশুর জন্মসময়ে কেন্দ্রস্থানে * যে গ্রহ থাকে সেই গ্রহ যে দিকের অধিপতি সেইদিকে সূতিকাগৃহের দ্বার হইবে। যদি কেন্দ্রস্থানে বহু গ্রহ থাকে তবে তন্মধ্যে যে গ্রহ বলবান্ তাহারাদিকেই সূতিকাগৃহের দ্বার হয়,যদি দুইটী গ্রহ সমবলী হয় তবে সুতিকাগৃহের দুইটি দ্বার হইবে। আর কেন্দ্রের কোন স্থানে যদি গ্রহ না থাকে তবে জন্মলগ্ন যে দিকের অধিপতি সেইদিকে সূতিকাগৃহের দ্বার জানিবে। রবির রাশি স্থিতিদ্বারা দ্বীপজ্ঞান হইবে অর্থাৎ সূর্য্য যদি কোন চররাশিতে অবস্থিতি করেন তাহা হইলে সেইরাশির দিক্ অনুসারে সেই দিকে দ্বীপ চালিত হইবে। আর সূর্য্য যদি কোন স্থিররাশিতে অবস্থিত হন তাহা হইলে সেই রাশির দিক্ অনুসারে দীপ স্থিরভাবে থাকিবে। সূর্য্য যদি দ্ব্যাত্মকরাশিতে অবস্থান করেন তবে সেই রাশির দিক অনুসারে দীপ সঞ্চালিত ও স্থিরভাবে থাকে। লগ্নের ভোগানুসারে দীপের বর্ত্তি (শলিতা) বিবেচিত হইবে অর্থাৎ লগ্নের যে পরিমিত অংশ ভোগ হয় সেই পরিমিত দীপের শলিতা দগ্ধ হয়। দীপের স্নেহ অর্থাৎ তৈল ঘৃতাদি চন্দ্রের ক্ষীণত্ব ও পূর্ণতা দ্বারা বিবেচনা করিতে হয়। ১০

জন্মকালসংপ্রত্যয়ার্থং বাস্তুদ্বারাদিজ্ঞানমাহ। দ্বারমিতি। বাস্তুনি বাস্তুবিষয়ে দ্বারং নির্গমবর্ত্ম কেন্দ্রগতগ্রহাৎ জ্ঞাতব্যং কেন্দ্রে যো গ্রহঃ তদ্দিশি নির্গমবর্ত্মেত্যর্থঃ। বহুষু সৎসু

* লগ্ন এবং লগ্ন হইতে চতুর্থ, সপ্তম ও দশম স্থানকে কেন্দ্র কহে।

বলিনোগ্রহস্ত এবং দ্বয়োর্ব্বলবশাৎ যেহপি নির্গমবর্ত্মনী জ্ঞাতব্যে কেন্দ্রেগ্রহে বসতি সতি লগ্নর্ক্ষাদিশীত্যর্থঃ। এবং যস্মিন্ গৃহে জন্ম তস্ত দ্বারং বোধব্যং অর্কাদ্দীপো জ্ঞাতব্যঃ যদি লগ্নে রবিস্থিতস্তস্যাং দিশি আদিত্যারূঢ়চররাশের্দ্দিশি সঞ্চার্য্যমানোদীপোবাচ্যঃ। যদি আদিত্যারূঢ়-স্থিররাশের্দ্দিশি তদা স্থিরোদীপোবাচ্যঃ। আদিত্যারূঢ়দ্ব্যাত্মকরাশের্দ্দিশি চলিতঃ দীপঃ স্থিরশ্চ বাচ্যঃ। তথা চ বৃহজ্জাতকে। "স্নেহঃ শশাঙ্কাদুদয়াচ্চ বর্ত্তির্দ্দীপোঽর্কযুক্তর্ক্ষবশাচ্চরাদ্যৈ রিতি তথার্কস্ত বলাবলাদ্দীপস্ত উজ্জ্বলাদুজ্জ্বলত্বং বদেদিত্যর্থঃ। তথা উদয়াদ্বর্ত্তির্জ্ঞেয়া লগ্নভোগবশেন বর্ত্তের্দ্দগ্ধতা বাচ্যা তথা চন্দ্রাৎ স্নেহনির্দেশঃ তৈলং বাচ্যং চন্দ্রস্য ক্ষীণত্ব পূর্ণত্বাভ্যাং তৈলস্তানল্পাল্পত্বং জ্ঞাতব্যং। অন্যে তু চন্দ্রস্তারূঢ়রাশের্ভোগাৎ স্নেহোবাচ্য ইতি বদন্তি তদযুক্তং। তথাচ সারাবল্যাং :"যাবল্লগ্নাদুদিত বর্ত্তিদগ্ধা তু তাবতী ভবতি দীপঃ পূর্ণঃ পূর্ণে শশিনিক্ষীণে ক্ষয়স্ত তৈলস্ত।" ১০

## অথ দীপস্থিতিজ্ঞানম্।

**দ্বাদশভাগে বিভক্তে বাসগৃহে ব্যবস্থিতে সহস্রাংশৌ।**
**দীপশ্চরস্থিরাদিষু তথৈব বাচ্যঃ প্রসবকালে॥ ১১**

সুতিকাগৃহকে দ্বাদশভাগে বিভক্ত করিয়া চর, স্থির ও দ্ব্যাত্মকরাশির মধ্যে যে কোন রাশিতে প্রসব সময়ে রবিগ্রহ অবস্থিত হন সেই রাশির অধিপতি যে গ্রহ হইবে সেই দিকেই দীপ সঞ্চালিত হয়। ১১

## অথ বর্ত্তিজ্ঞানম্।

**লগ্নস্য যস্ত বর্ণোঽপি নির্দ্দিষ্টস্তেন বর্ত্তিরাদেশ্যা।**
**লগ্নস্যোদিতাদ্ভাগাৎ ক্ষীণোজ্ঞেয়োদশাভাগঃ॥ ১২**

লগ্নের যে বর্ণ নির্দ্দিষ্ট আছে সেই বর্ণ অনুসারে বর্ত্তির বর্ণ নির্দ্দেশ করিবে, আর জন্মসময়ে লগ্নের যত অংশ ভুক্ত হইয়া থাকে বর্ত্তির (শলিতার) সেই পরিমাণ অংশ দগ্ধ হয়। ১২

## অথ তৈলজ্ঞানম্।

**ইন্দোর্ভাগবশাদ্রাশের্দীপে তৈলস্য সংস্থিতিঃ।**
**কেচিৎ পূর্ণাদিভেদেন বদন্ত্যেবং মনীষিণঃ॥ ১৩**

প্রসবসময়ে রাশির যত অংশ ভোগ করিতে চন্দ্রের বাকি থাকে দীপে তত অংশ দগ্ধ হইতে বাকি থাকিবে। কোন কোন পণ্ডিতেরা বলেন, চন্দ্রের পূর্ণাদি ভেদদ্বারা দীপে তৈলের স্থিতি জানিতে হয়। ১৩

---

## অথ ষড়্বর্গনির্ণয়ঃ।

### তত্রাদৌ ক্ষেত্রকথনম্।

**কুজশুক্রবুধেন্দ্বর্কসৌম্যশুক্রাবনিভুবাং।**

**জীবার্কিভূমিজেজ্যানাং ক্ষেত্রাণি স্যুরজাদয়ঃ। ১**

অধুনা ক্ষেত্র ও ক্ষেত্রাধিপতি গ্রহ কথিত হইতেছে—মঙ্গল,শুক্র, বুধ, চন্দ্র, রবি, বুধ, শুক্র, মঙ্গল,বৃহস্পতি, শনি, শনি ও বৃহস্পতি ইহারা যথাক্রমে মেষাদি রাশির ক্ষেত্রাধিপতি হন। অর্থাৎ মেষাদি দ্বাদশরাশি উক্ত গ্রহগণের ক্ষেত্র হয়, যথা—মঙ্গলের ক্ষেত্র মেষ, শুক্রের বৃষ, বুধের মিথুন, চন্দ্রের কর্কট, রবির সিংহ, বুধের কন্যা, শুক্রের তুলা, মঙ্গলের বৃশ্চিক, বৃহস্পতির ধনু, শনির মকর, শনির কুম্ভ এবং বৃহস্পতির ক্ষেত্র মীন রাশি হইয়া থাকে। ১

### অথ হোরাকথনম্। *

**হোরে বিষমেঽর্কেন্দ্বোঃ সমরাশৌ চন্দ্রসূর্য্যয়োঃ। ২**

হোরা কথিত হইতেছে—রাশির (লগ্নের) অর্দ্ধভাগের নাম হোরা। বিষমরাশির প্রথম হোরা রবির ও দ্বিতীয় হোরা চন্দ্রের হয় আর সমরাশিতে প্রথম হোরা চন্দ্রের ও দ্বিতীয় হোরা রবির হইয়া থাকে।

**ওজঃস্থ রবেঃ প্রথমা পরা হিমাংশোঃ**

**সমে বিপরীতা ইতি সত্যাচার্য্যঃ। ৩**

সত্যাচার্য্য বলিয়াছেন যে—ওজ (বিষম) রাশির প্রথম হোরা রবির ও দ্বিতীয় হোরা চন্দ্রের হয়।" আর সমরাশিতে ইহার বিপরীত অর্থাৎ প্রথম হোরা চন্দ্রের ও দ্বিতীয় হোরা রবির হইয়া থাকে। ৩

### হোরাফলম্।

**সূর্য্যস্য হোরায়াং তেজস্বিনোভবন্তি**

**চন্দ্রস্যহোরায়াং মৃদবোভবন্তি। ৪**

রবির হোরাতে জাতব্যক্তি তেজস্বী হয় এবং চন্দ্রের হোরাতে জাত মনুষ্য মৃদু হইয়া থাকে। ৪

### অথ দ্রেক্কাণ কথনম্।

**দ্রেক্কাণাঃ প্রথমপঞ্চনবপানাং। †**

---

* হোরায়াস্তর্দ্ধং দ্বিবচননির্দ্দেশাৎ।

† দ্রেক্কাণা ইতি স্বগৃহস্থিতরাশিত্রিভাগস্য দ্রেক্কাণসংজ্ঞা বহুবচননির্দ্দেশাৎ তদধিপতয়োনির্দ্দেশাচ্চ।

দ্রেক্কাণ কথিত হইতেছে—লগ্নকে তিন অংশে বিভক্ত করিলে তাহার এক এক ভাগের নাম দ্রেক্কাণ বলা যায়। প্রথম দ্রেক্কাণের অধিপতি লগ্নাধিপতি-গ্রহ, দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি লগ্ন হইতে পঞ্চমরাশ্যধিপতি গ্রহ এবং তৃতীয় দ্রেক্কাণের অধিপতি গ্রহের নবমরাশ্যধিপতি'গ্রহ হইয়া থাকেন। ৪

রাশেস্ত্রিধাদ্রেক্কাণাস্তৎপঞ্চমনবমভবনপতয়স্তু

তেষামধিপাঃ স্যুঃ স্বদ্রেক্কাণগ্রহাবলিনঃ। ৫

ইতি সত্যাচার্য্যঃ।

সত্যাচার্য্য কহিয়াছেন—রাশিকে (লগ্নকে) তিনভাগে বিভক্ত করিলে প্রথম দ্রেক্কাণ লগ্নাধিপতি গ্রহের, দ্বিতীয় দ্রেক্কাণ' লগ্ন হইতে পঞ্চমরাশ্যধিপতি গ্রহের এবং তৃতীয় দ্রেক্কাণ নবমরাশ্যধিপতি গ্রহের হয়, কিন্তু ইহার মধ্যে স্বীয় দ্রেক্কাণাধিপতি গ্রহই বলবান্ হইয়া থাকেন। ৫

মীনকুম্ভধনুর্ম্মেষমৃগকর্কে দ্বিতীয়কে।
বৃষে দ্বন্দ্বে চ ভূসংখ্যে কন্যাদ্যন্তৌ ভবেত্তকাম্।
বৃশ্চিকে প্রথমে মধ্যে দ্রেক্কাণে কন্যকা ভবেৎ।
অন্যস্মিন্ পুরুষোজাতো দ্রেক্কাণে মুনিনোদিতঃ॥ ৬

লগ্নের দ্রেক্কাণবিশেষে পুরুষ ও কন্যার জন্ম কথিত হইতেছে,—মীন, কুম্ভ, ধনু, মেষ, মকর ও কর্কটলগ্নের দ্বিতীয় দ্রেক্কাণে, বৃষ ও মিথুনলগ্নের প্রথম দ্রেক্কাণে, কন্যালগ্নের প্রথম ও তৃতীয় দ্রেক্কাণে এবং বৃশ্চিকলগ্নের প্রথম ও দ্বিতীয় দ্রেক্কাণে কন্যা জন্মে, এতদ্ভিন্ন দ্রেক্কাণে পুরুষ জন্মিয়া থাকে। ৬

## অথ নবাংশকথনম্।

মেষকেশরিচাপানাং মেষাদ্যাঃ স্যুর্নবাংশকাঃ।
কর্কিবৃশ্চিকমীনানাং কর্কটাদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ।
তুলাকুম্ভনৃযুগ্মানাং তুলাদ্যাঃ কথিতাইমে।
মকরস্ত্রীবৃষাণাঞ্চ মকরাদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ॥ ৭

নবাংশ কথিত হইতেছে যথা,—লগ্নমানকে নয়ভাগে বিভক্ত করিলে তাহার এক এক ভাগের নাম নবাংশ বলা যায়। মেষ, সিংহ ও ধনুর মেষাদি * করিয়া নবাংশ গণনা করিতে হয়। কর্কট, বৃশ্চিক ও মীনের কর্কটাদি নবাংশ গণনা

* মেষ, সিংহ ও ধনু এই তিনলগ্নের নবাংশ মেষ হইতে গণনা করিবে অর্থাৎ নব ভাগে বিভক্ত লগ্নের প্রথমভাগ মেষাধিপতি মঙ্গলের,' দ্বিতীয়ভাগ বৃষাধিপতি শুক্রের, তৃতীয়ভাগ মিথুনাধিপতি বুধের ইত্যাদিরূপে নবাংশ দেখিতে হইবে।

হইয়া থাকে। তুলা, কুম্ভ ও মিথুনের তুলাদি করিয়া নবাংশ গণনা হয়, আর মকর, কন্যা ও বৃষের মকরাদি গণনায় নবাংশ দেখিতে হয়। ৭

চরাণাং সত্রিকোণানাং তচ্চরাদ্যানবাংশকাঃ।
রাশীনাং স্বনবাংশো যঃ সবর্গোত্তমসংজ্ঞকঃ॥ ৮

মেষ, কর্কট, তুলা ও মকর এই চারিটী রাশিকে চররাশি বলা যায়। ঐ চররাশির ও ইহাদের পঞ্চম এবং নবমরাশির নবাংশ ঐ চররাশি হইতেই গণনা করিতে হয়। রাশির যে স্বীয় নবাংশ তাহাকে বর্গোত্তম বলা যায়। ৮

চরাণাং প্রথমোহংশঃ স্থিরাণাং পঞ্চমস্তথা।
দ্ব্যাত্মকানাং তথাচান্ত্যঃ সবর্গোত্তমসংজ্ঞকঃ॥ ৯

চর (মেষ, কর্কট, তুলা ও মকর) রাশির প্রথমাংশই বর্গোত্তম সংজ্ঞায় অভিহিত। স্থির অর্থাৎ বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভরাশির পঞ্চমাংশকে বর্গোত্তম বলা যায়, আর দ্ব্যাত্মক অর্থাৎ মিথুন, কন্যা, ধনু ও মীনরাশির নবমাংশ বর্গোত্তম নামে অভিহিত হইয়া থাকে। ৯

## অথ দ্বাদশাংশকথনম্।

স্বর্ক্ষে চ মেষপূর্ব্বাণাং স্বর্ক্ষাদ্যাদ্বাদশাংশকাঃ। ১০

লগ্নমানকে দ্বাদশভাগে বিভক্ত করিলে তাহার এক এক ভাগকে দ্বাদশাংশ বলা যায়, মেষাদিরাশির দ্বাদশাংশ মেষাদি করিয়া দ্বাদশরাশির অধিপতি ভোগ করিয়া থাকেন। ১০

## অন্যচ্চ।

লগ্নমানং ব্যবস্থাপ্য দ্বাদশেষেব রাশিযু।
কৃত্বা দ্বাদশভাগাংস্তু গণয়েৎ স্বগৃহাদ্বুধঃ॥ ১১

বচনান্তরে উক্ত হইয়াছে যে,—লগ্নমানকে দ্বাদশভাগে বিভক্ত করিলে তাহার এক এক ভাগের নাম দ্বাদশাংশ, যে লগ্নের দ্বাদশাংশ বিচার করিতে হইবে তাহার স্বকীয় ঘর হইতে গণনা করিতে হয়। যেমন মেষলগ্নের দ্বাদশাংশ মেষ হইতে গণনা করিবে, বৃষলগ্নের বৃষ হইতে এবং মিথুন লগ্নের মিথুন হইতে ইত্যাদি। ১১

## অথ ত্রিংশাংশকথনম্।

কুজযমজীবজ্ঞসিতাঃ পঞ্চেন্দ্রিয়বসুমুনীন্দ্রিয়াংশানাং।
বিষমেষু সমর্ক্ষেষূৎক্রমতস্ত্রিংশাংশাঃ কল্প্যাঃ॥ ১২

অধুনা ত্রিংশাংশ কথিত হইতেছে —লগ্নমানকে ত্রিংশৎভাগে বিভক্ত করিলে

তাহার এক এক ভাগের নাম ত্রিংশাংশ, এই ত্রিংশাংশ বিষমরাশির প্রথম পাঁচভাগ মঙ্গলের, তৎপরের পাঁচভাগ শনির, আটভাগ বৃহস্পতির, সাতভাগ বুধের এবং চরম পাঁচভাগ শুক্রের ভোগ জানিবে। সমরাশির ত্রিংশাংশ উৎক্রমে গণনা করিতে হয়। অর্থাৎ প্রথম শুক্রের, তৎপরে বুধের, বৃহস্পতির, শনির এবং সর্ব্বশেষে মঙ্গলের ত্রিংশাংশ হইয়া থাকে। ১২

# অথ যামার্দ্ধকথনম্।

আদৌ দিনেশযামার্দ্ধস্তদন্তে তৎপরাঃ ক্রমাৎ।
দিবসেষু ষড়াবৃত্ত্যা পঞ্চাবৃত্ত্যা তু রাত্রিষু॥ ১

ইতি সারসংগ্রহে।

যামার্দ্ধ কথিত হইতেছে—দিনমান কি রাত্রিমানকে আটভাগে বিভক্ত করিলে তাহার এক এক ভাগের নাম যামার্দ্ধ। ইহার প্রথম যামার্দ্ধ দিবাতেই হউক কি রাত্রিতেই হউক বারাধিপতির হইবে। দিবাতে দ্বিতীয়াদি যামার্দ্ধ বারাধিপতি হইতে গণনায় ষষ্ঠ গ্রহের হয় এবং রাত্রিতে পঞ্চম গ্রহের হইয়া থাকে। অর্থাৎ রবিবার দিবাতে প্রথম যামার্দ্ধ রবির, দ্বিতীয় যামার্দ্ধ শুক্রের, তৃতীয় যামার্দ্ধ বুধের, চতুর্থ যামার্দ্ধ চন্দ্রের, পঞ্চম যামার্দ্ধ শনির, ষষ্ঠ যামার্দ্ধ বৃহস্পতির, সপ্তম যামার্দ্ধ মঙ্গলের এবং অষ্টম যামার্দ্ধ রবির হয়। রাত্রিতে প্রথম যামার্দ্ধ রবির, দ্বিতীয় যামার্দ্ধ বৃহস্পতির, তৃতীয় যামার্দ্ধ চন্দ্রের, চতুর্থ যামার্দ্ধ শুক্রের, পঞ্চম যামার্দ্ধ মঙ্গলের, ষষ্ঠ যামার্দ্ধ শনির, সপ্তম যামার্দ্ধ বুধের এবং অষ্টম যামার্দ্ধ রবির হইয়া থাকে। অন্যান্য বারেও বারাধিপতি হইতে ঐরূপ গণনা করিয়া যামার্দ্ধ দেখিতে হইবে। ১

দ্যুনিশোঃ ষড়িষুক্রমাদ্‌বারেশাদর্দ্ধযামতঃ। ২

ইতি সারসংগ্রহে।

দিবাতে বারাধিপতি হইতে গণনায় ছয় ছয় গ্রহ অন্তরে যামার্দ্ধাধিপ হয়, আর রাত্রিতে বারাধিপতি হইতে পাঁচ পাঁচ গ্রহ অন্তরে যামার্দ্ধাধিপতি হইয়া থাকে। ২

বারেশাদর্দ্ধযামেষু রাত্র্যহ্নোঃ পঞ্চষট্‌ক্রমাৎ
অধিপাঃ স্যুগ্রহাস্তত্র যথার্কাহ্নে ভবন্তি তে।
রবীজ্যেন্দু ভৃগুক্ষ্মাজশনিজ্ঞরবয়োনিশি

রবিশুক্রজ্ঞরাত্রীশশনীজ্যকুজভাস্করাঃ।
দিনেষু স্যাঃ পরেষেবং তত্রাধ্যক্ষাশ্চতুর্গ্রহাঃ॥ ৩

ইতি সৎকৃত্যমুক্তাবল্যাং।

সৎকৃত্যমুক্তাবলীতে উক্ত হইয়াছে যে,—রাত্রিতেই হউক কিম্বা দিবাতেই হউক প্রথম যামার্দ্ধের অধিপতি বারাধিপতিগ্রহ হয়েন, বারাধিপতি গ্রহ হইতে গণনায় পঞ্চম গ্রহ দ্বিতীয় যামার্দ্ধের অধিপতি ও দ্বিতীয় যামার্দ্ধাধিপতির পঞ্চম গ্রহ তৃতীয় যামার্দ্ধের অধিপতি ইত্যাদিরূপে রাত্রিতে সকল যামার্দ্ধের অধিপতি নির্ণয় করিবে। দিবাতেও বারাধিপতির প্রথম যামার্দ্ধ, বারাধিপতি হইতে গণনায় ষষ্ঠ গ্রহ দ্বিতীয় যামার্দ্ধের অধিপতি এবং দ্বিতীয় যামার্দ্ধাধিপতি হইতে গণনায় ষষ্ঠ গ্রহ তৃতীয় যামার্দ্ধের অধিপতি হইয়া থাকেন। অন্যান্য যামার্দ্ধের অধিপতিও ঐ নিয়মেই দেখিতে হইবে। রবিবারে রাত্রিতে প্রথম যামার্দ্ধের অধিপতি রবি, দ্বিতীয় যামার্দ্ধের অধিপতি বৃহস্পতি, তৃতীয় যামার্দ্ধের অধিপতি চন্দ্র, চতুর্থ যামার্দ্ধের অধিপতি শুক্র, পঞ্চম যামার্দ্ধের অধিপতি মঙ্গল, ষষ্ঠ যামার্দ্ধের অধিপতি শনি, সপ্তম যামার্দ্ধের অধিপতি বুধ এবং অষ্টম যামার্দ্ধের অধিপতি রবি। দিবাতে প্রথম যামার্দ্ধের অধিপতি রবি, দ্বিতীয়ের শুক্র, তৃতীয়ের বুধ, চতুর্থের চন্দ্র, পঞ্চমের শনি, ষষ্ঠের বৃহস্পতি, সপ্তমের মঙ্গল এবং অষ্টম যামার্দ্ধের অধিপতি রবি নির্দ্দিষ্ট আছেন। প্রত্যেক যামার্দ্ধেরই চারিটী করিয়া গ্রহ অধিপতি হয়েন তাহাদিগকে দণ্ডাধিপতি বলা যায়। এইরূপে অন্যান্য বারের যামার্দ্ধাধিপতি নির্ণয় করিতে হইবে। ৩

অথ দণ্ডকথনম্।

যামার্দ্ধাধিপসংখ্যাতোদ্বিতীয়স্তু তদর্দ্ধতঃ।
তদর্দ্ধাত্তু তৃতীয়ঃ স্যাত্তদর্দ্ধাত্তু তুরীয়কঃ।
অঙ্কাভাবে তু রাহুঃ স্যাত্তদঙ্কোবসুসংজ্ঞকঃ।
ভগ্নাঙ্কস্য পরিত্যাগাদ্দিবাদণ্ডাধিপা যথা॥
রবৌ রাহুর্ব্বুধশ্চন্দ্রঃ পরেষপ্যেবমাদিশেৎ॥ ৪

ইতি সৎকৃত্যমুক্তাবল্যাং।

অধুনা দণ্ড বর্ণিত হইতেছে,—যামার্দ্ধকে চারিভাগে বিভক্ত করিলে তাহার এক এক ভাগের নাম দণ্ড। দিবাতে প্রথম যামার্দ্ধাধিপতির দণ্ড হয়, আর ঐ যামার্দ্ধপতিকে যে অঙ্কে বুঝায় তাহার অর্দ্ধাঙ্কবিশিষ্ট গ্রহ দ্বিতীয় দণ্ডের অধিপতি। দ্বিতীয় দণ্ডাধিপতি যে অঙ্কে ব্যবহৃত হয়েন তাঁহার অর্দ্ধাঙ্কবিশিষ্টগ্রহ তৃতী দণ্ডের অধিপতি এবং তৃতীয় দণ্ডাধিপতিকে যে অঙ্কে বুঝায় তাহার অর্দ্ধাঙ্ক-

বিশিষ্টগ্রহ চতুর্থদণ্ডের অধিপতি হইয়া থাকেন। যেখানে অঙ্ক না হইয়া শূন্য পড়িবে সেই অঙ্ক আট ধরিয়া তাহার অধিপতি রাহু হইবে। অর্দ্ধ লইতে ভগ্নাঙ্ক হইলে তাহা পরিত্যাগ করিবে, দিবাতে এই নিয়মে দণ্ডাধিপতিগ্রহ জানা যায়।

রবির যামার্দ্ধে রবি, রাহু, বুধ ও চন্দ্র ক্রমে দণ্ডাধিপতি হয়েন, এইরূপ অন্যান্য যামার্দ্ধেও দণ্ডাধিপতি নির্ণয় হইবে। ৪

বিশেষমাহ।

রবিদনুজবুধগৌশ্চন্দ্রসুরাসুরজ্ঞাঃ
কুজরবিদনুজজ্ঞাজ্জেন্দুসুরাসুরাশ্চ।
গুরুশশিরবিদৈত্যাঃ শুক্রভৌমার্কদৈত্যাঃ
শনিকুজরবিদৈত্যাদণ্ডদণ্ডে গ্রহাঃ স্যুঃ ॥৫

ইতি সারসংগ্রহে।

দণ্ডাধিপতির বিবরণ স্পষ্ট বর্ণিত হইতেছে যথা—দিবাতে রবির যামার্দ্ধে প্রথম দণ্ড রবির, দ্বিতীয় দণ্ড রাহুর, তৃতীয় দণ্ড বুধের, চতুর্থ দণ্ড চন্দ্রের। চন্দ্রের যামার্দ্ধে প্রথম দণ্ড চন্দ্রের, দ্বিতীয় দণ্ড রবির, তৃতীয় দণ্ড রাহুর, চতুর্থ দণ্ড বুধের। মঙ্গলের যামার্দ্ধে প্রথম দণ্ড মঙ্গলের, দ্বিতীয় দণ্ড রবির, তৃতীয় দণ্ড রাহুর, চতুর্থ দণ্ড বুধের। বুধের যামার্দ্ধে প্রথম দণ্ড বুধের, দ্বিতীয় দণ্ড চন্দ্রের, তৃতীয় দণ্ড রবির, চতুর্থ দণ্ড রাহুর। বৃহস্পতির যামার্দ্ধে প্রথম দণ্ড বৃহস্পতির, দ্বিতীয় দণ্ড চন্দ্রের, তৃতীয় দণ্ড রবির, চতুর্থ দণ্ড রাহুর। শুক্রের যামার্দ্ধে প্রথম দণ্ড শুক্রের, দ্বিতীয় দণ্ড মঙ্গলের, তৃতীয় দণ্ড রবির, চতুর্থ দণ্ড রাহুর। শনির যামার্দ্ধে প্রথম দণ্ড শনির, দ্বিতীয় দণ্ড মঙ্গলের, তৃতীয় দণ্ড রবির, চতুর্থ দণ্ড রাহুর এইরূপ প্রত্যেক দণ্ডের অধিপতি এক একটি গ্রহ হইয়া থাকেন। ৫

অথ সূতিকাবস্ত্রেণ শিশোর্দণ্ডজ্ঞানম্।

দগ্ধবস্ত্রং রবের্দ্দণ্ডে শ্বেতঞ্চ শশিনস্তথা।
ভৌমে সরক্তহারিদ্রং বুধে ছিদ্রং নবাংশুকে।
গুরোশ্চিত্রং ভৃগোশ্ছিদ্রং ছিন্নভিন্নং শনৈশ্চরে।
রাহোঃ শুক্লেতরং জীর্ণমিতিদণ্ডস্য নির্ণয়ঃ ॥ * ৬

ইতি সারসংগ্রহে।

* দণ্ডজ্ঞানের অনেক প্রকার সঙ্কেত আছে, তাহা গুরূপদেশ সাপেক্ষ। এখানে গুটী দুই লিখিত হইল। "শকাব্দাঙ্কং তিথেরঙ্কং মাসঙ্কঞ্চাঙ্কমেব চ। একীকৃত্যাষ্টভির্হৃত্বা দিবা রাত্রৌ তু সপ্তভিঃ॥" ইতি গ্রন্থান্তরে।

রবির দণ্ডে প্রসব হইলে প্রসূতির দগ্ধ বস্ত্র পরিধান থাকে, এইরূপ চন্দ্রের দণ্ডে শুক্লবস্ত্র, মঙ্গলের দণ্ডে রক্তবর্ণযুক্ত হারিদ্রেয় বস্ত্র, বুধের দণ্ডে ছিদ্রযুক্ত নূতনবস্ত্র, বৃহস্পতির দণ্ডে চিত্রিতবস্ত্র, শুক্রের দণ্ডে ছিদ্রযুক্তবস্ত্র, শনির দণ্ডে ছিন্নবস্ত্র এবং রাহুর দণ্ডে প্রসূতির পরিধেয় বস্ত্র শুক্লেতর অথচ জীর্ণ থাকে। ৬

## অথ রাত্রিদণ্ডকথনম্।

যামার্দ্ধাধিপতের্দ্দণ্ডঃ প্রাক্ জ্ঞেয়োজন্মবাসরে।
ষড়াবৃত্ত্যা ক্রমেণৈব নিশাদণ্ডাধিপাযথা॥ ৭

রাত্রির দণ্ডাধিপতিগ্রহ কথিত হইতেছে—রাত্রিতে প্রথম দণ্ডের অধিপতি যামার্দ্ধাধিপতি হয়েন, যামার্দ্ধাধিপতি হইতে গণনায় ছয় ছয় গ্রহ অন্তরে দ্বিতীয়াদি দণ্ডের অধিপতি হইয়া থাকেন। ৭

যস্যার্দ্ধযামস্তস্যৈব প্রাগ্ দণ্ডঃ সমুদাহৃতঃ।
ষট্‌ষট্‌পরীত্য রাত্রৌ তু ত্রয়োদণ্ডাধিপাযথা।
রবৌ ভৃগুর্ব্বুধশ্চন্দ্রঃ পরেষেবং প্রকল্পয়েৎ॥ ৮

ইতি সৎকৃত্যমুক্তাবল্যাং॥

যাহার যামার্দ্ধ প্রথম দণ্ডের অধিপতি সেই গ্রহ,রাত্রিতে দণ্ডাধিপতিগ্রহ হইতে গণনায় ষষ্ঠ গ্রহ দ্বিতীয় দণ্ডের অধিপতি,এই নিয়মে তৃতীয় ও চতুর্থ দণ্ডের অধিপতি নির্ণয় করিতে হইবে। রাত্রিতে রবির যামার্দ্ধে প্রথম দণ্ডের অধিপতি রবি, দ্বিতীয় দণ্ডের অধিপতি শুক্র, তৃতীয় দণ্ডের অধিপতি বুধ এবং চতুর্থ দণ্ডের অধিপতি চন্দ্র হয়েন, অন্যান্য যামার্দ্ধেও এই নিয়মে দেখিবে। ৮

## বিশেষমাহ।

আদিত্যে ভৃগুবোধনৌ শশধরশ্চন্দ্রে শনীজ্যৌকুজঃ
ভৌমেঽর্কঃ সিতসোমজৌ শশিসুতে রাত্রীশশৌরীজ্যকাঃ।
জীবেঽঙ্গাররবী ভৃগুর্ভৃগুসুতে রৌহিণ্যচন্দ্রাত্মকাঃ
কালে জীবমহীজচণ্ডকিরণা রাত্রৌ চ দণ্ডাধিপাঃ॥ ৯

ইতি সারসংগ্রহে।

দণ্ডাধিপতি স্পষ্টরূপে বর্ণিত হইতেছে—রবির যামার্দ্ধে প্রথম দণ্ডাধিপতি রবি, দ্বিতীয় শুক্র, তৃতীয় বুধ ও চতুর্থ চন্দ্র, এইরূপ চন্দ্রের যামার্দ্ধে চন্দ্র, শনি, বৃহস্পতি ও মঙ্গল, মঙ্গলের যামার্দ্ধে মঙ্গল, রবি, শুক্র ও বুধ, বুধের যামার্দ্ধে বুধ, চন্দ্র, শনি ও বৃহস্পতি, বৃহস্পতির যামার্দ্ধে বৃহস্পতি, মঙ্গল, রবি ও শুক্র, শুক্রের যামার্দ্ধে শুক্র, বুধ, চন্দ্র ও শনি এবং শনির যামার্দ্ধে শনি, বৃহস্পতি মঙ্গল ও রবি ক্রমে রাত্রিদণ্ডের অধিপতি নির্দ্দিষ্ট আছেন। ৯

# বিবিধ যোগাদিকথনম্।

## অথ জন্মসময়ে পিতুঃ পরোক্ষাদিজ্ঞানম্।

বাচ্যং শিশোর্জন্ম পিতুঃ পরোক্ষং ক্ষপাকরে পশ্যতি নৈব লগ্নং।
চরস্থিতেঽর্কেঽষ্টমধর্ম্মগে বা জাতঃ পরোক্ষে বিপরীতি বাচ্যম্॥ ১

ইতি ভীমপরাক্রমে।

পিতার অসমক্ষে শিশুর জন্ম কথিত হইতেছে—যদি চন্দ্রমা জাতলগ্নে দৃষ্টি না করেন আর রবি চররাশিতে থাকিয়া অষ্টম কি নবমস্থায়ী হয়েন তবে সেই লগ্নে জাতবালক পিতার পরোক্ষে জন্মিয়াছে বুঝিতে হইবে। ১

লগ্নে স্থিতে বা দিননাথসূনৌ বামিত্রসংস্থেঽপ্যথ মহীজে।
চন্দ্রে চ শুক্রেন্দুজমধ্যগে বা বিদেশসংস্থে পিতরি প্রজাতঃ॥ ২

ইতি ভীমপরাক্রমে।

জাতলগ্নে যদি শনৈশ্চর অবস্থিত করেন আর মঙ্গল ঐ লগ্নের সপ্তমস্থানে থাকেন তাহা হইলে শিশুর জন্মসময়ে পিতা বিদেশে থাকেন এবং জন্মকালে শুক্র ও বুধের মধ্যে চন্দ্র অবস্থিত হইলেও শিশুর জন্মকালীন পিতা বিদেশে ছিলেন জানিতে হইবে। ২

## অথ জারজযোগঃ।

ন লগ্নমিন্দুঞ্চ গুরুর্নিরীক্ষতে ন বা শশাঙ্কং রবিণা সমাযুতং।
সপাপকোঽর্কেণ যুতোঽথ বা শশী পরেণ জাতং প্রবদন্তি নিশ্চয়াৎ॥ ৩

অধুনা জারজযোগ কথিত হইতেছে যথা,—যদি জন্মকালীন বৃহস্পতি লগ্ন ও চন্দ্রেকে না দেখিতে পান তবে সেই বালক অন্য দ্বারা জাত হইবে। আর যদি লগ্নে বৃহস্পতির দৃষ্টি থাকে কিন্তু রবিযুক্ত চন্দ্রকে তিনি না দেখেন তবে সেই বালকও জারজ হইবে। লগ্নে বৃহস্পতির দৃষ্টি থাকুক বা না থাকুক রবিযুক্ত চন্দ্র যদি অন্য পাপগ্রহের সহিত একঘরে বাস করে তবে সেই বালক নিশ্চয়ই জারজ হয়; এই যোগত্রয় পণ্ডিতগণ কর্ত্তৃক কথিত হইয়াছে। ৩

জারজযোগমাহ। ন লগ্নমিতি। গুরুর্যদি লগ্নং চন্দ্রঞ্চ ন নিরীক্ষতে তদৈকো-জারজযোগঃ স্যাৎ লগ্নে দৃষ্টে সত্যপি রবিযুক্তং চন্দ্রং যদি গুরুর্ন নিরীক্ষতে তদা দ্বিতীয়ঃ অথবা লগ্নং পশ্যতু ন বা পশ্যতু যদি সার্কঃ শশী অন্যপাপগ্রহেণ যুক্তঃ স্যাৎ তদাঃবুধাঃ পরজাতমেব বদন্তি। তথা লঘুজাতকে। "পাপযুতেঽর্কঃ সেন্দুঃ পশ্যতি হোরাং ন চন্দ্রমপি জীবঃ। পশ্যতি সার্কং নেন্দুং যদি জীবো বা পরৈর্জ্জাতঃ।" তথা জারজযোগান্তরমুক্তং দ্বাদশ্যাঞ্চ দ্বিতীয়ায়াং সপ্তম্যামিত্যাদি। ৩

অন্যচ্চ।

অজীবভাগে হ্যনিরীক্ষিতে বা জীবেন চন্দ্রেঽথ বিলগ্নকে বা।
জাতং পরোদ্ভূতমিতি ব্রুবন্তি হারীতগর্গপ্রমুখামুনীন্দ্রাঃ॥ ৪

প্রকারান্তরে জারজযোগ কথিত হইতেছে—লগ্নে কি চন্দ্রে যদি বৃহস্পতির কোনরূপ সম্বন্ধ না থাকে তাহা হইলে সেই বালক পরজাত, ইহা হারীত, গর্গ প্রভৃতি মুনিগণ বলিয়াছেন। ৪

অপরঞ্চ।

দ্বাদশ্যাঞ্চ দ্বিতীয়ায়াং সপ্তম্যাং ভগ্নঋক্ষকে।
রবিমন্দকুজে বারে জারজঃ স প্রকীর্ত্তিতঃ॥ ৫

অন্যপ্রকার জারজযোগ কথিত হইতেছে— দ্বাদশী, দ্বিতীয়া ও সপ্তমীতিথি, ভগ্নপাদনক্ষত্র এবং রবি, শনি ও মঙ্গলবার ইহার অন্যতম তিথি, নক্ষত্র ও বার যদি এক সময়ে হয়, আর তাহাতে বালক জন্মে তবে সেই বালক জারজ বলিয়া কথিত হয়, এই জারজযোগের প্রতি প্রসব নাই। ৫

অথ জারজযোগভঙ্গঃ।

গুরুক্ষেত্রগতে চন্দ্রে তদ্‌যুক্তে বান্যবেশ্মনি।
তদ্দ্রেক্কাণে নবাংশে বা জায়তে ন পরেণ সঃ॥ ৬

এক্ষণে জারজযোগের প্রতিপ্রসব কথিত হইতেছে—যদি চন্দ্র বৃহস্পতির গৃহে (ধনু কি মীনরাশিতে) থাকেন তাহা হইলে জারজযোগে বালক জন্মিলেও জারজ নহে। আর ধনু, মীন ভিন্ন অন্যরাশিতে চন্দ্র গুরুযুক্ত হইলে বালক পরজাত নহে এবং বৃহস্পতির দ্রেক্কাণে কি বৃহস্পতির নবাংশে চন্দ্র থাকিলেও জাতবালক জারজ নহে। ৬

জারজযোগভঙ্গমাহ। গুরুক্ষেত্র ইতি। গুরুগৃহগতে চন্দ্রে সতি ন পরেণ জাতঃ অন্যগৃহস্থে চন্দ্রে গুরুযুক্তে সতি ন পরেণ জাতঃ তথা তদ্দ্রেক্কাণে গুরুদ্রেক্কাণে গুরু-নবাংশে চন্দ্রে গুরুক্ষেত্রগতে ন পরজাত ইতি। তথা শশাঙ্কো জীবসংযুক্তস্তদংশো বা ভবেদ্‌যদি। জীবক্ষেত্রগতোবাপি ন জাতঃ পরতস্তদা। এষ চ পূর্ব্বোক্তস্যৈবাপবাদঃ ন তু দ্বাদশ্যাঞ্চেত্যনেনোক্ত যোগান্তরস্যেতি। ৬

অন্যচ্চ।

শশাঙ্কোজীবসংযুক্তস্তদংশো বা ভবেদ্‌যদি।
জীবক্ষেত্রগতো বাপি ন জাতঃ পরতস্তদা॥ ৭

বচনান্তরেও জারজযোগভঙ্গ কথিত হইয়াছে—চন্দ্র যদি বৃহস্পতিযুক্ত কি বৃহস্পতির নবাংশাদিতে অথবা বৃহস্পতির ক্ষেত্রে অবস্থিতি করেন তাহা হইলে জারজযোগে জাতবালক জারজ হইবে না। এই সকল প্রতিপ্রসব "ন লগ্ন-মিন্দুঞ্চ ইত্যাদি বচনের" দ্বাদশ্যাঞ্চ দ্বিতীয়ায়াং এই বচনের নহে। ৭

## অথ বালস্য পিতৃ-মাতৃসাদৃশ্যজ্ঞানম্।

যাদৃক্ পশ্যতি সৌম্যস্তত্তুল্যং গুণং সুতঃ সমাধত্তে।
পিতৃজননীসাদৃশ্যং রবেঃ শশাঙ্কাচ্চ বলযোগাৎ॥ ৮

শিশুর পিতৃ-মাতৃসাদৃশ্য কথিত হইতেছে,—শুভগ্রহ লগ্নকে যেরূপ দৃষ্টিতে অবলোকন করেন জাতশিশু তদনুরূপ গুণ প্রাপ্ত হয়। আর রবির বলানুসারে মাতৃসাদৃশ্য হইয়া থাকে। ৮

## অথ গণ্ডযোগঃ।

অশ্বিনীমঘমূলানাং তিস্রোগণ্ডাদ্যনাড়িকাঃ।
অন্ত্যাঃ পৌষ্ণোরগেন্দ্রাণাং পঞ্চৈব জবনাজগুঃ॥ ৯

অধুনা গণ্ডযোগ কথিত হইতেছে,—অশ্বিনী, মঘা ও মূলানক্ষত্রের প্রথম তিন দণ্ড গণ্ড বলিয়া কথিত হয়। রেবতী, অশ্লেষা ও জ্যেষ্ঠানক্ষত্রের শেষ পাঁচ দণ্ড গণ্ড নামে অভিহিত। ৯

গণ্ডযোগমাহ। অশ্বিনীতি। অশ্বিনীমঘমূলানাং গণ্ডাদ্যনাড়িকাগণ্ডসংজ্ঞক-প্রথমনাড়িকাস্তিস্রোজগুরিত্যর্থঃ। কেচিত্তু আদ্যনাড়িকাস্তিস্রোগণ্ডা গণ্ডসংজ্ঞকাজগুঃ তন্মতে নঞাদিনির্দ্দিষ্টমনিত্যমিতি পুনঃ সঙ্কঃ রেবত্যশ্লেষাজ্যেষ্ঠানামন্ত্যপঞ্চৈব নাড়িকা গণ্ডসংজ্ঞকাজগুরিত্যর্থঃ। ৯

## অথ গণ্ডযোগস্যকালনির্ণয়ঃ।

মূলেন্দ্রয়োর্দ্দিবাগণ্ডোনিশায়াং পিতৃসর্পয়োঃ॥
সন্ধ্যাদ্বয়ে তথা জ্ঞেয়োরেবতীতুরগর্ক্ষয়োঃ॥ ১০

মূলা ও জ্যেষ্ঠানক্ষত্রে যে গণ্ড হয় তাহাকে দিবাগণ্ড বলা যায়। মঘা ও অশ্লেষানক্ষত্রের গণ্ডকে নিশাগণ্ড কহে। আর রেবতী ও অশ্বিনীনক্ষত্রে যে গণ্ড হয় তাহার নাম সন্ধ্যাগণ্ড। ১০

গণ্ডযোগস্য কালনৈয়ত্যমাহ। মূলেন্দ্রয়োরিতি। মূলাজ্যেষ্ঠয়োর্গণ্ডঃ দিবা দিবস এব স্যাৎ পিতৃসর্পয়োস্তু নিশায়ামেব গণ্ডঃ স্যাৎ অশ্বিনীরেবত্যোঃ সন্ধ্যাদ্বয় এব গণ্ডঃ স্যাদিত্যর্থঃ। ইতিগোটী। মূলাদ্যপাদোযদি রাত্রিভাগে তদাজ্ঞানানাস্তি পিতুঃকনাশঃ। দ্বিতীয়পাদোদিনগোযদি স্যান্নমাতুরন্যেঽপি তদা ন দোষঃ॥ ইতি গ্রন্থান্তরে। স্বর্গে শুচিপ্রোষ্ঠপদোষমাঘে ভূমৌ নভঃকার্ত্তিকচৈত্রপৌষে। মূলং হ্যধস্তাত্তু তপস্যমাসেবৈশাখশুক্রেষু শুভঞ্চ তত্র॥ ইতি চ গ্রন্থান্তরে। ১০

# বিবিধ রিষ্টকথনম্।

## অথ গণ্ডরিষ্টিঃ।

সন্ধ্যারাত্রিদিবাভাগে গণ্ডযোগোদ্ভবঃ শিশুঃ।
আত্মানং মাতরং তাতং বিনিহন্তি যথাক্রমম্। ১

গণ্ডরিষ্টি কথিত হইতেছে—সন্ধ্যাকালে রেবতী ও অশ্বিনীনক্ষত্রের গণ্ড-সময়ে জাতশিশু স্বয়ং বিনষ্ট হয়। রাত্রিকালে মঘা ও অশ্লেষানক্ষত্রের গণ্ডে জাতবালকের মাতার মৃত্যু হয়, দিবাতে মূলা কি জ্যেষ্ঠানক্ষত্রের গণ্ডে যে বালকের জন্ম হয় তাহার পিতার মৃত্যু হইয়া থাকে। ১

গণ্ডদোষমাহ। সজ্জ্যোতি। গণ্ডযোগে অশ্বিনীরেবত্যোর্গণ্ডে সন্ধ্যাকালে জাত আত্মানং হন্তি। পিতৃসর্পয়োর্গণ্ডযোগে রাত্রিকালে জাতোমাতরং হন্তি মূলেন্দ্রয়োর্গণ্ডযোগে দিবসে জাতঃ পিতরং হন্তি। অত্র চ দিবাভাগে নিশাগণ্ডনক্ষত্রে রাত্রৌ চ দিবাগণ্ডনক্ষত্র ইত্যাদি বিপরীতেন যদি স্যাৎ তদা মাত্রাদীনাং মহাপীড়াং ন জনয়তীত্যর্থঃ। অত্র চ শিশোর্দ্দর্শন এব গণ্ডযোগং বদন্তি। তথাচ রাজমার্ত্তণ্ডে। "গণ্ডপ্রসূত পুরুষং শুভমাহুরপশ্যতাং নৃণামেকে"। অন্যে হোমপূর্ব্বে দানে তদ্দর্শনং শুভদং। তথা গণ্ডাদৌ গণ্ডকান্তে চ বিবাহে ম্রিয়তেঽঙ্গনা। ন জীবেজ্জাতকোঽত্রৈব পিতৃমাতৃবিনাশকৃৎ। গতো ন জীবেৎ সীমন্তবিধৌ গর্ভচ্যুতির্ভবেৎ। ব্রতারম্ভে বিনাশঃ স্যাৎ ক্ষৌরে পঞ্চত্বমাদিশেৎ। বপনকৈব ধান্যানাং কীর্ত্ত্যারম্ভবিধিং নরঃ। যানি প্রশস্তকর্ম্মাণি তানি সর্ব্বাণি বর্জ্জয়েৎ। ১

মূলায়াঃ প্রথমে পাদে পিতুর্ব্বপুঃ প্রণশ্যতি।
দ্বিতীয়ে নিয়তাং পীড়াং মাতুঃ কুর্য্যাৎ পিতুস্তথা।
তৃতীয়ে ধননাশায় চতুর্থে সর্ব্বসম্পদঃ।
ব্যত্যয়েন ফলং জ্ঞেয়মশ্লেষাস্বপি পূর্ব্ববৎ॥ ২

ইতি জ্যোতিস্তত্ত্বে।

জ্যোতিস্তত্ত্বধৃত বচনে উক্ত হইয়াছে যে—মূলার প্রথমপাদে জাতশিশুর পিতৃবিয়োগ হয়, দ্বিতীয়পাদে জন্মিলে মাতা পিতা উভয়েরই সর্ব্বদাই পীড়া থাকে, তৃতীয়পাদে জন্মগ্রহণ করিলে ধননাশ হয় এবং চতুর্থপাদে জন্ম হইলে বালকের সকল সম্পত্তি বিনষ্ট হইয়া থাকে। অশ্লেষাদিনক্ষত্রে জন্মিলে ইহার বিপরীতভাবে ফল বিবেচিত হইবে। অর্থাৎ প্রথমপাদে সকল সম্পত্তি বিনষ্ট দ্বিতীয়পাদে ধনক্ষয় ইত্যাদি। ২

## অথ গণ্ডাপবাদঃ।

দিবাজাতা তু যা কন্যা নিশি জাতশ্চ যঃ পুমান্।
নোভয়োর্গণ্ডদোষঃ স্যান্নাচলোঽহাস্ত পর্ব্বতম্॥ ৩

ইতি জ্যোতিস্তত্ত্বে।

গণ্ডযোগের অপবাদ কথিত হইতেছে—যেমন পর্ব্বতকে পর্ব্বত বিনষ্ট করিতে পারে না, সেইরূপ দিবাগণ্ডে জাতাকন্যার ও রাত্রিগণ্ডে জাতপুরুষের গণ্ডদোষ হয় না। ৩

দিবাগণ্ডে নিশাজাতো নিশি গণ্ডেঽথবা দিবা।
নোভয়োর্গণ্ডদোষঃ স্যান্নাচলোহন্তি পর্ব্বতম্ ॥ ৪

ইতি জ্যোতিস্তত্ত্বে।

যেমন পর্ব্বতকে পর্ব্বত বিনাশ করিতে পারে না তদ্রূপ দিবাগণ্ড-সংজ্ঞক-নক্ষত্রে যদি রাত্রিতে জন্মে এবং নিশাগণ্ডসংজ্ঞক নক্ষত্রে যদি দিবাতে জন্মগ্রহণ করে তাহাতে গণ্ডদোষ হইবে না। ৪

অথ গণ্ডরিষ্টিশান্তিঃ।

সর্ব্বেষাং গণ্ডজাতানাং পরিত্যাগোবিধীয়তে।
তাতেনাদর্শনং বাপি যাবৎ ষাণ্মাসিকোভবেৎ ॥ ৫

ইতি জ্যোতিস্তত্ত্বে।

গণ্ডযোগে যে শিশু জন্মগ্রহণ করে তাহাকে পরিত্যাগ করিতে হয়, অথবা যে পর্য্যন্ত ছয় মাস না হইবে তাবৎ শিশুকে তাহার পিতা দর্শন করিবে না। ৫

কুঙ্কুমং চন্দনং কুষ্ঠং গোরোচনমথাপি বা ॥
ঘৃতেনৈবান্বিতং কৃত্বা চতুর্ভিঃ কলসৈর্ব্বুধঃ ॥
সহস্রাক্ষেণ মন্ত্রেণ বালকং স্নাপয়েত্ততঃ।
পিতৃযুক্তং দিবাজাতং মাতৃযুক্তঞ্চ রাত্রিজম্।
স্নাপয়েৎ পিতৃমাতৃভ্যাং সন্ধ্যয়োরুভয়োরপি।
বল্মীকমৃত্তিকাংদদ্যান্নদ্যাশ্চ তটমৃত্তিকাং।
গোবিষাণমৃদঞ্চৈব দন্তিমৃদঞ্চ নিঃক্ষিপেৎ।
তীর্থাম্ভঃ পঞ্চগব্যেন স্নানং মাতুঃ পিতুঃ শিশোঃ ॥
কাংস্যপাত্রং ঘৃতৈঃ পূর্ণং গণ্ডদোষোপশান্তয়ে।
দদ্যাদ্ধেনুং সুবর্ণঞ্চ গ্রহাংশ্চাপি প্রপূজয়েৎ ॥৬

গণ্ডদোষের শান্তি কথিত হইতেছে,—কুঙ্কুম, চন্দন, কুড়, গোরোচনা ও ঘৃত চারিটি কলসে রাখিয়া তাহা জলপূর্ণ করিবে। অনন্তর ঐ কলসস্থ জলদ্বারা ওঁ সহস্রাক্ষেণ শতধারেণ," ইত্যাদি মন্ত্রপাঠ পূর্ব্বক দিবাগণ্ডজাত শিশুকে পিতার সহিত স্নান করাইবে। ঐরূপে নিশাগণ্ডজাত শিশুকে মাতার সহিত স্নান এবং উভয় সন্ধ্যাগণ্ডজাত-বালককে পিতা ও মাতার সহিত স্নান করাইতে

হইবে। আর বল্মীকমৃত্তিকা, নদীতীরের মৃত্তিকা, গোদন্তোদ্ধৃতমৃত্তিকা এবং হস্তিদন্তোদ্ধৃত মৃত্তিকা ও পঞ্চগব্য তীর্থজলে মিশ্রিত করিয়া তদ্দ্বারা মাতা, পিতা এবং শিশুকে স্নান করাইবে। পরে ঘৃতপূর্ণ কাংস্যপাত্র, ধেনু ও সুবর্ণদান ও গ্রহগণের অর্চ্চনা করিবে, তাহা হইলেই গণ্ডদোষ বিনষ্ট হয়। ৬

গণ্ডদোষপ্রতীকারমাহ। কুঙ্কুমমিতি। পার্দ্ধৈস্ত্রিভিঃ শ্লোকৈঃ সুগমং। "ওঁ সহস্রাক্ষেণ শতশারদেন শতায়ুষা হবিষা হবিষমেনং শতং যথেমং শরদোনয়তীন্দ্রোবিশ্বস্য দুরিতস্য পারং শতঞ্জীব শরদোবর্দ্ধমানঃ শতং হেমন্তাং শতমুপশান্তাং শতমিন্দ্রাগ্নী সবিতা-বৃহস্পতিঃ শতায়ুষা হবিষেমং পুন র্দঃ। অহোবিষন্ত্বাবিদন্ত্বা পুনরাগা পুন র্নবঃসর্ব্বাঙ্গী সর্ব্বস্তে চক্ষু সর্ব্বমায়ুশ্চ তে বিদং শতমানাশ্চ আয়ুকামঃ শতায়ুর্দ্ধৈ পুরুষঃ শতবীর্য্যঃ শতেন্দ্রিয়ঃ আয়ুষ্য এবৈনং তদ্বীর্য্যমিন্দ্রিয়ে দধাতু" ইতিস্নানমন্ত্রঃ। তথা জপপূজাদিকন্তু রাজমার্ত্তণ্ডে উক্তং। কাংস্যপাত্রং প্রকুর্ব্বীত পলৈঃ ষোড়শভির্ব্বুধঃ। অষ্টাভির্ব্বা চতুর্ভির্ব্বা দ্বাভ্যাং বা শোভনং সমং। তন্মধ্যে স্থাপিতে শঙ্খে নবনীতপ্রপূরিতে। রাজতং চন্দ্রমভ্যর্চ্চ্য সিত-পুষ্পসহস্রকৈঃ। দৈবজ্ঞঃ সোপবাসশ্চ শুক্লাম্বরসুপূজিতঃ। সোমোঽহমিতিসঞ্চিন্ত্য কুর্য্যাদেবমতন্দ্রিতঃ। জপেৎ সহস্রং মন্ত্রঞ্চ শ্রদ্দধানঃ সমাহিতঃ। ওঁ অমৃতাত্মনে নমস্তুভ্যং মন্ত্রমেতচ্চ-দাহৃতং। তপ্তচামীকরং দদ্যাৎ তাম্রপাত্রে তিলান্বিতং। গণ্ডদোষোপশান্ত্যর্থং যজুর্ব্বেদবিদে শুচিঃ। ৬

## অথ মাতৃরিষ্টম্।

**কেন্দ্রত্রিকোণগঃ পাপোমাতৃহা সপ্তবাসরাৎ।**

**সপাপাদ্ভার্গবাৎ পাপোহিবুকে মাতৃনাশকৃৎ ॥ ৭**

মাতৃরিষ্ট কথিত হইতেছে,—জন্মসময়ে লগ্নে কি লগ্ন হইতে চতুর্থ, দশম, সপ্তম, নবম ও পঞ্চমস্থানে যদি বলবান্ পাপগ্রহ অবস্থান করে তাহা হইলে জাত মনুষ্যের সপ্তদিবস মধ্যে মাতৃনিধন হয়, আর পাপযুক্ত শুক্র হইতে চতুর্থস্থানে পাপগ্রহ থাকিলেও জাতকের মাতৃবিয়োগ হইয়া থাকে। ৭

মাতৃরিষ্টমাহ। কেন্দ্রইতি। কেন্দ্রগস্ত্রিকোণগশ্চ বলবান্ পাপঃ সপ্তদিনান্মাতৃহা স্যাৎ। যোগান্তরং সপাপাৎ ভার্গবাৎ পাপযুক্তাচ্ছুক্রাচ্চতুর্থস্থঃ পাপোমাতৃহা স্যাৎ। ৭

## অন্যচ্চ।

**লগ্নাচ্চতুর্থগঃ পাপোযদি স্যাদ্বলবত্তরঃ।**

**তদা মাতৃবধং কুর্য্যাত্তৎকেন্দ্রে চাপরোযদি ॥ ৮**

প্রকারান্তরে মাতৃরিষ্টি কথিত হইতেছে,—জন্মলগ্নাপেক্ষায় চতুর্থস্থানে যদি বলবান্ পাপগ্রহ অবস্থান করে এবং তাহার কেন্দ্রে ( সেইস্থানে ও চতুর্থ, সপ্তম, দশমে ) যদি পাপগ্রহ থাকে তবে জাতশিশুর মাতৃবধ হইয়া থাকে। ৮

যোগান্তরমাহ। লগ্নাদিতি। লগ্নাচ্চতুর্থোবলবান্ পাপঃ এতৎ কেন্দ্রস্থোঽপরঃ পাপো-যদি স্যাত্তদা মাতৃবধং জানীয়াৎ। তথা যোগান্তরং শনিমঙ্গলয়োর্ম্মধ্যে ইত্যাদি বক্ষ্যমাণ-বচনাৎ। ৮

অপরঞ্চ।

শনিমঙ্গলয়োর্ম্মধ্যে যদি তিষ্ঠতি চন্দ্রমাঃ।
তদা মাতৃবধোজ্ঞেয়োভৌমার্কো সংযুতো যদি। ৯

অন্যপ্রকার মাতৃরিষ্ট এই,—শনি ও মঙ্গলের মধ্যে যদি চন্দ্র অবস্থান করেন আর মঙ্গল রবিযুক্ত হন, তবে সেই সময়ে জাতব্যক্তির মাতৃবধ হইবে। ৯

প্রকারান্তরঞ্চ।

চন্দ্রমা যদি পাপেন ত্রয়েণৈবেহ বীক্ষিতঃ।
মাতৃনাশোভবেত্তস্য ষষ্ঠঃ পাপোভবেদ্যদি॥ ১০

চন্দ্র যদি তিনটি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হ'ন এবং জন্মলগ্ন হইতে ষষ্ঠস্থানে যদি পাপগ্রহ থাকে তবে জাতবালকের মাতৃবিনাশ হয়। ১০

লগ্নাচ্চতুর্থগঃ পাপোযদি স্যাদ্বলবত্তরঃ।
নূনং মাতৃবধং কুর্য্যাচ্চন্দ্রাচ্চৈব বিশেষতঃ॥ ১১

জন্মলগ্ন কি জন্মচন্দ্র হইতে চতুর্থস্থানে বলবান্ পাপগ্রহ অবস্থিত হইলে নিশ্চয়ই জাতকের মাতৃবিয়োগ হইয়া থাকে। ১১

চন্দ্রঃ পাপসমাযুক্তোলগ্নকেন্দ্রগতোযদি।
তদা মাতুর্ব্বধোজ্ঞেয়ঃ সপ্তাহান্নাত্র সংশয়॥ ১২

জন্মসময়ে পাপযুক্ত চন্দ্র যদি লগ্নের কেন্দ্রস্থিত হ'ন, তাহা হইলে সপ্তাহ মধ্যে জাতব্যক্তির মাতৃবিয়োগ হইবে, ইহাতে সন্দেহ নাই। ১২

চন্দ্রমাষ্টগতে ভৌমে শক্রস্থে শক্রবীক্ষিতে।
মাতুস্তস্য ভবেদ্ধানিঃ পিতা চাসীদ্বিদেশগঃ॥ ১৩

জন্মকালে চন্দ্রের অষ্টমস্থানে মঙ্গল অবস্থিত হইয়া যদি শক্র কি শক্রদৃষ্ট হ'ন তবে জাতকের মাতৃনিধন হয় এবং পিতা বিদেশগামী হইয়া থাকেন। ১৩

প্রসবে রাত্রিসময়ে চন্দ্রঃ পাপগৃহে স্থিতঃ।
মাতা চ ম্রিয়তে তস্য যদি পাপৈঃ সমান্বিতঃ॥ ১৪

রাত্রিজাত বালকের জন্মচন্দ্র যদি পাপগৃহে অবস্থিত হইয়া পাপযুক্ত হ'ন তাহা হইলে মাতৃবিয়োগ হয়। ১৪

অথবা ক্ষীণচন্দ্রঞ্চ পাপাঃ পশ্যন্তি সর্ব্বদা।
শুভগ্রহা ন পশ্যন্তি মাতা চ ম্রিয়তে ধ্রুবম্॥ ১৫

রাত্রিতে জন্মকালীন চন্দ্র যদি ক্ষীণ হয়েন আর ঐ চন্দ্রে পাপগ্রহের দৃষ্টি থাকিয়া শুভগ্রহের দৃষ্টি না থাকে তাহা হইলে জাতকের মাতৃবিয়োগ হয়। ১৫

নিধনারিগতশ্চন্দ্রোভৌমো বা সপ্তমে স্থিতঃ।
তদা মাতুর্ব্বিনাশঃ স্যাদ্ যদি পাপৈঃ সমন্বিতঃ॥ ১৬

*শিশুর জন্মকালে যদি চন্দ্র অষ্টমস্থ কি ষষ্ঠস্থ হইয়া পাপযুক্ত হ'ন অথবা মঙ্গল সপ্তমস্থ হইয়া পাপযুক্ত থাকেন তাহা হইলে জাতব্যক্তির মাতৃ-বিনাশ হইয়া থাকে। ১৬*

পাপগেহে স্থিতে শুক্রে পাপৈর্ব্বা পাপগেহগে।
শুভগ্রহা ন পশ্যন্তি মাতা চ ম্রিয়তে ধ্রুবম্॥ ১৭

জন্মসময়ে শুক্রগ্রহ যদি পাপগৃহে থাকেন কিম্বা পাপযুক্ত হইয়া পাপগৃহে বাস করেন আর তাঁহার উপরে শুভগ্রহের দৃষ্টি না থাকে তবে জাতশিশুর মাতৃবিয়োগ হয়। ১৭

প্রসবে চ দিবাভাগে শুক্রে চ পাপসংযুতে।
অথবা পাপসংদৃষ্টে মাতা সংম্রিয়তে ধ্রুবম্॥ ১৮

দিবাজাত বালকের জন্মকালীন শুক্র যদি কোন পাপগ্রহ যুক্ত হ'ন অথবা পাপগ্রহকর্ত্তৃক দৃষ্ট হ'ন তাহা হইলে জাতব্যক্তির মাতৃবিয়োগ হইয়া থাকে। ১৮

## অথ রিষ্টভঙ্গযোগঃ।

আত্মক্ষেত্রগতে শুক্রে পাপৈর্ব্বা পাপগেহগে।
শুভগ্রহাঃ প্রপশ্যন্তি রিষ্টভঙ্গস্তদা ভবেৎ॥ ১৯

শুক্ররিষ্ট-ভঙ্গযোগ কথিত হইতেছে,—শুক্রগ্রহ যদি স্বঘরে থাকেন কিম্বা পাপযুক্ত হইয়া পাপগৃহে অবস্থিত হইয়াও যদি শুভগ্রহকর্ত্তৃক অবলোকিত হ'ন তাহা হইলে রিষ্টভঙ্গ হইয়া থাকে। ১৯

## পিতৃরিষ্টম্।

কর্ম্মস্থানে স্থিতঃ সৌরী * রিপ্ফস্থানে † চ চন্দ্রমাঃ।
কুজে চ সপ্তমে স্থানে ম্রিয়তে পিতৃসংজ্ঞকঃ॥ ২০

পিতৃরিষ্ট কথিত হইতেছে,—জন্মলগ্ন হইতে শনি যদি দশমস্থানে থাকেন আর চন্দ্র দ্বাদশস্থানে বাস করেন এবং মঙ্গল সপ্তমস্থানে অবস্থান করেন তাহা হইলে জাতশিশুর পিতৃবিনাশ হইয়া থাকে। ২০

## অন্যচ্চ।

তমোহা যদি পাপেন ত্রয়েণৈবেহ বীক্ষিতঃ।
শুভৈরযুতদৃষ্টশ্চ পিতুরপ্যন্তমাদিশেৎ॥ ২১

* স্থিতে সৌম্যে ইতিপাঠঃ † রিপুস্থানে চ চন্দ্রমা ইতি পাঠান্তরম্।

জন্মসময়ে রবি যদি শুভগ্রহযুক্ত কি শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট না হইয়া তিনটী পাপগ্রহ কর্ত্তৃক হ'ন তবে তাহার পিতৃনিধন হয়। ২১

অপরঞ্চ

অষ্টমস্থো যদা ভানুর্লগ্নে চ রাহুসংযুতে।
পিতা বা ম্রিয়তে তস্য স্বয়ং বা ম্রিয়তে শিশুঃ॥ ২২

ইতি সোমসিদ্ধান্তে।

জন্মলগ্নের অষ্টমস্থানে রবি এবং লগ্নে যদি রাহু অবস্থান করেন তাহা হইলে জাতশিশুর পিতৃবিয়োগ হয় কিম্বা সে নিজেই বিনষ্ট হইয়া থাকে। ২২

প্রকারান্তরঞ্চ

সূর্য্যাচ্চ সপ্তমে রাশৌ শনিভৌমৌ যদা স্থিতৌ।
তদা পিতৃবধো জ্ঞেয়স্তয়োর্ম্মধ্যেঽথবা রবিঃ॥ ২৩

ইতি সোমসিদ্ধান্তে।

জন্মসময়ে রবি হইতে সপ্তমরাশিতে যদি শনি ও মঙ্গল অবস্থান করেন অথবা শনি ও মঙ্গলের মধ্যে যদি রবি থাকেন তাহা হইলে জাতকের পিতৃবধ হইয়া থাকে। ২৩

অষ্টমস্থো যদা চন্দ্রো গুরুরাহুদ্বিতীয়গৌ।
সৌরিভৌমেক্ষিতে মিত্রে পিতৃহা সপ্তবাসরাৎ॥ ২৪

জন্মসময়ে যদি চন্দ্র অষ্টমস্থ হ'ন এবং বৃহস্পতি ও রাহু দ্বিতীয়স্থানে অবস্থিত থাকেন আর শনি ও মঙ্গল কর্ত্তৃক রবি অবলোকিত হ'ন তাহা হইলে সপ্তাহ মধ্যে জাতকের পিতৃমরণ হয়। ২৪

লগ্নাষ্টমে গতে ভৌমে দ্বাদশে পাপত্রিত্রয়ে।
পিতৃঘাতী ভবেন্নিত্যং শুভৈর্যদি ন দৃশ্যতে॥ ২৫

জাতলগ্নের অষ্টমস্থানে যদি মঙ্গল অবস্থিত হ'ন এবং দ্বাদশ, দ্বিতীয় ও তৃতীয়স্থানে পাপগ্রহ থাকেন আর লগ্নে শুভগ্রহের দৃষ্টি না থাকে তবে শিশুর পিতৃবিয়োগ হয়। ২৫

রন্ধ্রেঽর্কে সপ্তমে ভৌমে ধনসংস্থে চ সূর্য্যজে।
পিতুর্ম্মৃত্যুর্ভবেত্তস্য শুভৈর্যদি ন দৃশ্যতে॥ ২৬

জন্মলগ্নের অষ্টম কি নবমস্থানে রবি, সপ্তমে মঙ্গল এবং দ্বিতীয়স্থানে শনি থাকিয়া যদি শুভগ্রহ দ্বারা দৃষ্ট না হ'ন তাহা হইলে জাতশিশুর পিতৃবিয়োগ হয়। ২৬

নিধনারিগতশ্চন্দ্রঃ সৌরিভৌমেক্ষিতোযদি।
শুক্রগুর্ব্বোর্ন চালোকী সপিতা ম্রিয়তে শিশুঃ॥ ২৭

জন্মসময়ে যদি চন্দ্র ষষ্ঠস্থানে অবস্থিত হইয়া শনি ও মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হ'ন এবং শুক্র ও বৃহস্পতির দৃষ্টি ঐ চন্দ্রে না থাকে তবে জাত বালকের পিতার সহিত মৃত্যু হয়। ২৭

## অথ পিতৃমাতৃহাযোগঃ।

ভৌমে বা নিধনে চন্দ্রঃ পাপযুক্তোভবেদ্যদি।
পিতৃঘাতী পরোক্ষে চ মাতা চ ম্রিয়তে ধ্রুবম্॥ ২৮

জন্মলগ্নের অষ্টমস্থানে যদি মঙ্গল কি চন্দ্র পাপযুক্ত হইয়া অবস্থিত হ'ন তাহা হইলে পিতা ও মাতার মৃত্যু হইয়া থাকে। ২৮

দিবার্কশুক্রৌ পিতৃমাতৃ সংজ্ঞিতৌ শনৈশ্চরেন্দু নিশি তদ্বিপর্য্যয়াৎ।
পিতৃব্যমাতৃষস্সংজ্ঞিতৌ তাবথৌজযুগ্মর্ক্ষগতৌ তয়োঃ শুভৌ॥ ২৯
ইতি বৃহজ্জাতকে।

শিশুর দিবাতে জন্ম হইলে রবির পিতৃসংজ্ঞা ও শুক্রের মাতৃসংজ্ঞা এবং রাত্রিতে জন্ম হইলে শনির পিতৃসংজ্ঞা ও চন্দ্রের মাতৃসংজ্ঞা হয়, আর দিবাতে জন্ম হইলে শনির পিতৃব্যসংজ্ঞা, চন্দ্রের মাতৃষস্সংজ্ঞা ও রাত্রিতে জন্ম হইলে রবির পিতৃব্য সংজ্ঞা শুক্রের মাতৃষস্ সংজ্ঞা হইয়া থাকে। উক্ত সকল সংজ্ঞার প্রয়োজন এই,—রবি, শুক্র, শনি ও চন্দ্র এই সকল গ্রহের অবস্থিতি ও বলাবলদ্বারা জাতশিশুর পিতা, মাতা, পিতৃব্য ও মতৃষসার শুভাশুভ নির্ণয় হইতে পারে।

বালক দিবাতে জন্মগ্রহণ করিলে যদি রবি বিষমরাশিতে (মেষ, মিথুন, সিংহ, তুলা; ধনু কি কুম্ভে) অবস্থিত হ'ন,তাহা হইলে জাতকের পিতার শুভ হয়, আর, ঐ সকল রাশিতে রবি থাকিলে যদি রাত্রিতে জন্ম হয় তবে পিতৃব্যের শুভ হইবে। রাত্রিতে জন্ম হইলে যদি শনি বিষম রাশিতে থাকেন তবে পিতার শুভ, দিবাতে জন্ম হইলে যদি শনি বিষমরাশিতে থাকেন তবে পিতৃব্যের শুভ আর ইহার বিপরীতে বিপরীত ফল হইয়া থাকে।

দিবাতে জন্ম হইলে যদি রবি সমরাশিতে (বৃষ, কর্কট. কন্যা, বিছা, মকর কি মীনে) থাকেন তবে পিতার অশুভ এবং রাত্রিতে সমরাশিতে রবি থাকিলে পিতৃব্যের অশুভ হয়।

দিবাতে শুক্র সমরাশিতে থাকিলে মাতার শুভ এবং রাত্রিতে শুক্র সমরাশিতে অবস্থিত হইলে মাতৃষসার শুভ হয়। এইরূপ রাত্রিতে চন্দ্র সমরাশিতে

থাকিলে মাতার শুভ, দিবাতে সমরাশিগত হইলে মাতৃষ্বসার শুভ, দিবাতে বিষমরাশিতে শুক্র থাকিলে মাতার অশুভ, রাত্রিতে বিষমরাশিতে থাকিলে মাতৃষ্বসার অশুভ এবং রাত্রিতে চন্দ্র বিষমরাশিতে থাকিলে মাতার অশুভ, দিবাতে চন্দ্র বিষমরাশিতে থাকিলে মাতৃষ্বসার অশুভ হইয়া থাকে। ৩০

# অথশিশুরিষ্টম।

## তত্রাদৌ সূর্য্যরিষ্টম্।

পাপাস্ত্রিকোণকেন্দ্রেষু সৌম্যাঃষষ্ঠাষ্টমব্যয়গতাশ্চেৎ।
সূর্য্যোদয়ে প্রসূতঃ সদ্যঃপ্রাণাংস্ত্যজতি জন্তুঃ॥ ১

অনন্তর শিশুরিষ্ট কথিত হইতেছে,—পাপগ্রহ যদি জন্মলগ্নের নবম, পঞ্চম কি স্বগৃহে অথবা চতুর্থ, সপ্তম কিম্বা দশমগৃহে অবস্থিত হ'ন, আর শুভগ্রহ লগ্নের ষষ্ঠ, অষ্টম, দ্বাদশস্থানে থাকেন তাহা হইলে সূর্য্যোদয়কালে প্রসূতবালক তৎক্ষণাৎ প্রাণত্যাগ করিবে। ১

সূর্য্যরিষ্টমাহ। পাপাইতি। ত্রিকোণে কেন্দ্রে চ যদি পাপাস্তিষ্ঠন্তি। শুভগ্রহাশ্চ ষষ্ঠাষ্টমদ্বাদশস্থা যদি স্যুস্তদা সূর্য্যোদয়কালে জাতং সদ্যস্তৎক্ষণাৎ প্রাণাংস্ত্যজতি। ১

## অথ চন্দ্ররিষ্টম্।

ষষ্ঠেঽষ্টমে চন্দ্রঃ সদ্যোমরণায় পাপসংদৃষ্টঃ।
অষ্টাভিঃ শুভদৃষ্টোবর্ষৈর্মিশ্রৈস্তদর্দ্ধেন॥ ২

জাতলগ্নের ষষ্ঠ কি অষ্টমস্থানে যদি চন্দ্র অবস্থিত হ'ন আর ঐ চন্দ্রের প্রতি পাপগ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে জাতশিশুর তৎক্ষণাৎ মৃত্যু হয় এবং শুভগ্রহ কর্ত্তৃক যদি চন্দ্র দৃষ্ট হ'ন তবে আটবৎসরের মধ্যে ও শুভাশুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইলে চারিবৎসরের মধ্যে জাতবালকের মৃত্যু হইবে। ২

চন্দ্ররিষ্টমাহ। ষষ্ঠ ইতি। মিশ্রৈঃ শুভাশুভৈর্দৃষ্টঃ তদর্দ্ধেন অষ্টবৎসরার্দ্ধেন বর্ষচতুষ্কেণ চন্দ্রোমরণায় কল্প্যত ইত্যর্থঃ। ২

## অথচন্দ্ররিষ্টভঙ্গঃ।

পক্ষে সিতে ভবতি জন্ম যদি ক্ষপায়াং
কৃষ্ণে তথাহনি শুভাশুভদৃষ্টমূর্ত্তিঃ।
তং চন্দ্রমারিপুবিনাশগতোঽপি যত্না-
দাপৎসু রক্ষিত পিতেব শিশুং ন হন্তি॥ ৩

চন্দ্ররিষ্টের অপহার কথিত হইতেছে—শুক্লপক্ষের রাত্রিতে জাত ও কৃষ্ণপক্ষের দিবাজাত শিশুকে ষষ্ঠ কি অষ্টমরাশিস্থ চন্দ্র শুভাশুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলেও যত্নক্রমে পিতার ন্যায় রক্ষা করিয়া থাকেন কদাচও অনিষ্ট করেন না। ৩

উক্তচন্দ্ররিষ্টভঙ্গমাহ। পক্ষ ইতি। শুক্লপক্ষে রাত্রৌ যদি জন্ম কৃষ্ণপক্ষে চ দিবা যদি জন্ম তদা শুভেনাশুভেন বা দৃষ্টচন্দ্রঃ ষষ্ঠাষ্টমস্থোঽপি আপৎসু তং বালং রক্ষতি ন হন্তি পিতেব পুত্রমিতি। ৩

## অথপাপযুক্তচন্দ্ররিষ্টম্।

স্মুতমদননবান্ত্যরন্ধ্রে লগ্নেষশুভযুতোমরণায় শীতরশ্মিঃ।
ভৃগুসুতশশিপুত্রদেবপুজ্যৈর্যদি বলিভির্ন যুতোঽবলোকিতো বা॥৪

জন্মসময়ে চন্দ্র যদি কোন পাপগ্রহযুক্ত হইয়া লগ্নে কি লগ্নের পঞ্চম, সপ্তম, নবম, দ্বাদশ কি অষ্টমস্থ হ'ন আর শুক্র, বুধ, কিম্বা বৃহস্পতি যদি ঐ চন্দ্রকে না দেখেন বা তাঁহার সহিত যুক্ত না হ'ন, তাহা হইলে জাতশিশুর মৃত্যু হয়। ৪

চন্দ্ররিষ্টমাহ। সুতেতি। শুক্রবুধগুরূণামেকেনাপি দৃষ্টে যুক্তে বা চন্দ্রে যোগভঙ্গঃ স্যাদিত্যর্থঃ। ৪

## অন্যচ্চ

দ্যূনচতুরস্রসংস্থে পাপদ্বয়মধ্যগে শশিনি জাতঃ।
বিলয়ং প্রয়াতি নিয়তং দেবৈরপি রক্ষিতোবালঃ। ৫

জন্মকালে চন্দ্র যদি পাপদ্বয়ের মধ্যবর্ত্তী হইয়া লগ্নের সপ্তম, চতুর্থ অথবা অষ্টমে অবস্থিত হ'ন, তাহা হইলে সেই শিশু দেবগণকর্ত্তৃক রক্ষিত হইলেও নিধনপ্রাপ্ত হয় ইহার অন্যথা হয় না। ৫

চন্দ্ররিষ্টান্তরমাহ। দ্যূনেতি। লগ্নাৎ সপ্তমচতুর্থাষ্টমস্থে চন্দ্রে পাপদ্বয়মধ্যগে জাতো-বিলয়ং প্রয়াতি মধ্যগতত্বঞ্চ দ্বিতীয়দ্বাদশস্থয়োরেকরাশিস্থয়োর্ব্বা পাপয়োরিত্যর্থঃ। ৫

## অথলগ্নস্থক্ষীণেন্দুরিষ্টম্।

ক্ষীণে শশিনি বিলগ্নে পাপৈঃ কেন্দ্রেষু মৃত্যুসংস্থৈর্ব্বা।
ভবতি বিপত্তিরবশ্যং যবনাধিপতের্ম্মতঞ্চৈতৎ॥ ৬

জন্মসময়ে ক্ষীণচন্দ্র যদি লগ্নে অবস্থান করেন, আর পাপগ্রহগণ যদি লগ্নে কি লগ্নের চতুর্থ, সপ্তম, দশম অথবা অষ্টমে থাকেন, তাহা হইলে সেই জাতশিশুর অবশ্যই মৃত্যু হইবে; যবনাচার্য্য এইরূপ বলিয়াছেন। ৬

চন্দ্ররিষ্টান্তরমাহ। ক্ষীণ ইতি। ক্ষীণে চন্দ্রে লগ্নস্থে কেন্দ্রেষু স্থিতৈঃ পাপৈরষ্টমস্থৈর্ব্বা জাতস্য বিপত্তিরবশ্যং ভবেদিত্যর্থঃ। এষু পূর্ব্বোক্তশ্লোকত্রয়েষু যোগেষু কালনিয়মত্বয়ং

চন্দ্রো যদা যোগকর্ত্তুর্গ্রহস্য স্থানং স্বগৃহং বা জন্মলগ্নং বা গতোবলবান্ পাপদৃষ্টশ্চ স্যাৎ তদা বৎসরাভ্যন্তরে মরণং স্যাৎ, তথাচ সারাবল্যাং। যোগে বলিনঃ স্থানং স্বং বা লগ্নং গতেঽপি বা চন্দ্রে। বলবতি চাশুভদৃষ্টে আবর্ষান্মৃত্যুকালঃ স্যাদিতি। ৬

## অথত্রিংশাংশবিশেষস্থচন্দ্ররিষ্টম্।

নাগগোসিদ্ধিজাতীষুক্ষ্মাব্ধিত্র্যাশ্বধৃতির্নখাঃ।
ক্ষ্মাশ্বিদিক্ চেত্যজাদ্যংশে তত্তুল্যাব্দৈর্বিধৌ ব্যসুঃ॥ ৭

রাশিকে ত্রিশভাগে বিভক্ত করিলে তাহার এক এক ভাগকে ত্রিংশাংশ বলা যায়। ঐ ত্রিংশাংশভাগে মেষের অষ্টম, বৃষের নবম, মিথুনের চতুর্ব্বিংশতি, কর্কটের দ্বাবিংশতি, সিংহের পঞ্চম, কন্যার এক, তুলার চারি, বৃশ্চিকের ত্রয়োবিংশতি, ধনুর অষ্টাদশ, মকরের বিংশতি, কুম্ভের একবিংশতি এবং মীনের দশমাংশমধ্যে যদি কোন শিশুর জন্ম হয়, তাহা হইলে সেই শিশুর উক্ত সংখ্যক বর্ষমধ্যে মৃত্যু হইবে। ৭

চন্দ্ররিষ্টান্তরমাহ। নাগেতি। অজাদীনাং মেষাদীনাং যথাক্রমং ত্রিংশাংশস্ফুটস্য নাগাদ্যংশে চন্দ্রে গতে সতি তত্তুল্যৈর্নাগাদ্যংশসম্মিতৈর্ব্বৎসরৈর্ম্মৃত্যুঃ স্যাৎ। মেষস্য নাগাষ্টৌ, বৃষস্য গাবশ্চিন্দ্রাণি নব, মিথুনস্য সিদ্ধয়শ্চতুর্ব্বিংশতিঃ, কর্কটস্য জাতির্দ্বাবিংশতি, সিংহস্য ইষবঃ পঞ্চ, কন্যায়াঃ ক্ষ্মা একস্তুলায়াঃ অব্ধিশ্চত্বারঃ, বৃশ্চিকস্য ত্র্যাশ্বি ত্রয়োবিংশতিঃ, ধনুষো-ধৃতিরষ্টাদশ, মকরস্য নখাঃ বিংশতিঃ, কুম্ভস্য ক্ষ্মাশ্বি একবিংশতিঃ, মীনস্য দিগ্দশ ইতি। চন্দ্ররিষ্টভঙ্গস্তু সারাবল্যামুক্তঃ। বুধবিবুধাসুরসচিবদ্রেক্কাণদ্বাদশাংশকে শশিনি ভবতি। চিরায়ুর্জ্জাতঃ সংপ্রাপ্তানেকরিষ্টোঽপি। চন্দ্রঃ শুভবর্গস্থঃ ক্ষীণোঽপি শুভেক্ষিতোহরতি রিষ্টং। জলমিবমহাতিসারং জাতীফলকল্কলকথিতং। লগ্নেশ্বরস্য চন্দ্রঃ ষট্ত্রিদশায়হিবুকেষু শুভদৃষ্টঃ ক্ষপয়তি সমস্তরিষ্টান্যনুজাতো নিরূপবোধইব। একোজন্মাধিপতিঃ পরিপূর্ণবলঃ শুভগ্রহৈর্দৃষ্টঃ হন্তি নিশাকররিষ্টং ব্যাধইব মৃগং বনে মত্তমিতি। ৭

## অথবিবিধভৌমরিষ্টম্।

ভৌমে বিলগ্নে শুভদৈরদৃষ্টঃ ষষ্ঠেঽষ্টমে বার্কসুতেন যুক্তঃ।
সদ্যঃ শিশুং হন্তি বদেন্মুনীন্দ্রঃ স্মরে যমারৌ ন শুভেক্ষিতৌ চ॥ ৮

মঙ্গল যদি শুভগ্রহকর্তৃক অবলোকিত না হইয়া লগ্নস্থ হ'ন, অথবা লগ্নের ষষ্ঠে বা অষ্টমে শনিযুক্ত হইয়া অবস্থিতি করেন, কিম্বা সপ্তমস্থ শনিযুক্ত মঙ্গল যদি শুভগ্রহ কর্তৃক দৃষ্ট না হ'ন, তবে জাতশিশু সদ্যই প্রাণত্যাগ করিবে। ৮

• ভৌমরিষ্টমাহ। ভৌম ইতি। লগ্নস্থভৌমঃ শুভগ্রহৈরদৃষ্টঃ শিশুং হন্তি, ষষ্ঠাষ্টমস্থঃ শনিযুক্তশ্চ শিশুং হন্তি সপ্তমে স্থিতৌ যমারৌ শনিকুজৌ শুভগ্রহৈর্দৃষ্টৌ চ শিশুং হত ইত্যর্থঃ। ৮

## অথবুধরিষ্টম্।

কর্কটধামনি সৌম্যঃ ষষ্ঠাষ্টমরাশিগোবিলগ্নর্ক্ষাৎ।
চন্দ্রেণ দৃষ্টমূর্ত্তির্ব্বর্ষচতুষ্কেণ মারয়তি॥ ৯

জন্মসময়ে লগ্নের ষষ্ঠ কি অষ্টমরাশিস্থ বুধ যদি কর্কটরাশিতে থাকেন, আর চন্দ্রগ্রহকর্ত্তৃক অবলোকিত হ'ন, তাহা হইলে জাতশিশু চারিবৎসর মধ্যে পঞ্চত্বপ্রাপ্ত হইবে। ৯

বুধরিষ্টমাহ। কর্কটেতি। কুস্তলগ্নাদ্ধস্তুলগ্নাচ্চ ষষ্ঠাষ্টমগতঃ কর্কটস্থোবুধশ্চন্দ্র দৃষ্টশ্চতুর্ভিবর্ষৈঃ শিশুং মারয়তি। ৯

## অথগুরুরিষ্টম্।

বৃহস্পতির্ভৌমগৃহেঽষ্টমস্থঃ সূর্য্যেন্দুভৌমার্কজদৃষ্টমূর্ত্তিঃ।
বর্ষৈস্ত্রিভির্ভার্গবদৃষ্টিহীনো লোকান্তরং প্রাপয়তি প্রসূতম্॥১০

জন্মকালে বৃহস্পতি যদি লগ্নের অষ্টমস্থ হইয়া মেষ কি বৃশ্চিকে অবস্থান করেন, আর রবি, চন্দ্র, মঙ্গল ও শনি কর্ত্তৃক তিনি দৃষ্ট হ'ন এবং শুক্রগ্রহ তাঁহাকে না দেখেন, তাহা হইলে তিনবৎসরের মধ্যে জাতশিশুর মৃত্যু হইবে কিন্তু শুক্রকর্ত্তৃক ঐ বৃহস্পতি অবলোকিত হইলে উক্ত শিশুর রিষ্টভঙ্গ হইয়া থাকে। ১০

গুরুরিষ্টমাহ। বৃহস্পতিরিতি। ভৌমগৃহে মেষে বৃশ্চিকে বা স্থিতোগুরুঃ লগ্নাদষ্টমস্থঃ সূর্য্যেন্দুকুজশনিদৃষ্টঃ শুক্রেণাদৃষ্টস্ত্রিভির্ব্বর্ষৈর্জ্জাতং মারয়তি শুক্রেণ তু দৃষ্টে যোগভঙ্গ এবেত্যর্থঃ। ১০

## অথশুক্ররিষ্টম্।

রবিশশিভবনে শুক্রোদ্বাদশরিপুরন্ধ্রগোঽশুভৈঃ সর্ব্বৈঃ।
দৃষ্টঃ করোতি মরণং ষড়্ভির্ব্বর্ষৈঃ কিমিহ বিচিত্রম্॥ ১১

জন্মসময়ে সিংহ কি কর্কটরাশিস্থ শুক্র যদি জাতলগ্নের দ্বাদশ, ষষ্ঠ কিম্বা অষ্টমস্থ হইয়া সকল পাপগ্রহ কর্ত্তৃক অবলোকিত হ'ন, তাহা হইলে ছয়বৎসরের মধ্যে শিশু বিনষ্ট হইবে ইহাতে বিচিত্র কি? ১১

শুক্ররিষ্টমাহ। রবীতি। রবিচন্দ্রগৃহে সিংহে কর্কটে বা স্থিতঃ শুক্রোদ্বাদশষষ্ঠাষ্টমগতঃ সর্ব্বৈঃ পাপৈর্দৃষ্টঃ ষড়্ভির্ব্বর্ষৈর্ম্মরণং করোতি। ১১

## অথশনিরিষ্টম্।

মারয়তি ষোড়শাহাৎ শনৈশ্চরঃ পাপবীক্ষিতোলগ্নে।
সংযুক্তোমাসেন চ বর্ষাচ্ছুদ্ধস্তু মারয়তি॥ ১২

জন্মকালে শনিগ্রহ যদি পাপগ্রহ-কর্ত্তৃক দৃষ্ট হইয়া লগ্নস্থ হ'ন, তাহা হইলে ষোড়শ দিবসের মধ্যে জাতশিশুর মৃত্যু হয়, আর ঐ শনি পাপগ্রহযুক্ত হইলে ষোড়শ মাসে এবং পাপযুক্ত কি পাপদৃষ্ট না হইয়া শুদ্ধ লগ্নস্থ হইলে ষোড়শ বৎসরে জাতবালকের মৃত্যু হইয়া থাকে। কিন্তু বলবান্ শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট কি যুক্ত হইয়া শনি যদি লগ্নস্থ হ'ন তবে রিষ্ট ভঙ্গ হইবে। ১২

শনিরিষ্টমাহ। মারয়তীতি। পাপদৃষ্টঃ শনির্লগ্নস্থঃ ষোড়শদিনে মারয়তি সংযুক্তঃ পাপেন শনিঃ মাসেন মারয়তি। শুদ্ধঃ কেবলঃ পাপযুক্তশ্চ পাপদৃষ্টশ্চেৎ লগ্নস্থঃ শনির্বর্ষান্মারয়তি, বলিভিঃ শুভগ্রহৈর্যুক্তে দৃষ্টে বা যোগভঙ্গঃ স্যাদিত্যর্থঃ। তুলায়াং স্বগৃহে গুরুগৃহে চ লগ্নে শনৌ স্থিতে রিষ্টভঙ্গোগুণাতিরেকশ্চ স্যাৎ। তথা সারাবল্যাং। স্বোচ্চ স্বজীবভবন ইত্যাদি। তথা রাজমার্ত্তণ্ডে। তুঙ্গাঙ্গিরোগেহগত ইত্যাদি। ১২

অথশনিরিষ্টভঙ্গম্।

স্বোচ্চস্বজীবভবনে ক্ষিতিপালতুল্যো-
লগ্নেঽর্কজে ভবতি দেশপুরাধিনাথঃ।
শেষেষু দুঃখগদভীতিতএব বাল্যে
দারিদ্র্যকামবশগো মলিনোঽলসশ্চ ॥ ১৩

ইতি সারাবল্যাং।

অধুনা লগ্নস্থ শনির দোষ অপহার কথিত হইতেছে। জন্মসময়ে শনৈশ্চর উচ্চস্থ (তুলারাশিস্থ) কি স্বগৃহ (মকর কুম্ভরাশিস্থ) অথবা বৃহস্পতির গৃহ (ধনু কি মীন) স্থিত হইয়া যদি জাতলগ্নে অবস্থিতি করেন, তাহা হইলে জাতবালক ক্ষিতিপালতুল্য প্রতাপশালী হইয়া দেশ পুরাদির অধীশ্বর হয়। আর উক্ত সকল রাশি ভিন্ন অন্যরাশিতে থাকিয়া শনি লগ্নস্থ হইলে জাতশিশু দুঃখী, পীড়িত ও ভীত হইয়া বাল্যকালে দরিদ্র,কামাসক্ত মলিন ও অলস হইয়া থাকে।

অন্যচ্চ।

তুলাকোদণ্ডমীনস্থোলগ্নস্থশ্চ শনির্যদা।
সর্ব্বরিষ্টিং নিহন্ত্যাশু শেষে জাতোভবেদ্ব্যসুঃ ॥১৪

জন্মকালে শনৈশ্চর যদি তুলা, ধনু কি মীনরাশিতে অবস্থিত হইয়া লগ্নস্থ হন, তাহা হইলে জাতবালকের সমুদয় রিষ্ট বিনাশ হয়, কিন্তু উক্ত সকল রাশি ব্যতিরেকে অন্যরাশিতে শনি থাকিয়া লগ্নস্থ হইলে জাতশিশুর মৃত্যু হইয়া থাকে। ১৪

অপরঞ্চ।

তুঙ্গাঙ্গিরোগেহগতে বিলগ্নে ভবেন্নরেন্দ্রপ্রতিমঃ প্রসূতঃ।
মার্ত্তণ্ডজে মাণ্ডলিকোঽথবা স্বে অন্যত্র লগ্নোপগতে গতায়ুঃ ॥ ১৫

ইতি রাজমার্ত্তণ্ডে।

রাজমার্ত্তণ্ডে উক্ত হইয়াছে যে,—শনৈশ্চর যদি তুঙ্গী কি বৃহস্পতি-গৃহস্থিত কিম্বা স্বগৃহস্থ হইয়া লগ্নগত হন, তাহা হইলে, জাতবালক নরেন্দ্রতুল্য কিম্বা মাণ্ডলিক হইয়া থাকে। আর উক্ত সকল স্থান ভিন্ন অন্যরাশিতে থাকিয়া যদি শনি লগ্নগত হন, তবে জাতশিশুর মৃত্যু হইয়া থাকে। ১৫

## অথরাহুরিষ্টম্।

রাহুশ্চতুষ্টয়স্থোমরণায় বীক্ষিতোভবতি পাপৈঃ।
বর্ষৈর্ব্বদন্তি দশভিঃ ষোড়শভিঃকেচিদাচার্য্যাঃ॥১৬

জাতলগ্ন হইতে চতুর্থস্থানস্থিত রাহু যদি পাপগ্রহ কর্ত্তৃক অবলোকিত হন, তাহা হইলে জাতশিশুর দশবৎসরে মৃত্যু হইবে, কোন কোন পণ্ডিত বলেন যে,—ঐরূপ হইলে ষোড়শবৎসরে মৃত্যু হইয়া থাকে। ১৬

রাহুরিষ্টমাহ। রাহুরিতি। কেন্দ্রস্থোরাহুঃ পাপৈর্দৃষ্টোমরণায় স্যাৎ তচ্চ মরণং দশবর্ষে ইতিকেচিদ্বদন্তি ষোড়শভিরিতি। অত্র চ মেষে বৃষে কর্কটে চ লগ্নে স্থিতে রাহুরিষ্টভঙ্গঃ স্যাৎ। তথাচ সারাবল্যাং। অজবৃষভকর্কিবিলগ্ন ইত্যাদি। ১৬

## অথরাহুরিষ্টভঙ্গঃ।

অজবৃষভকর্কিবিলগ্নে রক্ষতি রাহুঃ সমস্তরিষ্টিভ্যঃ।
পৃথ্বীপতিঃ প্রসন্ন কৃতাপরাধং যথা পুরুষম্॥ ১৭

ইতিসারাবল্যাং।

রাহুর রিষ্টভঙ্গ কথিত হইতেছে,—জন্মসময়ে মেষ, বৃষ কি কর্কটলগ্নে রাহু অবস্থিতি করিলে জাতশিশুর সমুদয় রিষ্ট উক্ত রাহু বিনাশ করেন, যেমন অপরাধযুক্ত মনুষ্যকে রাজা প্রসন্ন হইয়া অপরাধ মার্জ্জনা করিয়া থাকেন। ১৭

## অথকেতুরিষ্টম্।

কেতুর্যস্মিন্নৃক্ষেঽভ্যুদিতস্তস্মিন্ প্রসূয়তে যস্তু।
রৌদ্রে সর্পমুহূর্ত্তে বা প্রাণৈঃ সংত্যজ্যতে চাশু॥ ১৮

কেতুরিষ্ট কথিত হইতেছে,—রাশিচক্রে যে নক্ষত্রে কেতু অবস্থান করেন সেই নক্ষত্রে, আর্দ্রানক্ষত্রের মুহূর্ত্তে কি অশ্লেষানক্ষত্রের মুহূর্ত্তে যদি শিশুর জন্ম হয়, তাহা হইলে ঐ শিশু শীঘ্রই প্রাণত্যাগ করিবে। ১৮

কেতুরিষ্টমাহ। কেতুরিতি। যস্মিন্নক্ষত্রে কেতুরভ্যুদিতঃ স্থিতস্তস্মিন্নক্ষত্রে রৌদ্রমুহূর্ত্তে আর্দ্রানক্ষত্রমুহূর্ত্তে অশ্লেষানক্ষত্রমুহূর্ত্তে বা যঃ প্রসূয়তে স চাশু তৎক্ষণাদেব প্রাণৈর্ব্বিমুচ্যতে ম্রিয়ত ইত্যর্থঃ। ৮

## অথদ্রেক্কাণরিষ্টম্।

লগ্নে যে দ্রেক্কাণানিগড়াহিবিহঙ্গপাশধরসংজ্ঞাঃ।
মরণায় সপ্তবর্ষৈঃ ক্রূরযুতা ন স্বপতিদৃষ্টাঃ॥ ১৯

দ্রেক্কাণরিষ্ট বর্ণিত হইতেছে,—নিগড়, সর্প, পক্ষী ও পাশধরসংজ্ঞক দ্রেক্কাণ লগ্নগত হইয়া পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট ও স্বীয় অধিপতি কর্ত্তৃক অবলোকিত না হইলে জাতশিশুর সপ্তমবৎসরে মৃত্যু হয়। ১৯

দ্রেক্কাণরিষ্টমাহ। লগ্ন ইতি। যে নিগড়সর্পপক্ষিপাশধরসংজ্ঞাদ্রেক্কাণান্তে লগ্নগতাঃ ক্রূরযুতাঃ ন স্বপতিনা দৃষ্টাঃ সপ্তবর্ষৈর্ম্মরণায় স্যুঃ। ২০

## অথ লগ্নাধিপাদিরিষ্টম্।

লগ্নাধিপজন্মপতী ষষ্ঠাষ্টমরিপ্ফগৌ প্রসবকালে।
অস্তমিতৌ মরণকরৌ রাশিপ্রমিতৈর্ব্বদেদ্বর্ষৈঃ॥ ২০

লগ্নাধিপতি ও রাশ্যধিপতির রিষ্ট কথিত হইতেছে—জন্মকালে লগ্নাধিপতি-গ্রহ ও রাশ্যধিপতিগ্রহ যদি অস্তমিত হইয়া লগ্নের ষষ্ঠ, অষ্টম কি দ্বাদশস্থানে অবস্থিত হন, তাহা হইলে জাতশিশু ষষ্ঠ, কি অষ্টম অথবা দ্বাদশবর্ষে নিধন হইবে। ২১

লগ্নাধিপ জন্মাধিপরিষ্টমাহ। লগ্নাধিপেতি। লগ্নাধিপো জন্মপতিঃ রাশ্যধিপো বাস্তং গতঃ ষষ্ঠাষ্টমরিপ্ফগঃ সন্ রাশিপ্রমিতৈর্ব্বর্ষৈ ষষ্ঠাষ্টমদ্বাদশবর্ষৈর্মৃত্যুকরঃ স্যাৎ। ২০

## অথসৌম্যগ্রহরিষ্টম্।

সৌম্যাঃ ষষ্ঠাষ্টমগাঃ পাপৈর্ব্বক্রোপসংযুতৈর্দৃষ্টাঃ॥
মাসেন মৃত্যুদাস্তে যদি ন শুভৈস্তত্র সংদৃষ্টাঃ॥ ২১

অধুনা শুভগ্রহের রিষ্টি কথিত হইতেছে,—জন্মসময়ে যদি শুভগ্রহ লগ্নের ষষ্ঠ বা অষ্টমস্থানে থাকেন, অথবা উক্ত উভয়স্থানে অবস্থিত হইয়া পাপগ্রহ কি কি বক্রিগ্রহ কর্ত্তৃক অবলোকিত হ'ন, আর তাঁহার প্রতি অন্য শুভগ্রহের দৃষ্টি না থাকে, তবে জাতশিশুর একমাসমধ্যে মৃত্যু হইয়া থাকে। ২১

সৌম্যগ্রহরিষ্টমাহ। সৌম্যাইতি। সৌম্যাঃ শুভগ্রহাঃ ষষ্ঠেঽষ্টমে বা উভয়ত্র বা স্থিতাঃ পাপগ্রহৈঃ বক্রিগ্রহৈর্দৃষ্টাঃ সন্তঃ মাসেন মৃত্যুকরা ভবন্তি তে যদি শুভগ্রহৈর্ন দৃষ্টাঃ শুভদর্শনে তু যোগভঙ্গ ইত্যর্থঃ। এতেন সর্ব্বএব শুভাঃ ষষ্ঠাষ্টমস্থাঃ যদি স্যুরিত্যর্থঃ। ২১

## অথপাপাদিগ্রহরিষ্টম্।

একঃ পাপোঽষ্টমগঃ শত্রুগেহী শত্রুবীক্ষিতোবর্ষাৎ।
মারয়তি নবং প্রসূতং সুধারসো যেন পীতোঽপি॥ ২২

এক্ষণে পাপগ্রহের রিষ্টি কথিত হইতেছে,—যদি একটী পাপগ্রহ জাতলগ্নের অষ্টমস্থিত হইয়া শত্রুগৃহগত হ'ন, অথচ ঐ পাপগ্রহের প্রতি শত্রুগ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে জাতমনুষ্য অমৃতপান করিলেও একবৎসরের মধ্যে কাল-কবলে পতিত হইবে। ২২

পাপগ্রহরিষ্টমাহ। এক ইতি। একোবলবান্ পাপঃ শত্রুগৃহস্থঃ শত্রুদৃষ্টোঽষ্টমস্থ সন্ বার্ষিকেণামৃতভোজিনং নরং মারয়তি। এতেন মরণাবশ্যকত্বং সূচিতম্। ২১

হোরায়াঃ সপ্তমে সৌরির্হিবুকস্থশ্চ ভাস্করঃ।

অস্মিন্ যোগে তু যোজাতঃ সোঽল্পায়ুর্ভবতি প্রিয়ে॥ ২৩

*হোরাধিপতির সপ্তমস্থানে শনৈশ্চর ও চতুর্থস্থানে রবি থাকিলে ঐ যোগে যাহার জন্ম হয় সেই শিশু অল্পায়ু হইয়া থাকে। ২৩*

বস্বষষ্ঠগতে জীবে সমসপ্তগতে শনৌ।

দ্বাদশস্থো যদা ভানুর্ব্বর্ষমেকং ন জীবতি॥ ২৪

শিশুর জন্মলগ্ন হইতে অষ্টম কি ষষ্ঠস্থানে বৃহস্পতি, সমসপ্তগত শনি এবং দ্বাদশস্থানে রবি থাকিলে ঐ বালক একবৎসরও জীবিত থাকে না। ২৪

অথাশুভানি।

সমসপ্তগতোভৌমো লগ্নে ভাস্করচন্দ্রকৌ।

গুরুর্ভৃগুর্যদা ষষ্ঠে তদা কষ্টং সমাদিশেৎ॥ ২৫

জন্মকালে যদি মঙ্গল সমরাশিস্থ হইয়া সপ্তমে থাকেন,আর লগ্নে রবি ও চন্দ্র অবস্থিত হ'ন এবং বৃহস্পতি ও শুক্র ষষ্ঠস্থানে থাকেন তাহা হইলে জাতব্যক্তি অত্যন্ত কষ্ট পায়। ২৫

অষ্টমস্থৌ শনিকুজৌ ভাস্করশনিজৌ তথা।

ষষ্ঠে ভার্গবদেবশ্চ ভবেন্মৃত্যুস্তদাচিরাৎ॥ ২৬

জন্মসময়ে অষ্টমস্থানে শনি, মঙ্গল,রবি ও বুধ যদি অবস্থিত হন,আর ষষ্ঠস্থানে শুক্র থাকেন তবে জাতব্যক্তি শীঘ্র যমালয়ে গমন করে। ২৬

শুভে লগ্নে যদা চন্দ্রোজাতোঽষ্টমনিশাকরঃ।

শনৈশ্চরস্তু বন্ধুস্থস্তৃতীয়ে মাসি নশ্যতি॥ ২৭

জন্মসময়ে চন্দ্র লগ্নে কি লগ্নের অষ্টমস্থানে অবস্থিত হইলে শনৈশ্চর যদি চতুর্থস্থানে থাকেন, তাহা হইলে জাতমনুষ্য তিনমাসকালে প্রাণত্যাগ করে।২৭

প্রমদস্থাযদা পাপাঃ সৌম্যাদ্বাদশমাশ্রিতাঃ।

তদা মৃতুর্ভবেজ্জাতো দেবরাজসমো যদি॥ ২৮

জন্মসময়ে পাপগ্রহগণ সপ্তমস্থানে এবং শুভগ্রহগণ দ্বাদশস্থানে অবস্থিত হন তবে জাতব্যক্তি ইন্দ্রতুল্য হইলেও তাহার অকালে মৃত্যু হইবে। ২৮

পাপত্রয়গতঃ সূর্য্যোগুরুশুক্রবিবর্জ্জিতঃ।

পাপিষ্ঠং কুরুতে নিত্যমল্পায়ুশ্চ ন সংশয়ঃ॥ ২৯

জন্মকালে রবি যদি পাপগ্রহত্রয়ের সহিত যুক্ত হ'ন, আর সে স্থানে বৃহস্পতি ও শুক্র না থাকেন, তাহা হইলে জাতমনুষ্য পাপী ও অল্পায়ুযুক্ত হইয়া থাকে।২৯

অন্যচ্চ।

পাপত্রয়গতঃ সূর্য্যোগুরুশুক্রবিবর্জ্জিতঃ।

পাপিষ্ঠং কুরুতে নিত্যং পণ্ডিতোঽপি ভবেদ্যদি ॥ ৩০

জন্মকালীন পাপগ্রহত্রয়ের সহিত রবিযুক্ত হইলে যদি বৃহস্পতি ও শুক্র সে স্থানে অবস্থান না করেন, তবে জাতব্যক্তি পণ্ডিত হইলেও পাপিষ্ঠ হইয়া থাকে। ৩০

কণ্টকস্থো যদা সৌরিঃ শুক্রগ্রহবিবর্জ্জিতঃ।

রবিযুক্তোবিশেষেণ খলো ভবতি নান্যথা ॥ ৩১

জন্মসময়ে শনি যদি কেন্দ্রস্থানে অবস্থিত হইয়া রবিযুক্ত হ'ন আর শুক্র তথায় না থাকেন, তাহা হইলে জাতমনুষ্য খলপ্রকৃতি হয়। ৩১

লগ্নচন্দ্রব্যয়স্থানে তিষ্ঠেৎ পাপগ্রহোযদি।

কৃপণঃ স্যাত্তদা জাতোদাতা সতি শুভগ্রহে ॥ ৩২

জন্মকালে লগ্ন ও চন্দ্রের দ্বাদশস্থানে পাপগ্রহ অবস্থিত হইলে জাতব্যক্তি কৃপণ হয়, আর শুভগ্রহ থাকিলে দাতা হইয়া থাকে। ৩২

চন্দ্রসূর্য্যগৃহে রাহুশ্চন্দ্রসূর্য্যযুতোযদি।

মৃত্যুস্থান * গতশ্চৈব পশুভির্হন্যতে ততঃ ॥ ৩৩

জন্মসময়ে চন্দ্র কি রবির ক্ষেত্রে রাহু অবস্থিত হইয়া যদি চন্দ্র সূর্য্যযুক্ত হ'ন আর ঐ স্থান জন্মলগ্নের অষ্টমস্থান হয় তাহা হইলে জাতব্যক্তি পশু কর্ত্তৃক বিনষ্ট হইবে। ৩৩

শত্রুগেহে যদা সৌম্যঃ শত্রুযুক্তোনিরীক্ষিতঃ।

ষষ্ঠাষ্টমগতশ্চন্দ্রোহন্যতে জলজন্তুভিঃ ॥ ৩৪

জন্মকালে বুধ শত্রুগৃহে থাকিয়া যদি শত্রুগ্রহযুক্ত ও শত্রুগ্রহ কর্ত্তৃক অবলোকিত হ'ন, আর চন্দ্র ষষ্ঠস্থানে কি অষ্টমস্থানে থাকেন তবে জাতমনুষ্য জলজন্তুকর্ত্তৃক নিহত হয়। ৩৪

মৃত্যুস্থোযদি বা ভৌমঃ শত্রুগেহী † নিরীক্ষিতঃ।

এষনাশকরোযোগোবিজিহ্বৈনাত্র সংশয়ঃ ॥ ৩৫

জন্মসময়ে মঙ্গল যদি অষ্টমস্থানে থাকিয়া শত্রুগ্রহের ক্ষেত্রে অবস্থিত হ'ন, আর তাঁহার উপরে শত্রুগ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে জাতব্যক্তি সর্প কর্ত্তৃক বিনষ্ট হয়। ৩৫

* মৃত্যুস্থোমদনস্থোঽপি পাঠান্তরং। † শত্রুগেহী সহেন্দুনেতি কচিৎ পুস্তকে পাঠঃ।

অথচ্ছেদাদিযোগঃ।

ভৌমক্ষেত্রগতে লগ্নে রবিস্তত্র শনৈশ্চরঃ।
পাপেন সংযুতোবাপি কর্ণচ্ছেদী ভবেন্নরঃ॥ ৩৬

জন্মলগ্ন যদি মঙ্গলের ক্ষেত্র হয়, আর তাহাতে পাপগ্রহের সহিত যুক্ত হইয়া রবি ও শনৈশ্চর অবস্থিত হ'ন তাহা হইলে জাতব্যক্তির কর্ণচ্ছেদ হইয়া থাকে।

অন্যচ্চ।

পাপযুক্তোভৃগুসুতোরিপুস্থানগতোযদি।
জীবোভৌমেন সংদৃষ্টঃ কর্ণচ্ছেদী ভবেন্নরঃ॥ ৩৭

জন্মকালে পাপগ্রহযুক্ত শুক্র যদি ষষ্ঠস্থানে অবস্থিত হ'ন, আর বৃহস্পতির উপরে মঙ্গলের দৃষ্টি থাকে, তবে জাতমনুষ্যের কর্ণচ্ছেদ হয়। ৩৭

কণ্টকস্থোযদা শৌরিঃ শশিযুক্তোভবেদ্ যদি।
শুভগ্রহানপশ্যন্তি খঞ্জো ভবতি নান্যথা॥ ৩৮

জন্মলগ্নের কেন্দ্রস্থানে যদি চন্দ্রযুক্ত শনৈশ্চর অবস্থিত হ'ন আর তাহাতে শুভগ্রহের দৃষ্টি না থাকে তবে জাতমনুষ্য খঞ্জ হয়। ৩৮

শত্রুগেহে যদা শৌরিঃ শত্রুযুক্তোনিরীক্ষিতঃ।
একপাদকরচ্ছেদযোগোঽয়ং পরিকীর্ত্তিতঃ॥ ৩৯

শনি শত্রুগৃহে থাকিয়া যদি শত্রুযুক্ত কি শত্রুগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হ'ন তাহা হইলে জাতশিশুর একপদ ছেদন হইয়া থাকে। ৩৯

পাপত্রয়যুতঃ সৌমঃ শত্রুগেহে ব্যবস্থিতঃ।
শুভগ্রহানপশ্যন্তি চক্ষুর্নাশোভবেদ্ধ্রুবম্॥ ৪০

জন্মসময়ে চন্দ্র যদি পাপগ্রহের সহিত যুক্ত হইয়া শত্রুগ্রহের ক্ষেত্রে অবস্থান করেন; আর তাঁহার প্রতি শুভগ্রহের দৃষ্টি না থাকে, তাহা হইলে জাতব্যক্তির চক্ষু নষ্ট হইয়া থাকে। ৪০

তনুস্থানস্থিতোভৌমঃ শনিরাহুসুরান্বিতঃ।
নাশাচ্ছেদকরোযোগো মুনিভিঃ পরিকীর্ত্তিতঃ॥ ৪১

জন্মলগ্নে মঙ্গল অবস্থিত হইয়া যদি শনি, রাহু ও রবিযুক্ত হ'ন, তবে জাতব্যক্তির নাসাচ্ছেদ হয়, ইহা মুনিগণ বলিয়াছেন। ৪১

অন্যচ্চ।

মৃত্যুস্থানগতোভৌমঃ শনিরাহুবিবর্জ্জিতঃ।
নাশাচ্ছেদোভবেদ্‌যোগ ইন্দ্রবংশোদ্‌ভবস্য চ॥ ৪২

জন্ম সময়ে যদি অষ্টমস্থানে মঙ্গল থাকিয়া শনি ও রাহুযুক্ত না হ'ন তবে জাতব্যক্তি ইন্দ্রবংশে উৎপন্ন হইলেও তাহার নাসিকাচ্ছেদ হইয়া থাকে। ৪২

অষ্টমস্থো যদা সোমোরাহুযুক্তোভবেদ্‌যদি।
শিরসশ্ছেদযোগোঽয়ং বিষ্ণুনা পরিকীর্ত্তিতঃ॥ ৪৩

জন্মলগ্নের অষ্টমস্থানে রাহুযুক্ত হইয়া যদি চন্দ্র অবস্থিতি করেন, তাহা হইলে জাতব্যক্তির শিরচ্ছেদ হইয়া থাকে, বিষ্ণু এইরূপ কহিয়াছেন। ৪৩

বজ্রাঘাতেন সর্পেণ মৃত্যুস্থেঽর্কে জ্বরেণ বা।
যমেন নর-আক্রান্তস্তোয়ে ভূমৌ বিনশ্যতি॥ ৪৪

জন্মসময়ে লগ্নের অষ্টমস্থানে যদি রবি থাকেন তবে জাতব্যক্তি বজ্রাঘাত সর্প-দংশন কিম্বা জ্বররোগে আক্রান্ত হইয়া জলযুক্ত ভূমিতে প্রাণত্যাগ করে ৪৪

অন্যচ্চ।

সূর্য্যঃ স্বগৃহগতঃ শুভনিধনং নিধনস্থঃ কুরুতে।
অন্যগৃহে বহুদুঃখং দত্ত্বা প্রাণানপহর্ন্তি॥ ৪৫

জন্মকালীন লগ্নের অষ্টমস্থান যদি রবির স্বীয়গৃহ হয়, আর তাহাতে তিনি অবস্থিত হন, তাহা হইলে জাতব্যক্তির অনায়াসে মৃত্যু হয়, কিন্তু অন্যের ক্ষেত্রে অবস্থিত হইয়া রবি অষ্টমস্থায়ী হইলে নানারূপ কষ্ট পাইয়া জাতব্যক্তি প্রাণত্যাগ করে। ৪৫

মদনস্থো যদা ভানুঃ শনিভৌমাবলোকিতঃ।
রিপুগেহী বিশেষেণ কাশরোগী ন চান্যথা॥ ৪৬

জন্মলগ্নের সপ্তমস্থানে রবি অবস্থিত হইয়া যদি শনি ও মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হন, বিশেষতঃ ঐ স্থান তাহার রিপুগৃহ হয় তবে জাতব্যক্তি কাসরোগী হইবে সন্দেহ নাই। ৪৬

প্রতিপদুত্তরাষাঢ়া নবম্যামেব কৃত্তিকা।
পূর্ব্বভাদ্রপদাষ্টম্যামেকাদশ্যাঞ্চ রোহিণী।
দ্বাদশ্যাঞ্চ যদাশ্লেষা ত্রয়োদশ্যাং যদা মঘা।
এভির্জাতো ন জীবেত যদি শক্রসমোভবেৎ॥ ৪৭

প্রতিপদ তিথিতে উত্তরাষাঢ়ানক্ষত্র, নবমীতে কৃত্তিকানক্ষত্র, অষ্টমীতে পূর্ব্বভাদ্রপদনক্ষত্র, একাদশীতে রোহিণীনক্ষত্র, দ্বাদশীতে অশ্লেষানক্ষত্র অথবা ত্রয়োদশীতিথিতে মঘানক্ষত্র হইলে ঐ তিথি নক্ষত্রযোগে যে শিশুর জন্ম হয় সে ইন্দ্রতুল্য হইলেও জীবিত থাকিবে না। ৪৭


অথ পতাকীবেধঃ।

তির্য্যগূর্দ্ধগতারেখাস্তিস্রোদেয়াঃ পতাকয়া।
যুতাঃ কার্য্যাবেদবিদা সর্ব্বসঙ্গতরেখয়া।
দক্ষস্থোদ্ গতরেখাতোবামং মেষাদ্যরাশয়ঃ।
পঞ্চাষ্টযুগ্মবিংশাশ্চ ষড়্ দশেন্দ্রাগ্নিসাগরাঃ।
কর্কটান্মীনপর্য্যন্তমঙ্কাদেয়া যথাক্রমম্॥ * ৪৮

অধুনা পাতকীবেধ কিরূপে দেখিতে হয় এবং তাহার লিখন-প্রণালী বর্ণিত হইতেছে যথা—উর্দ্ধদিকে তিনটী রেখা টানিয়া তির্য্যগ্ ভাবে তাহাতে তিনটী রেখা অঙ্কিত করিতে হইবে। অনন্তর ঐ সকল রেখার অগ্রভাগে পতাকাচিহ্ন দিয়া পরস্পর বেধ-নির্ণয় করিবে। অপর উর্দ্ধ তিনটী রেখার মধ্যে দক্ষিণদিকের রেখার অগ্রভাগ হইতে বামাবর্ত্তে মেষাদির চিহ্ন রাখিবে, পরে কর্কটে ৫ সিংহে ৮ কন্যায় ২, তুলাতে ২০, বৃশ্চিকে ৬, ধনুতে ১০, মকরে ১৪, কুম্ভে ৩ ও মীনে ৪ এইরূপ অঙ্কযোজনা করিতে হইবে। ৪৮

পাঠকবর্গের সুবিধার জন্য নিম্নে পতাকীচক্র দেওয়া গেল।

পতাকীচক্রম্।




বালস্য জন্মকালীনগ্রহলগ্নমজাদিষু।
বিন্যস্য চিন্তয়েৎ প্রাজ্ঞঃ শুভাশুভং যথাক্রমং।
শুভদগুযোগবেধৈর্লগ্নাদ্বালস্য শোভনং।
পাপদগুযোগবেধৈরাশুঙ্কাদৃষ্টিকালবিৎ॥ ৪৯

বেদাগ্নিমনুদিকালবিংশতিদ্ব্যষ্টমার্গথাঃ। মীনাদিকর্কটান্তাশ্চ হৃঙ্কাদেয়াযথাক্রমম্ ইতি সারসংগ্রহে॥

বালকের জন্মকালীন রাশিচক্রের যে ঘরে যে গ্রহ থাকে তাহা পতাকীচক্রে রাখিয়া পরে শিশুর শুভাশুভ বিবেচনা করিতে হয়। যদি বালক শুভগ্রহের দণ্ডে জাত হয় এবং শুভগ্রহ বেধে থাকেন, তাহা হইলে শিশুর সমস্ত শুভ হয়। আর যদি অশুভগ্রহের দণ্ডে জন্মে এবং অশুভগ্রহ বেধে থাকেন তবে ঐ বালকের রাশির অঙ্ক পরিমিত দিন, মাস কিম্বা বৎসরে রিষ্ট হইবে। ৪৯

বলেঽধিকে দিনং মধ্যে মাসোহীনে চ হায়নং।
লগ্নস্য দক্ষিণে বামে সম্মুখে গ্রহসংস্থিতে॥ ৫০

যদি অশুভগ্রহ দণ্ডাধিপতি হইয়া বলবান্ হন,তাহা হইলে অঙ্ক পরিমিত দিনে মধ্যবল হইলে অঙ্কসংখ্যমাসে এবং হীনবল হইলে অঙ্ক পরিমিত বৎসরে ফল দান করেন। লগ্নে কি লগ্নের দক্ষিণে কিম্বা বামে অথবা সম্মুখে পাপগ্রহ অবস্থিতি করিলে বেধ হয়, বেধস্থানে যে অঙ্ক থাকে সেই পরিমিত দিন, মাস কি বৎসরে শিশুরিষ্ট হইয়া থাকে। ৫০

কর্কে মীনধনুর্ভ্যাঞ্চ হরেঃ কীটঘটেন চ।
স্ত্রিয়াস্তৌলিমৃগাভ্যাঞ্চ ধটেমীনেন কন্যয়া।
বৃশ্চিকে কলসে চৈব পঞ্চাস্যে কলসে তথা।
ধনুষোমৃগকর্কিভ্যাং মকরে ধনুষা স্ত্রিয়া
ঘটস্য কীটসিংহাভ্যাং মিলনং কথিতং বুধৈঃ।
মীনে কর্কিতুল্যাভ্যাঞ্চ মীনস্ত্রীধনুষা স্বজে।
তুলাকর্কিমৃগৈর্দ্বন্দ্বে হরেঃকীটঘটে বৃষে।
সিংহবদ্‌বেধএতেষু বামদক্ষিণসম্মুখে॥ ৫১

পতাকীচক্রে কোন্ কোন্ রাশির সহিত কোন্ কোন্ রাশির বেধ হয় তাহা কথিত হইতেছে যথা,—কর্কটের সহিত মীন ও ধনুর বেধ হয়; এইরূপ সিংহের সহিত বৃশ্চিক,ও কুম্ভের, কন্যার সহিত তুলা ও মকরের, তুলার সহিত মীন ও কন্যার, বৃশ্চিকের সহিত কুম্ভ ও সিংহের,ধনুর সহিত মকর ও কর্কটের, মকরের সহিত ধনু ও কন্যার,কুম্ভের সহিত বিছা ও সিংহের এবং মীনের সহিত কর্কট ও তুলার বেধ (মিলন) হইয়া থাকে। পণ্ডিতগণ এইরূপ কহিয়াছেন। অপর মেষের কন্যা ও তুলার সহিত, বৃষের সিংহ, কুম্ভ ও বৃশ্চিকের সহিত, মিথুনের কর্কট, তুলা ও মকরের সহিত বেধ হইবে। সিংহের যেরূপ বামে দক্ষিণে ও সম্মুখে বেধ হয় অন্যান্য রাশিরও সেইরূপ বেধ হইয়া থাকে। ৫১

একোনবিংশতিঃ কর্কে সিংহে সপ্তদশৈব তু।
ষট্‌ত্রিংশদবলায়াস্তু ষড়্‌বিংশতিস্তুলাধরে।

বৃশ্চিকে সিংহবজ্‌জ্ঞেয়মূনত্রিংশচ্চরাশনে।
ষড়্‌বিংশং মকরে জ্ঞেয়ং কুম্ভে সপ্তদশঃ স্মৃতঃ।
নবযুগ্মে তথা মীনে মেষে ষড়্‌দশএব চ।
বৃষে সপ্তদশঃ প্রোক্তোযুগ্মেঽঙ্কহরলোচনে।
ত্রিতয়াঙ্কাদিয়ং সংখ্যা দিনমাসাব্দনির্ণয়ে॥ ৫২

পতাকীবেধচক্রে পূর্ব্বোক্ত তিন তিন রাশির বেধ হইলে ঐ রাশিত্রয়ের অঙ্ক একত্র যোগ করিলে যে সংখ্যা হয় তৎসংখ্যক দিনে কিম্বা মাসে অথবা বৎসরের শিশুর রিষ্ট হইবে। রাশিত্রয়ের মিলিতাঙ্কে যে যে সংখ্যা হয় তাহা বিবৃত হইতেছে। কর্কটের ১৯ ঊনবিংশতি, সিংহের ১৭ সপ্তদশ, কন্যার ৩৬ ষট্‌ত্রিংশৎ, তুলার ২৬ ষড়্‌বিংশতি, বৃশ্চিকের ১৭ সপ্তদশ, ধনুর ২৯ঊনত্রিংশৎ, মকরের ২৬ ষড়্‌বিংশতি কুম্ভের ১৭ সপ্তদশ, মীনের ২৯ ঊনত্রিংশৎ, মেষের ১৬ ষোড়শ, বৃষের ১৭ সপ্তদশ এবং মিথুনের ৩৯ ঊনচত্বারিংশৎ অঙ্ক হইবে।৫২

একাঙ্কাদ্‌দ্বিগ্রহাঙ্কাদ্বা ত্রিগ্রহাঙ্কাচ্চ কুত্রচিৎ।
পাপদণ্ডে ভবেদ্রিষ্টিঃ শুভদণ্ডে শুভং ভবেৎ॥ ৫৩

পূর্ব্বোক্ত রাশি সকলের অঙ্ক যোগ না করিয়া কোনস্থানে একরাশির অঙ্কে কোনখানে দুইরাশির অঙ্ক যোগ করিয়া তাহাতে এবং কোনস্থানে পূর্ব্বোক্ত মিলিতাঙ্ক সংখ্যক মাসাদিতে পাপগ্রহের দণ্ডে বালক জন্মিলে রিষ্ট এবং শুভগ্রহের দণ্ডে শিশুর জন্ম হইলে শুভ হইবে।৫৩

অথপতাকীচক্রে গ্রহবেধফলম্‌।

রাহুকেত্বর্কসৌরারৈঃ পাপৈর্ব্বিদ্ধোযুতোঽশুভঃ।
তদন্যৈর্যুতোবিদ্ধস্তু লগ্নরাশিঃ শুভপ্রদঃ॥ * ৫৪

জাতশিশুর লগ্নে কি লগ্নের বেধস্থানে রাহু, কেতু, রবি, শনি কিম্বা মঙ্গল অবস্থিত হইলে সেই বালকের অশুভ হয়, আর উক্ত সকল গ্রহ ভিন্ন শুভগ্রহ থাকিলে শুভফল হইয়া থাকে। পরন্তু চন্দ্রে কি চন্দ্রের বেধস্থানে অশুভগ্রহ কিলে অশুভ এবং শুভ থাকিলে শুভগ্রহ হইবে। ৫৪

অন্যচ্চ।

অশুভে দণ্ডসংযোগে সর্ব্বত্র পুণ্যবর্জ্জিতে।
বালস্য মরণং শীঘ্রং যদি পাপৈঃ সমন্বিতম্‌॥ ৫৫

জন্মকালে দণ্ডাধিপতি যদি অশুভগ্রহ হ'ন, আর তাঁহার বেধ থাকে এবং

---

* লগ্নরাশিঃ লগ্নসহিতোরাশিঃ। এতেন লগ্নবচ্চন্দ্রেঽপি বেধোজ্ঞেয়ঃ।

বেধস্থানে শুভগ্রহ বর্জ্জিত হইয়া পাপগ্রহযুক্ত হয়, তাহা হইলে জাতশিশুর শীঘ্রই মৃত্যু হইবে। ৫৫

অপরঞ্চ।

অশুভগ্রহদণ্ডে তু সর্ব্বত্র পাপবর্জ্জিতে।
বালস্য কুশলং সর্ব্বং শুভৈর্যদি সমন্বিতম্॥ ৫৬

অশুভগ্রহের দণ্ডে জন্মিলেও যদি সমুদয় বেধস্থানে পাপগ্রহ বর্জ্জিত হইয়া শুভগ্রহ যুক্ত হয় তবে বালকের শুভ হইবে। ৫৬

অপিচ।

অশুভোদণ্ডনাথোহি বেধশ্চেত্তেন লভ্যতে।
মরণং তত্র বক্তব্যং বালস্য নান্যথা ভবেৎ॥ ৫৭

দণ্ডাধিপতি যদি পাপগ্রহ হ'ন এবং বেধস্থানে অবস্থিতি করেন, তাহা হইলে জাতবালকের মৃত্যু হইবে, ইহার অন্যথা হইবে না। ৫৭

প্রকারান্তরঞ্চ।

পাপস্য দণ্ডমাত্রে তু তদ্‌যোগবেধবর্জ্জিতে।
বালস্য কুশলং তত্র শুভৈর্যদি সমন্বিতম্॥ ৫৮

পাপগ্রহের দণ্ড হইয়া যদি বেধ না হয় এবং শুভগ্রহের সহিত দণ্ডাধিপতির যোগ থাকে তাহা হইলে জাতবালকের শুভ হইবে। ৫৮

ইতি পতাকীবেধঃ।

অথপুরুষগণনম্।

যস্মিন্নৃক্ষে বসেদ্‌ভানুস্তদাদিত্রীণি মস্তকে।
মুখে ত্রীণি প্রদেয়ানি একৈকং স্কন্ধদেশয়োঃ।
দ্বে দ্বে হৃদয়ে চ বাহুভ্যাং হস্তাভ্যাঞ্চ দ্বয়ং তথা।
হৃদয়ে পঞ্চভানি স্যুস্তথৈকং নাভিমণ্ডলে।
গুহ্যে স্যাদেকনক্ষত্রং জানুভ্যাঞ্চ দ্বয়ং তথা।
প্রতিপাদে দ্বয়ং কৃত্বা জানীয়াদ্‌বালজন্মনি॥ ৫৯

ইতি সারসংগ্রহে।

অনন্তর জাতপুরুষ গণন-প্রণালী কথিত হইতেছে,—বালকের জন্মকালীন রবিগ্রহ যে নক্ষত্রে অবস্থিত হ'ন সেই নক্ষত্র হইতে তিন নক্ষত্র জাতপুরুষের মস্তকে যোজনা করিতে হয়, এইরূপ তৎপর তিন নক্ষত্র মুখে, দুই নক্ষত্র স্কন্ধদেশে, চারি নক্ষত্র বাহুদ্বয়ে, দুই নক্ষত্র হস্তে, পাঁচ নক্ষত্র হৃদয়ে, এক নক্ষত্র

নাভিদেশে, এক নক্ষত্র গুহ্যে, দুই নক্ষত্র জানুতে এবং প্রত্যেক পাদে দুই দুই নক্ষত্র যোজনা করিতে হইবে। ৫৯

মস্তকে ১।২।৩

বাহুদ্বয়ে ৯।১০।১১।১২

মুখে ৪।৫।৬

হস্তদ্বয়ে ১৩।১৪

স্কন্ধদেশে ৭।৮

হৃদয়ে ১৫।১৬।১৭।১৮।১৯

নাভিদেশে ২০

গুহ্যে ২১

জানুদ্বয়ে ২২।২৩

পাদদ্বয়ে ২৪।২৫।২৬।২৭

অঙ্গবিশেষে জন্মনক্ষত্রপতনফলম্।

স্বল্পায়ুঃ পাদয়োর্জাতোজানুনি স্যাদ্বিদেশগঃ।
পরদাররতোগুহ্যে নর্ত্তকোনাভিমণ্ডলে।
হৃদয়ে স্বীশ্বরোজাতোহস্তয়োশ্চৈব তস্করঃ।
বাহ্বোর্জ্জাতঃ সুশীলঃ স্যাৎ স্কন্ধয়োর্নৃপতির্ভবেৎ।
মুখে জন্মা চ মিষ্টাশী শিরসি স্যাৎ সভূপতিঃ॥ ৬০

জাতপুরুষের অঙ্গবিশেষে জাতনক্ষত্র-পতনের ফল কথিত হইতেছে,—জন্মনক্ষত্র পুরুষের পাদদ্বয়ে পড়িলে জাতশিশু অল্পায়ু হয়; এইরূপ জানুদেশে বিদেশগামী, গুহ্যে পরদারাসক্ত, নাভিদেশে নর্ত্তক, হৃদয়ে ধনশালী, হস্তে তস্কর, বাহুদেশে সুশীল, স্কন্ধদেশে নৃপতি, মুখে মিষ্টান্নভোক্তা এবং মস্তকে জন্মনক্ষত্র পতিত হইলে জাতবালক ভূপতি হইয়া থাকে। ৬০

অথবালানাং দন্তোদ্গমফলম্।

জাতঃ সদন্তঃ পিতৃমাতৃহন্তা তাতং বিহন্যাৎ প্রথমে তু মাসে।
অম্বাং দ্বিতীয়ে সহজং তৃতীয়ে মাসে চতুর্থে শুভকারকঃ স্যাৎ।
মিষ্টান্নভোজী সুভগঃ সুতাখ্যে ষষ্ঠে সুখী পাণ্ডিতকল্পবুদ্ধিঃ।
ততোহধিকঃ স্যাদ্বলবান্ যুনাখ্যে * মাসেঽষ্টমে বিত্তসুখৈর্ব্বিহীনঃ।
শূরঃ প্রতাপী নবমে † মৃত্যুশ্চ দশমে তথা।
একাদশে দ্বাদশে চ সুখী চ সুভগোভবেৎ॥ ৬১

ইতিজ্যোতিস্তত্ত্বে।

---

* ততোধিক: স্যাদ্বলবান্ গুণাঢ্যঃ ইতি পাঠঃ।

† শূর প্রতাপী নবমে চ মাসে মৃত্যুশ্চ দদ্যাদ্দশমে তথৈব।
একাদশে দ্বাদশে মাসি সৌখ্যং দুষ্টোঽপি শান্তং সুভগোভবেচ্চ॥ ইতি গ্রন্থান্তরে।

অনন্তর জাতশিশুর দন্তোদ্গমের ফল কথিত হইতেছে,—যদি দন্তের সহিত বালকের জন্ম হয় তাহা হইলে পিতা-মাতার মৃত্যু হয়; প্রথমমাসে দন্ত জন্মিলে পিতার, দ্বিতীয়মাসে দন্ত জন্মিলে মাতার মৃত্যু হইয়া থাকে। তৃতীয়মাসে দন্ত জন্মিলে ভ্রাতার মৃত্যু হয়, এইরূপ চতুর্থমাসে শুভ, পঞ্চমমাসে মিষ্টান্ন ভোজী ও সৌভাগ্যশালী, ষষ্ঠমাসে সুখী ও পণ্ডিততুল্য বুদ্ধিশালী, সপ্তমমাসে বলবান্, অষ্টমমাসে বিত্তহীন ও সুখহীন হইয়া থাকে। আর নবমমাসে দন্ত জন্মিলে বীর ও প্রতাপশালী হয়। দশমমাসে মৃত্যু এবং একাদশ ও দ্বাদশমাসে দন্ত জন্মিলে সুখী ও সুভোগী হইয়া থাকে। ৬১

অশুভদন্তজননে প্রতিকারঃ।

অষ্টৌ পুত্তলকান্ কৃত্বা সুগন্ধৈর্গন্ধকৈস্তথা
স্রোতঃসু সংক্রমে চাপি স্নাপয়েৎ শুক্লপুষ্পকৈঃ।
স্নানং সংক্রমণস্যাধঃ শম্ভোর্দ্দর্শনমস্তুতঃ।
হোমং বিপ্রার্চ্চনঞ্চৈবমশুভে দন্তদর্শনে॥ ৬২

ইতিজ্যোতিস্তত্ত্বে।

অশুভসূচক দন্তোদ্গমের প্রতিকার কথিত হইতেছে—সুগন্ধি গন্ধদ্বারা আটটী পুত্তল গঠন করিয়া সংক্রমণকালে স্রোতোজলে শুক্লপুষ্পের সহিত ঐ পুত্তল স্নান করাইবে; তদনন্তর শম্ভুর স্নানীয় জল নির্গমন প্রণালীর অধোদেশে স্থাপনপূর্ব্বক দেবতার স্নানীয় জলে জাতকের মস্তক অভিষিক্ত করিয়া পরে শিশুকে শম্ভু দর্শন, হোম ও বিপ্রার্চ্চন করিলেই অশুভ দন্ত দর্শনের দোষ বিনষ্ট হইয়া থাকে। ৬২

অথরিষ্টভঙ্গযোগঃ।

একোঽপি কেন্দ্রভবনে নবপঞ্চমে বা
ভাস্বন্ময়ূখবিমলীকৃতদিগ্বিভাগঃ।
নিঃশেষদোষমপহৃত্য শুভং প্রসূতং
দীর্ঘায়ুষং বিগতরোগভয়ং করোতি॥ ৬৩

অধুনা রিষ্টভঙ্গযোগ কথিত হইতেছে—অস্তাদিদোষ রহিত কোন একটি শুভগ্রহ যদি জাতলগ্নে কি লগ্নপেক্ষায় চতুর্থ, সপ্তম, নবম অথবা পঞ্চমস্থানে অবস্থিতি করেন, তাহা হইলে জাতবালকের সকল রিষ্ট বিনাশ করিয়া দীর্ঘায়ু দান ও রোগভয় প্রভৃতি রহিত করিয়া থাকেন। কেহ কেহ বলেন—কেবল বৃহস্পতি উক্ত সকল স্থানে থাকিলে ঐরূপ ফল হয়। ৬৩

উক্তানাং সর্ব্বেষাং রিষ্টানাং ভঙ্গমাহ একোঽপীতি।একোঽপি শুভোগুরুর্ব্বা শুক্রো বা বুধো বা ভাস্বন্ময়ূখবিমলীকৃতদিগ্বিভাগঃ স্ফুটকিরণপ্রকাশীকৃতদিগ্বিভাগঃ। কেন্দ্রভবনে

পঞ্চমস্থো বা বদা ভবেৎ তদনিঃশেষদোষং সর্ব্বরিষ্টং প্রহৃত্য:দূরীকৃত্য প্রসূতং জাতং দীর্ঘায়ুষং বিগতরোগভয়ং করোতি। কেচিত্তু এক: শুভোগুরুরেবেত্যাহুস্তদসৎ একপদস্ত বৈয়র্থ্যা-দপিশব্দস্বরসাচ্চ। যত্তু সারাবল্যাং। সর্ব্বানিমানতিবলঃ স্ফুরদংশুজালোলগ্নোপগঃ প্রশময়েৎ সুররাজমন্ত্রীতি। তদেকদেশকীর্ত্তনতপরমিতি। অন্যে রিষ্টভঙ্গাঃ সারাবল্যামুক্তাঃ। "রাহুস্ত্রিষষ্ঠলাভে লগ্নাৎ সৌম্যৈর্নিরীক্ষিতঃ সদ্যঃ। নাশয়তি সর্ব্বদুরিতং মারুতইব তৃণসংঘাতম্" । শীর্ষোদয়েষু সর্ব্বৈর্গগনাধিবাসিভিঃ সূতে। প্রকৃতিস্থৈশ্চ রিষ্টং বিনীয়তে ঘৃত মিবাগ্নিস্থং। প্রকৃতিস্থৈরবিকৃতৈরস্তাদিদোষরহিতৈরিত্যর্থঃ।৬৩

অন্যচ্চ।

রাহুস্ত্রিষষ্ঠলাভে লগ্নাৎ সৌম্যৈর্নিরীক্ষিতঃ সদ্যঃ।
নাশয়তি সর্ব্বদুরিতং মারুতইব তৃণসংঘাতম্॥ ৬৪

জন্মলগ্ন হইতে তৃতীয়ে, ষষ্ঠে কি একাদশে যদি রাহুগ্রহ থাকিয়া শুভগ্রহগণ-কর্ত্তৃক অবলোকিত হ'ন, তাহা হইলে বায়ু যেরূপ তৃণরাশিকে বিদূরিত করে সেইরূপ জাতশিশুর সর্ব্বরিষ্ট বিনাশ করিয়া থাকেন। ৬৪

দিবাসূর্য্যোনিশি শশী লগ্নস্যৈকাদশে স্থিতঃ।
কোটিদোষং নিহন্ত্যাশু গর্গস্য বচনং যথা॥ ৬৫

দিবাজাত শিশুর জন্মলগ্ন হইতে একাদশস্থানে সূর্য্য এবং রাত্রি জাত-বালকের জাতলগ্ন হইতে একাদশস্থানে চন্দ্র অবস্থিতি করিলে তাহারা জাতকের কোটিদোষ বিনাশ করিয়া থাকেন, গর্গমুনি এইরূপ বলিয়াছেন। ৬৫

চন্দ্রঃ সম্পূর্ণতনুঃ সৌম্যর্ক্ষগতঃ স্থিতশ্চ শুভস্যাংশে।
প্রকরোতি রিষ্টিভঙ্গং বিশেষতঃ শুক্রসংদৃষ্টঃ॥ ৬৬

চন্দ্র যদি জন্মসময়ে পূর্ণ থাকিয়া শুভগ্রহের ক্ষেত্রগত হ'ন অথবা শুভগ্রহের অংশে অবস্থিতি করেন, আর শুক্রকর্ত্তৃক দৃষ্ট হ'ন, তাহা হইলে নিশ্চয়ই রিষ্টভঙ্গ হইয়া থাকে। ৬৬

সৌম্যদ্বয়ান্তর্গতঃ সম্পূর্ণঃ স্নিগ্ধমণ্ডলঃ শশভৃৎ।
নিঃশেষরিষ্টহন্তা ভুজঙ্গলোকস্য গরুড়ইব॥ ৬৭

স্নিগ্ধশীল সম্পূর্ণ চন্দ্র যদি জন্মসময়ে দুইটি শুভগ্রহের মধ্যে অবস্থান করেন, তাহা হইলে গরুড় যেরূপ নাগগণের বিনাশক, সেইরূপ জাতশিশুর সর্ব্বরিষ্ট বিনাশ করিয়া থাকেন। ৬৭

শুক্রঃ পঞ্চসহস্রাণি বুধঃ পঞ্চশতানি চ।
লক্ষমেকস্তু দোষাণাং হন্ত্যাচ্চৈবোদিতোগুরুঃ॥ ৬৮

শুক্রকর্ত্তৃক পঞ্চসহস্র দোষ বিনষ্ট হয়, বুধ পঞ্চশত দোষ বিনাশ করেন আর বৃহস্পতি উদিত থাকিলে একলক্ষ দোষ বিনষ্ট করিয়া থাকেন। ৬৮

সপ্তাষ্টমষষ্ঠাঃ শশিনঃ সৌম্যাহন্তি কষ্টকলং।

পাপৈরমিশ্রচারাঃ কল্যাণঘৃতং যথোন্মাদম্॥ ৬৯

জন্মসময়ে চন্দ্রের সপ্তম, অষ্টম ও ষষ্ঠস্থানে যদি শুভগ্রহগণ পাপগ্রহ বর্জ্জিত হইয়া অবস্থিত করেন, তাহা হইলে কল্যাণঘৃত যেরূপ উন্মাদতা বিনষ্ট করে, সেইরূপ জাতশিশুর রিষ্ট বিনাশ করিয়া থাকেন। ৬৯

কণ্টকস্থো * যদা জীবঃ সপ্তমে যদি ভার্গবঃ।

বুধে চ লগ্নসংপ্রাপ্তে শতং জীবতি বালকঃ॥ ৭০

জন্মকালে লগ্নের কেন্দ্রস্থানে বৃহস্পতি,সপ্তমে শুক্র এবং বুধ লগ্নস্থিত হইলে জাতবালক শতবর্ষ জীবিত থাকে। ৭০

তৃতীয়ৈকাদশে চৈব নবমে পঞ্চমে ভৃগৌ।

সমসপ্ত * গতে জীবে জীবেদব্দশতং নরঃ॥ ৭১

জাতলগ্নের তৃতীয়, একাদশ, নবম অথবা পঞ্চমে শুক্র এবং সমরাশিগত হইয়া যদি বৃহস্পতি সপ্তম হ'ন, তাহা হইলে জাতশিশু শতবর্ষ জীবনধারণ করে। ৭১

সর্ব্বৈর্গগনভ্রমণৈর্দৃষ্টে লগ্নে ভবেন্মহীপালঃ।

বলিভিঃ সমস্তসৌখ্যোবিগতভয়োদীর্ঘজীবী চ॥ ৭২

জন্মসময়ে বলবান্ সমুদয় গ্রহকর্ত্তৃক লগ্ন দৃষ্ট হইলে জাতশিশু মহীপাল হয়, আর সর্ব্বপ্রকারে সুখভোগ করত বিগতভয় ও দীর্ঘজীবী হইয়া থাকে। ৭২

বুধোবা ভার্গবোবাপি গুরুর্ব্বা কেন্দ্রসংস্থিতঃ।

শতায়ুর্ব্বলবান্ বিজ্ঞোজাতোগোত্রাধিপোভবেৎ॥ ৭৩

বুধ, শুক্র কি বৃহস্পতি যদি জন্মলগ্নে কেন্দ্রস্থানে অবস্থান করেন তবে জাতবালক বিজ্ঞ ও গোত্রাধিপতি হইয়া শতবর্ষ পরমায়ুলাভ করে। ৭৩

চন্দ্রং পশ্যেদ্যদা শুক্রঃ শুক্রং পশ্যেদ্দিবাকরঃ।

দীর্ঘায়ুঃ স্বগুণৈশ্বর্য্যোধনবাংশ্চোপজায়তে॥ ৭৪

জন্মসময়ে শুক্র যদি চন্দ্রকে দেখেন, আর রবি শুক্রকে অবলোকন করেন, তাহা হইলে জাতবালক দীর্ঘায়ুষ্মান্ এবং স্বীয় ক্ষমতায় ঐশ্বর্য্যশালী ও ধনবান্ হইয়া থাকে। ৭৪

নবমস্থৌ গুরুভৃগূ সপ্তমস্থঃ কুজো যদি।

বুধে লগ্নগতে চৈব দীর্ঘায়ুশ্চ ভবেত্তদা॥ ৭৫

---

* কর্কটস্থঃ। ইতি পাঠান্তরং।

* সমরাশৌ যদি সপ্তমঃ তাভস্মিন্ গতে জীব ইত্যর্থঃ।

জন্মলগ্নের নবমে বৃহস্পতি ও শুক্র, সপ্তমে মঙ্গল এবং বুধ লগ্নস্থ হইলে জাতশিশু দীর্ঘায়ু হইয়া থাকে। ৭৫

গুরুর্লগ্নে তথা শুক্রঃ সমসপ্তগতোবুধঃ।

চন্দ্রশ্চৈকাদশে * কেন্দ্রে আয়ুঃ সত্যোজিতেন্দ্রিয়ঃ॥ ৭৬

জন্মলগ্নে বৃহস্পতি ও শুক্র, সমরাশিস্থ হইয়া সপ্তমস্থানে বুধ এবং একাদশে কি কেন্দ্রস্থানে চন্দ্র থাকিলে জাতবালক দীর্ঘায়ুযুক্ত, সত্যবাদী ও জিতেন্দ্রিয় হইয়া থাকে। ৭৬

গুরুশুক্রৌ শুভৈর্দৃষ্টৌ ভবেতাং কেন্দ্রগৌ যদা।

তদা রিষ্টানি ভজ্যন্তে দীর্ঘায়ুশ্চ নরোভবেৎ॥ ৭৭

জন্মসময়ে বৃহস্পতি ও শুক্র যদি শুভগ্রহ কর্ত্তৃক অবলোকিত হইয়া লগ্নের কেন্দ্রস্থানে অবস্থিত হ'ন, তাহা হইলে জাতবালকের সমুদয় রিষ্ট বিনষ্ট হয় ও বালক দীর্ঘায়ুলাভ করে। ৭৭

নবপঞ্চমগোজীবঃ ভৃগুঃ সপ্তমগো যদা।

বুধোলগ্নগতশ্চৈব সুদীর্ঘায়ুস্তদা ভবেৎ॥ ৭৮

জন্মলগ্নের নবম কি পঞ্চমে বৃহস্পতি, সপ্তমরাশিগত শুক্র এবং লগ্নস্থ বুধ থাকিলে জাতশিশু দীর্ঘায়ুযুক্ত হইয়া থাকে। ৭৮

নিধনারিগতে চন্দ্রে লগ্নাৎ সঞ্জায়তে যদি।

অথ কেন্দ্রগতে জীবে জীবেদব্দশতং নরঃ॥ ৭৯

জন্মলগ্ন হইতে অষ্টম কি ষষ্ঠে চন্দ্র ও কেন্দ্রস্থানে বৃহস্পতি থাকিলে জাতবালক শতবর্ষ জীবিত থাকে। ৭৯

সমস্তৈর্ব্বলিভিঃ সৌম্যৈর্লগ্নং যদি সমীক্ষতে।

তদা বিগতভীর্নূনং দীর্ঘজীবী চ জায়তে॥ ৮০

জন্মসময়ে বলবান্ সমুদয় শুভগ্রহ যদি লগ্নকে সম্যক্‌রূপে দৃষ্টি করেন, তাহা-হইলে জাতশিশু বিগতভয় ও দীর্ঘজীবী হইয়া থাকে। ৮০

লগ্নাৎ ষষ্ঠাষ্টগাঃ সৌম্যাঃ পাপৈরযুতবীক্ষিতাঃ।

জনয়ন্তি হি নির্ভীতিং নীরোগং দীর্ঘজীবিনম্॥ ৮১

জাতলগ্নের ষষ্ঠ কি অষ্টমস্থ শুভগ্রহগণ যদি পাপগ্রহ কর্ত্তৃক অবলোকিত কি যুক্ত না হ'ন, তাহা হইলে জাতবালক নির্ভয়, নীরোগী ও দীর্ঘজীবী হইয়া থাকে। ৮১

* একাদশ ইতি রাত্রিজাতপরং। দিবা সূর্য্যোনিশি শশী লগ্নস্তৈকাদশে স্থিত ইতি বচনাৎ।

উচ্চস্থোঽপি যদা চন্দ্রোগুরুভৌমযুতোযদি।
ধনবান্ গুণসম্পন্নোদীর্ঘায়ুর্মন্ত্রবিন্নরঃ॥ ৮২

জন্মসময়ে যদি বৃহস্পতি ও মঙ্গলযুক্ত চন্দ্র স্বীয় উচ্চস্থানে বাস করেন তবে জাতবালক ধনশালী, গুণবান্ দীর্ঘায়ুসম্পন্ন ও মন্ত্রজ্ঞ হইয়া থাকে। ৮২

অথ গুরুচন্দ্রযোগঃ।

গুরুক্ষেত্রগতে চন্দ্রে চন্দ্রক্ষেত্রগতে গুরৌ।
গুরুচন্দ্রোভবেদ্‌যোগো দেবানামপি দুর্ল্লভঃ॥ ৮৩

জন্মকালে বৃহস্পতির ক্ষেত্রে (ধনু কি মীনে) যদি চন্দ্রমা থাকেন, আর চন্দ্রের ক্ষেত্রে (কর্কটরাশিতে) বৃহস্পতির অবস্থিতি হয়, তাহা হইলে গুরুচন্দ্র যোগ হইয়া থাকে; এই যোগ দেবতাদিগেরও দুর্ল্লভ। ৮৩

অথ জীবযোগঃ।

জীবাৎ সপ্তমগশ্চন্দ্রোঽপ্যথ বা জীবসংযুতঃ।
জীবযোগোঽয়মিত্যাহুর্জ্যোতিঃশাস্ত্রপরায়ণাঃ॥ ৮৪

জন্মসময়ে বৃহস্পতি হইতে সপ্তমস্থানে চন্দ্র কিম্বা চন্দ্র যদি বৃহস্পতিযুক্ত হন তবে জ্যোতিজ্ঞপণ্ডিতগণ জীবযোগ বলিয়া ব্যাখ্যা করেন। ৮৪

অথজীবযোগফলম্।

বহুবিভবপরিচ্ছদোভোক্তা গুণপরিপূর্ণোনৃপপূজিতঃ।
বহুযুবতিরতোঽথ দানশীলোভবতি চিরায়ুর্নরোজীবযোগে॥৮৫

জীবযোগে জাতমনুষ্য বহুতর বিভবশালী, পরিচ্ছদসম্পন্ন, ভোক্তা, গুণযুক্ত রাজসম্মানিত, বহুযুবতীর অনুরক্ত, দানশীল ও দীর্ঘায়ুর্বিশিষ্ট হইয়া থাকে। ৮৫

ইতি জীবযোগফলম্।

সকলরিপুনিহন্তা সর্ব্বসৌখ্যোপভোক্তা
সকলগুণনিধিঃ স্যাৎ সর্ব্বলোকপ্রিয়োহি।
সকলকলুষহীনঃ সর্ব্ববিদ্যাসমর্থো-
ভবতি গুণনিধানোজীবদৃষ্টে হিমাংশৌ॥ ৮৬

জন্মসময়ে চন্দ্র বৃহস্পতি কর্তৃক দৃষ্ট হইলে জাতশিশু সমস্ত রিপুর বিনাশকারী সকল সুখের উপভোক্তা, সর্ব্বগুণের আধার, সকল লোকের প্রিয়পাত্র, সর্ব্বপ্রকার পাপবিহীন ও সর্ব্ববিদ্যাপারগ হইয়া থাকে। ৮৬

তুঙ্গী ত্রিকোণী স্বগৃহী চ জীবোযুতোভবেদ্ বা যদি চন্দ্রদৃষ্টঃ।
তদা সুবীর্য্যঃ সুমতিঃ সুমূর্ত্তির্ভবেন্নরোঽসৌ গজবাজিপূর্ণঃ॥ ৮৭

জন্মসময়ে বৃহস্পতি চন্দ্রযুক্ত অথবা চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট হইয়া যদি তুঙ্গস্থ, ত্রিকোণ (নবম কি পঞ্চম) স্থ অথবা স্বগৃহ (ধনু কি মীন) স্থিত হ'ন, তাহা হইলে জাতবালক অত্যন্ত বলশালী, সুবুদ্ধিসম্পন্ন, সুন্দরাঙ্গবিশিষ্ট ও হস্তী ঘোটকাদির অধিপতি হইয়া থাকে। ৮৭

যত্র যত্র স্থিতোভৌমোগুরুণাপি সমন্বিতঃ।
তত্রোচ্চং ফলমাপ্নোতি স্যাদুচ্চে ত্রিকোণং ফলম্॥ ৮৮

জন্মকালে মঙ্গল বৃহস্পতিযুক্ত হইয়া যে কোন রাশিতে অবস্থান করেন তাহাতেই উচ্চফল প্রদান করিয়া থাকেন; আর যদি গুরুযুক্ত হইয়া উচ্চগৃহে বাস করেন তাহা হইলে উক্তফলের ত্রিগুণ ফলদান করেন। ৮৮

ইতি সিদ্ধিভঙ্গযোগঃ।

অথ দারিদ্র্যযোগাঃ।

লগ্নস্য দশমে শূন্যে রবেরেকাদশে তথা।
চন্দ্রস্য চাষ্টমে শূন্যে ত্রিশূন্যে চ দরিদ্রতা॥ ৮৯

অনন্তর দারিদ্র্যযোগ কথিত হইতেছে—যদি জন্মলগ্নাপেক্ষায় দশমস্থানে, রবি হইতে একাদশস্থানে এবং চন্দ্র হইতে অষ্টমস্থানে শূন্যপড়ে অর্থাৎ কোন গ্রহের অবস্থিতি না থাকে তবে জাতমনুষ্য দরিদ্র হইয়া থাকে। ৮৯

অন্যচ্চ।

শশিনা সহিতোমন্দঃ শুক্রভৌমযুতোযদি।
তেন দারিদ্র্যযোগেন সমুদ্রমপি শোষয়েৎ॥ ৯০

জন্মকালে শনিগ্রহ শুক্র, মঙ্গল ও চন্দ্রের সহিত যুক্ত হইলে জাতশিশুর দারিদ্র্যযোগ হয়, এমন কি ঐ জাতককে দর্শন করিলে সমুদ্রও শুষ্ক হইয়া যায়। ৯০

অথ বংশনাশযোগাঃ।

রবিণা সহিতোমন্দোরাহুযুক্তোভবেদ্ যদি।
বংশনাশকরোযোগঃ কথিতোমুনিপুঙ্গবৈঃ॥ ৯১

বংশনাশযোগ কথিত হইতেছে,—জন্মসময়ে যদি রবি, শনি ও রাহু একরাশিতে অবস্থিত করেন, তাহা হইলে জাতব্যক্তির বংশনাশ হইয়া থাকে। ৯১

অথ বৃক্ষমরণযোগাঃ।

সিতাসিতগৃহে ভানুর্যদা মদনমৃত্যুগঃ।
সিতভৌমার্কিদৃষ্টোবৃক্ষাম্মরণমাদিশেৎ॥ ৯২

জন্মসময়ে রবি যদি শুক্র কি শনির ক্ষেত্রে অবস্থিত হইয়া লগ্নের সপ্তম কি অষ্টমস্থানে থাকেন, আর তাঁহার প্রতি শুক্র, মঙ্গল ও শনির দৃষ্টি থাকে তাহা হইলে জাতশিশুর বৃক্ষ হইতে পতন হইয়া মৃত্যু হয়। ৯২

অথ শূন্যমৃত্যুযোগঃ।

লগ্নপোধর্ম্মপোনীচে দৃশ্যতে চ সুরারিণা।
নেক্ষতে লগ্নপোধর্ম্মমাকাশে মরণং ভবেৎ॥ ৯৩

জন্মকালে যদি লগ্নাধিপতি ও নবমাধিপতি নীচগৃহে অবস্থিত হ'ন, আর যদি ঐ উভয়গ্রহের প্রতি রাহুর দৃষ্টি থাকে এবং লগ্নাধিপতি ধর্ম্মস্থান না দেখেন তাহা হইলে জাতব্যক্তির শূন্যমণ্ডলে মৃত্যু হয়। ৯৩

অথ বর্ত্মমৃত্যুযোগঃ।

লগ্নপোব্যয়পোনীচে নীচস্থগ্রহবীক্ষিতে।
নেক্ষতে লগ্নপোলগ্নং মৃত্যুঃ স্যাৎ পথি বন্ধনে॥ ৯৭

জন্মসময়ে লগ্নাধিপতি ও দ্বাদশাধিপতি যদি নীচস্থ হইয়া নীচস্থিত গ্রহ-কর্ত্তৃক দৃষ্ট হ'ন, আর লগ্নাধিপতি লগ্নস্থান না দেখেন, তাহা হইলে জাতমনুষ্যের পথে বন্ধনদশায় মৃত্যু হইয়া থাকে। ৯৪

অন্যচ্চ।

চরে চ নিধনে তীর্থে স্থিরে চ ভৃগুমণ্ডলে।
দ্ব্যাত্মকে লগ্নসংযোগে ম্রিয়তে হট্টবর্ত্মনি॥ ৯৫

চররাশিতে নিধনস্থান হইলে তীর্থস্থানে মৃত্যু হয়; স্থিররাশি অষ্টম হইলে উচ্চস্থান হইতে মৃত্যু হয়, আর দ্ব্যাত্মকরাশি মৃত্যুস্থান হইলে হট্ট কি পথে মৃত্যু হইয়া থাকে। ৯৫

অথ নৌকামৃত্যুযোগঃ।

লগ্নপোধর্ম্মপোযৌ তু ভবেতাং পাপসংযুতৌ।
নেক্ষতে মৃত্যুপোমৃত্যুং নৌমধ্যে মরণং ভবেৎ॥ ৯৬

জন্মকালে লগ্নাধিপতি ও নবমাধিপতি যদি পাপগ্রহযুক্ত হন, আর অষ্টমা-ধিপতি অষ্টমস্থান না দেখেন তাহা হইলে জাতব্যক্তির নৌকাতে মৃত্যু হয়। ৯৬

অথ কারামৃত্যুযোগঃ।

লগ্নপোধর্ম্মপোনীচে রিপুযুক্তোভবেদ্যদি।
নেক্ষতে মৃত্যুপোমৃত্যুং কারাগারে মৃতির্ভবেৎ॥ ৯৭

জন্মকালীন যদি লগ্নাধিপতি ও নবমাধিপতি নীচগৃহে থাকিয়া শত্রুগ্রহযুক্ত

হ'ন, আর অষ্টমাধিপতি অষ্টমস্থান না দেখেন, তবে জাতমনুষ্যের কারাগারে মৃত্যু হইয়া থাকে। ৯৭

অথ গৃহমৃত্যুযোগঃ।

লগ্নপোবন্ধুপোবাপি যুতোদৃষ্টোঽথ খেচরৈঃ।
নেক্ষতে মৃত্যুপোমৃত্যুং গৃহমধ্যে মৃতির্ভবেৎ॥ ৯৮

জন্মসময়ে লগ্নাধিপতি ও চতুর্থস্থানাধিপতি যদি শক্রগ্রহযুক্ত কি শক্রগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হ'ন, আর অষ্টমাধিপতি অষ্টমস্থান না দেখেন, তাহা হইলে জাতব্যাক্তির গৃহমধ্যে মৃত্যু হয়। ৯৮

অথ সহমরণযোগঃ।

জায়েশোমৃত্যুপোদ্বৌ তু রাশাবেকত্র সংস্থিতৌ।
মৃত্যুপোবীক্ষতে লগ্নং ম্রিয়তে ভার্য্যয়া সহ॥ ৯৯

সপ্তমস্থানের অধিপতি ও অষ্টমস্থানের অধিপতি যদি জন্মকালীন একরাশিতে অবস্থিত হ'ন, আর অষ্টমস্থানের অধিপতি যদি লগ্ন দেখেন, তাহা হইলে জাতব্যাক্তির ভার্য্যার সহিত মৃত্যু হয়।

লগ্নপঃ স্মরগশ্চাপি মৃত্যৌ স্যাতামুভৌ যদি।
স্থিতৌ দ্রেক্কাণ একস্মিন্ ম্রিয়তে ভার্য্যয়া সহ॥ ১০০

জন্মসময়ে লগ্নাধিপতি ও সপ্তমস্থানের অধিপতি যদি অষ্টমস্থানে এক দ্রেক্কাণে স্থিত হ'ন, তাহা হইলে জাতমনুষ্যের স্ত্রীর সহিত মৃত্যু হয়। ১০০

মৃত্যুপোলগ্নপশ্চাপি লগ্নে স্যাতামুভৌ যদি।
স্থিতৌ দ্রেক্কাণ একস্মিন্ ম্রিয়তে ভার্য্যয়া সহ॥ ১০১

জন্মকালে যদি অষ্টমাধিপতি ও লগ্নাধিপতি জন্মলগ্নের এক দ্রেক্কাণে অবস্থিত হ'ন, তাহা হইলে জাতমনুষ্যের ভার্য্যার সহিত মৃত্যু হয়। ১০১

দ্ব্যাত্মকং নিধনং যস্য যুগ্মকে নিধনেশ্বরঃ।
সহমৃত্যুং ব্রজেদেব নারী চেদ্ব্যভিচারিণী॥ ১০২

জাতমনুষ্যের অষ্টমস্থান যদি দ্ব্যাত্মকলগ্ন হয় এবং যুগ্মরাশিতে অষ্টমাধিকারী অবস্থিত করেন, তবে জাতব্যাক্তির ভার্য্যা ব্যভিচারিণী হইলেও সহগামিনী হইয়া থাকে। ১০২

চন্দ্রাৎ সপ্তমগঃ পাপোযস্যাঃ শুভযুতোভবেৎ।
সা তু নীচগৃহস্থা স্যাৎ ম্রিয়তে পতিনা সহ॥ ১০৩

জন্মকালে চন্দ্রের সপ্তমরাশিস্থিত পাপগ্রহ যদি শুভগ্রহযুক্ত হ'ন, তাহা হইলে জাতরমণী নীচজাতীয়া হইলেও পতির সহগমন করিয়া থাকে। ১০৩

# অথতীর্থমৃত্যুযোগঃ

ধর্ম্মাধিপঃ পশ্যতি ধর্ম্মভাবং লগ্নাধিপঃ পশ্যতি লগ্নভাবং।
মৃত্যুং যদা পশ্যতি মৃত্যুনাথস্তদা সুতীর্থে নিয়তং মৃতিঃ স্যাৎ ॥১

জন্মসময়ে লগ্নের নবমস্থানের অধিপতিগ্রহ যদি ধর্ম্মভাবে দেখেন, লগ্নাধিপতিগ্রহ যদি লগ্নভাব অবলোকন করেন, আর অষ্টমস্থানের অধিপতিগ্রহ যদি অষ্টমস্থান দর্শন করেন, তাহা হইলে জাতমনুষ্য নিশ্চয়ই সুতীর্থে প্রাণত্যাগ করিবে। ১

উচ্চগেহগতে চন্দ্রে দশমে জীববীক্ষিতে।
মৃত্যৌ শুক্রে ধনে জীবে মৃত্যুস্তীর্থজলাশয়ে ॥ ২

জন্মসময়ে চন্দ্র যদি উচ্চস্থ হ'ন, এবং বৃহস্পতি কর্ত্তৃক দশমস্থান অবলোকিত হয় অথবা অষ্টমস্থানে শুক্র এবং ধন (দ্বিতীয়) স্থানে বৃহস্পতি অবস্থান করেন, তাহা হইলে জাতমনুষ্যের তীর্থসলিলে মৃত্যু হইয়া থাকে। ২

নিধনং গুরুণা যুক্তং গুরুণা দৃশ্যতেঽথ বা।
এবং ভৃগুসুতেনাপি তীর্থে চ মরণং ভবেৎ ॥ ৩

জন্মলগ্নের অষ্টমস্থানে যদি বৃহস্পতি কি শুক্র অবস্থিত হ'ন, অথবা বৃহস্পতি কি শুক্রের দৃষ্টি থাকে, তাহা হইলে জাতব্যক্তির তীর্থস্থানে মৃত্যু হয়। ৩

যেষাং গুরুর্ভৃগুসুতঃ শশিজঃ ক্ষপেশঃ
দুশ্চক্যধর্ম্মনিধনাধিপতিং প্রপশ্যেৎ।
তেষামনন্তধনধর্ম্মসুখানি নিত্যং
দীর্ঘায়ুরন্তসময়ে খলু তীর্থলাভঃ ॥ ৪

জন্মসময়ে যে ব্যক্তির লগ্নের তৃতীয়স্থানে ও নবমস্থানে বৃহস্পতি, শুক্র বুধ ও চন্দ্র অবস্থিত হ'ন, অথবা অষ্টমাধিপতিকে ঐ সকল গ্রহ দৃষ্টি করেন, তাহা হইলে সেই মনুষ্য সর্ব্বদা বহুধনের অধীশ্বর ও নানা ধর্ম্মকার্য্য করত দীর্ঘায়ুলাভ করিয়া অন্তে তীর্থলাভ করে। ৪

আনণ্যং পিতুরাদত্তে তীর্থে মরণমেব চ।
নয়েৎ পিতৃকুলং পুণ্যং বন্ধুগে ভৃগুনন্দনে ॥ ৫

জন্মকালে শুক্র লগ্নের চতুর্থস্থানে থাকিলে সেই ব্যক্তি পিতাকে অঋণী করিয়া পিতৃকুল উদ্ধার করে, আর তাহার তীর্থে মৃত্যু হইয়া থাকে। ৫

নিধননিধননাথে ধর্ম্ম:পামৃত্যুপেবা
শুভখগভবনস্থোযস্ত বাপি প্রপশ্যেৎ।
নিবসতিবহুকালং মানযুক্তঃ সুতীর্থে
বিসৃজতি নিজদেহং রামনাম প্রজল্পন্॥ ৬

যে ব্যক্তির জন্মলগ্নের অষ্টমস্থানে অষ্টমাধিপতি থাকেন অথবা নবমাধিপতি ও অষ্টমাধিপতি শুভগ্রহের ক্ষেত্রে অবস্থিত হ'ন, কিম্বা অবলোকন করেন, তাহা হইলে সেই ব্যক্তি বহুকাল সম্মানের সহিত তীর্থে বাস করিয়া রামনাম বলিতে বলিতে তীর্থস্থানে প্রাণ পরিত্যাগ করে। ৬

বিধুর্ব্বা সাগরে যস্ত কুজোবা যস্ত যুগ্মকে।
নিধনং পুণ্যতীর্থেষু নিধনেশোভবেদ্যদি॥ ৭

জন্মকালে চন্দ্র যদি চতুর্থস্থানে থাকেন কিম্বা মঙ্গল যুগ্মরাশিতে অবস্থিত হন, আর মৃত্যুর অধিপতি যদি মৃত্যুস্থানে থাকেন, তাহা হইলে জাতব্যক্তির সুতীর্থে প্রাণত্যাগ হইবে। ৭

দশমে রবিণা সৌম্যে দ্বিতীয়ে জীবসংযুতে।
মৃত্যুপোলগ্নপোলগ্নে মৃতিস্তীর্থে নিরাময়ে॥ ৮

জন্মলগ্নের দশমস্থানে রবির সহিত বুধ ও দ্বিতীয়স্থানে বৃহস্পতি থাকিলে এবং অষ্টমাধিপতি ও লগ্নাধিপতি লগ্নে অবস্থিত হইলে জাতমনুষ্য তীর্থে প্রাণত্যাগ করে। ৮

মৃত্যৌ দৃষ্টে জীবশুক্রে লগ্নে চ সূর্য্যনন্দনে।
ধর্ম্মেশোবীক্ষতে লগ্নং ব্রহ্মপুত্রে মৃতির্ভবেৎ॥ ৯

জাতলগ্নের অষ্টমস্থানে যদি বৃহস্পতি ও শুক্রের দৃষ্টি থাকে, আর শনি যদি লগ্নে থাকেন এবং নবমাধিপতি লগ্নে দৃষ্টি রাখেন, তাহা হইলে জাতব্যক্তি ব্রহ্মপুত্রের প্রাণত্যাগ করে। ৯

লগ্নেশে গ্রহসংযুক্তে মৃত্যুস্থে রজনীকরে।
জীবক্ষেত্রগতে মৃত্যৌ মৃত্যুঃ পুষ্করসংজ্ঞিতে॥ ১০

জন্মলগ্নাধিপতি যদি অন্যগ্রহের সহিত যুক্ত হ'ন, আর চন্দ্র অষ্টমস্থানে থাকেন এবং ঐ অষ্টমস্থান বৃহস্পতির ক্ষেত্র হয়, তাহা হইলে জাতমনুষ্য পুষ্কর-তীর্থে প্রাণত্যাগ করে। ১০

চরে যদি স্যান্নিধনাধিনাথস্তস্যাধিপঃ পশ্যতি চেদ্বিলগ্নং।
তদা সুতীর্থে নিয়তঞ্চ মৃত্যুর্ধর্ম্মাধিপঃ পশ্যতি ধর্ম্মভাবম্॥ ১১

জন্মসময়ে যদি লগ্নের অষ্টমাধিপতি চররাশিতে থাকেন, আর লগ্নপতির লগ্নের প্রতি দৃষ্টি থাকে এবং নবমাধিপতি নবমস্থান অবলোকন করেন, তাহা হইলে জাতব্যক্তি নিশ্চয়ই সুতীর্থে প্রাণত্যাগ করিয়া থাকে। ১১

## অথগঙ্গামৃত্যুযোগঃ

ত্রয়োগ্রহাযদৈকত্র লগ্নরাশিবিবর্জ্জিতাঃ।
ভুক্ত্বা চ বিবিধান্ ভোগান্ ম্রিয়তে জাহ্নবীজলে ॥ ১

যদি কোন মনুষ্যের জন্মসময়ে লগ্ন ও রাশিভিন্ন কোনগৃহে তিনটি গ্রহের অবস্থিতি হয়, তাহা হইলে সেই ব্যক্তি বিবিধ ভোগদ্বারা কালযাপন করিয়া অন্তকালে জহ্নবীনীরে প্রাণত্যাগ করিবে। ১

বৃষে সূর্য্যে গুরৌ ধর্ম্মে লগ্নস্থে দৈত্যপুঙ্গবে।
মৃত্যৌ সৌম্যেক্ষিতে যুক্তে ম্রিয়তে জাহ্নবীজলে ॥ ২

জন্মকালে বৃষরাশিতে রবি, লগ্নের নবমস্থানে বৃহস্পতি, লগ্নে শুক্র এবং অষ্টমস্থানে বুধের দৃষ্টি কি বুধযুক্ত হইলে জাতমনুষ্য জাহ্নবীজলে প্রাণত্যাগ করিবে। ২

চন্দ্রে কুম্ভে হরৌ লগ্নে ভৌমক্ষেত্রে বৃহস্পতৌ।
মৃত্যুপোবীক্ষতে ধর্ম্মং ম্রিয়তে জাহ্নবীজলে ॥ ৩

যাহার সিংহলগ্নে জন্ম সেই ব্যক্তির জন্মকালীন চন্দ্র যদি কুম্ভরাশিতে ও বৃহস্পতি মঙ্গলের গৃহে অবস্থিত হ'ন, আর অষ্টমাধিপতি যদি নবমস্থান দর্শন করেন, তাহা হইলে ঐ মনুষ্য গঙ্গাজলে তনুত্যাগ করবে। ৩

গুরুণা সহিতে চন্দ্রে মৃত্যৌ দৃষ্টে শুভগ্রহে।
লগ্নপোমৃত্যপোধর্ম্মে ম্রিয়তে জাহ্নবীজলে ॥ ৪

জন্মসময়ে যদি বৃহস্পতি ও চন্দ্রের একঘরে বাস হয়, আর অষ্টমস্থানে শুভগ্রহের দৃষ্টি থাকে এবং লগ্নাধিপতি ও অষ্টমাধিপতি নবমস্থিত হ'ন, তাহা হইলে জাতব্যক্তি গঙ্গাজলে প্রাণত্যাগ করে। ৪

কেন্দ্রগৌ গুরুশুক্রৌ তু মৃত্যৌ দৃষ্টে শুভগ্রহে।
চরেঽষ্টমে গুরৌ যুক্তে ম্রিয়তে জাহ্নবীজলে ॥ ৫

জন্মকালে যদি লগ্নের কেন্দ্রস্থানে বৃহস্পতি ও শুক্র অবস্থিত হ'ন, আর অষ্টমস্থানে শুভগ্রহের দৃষ্টি থাকে অথবা মৃত্যুস্থান যদি চররাশি হয় এবং তাহাতে বৃহস্পতি অবস্থিত হ'ন তাহা হইলে ঐ মনুষ্যের গঙ্গাজলে প্রাণত্যাগ হয়। ৫

গুরুণা সহিতশ্চন্দ্রোলগ্নপোযদি পুণ্যগঃ।
স্মরপোব্যয়পোলাভে মৃত্যুস্যাজ্জাহ্নবীজলে॥ ৬

জন্মসময়ে যদি বৃহস্পতি ও চন্দ্র একঘরে থাকেন, লগ্নাধিপতি নবমস্থিত হ'ন, এবং সপ্তমাধিপতি ও দ্বাদশাধিপতি একাদশস্থানে অবস্থিত হ'ন, তাহা হইলে জাতমনুষ্য গঙ্গাজলে প্রাণত্যাগ করে ৬

লগ্নপঃ পুণ্যপশ্চাপি মৃত্যো স্যাতামুভৌ যদি।
স্থিতৌ দ্রেক্কাণ একস্মিন্ ম্রিয়তে জাহ্নবীজলে॥ ৭

জন্মকালে লগ্নাধিপতি ও নবমাধিপতি যদি অষ্টমস্থানে এক দ্রেক্কাণস্থিত হ'ন, তবে জাতব্যক্তির গঙ্গাজলে মৃত্যু হয়। ৭

স্বোচ্চস্থে শুক্রজীবে তু দ্বাদশে ভূমিজে গুরৌ।
লগ্নে বা শুক্রজীবে তু ম্রিয়তে জাহ্নবীজলে॥

জন্মসময়ে শুক্র ও বৃহস্পতি যদি উচ্চস্থ হ'ন, কিম্বা দ্বাদশস্থানে মঙ্গল ও বৃহস্পতি থাকেন অথবা লগ্নে শুক্র ও বৃহস্পতি অবস্থিত হ'ন, তাহা হইলে জাত মনুষ্য গঙ্গাজলে প্রাণত্যাগ করে। ৮

লগ্নে শুক্রে স্মরে জীবে ধর্ম্মস্থে রজনীকরে।
মৃত্যুং পশ্যতি লগ্নেশোম্রিয়তে জাহ্নবীজলে॥ ৯

জন্মকালীন যদি লগ্নে শুক্র, সপ্তমে বৃহস্পতি ও নবমস্থানে চন্দ্র থাকেন এবং লগ্নাধিপতি মৃত্যুস্থানে দৃষ্টি করেন, তবে জাতব্যক্তির গঙ্গাসলিলে মৃত্যু হইবে। ৯

ধর্ম্মে গুরৌ সচন্দ্রে চ মৃত্যুপোবীক্ষতে মৃতিং।
দশমে জীবশুক্রে তু ম্রিয়তে সাগরে জলে।১০

জন্মসময়ে চন্দ্রযুক্ত বৃহস্পতি যদি নবমস্থানে থাকেন আর অষ্টমাধিকারির অষ্টমস্থানে দৃষ্টি থাকে অথবা বৃহস্পতি ও শুক্র দশমস্থানে অবস্থিত হ'ন, তাহা হইলে জাতমনুষ্য সাগরজলে প্রাণত্যাগ করে। ১০

লগ্নস্য দক্ষিণে চন্দ্রে বামে চৈব দিবাকরে।
কৃত্বা পুণ্যসহস্রাণি ম্রিয়তে জাহ্নবীজলে॥ ১১

জন্মকালীন লগ্নের দক্ষিণভাগে চন্দ্র ও বামদিকে রবি থাকিলে জাতব্যক্তি সহস্র পুণ্যকর্ম্ম করিয়া গঙ্গাসলিলে প্রাণত্যাগ করে। ১১

পুণ্যরাশিগতঃ সূর্য্যোনিধনে চন্দ্রমাযদি।
কৃত্বা পুণ্যসহস্রাণি ম্রিয়তে জাহ্নবীজলে॥ ১২

জন্মকালে যদি সূর্য্য নবমস্থানে ও চন্দ্র অষ্টমস্থানে স্থিত হ'ন, তাহা হইলে জাতমনুষ্য সহস্র পুণ্য করিয়া গঙ্গাজলে তনুত্যাগ করে। ১২

পুণ্যরাশিগতে সৌম্যে নিধনে চন্দ্রমা যদি।
ভুক্ত্বা চ সকলান্ ভোগান্ ম্রিয়তে জাহ্নবীজলে ॥ ১৩

জন্মসময়ে শুভগ্রহ যদি পুণ্যরাশিতে বাস করেন এবং চন্দ্র অষ্টমস্থানে অবস্থিত হ'ন,তাহা হইলে জাতব্যক্তি বিবিধ ঐশ্বর্য্যাদি ভোগ করিয়া গঙ্গাসলিলে প্রাণত্যাগ করে। ১৩

মীনে কুম্ভে মৃগে চৈব কুলীরে চ বিশেষতঃ।
জীবযুক্তেঽথ বা দৃষ্টে হরিপাদোদকে ব্যসুঃ ॥ ১৪

জন্মকালীন যদি মীন, কুম্ভ, মকর কি কর্কটে বৃহস্পতি অবস্থিত হ'ন, অথবা উক্ত সকল রাশিতে তাহার দৃষ্টি থাকে, তাহা হইলে জাতমনুষ্য বিষ্ণুপদোদ্ভবা-গঙ্গাজলে তনুত্যাগ করে। ১৪

নিধনেশোযদা যুগ্মে গুরুস্তেন যুতোযদি।
ভুক্ত্বা চ বিবিধান্ ভোগান্ ম্রিয়তে জাহ্নবীজলে ॥ ১৫

জন্মসময়ে যদি অষ্টমাধিপতি বৃহস্পতির সহিত যুক্ত হইয়া যুগ্মরাশিতে অবস্থিত হন, তাহা হইলে জাতক বিবিধ ধনাদি ভোগ করিয়া গঙ্গাজলে প্রাণ-ত্যাগ করে। ১৫

নিধনেশোযদা যুগ্মে গুরুশুক্রাবলোকিতঃ।
কৃত্বা পুণ্যসহস্রাণি ম্রিয়তে জাহ্নবীজলে ॥ ১৬

জন্মকালে যদি অষ্টমাধিপতি যুগ্মরাশিতে থাকিয়া বৃহস্পতি ও শুক্র কর্তৃক দৃষ্ট হ'ন,তাহা হইলে জাতব্যক্তি সহস্র পুণ্য করিয়া গঙ্গাজলে তনুত্যাগ করে।১৬

কর্কটে জীবশুক্রৌ চ ধর্ম্মর্ক্ষে চন্দ্রমা যদি।
তস্য ভাগ্যং বিজানীয়াদ্গঙ্গায়াং মরণং ভবেৎ ॥ ১৭

জন্মসময়ে যদি বৃহস্পতি ও শুক্র কর্কটে থাকেন এবং চন্দ্র যদি নবমস্থ হ'ন, তাহা হইলে সেই ব্যক্তি গঙ্গাসলিলে প্রাণত্যাগ করিবে। ১৭

বুধাদিত্য * সমোযোগো ন ভূতো ন ভবিষ্যতি।
চিরকালং সুখং ভুক্ত্বা ম্রিয়তে জাহ্নবীজলে ॥ ১৮

* নিরপেক্ষোহি যত্রাংশৌ রবিঃ সৌম্যেন সংযুতঃ। একর্ক্ষে হি ভবেদ্যোগো বুধাদিত্যঃ সএবহি ॥ ইতি বুধাদিত্যযোগকথনম্।

বুধাদিত্যযোগের তুল্য যোগ হয় নাই হইবেও না। যে ব্যক্তি বুধাদিত্যযোগে জন্মগ্রহণ করে সে চিরকাল সুখভোগ করিয়া গঙ্গাজলে তনুত্যাগ করে। ১৮

বিনাশরাশৌ যদি পুণ্যগেহে নিজাধিপেনৈব বিলোকিতঃ স্যাৎ।
মৃত্যৌ ভবেৎ সৌম্যযুতোঽপি নূনং প্রাণাংস্ত্যজেজ্জহ্নুসুতাম্বুনীরে

জন্মসময়ে অষ্টমস্থান ও নবমস্থান যদি স্বীয় স্বীয় অধিপতি কর্ত্তৃক দৃষ্ট হয়, আর মৃত্যুস্থানে শুভগ্রহ অবস্থিত হ'ন, তাহা হইলে সেই ব্যক্তি গঙ্গাসলিলে প্রাণত্যাগ করে। ১৯

পুণ্যাধিপঃ পুণ্যগৃহে চ কেন্দ্রে কেন্দ্রাধিপৈর্যোগ ইহৈব নীতঃ।
রাজাধিরাজোগুণিনাং বরেণ্যঃ গঙ্গাজলে মুঞ্চতি জীবিতং সঃ॥ ২০

জন্মকালে মানবের লগ্ন লইতে নবমস্থানে নবমাধিপতি এবং কেন্দ্রস্থানে কেন্দ্রাধিপতি বাস করিলে সেই মনুষ্য অত্যন্ত গুণবান্ ও রাজাধিরাজ হইয়া অন্ত সময়ে গঙ্গাজলে তনুত্যাগ করে। ২০

চতুর্ভিঃ সপ্তভির্ব্বাপি নিধনং যদি দৃশ্যতে।
ভুক্ত্বা ভোগান্ ভূতিযুতানন্তে চ জাহ্নবী লভেৎ॥ ২১

জন্মলগ্নের অষ্টমস্থান যদি চারিটি কি সাতটিগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে জাতমনুষ্য নানারূপ ঐশ্বর্য্যাদি ভোগ করিয়া অন্তসময়ে গঙ্গালাভ করে। ২১

বুধে লগ্নগতে চৈব দশমে রোহিণীপতৌ।
জাহ্নব্যাং হি তদা মৃত্যুর্নাত্র কার্য্যা বিচারণা॥ ২২

জন্মলগ্নে বুধ ও লগ্নের দশমস্থানে চন্দ্র থাকিলে জাতব্যক্তির গঙ্গাজলে মৃত্যু হইবে সন্দেহ নাই। ২২

চররাশৌ স্থিতে সূর্য্যে লগ্নস্থশ্চন্দ্রমা যদি।
বশিষ্ঠাদিমুনের্ব্বাক্যং গঙ্গায়াং মরণং ভবেৎ॥ ২৩

জন্মসময়ে যদি চররাশিতে রবি এবং লগ্নে চন্দ্র অবস্থান করেন তাহা হইলে জাতব্যক্তির গঙ্গাতে তনুত্যাগ হইবে, বশিষ্ঠাদি মুনিগণ এইরূপ বলিয়াছেন। ২৩

ধর্ম্মগেহে যদা চন্দ্রোবুধশুক্রাবলোকিতঃ।
তে ধর্ম্মচারিণোভূত্বা মজ্জান্ত সুরদীর্ঘিকাম্॥ ২৪

জন্মলগ্নের নবমস্থানে চন্দ্র থাকিয়া যদি বুধ ও শুক্র কর্ত্তৃক অবলোকিত হন, তাহা হইলে জাতব্যক্তিগণ ধার্ম্মিক হইয়া অন্তে গঙ্গলাভ করেন।

পুণ্যরাশিগতশ্চন্দ্রঃ পুষ্করে চ দিবাকরঃ।
কৃত্বা পুণ্যসহস্রাণি ম্রিয়তে জাহ্নবীজলে॥ ২৫

জন্মসময়ে যদি চররাশিতে চন্দ্র ও স্থিররাশিতে রবি অবস্থিত হন ( নবম-রাশিতে চন্দ্র ও দশমরাশিতে রবি এইরূপও কেহ কেহ বলিয়া থাকেন ) তাহা হইলে জাতক সহস্র পুণ্যকর্ম্ম করিয়া গঙ্গাসলিলে প্রাণত্যাগ করে। ২৫

# অথকাশীমরণযোগঃ।

লগ্নে জীবে সশুক্রে চ মৃত্যৌ যুক্তে নিশাকরে।
মৃতিং পশ্যতি লগ্নেশোঽস্ম্রিয়তে কাশী-শুলে॥ ১

জন্মলগ্নে যদি বৃহস্পতি ও শুক্র অবস্থিতি করেন, আর অষ্টমস্থানে যদি চন্দ্র থাকেন এবং লগ্নাধিপতি কর্ত্তৃক মৃত্যুস্থান দৃষ্ট হয়, তাহা হইলে জাতব্যক্তির কাশীধামে মৃত্যু হয়। ১

লগ্নে সিংহে শনৌ ষষ্ঠে মিথুনে জীবসংযুতে।
মৃতিং পশ্যতি লগ্নেশোবারাণস্যাং মৃতির্ভবেৎ॥২

যে ব্যক্তির জন্মলগ্ন সিংহ, লগ্নের ষষ্ঠস্থানে শনি, মিথুনে বৃহস্পতি এবং লগ্নাধিপতি অষ্টমস্থান অবলোকন করেন, সেই মনুষ্যের কাশীতে মৃত্যু হইবে।২

লগ্নেশঃ পূর্ণদৃষ্ট্যা তু মৃত্যুভাবং প্রপশ্যতি।
লগ্নং বা রাত্রিপোমৃত্যৌ কাশ্যাং মৃত্যুং সমাদিশেৎ॥ ৩

জন্মসময়ে লগ্নাধিপতির যদি অষ্টমস্থানে কিম্বা জন্মলগ্নে সম্পূর্ণ দৃষ্টি থাকে এবং চন্দ্র যদি অষ্টমস্থানে অবস্থিত হন, তাহা হইলে ঐ জাতব্যক্তির কাশীধামে মৃত্যু হয়। ৩

সপ্তমস্থে জীবশুক্রে দশমে রজনীকরে।
মৃতিং পশ্যতি লগ্নেশোবারাণস্যাং মৃতির্ভবেৎ॥ ৪

যদি জন্মলগ্নের সপ্তমস্থানে বৃহস্পতি ও শুক্র এবং দশমস্থানে চন্দ্র অবস্থিত হন,আর লগ্নাধিপতি অষ্টমস্থানে দৃষ্টি করেন,তাহা হইলে জাতব্যক্তি কাশীক্ষেত্রে জীবন পরিত্যাগ করে। ৪

দশমে জীবশুক্রৌ তু মৃতিং পশ্যতি মৃত্যুপঃ।
লগ্নে বা লগ্নপোভৌমঃ কাশ্যাং মৃত্যুং সমাদিশেৎ॥ ৫

জন্মকালে যদি দশমস্থানে বৃহস্পতি ও শুক্র বাস করেন, আর অষ্টমাধিকারী অষ্টমস্থান দেখেন এবং লগ্নে লগ্নাধিপতি কি মঙ্গল অবস্থিত হ'ন, তাহা হইলে জাতমনুষ্যের কাশীধামে মৃত্যু হয়। ৫

জীবেন দৃশ্যতে চন্দ্রশ্চন্দ্রেণ দৃশ্যতে গুরুঃ।
তদা মৃত্যুং ব্রজেদেব কাশীক্ষেত্রে ন সংশয়ঃ॥ ৬

জন্মসময়ে যদি বৃহস্পতি কর্ত্তৃক চন্দ্র এবং চন্দ্র কর্ত্তৃক বৃহস্পতি দৃষ্ট হন, তাহা হইলে ঐ জাতব্যক্তি কাশীক্ষেত্রে তনুত্যাগ করে। ৬

নিধনে চ স্থিতে ভৌমে বুধক্ষেত্রে ভবেদ্‌যদি।
কাশীবাসো ভবেত্তস্য শশী কেন্দ্রে বিশেষতঃ॥

জন্মলগ্নের অষ্টমস্থান যদি বুধের ক্ষেত্র হয়, আর মঙ্গল সেই স্থানে অবস্থিত হন, এবং চন্দ্র কেন্দ্রস্থানে বাস করেন, তাহা হইলে জাতমনুষ্যের কাশীবাস হইয়া থাকে। ৭

অথ জন্মমরণয়োর্ম্মোক্ষজ্ঞানম্।
ষষ্ঠাষ্টমকণ্টকগো গুরুরুচ্চে মীনসংজ্ঞে বিলগ্নে বা।
শেষৈরবলৈর্জ্জন্মনি মরণে বা মোক্ষগতিং প্রাহুঃ॥ ৮

জন্ম সময়ে কি মৃত্যুকালে যদি বৃহস্পতি ষষ্ঠে, অষ্টমে, লগ্নে, চতুর্থে, সপ্তমে কিম্বা দশমস্থানে থাকিয়া উচ্চস্থ হন, অথবা মীনরাশিতে থাকেন আর অন্য গ্রহগণ হীনবল হয়, তাহা হইলে জাতক কি মৃতব্যক্তি মোক্ষপদলাভ করিবে, পণ্ডিতগণ এইরূপ বলিয়াছেন। ৮

মোক্ষগতিনির্ণয়মাহ। ষষ্ঠেতি। উচ্চে স্থিতোগুরুঃ ষষ্ঠেঽষ্টমে কণ্টকে কেন্দ্রে স্থিতোযদি জন্মকালে মরণকালে বা স্যাত্তদা জ্যোতির্ব্বিদোমোক্ষগতিমাহুঃ। যদি ত বসান-স্বলগ্নে বা ইতি পাঠ স্তদা ভাবসানরাশ্যন্তো মীনরাশিস্তস্মিন্ লগ্নে স্থিতোগুরুঃ যদি স্যাৎ তদা শেষগ্রহৈরবলৈর্জ্জন্মনি মরণে বা মোক্ষগতিমাহুঃ। অত্র চ গুরুরুচ্চোমীনলগ্নঞ্চ যদি স্যাদিতি সৌভরেঃ প্রলাপোহেয় এব তথা লগ্ন ইতি প্রথমান্তানির্দ্দেশস্যৈবোচিতত্বাৎ। পঞ্চমষষ্ঠাষ্টম-কেন্দ্রেণ ইত্যনেনৈব সিদ্ধে ভাবসানলগ্নে ইত্যস্য বৈয়র্থ্যাপত্তেশ্চ। তথা বৃহজ্জাতকে। "গুরু-রথ রিপুকেন্দ্রচ্ছিদ্রগঃ স্বোচ্চসংস্থঃ উদয়তি ভবনান্ত্যেসৌম্যভাগে চ মোক্ষঃ।" যদি ভবতি বলেন প্রোজ্ঝিতাস্তত্র শেষাঃ প্রলপতি যদি জীবস্তস্য নির্ব্বাণমোক্ষঃ। ৮

---

# অথ স্ত্রীণাং রূপাদিনিরূপণম্।

স্ত্রীপুংসোর্জ্জন্মফলং তুল্যং কিন্তত্র চন্দ্রলগ্নস্থং।
তদ্বলযোগাদ্বপুরাকৃতিশ্চ সৌভাগ্যমস্তমযে চ॥ ১

অধুনা স্ত্রীদিগের রূপাদি নিরূপিত হইতেছে—স্ত্রী ও পুরুষের জন্মফল তুল্য অর্থাৎ পুরুষের যে সকল ফল কথিত হইয়াছে স্ত্রীদিগেরও প্রায় সেইরূপই হইবে, কিন্তু বিশেষ এই চন্দ্র ও লগ্নের বলাবল অনুসারে শরীরের রূপ ও শীলাদি এবং সপ্তমস্থানে সৌভাগ্য চিন্তা করিতে হইবে। ১

ইদানীং স্ত্রীজাতকমাহ। স্ত্রীপুংসোরিতি। জন্মফলং স্ত্রীপুংসোস্তুল্যং পুংসোর্যাৎফলমুক্তং স্ত্রিয়া অপ্যেতৎ ইত্যর্থঃ। অত্র স্ত্রীষু যদসম্ভবং রাজযোগাদি তত্তৎ পতিষু বাচ্যং। তথা চ লঘুজাতকে। "পুংজন্মফলং যদ্‌ঘটতে ন স্ত্রীষু পতিষু তত্তাসামিতি" কিন্তু চন্দ্রলগ্নস্থং তদ্‌বলযোগাদিতি বপুঃ শরীরং শরীরস্ত রূপশীলাদি জ্ঞাতব্যং। তথা চাকৃতিরাকারোঽবয়বঃ লগ্নচন্দ্রস্থা জ্ঞাতব্যা তয়োর্মধ্যে যোবলী তদ্বলাদ্বাচ্যা ইত্যর্থঃ। তথা লগ্নাদস্তময়ে সপ্তমে সৌভাগ্যং জ্ঞাতব্যং পতিশ্চ জ্ঞাতব্যঃ অত্র কেচিল্লগ্নবৎ চন্দ্রাদপি সর্ব্বং বাচ্যমিতি বদন্তি। তন্ন কেবল বপুর্মাত্রং লগ্নচন্দ্রস্থমিত্যুক্তং নান্যৎ অন্যত্র চ সামান্যপ্রাপ্তেন লগ্নেনৈব সম্বন্ধঃ অতএব শীলাকৃতীত্যাদি বপুর্গুণমাত্রং লগ্নেন্দুতোবক্ষ্যতে শুজোলগ্নেন্দোরিত্যাদিনা ন হি সর্ব্বমেব স্ত্রীজাতকং রিষ্টায়ুর্দ্দায়রাজযোগাদি লগ্নবচ্চন্দ্রাদপি জ্ঞাতব্যং। তথা বৃহজ্জাতকে। তাসান্তু ভর্ত্তৃমরণং নিধনে বপুস্তু লগ্নেন্দুগং শুভগতাস্তময়ে পতিশ্চেতি। এবং বক্ষ্যমাণেঽপি লগ্নাদেব সর্ব্বং বোদ্ধব্যম্। ২

## অথাস্তস্থপাপগ্রহফলম্।

বাল্যে বিধবা ভৌমে পতিসংত্যক্তা দিবাকরেঽস্তস্থে।
সৌরে পাপদৃষ্টে কন্যৈব জরাংসমুপযাতি ॥ ৩ ॥

কন্যার সপ্তমস্থানস্থ পাপগ্রহের ফল বর্ণিত হইতেছে,—স্ত্রীর জন্মকালীন লগ্নাপেক্ষায় সপ্তমস্থানে মঙ্গল থাকিলে বাল্যকালে বিধবা হয়, রবি সপ্তমস্থ হইলে জাতস্ত্রী পতিকর্ত্তৃক পরিত্যক্তা হয়, আর শনৈশ্চর যদি পাপগ্রহকর্ত্তৃক অবলোকিত হ'ন তাহা হইলে ঐ কন্যা অনূঢ়াবস্থাতেই জরা প্রাপ্ত হইয়া থাকে। ৩

সপ্তমস্থে পাপগ্রহে ফলমাহ। বাল্যইতি। ভৌমে লগ্নাদস্তস্থে সপ্তমস্থে বাল্যে শৈশবে বিধবা স্যাৎ দিবাকরে সপ্তমস্থে পতিসংত্যক্তা স্যাৎ শনৌ তু পাপদৃষ্টে সপ্তমস্থে কন্যা অনূঢ়ৈব জরাং প্রাপ্নোতি জরাবস্থায়ামপি তস্যাবিবাহো ন স্যাদিত্যর্থঃ পাপৈর্দ্দৃষ্ট ইতি শনিনৈব সম্বন্ধঃ। তথা বৃহজ্জাতকে "উৎসৃষ্টা তরণৌ কুজে তু বিধবা বাল্যেঽস্তে রাশিস্থিতে কন্যৈবাশুভবীক্ষিতেঽর্কতনয়ে দ্যূনে জরাং গচ্ছতি। ৩

## অথবৈধব্যাদিযোগঃ।

ক্রূরৈরস্তে বিধবা ভবতি পুনর্ভূঃ শুভাশুভৈর্নারী।
ক্রূরেঽষ্টমে চ বিধবা স্যাৎ সৎস্বর্থে সা স্বয়ং ম্রিয়তে ॥ ৪ ॥

পাপগ্রহগণ লগ্নের সপ্তমে থাকিলে জাতস্ত্রী বিধবা হয়, শুভাশুভগ্রহ সপ্তমে অবস্থান করিলে পুনর্ভূ অর্থাৎ দ্বিরূঢ়া হইয়া থাকে, আর পাপগ্রহ অষ্টমস্থানে থাকিলেও কন্যা বিধবা হয়, কিন্তু দ্বিতীয়স্থানে যদি শুভগ্রহ থাকে, তাহা হইলে বিধবা না হইয়া স্বয়ং যমালয় প্রাপ্ত হয়। ৪

সপ্তমাষ্টমযুক্ফলমাহ। ক্রূরৈরিতি। বহুভিঃ ক্রূরৈঃ সপ্তমস্থৈঃ বিধবা মিশ্রৈঃ শুভাশুভৈঃ সপ্তমস্থৈঃ পুনর্ভূঃ দ্বিরূঢ়া স্যাৎ তথাষ্টমস্থে ক্রূরগ্রহে বিধবা স্যাৎ অত্র চাষ্টমাধিপোযস্ত নবাংশেস্থিতঃ তস্ত গ্রহস্ত বয়সি বৈধব্যং জ্ঞাতব্যং গ্রহাণাং বয়স্ত দৈবজ্ঞবল্লভায়ামুক্তং। বয়াংসি তেষাং স্তনপানবাল্যব্রতস্থিতা যৌবনমধ্যবৃদ্ধাঃ। অতীব বৃদ্ধা ইতি চন্দ্র ভৌমজ্ঞশুক্রজীবার্কশনৈশ্চরাণামিতি। তথা বৃহজ্জাতকে। "ক্রূরেঽষ্টমে বিধবতা নিধনেশ্বরেঽংশে যস্ত স্থিতোবয়সি তস্ত তু সা প্রদিষ্টা"। সৎস্বর্থগেষু মরণং স্বয়মেব তস্যাঃ কন্যালিগোহরিষু চাল্পসুতত্বমিন্দৌ। অস্মিন্নেব যোগেঽষ্টমস্থে ক্রূরে সৎসু শুভগ্রহেষু দ্বিতীয়স্থিতেষু সা কন্যৈব স্বয়ং ম্রিয়তে ন তু বৈধব্যমিত্যর্থঃ। কশ্চিদসৎসু ইতি ব্যাচষ্টে তদশুদ্ধং সৎস্বর্থগেষু মরণমিত্যাদি লিখিত বৃহজ্জাতক বচনাৎ। ৪

ওজে লগ্নেন্দ্বোঃ স্ত্রী দুঃশীলা শীলসংযুতা যুগ্মে।

শূন্যেঽবলে কদর্য্যঃ পতিশ্চরেঽস্তে প্রবাসী স্যাৎ॥ ৫॥

স্ত্রীলোকের জন্ম ওজ অর্থাৎ অযুগ্মলগ্নে হইলে কিম্বা জন্মচন্দ্র অযুগ্মরাশিতে থাকিলে সে দুঃশীলা হয়। যুগ্মরাশি লগ্ন অথবা চন্দ্র যুগ্মরাশিতে থাকিলে সুশীলা হয়। সপ্তমস্থান গ্রহশূন্য কি বলশূন্য হইলে পতি কাপুরুষ হয় এবং চররাশি সপ্তমস্থান হইলে সেই স্ত্রীর পতি নিত্যপ্রবাসী হইয়া থাকে। ৫

চন্দ্রলগ্নযুং বপুরাকৃতিশ্চেতি যদুক্তং তৎফলমাহ। ওজইতি। ওজে বিষমগৃহস্থিতয়োর্লগ্নেন্দ্বোঃ স্ত্রী দুঃশীলা পুরুষপ্রকৃতিঃ স্যাৎ। যুগ্মে লগ্নেন্দ্বোঃ শীলযুতা সৎস্বভাবস্থা স্যাৎ মিশ্রে মিশ্রফলমূহনীয়ং। তথা লঘুজাতকে। "যুগ্মর্ক্ষে লগ্নেন্দ্বোঃ প্রকৃতিস্থা রূপশীলগুণযুক্তা ওজে পুরুষাকারা দুঃশীলা দুঃখিতা চৈবেতি"। অত্র চ শুভপাপদর্শনাৎ গুণযুক্তা গুণহীনা চ জ্ঞাতব্যা। সপ্তমস্থানাৎ পতিজ্ঞানমাহ। শূন্যইতি। গ্রহশূন্যে বলরহিতে চাস্তে সপ্তমস্থানে পতিঃ কদর্য্যঃ কাপুরুষঃ স্যাৎ চরে চ সপ্তমস্থানে পতির্নিত্যপ্রবাসী স্যাৎ অত্র চ শুভগ্রহদর্শনে শুভফলং স্যাৎ। তথা বৃহজ্জাতকে। "শূন্যে কাপুরুষোঽবলেঽস্তভবনে সৌম্যগ্রহাবীক্ষিতে ক্রূরেঽস্তে বুধমন্দয়োশ্চরগৃহে নিত্যং প্রবাসাশ্রিতঃ ইতি"। অত্র চ সৌভরেঃ প্রলাপঃ প্রহসনমেবেতি। অত্র চ লগ্নস্য যাবন্নবাংশঃ সপ্তমস্থস্য তাবতি নবাংশে শুভগ্রহসম্বন্ধিনি সতি সুভগা স্যাৎ। সপ্তমে পাপগ্রহনবাংশে পাপবীক্ষিতে ব্যাধিযোনির্দুর্ভগা স্যাৎ। তথা বৃহজ্জাতকে। "কৌজেঽস্তেঽংশে সৌরিণা ব্যাধির্যোনিশ্চারুশ্রোণী বল্লভা সদ্গ্রহাংশে"অত্র চ দ্রেক্কাণাৎ স্ত্রীপুংজ্ঞানং বৃহজ্জাতকে উক্তং তৎসঙ্কলয্য ময়োচ্যতে। "আদিত্রিভাগে মেষস্য কট্যাং শুক্লপটাবৃতঃ। ক্রোধনোরক্তনেত্রশ্চ পুমান্ কৃষ্ণোদ্ভবাসদঃ॥ মেষদ্বিতীয়ে নারী স্যাৎ খঞ্জা ভক্ষ্যেষু লোলুপা। কুম্ভাকৃতির্বাজিমুখী তৃষ্ণার্তা লোহিতাকৃতিঃ॥ মেষতৃতীয়ে কর্ম্মার্থী দারুণোনির্ভয়ঃ পুমান্। কলাজ্ঞঃ কপিলঃ ক্রূরঃ সত্যশৌচবিবর্জ্জিতঃ॥ ১॥ বৃষস্য প্রথমে নারী তৃষ্ণার্ত্তা স্যাৎ পতিব্রতা। স্থূলোদরী দগ্ধপটা স্বল্পকেশী প্রিয়ম্বদা॥ দ্বিতীয়ে ছাগবদনস্তুষার্ত্তোবলিবাম্বরঃ। বৃষস্কন্ধঃ কলাভিজ্ঞঃ কুশলঃ সর্ব্বকর্ম্মসু॥ বৃষস্যান্তে হস্তিতুল্যশরীরঃ পিঙ্গলঃ পুমান্। উচ্চপাদঃ সুক্ষ্মদন্তঃ মৃগলোমা কুলাশ্রয়ঃ॥ ২॥ মিথুনপ্রথমে নারী কুর্ব্বন্তী কর্ম্মনিষ্কলং। হীনপ্রলোচ্ছ্রিতভুজা সতী রূপান্বিতা ভবেৎ॥ দ্বিতীয়ে পুরুষঃ সুপুরোধমান্ গরুড়াননঃ। অন্তে ধনুষ্মান্ নৃত্যাদিকলাজ্ঞোরত্নবান্ সুধীঃ॥৩॥ কর্কটাদ্যে

হস্তিকায়ঃ শূকরাস্যঃ ফলাদিভৃৎ। কুটিলাঙ্ঘ্রি র্হয়গ্রীবঃ পুরুষোজায়তে মহান্॥ দ্বিতীয়ে কর্কশা পদ্মার্চ্চিতা নারী বনস্থিতা। অন্তে প্রিয়শ্চিপীটাস্তো-নৌবাণিজ্যপরঃ পুমান্ ।৪। সিংহাদ্যে জম্বুকাকারো-গৃধ্রকুক্কুরনিঃস্বনঃ। মাতাপিতৃপরিত্যক্তঃ পুরুষোমলিনাম্বরঃ দ্বিতীয়ে শ্বাকৃতিঃ কৃষ্ণাজিনকম্বলবান্ পুমান্। লতাগ্রনাসোধম্বী চ সিংহবৎ স্যাদ্দুরাসদঃ॥ অন্তে পুমানৃক্ষমুখো-বানরোপমচেষ্টিতঃ। দীর্ঘশ্মশ্রুর্দণ্ডধরোভবেৎ কুঞ্চিতমূর্দ্ধজঃ॥৫॥ কন্যাদ্যে সহ কন্যাভির্গচ্ছন্তী মলিনাম্বরা; পুষ্পপ্রকীর্ণকুম্ভেন লক্ষিতা কন্যকা ভবেৎ॥ মধ্যে স্কন্দশিরাঃ শ্যামোলেখকো-লোমশঃ পুমান্। অন্তে গৌরী পুত্রহীনা ধৌতবস্ত্রসমন্বিতা॥ ৬॥ তুলাদ্যে মানকুশলস্তুলাবান্ মূল্যচিন্তকঃ। বীথীমধ্যগতোভাণ্ডং বিচিন্বন্ পুরুষোভবেৎ। মধ্যে ক্ষুধার্ত্তস্তৃষিতঃ গৃধ্রাস্যঃ কলসান্বিতঃ। অন্তে ধনুষ্মান্ দীর্ঘাস্যোভীষণোরত্নভূষিতঃ।৭॥ বৃশ্চিকপ্রথমে নারী বস্ত্রালঙ্কারবর্জ্জিতা। স্থানচ্যুতা নদীতীর্ণকূলং প্রাপ্তা মনোহরা॥ মধে স্থানং সুখং লিপ্সুর্নারী কূর্ম্মঘটাকৃতিঃ। অন্তে বৃহচ্চিপীটাস্যশ্চরঃ পশ্বাদি ভীষণঃ॥ ৮। ধনুষঃ প্রথমে ধন্বী মনুষ্যাস্যোঽশ্ববদ্বপুঃ। মধ্যে সুরূপা গৌরী স্যান্নারী ভদ্রাসনস্থিতা॥ ধনুস্তৃতীয়ে গৌরাঙ্গঃ শ্মশ্রুবান্ দণ্ডধারকঃ; কৌষেয়রাজীবধরোবিক্রমী পুরুষোভবেৎ।৯। মকরপ্রথমে রৌদ্রমুখোরজ্জুধরঃ পুমান্। লোমশোমকরাকারদন্তঃ শূকরবদ্বপুঃ। মধ্যে কলাজ্ঞা দীর্ঘাক্ষী শ্যামলা লৌহভূষণা। অন্তে ধন্বী দীর্ঘমুখঃ সঘটঃ কম্বলান্বিতঃ॥ ১০॥ কুম্ভস্য প্রথমে খর্ব্বঃ স্নেহসত্যাকুলীকৃতঃ। কৌষেয়বাসা গৃধ্রাস্যঃ স্থিরবুদ্ধিঃ পুমান্ ভবেৎ॥ দ্বিতীয়ে মুদ্ধি-ভাণ্ডাঢ্যা নারী স্যান্মলিনাম্বরা। তৃতীয়ে শ্যামলঃ শূরঃ সরোমশ্রবণঃ পুমান্॥ ১১॥ মীনস্য প্রথমে লোকপ্রিয়োভূষণভূষিতঃ। স্রগ্‌ভাণ্ডপাণির্নৌকাভিঃ ক্রীড়াকৃৎপুরুষোভবেৎ॥ দ্বিতীয়ে সুন্দরী গৌরী কূলং যাতি চ নৌকয়া। তৃতীয়ে বস্ত্রহীনঃ স্যাৎক্রন্দন্ ব্যাকুলিতেক্ষণঃ॥ স্ত্রীভাগে তু ভবেদ্রামা পুংভাগে পুরুষোভবেৎ। স্ত্রীদ্রেক্কাণেঽবলে কাপি পুংগ্রহস্থিতি-দর্শনৈঃ॥ ভবেৎ পুমাংস্তথা নারী স্ত্রীগ্রহস্থিতিদর্শনৈঃ। পুংভাবেঽপ্যবলে কাপি গুপ্তমেত-ন্ময়োদিতং॥ অত্র চ প্রশ্ন দ্রেক্কাণানুরূপশ্চৌরোজ্ঞাতব্যঃ। তথা দ্রেক্কাণৈস্তস্করাঃ স্মৃতাঃ ইতি। জাতকসাগরমগ্নাঃ কে কে মুহ্যন্তি নৈব বিদ্বাংসঃ। সংক্ষেপেণ যদুক্তং কিঞ্চিত্ত-চ্চানুমুদ্যতাং কৃতিভিঃ॥ ১২॥

## অথগ্রহাণাং গোচরভোগকালকথনম্।

রবির্ম্মাসং নিশানাথঃ সপাদদিবসদ্বয়ং।
পক্ষত্রয়ং ভূমিপুত্রোবুধোঽষ্টাদশবাসরান্।
বর্ষমেকং সুরাচার্য্যশ্চাষ্টাবিংশদ্দিনং ভৃগুঃ।
শনিঃ সার্দ্ধদ্বয়ং বর্ষং স্বর্ভানুঃ সার্দ্ধবৎসরম্॥
এবং প্রমাণাৎ সকলাঃ স্বরাশিং ভুঞ্জতে গ্রহাঃ।
বক্রেশীঘ্রগতিশ্চেৎ স্যাদ্ভৌমাদিপঞ্চকেঽন্যথা॥ ১

ইতিজ্যোতিস্তত্ত্বে

অধুনা গ্রহগণের গোচরভোগের কাল কথিত হইতেছে,—রবি একরাশিতে একমাস বাস করেন; এইরূপ চন্দ্র সওয়া দুইদিন, মঙ্গল পঞ্চচত্বারিংশৎদিন, বুধ অষ্টাদশদিন, বৃহস্পতি এক বৎসর, শুক্র অষ্টাবিংশতিদিন, শনি আড়াইবৎসর এবং রাহু দেড়বৎসর এক এক রাশিতে অবস্থিত হইয়া থাকেন। গ্রহগণ স্বাভাবিক নিয়মে উক্তকাল এক এক রাশিভোগ করেন বটে, কিন্তু মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি এই পাঁচটি গ্রহের বক্রগতি ও শীঘ্রগতিদ্বারা কখন কখন উক্তকালের ন্যূনাধিক সময়েও সঞ্চার হইয়া থাকে। ১

## রত্নকোষোক্ত গ্রহাণাং গোচরফলম্।

### তত্রাদৌ রবেঃ।

স্থানং জন্মনি নাশয়েদ্দিনকরঃ কুর্য্যাদ্দ্বিতীয়ে ভয়ং
দুশ্চিক্যে শ্রিয়মাতনোতি হিবুকে মানক্ষয়ং যচ্ছতি।
দৈন্যং পঞ্চমগঃ করোতি রিপুহা ষষ্ঠেঽর্থহা সপ্তমঃ
পীড়ামষ্টমগঃ করোতি নিতরাং কান্তিক্ষয়ং ধর্ম্মগঃ॥ ১

গোচরফল কথিত হইতেছে,—জন্মরাশিতে রবি অবস্থিত হইলে মনুষ্য স্থানভ্রষ্ট হয়, এইরূপ রবি জন্মরাশি হইতে দ্বিতীয়স্থানে অবস্থিত হইলে ভয়, তৃতীয়ে থাকিলে শ্রীলাভ, চতুর্থে অবস্থিত হইলে মানহানি, পঞ্চমে থাকিলে দৈন্য, ষষ্ঠে অবস্থিত হইলে শত্রুনাশ, সপ্তমে থাকিলে অর্থনাশ, অষ্টমে অবস্থিত হইলে পীড়া এবং নবমে থাকিলে কান্তিক্ষয় হইয়া থাকে। ১

কর্ম্মবৃদ্ধিজনকস্তু কর্ম্মগো বিত্তবৃদ্ধিকৃদথায়সংস্থিতঃ।
দ্রব্যনাশজনিতাং মহাপদং যচ্ছতি ব্যয়গতো দিবাকরঃ॥ ২॥

রবি জন্মরাশি হইতে দশমস্থানে থাকিলে কার্য্যবৃদ্ধি, একাদশস্থানে থাকিলে সম্পত্তিবৃদ্ধি এবং গোচরে দ্বাদশস্থানে রবি অবস্থিত হইলে মানবের সম্পত্তি বিনষ্ট ও ঘোরতর বিপদ হইয়া থাকে। ২

ইতি রবের্গোচরফলম্।

### চন্দ্রস্য।

জন্মন্যর্থং দিশতি হিমগুর্ব্বিত্তনাশং দ্বিতীয়ে
দত্ত্বাদ্রব্যং সহজভবনে কুক্ষিরোগং চতুর্থে।

কার্য্যভ্রংশং তনয়গৃহগোবিত্তলাভঞ্চ ষষ্ঠে
দ্যূনে দ্রব্যং যুবতিসহিতং মৃত্যুসংস্থোঽপি মৃত্যুম্॥ ৩॥

চন্দ্র জন্মরাশিতে অবস্থান করিলে অর্থলাভ, দ্বিতীয়ে থাকিলে বিত্তনাশ, তৃতীয়স্থানে অবস্থিত হইলে দ্রব্যলাভ, চতুর্থস্থানে থাকিলে উদরপীড়া, পঞ্চমরাশিস্থ হইলে কার্য্যনাশ, ষষ্ঠস্থানে অবস্থিত হইলে বিত্তলাভ, সপ্তমস্থানে থাকিলে দ্রব্য ও স্ত্রীলাভ এবং অষ্টমস্থানে থাকিলে মনুষ্যের মৃত্যু হয়। ৩

নৃপভয়ং কুরুতে নবমঃ শশী দশমধামগতস্তু মহৎসুখং।
বিবিধমায়গতঃ কুরুতে ধনং ব্যয়গতস্তু রুজং স ধনক্ষয়ম্॥ ৪॥

চন্দ্র জন্মরাশি হইতে নবমস্থানে অবস্থিত হইলে রাজভয়,দশমস্থানে থাকিলে মহৎসুখ, একাদশস্থানে অবস্থান করিলে ধনবৃদ্ধি এবং গোচরে দ্বাদশস্থানে চন্দ্র থাকিলে মনুষ্যের রোগ ও ধনক্ষয় হইয়া থাকে। ৪

ইতি চন্দ্রস্য গোচরফলম্।

## মঙ্গলস্য।

প্রথমগৃহগঃ ক্ষৌণীসূনুঃ করোত্যরিজং ভয়ং
ক্ষপয়তি ধনং বিত্তস্থানে তৃতীয়গতোঽর্থদঃ।
অরিভয়করঃ পাতালেঽসূন্ ক্ষিণোতি চ পঞ্চমঃ
রিপুগৃহগতোধত্তে বিত্তং শুচং মদনস্থিতঃ॥ ৫॥

মঙ্গল জন্মরাশিতে অবস্থিত হইলে শত্রুভয়, দ্বিতীয়স্থানে থাকিলে ধননাশ, তৃতীয়রাশিতে অবস্থিত হইলে অর্থলাভ, চতুর্থে থাকিলে শত্রুভয়, পঞ্চমস্থ হইলে প্রাণনাশ, ষষ্ঠস্থানে থাকিলে বিত্তলাভ এবং সপ্তমরাশিতে মঙ্গল অবস্থিত হইলে মনুষ্য শোকপ্রাপ্ত হয়। ৫

জনয়তি মরণস্থঃ শস্ত্রধারাং ধরাজঃ
দিশতি চ নবমস্থঃ কার্য্যপীড়ামতীব।
শুভমপি দশমস্থোলাভগোভূমিলাভং
ব্যয়ভবনগতোঽসৌ ব্যাধ্যনর্থার্থনাশম্॥ ৬॥

মঙ্গল জন্মরাশি হইতে অষ্টমস্থানে অবস্থিত হইলে অস্ত্রাঘাত, নবমস্থ হইলে কার্য্যনাশ, দশমস্থানে থাকিলে মঙ্গল, একাদশস্থ হইলে ভূমিলাভ এবং গোচরে মঙ্গল দ্বাদশস্থানে অবস্থিত হইলে রোগ, অর্থনাশ ও অমঙ্গল হইয়া থাকে। ৬

ইতি কুজস্য গোচরফলম্।

বুধস্য।

বুধঃ প্রথমধামগোদিশতি বন্ধমর্থে ধনং
বধং রিপুভয়ান্বিতং সহজগশ্চতুর্থেঽর্থদঃ।
অনির্ব্বৃতিকরোভবেত্তনয়গোঽরিগঃ স্থানদঃ
করোতি মদনস্থিতোবহুবিধাং শরীরাপদম্॥ ৭

বুধ গোচরে জন্মরাশিতে অবস্থিত হইলে বন্ধন, দ্বিতীয়ে ধনলাভ, তৃতীয়ে বধাশঙ্কা ও শত্রুকর্ত্তৃক ভয়, চতুর্থে অর্থলাভ, পঞ্চমে সর্ব্বদা অনটন, ষষ্ঠে স্থান-প্রাপ্তি এবং গোচরে সপ্তমস্থানে বুধ থাকিলে মনুষ্যের নানারূপ শারীরিক পীড়াদি হইয়া থাকে। ৭

অষ্টমে শশিসুতে ধনলব্ধির্ধর্ম্মগেহতিমহতীং তনুপীড়াং।
কর্ম্মগে সুখমথায়গতেঽর্থদোদ্বাদশগে ভবতি বিত্তলাভঃ॥ ৮॥

বুধ জন্মরাশি হইতে অষ্টমস্থ হইলে ধনলাভ, নবমস্থানে থাকিলে অতিশয় পীড়া, দশমস্থ হইলে সুখ, একাদশস্থানে অবস্থিত হইলে অর্থলাভ এবং গোচরে বুধ দ্বাদশস্থানে থাকিলে মানবের বিত্তলাভ হইয়া থাকে। ৮

ইতি বুধস্য গোচরফলম্।

বৃহস্পতেঃ।

ভয়ং জন্মস্থার্য্যোজনয়তি ধনস্থোঽর্থমতুলং
তৃতীয়োঽঙ্গক্লেশং দিশতি চ চতুর্থোঽর্থবিষমং।
শুভং পুত্রস্থাতাশুভমপি চ কুর্য্যাদরিগৃহে
দ্যূনে ভূভৃৎপূজাং ধননিচয়নাশঞ্চ নিধনে॥ ৯॥

বৃহস্পতি গোচরে জন্মরাশিতে অবস্থিত হইলে ভয়, দ্বিতীয়স্থ হইলে অতুল অর্থলাভ, তৃতীয়ে শারীরিক ক্লেশ, চতুর্থে অর্থক্ষয়, পঞ্চমে শুভ, ষষ্ঠস্থ হইলে অশুভ, সপ্তমে রাজপূজা এবং গোচরে বৃহস্পতি অষ্টমস্থানে অবস্থিত হইলে মনুষ্যের ধনসমূহ বিনষ্ট হয়। ৯

ধর্ম্মগতোধনবৃদ্ধিকরঃ স্যাৎ প্রীতিহরোদশমোঽমরপূজ্যঃ।
স্থানং ধনানি দদাতি সচায়ে দ্বাদশগতস্তনুমানসপীড়াম্॥ ১০॥

বৃহস্পতি জন্মরাশি হইতে নবমস্থানে অবস্থিত হইলে ধনবৃদ্ধি হয়, এইরূপ দশমস্থানে থাকিলে প্রীতিভঙ্গ, একাদশে অবস্থিত হইলে স্থান ও ধনলাভ এবং গোচরে বৃহস্পতি দ্বাদশস্থানে থাকিলে মানবের শারীরিক ও মানসিক পীড়া হইয়া থাকে। ১০

অন্যচ্চ।

আদ্যাষ্টমে বন্ধুবিয়োগদুঃখমন্তে চতুর্থে ধনহানিতাপং।
ষষ্ঠে চ রোগং কলহং তৃতীয়ে সর্ব্বস্বনাশং দশমস্তু জীবঃ॥ ১১॥

ইতি গ্রন্থান্তরে।

গ্রন্থান্তরে লিখিত আছে যে,—বৃহস্পতি গোচরে জন্মস্থ কি অষ্টমস্থ হইলে মনুষ্যের বন্ধুবিয়োগ হয়, এইরূপ দ্বাদশে কি চতুর্থে থাকিলে ধনহানি, ষষ্ঠে রোগ, তৃতীয়ে কলহ এবং গোচরে বৃহস্পতি দশমস্থ হইলে মনুষ্যের সর্ব্বস্ব নাশ হইয়া থাকে। ১১

ইতি গুরোর্গোচরফলম্।

শুক্রস্য।

জন্মন্যরিক্ষয়করোভৃগুজোঽর্থদোঽথে
দুশ্চিক্যগঃ সুখকরোধনদশ্চতুর্থে।
স্যাৎ পুত্রদস্তনয়গোঽরিগতোঽরিবৃদ্ধ্যৈ
শোকপ্রদোমদনগোনিধনেঽর্থদাতা॥ ১২॥

শুক্র গোচরে জন্মরাশিতে অবস্থিতি করিলে শত্রুনিধন, দ্বিতীয়স্থ হইলে অর্থলাভ, তৃতীয়ে অবস্থান করিলে সুখ, চতুর্থে ধনলাভ, পঞ্চমে পুত্রলাভ, ষষ্ঠে শত্রুবৃদ্ধি, সপ্তমে শোক এবং শুক্রগোচরে অষ্টমস্থ হইলে মানবের অর্থলাভ হইয়া থাকে। ১২

জনয়তি বিবিধাম্বরাণি ধর্ম্মে ন শুভকরোদশমস্থিতস্তু শুক্রঃ।
ধননিচয়করস্তু লাভসংস্থিতো ব্যয়ভবনেঽপি ধনাগমঃ করোতি॥১৩

শুক্র জন্মরাশি হইতে নবমে অবস্থিত হইলে বিবিধ বস্ত্রলাভ, দশমস্থ হইলে অশুভ, একাদশস্থানে অবস্থিত হইলে বিপুল ধনলাভ এবং গোচরে দ্বাদশে শুক্র থাকিলে মনুষ্যের ধনাগম হইয়া থাকে। ১৩

ইতি শুক্রস্য গোচরফলম্।

শনেশ্চ।

বিত্তভ্রংশং সদাহং দিনকরতনয়োজন্মরাশিপ্রপন্নঃ
চিত্তে ক্লেশং দ্বিতীয়োরিপুহননকৃতং বিত্তলাভং তৃতীয়ঃ।
পাতালে শত্রুবৃদ্ধিং সুতভবনগতঃ পুত্রভৃত্যার্থনাশং
ষষ্ঠস্থানেঽর্থলাভং জনয়তি মদনে দোষসংঘাতমার্কিঃ॥ ১৪

শনি গোচরে জন্মরাশিতে অবস্থিত হইলে বিত্তনাশ ও সন্তাপ, দ্বিতীয়স্থ হইলে চিত্তক্লেশ, তৃতীয়ে থাকিলে শত্রুবিনাশ ও বিত্তলাভ, চতুর্থে অবস্থিত হইলে শত্রুবৃদ্ধি, পঞ্চমে থাকিলে পুত্র, ভৃত্য ও অর্থনাশ, ষষ্ঠে অর্থলাভ এবং গোচরে সপ্তমস্থানে শনি থাকিলে মনুষ্যের নানারূপ অনিষ্ট হয়। ১৪

শরীরপীড়াং নিধনেঽথ ধর্ম্মে ধনক্ষয়ং কর্ম্মণি দৌর্ম্মনস্তং।
উপান্ত্যগোবিত্তমনর্থমন্তে শনির্দ্দদাতীত্যবদৎ সুবৃত্তঃ॥ ১৫॥

শনি গোচরে অষ্টমরাশিতে অবস্থিত হইলে শরীরপীড়া, নবমস্থ হইলে ধনক্ষয়, দশমে থাকিলে মানসিক উদ্বেগ, একাদশ হইলে বিত্তলাভ এবং গোচরে শনি দ্বাদশে থাকিলে মনুষ্যের অতিশয় অমঙ্গল হইয়া থাকে।। ১৫

ইতি শনের্গোচর ফলম্।

## অথরাহোর্গোচরফলম্।

জন্মান্ত্যপঞ্চবসুরন্ধ্রচতুর্দ্বিসপ্ত-
রাশৌ স্থিতোযদি ভবেদসুরঃ কদাচিৎ।
অর্থক্ষয়ং রিপুভয়ং বহুকার্য্যহানিং
রোগপ্রবাসমরণাগ্নিভয়ং করোতি॥ ১৬॥

রাহু গোচরে জন্মস্থ, দ্বাদশ, পঞ্চম, অষ্টম, নবম, চতুর্থ, দ্বিতীয় কি সপ্তমস্থ হইলে মনুষ্যের অর্থক্ষয়, শত্রুভয়, বহুকার্য্যহানি, রোগ, প্রবাস, মৃত্যু ও অগ্নিভয় হইয়া থাকে। ১৬

ইতি রাহোর্গোচর ফলম্।

## অথকেতোর্গোচরফলম্।

একাদশত্রিদশষষ্ঠগতোনরাণাং
সম্মানভোগনৃপমানসুখার্থদাতা।
আজ্ঞাকরাশ্চ পুরুষাঃ প্রমদাশ্চ নিত্যং
সৌখ্যোদয়ং দিশতি পুণ্যচয়ঞ্চ কেতুঃ॥ ১৭॥

কেতু গোচরে জন্মরাশি হইতে একাদশ, তৃতীয়, দশম, অথবা ষষ্ঠস্থানে অবস্থিত হইলে মনুষ্যের সম্মান, ভোগ, রাজসম্মান, সুখ ও অর্থলাভ হয়, আর বিশেষতঃ আজ্ঞাকারী পুরুষ ও স্ত্রীকর্তৃক সর্ব্বদা তাহার সুখভোগ ও পুণ্য সঞ্চয় হইয়া থাকে। ১৭

ইতি কেতোর্গোচর ফলম্।

অথগোচরফলকালকথনম্।

দিনকররুধিরৌ প্রবেশকালে গুরুভৃগুজৌ ভবনস্য মধ্যযাতৌ।
রবিসুতশশিনৌ বিনির্গমস্থৌ শশিতনয়ঃ ফলদস্তু সর্ব্বকালম্॥ *১৯
ইতি দীপিকায়াং।

গ্রহগণের গোচরফলের কাল কথিত হইতেছে,—রবি ও মঙ্গল রাশি-প্রবেশকালে শুভাশুভ ফল প্রদান করেন, এইরূপ বৃহস্পতি ও শুক্র মধ্যসময়ে, শনি ও চন্দ্র শেষ সময়েই ফল প্রদান করিয়া থাকেন। ১৯

ইতি গোচরফলকালকথনং।

গোচরপীড়ায়ামপি রাশির্ব্বলিভিঃ শুভগ্রহৈর্দৃষ্টঃ।
পীড়াং ন করোতি তথা ক্রূরৈরেবং বিপর্য্যাসঃ॥ ২০॥

মনুষ্যের জন্মরাশি গোচরপীড়িত হইয়াও যদি বলবান্ শুভগ্রহ কর্ত্তৃক অবলোকিত হ'ন তাহা হইলে পীড়াদায়ক হ'ন না, অর্থাৎ জন্মরাশি হইতে যে পীড়া কথিত আছে তাহা হইতে পারে না। গোচরে শুভ থাকিয়া শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে অধিক শুভ প্রদান করেন, আর ক্রূর গ্রহকর্ত্তৃক দৃষ্ট হইলে গোচরে শুভ হইলেও শুভ হয় না এবং গোচরে অশুভ হইয়া ক্রূর গ্রহ-কর্ত্তৃক দৃষ্ট হইলে অত্যন্ত অশুভ হইয়া থাকে। ২০

গোচরাপবাদমাহ। গোচরেতি। গোচরপীড়ায়াং সত্যাং জন্মরাশির্যদিবলিভিঃ শুভ-গ্রহৈর্দৃষ্টঃ স্যাত্তদা জন্মরাশিঃ পীড়াং ন করোতি জন্মরাশেঃ সকাশাৎ যা পীড়া উক্তা সা ন ভবতীত্যর্থঃ। এবঞ্চ গোচরশুভে সতি শুভৈর্দৃষ্টো জন্মরাশিরধিকং শুভং করোতি ক্রূরৈ-র্দৃষ্টো জন্মরাশিঃ শুভোঽপি শুভং ন জনয়তি অশুভশ্চেদধিকমেবাশুভং করোতি পাপ-দৃষ্টঃ। ২০

অথ চন্দ্রচারবশাদ্ গ্রহশুদ্ধিকথনম্।

যাদৃশেন শশাঙ্কেন গ্রহঃ সঞ্চরতে নৃণাং।
তাদৃশং ফলমাপ্নোতি শুভং বা যদি বাশুভম্॥ ২১

সঞ্চারকালে মনুষ্যের চন্দ্রশুদ্ধি থাকিলে গ্রহগোচরফলের তারতম্য কথিত হইতেছে। যদি চন্দ্র ভিন্ন গ্রহগণের সঞ্চার সময়ে মানবের চন্দ্র গোচরে শুভদ অর্থাৎ শুক্ল ও কৃষ্ণ এই উভয়পক্ষে জন্মরাশি হইতে সপ্তম, তৃতীয়, একাদশ, ষষ্ঠ, দশম ও জন্মস্থ এবং শুক্লপক্ষে দ্বিতীয়, পঞ্চম ও নবমরাশিস্থ হ'ন তবে গ্রহগণ গোচরে অশুভ হইলেও শুভফল প্রদান করিয়া থাকেন। আর যদি সঞ্চারকালীন চন্দ্র শুদ্ধ না থাকে তাহা হইলে অত্যন্ত অশুভ হয় এবং গোচরে গ্রহগণ শুভদ

* রাশিত্রিভাগাৎ ফলং জ্ঞেয়মিতি জ্যোতিস্তত্ত্বে স্মার্ত্তেনোক্তং।

হইলে যদি সঞ্চারকালীন চন্দ্রশুদ্ধ থাকে তবে অতিশয় শুভফল হইয়া থাকে। ২১

কেতুপল্লবেত্যাদিনোক্তগোচরস্যাষ্টবর্গশোচরস্য চ দ্বয়োরেব চন্দ্রচারবশেনাপবাদমাহ। যাদৃশেনেতি। চন্দ্রবর্জ্জিতোযঃ কশ্চিদ্ গ্রহোনৃণাং যাদৃশেন চন্দ্রেণ সঞ্চরতে তাদৃশং শুভমশুভং বা ফলং নরঃ প্রাপ্নোতি। শুভফলদেন সপ্তমোপচয়াদিস্থেন চন্দ্রেণ গ্রহাণাং সঞ্চারঃ শুভফলদঃ। অশুভফলদেন চন্দ্রেণ সঞ্চারোঽশুভফলদ ইত্যর্থঃ। সঞ্চরত ইতি সমস্তৃতীয়ায়ুক্তইতিরুচাদিত্বাদাত্মনে পদং। অত্র কশ্চিৎ যাদৃশেন হিমরশ্মিমালিনা সংক্রমোভবতি তিগ্মরোচিষঃ তাদৃশং ফলমবাপ্যতে নরৈঃ সাধ্বসাধ্বপি বশেন শীতগোরিতি রত্নমালাবচনমালোক্য গ্রহোরবিরেবেতি প্রলপতি তদশুদ্ধং সামান্যেন সর্ব্বগ্রহাণামেব গোচরমুক্তা সামান্যেনৈব তদপবাদমুচ্যতে পশ্চাচ্চ সামান্যেনৈব গ্রহপ্রতীকারং বক্ষ্যতি অতো ন রবিমাত্রস্যেতৎ। তথা চ রাজমার্ত্তণ্ডে—"আশ্রিত্য চন্দ্রস্য বলাবলানি গ্রহাঃ প্রযচ্ছন্তি শুভাশুভানি। মনঃ সমেতানি যথেন্দ্রিয়াণি কর্ম্মণ্য তং যান্তি ন কেবলানি"। তথা চ দশাপ্রবেশেঽপি চন্দ্রস্য শুভাশুভেন গ্রহাণাং শুভাশুভফলত্বং দর্শিতং। বৃহজ্জাতকে। মিত্রস্বোপচয়ত্রিকোণমদনেপাকেশ্বরস্য স্থিতঃ। চন্দ্রঃ সৎফলবোধনানি কুরুতে পাপানি চাতোঽন্যথা। ইত্যাদি রত্নমালাবচনস্তু রবিসংক্রমণপ্রকরণোক্তমেকাদশকীর্ত্তনপরমেব নত্বন্যগ্রহস্য চন্দ্রচারবশেন শুভাশুভত্বং ন ভবতীতিতস্যার্থ ইত্যলং বহুনা। ২১

## অথ তারাদিশুদ্ধ্যা গ্রহশুদ্ধিকথনম্।

তারাবলাদিন্দুরথেন্দুবীর্য্যাদ্ দিবাকরঃ সংক্রমমাণ উক্তঃ।
গ্রহাশ্চ সর্ব্বে সবিতুর্ব্বলেন মহীসুতাদ্যাঃ ক্রমশঃ প্রশস্তাঃ॥ ২২

চন্দ্রের সঞ্চারকালে তারাশুদ্ধি থাকিলে গোচরে চন্দ্র অশুভ হইলেও শুভফল দান করেন। এইরূপ রবি সঞ্চারকালীন গোচরে চন্দ্রশুদ্ধ থাকিলে, রবি গোচরে অশুভ হইলেও শুভফল দান করিয়া থাকেন। আর মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি এই পঞ্চগ্রহের সঞ্চারসময়ে যদি রবি গোচরে শুদ্ধ হ'ন তাহা হইলে গোচরে যদি ঐ গ্রহগণ অশুভদাতা হ'ন তথাপি শুভফলদান করিয়া থাকেন। ২২

# অথ দশানিরূপণম্।

কৃত্তিকাদিত্রয়ে সূর্য্যঃ সোমোরৌদ্রচতুষ্টয়ে।
মঘাদিত্রিতয়ে ভৌমোবুধোহস্তাচতুষ্টয়ে।
অনুরাধাত্রয়ে সৌরিগুরুঃ পূর্ব্বচতুষ্টয়ে।
ধনিষ্ঠাত্রিতয়ে রাহুঃ শেষে শুক্রঃ প্রকীর্ত্তিতঃ॥ ১

কোন্ নক্ষত্রে জাতমনুষ্যের কোন্ গ্রহের দশা প্রথম হইবে তাহা বর্ণিত হইতেছে। যথা,—কৃত্তিকা, রোহিণী ও মৃগশিরানক্ষত্রে জাতব্যক্তির প্রথম রবির দশা হইবে; এইরূপ আর্দ্রা, পুনর্ব্বসু, পুষ্যা ও অশ্লেষানক্ষত্রে চন্দ্রের দশা, মঘা পূর্ব্বফল্গুনী ও উত্তরফল্গুনীনক্ষত্রে মঙ্গলের দশা, হস্তা, চিত্রা, স্বাতী ও বিশাখা-নক্ষত্রে বুধের দশা, অনুরাধা, জ্যেষ্ঠা ও মূলানক্ষত্রে শনির দশা, পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, অভিজিৎ * ও শ্রবণানক্ষত্রে বৃহস্পতির দশা, ধনিষ্ঠা, শতভিষা ও পূর্ব্বভাদ্রপদনক্ষত্রে রাহুর দশা এবং উত্তরভাদ্রপদ, রেবতী, অশ্বিনী ও ভরণী-নক্ষত্রে জাতমনুষ্যের প্রথম শুক্রের দশা হইবে। দশা জানিবার সময় দেখিতে হইবে কোন্ কোন্ নক্ষত্রে কোন্ গ্রহের দশা, প্রত্যেক নক্ষত্রে কতবৎসর কতদিন ভোগ, আর নক্ষত্রের মান কত দণ্ড এবং জন্মসময়ে ঐ নক্ষত্রের ভুক্ত কত দণ্ড হইয়াছে এই সকল সূক্ষ্মরূপে দেখিয়া দশাকালের ভুক্ত-ভোগ্য বিবেচিত হইবে। ১

## অথ নাক্ষত্রিকীদশাকালকথনম্।

ষট্ সূর্য্যস্য দশাজ্ঞেয়া শশিনোদশপঞ্চ চ।
অষ্টাবঙ্গারকে প্রোক্তা বুধে সপ্তদশ স্মৃতা।
শনৈশ্চরে দশ প্রোক্তা গুরোরেকোনবিংশতিঃ॥
রাহোর্দ্বাদশবর্ষাণি ভৃগোরপ্যেকবিংশতিঃ॥ ২

ইতি সত্যাচার্য্যাঃ।

অনন্তর নাক্ষত্রিকীদশাভোগের কাল কথিত হইতেছে—রবির দশার পরিমাণ ৬ ছয়বৎসর হয়, এইরূপ চন্দ্রের ১৫ পনর বৎসর; মঙ্গলের ৮ আটবৎসর, বুধের ১৭ সতেরবৎসর; শনির ১০ দশবৎসর, বৃহস্পতির ১৯ উনিশবৎসর, রাহুর ১২ বারবৎসর এবং শুক্রের দশার পরিমাণ একুশবৎসর হইয়া থাকে। এই দশাকে অষ্টোত্তরীদশা বলা যায়; কৃষ্ণপক্ষে জাতমনুষ্যের উক্ত দশাদ্বারা শুভাশুভ বিবেচনা করিতে হয়। ২

## অথ দশাফলকথনম্।

সূর্য্যোপপ্লবভৌমার্কিদশাতিকষ্টদা নৃণাং।
গুরুজ্ঞচন্দ্রশুক্রাণাং যথেপ্সিতফলপ্রদা॥ ৩

* উত্তরাষাঢ়ানক্ষত্রের শেষ চতুর্থাংশ ও শ্রবণার প্রথমচারিদণ্ডেরনাম অভিজিৎ। বৃহস্পতির দশাভোগের কালকে চারিভাগ করিয়া এক ভাগ পূর্ব্বাষাঢ়ার, অন্য তিন ভাগকে অর্দ্ধাংশ করিয়া উত্তরাষাঢ়ার ও শ্রবণার হইবে। প্রমাণং। গুরোর্ব্বর্ষং চতুর্ভাগং পূর্ব্বাষাঢ়ৈকভাগকং অন্যত্রিভাগং দ্বিঃকৃত্বা দশায়াং বিনিয়োজয়েৎ। ইতি সারসংগ্রহে।

রবি, রাহু, মঙ্গল ও শনির দশা মনুষ্যের অতিশয় কষ্টদায়িকা হয়, আর বৃহস্পতি, বুধ, চন্দ্র ও শুক্রের দশা মানবের অভীষ্টদান করিয়া থাকে। ৩

## অথদশাফলনির্ণয়ঃ।

আদৌ শীর্ষোদয়ে রাশাবন্তে পৃষ্ঠোদয়ে গ্রহাঃ।
উভয়োদয়ে মধ্যস্থাঃ ফলং দদ্যুর্ব্বলাবলাৎ॥ ৪

গ্রহগণ শীর্ষোদয়রাশিস্থিত হইলে দশার প্রথমভাগে ফল প্রদান করেন, পৃষ্ঠোদয়রাশিতে থাকিলে শেষভাগে ফলপ্রদ হ'ন, আর শীর্ষোদয় ও পৃষ্ঠোদয় এই উভয়রাশিস্থিত গ্রহগণ দশার মধ্যভাগে বলাবল বশতঃ শুভাশুভ ফলদান করিয়া থাকেন। ৪

দশাপাকফলমাহ। আদাবিতি। শীর্ষোদয়রাশৌ স্থিতাগ্রহা দশাদিপাকে ফলং দদ্যুঃ। পৃষ্ঠোদয়স্থাস্তু দশান্তকালে উভয়োদয়স্থাস্তু দশামধ্যকালে বলাবলাৎ শুভাশুভফলং দদ্যুঃ॥ ৪

## অথাষ্টমচন্দ্রাদিদশাফলম্।

অষ্টমেন্দোর্দ্দশামৃত্যুং বন্ধমস্তমিতস্য চ।
শুভস্য বক্রিণোরাজ্যং পাপস্য ব্যসনাটনে॥ ৫

জাতব্যক্তির লগ্ন হইতে অষ্টমস্থানে চন্দ্র অবস্থিত হইলে চন্দ্রের দশাতেই মৃত্যু হইবে। জন্মসময়ে অষ্টমস্থানে যে গ্রহ অস্তমিত থাকে তাহার দশায় বন্ধন হয়, বক্রি শুভগ্রহের দশায় রাজ্যপ্রাপ্তি হয় এবং বক্রি পাপগ্রহের দশাতে ব্যসন, অটন, বিপত্তি ও বিদেশভ্রমণ হইয়া থাকে। ৫

অষ্টমচন্দ্রাদিদশাবশেনানিয়তরিষ্টমাহ। অষ্টমেন্দোরিতি। অষ্টমচন্দ্রদশা মৃত্যুং করোতি ইতি সর্ব্বত্রাধ্যাহারঃ। অস্তগতস্য গ্রহস্য দশা বন্ধনং করোতি বক্রিণঃ শুভগ্রহস্য দশা রাজ্যং করোতি বক্রিণঃ পাপগ্রহস্য তু দশা ব্যসনাটনে বিপত্তিবিদেশভ্রমণে করোতি। ৫

## অথ শিরশ্ছেদাদিকারকদশাকথনম্।

অঙ্গপ্রত্যঙ্গানাং ছেদং বিদধাতি ষষ্ঠশত্রুর্দশা।
দ্যূনারিদশা কোণং নিধনারিদশাশিরশ্ছেদম্॥ ৬

জাতমনুষ্যের জন্মলগ্ন হইতে ষষ্ঠস্থিত লগ্নাধিপতির শত্রুগ্রহের দশাতে হস্তকর্ণ প্রভৃতি অঙ্গ-প্রত্যঙ্গাদি ছেদ হয়। সপ্তমস্থিত লগ্নাধিপতির শত্রুগ্রহের দশায় মনুষ্য পঙ্গু হয়, আর অষ্টমস্থ লগ্নাধিপতির শত্রুগ্রহের দশাতে শিরশ্ছেদ হইয়া থাকে। ৬

ইদানীং ছিদ্রকারকদশামাহ। অঙ্গেতি। লগ্নাৎ ষষ্ঠস্থস্য লগ্নাধিপশত্রোর্দ্দশা অঙ্গানাং হস্তাদীনাং প্রত্যঙ্গানাং অঙ্গুলিকর্ণাদীনাং ছেদং বিদধাতি সপ্তমস্থস্য লগ্নাধিপশত্রোর্দ্দশা কোণং পঙ্গুং করোতি অষ্টমস্থস্য লগ্নাধিপশত্রোর্দ্দশা শিরশ্ছেদং করোতি। ৬

### অথদশারিষ্টম্।

ক্রূররাশৌ স্থিতঃ পাপঃ ষষ্ঠে চ নিধনে তথা।
তৎস্থিতেনারিণা দৃষ্টঃ স্বপাকে মৃত্যুদোগ্রহঃ॥ ৭

জাতব্যক্তির লগ্ন হইতে যদি ষষ্ঠে কি অষ্টমে পাপগ্রহ অবস্থিতি করেন এবং সেইস্থান পাপগ্রহের গৃহ হয় অথচ পাপগ্রহের ক্ষেত্রস্থিত উক্ত গ্রহের শত্রু যদি তাহাতে দৃষ্টি করে, তবে সেই গ্রহের দশাতেই মনুষ্যের মৃত্যু হইবে। ৭

পাপগ্রহদশারিষ্টমাহ। ক্রূরেতি। ক্রূররাশৌ পাপগ্রহরাশৌ লগ্নাৎ ষষ্ঠেঽষ্টমে বা স্থিতঃ পাপঃ তৎস্থিতেন পাপগ্রহরাশিস্থিতেন শত্রুগ্রহেণ শুভেনাশুভেন বা দৃষ্টঃ স্বপাকে স্বদশাকালে মৃত্যুং করোতি। ৭

### অথপাপগ্রহান্তর্দ্দশাকথনম্।

পাপগ্রহদশায়াস্তু পাপস্যান্তর্দ্দশা যদি।
অরিযোগে ভবেন্মৃত্যুঃ মিত্রযোগে চ সংশয়ঃ॥ ৮

পাপগ্রহের দশাতে যদি পাপগ্রহের অন্তর্দ্দশা হয়,আর দশাধিপের সহিত যদি অন্তর্দ্দশাধিপতির শত্রুতা থাকে, তাহা হইলে মনুষ্যের মৃত্যু হইবে, পাপগ্রহের দশাতে অন্তর্দ্দশাধিপতি পাপগ্রহ হইলেও যদি মিত্র হ'ন, তবে মৃত্যুতুল্য পীড়াদি হয়। ৮

অন্তর্দ্দশারিষ্টমাহ। পাপগ্রহেতি। অত্র পাপঃ শনিরবিভৌমাঃ পাপগ্রহদশায়াং অন্যান্য পাপগ্রহস্য শত্রোরন্তর্দ্দশা চেত্তদা মৃত্যুঃ পাপদশায়ং পাপস্য মিত্রস্যান্তর্দ্দশা চেত্তদা সংশয় ইত্যর্থঃ। ৮

বিলগ্নাধিপতেঃ শত্রুর্লগ্নস্যান্তর্দ্দশাং গতঃ।
করোত্যকস্মান্মরণং সত্যাচার্য্যঃ প্রভাষতে॥ ৯

মানবের জন্মলগ্নাধিপতিগ্রহের শত্রুগ্রহ যদি জন্মলগ্নাধিপতিগ্রহের অন্তর্দ্দশাগত হয়, তাহা হইলে মানবের হঠাৎ মৃত্যু হইয়া থাকে সত্যাচার্য্য এইরূপ বলিয়াছেন। ৯

লগ্নান্তর্দ্দশারিষ্টমাহ। বিলগ্নেতি। স্পষ্টার্থং। ৯

### অথদশান্তর্দ্দশয়োরপবাদঃ।

প্রবেশে বলবান্ খেটঃ শুভৈর্ব্বা সংনিরীক্ষিতঃ।
সৌম্যাধিমিত্রবর্গস্থোমৃত্যবে ন ভবেত্তদা॥ ১০

দশাদির রিষ্টভঙ্গ কথিত হইতেছে—দশা কি অন্তর্দ্দশা প্রবেশ সময়ে দশাপতি কি অন্তর্দ্দশা পতিগ্রহ বলবান্ কি শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট কিম্বা অধিমিত্রাদি শুভগ্রহের বর্গাদিস্থিত হইলে সেই দশাতে মানবের মৃত্যুতুল্য পীড়াদি হইয়া থাকে। ১০

দশান্তর্দ্দশারিষ্টমাহ। প্রবেশ ইতি। দশাপ্রবেশকালে অন্তর্দ্দশা প্রবেশকালে বা দশাপতিরন্তর্দ্দশাপতির্ব্বা বলবান্ স্যাৎ শুভদৃষ্টো বা স্যাৎ শুভবর্গেঽধিমিত্রবর্গে বা স্থিতঃ স্যাত্তদা মৃত্যুরেব ন ভবেৎ কিন্তু সংশয় এব স্যাদিত্যর্থঃ। তথা পাকস্বামিনি লগ্নগইত্যাদিনা যদুক্তং তস্মিন্ যোগে সতি মৃত্যুর্ন ভবেদিত্যর্থঃ। তথা চ শ্রীপতিঃ। দশাপতিলগ্নগতোযদি স্যাৎ ত্রিষড়্দশৈকাদশগশ্চ লগ্নাদিতি। এতচ্চ সাবনমানেনৈব দশান্তর্দ্দশাদিকং কার্য্যং তচ্চাতীব গুপ্তং সাবনশোধনং ময়া সুবুদ্ধ্যা স্ফুটীক্রিয়তে। খখাভ্রনাগাষ্টকরৈঃ ২৮৮০০০ গ্রহায়ুর্গুণ্যং নাগাভ্রাঙ্কিকরাঙ্কনেত্রৈঃ ২৯২২০৭ বিভজ্য বর্ষাদিকলব্ধমেতজ্জ্ঞেয়ং বুধৈঃ সাবনশুদ্ধমায়ুঃ। বর্ষং প্রতিদিনানি ৫।১০।২৯ মাসং প্রতিদণ্ড ২৬। দণ্ডং প্রতি বিপল ১২। এতৎসাবনশুদ্ধং বর্ষ-মাস-দিন-দণ্ডাত্মকমায়ুর্জ্জন্মকালীন কলিযুগবৎসরমাস-দিনদণ্ডপলেষু মিশ্রয়েৎ ততোবর্ষেষু তাবন্মাসেষু তাবদ্দিনেষু তাবদণ্ডেষু তাবৎপলেষু দশা প্রবেশঃ ততঃ এতস্যৈব বর্ষমাসাদেরহর্গণং কৃত্বা তাৎকালিকাঃ সর্ব্বে গ্রহাঃ কার্য্যাঃ। লগ্নং ষড়্বর্গাদিকঞ্চ কার্য্যং ততোবিচার্য্য দশান্তর্দ্দশাদিষু শুভাশুভং বদেদেবং এতেষু বর্ষাদিষু সাবনশুদ্ধমন্যদশান্তর্দ্দশাদিকং মিশ্রয়িত্বান্তদশাপ্রবেশকালং জ্ঞাত্বা শুভাশুভং বদেৎ। অত্র চ জন্মকোষ্ঠ্যাং প্রবেশে গ্রহপ্রবেশে সঞ্চারকালে খেটো যদি বলবান্ ইতি সৌভরেরুন্মাদপ্রলপিতম্। ১০

## অথরিষ্টপ্রতীকারঃ।

গোচরে বা বিলগ্নে বা যে গ্রহারিষ্টসূচকাঃ।
পূজয়েত্তান্ প্রযত্নেন পূজিতাঃ স্যুঃ শুভাবহাঃ॥ ১১

অধুনা রিষ্টপ্রতীকার কথিত হইতেছে—মানবের গোচরে কিম্বা লগ্নে যদি কোন গ্রহ রিষ্টপ্রদ হয়, তাহা হইলে যত্নপূর্ব্বক সেই সকল গ্রহের অর্চ্চনা করিবে। কারণ গ্রহগণ অর্চ্চিত হইলেই শুভফল প্রদান করিয়া থাকেন। ১১

রিষ্ট প্রতীকারমাহ। গোচরইতি। অষ্টবর্গাদ্যুক্তো গোচরোলগ্নসম্বন্ধিযোগজরিষ্টমনিয়তং দশান্তর্দ্দশারিষ্টঞ্চ গোচরযোগদশান্তর্দ্দশায়াং বা যে গ্রহারিষ্টকারিণঃ তান্ গ্রহান্ পূজয়েৎ প্রয়োগানুসারেণ পূজাহোমাদিকং কার্য্যং। ততস্তে পূজয়া হোমেন চ তুষ্টাঃ শুভাবহাঃ স্যুঃ। এতেন পরমায়ুর্দ্দশান্তর্দ্দশাদিফলং উক্তং। অত্র যদি চন্দ্রোবলবান্ তদা নাক্ষত্রিকদশাফলসম্পাদিনী স্যাৎ। ততোনাক্ষত্রিকীদশাপঞ্চভিশ্লোকৈ্যাভির্ম্ময়োচ্যতে। অষ্টাবিংশতিভির্বৈস্ত্রিভিশ্চতুর্ভিশ্চ কৃত্তিকাক্রমতঃ। রবিশশিকুজবুধশনয়োজীবতমোভার্গবদশাপতয়ঃ। রস ৬ তিথি ১৫ বসু ৮ মিত্র ১৭ কাষ্ঠা ১০ ঊনবিংশতিঃ ১৯ সূর্য্য ১২, একবিংশতিবর্ষাণি ২১। অনুপাতৈর্জ্জন্মদশা কার্য্যা নক্ষত্রভোগেন। অন্তর্দ্দশাংশবর্ষৈর্দশেষবর্ষাণি গুণয়িত্বা নবভির্লব্ধং তৎস্যান্মাসাদ্যন্তর্দ্দশাকালঃ। অন্তর্দ্দশাদিনেভ্যঃ ষষ্ট্যা লব্ধং যথাক্রমং ভবতি। প্রত্যন্তরং শ্রুতিগজেন্দ্রিয়নবরসদিঙ্মুনীশ্বরৈর্গুণিতং। দশান্তর্দ্দশাফলমুক্তমেব জাতকচন্দ্রিকাদৌ। রাহুদশাফলন্তু লিখ্যতে। রাহুদশা কষ্টফলা তত্র জসিতৌ শুভৌ পরেঽনিষ্টাঃ। শুক্রদশায়াং রাহুঃ শুভদোঽনিষ্টপ্রদোঽন্যাসু। ১১

# অথগ্রহদোষে দ্রব্যধারণবিধিঃ।

সূর্য্যাদিদোষশান্ত্যৈ ধার্য্যাণি ভুজেন তাম্রশঙ্খৌ চ।
বিদ্রুমকাঞ্চনমুক্তারজতত্রপুলৌহরাজপট্টানি॥ ১

গ্রহদোষশান্ত্যর্থ দ্রব্যধারণ কথিত হইতেছে—রবি বিরুদ্ধ হইলে তাম্র ধারণ করিতে হয়, এইরূপ চন্দ্র বিরুদ্ধ হইলে শঙ্খ, মঙ্গলে প্রবাল, বুধে কাঞ্চন, বৃহস্পতিতে মুক্তা, শুক্রে রজত, শনিতে সীসক, রাহুতে লৌহ এবং কেতু বিরুদ্ধ হইলে রাজপট্ট ধারণ করিতে হয়। ১

ধার্য্যধাতূনাহ। তাম্রং শঙ্খং প্রবালং কাঞ্চনং মুক্তা রজতং ত্রপু সীসকং লৌহং রাজপট্টং রায়িয়াটি প্রস্তরপ্রসিদ্ধং ১।

অন্যচ্চ

মাণিক্যং বিগুণে সূর্য্যে বৈদুর্য্যং শশলাঞ্ছনে।
প্রবালং ভূমিপুত্রে চ পদ্মরাগং শশাঙ্কজে।
গুরৌ মুক্তাং ভৃগৌ বজ্রমিন্দ্রনীলং শনৈশ্চরে।
রাহৌ গোমেধকং ধার্য্যং কেতৌ মরকতন্তথা॥ ২

বচনান্তরে উক্ত হইয়াছে যে,—রবি বিরুদ্ধ হইলে মাণিক্য,ধারণ করিবে। এইরূপ চন্দ্রে বৈদুর্য্যমণি, মঙ্গলে প্রবাল, বুধে পদ্মরাগ, বৃহস্পতির মুক্তা, শুক্রের হীরক,শনির ইন্দ্রনীল, রাহুর গোমেধক এবং কেতু বিরুদ্ধ হইলে মরকতমণি ধারণ করিতে হইবে। ২

যথাশক্তিধার্য্যরত্নান্যাহ। বৈদুর্য্যমিতি। গুরাবিতি। নীলং ইন্দ্রনীলং বজ্রং হীরকং। ২

অপরঞ্চ

সূর্য্যে তাম্রং বিধৌ শঙ্খং প্রবালং ভূমিনন্দনে।
বুধে চ কাঞ্চনং দেয়ং গুরৌ মুক্তাং বিদুর্ব্বুধাঃ।
রজতং ভৃগুপুত্রে চ সূর্য্যসূনৌ ত্রপুস্তথা।
রাহৌ লৌহং রাজপট্টং কেতৌ স্যাদ্ধারণীয়কম্॥ ৩

ইতি জাতকচন্দ্রিকায়াং।

জাতকচন্দ্রিকাতেও গ্রহদোষশান্ত্যর্থ দ্রব্যধারণ কথিত হইয়াছে যে—রবি বিরুদ্ধ হইলে তাম্রধারণ করিতে হয়, এইরূপ চন্দ্রে শঙ্খ, মঙ্গলে প্রবাল, বুধে কাঞ্চন, বৃহস্পতির মুক্তা শুক্রের রজত, শনির সীসক, রাহুর লৌহ এবং কেতু বিরুদ্ধ হইলে রাজপট্ট (কৃষ্ণবর্ণ প্রস্তর বিশেষ) ধারণ করিতে হইবে। ৩

প্রকারান্তরঞ্চ

দোষো ন স্যাদ্ গ্রহাণামশিশিরকিরণে তাম্রমিন্দৌ চ শঙ্খং
পৃথ্বীপুত্রে প্রবালং শশধরতনয়ে শাতকুম্ভং ভুজেন।
দেবাচার্য্যে চ মুক্তাং মণিরসুরগুরৌ সীসকঃ সূর্য্যসূনৌ
রাহৌ সারং গিরীণাং কমলজতনয়ে রাজপট্টং বিভর্ত্তুঃ॥ ৪

ইতি রাজমার্ত্তণ্ডে।

রাজমার্ত্তণ্ডেও তাম্রাদি ধারণের প্রমাণ কথিত হইয়াছে যথা—যে মনুষ্যের রবিগ্রহ বিরুদ্ধ হইবে, তিনি তাম্রধারণ করিলে দোষ শান্তি হয়। এইরূপ চন্দ্র বিরুদ্ধে শঙ্খ ধারণ, মঙ্গলে প্রবাল, বুধে সুবর্ণ, বৃহস্পতির মুক্তা, শুক্রের মণি, শনির সীসক, রাহুর লৌহ এবং রাজপট্ট ধারণ করিলে কেতুর দোষশান্তি হইয়া থাকে। ৪

যদ্‌যদ্‌গ্রহস্য যদ্‌দ্রব্যং তত্তস্মিন্ বিষমে স্থিতে।
দদ্যাৎ সৎকৃত্য বিপ্রেভ্যঃ স্বয়ঞ্চ বিভৃয়াত্ততঃ॥ ৫

যে গ্রহ বিরুদ্ধ হইলে যে দ্রব্য ধারণের কথা উক্ত হইয়াছে, সেই সেই দ্রব্য গ্রহদোষ শান্ত্যর্থ অভিলাষপূর্ব্বক ব্রাহ্মণকে দান করিয়া পশ্চাৎ ধারণ করিতে হইবে। ৫

অথগ্রহদোষে মূলাদিধারণবিধিঃ।

মূলং ধার্য্যং ত্রিশূল্যাঃ সবিতরি বিগুণে ক্ষীরিকামূলমিন্দৌ
জিহ্বাহের্ভূমিপুত্রে রজনিকরসুতে বৃদ্ধদারস্য মূলং।
ভার্গ্যা জীবেঽথ শুক্রে ভবতি শুভকরং সিংহপুচ্ছস্য মূলং
বাট্যালং চার্কপুত্রে তমসি মলয়জং কেতুদোষেঽশ্বগন্ধম্॥ ৬

গ্রহদোষ শান্তির নিমিত্ত মূলাদিধারণ কথিত হইতেছে—রবি বিরুদ্ধ হইলে বিল্বমূল ধারণ করিবে, এইরূপ চন্দ্র বিরুদ্ধে ক্ষীরিকামূল, মঙ্গলে নাগাজিহ্বালতার মূল, বুধে বৃদ্ধদারুক (বীরতাড়ক) মূল, বৃহস্পতির ব্রাহ্মণযষ্টি (বামনহাটি) মূল, শুক্রের সিংহপুচ্ছ (রামবাসক) মূল, শনির বাট্যাল (শ্বেতবেড়েলা) মূল, রাহুর শ্বেতচন্দন এবং কেতু বিরুদ্ধ হইলে দোষশান্তির জন্য অশ্বগন্ধার মূল ধারণ করিতে হইবে। ৬

গ্রহদোষশান্ত্যর্থং ভুজধার্য্যবস্তূন্যাহ। মূলমিতি। ত্রিশূলী বিল্ব ক্ষীরিকা প্রসিদ্ধোবৃক্ষঃ অহিজিহ্বা নাগজিহ্বেতি বৃদ্ধদারঃ প্রসিদ্ধলতা তন্মূলমিত্যর্থঃ ভার্গী ব্রাহ্মণযষ্টিকা সিংহপুচ্ছোরামবাসক ইতি প্রসিদ্ধঃ মলয়জং চন্দনং অশ্বগন্ধং অশ্বগন্ধামূলমিত্যর্থঃ। ৬

অন্যচ্চ

ত্রিশূলীং ক্ষীরিকামূলং গোজিহ্বাং বৃদ্ধদারকং।
ব্রহ্মযষ্টীং সিংহপুচ্ছং বাট্যালং চন্দনং সিতং।
অশ্বগন্ধং ক্রমাৎ সূর্য্যাদ্দদ্যাদ্দোষোপশান্তয়ে।
তাম্রাদীনামভাবে তু স্বয়ঞ্চ দক্ষিণে ভুজে॥ ৭

ইতি বুদ্ধিপ্রকাশে।

বুদ্ধিপ্রকাশে উক্ত হইয়াছে যে—গ্রহগণ বিরুদ্ধ হইলে যে ব্যক্তি তাম্রাদি ধারণ করিতে অশক্ত হইবেন, তিনি রবিগ্রহ বিরুদ্ধ হইলে বিল্বমূল দক্ষিণ বাহুতে ধারণ করিবেন। এইরূপ চন্দ্র বিরুদ্ধ হইলে ক্ষীরিকামূল, মঙ্গলে অনন্তমূল (নাগফেণী) বুধে বীরতাড়কমূল, বৃহস্পতির শ্বেত-ব্রহ্মযষ্টিরমূল, শুক্রের রামবাসকের মূল, শনির শ্বেত বেড়েলা (বাড়িকলি) মূল, রাহুর শ্বেতচন্দন এবং কেতু বিরুদ্ধ হইলে দক্ষিণবাহুতে অশ্বগন্ধার মূল ধারণ করিবেন। ৭

## অথগ্রহদোষে স্নানবিধিঃ।

সিদ্ধার্থলোধ্ররজনীদ্বয়মুস্তধান্যং লামজ্জলং সফলিনী সবচা চ মাংসী।
স্নানংকুরু গ্রহগণপ্রশমায় নিত্যং সর্ব্বে রবিপ্রভৃতয়ঃ সুমুখী ভবন্তি॥৮

গ্রহগণ বিরুদ্ধ হইলে দোষশান্তির জন্য স্নান কথিত হইতেছে—শ্বেতসর্ষপ, হরিদ্রা, দারুহরিদ্রা, মথা, ধন্যাক, বীরণমূল, প্রিয়ঙ্গু, বচ ও জটামাংসী এইসকল দ্রব্যমিশ্রিত জলদ্বারা স্নান করিলে বিরুদ্ধগ্রহগণ সন্তুষ্ট হইয়া থাকেন। ৮

ঔষধিস্নানং যদুক্তং তদাহ। সিদ্ধার্থেতি। সিদ্ধার্থঃ শ্বেতসর্ষপঃ রজনীদ্বয়ং হরিদ্রা দারুহরিদ্রা চ ধান্যং ধন্যাকং লামজ্জকমুশীরং বীরণমূলং তথা চামরঃ। অস্যোশীরমস্ত্রিয়াং। লামজ্জকং লঘুলয়মবদাহেষ্টকাপথে ইতি। প্রিয়ঙ্গুঃ ফলিনী মাংসী জটামাংসীত্যর্থঃ। এভির্দ্রব্যৈর্ভিগ্রহগণপ্রশমায় গ্রহদোষোপশমনায় শুভং বাঞ্ছন্ স্নানং কুরু তদা সর্ব্বেগ্রহাবিমুখা অপি সুমুখী ভবন্তি প্রসন্নমুখাঃ প্রীতাভবন্তীত্যর্থঃ। ৮

ইতি জ্যোতিষতত্ত্ববারিধৌ নববধ্বাগমনাদিজাতকান্তস্তৃতীয়স্তরঙ্গঃ।

---

# অথজাতকর্ম্ম।

প্রাঙ নাভিবর্দ্ধনাৎ * পুংসোজাতকর্ম্ম বিধীয়তে।
মন্ত্রবৎ প্রাশনঞ্চাস্য হিরণ্যমধুসর্পিষাম্॥ ১

ইতি মনুঃ।

* নাভিবর্দ্ধনান্নাভিসম্বন্ধিনাড়ীচ্ছেদনাৎ বর্দ্ধনং ছেদনেঽথদে ইত্যমরঃ।

জাতকর্ম্ম কথিত হইতেছে—ভগবান্ মনু কহিয়াছেন, বালকের নাড়ীচ্ছেদন করিবার পূর্ব্বে জাতকর্ম্ম করিতে হয়। মন্ত্রপাঠপূর্ব্বক সুবর্ণযুক্ত ঘৃত ও মধু বালকের মুখে অর্পণ করিবার নাম জাতকর্ম্ম। ১

জন্মনোঽনন্তরং কার্য্যং জাতকর্ম্ম যথাবিধি। *
দৈবাদতীতঃ কালশ্চেদতীতে সূতকোভবেৎ॥ ২

ইতি জ্যোতিস্তত্ত্বে।

বচনান্তরেও লিখিত আছে যে—বালক জন্মগ্রহণ করিলেই নাড়ীচ্ছেদের পূর্ব্বে যথাবিধি জাতকর্ম্ম করিবে। দৈবাৎ যদি জাতকর্ম্মের পূর্ব্বেই নাড়ীচ্ছেদ হইয়া থাকে তাহা হইলে অশৌচ হইবে। কালান্তরে ভিন্ন উক্ত শিশুর জাতকর্ম্ম করিতে পারিবে না। ২

মৃদুধ্রুবচরক্ষিপ্রভেষেষামুদয়েঽপি বা।
গুরৌ শুক্রেঽথ বা কেন্দ্রে জাতকর্ম্ম চ নাম চ॥ † ৩

ইতি জ্যোতিস্তত্ত্বে।

জ্যোতিস্তত্ত্বধৃতবচনে উক্ত হইয়াছে—চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, স্বাতী, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা শতভিষা, পুষ্যা, অশ্বিনী, ও হস্তানক্ষত্রে অথবা ঐ সকল নক্ষত্রের মুহূর্ত্তে বৃহস্পতি কি শুক্র কেন্দ্রস্থিত হইলে জাতকর্ম্ম ও নামকরণ প্রশস্ত হয়। ৩

## অথনামকরণম্।

ধ্রুবচরমৃদুবর্গে বাজিহস্তাসমেতে
ক্ষণমুদয়মথৈষাং সৎসু কেন্দ্রস্থিতেষু।
দিগবিশিবশতাহে তৎকুলাচারতো বা
শুভদিনতিথিযোগে নাম কুর্য্যাৎ প্রশস্তম্॥ ১

ইদানীং নামকরণ কথিত হইতেছে,—উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ রোহিণী, স্বাতী, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, অশ্বিনী, ও হস্তানক্ষত্রে অথবা এই সমুদয় নক্ষত্রের অসম্ভব হইলে

* সূতিকাবাসনিলয়া জন্মদানামদেবতাঃ। তাসাংযাগনিমিত্তার্থং শুদ্ধির্জন্মনি কীর্ত্তিতাঃ॥ ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে। অত্র যাগনিমিত্তার্থমিত্যুপাদানাৎ তৎকর্ম্মণ্যেব শুদ্ধির্নান্যস্মিন্।

† ইতি জ্যোতিঃশাস্ত্রোক্তং দৈবাৎ কালোৎকর্ষে বেদিতব্যং। অনুৎকর্ষেঽপি নক্ষত্রাদিনিয়মো ন নৈমিত্তিকস্য নিমিত্তানন্তভাবিত্বেন নিরবকাশত্বাৎ। ইতি জ্যোতিস্তত্ত্বে স্মার্ত্তেনাভিহিতম্।

ইহাদের মুহূর্ত্তে লগ্ন স্থির করিয়া তাহার কেন্দ্রস্থানে শুভগ্রহ থাকিলে দশম, দ্বাদশ, একাদশ কি শতদিবসে কিম্বা কুলাচারহেতুক ষষ্ঠমাসাদিতে শুভদিন শুভতিথি ও শুভযোগে শিশুর নামকরণ প্রশস্ত হয়। ১।

নামকরণমাহ। ধ্রুবেতি। ধ্রুববর্গে ১২।২১।২৬।৪। মৃদুবর্গে ১৪।১৭।৫।২৭। চরবর্গে। ১৫।৭।২২।২৩।২৪। অশ্বিন্যাং হস্তায়াঞ্চ অথ পক্ষান্তরে এষামভাবে এষাং ক্ষণং মুহূর্ত্তং উদয়ং লগ্নং ব্যাপ্যকালকর্ম্মণি দ্বিতীয়া এষাং মুহূর্ত্তে লগ্নং কৃত্বেত্যর্থঃ। লগ্নাৎ কেন্দ্রেষু শুভগ্রহেষু সৎসু দিগহে দশাহে অবিশেষঃ মেষাদ্যা রাশয়োদ্বাদশেতি কেচিৎ। বস্তুতস্তু অবিঃ সূর্য্যঃ অবয়ঃ শৈলমেষার্কা ইত্যমরঃ। দ্বাদশেতি দ্বাদশাহে শিবাহে একাদশাহে শতপূরণেদিনে তৎকুলাচারতঃ ষষ্ঠমাসাদৌ বা নাম কুর্য্যাৎ। অত্র চ দশাহ ইতি বিধিবৈয়র্থ্যবশাদশৌচেঽপি কর্ত্তব্যং। কশ্চিত্তু দশাহে গতে একাদশাহে ইতি ব্যাচষ্টে তদশুদ্ধং। যথা রাজমার্ত্তণ্ডে। "দশমে দ্বাদশকে বা শুভবারেঽথ বা যথাচারং"। তথা পারস্করঃ। "দশম্যামুত্থাপ্য ব্রাহ্মণান্ ভোজয়িত্বা পিতা নাম করোতি।" অত্র চানেকমুনিবচনে গতইত্যধ্যাহারো ন যুজ্যতে দশমইত্যাদৌ পূরণপ্রত্যয়েবৈয়র্থ্যাচ্চ, দিগহে গতইতিবদ্দশাহে গত ইত্যধ্যাহারেণ ত্রয়োদশাহেঽপি করণপ্রসঙ্গাৎ শাস্ত্রলোকয়োর্বিরুদ্ধতা চ স্যাৎ ইতি। অত্র প্রশস্তমিত্যনেন দেবতানামাশ্রিত্য মঙ্গলং সমাক্ষরং সুখোচ্চার্য্যং ঘোষবদক্ষরান্তঞ্চ নাম কার্য্যং। যথা পারস্করঃ। দ্ব্যক্ষরং চতুরক্ষরং বা ঘোষবদক্ষরান্তং নাম কুর্য্যাৎ। ওজাক্ষরং মকঠোরান্তং নামস্ত্রিয়ৈ হিতমিতি তথা রাজমার্ত্তণ্ডে। "নার্থহীনং ন বাশস্তং নাপশব্দযুতং তথা। নামমঙ্গল্যং জুগুপ্সাং বা নাম কুর্য্যাৎ সমাক্ষরং। নাতিদীর্ঘং ন হ্রস্বং বা নাতিগুর্ব্বক্ষরান্বিতং। সুখোচ্চার্য্যঞ্চ তন্নাম কুর্য্যাৎ প্রণতাক্ষরং। বীভৎসচণ্ডনাম্নী চ কীর্ত্তিতানিষ্টদাঙ্গনা"। ১

আদৌ ঘোষবদক্ষরঃ যবরলান্ মধ্যে পুনঃ স্থাপয়েৎ
অন্তে দীর্ঘবিসর্জ্জনীয়রহিতং নাম প্রযত্নাৎ কৃতং।
ঋক্ষে তির্য্যকরাশ্বিসৌম্যবসুভে চিত্রানুরাধোত্তরে
পৌষ্ণে চাদিতিরোহিণীষু শুভকৃৎ পুংসাং সমৈরক্ষরৈঃ॥ ২

ইতিগর্গঃ।

গর্গ বলিয়াছেন,—নামের আদিতে ঘোষবত্বর্ণ, মধ্যে যবরল এবং অন্তে দীর্ঘবর্ণ ও বিসর্জ্জনীয় বর্ণভিন্ন অক্ষর যোজনা করিয়া নাম রাখিবে। পুষ্যা, হস্তা অশ্বিনী, মৃগশিরা, ধনিষ্ঠা, চিত্রা, অনুরাধা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রেবতী, পুনর্ব্বসু ও রোহিণী এই সকল নক্ষত্র নামকরণে শুভপ্রদ। পুরুষের নাম সম (যুগ্ম) অক্ষর যুক্ত রাখিতে হয়। ২।

নামকরণং স্থিরে লগ্নে কেন্দ্রপঞ্চনবমস্থিতে সৌম্যে।
ত্র্যায়ষষ্ঠসমধিষ্ঠিতপাপে জীবশুক্রশশিসৌম্যদিনেষু॥ ৩

ইতি নারদপদ্ধতৌ।

নারায়ণপদ্ধতিতে লিখিত আছে যে—স্থিরলগ্নে, লগ্নের কেন্দ্রস্থানে, পঞ্চমে ও নবমে শুভগ্রহ অবস্থিত হইলে তৃতীয়, একাদশ ও ষষ্ঠস্থানে পাপগ্রহ থাকিলে বৃহস্পতি, শুক্র, সোম ও বুধবারে নামকরণ প্রশস্ত। ৩।

উত্তরাত্রয়রোহিণ্যো শ্রবণা স্বাতী চাশ্বিনী।
অনুরাধা মৃগশিরোরেবতী চ পুনর্ব্বসুঃ।
ধনিষ্ঠা শুভদা লগ্নং যস্য কেন্দ্রে শুভগ্রহাঃ।
শশীজ্যসৌম্যশুক্রাহে নাম কুর্য্যাচ্ছুভে তিথৌ ॥ ৪

ইতিজ্যোতিঃসাগরে।

উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, শ্রবণা, স্বাতী, অশ্বিনী, অনুরাধা, মৃগশিরা, রেবতী, পুনর্ব্বসু ও ধনিষ্ঠানক্ষত্রে, লগ্নের কেন্দ্রস্থানে শুভগ্রহ থাকিলে সোম, বৃহস্পতি, বুধ ও শুক্রবারে শুভতিথিতে নামকরণ করিবে। ৪

শর্ম্মান্তং ব্রাহ্মণস্যোক্তং বর্ম্মান্তং ক্ষত্রিয়স্য চ।
গুপ্তদাসাত্মকং নাম প্রশস্তং বৈশ্যশূদ্রয়োঃ॥ ৫

নামকরণকালে ব্রাহ্মণের নামের অন্তে শর্ম্মাপদ প্রয়োগ করিবে, এইরূপ ক্ষত্রিয়ের বর্ম্মা, বৈশ্যের গুপ্ত এবং শূদ্রের নামের অন্তে দাস পদপ্রয়োগ করিতে হইবে। ৫।

## অথনিষ্ক্রামণম্।

আর্দ্রাধোমুখবর্জ্জিতানুপহতেষ্বৃক্ষেষরিক্তে তিথৌ
বারে ভৌমশনীতরে ঘটতুলাকন্যামৃগেন্দ্রোদয়ে।
সদ্দৃষ্টেহথ চতুর্থমাসি যদি বা মাসে তৃতীয়ে শশি
ন্যক্ষীণে শুভদে শিশোরভিনবং নিষ্ক্রামণং কারয়েৎ॥ ৬

এক্ষণে নিষ্ক্রামণ কথিত হইতেছে,—আর্দ্রা, অশ্লেষা, কৃত্তিকা, ভরণী, মঘা, বিশাখা, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ ও শতভিষা এই সকল নক্ষত্রভিন্ন নক্ষত্রে ঔৎপাতিক কি পাপগ্রহগণের পীড়াদান করার অধিকার না থাকিলে, রিক্তাভিন্ন তিথিতে, মঙ্গল ও শনি ভিন্নবারে কুম্ভ, তুলা, কন্যা ও সিংহলগ্নে (শুভগ্রহের দৃষ্টি থাকিলে) চতুর্থমাসে কি তৃতীয়মাসে ক্ষীণচন্দ্র ভিন্নে এবং চন্দ্র গোচরে শুভ হইলে অভিনব শিশুর গৃহ হইতে প্রথম নিষ্ক্রামণ করাইবে। ৬

নিষ্ক্রামণমাহ। আর্দ্রেতি। আর্দ্রা অধোমুখগণঃ * ৯।৩।২।১০।১৬।১১।২০।২৫।২৪ এভির্ব্বর্জ্জিতেষ্বন্যেষুনক্ষত্রেষ্বনুপহতেষু উৎপাতপাপগ্রহাদ্যপীড়িতেষু রিক্তাবর্জ্জিতেষু তিথিষু মঙ্গল

---

* অধোমুখভানি। অশ্লেষবহ্নিযমপিত্রাবিশাখযুক্তং পূর্ব্বাত্রয়ং শতভিষা চ নবাপুড়ূনি এতান্যধোমুখগণানি শিবানি নিত্যং বিদ্যার্থভূমিখননেষু চ বিভূষিতানি॥ চতুর্থে মাসীতি

শনিব্যতিরিক্তেষু বারেষু কুম্ভতুলাকন্যাসিংহলগ্নে শুভগ্রহদৃষ্টে তৃতীয়ে চতুর্থে বা মাসি * চন্দ্রেঽক্ষীণে গোচরশুভদেঽপি শিশোর্গৃহাৎ প্রথমং নিষ্ক্রামণং কারয়েৎ ॥৬

## অথতাম্বুলপ্রাশনম্।

বিগতবরুণনাথাধোমুখার্দ্রান্যভেষু
ত্রিভবরিপুগপাপৈঃ কেন্দ্রকোণস্থসৌম্যৈঃ।
বিকুজরবিজবারে সার্দ্ধমাসদ্বয়ে স্যাৎ
বৃষঝষবুধসৌরর্ক্ষোদয়ে পূগদানম্ ॥ ৭

তাম্বুলদান কথিত হইতেছে—অশ্লেষা, কৃত্তিকা, ভরণী, মঘা, বিশাখা, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া; পূর্ব্বভাদ্রপদ ও আর্দ্রাভিন্ন নক্ষত্রে লগ্নের তৃতীয়, একাদশ ও ষষ্ঠস্থানে পাপগ্রহ এবং কেন্দ্র ও ত্রিকোণস্থানে শুভগ্রহ অবস্থিতি করিলে, মঙ্গল ও শনিভিন্ন বারে জন্মদিন হইতে আড়াইমাস মধ্যে বৃষ, মীন, মিথুন, কন্যা, মকর ও কুম্ভলগ্নে তাম্বুলদান প্রশস্ত হয়। ৭।

তাম্বুলদানমাহ। বিগতেতি। বিগতবরুণনাথোযত্রাধোমুখে নক্ষত্রগণে।৯।৩।২।১০। ১৬।১১।২০।২৫ অর্দ্রা চ তদন্যেষু ভেষু বর্জ্জনদ্বয়েন শতভিষায়াগ্রহণং। তথা চ রাজমার্ত্তণ্ডে। মূলাস্বাতিধনেন্দুমিত্রবরুণজ্যেষ্ঠাশ্বিনীরোহিণীপৌষ্ণর্ক্ষে রবিজীবশুক্ররজনীনাথাত্মজানাং দিনে। কন্যামীননৃযুগ্মগোসমুদয়ে শস্তেষু চন্দ্রাদিষু প্রাক্ পূগাশনমিষ্যতে শিশুজনস্যান্নাশনং বাপি চ। তথা। মুলাদিতিশ্রবণপুষ্যাকরোত্তরেষু পৌষ্ণাশ্বিচিত্ররজনীকরশক্রভেষু। বারেষু জীবশশিসূর্য্যসিতেন্দুজানাং তাম্বুলভক্ষণবিধিঃ কথিতঃ শিশূনাং সৌভরিণা তু অন্তভেষ্বিতি পাঠং কৃত্বা অশুদ্ধমেব ব্যাখ্যাতং। লগ্নাত্তৃতীয়ৈকাদশষষ্ঠগৈঃ পাপৈঃ কেন্দ্রত্রিকোণগৈঃ শুভৈঃ কুজশনিবর্জ্জিতেষু বারেষু সার্দ্ধমাসদ্বয়ে বৃষমীনকন্যামিথুনমকরকুম্ভলগ্নে তাম্বুলদানং প্রশস্তং স্যাৎ ॥ ৭

## অথভূম্যুপবেশনম্।

ব্রহ্মোত্তরেন্দ্রমৃগমৈত্রকরাশ্বিনীষু
বারেষু সপ্তসু বিশিষ্য কুজস্য বারে।
মাসেঽথ পঞ্চম ইহ প্রতিমুচ্য রিক্তাং
শস্তং শিশোর্ভবতি ভূম্যুপবেশনং প্রাক্ ॥ ৮

---

ঋগ্বেদিযজুর্ব্বেদিনোঃ। যদাহ বিষ্ণুঃ। চতুর্থমাস্যাদিত্যদর্শনমিতি। শৌনকোঽপি চতুর্থে মাসি পুণ্যর্ক্ষে শুক্লে নিষ্ক্রামণং শিশোঃ। পারস্করঃ। চতুর্থেমাসি নিষ্ক্রামণিকা সূর্য্যমুদীক্ষয়তি তচ্চক্ষুরিতীতি। মাসে তৃতীয়ে ইতি তু ছন্দোগানাং গোভিলেন জননানন্তরং তৃতীয়শুক্লপক্ষতৃতীয়ায়াং চন্দ্রদর্শনরূপনিষ্ক্রামণবিধানাৎ যথা গোভিলঃ। জননাদ্যস্তৃতীয়োজ্যোৎস্নস্তৃতীয়ায়ামিত্যাদি। জ্যোৎস্নঃ শুক্লপক্ষঃ। অত্রৈব কৃত্যচিন্তামণিঃ। স্ব স্ববিধানতোঽর্কশশিনোরর্ঘ্যং দাপয়েৎ। ইতি জ্যোতিস্তত্ত্বে।

* চতুর্থে মাসি কর্ত্তব্যঃ শিশোর্নিষ্ক্রামণং গৃহাৎ। ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে। : বিষ্ণুধর্ম্মোত্তরে উক্ত হইয়াছে যে চতুর্থমাসে শিশুকে প্রথম নিষ্ক্রামণ করাইবে।

ভূমিতে বালকের প্রথম উপবেশন কথিত হইতেছে—রোহিণী, উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া; উত্তরভাদ্রপদ, জ্যেষ্ঠা, মৃগশিরা, অনুরাধা, হস্তা ও অশ্বিনীনক্ষত্রে রবি প্রভৃতি সপ্তবারে বিশেষতঃ মঙ্গলবারে, পঞ্চমমাসে রিক্তা ভিন্ন তিথিতে বালকের প্রথম ভূম্যুপবেশন প্রশস্ত। ৮

প্রথমং শিশোঃ পৃথিব্যামুপবেশনমাহ ব্রহ্মেতি স্পষ্টার্থং॥৮

## অথান্নপ্রাশনম্।

পূর্ব্বেশান্তকসর্পমূলরহিতেষ্বৃক্ষেষ্বরিক্তে তিথৌ
ষষ্ঠে মাসি সিতেন্দুজীবদিবসে গোজ্ঞর্ক্ষমীনোদয়ে।
কেন্দ্রাষ্টান্ত্যত্রিকোণভৈঃ শুভযুতৈস্তৈরেব পাপোজ্ঝিতৈঃ
হিত্বেন্দুং রিপুরন্ধ্রগং শিশুজনস্যান্নাশনং শোভনম্॥ ১

অধুনা শিশুদিগের অন্নপ্রাশন কথিত হইতেছে—পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, আর্দ্রা, ভরণী, অশ্লেষা ও মূলাভিন্ন নক্ষত্রে, রিক্তাভিন্ন তিথিতে, ষষ্ঠমাসে, শুক্র, সোম, বৃহস্পতি, রবি ও বুধবারে, বৃষ, মিথুন, কন্যা ও মীনলগ্নে; লগ্নের কেন্দ্রে, অষ্টমে, দ্বাদশে ও ত্রিকোণে শুভগ্রহ অবস্থিত হইলে এবং লগ্নের উক্ত সকলস্থানে পাপগ্রহ না থাকিলে লগ্ন হইতে ষষ্ঠ ও অষ্টমচন্দ্র ত্যাগ করিয়া শিশুকে অন্নাশন করাইবে। ১।

অন্নপ্রাশনমাহ। পূর্ব্ব ইতি। পূর্ব্বাত্রয়মার্দ্রা ভরণী অশ্লেষামূলা এতদ্ বর্জ্জিতেষন্যেষু নক্ষত্রেষু সিতেন্দুজীবদিবস ইত্যুপলক্ষণং রবিবুধবারেঽপি যথা রাজমার্ত্তণ্ডে। বারেষিন্দুজভার্গবেন্দুদিনকৃদ্ বাচস্পতীনাং শিশোরন্নপ্রাশনমঙ্গলানিমিথুনগোমীনোদয়ে শোভনং। তথ সারাবল্যাং। দীপ্তানলঃ কমলবন্ধুদিনে হিমগুর্ব্যোমন্দানলঃ শিশিরগৌ চ কুজেরুজার্ত্তঃ। বৌধে বলী বিপুলভোগসুখঃ সুরেজ্যে শুক্রেঽতি বিক্রমযুতস্ত্বসিতে গতায়ুঃ। ইত্যনেনা সোমবারে বিধিনিষেধয়োঃ শ্রবণাৎ চন্দ্রস্য পূর্ণক্ষীণত্বভেদেন ব্যবস্থাপনমিতি গৌর্ব্বৃষঃ জ্ঞর্ক্ষং বুধগৃহং ইতি মিথুনকন্যা মীনঞ্চ এতস্মিল্লগ্নে লগ্নাৎ কেন্দ্রাষ্টমদ্বাদশনবপঞ্চমরাশিভিঃ শুভগ্রহযুতৈঃ সদ্ভিস্তৈরেব কেন্দ্রাষ্টান্ত্যত্রিকোণভৈঃ পাপবর্জ্জিতৈঃ শিশোরন্নপ্রাশনং কার্য্যং। লগ্নাৎ ষষ্ঠাষ্টমগং চন্দ্রং বর্জ্জয়িত্বেত্যর্থঃ। এতচ্চ কৃষ্ণপক্ষে ন কর্ত্তব্যং। যথা রাজমার্ত্তণ্ডে। "ষষ্ঠে মাসি শুভে চন্দ্রে পক্ষে বাপ্যসিতেতরে। অন্নস্য প্রাশনং কুর্য্যাৎ হিতায় প্রথমং শিশোঃ"॥ ১

একাদশ্যাঞ্চ সপ্তম্যাং দ্বাদশ্যাং পঞ্চপর্ব্বসু।
বলমায়ুর্যশোহন্ত্যাচ্ছিশূনামন্নভক্ষণম্॥ ২

ইতিদীপিকায়াং।

দীপিকাতে উক্ত হইয়াছে যে, একাদশী, সপ্তমী, দ্বাদশী ও পঞ্চপর্ব্বে বালককে অন্নভক্ষণ করাইলে সেই শিশুর বল, আয়ু ও যশ বিনষ্ট হয়। ২।

**অষ্টমী পৌর্ণমাসী চ অমাবস্যা চতুর্দ্দশী।**

**পঞ্চপর্ব্ব বদন্ত্যার্য্যাস্তথা সংক্রমণং রবেঃ॥ ৩**

ইতি দীপিকায়াং।

অষ্টমী, পূর্ণিমা. অমাবস্যা, চতুর্দ্দশী ও রবিসংক্রমণকে পণ্ডিতগণ পঞ্চপর্ব্ব বলিয়াছেন। ৩।

**ততোঽন্নপ্রাশনং ষষ্ঠে * মাসি কার্য্যং যথাবিধি।**

**অষ্টমে বাথ কর্ত্তব্যং যদ্বেষ্টং মঙ্গলং কুলে॥ ৪**

ইতিজ্যোতিস্তত্ত্বে।

শিশুর অন্নপ্রাশন ষষ্ঠমাসে যথাবিধানে করাইবে, অষ্টমমাসেও হইতে পারে অথবা যাহাদের পূর্ব্বাপর যেরূপ কৌলিক প্রথা আছে, সেই কালেই অন্নপ্রাশন হইতে পারে, কিন্তু স্মার্ত্তভট্টাচার্য্য জ্যোতিস্তত্ত্বে ষষ্ঠমাসকে মুখ্যকাল বলিয়াছেন। বর্ত্তমান পণ্ডিতমণ্ডলীর মধ্যেও অনেকেরই এই মত, কেহ কেহ অষ্টমমাসকেও মুখ্যকাল বলিয়া থাকেন। ৪।

**অন্নস্য প্রাশনং কার্য্যং মাসি ষষ্ঠেঽষ্টমে বুধৈঃ।**

**স্ত্রীণান্তু পঞ্চমে মাসি সপ্তমে প্রজগৌ মুনিঃ॥ ৫**

ইতিকৃত্যচিন্তামণৌ।

কৃত্যচিন্তামণিতে লিখিত আছে যে—বালকের অন্নপ্রাশন ষষ্ঠ কি অষ্টমমাসে কর্ত্তব্য, আর কন্যার অন্নপ্রাশন পঞ্চম কি সপ্তমমাসে হইতে পারে; মুনিগণ এই রূপ বলিয়াছেন। ৫।

**দ্বাদশীসপ্তমীনন্দারিক্তাসু পঞ্চপর্ব্বসু।**

**বলমায়ুর্যশোহন্যাচ্ছিশূনামন্নভক্ষণাৎ॥ ৬**

ইতিজ্যোতিস্তত্ত্বে।

জ্যোতিস্তত্ত্বে উক্ত হইয়াছে যে, দ্বাদশী, সপ্তমী, প্রতিপদ, একাদশী, ষষ্ঠী, রিক্তাতিথি ও পঞ্চপর্ব্বে শিশুকে অন্নাশন করাইলে তাহার বল, আয়ু ও যশ বিনষ্ট হয়। ৬

অন্যচ্চ।

**ষষ্ঠে মাসি নিশাকরে শুভকরে রিক্তেতরে বা তিথৌ**

**সৌম্যাদিত্যসিতেন্দুজীবদিবসে পক্ষে চ কৃষ্ণেতরে।**

* ষষ্ঠ ইতি মুখ্যকল্পঃ অসমর্থস্য ক্ষেপাযোগাদিতি ন্যায়াৎ। ইতি জ্যোতিস্তত্ত্বে স্মার্ত্তেনাভিহিতং।

প্রাজেশাদিতিপৌষ্ণবৈষ্ণবযুগৈ * ইন্দ্বাদিষট্কোত্তরৈঃ
আগ্নেয়াপ্পতিপিত্র্যবৈশ্চ নিতরামন্নাদিভক্ষ্যং শুভম্॥ ৭

ইতিভুজবলভীমে।

ভুজবলভীমে কথিত হইয়াছে যে,—ষষ্ঠমাসে চন্দ্রশুদ্ধি থাকিলে রিক্তাভিন্ন তিথিতে বুধ; রবি, শুক্র, সোম ও বৃহস্পতিবারে শুক্লপক্ষে, রোহিণী, মৃগশিরা, পুনর্ব্বসু, পুষ্যা, রেবতী, অশ্বিনী, শ্রবণা, ধনিষ্ঠা, হস্তা, চিত্রা, স্বাতী, বিশাখা, অনুরাধা, জ্যেষ্ঠা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, কৃত্তিকা, শতভিষা ও মঘানক্ষত্রে শিশুর অন্নপ্রাশন শুভপ্রদ হইবে। অন্নপ্রাশনে বিদ্ধঋক্ষ (দশযোগভঙ্গ) দেখিতে হয়। ৭।

বৃষদ্বন্দ্বধনুর্মীনকন্যালগ্নেঽন্নভক্ষণং।
ত্রিকোণাষ্টকযুগ্মান্ত্যগ্রহাযদ্বত্তথা ফলম্॥ ৮ †

বৃষ, মিথুন, ধনু, মীন ও কন্যালগ্নে অন্নপ্রাশন বিধেয়, কিন্তু এই সকল লগ্ন মধ্যে যে যে লগ্নে অন্ন ভক্ষণ করাইবে তাহার নবম, পঞ্চম, অষ্টম, দ্বিতীয় ও দ্বাদশস্থানে গ্রহসকল যে রূপ অবস্থায় থাকেন তদ্রূপ ফল হয় অর্থাৎ শুভগ্রহ থাকিলে শুভফল প্রদান করেন; অশুভগ্রহ থাকিলে অশুভফল প্রদান করিয়া থাকেন। ৮।

দুষ্টঃ শশধরোলগ্নাৎ ষষ্ঠাষ্টমস্থোঽন্নভক্ষণে॥ ৯

ইতিজ্যোতিস্তত্ত্বে।

জ্যোতিস্তত্ত্বে লিখিত আছে যে,—অন্নপ্রাশনে লগ্ন হইতে ষষ্ঠ ও অষ্টমচন্দ্র দূষণীয় অতএব ষষ্ঠ ও অষ্টমচন্দ্র পরিত্যাগ করিতে হইবে। ৯।

ইত্যন্নপ্রাশনম্।

## অথচূড়াকরণম্।

চূড়ামাঘাদিষট্কে লঘুচরমৃদুভে মৈত্রহীনে স শক্রে
নানংশে সৎসু কেন্দ্রেষশুভগগনগৈর্ব্বৃদ্ধিগৈর্ব্বিষ্ণুবোধে।
নোরিক্তাদ্যষ্টষষ্ঠ্যান্ত্যতিথিষু ন যমারাহযুগ্মাব্দমাসে
নোজন্মর্ক্ষেন্দুমাসে বিধটকুজশশীনর্ক্ষলগ্নেঽর্কশুদ্ধৌ॥ ১

* যুগৈরিতি প্রাজেশাদৌ প্রত্যেকং সম্বধ্যতে। অত্রাপি তিথ্যাদিবিদ্ধমৃক্ষং বিবর্জ্জয়েৎ।

† যদ্বত্তথা ফলমিতি শুভযোগে শুভফলং পাপযোগেঽশুভ ফলমিত্যর্থঃ।

অনন্তর চূড়াকরণ কথিত হইতেছে যথা,—মাঘাদি ছয়মাসে অর্থাৎ মাঘ ফাল্গুন, চৈত্র, বৈশাখ, জ্যৈষ্ঠ ও আষাঢ় মাসে পুষ্যা, অশ্বিনী, হস্তা, স্বাতী, পুনর্ব্বসু, শ্রবণা, শতভিষা, চিত্রা, মৃগশিরা, রেবতী ও জ্যেষ্ঠানক্ষত্রে, গ্রহদিগের অনংশদিনে অর্থাৎ সংক্রমণ ভিন্ন দিনে কেন্দ্রস্থানে শুভগ্রহ এবং তৃতীয়, একাদশ ও ষষ্ঠস্থানে পাপগ্রহ অবস্থিত থাকিলে, হরিশয়ন ভিন্ন কালে রিক্তা, প্রতিপদ, অষ্টমী,ষষ্ঠী ও পূর্ণিমা ভিন্ন তিথিতে শুক্লপক্ষে শনি ও মঙ্গল ভিন্ন বারে যুগ্মবৎসরে যুগ্মমাসে, জন্মনক্ষত্র, জন্মচন্দ্র ও জন্মমাস ভিন্নে তুলা, মেষ, বৃশ্চিক, কর্কট ও সিংহ ভিন্ন লগ্নে রবি শুদ্ধ থাকিলে চূড়াকর্ম্ম করিবে। ১

চূড়াকরণমাহ। চূড়েতি। মাঘাদিষট্‌মাসেষু চূড়া কার্য্যা অত্র চ ষট সংখ্যাশ্রবণাচ্চৈত্রেঽপি চূড়াকার্য্যা চৈত্রনিষেধস্তু নিত্যক্ষৌর পরঃ তথাচ বক্ষ্যতে। নেষ্টোহরৌজ্যভবনোপগতোঽত্র সূর্য্যইতি। লঘুগণঃ ।৮।১।১৩ চরগণঃ ১৫।৭।২২।২৩।২৪ মৈত্রহীনে অনুরাধাবর্জ্জিতে মৃদুগণে:১৪।৫।২৭ সশক্রে জ্যেষ্ঠায়াঞ্চেত্যর্থঃ। নানংশে গ্রহৈর্নিরংশী কৃতে দিনে চূড়া কার্য্যা ইত্যর্থঃ। কেন্দ্রেষু শুভগ্রহেষু সৎসু গগনগৈর্গ্রহঃ অশুভগগনগৈরশুভগ্রহৈর্বৃদ্ধিগৈরুপচয়স্থৈঃ সদ্ভিঃ বিষ্ণুবোধে চ চূড়া কার্য্যেত্যর্থঃ। তথা চ রাজমার্ত্তণ্ডে। ক্ষৌরক্ষে‍র্ষু কুলোদ্ভবেন বিধিনা চূড়াবিধেয়া বুধৈর্লগ্নস্থে ভৃগুজে চতুষ্টয়গতে জীবেঽথ বা বোধনে। মন্দার্কাবনিনন্দনৈশ্চ শশিনা ক্ষীণেন যুক্তেষু চ লাভারাতিতৃতীয়ভেষু বিহিতে রাশ্যুদ্গমে সর্ব্বদা॥ ইতি সৌভরিণা তু অশুভৈর্গগনগৈর্দ্দশমস্থৈঃ বৃদ্ধিগৈরেকাদশস্থৈরিতি প্রলপিতং। বিষ্ণুবোধ ইত্যনেনাষাঢ়েঽপি হরিশয়নানন্তরং ন কর্ত্তব্যমিত্যর্থঃ। রিক্তাতিথৌ আদ্যে প্রতিপদি অষ্টম্যাং ষষ্ঠ্যাঞ্চাস্ত্যতিথৌ পৌর্ণমাস্যাঞ্চ ন চূড়া আমাবস্যায়াস্তু কৃষ্ণপক্ষে বিধানাভাবাদেবনিষেধঃ। তথা চ রাজমার্ত্তণ্ডে। "চন্দ্রে চ সপ্তোপচয়াদ্যসংস্থে তিথাবরিক্তেঽপি চ শুক্লপক্ষে। প্রচীমুখঃ সৌম্যমুখোঽপি ভূত্বা কুর্য্যান্নরঃ ক্ষৌরমনুৎকটস্থইতি।" ন যমারাহযুগ্মাব্দমাসি শনিমঙ্গলবারে ন চূড়া রবিবারেঽপি দোষঃ। তত্রাপি প্রতিকারানন্তরং কার্য্যামিতি। রাজমার্ত্তণ্ডে। "বাগীশশুক্রজ্ঞনিশাকরাণাং বারেপ্রশস্তং মুনয়োবদন্তি। ক্ষৌরং দিনে তীক্ষ্ণরুচেশ্চ চৈত্রমাসেঽথ বা সন্নিহিতেহুতাশে"॥ অথ যুগ্মাব্দে যুগ্মমাসে চ ন চূড়া অত্র ত্রিংশদ্দিনাত্মকমাসব্যবস্থায়াং যুগ্মবিচারঃ কার্য্যঃ। তথা জন্মাদৌ সাবনোমত ইতি। তথা জন্মনক্ষত্রে জন্মচন্দ্রে জন্মমাসে চ ন চূড়া কার্য্যা। বিধটকুজশশীনর্ক্ষ লগ্নে ধটস্তুলা কুজর্ক্ষং মেষবৃশ্চিকৌ। চন্দ্রর্ক্ষং কর্কটঃ। ইনঃ সূর্য্যঃ তদ্গৃহং সিংহঃ। এতদ্ব্যতিরিক্তে লগ্নে গোচরশুদ্ধে রবৌ চূড়া কার্য্যা। ১

চূড়াকর্ম্ম দ্বিজাতীনাং সর্ব্বেষামেব ধর্ম্মতঃ।
প্রথমেঽব্দে * তৃতীয়ে বা কর্ত্তব্যং স্মৃতিবচনাৎ॥ † ২
ইতি মনুঃ।

---

* নাত্র অশক্তস্য ক্ষেপাযোগাদিতিন্যায়াৎ প্রথমাব্দস্য প্রাধান্যং কিন্তু তৃতীয়াব্দস্য তথা চ চূড়াকার্য্যে তৃতীয়াব্দঃ সর্ব্বগৃহ্যাদি সম্মতঃ, তৎকালেঽশৌচ বৃদ্ধশ্চ মুখ্যইত্যবগম্যতে ইতিস্মার্ত্তাঃ। শঙ্খলিখিতৌ। তৃতীয়বর্ষে চূড়াকরণং পঞ্চমে বা।

† পুত্রচূড়াকৃতে মাতা যদি সা গর্ভিণী ভবেৎ। শস্ত্রেণ মৃত্যুমাপ্নোতি তস্মাক্ষৌরং

ভগবান্ মনু কহিয়াছেন—দ্বিজাতি প্রভৃতি সকলেরই প্রথমবৎসরে বা তৃতীয়বর্ষে চূড়াকর্ম্ম কর্ত্তব্য। ২

অযুগ্মাব্দে তথা মাসি চূড়াভৌমশনীতরে।
অর্কেন্দুকালশুদ্ধৌ চ জন্মমাসেন্দুভেতরে।
রিক্তাদর্শাষ্টমীষষ্ঠীপ্রতিপদ্‌বর্জ্জিতে সিতে ॥৩

ইতিজ্যোতিস্তত্ত্বে।

অযুগ্মবর্ষে, অযুগ্মমাসে, মঙ্গল ও শনি ভিন্ন বারে, রবি, চন্দ্র ও কালশুদ্ধি থাকিলে জন্মমাস, জন্মচন্দ্র ও জন্মনক্ষত্র ভিন্নে, রিক্তা, অমাবস্যা, অষ্টমী: ষষ্ঠী ও প্রতিপদ ভিন্ন তিথিতে শুক্লপক্ষে চূড়াকর্ম্ম করিবে। ৩

ষষ্ঠ্যষ্টমী পঞ্চদশী উভে পক্ষে চতুর্দ্দশী।
অত্র সন্নিহিতং পাপং তৈলে মাংসে ভগে ক্ষুরে ॥ ৪ *

ইতি দক্ষঃ।

দক্ষ বলিয়াছেন,—ষষ্ঠী,অষ্টমী, পঞ্চদশী এবং উভয়পক্ষের চতুর্দ্দশী এই সকল তিথিতে তৈলমৃক্ষণ,মাংসভোজন,স্ত্রীগমন ও ক্ষৌরকর্ম্ম করিলে পাতক জন্মিবে।৪

মেষসিংহতুলাকর্কিবৃশ্চিকেতরলগ্নকে।
শ্রবণাদিত্রয়স্বাতী চিত্রাপুষ্যাশ্বিচন্দ্রভে।
আদিত্যরেবতীহস্তাজ্যেষ্ঠামূলে চ চৌড়কম্ ॥ ৫

ইতিজ্যোতিস্তত্ত্বে।

মেষ, সিংহ, তুলা, কর্কট ও বৃশ্চিক ভিন্ন লগ্নে শ্রবণা,ধনিষ্ঠা, শতভিষা, স্বাতী চিত্রা, পুষ্যা, অশ্বিনী, মৃগশিরা, পুনর্ব্বসু, রেবতী, হস্তা, জ্যেষ্ঠা, ও মূলানক্ষত্রে চূড়াকর্ম্ম কর্ত্তব্য। ৫

ক্ষৌরং প্রশস্তং মৃগচাপকন্যাকুম্ভেষু মীনে মিথুনে বৃষে চ।
লগ্নং ধনং বুদ্ধিবিবর্দ্ধনঞ্চ শেষেষু রোগোভয়মর্থনাশম্ ॥ ৬

ইতিসারসংগ্রহে।

মকর, ধনু, কন্যা, কুম্ভ, মীন, মিথুন ও বৃষলগ্নে ক্ষৌরকর্ম্ম করিলে ধন ও বুদ্ধিলাভ হয়। উক্ত সকল লগ্নের ইতরে রোগ, ভয় ও অর্থনাশ হইয়া থাকে। ৬

---

বিবর্জ্জয়েৎ। সূনোর্ম্মাতরি গর্ভিণ্যাং চূড়াকর্ম্ম ন কারয়েৎ।পঞ্চবর্ষাৎ প্রাক্ তদূর্দ্ধং গর্ভিণ্যামপি কারয়েৎ। গর্ভে মাতুঃ কুমারস্তু ন কুর্য্যাচ্চৌড়কর্ম্ম তু। পঞ্চমাসাদধঃ কুর্য্যাদতউর্দ্ধং ন কারয়েৎ। ইতি গ্রন্থান্তরে।

* সামান্যতোদোষমাহষষ্ঠ্যষ্টমীতি।

পৌষ্ণাশ্বিপুষ্যবসুবাসববাসুদেবব্রহ্মার্কচন্দ্রবরুণাদিতিচিত্রভেষু।
বারেষু সোমবুধবাক্‌পতিভার্গবাণাং ক্ষৌরং করোতি কুশলং খলুমানবানাম্*

ইতিজ্যোতিস্তত্ত্বে।

রেবতী, অশ্বিনী, পুষ্যা, ধনিষ্ঠা, জ্যেষ্ঠা, শ্রবণা, রোহিণী, হস্তা, মৃগশিরা, শতভিষা, পুনর্ব্বসু ও চিত্রানক্ষত্রে, সোম, বুধ, বৃহস্পতি ও শুক্রবারে মনুষ্যের ক্ষৌরকর্ম্মে মঙ্গল হয়। ৭

সূর্য্যে দক্ষিণমার্গগামিনি হরৌ সুপ্তে নিরংশে রবৌ
ক্ষীণে শীতরুচৌ মহীজযমেয়োর্ব্বারে নিশাসন্ধ্যয়োঃ।
ভুক্তেঽভ্যক্ততনৌ নিষিদ্ধসময়েঽলঙ্কারযুক্তে শিশৌ
ক্ষৌরাদ্রোগভয়ং বদন্তি যবনামৃত্যুং তথান্যে জগুঃ॥৮

ইতি জ্যোতিস্তত্ত্বে।

দক্ষিণায়নে, হরিশয়নে, রবিসংক্রমণে, ক্ষীণচন্দ্রে, মঙ্গল ও শনিবারে রাত্রি ও সন্ধ্যাকালে, ভোজনান্তে, অভ্যঙ্গ অর্থাৎ তৈলমৃক্ষণান্তে, নিষিদ্ধকালে এবং অলঙ্কার পরিধান করিয়া ক্ষৌর হইলে রোগভয় হয়, এইরূপ যবন মুনির মত, কিন্তু অন্যান্য মুনিগণ বলেন যে, ঐ সময়ে কিম্বা উক্তরূপে ক্ষৌরি হইলে শিশুর মৃত্যু হইয়া থাকে। ৮

মানং হরেৎ ক্ষৌরমিহায়ুষোঽর্কঃ শনৈশ্চরঃ পঞ্চ কুজস্তথাষ্টৌ।
আচার্য্য ভৃগ্বিন্দুবুধাঃ ক্রমেণ দদ্যুর্দ্দশৈকাদশ সপ্ত পঞ্চ॥ ৯ †

ইতি রাজমার্ত্তণ্ডে।

রবিবারে ক্ষৌরকর্ম্ম করিলে সম্মানহানি ও আয়ুক্ষয় হয়, রবিবারে ক্ষৌরকর্ম্মে যে দোষ বর্ণিত হইল শনিবারে তাহার পাঁচগুণ ও মঙ্গলবারে আটগুণ হইবে। বৃহস্পতিবারে ক্ষৌরকর্ম্মে দশগুণ শুভফল হয়। এইরূপ শুক্রবারে একাদশগুণ, সোমবারে সপ্তগুণ এবং বুধবারে পঞ্চগুণ শুভফল হইয়া থাকে। ৯

অন্যচ্চ।

মাঘাদিষট্‌কে ‡ সময়ে বিশুদ্ধে হরৌ প্রবুদ্ধে শুভদে খরাংশৌ।
বর্ষত্রয়ে বাপ্যথ পঞ্চমে বা চূড়া চ কার্য্যা প্রথমং শিশূনাম্॥ ১০

ইতি সারসংগ্রহে।

* অত্রাপি তিথ্যাদিবিরুদ্ধং বর্জ্জয়েদিতি স্মার্ত্তাঃ।

† জীবাদিবারে ক্ষৌরং প্রশস্তমিতি স্মার্ত্তেনোক্তম্।

‡ মাঘাদিষট্‌ক ইত্যুপাদানাৎ চৈত্রেঽপি চূড়াকরণে রবিবার এব ইতি হৃদয়ানন্দঃ।

মাঘাদি ছয় মাসের মধ্যে, বিশুদ্ধকালে শ্রীহরির জাগ্রৎসময়ে, রবি শুদ্ধ থাকিলে, তিনবৎসরে কিম্বা পঞ্চমবর্ষে শিশুর চূড়াকর্ম্ম করিবে। ১০

উত্তরবর্ত্মনি সবিতরি চূড়াকরণং জগুঃ শুভং যবনাঃ॥
চৈত্রে মাসি দিবাকরবারে শিখিসন্নিধানে চ॥ ১১

ইতিভোজরাজঃ।

উত্তরায়ণ মধ্যে, চৈত্রমাসে,রবিবারে অগ্নিসন্নিহিতে চূড়াকর্ম্ম হইতে পারিবে যবনমুনি এইরূপ বলিয়াছেন, কিন্তু চৈত্রমাসে রবিবারভিন্ন অন্যবারে চূড়াকর্ম্ম নিষিদ্ধ। ১১

জন্মর্ক্ষে জন্মমাসে চ যুগ্মমাসে চ বৎসরে।
ন কুর্য্যাৎ প্রথমং ক্ষৌরং বিশেষাচ্চৈত্রপৌষয়োঃ॥ * ১২

ইতিগর্গঃ।

গর্গ বলিয়াছেন—জন্মনক্ষত্রে, জন্মমাসে, যুগ্মমাসে ও যুগ্মবৎসরে বিশেষতঃ সৌর চৈত্র ও পৌষমাসে বালকের প্রথম ক্ষৌরকর্ম্ম করিবে না। চূড়াকর্ম্মে দশযোগভঙ্গ, যুতবেধ ও যামিত্রবেধ বিচার করিতে হইবে। ১২

---

## অথনিত্যক্ষৌরম্।

চূড়োদিতর্ক্ষমুদয়ঃ ক্ষণএব চৈষা-
মিষ্টৌ বুধেন্দু দিবসৌ ক্ষুরকর্ম্ম শুদ্ধৌ।
নেষ্টোহরীজ্যভবনোপগতোঽত্র সূর্য্যঃ
কালাবিশুদ্ধিরহিতং ত্বিতরৎ পুরাবৎ॥ ১

অধুনা নিত্যক্ষৌর কথিত হইতেছে—চূড়োদিতনক্ষত্রে কিম্বা চূড়োদিত-নক্ষত্রের মুহূর্ত্তে লগ্ন করিয়া বুধবার অথবা সোমবারে কালাশুদ্ধি ত্যাগভিন্ন চূড়োক্ত সমুদয়ই নিত্যক্ষৌরকর্ম্মে প্রশস্ত হইয়া থাকে। ১

নিত্যক্ষৌরমাহ। চূড় ইতি। চূড়োক্তনক্ষত্রং তদপ্রাপ্তাবেষাং চূড়োক্তনক্ষত্রাণাং ক্ষণোমুহূর্ত্তমেব উদয়ো লগ্নং বা স্যাৎ। বুধেন্দুদিনসৌ নিত্যক্ষুরকর্ম্ম শুদ্ধাবিষ্টৌ অন্যে পঞ্চ-বারানিষিদ্ধাঃ। তথা পশুপতিদীপিকায়াং। "শুক্রঃ শুক্রক্ষয়ং কুর্য্যাম্মানং হন্তি গুরোর্দ্দিনং। শনিভৌমে ভবেদ্রোগোমনস্তাপোরবের্দ্দিনে"। অত্র নিত্যক্ষৌরে হরিঃ সিংহঃ ইজ্য-ভবনং ধনুর্মীনৌ এষু গতঃ সূর্য্যোনেষ্টঃ ভাদ্রপৌষচৈত্রমাসেষু ক্ষৌরং ন কার্য্যমিত্যর্থঃ। অত্রাপ্যশক্তাবগ্নিসাক্ষিকং কৃত্বা কর্ত্তব্যং। তথা ক্ষৌরং দিনে তীক্ষ্ণরুচেস্তু চৈত্রমাসেঽথ বা

---

* পুত্রকন্যয়োস্তু চৈত্রে মাসি জ্যেষ্ঠপুত্রকন্যয়োস্তু মার্গে জ্যৈষ্ঠস্য দশাহাভ্যন্তরে চ চূড়াদি-নিষেধোবিবাহপ্রকরণে উক্তঃ। চূড়ায়াং দশযোগভঙ্গযুতযামিত্রবেধাবিচার্য্যাঃ।

সন্নিহিতে হুতাশ ইতি। পুন্নাবৎ চূড়াকরণবৎ অন্তৎ সর্ব্বং জ্ঞাতব্যং তচ্চ কালা-বিশুদ্ধিরহিতং নিত্যক্ষৌরে শুক্রাদিকালাশুদ্ধিদোষোনাস্তীত্যর্থঃ। অত্র শুক্লকৃষ্ণপক্ষব্যবস্থা নাস্তি কিন্তু পূর্ব্বোক্ততিথিমাত্রনিষেধঃ। ১

ন স্নানমাত্রগমনোৎসুকভূষিতানা-
মভ্যক্তভুক্তরণকালনিরাসনানাং।
সন্ধ্যানিশাশনিকুজার্কদিনেষু রিক্তে
ক্ষৌরং হিতং প্রতিপদহ্নি ন চাপি বিষ্ট্যাং॥২

ইতি রাজমার্ত্তণ্ডঃ।

নিত্যক্ষৌরবিষয়ে রাজমার্ত্তণ্ডে উক্ত হইয়াছে যে,—স্নানান্তে, যাত্রা করিয়া, ভূষণপরিধানান্তে, তৈলাভ্যঙ্গ করিয়া, ভোজনান্তে, রণকালে, নিরাসনে, সন্ধ্যা-কালে ও রাত্রিতে, শনি, মঙ্গল ও রবিবারে, রিক্তা, প্রতিপদ ও বিষ্টিভদ্রাতে ক্ষৌরকর্ম্ম হিতজনক হইবে না। ২।

চূড়োদিতে তথা ঋক্ষে বুধেন্দুদিবসে নরঃ।
নিত্যক্ষৌরং প্রকুর্ব্বীত জন্মমাসে বিবর্জ্জয়েৎ।৩

ইতি জ্যোতিঃসারে।

চূড়োদিতনক্ষত্রে বুধ ও সোমবারে নিত্যক্ষৌর প্রশস্ত হয়; কিন্তু জন্মমাস পরিত্যাগ করিতে হইবে। ৩

প্রাচীমুখঃ সৌম্যমুখোঽপি ভূত্বা কুর্য্যান্নরঃ ক্ষৌর মনুৎকটস্থঃ॥ ৪

ইতি জ্যোতিস্তত্ত্বে।

মনুষ্য ক্ষৌরি হইবার সময় পূর্ব্বমুখ কিম্বা উত্তরমুখ হইয়া স্থিরভাবে কোমল আসনে বসিবে। ৪।

উত্তরাত্রিতয়যাম্যরোহিণী রৌদ্রসর্পপিতৃভেষু চাগ্নিভে।
শ্মশ্রুকর্ম্ম সকলং বিবর্জ্জয়েৎ প্রেতকার্য্য * মপি বুদ্ধিমান্নরঃ॥৫

ইতি জ্যোতিস্তত্ত্বে।

উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, ভরণী, রোহিণী, আর্দ্রা, অশ্লেষা, মঘা ও কৃত্তিকানক্ষত্রে সমস্ত শ্মশ্রুকর্ম্ম (ক্ষৌর) এবং প্রেতকার্য্য বুদ্ধিমান্ মনুষ্য পরিত্যাগ করিবেন। ৫।

চন্দ্রশুদ্ধির্যদা নাস্তি তারায়াশ্চ বিশেষতঃ।
অক্ষৌরিতেঽপি কর্ত্তব্যং চন্দ্রচন্দ্রজয়োর্দ্দিনে॥৬

ইতি জ্যোতিস্তত্ত্বে।

---

* প্রেতকার্য্যং পতিতপ্রেতসম্প্রদানকদাসীঘটদানবিষয়কমিতি স্মার্ত্তাঃ

ক্ষৌরবিষয়ে নিষিদ্ধনক্ষত্র হইলে যদি চন্দ্রশুদ্ধি বিশেষতঃ তারাশুদ্ধি না থাকে তথাপি সোমবারে ও বুধবারে ক্ষৌর হইতে পারিবে।* ৬

মানং ক্ষৌরে হন্তি গুরুঃ শুক্রং শুক্রো ধনং রবিঃ।
আয়ুরঙ্গারকোহন্তি সর্ব্বং হন্তি শনৈশ্চরঃ॥ ৭

ইতি জ্যোতিস্তত্ত্বে।

বৃহস্পতিবারে ক্ষৌরি হইলে মানহানি হয়, এইরূপ শুক্রবারে শুক্রক্ষয়, রবিবারে ধনহানি, মঙ্গলবারে আয়ুক্ষয় এবং শনিবারে ক্ষৌরি হইলে মানবের মান, বল, ধন ও আয়ুক্ষয় হইয়া থাকে। ৭।

অন্যচ্চ।

রবৌ দুঃখং সুখং চন্দ্রে কুজে মৃত্যুর্ব্বুধে বলং।
মানং হন্তি গুরোর্ব্বারে শুক্রে সুতক্ষয়োভবেৎ।
শনৌ চ সর্ব্বদোষাণি বর্জ্জয়েৎ ক্ষৌরকর্ম্মণি॥৮

বচনান্তরে উক্ত হইয়াছে—রবিবারে ক্ষৌরকর্ম্মে দুঃখ হয়, এইরূপ সোমে সুখ, মঙ্গলে মৃত্যু, বুধে বলবৃদ্ধি, বৃহস্পতিবারে মানহানি, শুক্রে পুত্রনাশ এবং শনিবারে ক্ষৌরকর্ম্মে সমস্ত দোষ ঘটিয়া থাকে। অতএব উক্ত সমস্ত নিষিদ্ধ-বার ক্ষৌরকর্ম্মে পরিত্যাগ করিবে। কিন্তু সামবেদী মঙ্গলবারে, যজুর্ব্বেদী শুক্রবারে ও ঋগ্বেদী বৃহস্পতিবারে ক্ষৌরি হইতে পারিবে। ব্যবহারও এই-রূপই আছে। ৮।

দেবকার্য্যে পিতৃশ্রাদ্ধে রবেরংশপরিক্ষয়ে।
ক্ষুরি কর্ম্ম ন কুর্ব্বীত জন্মমাসে চ জন্মভে॥ ৯

ইতি জ্যোতিস্তত্ত্বে।

দেবকার্য্যে, শ্রাদ্ধদিনে, রবিসংক্রমণে, জন্মমাসে ও জন্মনক্ষত্রে ক্ষৌরকর্ম্ম করিবে না। ৯

আজ্ঞয়া নরপতের্দ্বিজন্মনাং দারকর্ম্ম মৃতসূতকেষু চ।
বন্ধমোক্ষমখদীক্ষণেষ্বপি ক্ষৌরমিষ্টমখিলেষু চোড়ুষু॥১০

ইতিশ্রীপতিরত্নমালায়াং।

শ্রীপতির রত্নমালাগ্রন্থে কথিত হইয়াছে যে—বিবাহে, মৃতাশৌচ ও জননা-শৌচান্তদিনে, কারাগার হইতে মুক্তদিনে এবং যজ্ঞদীক্ষাতে নরপতি ও ব্রাহ্মণ-দিগের অনুমতিগ্রহণ করিয়া সমস্ত নক্ষত্রেই ক্ষৌরি হইতে পারিবে। ১০।

---

* এই বচনের তাৎপর্য্যার্থ এই,—নিষিদ্ধনক্ষত্রেও যদি চন্দ্রশুদ্ধি বিশেষতঃ তারাশুদ্ধি থাকে তাহা হইলে ক্ষৌরে দোষ হইবে না, আর সোমবার ও বুধবার সর্ব্বাপবাদক।

কেশবমানর্ত্তপুরং পাটলিপুত্রং পুরীমহিচ্ছত্রাং।
দিতিমদিতিঞ্চ স্মরতাং ক্ষৌর বিধৌ ভবতি কল্যাণম্ ॥১১

ইতি বৃদ্ধগার্গ্যঃ।

বৃদ্ধগার্গ্য বলিয়াছেন—কেশব, আনর্ত্তপুর, পাটলিপুত্র, পুরী, অহিচ্ছত্র, দিতি ও অদিতি এই কয়েকটি নাম স্মরণ করিলে ক্ষৌরকর্ম্মে মঙ্গল হয়। ১১

শ্মশ্রুকর্ম্ম কারয়িত্বা নখচ্ছেদমনন্তরম্ ॥ ১২

ইতিবরাহপুরাণে।

বরাহপুরাণে উক্ত হইয়াছে যে—শ্মশ্রুকর্ম্ম করাইয়া অর্থাৎ ক্ষৌরি হইয়া পরে নখ-কৃন্তন করাইবে। ১২।

# অথকর্ণবেধঃ।

নো জন্মেন্দুভমাসরবিজক্ষ্মাজাহসুপ্তাচ্যুতে
শস্তেহর্কে লঘুবিষ্ণুযুগ্মমৃদুভস্বাত্যুত্তরাদিত্যভৈঃ।
সৌম্যৈস্ত্র্যায়ত্রিকোণকণ্টকগতৈঃ পাপৈস্ত্রিলাভারিগৈঃ
ওজোহব্দে শ্রুতিবেধইজ্যসিতভে লগ্নে চ কালে শুভে ॥ ১

ইতিদীপিকায়াং।

অধুনা কর্ণবেধ কথিত হইতেছে—জন্মচন্দ্র, জন্মনক্ষত্র ও জন্মমাস ভিন্নে রবি শনি, মঙ্গল ভিন্ন বারে, হরির শয়ন ভিন্ন কালে, রবিশুদ্ধ থাকিলে, পুষ্যা, অশ্বিনী, হস্তা, শ্রবণা, ধনিষ্ঠা, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, স্বাতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ ও পুনর্ব্বসুনক্ষত্রে, লগ্নের তৃতীয়, একাদশ, নবম, পঞ্চম ও কেন্দ্রস্থানে শুভগ্রহ থাকিলে এবং তৃতীয়, একাদশ ও ষষ্ঠস্থানে পাপগ্রহ অবস্থিতি করিলে, অযুগ্মবর্ষে, ধনু, মীন, বৃষ ও তুলালগ্নে শুভকালে কর্ণবেধ করাইবে। ১

কর্ণবেধমাহ। নো জন্মেতি। শুভে কালে শুদ্ধকালে ওজোহব্দে অযুগ্মবর্ষে শ্রুতিবেধঃ কর্ণবেধঃ কর্ত্তব্যঃ। অত্র নিষেধমাহ জন্মচন্দ্রে জন্মনক্ষত্রে জন্মমাসে সূর্য্যশনিমঙ্গলবারে চ সুপ্তেঽচ্যুতে হরিশয়নে ন কর্ত্তব্যমিত্যর্থঃ বিধিমাহ শস্তেঽর্কে গোচরশুদ্ধেঽর্কে লঘুগণে ৮।১।১৩ বিষ্ণুযুগ্মে ২২।২৩ মৃদুগণে ১৪।১৭।৫।২৭ স্বাত্যাং উত্তরাত্রয়ে ১২।২১।২৬ আদিত্যভে পুনর্ব্বসৌ ইজ্যসিতভে গুরুশুক্রভে, ধনুর্মীনেবৃষে তুলায়াঞ্চ কার্য্যমিত্যর্থঃ। শেষং সুগমং। ১

যদাপত্যত্রয়ং তিষ্ঠেৎ সম্ভবোঽপ্যপরস্য চ।
ষট্‌কর্ণং তং বিজানীয়াদগর্হিতঞ্চ ত্রয়স্য চ।

ইত্যাশঙ্ক্য দ্বয়োর্মধ্যে শুচির্যস্যাথ বৎসরে।
কর্ণবেধোহিতস্তস্য নাত্র জ্যেষ্ঠবিচারণা।
ষট্‌কর্ণোৎপত্তিমাশঙ্ক্য ভানোঃ শুদ্ধ্যা সমেহপি চ।
কর্ণবেধে ন দোষঃ স্যাদন্যথা মরণং ভবেৎ * ॥ ২

ইতিমাণ্ডব্যাদিষু।

যাহার দুইটিপুত্র বিদ্যমান্ আছে অথচ একজনেরও কর্ণবেধ হয় নাই এই অবস্থায় যদি অপরএকটি পুত্র জন্মিবার সম্ভব থাকে তবে তাহাকে ষট্‌কর্ণ বলে। ষট্‌কর্ণ হইলে তিনজনেরই অমঙ্গল হইবার সম্ভব। ষট্‌কর্ণ হইতে পারে এই আশঙ্কা করিয়া বর্ত্তমান অপত্যদ্বয়ের মধ্যে সেই বর্ষে যাহার রব্যাদি শুদ্ধি থাকিবে তাহারই কর্ণবেধ করাইবে, ইহাতে জ্যেষ্ঠাদিক্রম বিচার করিবে না। ষট্‌কর্ণোৎপত্তি আশঙ্কা করিয়া রবিশুদ্ধ থাকিলেই কর্ণবেধ কর্ত্তব্য, ইহাতে যুগ্মবর্ষ বিচার করিতে হয় না। ঐ রূপ না করিলে জ্যেষ্ঠের মরণ হইয়া থাকে। ২।

ন জন্মমাসে ন চ চৈত্রপৌষে ন যুগ্মবর্ষে ন হরৌ প্রসুপ্তে।
রবৌ চ দুষ্টে ন চ কৃষ্ণপক্ষে ন জন্মভে কর্ণবিধিঃ প্রশস্তঃ ॥ ৩

ইতিরাজমার্ত্তণ্ডে।

রাজমার্ত্তণ্ডে কথিত হইয়াছে যে, জন্মমাসে, সৌর চৈত্র ও সৌর পৌষে, যুগ্মবৎসরে, হরিশয়নে, রবিগোচরে অশুদ্ধ হইলে, কৃষ্ণপক্ষে এবং জন্মনক্ষত্রে কর্ণবেধ প্রশস্ত নহে। ৩

সূর্য্যেহনুকূলে শশিনি প্রশস্তে তারাবলে চন্দ্রবিবর্দ্ধপক্ষে।
অযুগ্মবর্ষে শুভদং শিশূনাং কর্ণস্য বেধং মুনয়োবদন্তি ॥ ৪

ইতি সারসংগ্রহে।

গোচরে রবিশুদ্ধি, চন্দ্রশুদ্ধি ও তারাশুদ্ধি থাকিলে শুক্লপক্ষে এবং অযুগ্মবর্ষে শিশুদিগের কর্ণবেধ শুভজনক হয়; মুনিগণ এইরূপ বলিয়াছেন। ৪

স্বাত্যশ্বিনীহস্তাপুনর্ব্বসৌ চন্দ্রেহনুকূলে গুরুশুক্রবারে।
কর্ণস্য বেধোবুধবাসরে বা পুষ্যেন্দুচিত্রাহরিরেবতীষু ॥ ৫

ইতিসারসংগ্রহে।

স্বাতী, অশ্বিনী, হস্তা, পুনর্ব্বসু, পুষ্যা, মৃগশিরা, চিত্রা, শ্রবণা ও রেবতী নক্ষত্রে, বৃহস্পতি; শুক্র ও বুধবারে গোচরে চন্দ্রশুদ্ধি থাকিলে কর্ণবেধ প্রশস্ত হয়। ৫

---

* মরণং জ্যেষ্ঠস্য ইতি হৃদয়ানন্দঃ। অত্রাপি দশযোগভঙ্গোবিচার্য্যঃ। কর্ণবেধে বিবাহে চ ব্রতে পুংসবনে তথা। প্রাশনে চাদ্যচূড়ায়াং বিদ্ধঋক্ষং বিবর্জ্জয়েদিতিবচনাৎ।

অন্যচ্চ।

অশ্বিনী রেবতী চৈব হস্তা চিত্রা পুনর্ব্বসুঃ।
ধনিষ্ঠা মৃগপুষ্যা চ শ্রবণা মৈত্রমেব চ ॥ ৬

ইতিসারসংগ্রহে।

বচনান্তরে উক্ত হইয়াছে যে,--অশ্বিনী, রেবতী, হস্তা, চিত্রা, পুনর্ব্বসু, ধনিষ্ঠা, মৃগশিরা, পুষ্যা, শ্রবণা ও অনুরাধানক্ষত্রে কর্ণবেধ প্রশস্ত হয়। ৬

স্থিরে চৈবাথ লগ্নে চ চাপে নৃমিথুনে তথা।
কর্ণবেধং প্রকুর্ব্বীত বালানাং শুভদং পরম্ ॥ ৭

ইতিসারসংগ্রহে।

স্থির অর্থাৎ বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভলগ্নে এবং ধনু ও মিথুনে শিশুদিগের কর্ণবেধ শুভদ হয়। ৭

কর্ণবেধব্রতে কুর্য্যাদুদঙ্মার্গস্থিতে রবৌ।
দক্ষিণাশাস্থিতে ভানৌ নৈব কুর্য্যাৎ কথঞ্চন ॥ ৮

ইতিগর্গঃ।

গর্গ কহিয়াছেন,—কর্ণবেধ ও উপনয়ন উত্তরায়ণেই করিতে হইবে। উক্ত-কার্য্যদ্বয় কখনই দক্ষিণায়নে করিবে না। ৮

ইতিকর্ণবেধঃ।

## অথবিদ্যারম্ভঃ।

লঘুচরশিবমূলাধোমুখত্বষ্টৃপৌষ্ণ-
শশিষু চ হরিবোধে শুক্রজীবার্কবারে।
উদিতবতি চ জীবে কেন্দ্রকোণেষু সৌম্যে-
রপঠনদিনবর্জ্জ্যং পাঠয়েৎ পঞ্চমেঽব্দে ॥ ১

ইতিদীপিকায়াং।

অনন্তর বিদ্যারম্ভ কথিত হইতেছে—পুষ্যা, অশ্বিনী, হস্তা, স্বাতী, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, আর্দ্রা, মূলা, অশ্লেষা, কৃত্তিকা, ভরণী, মঘা, বিশাখা, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, চিত্রা, রেবতী ও মৃগশিরা নক্ষত্রে শ্রীহরির জাগ্রৎ সময়ে শুক্র, বৃহস্পতি ও রবিবারে বৃহস্পতির

উদিত অবস্থায়, কেন্দ্র ও ত্রিকোণস্থানে শুভগ্রহ থাকিলে অনধ্যায় দিন পরিত্যাগ করিয়া পঞ্চমবর্ষে শিশুকে বিদ্যারম্ভ করাইবে। ১

বিদ্যারম্ভমাহ। লঘুচর ইতি। পঞ্চমে বর্ষে রবিজীবশুক্রবারে শিশুং পাঠয়েৎ। অন্যস্মিন্‌বারে দোষমাহ রাজমার্ত্তণ্ডে। "প্রজ্ঞার্কিগুরুশুক্রেন্দু মৃত্যুর্মন্দমহীজয়োঃ। মহতীজড়তা চন্দ্রে বুধে চানভিযোগিতা"॥ অনুদিতে জীবে বিদ্যারম্ভো ন কার্য্যঃ। কেন্দ্রত্রিকোণে চ স্থিতৈঃ শুভৈরপঠনদিনং বর্জ্জয়িত্বা পাঠয়েদিত্যর্থঃ। অস্বাধ্যায়ো রাজমার্ত্তণ্ডে উক্তঃ। "পৌষাদিত্রিষু মাসেষু কৃষ্ণে চৈবাষ্টকাত্রয়ং। একা জ্ঞেয়াশ্বিনে মাসি হায়নশ্চতুরষ্টকঃ। অষ্টকা তু সমুদ্দিষ্টা সপ্তম্যাদিতিথিত্রয়ে। নাধীয়ীতাত্র শাস্ত্রাণি বর্জ্জয়েদ্‌ব্রতবন্ধনং। যা কাচিৎ প্রতিপদ্‌বিদ্ধা প্রেতপক্ষেঽথবা গতে। যা তু কোজাগরে যাতে চৈত্রবল্যাঃ পরেঽপি যা। চাতুর্ম্মাস্যসমাপ্তৌ চ দ্বিতীয়া যা ভবেত্তিথিঃ। সর্ব্বাস্বেতাস্বনধ্যায়ঃ পুরাণৈঃ পরিকীর্ত্তিতঃ। অষ্টমী হন্ত্যুপাধ্যায়ং শিষ্যং হন্তি চতুর্দ্দশী; অমাবাকোভয়ং হন্তি প্রতিপৎসু ন কীর্ত্তয়েৎ॥ সন্ধ্যায়াং গর্জ্জিতে মেঘে শাস্ত্রচিন্তাং করোতি যঃ। চত্বারি তস্য নশ্যন্তি আয়ুর্ব্বিদ্যাযশোবলং॥ চন্দ্রসূর্য্যোপরাগে তু পর্ব্বস্বশৌচকাদিষু। পাপোৎপাতহতে চাহ্নি অনধ্যায়োগলগ্রহে।"উৎপাতোভূকম্পোল্কাপাতাদিগলগ্রহ উক্তস্তত্রৈব। "আরম্ভানন্তরং যত্র প্রত্যারম্ভো ন সিদ্ধ্যতি। গর্গাদিমুনয়ঃ সর্ব্বে তমেবাহুর্গলগ্রহং॥ অষ্টমী সপ্তমীবিদ্ধা ত্রয়োদশ্যা চতুর্দ্দশী। প্রতিপদা দ্বিতীয়া চ গলগ্রহ উদাহৃতঃ"॥ শেষং সুগমং। ১

সংপ্রাপ্তে পঞ্চমে বর্ষে অপ্রসুপ্তে জনার্দ্দনে।
ষষ্ঠীং প্রতিপদঞ্চৈব বর্জ্জয়িত্বা তথাষ্টমীং।
রিক্তাং পঞ্চদশীঞ্চৈব সৌরিভৌমদিনস্তথা।
এবং সুনিশ্চিতে কালে বিদ্যারম্ভন্তু কারয়েৎ॥ ২

ইতিবিষ্ণুধর্ম্মোত্তরে।

বিষ্ণুধর্ম্মোত্তরে কথিত হইয়াছে যে,—পঞ্চমবর্ষে, শ্রীহরির শয়নভিন্ন কালে, ষষ্ঠী, প্রতিপদ্, অষ্টমী, রিক্তা, পূর্ণিমা ও অমাবস্যা ভিন্ন তিথিতে এবং শনি মঙ্গল ভিন্ন বারে শিশুর বিদ্যারম্ভ করাইবে। ২

বিদ্যারম্ভে গুরুঃ শ্রেষ্ঠোমধ্যমৌ ভৃগুভাস্করৌ।
মরণং শনিভৌমাভ্যামবিদ্যা বুধসোময়োঃ। ৩ *

ইতিমদনপারিজাতে।

মদনপারিজাতগ্রন্থে উক্ত হইয়াছে যে,—বিদ্যারম্ভে বৃহস্পতিবার শ্রেষ্ঠ এবং শুক্রবার ও রবিবার মধ্যম হয়; আর শনি, মঙ্গলবারে বিদ্যারম্ভ করিলে মরণ এবং বুধবার ও সোমবারে বিদ্যারম্ভ করিলে বিদ্যাহীন হইয়া থাকে। ৩

* এতদ্বচনং ধনুর্ব্বিদ্যাপরমিতি কেচিৎ। ইতি হৃদয়ানন্দঃ

**বিদ্যারম্ভঃ সুরগুরুসিতজ্ঞেষ্বভীষ্টার্থদায়ী**
**কর্ত্তুশ্চায়ুশ্চিরমপি করোত্যংশুমান্ মধ্যমোঽত্র।**
**নীহারাংশৌ ভবতি জড়তা পঙ্গুতা ভূমিপুত্রে**
**ছায়াসূনাবপি চ মুনয়ঃ কীর্ত্তয়ন্ত্যেবমাদ্যাঃ॥ ৪**

ইতিজ্যোতিস্তত্ত্বে।

বৃহস্পতি, শুক্র ও বুধবারে বিদ্যারম্ভ করিলে অভীষ্ট লাভ ও আয়ুর্বৃদ্ধি হয়, এইরূপ রবিবারে মধ্যম, সোমবারে জড়তালাভ করে এবং মঙ্গলবার ও শনিবারে বিদ্যারম্ভ করিলে পঙ্গুত্বপ্রাপ্ত হইয়া থাকে, মুনিগণ এইরূপ বলিয়াছেন। ৪

**দ্বিতীয়া চ তৃতীয়া চ পঞ্চমী দশমী তথা।**
**দ্বাদশ্যাং স্মৃতিশাস্ত্রঞ্চ একাদশ্যাং ভবেদ্গুণী॥ ৫**

ইতিসারসংগ্রহে।

দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী, দশমীতিথিতে বিদ্যারম্ভ করিবে, দ্বাদশীতিথিতে স্মৃতিশাস্ত্র অধ্যয়ন আরম্ভ করিতে পারে; আর একাদশী তিথিতে বিদ্যারম্ভ করিলে সেই ব্যক্তি গুণবান্ হয়। ৫

**ন সপ্তমীত্রয়োদশ্যোর্নানধ্যায়ে [ * ] গলগ্রহে।**
**অভার্য্যশ্চাশুচিঃ ষষ্ঠ্যাং জন্মেন্দৌ নেতি চাপরে॥ ৬**

ইতিসারসংগ্রহে।

* অনধ্যায়স্তু। শুচৌ দশম্যা সহ পৌর্ণমাসী মধৌ নভস্যে চ তিথিস্তৃতীয়া। স্যাদাশ্বিনে যা নবমী তথোর্জ্জে সপূর্ণিমা দ্বাদশীকাথ চৈত্রী॥ জ্যৈষ্ঠী চ ফল্গুন্যথ সপ্তমী স্যান্মাঘে পৌষস্য চ রুদ্রসংখ্যা। মন্বন্তরাদিবিশদেঽথ কৃষ্ণে নভোঽষ্টমী ফল্গুনদর্শসংখ্যা॥ দ্বাদশী শুক্লাষাঢ়মাঘমার্গোর্জ্জফাল্গুনে। প্রতিপৎ পূর্ণিমাদর্শশ্চতুর্দ্দশ্যষ্টমী সদা। তিথিস্বেতাস্বনধ্যায়ো বিষুবায়নয়োরপি। প্রতিপ্লাৎ পলমাত্রেণ কলামাত্রেণ চাষ্টমী। দিনং দূষয়তে সর্ব্বং সুরা গব্যঘটং যথা। ত্র্যহং প্রেতেষ্বনধ্যায়ঃ শিষ্যর্ত্বিগ্গুরুবন্ধুষু। গ্রহণে চ তথা প্রাতঃ সন্ধ্যাগর্জ্জিতেঽহর্নিশং। পশুমণ্ডূকনকুলাশ্বাহিমার্জ্জারমূষিকৈঃ। গতেঽন্তরে ত্বহোরাত্রং শিষ্টে চ গৃহমাগতে॥ আর্দ্রাদ্যপাদগে সূর্য্যে ত্র্যহং পৃথ্বী রজস্বলা। অম্বুবাচীতিসংজ্ঞস্তৎ স্বাধ্যায়ং তত্র বর্জ্জয়েৎ। ন বীজবপনং কুর্য্যাদ্ধলানাং বাহনস্তথা। বেদানাং পাঠনস্তত্র বর্জ্জয়েদ্দিবসত্রয়ং। ন স্বাধ্যায়ো বষট্কারো ন দেবপিতৃপূজনং। দিনত্রয়ং ন কুর্ব্বীত যাবৎ পৃথ্বী রজস্বলা॥ সাপেক্ষে দৈবপৈত্রে চ বীজোপ্তি হলবাহনং। বিনাপার্ব্বণ্যনধ্যায়ো ন বেদাঙ্গাদিষু স্মৃতঃ। পর্ব্বাণি পূর্ণিমা ভূতাষ্টমী দর্শার্কসংক্রমাঃ। ক্ষিণোতি প্রতিবিদ্যামায়ুশ্চাপি বিশেষতঃ। চৈত্রশ্রাবণমার্গশীর্ষাণামাদিপ্রতিপদো নিত্যা ইতি হারীতবচনে এতাসামনধ্যায়ে নিত্যত্বাভিধানাদন্যাসাং কাম্যত্বাৎ সা যৌধিষ্ঠিরী সেনা গাঙ্গেয়শরতাড়িতা। প্রতিপৎপাঠশীলানাং বিদ্যেব তনুতাং গতা॥

সপ্তমী, ত্রয়োদশী, অনধ্যায় ও গলগ্রহে বিদ্যারম্ভ নিষেধ। ষষ্ঠী তিথিতে বিদ্যারম্ভ করিলে ভার্য্যাহীন ও অশুচি হয়, জন্মচন্দ্রে বিদ্যারম্ভ করিবে না ইহাও কেহ কেহ বলিয়া থাকেন। ৬

পুষ্যার্দ্রা মূলমশ্লেষা হস্তা চিত্রা মৃগস্তথা।
বিদ্যারম্ভে প্রশস্তস্তে পূর্ব্বাত্রিতয়মেব চ॥ ৭

ইতিসারসংগ্রহে।

পুষ্যা, আর্দ্রা, মূলা অশ্লেষা, হস্তা, চিত্রা, মৃগশিরা, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া ও পূর্ব্বভাদ্রপদনক্ষত্রে বিদ্যারম্ভ প্রশস্ত। ৭

রবেগুর্ব্বোর্ভৃগোর্লগ্নে তৎস্থেঽর্কেঽপীন্দুবৃদ্ধিতঃ।
গুর্ব্বর্কেন্দুড়ুশুদ্ধৌ চ বিদ্যারম্ভঃ প্রশস্যতে॥ ৮

ইতিজ্যোতিস্তত্ত্বে।

সিংহ, ধনু, মীন, বৃষ ও তুলালগ্নে এবং সিংহ ও তুলাভিন্ন উক্ত সকল-রাশিতে রবি অবস্থান করিলে, শুক্লপক্ষে বৃহস্পতি, রবি, চন্দ্র ও তারা-শুদ্ধি থাকিলে বিদ্যারম্ভ প্রশস্ত হয়। ৮

প্রাঙ্‌মুখোগুরুরাসীনঃ পশ্চিমাভিমুখং শিশুং।
পাঠয়েৎ প্রথমং শিষ্যমনধ্যায়ে বিবর্জ্জিতে॥ ৯

ইতি সারসংগ্রহে।

গুরু পূর্ব্বমুখ বসিয়া পশ্চিমমুখ শিশুকে অনধ্যায় বর্জ্জিতদিনে প্রথম পাঠ দিবেন। ৯

প্রাঙ্‌মুখোগুরুরাসীনোবরুণাভিমুখং শিশুং।
অধ্যাপয়েচ্চ প্রথমং দ্বিজাশীভিঃ প্রপূজিতম্॥ ১০

ইতি বৃহস্পতিঃ।

বৃহস্পতিও বলিয়াছেন যে,—গুরু পূর্ব্বমুখ আসীন হইয়া ব্রাহ্মণের আশী-র্ব্বাদযুক্ত পশ্চিমমুখ শিশুকে প্রথম অধ্যয়ন করাইবেন। ১০

ইতিবিদ্যারম্ভঃ।

ইতিব্যাসবচনমপি তাবন্মাত্রপরং। অঙ্গাদিষু প্রতিপ্রসবমাহ মনুঃ। বেদোপকরণে চৈব স্বাধ্যায়ে চৈব নিত্যকে। নানুরোধস্ত্বনধ্যায়ে হোমমন্ত্রেষু চৈব হি॥ পরাশরভাষ্যে কূর্ম্মপুরাণং। অনধ্যায়স্তু নাঙ্গেষু নেতিহাসপুরাণয়োঃ। ন ধর্ম্মশাস্ত্রেষ্বন্যেষু পর্ব্বস্বেতানি বর্জ্জয়েৎ। অয়নে বিষুবে চৈব শয়নে বোধনে হরেঃ। অধ্যায়স্তু ন কর্ত্তব্যোমন্বাদিষু যুগাদিষু॥ ইতিনারদবচনাৎ পর্ব্বস্বিত্যনেন সংক্রান্তিপরিগ্রহে অয়নবিষুবয়োরেব পরিগ্রহ ইতিস্মার্ত্তাঃ।

## অথোপনয়নম্। *

জীবার্কেন্দুড়ুশুদ্ধৌ হরিশয়নবহির্ভাস্করে চোত্তরস্থে
স্বাধ্যায়ে বেদবর্ণাধিপ ইহ শুভদে ক্ষৌরভে নাদিতৌ চ।
শুক্রার্কেজ্যর্ক্ষলগ্নে রবিমদনতিথিং প্রোজ্ঝ্যষষ্ঠাষ্টমেন্দুং
নোজীবাস্তাতিচারেঽর্কসিতগুরুদিনে কালশুদ্ধৌ ব্রতং স্যাৎ॥ ১

ইতিদীপিকায়াং।

অধুনা উপনয়ন কথিত হইতেছে।—বালকের গোচরে বৃহস্পতি, রবি, চন্দ্র ও তারাশুদ্ধি থাকিলে, শ্রীহরির শয়ন ভিন্ন কালে, উত্তরায়ণে স্বাধ্যায়-দিনে বেদাধিপতি ও বর্ণাধিপ গোচরে শুভ হইলে পুনর্ব্বসু-ভিন্ন চূড়োদিতনক্ষত্রে, বৃষ, তুলা, সিংহ, ধনু ও মীনলগ্নে সপ্তমী ও ত্রয়োদশী ভিন্ন তিথিতে, লগ্নের ষষ্ঠ ও অষ্টমস্থ চন্দ্র পরিত্যাগ করিয়া বৃহস্পতির অস্ত ও অতিচারদ্বারা অশুদ্ধকাল না হইলে রবি, শুক্র ও বৃহস্পতি বারে কালশুদ্ধিতে উপনয়ন প্রশস্ত হয়। ১

উপনয়নমাহ। জীবার্কেতি। রবিশুক্রগুরুবারে ব্রতমুপনয়নং স্যাৎ। জীবার্কেন্দুড়ুশুদ্ধৌ গোচরে জীবশুদ্ধৌ রবিশুদ্ধৌ চন্দ্রশুদ্ধৌ তারাশুদ্ধৌ চ হরিশয়নং ত্যক্ত্বা। উত্তরস্থে ভাস্করে উত্তরায়ণে সতীত্যর্থঃ। স্বাধ্যায়দিনে অস্বাধ্যায়ঃ প্রাগুক্তঃ বক্ষ্যতে চ তথা গ্রহণা-কালবৃষ্ট্যাদিষু ন কর্ত্তব্যং। রাজমার্ত্তণ্ডে—"গ্রহে রবীন্দ্বোরবনীপ্রকম্পে কেতূদ্গমোল্কাপাত-নাদিদোষে। ব্রতে দশাহানি বদন্তি তজ্জ্ঞা বর্জ্জ্যানি সপ্তাহমপি প্রয়াণে॥ পৌষাদিচতুরো-মাসান্ প্রোক্তা বৃষ্টিরকালজা। ব্রতং যাত্রাদিকং তত্র বর্জ্জয়েৎ সপ্তবাসরান্।" অত্র যদি কর্দ্দমাঢ্যা বসুধা স্যাৎ তদৈব দোষঃ। তথা তত্রৈব। বৃষ্টিঃ করোতি দোষং তাবন্নাকাল-সম্ভবা রাজ্ঞঃ যাবন্ন ভবতি গমনে নরপশুচরণাঙ্কিতা বসুধা॥ বেদবর্ণাধিপইতি শুভদে গোচর-শুভদে বেদাধিপশ্চঋগ্বেদাধিপতিরিত্যাদিনা প্রাগুক্তঃ বর্ণাধিপশ্চ ব্রাহ্মণে শুক্রবাগীশাবিত্যা দিনোক্তঃ। ক্ষৌরভে চূড়োদিতনক্ষত্রে তত্র চ নাদিতৌ পুনর্ব্বসুং বর্জ্জয়িত্বা ইত্যর্থঃ। তথা পুনর্ব্বসৌ কৃতোবিপ্রঃ পুনঃ সংস্কারমর্হতি। শুক্রার্কেজ্যর্ক্ষলগ্নইতি শুক্ররবিগুরুগৃহে লগ্নে বৃষতুলাসিংহধনুর্ম্মীনলগ্নে ইত্যর্থঃ। অত্র চ গুরুযোগাদেবাতিগুণঃ। রাজমার্ত্তণ্ডে—"জীবো-দয়ে জীবগৃহোদয়ে বা জীবাংশকে জীবসমীক্ষিতে বা অল্পশ্রুতোঽপি ব্রতবন্ধনেষু বাগীশতুল্যো-ভবতি দ্বিজেন্দ্রঃ"॥ রবিমদনতিথিং সপ্তমীত্রয়োদশ্যৌ বর্জ্জয়িত্বা পরদিনে প্রত্যারম্ভাভাবা-দিত্যর্থঃ। লগ্নাৎ ষষ্ঠাষ্টমং চন্দ্রং প্রোজ্ঝ্য ত্যক্ত্বা তথা জীবাস্তে জীবাতিচারে চ ন কর্ত্তব্যঃ। কালশুদ্ধাবুপনয়নং স্যাদিতি কালশুদ্ধিস্তু দ্বিবিধা :মলমাসশুক্রাস্তাদিদোষাভাবাচ্ছুদ্ধির্ব্বর্ষশুদ্ধিঃ তত্র বর্ষশুদ্ধিরুক্তা রাজমার্ত্তণ্ডে—"গর্ভাষ্টমেঽষ্টমে বাব্দে পঞ্চমে নবমেঽপি বা। কার্য্যং বিপ্রস্য

* গৃহ্যোক্তকর্ম্মণা যেন সমীপং নীয়তে গুরোঃ। বালোবেদায় তদ্যোগং বালস্যোপনয়ং বিদুঃ॥ ইত্যুপনয়নলক্ষণম্।

রাজন্যস্ত দশাব্দে দ্বাদশে বিশঃ। দ্বিজস্য ষোড়শাদর্বাগ্রাজন্যোদ্বাবিংশতেঃ পরং। চতুর্ব্বিংশাচ্চ বৈশ্যস্য সাবিত্রীপতনং ভবেৎ"॥ অত্র জন্মমাসাদৌ শুক্লপক্ষে-চাতীবফলং যথা রাজমার্ত্তণ্ডঃ। "জন্মোদয়ে জন্মসু তারকাস্বিত্যাদি"।

স্বাতীশক্রধনাশ্বিমিত্রকরভে পৌষ্ণেজ্যচিত্রাহরি-
স্বিন্দৌ তোয়পতৌ ভগেঽদিতিসুতে ভাদ্রদ্বয়ে সাগরে। *
কেন্দ্রস্থে ভৃগুজেঽঙ্গিরঃ শশিসুতে চন্দ্রে চ তারে শুভে
কর্ত্তব্যং ব্রতকর্ম্ম মঙ্গলতিথৌ বারাঃ সিতার্কেজ্যকাঃ॥ ২

ইতি ভুজবলভীমকৃত্যচিন্তামণ্যোঃ।

ভুজবলভীমে ও কৃত্যচিন্তামণিগ্রন্থে লিখিত আছে যে,— স্বাতী, জ্যেষ্ঠা, ধনিষ্ঠা, অশ্বিনী, অনুরাধা, হস্তা, রেবতী, পুষ্যা, চিত্রা, শ্রবণা, মৃগশিরা, শতভিষা, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ ও পূর্ব্বাষাঢ়া নক্ষত্রে, কেন্দ্রস্থানে শুক্র, বৃহস্পতি ও বুধ অবস্থিত হইলে শুক্র, রবি ও বৃহস্পতিবারে শুভতিথিতে বালকের চন্দ্র ও তারাশুদ্ধি থাকিলে উপনয়ন কর্ত্তব্য। ২

## অথপ্রশস্তমাসকথনম্।

মাঘে দ্রবিণশীলাঢ্যঃ ফাল্গুনে চ দৃঢ়ব্রতঃ।
চৈত্রে ভবতি মেধাবী বৈশাখে কোবিদোভবেৎ।
জ্যৈষ্ঠে গহননীতিজ্ঞ আষাঢ়ে ক্রতুভাজনঃ।
শেষেষ্বন্যেষু রাত্রিঃ স্যান্নিষিদ্ধং নিশি চ ব্রতম্॥ ৩

ইতিকৃত্যচিন্তামণৌ।

কৃত্যচিন্তামণিগ্রন্থে কথিত হইয়াছে,—মাঘমাসে উপনয়ন হইলে ধনশালী হয়; এইরূপ ফাল্গুনমাসে দৃঢ়ব্রত, চৈত্রে মেধাবী, বৈশাখে পণ্ডিত, জ্যৈষ্ঠমাসে অতিশয় নীতিজ্ঞ এবং আষাঢ়মাসে উপনয়ন হইলে সেইব্যক্তি যাজ্ঞিক হইয়া থাকে, এতদ্ভিন্ন মাস সকল দেবতার রাত্রি, তাহাতে উপনয়ন নিষিদ্ধ। ৩

## অথপ্রশস্তাপ্রশস্ততিথ্যাদিকথনম্।

অনধ্যায়ঞ্চ (†) রিক্তাঞ্চ ষষ্ঠীঞ্চ পরিবর্জ্জয়েৎ।
চৈত্রকৃষ্ণদ্বিতীয়ায়াং তিসৃষ্বেবাষ্টকাসু চ।

---

* তোয়পতিঃ শতভিষা অদিতিসুতউত্তরফল্গুনী, সাগরঃ পূর্ব্বাষাঢ়া, ব্রতকর্ম্ম উপনয়নং ইতিজ্যোতিস্তত্ত্বে স্মার্ত্তেন ব্যাখ্যাতম্।

† কার্ত্তিকস্যাশ্বিনস্যাপি ফাল্গুনাষাঢ়য়োরপি। কৃষ্ণপক্ষে দ্বিতীয়ায়ামনধ্যায়ং বিদুর্ব্বুধাঃ। ইতি শ্রীপতিব্যবহারসমুচ্চয়ে।

মার্গে চ ফাল্গুনে চৈব আষাঢ়ে কার্ত্তিকে তথা।
পক্ষয়োর্ম্মাঘমাসস্য দ্বিতীয়াং পরিবর্জ্জয়েৎ।
নাকালবৃষ্টৌ কুর্ব্বীত ব্রতবন্ধশুভক্রিয়াম্॥ ৪

ইতিভুজবলভীমে।

অনধ্যায়, রিক্তাতিথি, ষষ্ঠী, চৈত্রকৃষ্ণদ্বিতীয়া, অষ্টকাত্রয় এবং অগ্রহায়ণ, ফাল্গুন, আষাঢ়, কার্ত্তিক ও মাঘের উভয় পক্ষের দ্বিতীয়া পরিত্যাগ করিয়া উপনয়ন দিতে হইবে, আর অকালবৃষ্টিতেও উপনয়নাদি মঙ্গলকর্ম্ম করিবে না। ৪

স্মৃতিযুক্তাননধ্যায়ান্ সপ্তমীঞ্চ ত্রয়োদশীং।
পক্ষয়োর্ম্মাঘমাসস্য দ্বিতীয়াং পরিবর্জ্জয়েৎ॥ ৫ *

ইতিগর্গঃ।

গর্গ বলেন,—স্মৃত্যুক্ত অনধ্যায়, সপ্তমী, ত্রয়োদশী এবং মাঘের উভয়পক্ষের দ্বিতীয়া উপনয়নে পরিত্যাগ করিতে হইবে। ৫

দ্বিতীয়া পঞ্চমী চৈব দশম্যেকাদশী তথা।
ব্রতারম্ভে প্রশস্তা স্যাদন্যাস্যাদধমা স্মৃতা॥ ৬

ইতিজ্যোতিঃসারে।

জ্যোতিঃসারে কথিত হইয়াছে যে—দ্বিতীয়া, পঞ্চমী, দশমী, ও একাদশী তিথি উপনয়নে প্রশস্তা এবং এতদ্ভিন্ন তিথি অধমা অর্থাৎ অপ্রশস্তা। ৬

অন্যচ্চ।

তৃতীয়ৈকাদশী গ্রাহ্যা পঞ্চমী দ্বাদশী তথা।
দ্বিতীয়ায়াঞ্চ মেধাবী ভবেদর্থবলান্বিতঃ॥ ৭

ইতিগ্রন্থান্তরে।

গ্রন্থান্তরে উক্ত হইয়াছে যে,—তৃতীয়া, একাদশী, পঞ্চমী, দ্বাদশী ও দ্বিতীয়াতে উপনয়ন হইলে মেধাবী হয়। ৭

ষষ্ঠ্যামশুচির্ভার্য্যোরিক্তাসু বহুদোষভাক্। ৮

* চৈত্রশুক্লতৃতীয়া আষাঢ়শুক্লদশমী মন্বন্তরাদিত্বেন নিষিদ্ধা বৈশাখশুক্লতৃতীয়া যুগাদিত্বেন নিষেদ্ধেতি স্মার্ত্তাঃ। উদগয়নে আপূর্য্যমাণে পক্ষে কল্যাণনক্ষত্রে চূড়োপনয়নগোদানবিবাহা-ইত্যাশ্বলায়ন বচনাদুপনয়নে শুক্লপক্ষএব বিহিতঃ। কর্ণবেধে বিবাহে চ ব্রতে পুংসবনে তথা; প্রাশনে চাদ্যচূড়ায়াং বিদ্ধমৃক্ষং বিবর্জ্জয়েদিতি বচনাদত্রাপি দশযোগভঙ্গোবিচার্য্যঃ। ব্রতে চ রণমিতিবচনাৎ যুতবেধোঽপি ইতি স্মার্ত্তেনোক্তম্।

ষষ্ঠী তিথিতে অশুচি ও ভার্য্যাহীন হয়, আর রিক্তাতিথিতে বহুদোষ জন্মে অতএব উক্ত সকল তিথিতে উপনয়ন দিবে না। ৮

মাঘষট্‌কে জন্মমাসে শুক্লপক্ষে তথৈব চ।
গুর্ব্বর্ককালশুদ্ধৌ চ তথোপনয়নং স্মৃতম্ *॥ ৯

ইতিসারসংগ্রহে।

মাঘাদি ছয়মাসের মধ্যে জন্মমাসে, শুক্লপক্ষে গোচরে বৃহস্পতি ও রবিশুদ্ধ থাকিলে কালশুদ্ধিতে উপনয়ন দিবে। ৯

গুরৌ শুক্রে রবৌ বারে সামগানাং কুজেঽপি চ।
উপনয়নং প্রকুর্ব্বীত দিনাদিপ্রহরদ্বয়ে॥ ১০

ইতিসারসংগ্রহে।

বৃহস্পতি, শুক্র ও রবিবারে দিবসের পূর্ব্বার্দ্ধে উপনয়ন কর্ত্তব্য। সামবেদী মঙ্গলবারেও উপনয়ন দিতে পারিবেন। ১০

ক্ষিপ্রধ্রুবাহিচরমূলমৃদুত্রিপূর্ব্বা-
রৌদ্রেঽর্কবিদ্‌গুরুসিতেন্দুদিনে ব্রতং স্যাৎ॥ ১১

ইতিমুহূর্ত্তচিন্তামণৌ।

মুহূর্ত্তচিন্তামণিতে লিখিত হইয়াছে—পুষ্যা, অশ্বিনী, হস্তা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, অশ্লেষা, স্বাতী পুনর্ব্বসু † শ্রবণা, ধনিষ্ঠা শতভিষা, মূলা, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ ও আর্দ্রানক্ষত্রে, রবি, বুধ, বৃহস্পতি, শুক্র ও সোমবারে উপনয়ন শুভ হয়। ১১

চন্দ্রতারানুকূলে চ গ্রহাব্দে (‡) ঽপি শুভে তথা।
পুনর্ব্বসৌ কৃতোবিপ্রঃ পুনঃসংস্কারমর্হতি॥ ১২

ইতিসারসংগ্রহে।

চন্দ্র, তারা ও অন্য গ্রহগণ গোচরে শুদ্ধ থাকিলে অষ্টমাদিবৎসরে উপনয়ন দিবে। পুনর্ব্বসুনক্ষত্রে উপনয়ন দিলে তাহার পুনর্ব্বার সংস্কার (উপনয়ন) করিতে হয়। ১২

---

* শুচিনৈবগুরুর্যস্য বর্ষে প্রাপ্তেঽষ্টমে যদি। চৈত্রে মাসি গতে ভানৌ তস্যোপনয়নং বিদুঃ। ইতিগ্রন্থান্তরে।

† পুনর্ব্বসুনক্ষত্রে ক্ষত্রিয় ও বৈশ্যের উপনয়ন হইতে পারে।

‡ গ্রহাব্দে এই শব্দের অর্থ কেহ কেহ নবমবর্ষে বলিয়া থাকেন।

অথ জন্মলগ্নাদি প্রশংসা।

জন্মোদয়ে জন্মসু তারকাসু মাসেঽথ বা জন্মনি জন্মভে বা।

ব্রতেন বিপ্রো ন বহুশ্রুতোঽপি বিদ্যাবিশেষৈঃ প্রথিতঃ পৃথিব্যাম্॥ ১৩

ইতিকৃত্যচিন্তামণৌ।

কৃত্যচিন্তামণিতে উক্ত হইয়াছে যে,—জন্মলগ্নে, জন্মতারাত্রয়ে, জন্মরাশিতে যদি বালকের উপনয়ন হয় তাহা হইলে সেই ব্যক্তি অল্পবিদ্য হইলেও বিদ্যা-বিশেষদ্বারা পৃথীবিতে খ্যাতাপন্ন হইয়া থাকে। ১৩

শুক্লপক্ষে শুভস্থে শশিনি দিনকরে দেবপূজ্যে চ সম্যগ্

বারে ভানোঃ সিতস্য ত্রিদশপতিগুরোশ্চোত্তরে তীক্ষ্ণরশ্মৌ।

হস্তাচিত্রাশ্বিশক্রাদিতিবসুবরুণোপেন্দ্রতিষ্যেন্দুপৌষ্ণ-

স্বাতীষু ব্যাহৃতাসু স্মৃতমুপনয়নং চৌড়মাদ্যঞ্চ শস্তম্॥ * ১৪

ইতিসৎকৃত্যমুক্তাবল্যাং।

সৎকৃত্যমুক্তাবলীধৃতবচনে লিখিত আছে যে শুক্লপক্ষে, গোচরে চন্দ্র, রবি ও বৃহস্পতি বিশুদ্ধ থাকিলে, রবি শুক্র ও বৃহস্পতিবারে, উত্তরায়ণে হস্তা, চিত্রা, অশ্বিনী, জ্যেষ্ঠা, পুনর্ব্বসু, ধনিষ্ঠা, শতভিষা, শ্রবণা, পুষ্যা, মৃগশিরা, রেবতী ও স্বাতীনক্ষত্রে উপনয়ন ও আদ্য চূড়াকরণ প্রশস্ত হয়। ১৪

শাখাধিপে বলিনি কেন্দ্রগতেঽথ বাস্মিন্

বারেঽস্য চোপনয়নং কথিতং দ্বিজানাং।

নীচস্থিতেঽরিগৃহগেঽথ পরাজিতে বা

জীবে ভৃগাবুপনয়ঃ স্মৃতিকর্ম্মহীনঃ॥ †

ইতিকৃত্যচিন্তামণৌ বাৎস্যঃ।

কৃত্যচিন্তামণি গ্রন্থে বাৎস্যবচনে কথিত হইয়াছে যে,—যে শাখার অধিপতি যে গ্রহ তিনি যদি বলবান্ হ'ন অথবা কেন্দ্রস্থানে অবস্থিতি করেন তবে শাখা-ধিপতির বারে উপনয়ন প্রশস্ত হয়, আর বৃহস্পতি নীচগৃহস্থিত কি শুক্র শত্রু-গৃহস্থায়ী অথবা উভয়ের মধ্যে যে কোন গ্রহ পরাজিত হইলে যদি উপনয়ন হয় তবে সেই বালক স্মার্ত্তকর্ম্মের অনধিকারী হইবে। কেহ কেহ বলেন, শাখাধি-পতি বলবান্ কি কেন্দ্রস্থায়ী হউন আর নাই হউন, শাখাধিপের বারে উপনয়ন হইতে পারে। সামবেদীর মঙ্গলবারে উপনয়নের ব্যবহার আছে; স্মার্ত্ত ভট্টা-চার্য্যও ঐ রূপ ব্যবস্থা লিখিয়াছেন। ১৫

---

* অত্র বচনে পুনর্ব্বসোরুপাদানাৎ ক্ষত্রিয়বৈশ্যোপনয়ন বিষয়মেব।

† সামগানাং কুজবারেঽপ্যুপনয়নমিতি স্মার্ত্তেনোক্তম্।

নীচস্থানং গতে জীবে ভার্গবেঽরিগৃহং গতে।
ব্রতকর্ম্ম ন কুর্ব্বীত তয়োরেব পরাজয়ে॥ ১৬

বৃহস্পতি নীচস্থ হইলে কিম্বা শুক্র শত্রুগৃহস্থিত হইলে অথবা উক্ত গ্রহদ্বয়ের মধ্যে যে কোন গ্রহ পরাজিত হইলে উপনয়ন নিষিদ্ধ। ১৬

মাঘাদিমাসষট্কেষু শার্ঙ্গিণঃ শয়নাবধি।
চূড়াকর্ম্ম প্রকুর্ব্বন্তি মুনয়োব্রতমেব চ॥ ১৭

ইতিভোজরাজঃ।

মাঘাদি ছয়মাসে শ্রীহরির শয়ন না হওয়া পর্য্যন্ত চূড়াকর্ম্ম ও উপনয়ন করিবে, মুনিগণ এইরূপ বলিয়াছেন। ১৭

রাত্রিভাগঃ সমাখ্যাতঃ খরাংশোর্দ্দক্ষিণায়নং।
ব্রতবন্ধাদিকং তস্মাচ্চূড়াকর্ম্ম চ বর্জ্জয়েৎ।

ইতিকৃত্যচিন্তামণৌ।

কৃত্যচিন্তামণিতে লিখিত আছে যে— দক্ষিণায়ন দেবতাদিগের রাত্রিভাগ তাহাতে উপনয়নাদি ও চূড়াকর্ম্ম পরিত্যাগ করিবে। ১৮

বিপ্রস্য ক্ষত্রিয়স্যাপি মৌঞ্জীস্যাদুত্তরায়নে।
দক্ষিণে চ বিশাং কার্য্যং নানধ্যায়ে * ন সংক্রমে।
অনধ্যায়েঽপি + কুর্ব্বীত যস্য নৈমিত্তিকং ভবেৎ॥১৯

ইতিগর্গঃ।

গর্গ বলেন—ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের উপনয়ন উত্তরায়নে কর্ত্তব্য। বৈশ্যের উপনয়ন দক্ষিণায়নেও হইতে পারে কিন্তু অনধ্যায় ও সংক্রান্তি পরিত্যাগ করিতে হইবে। আর যদি প্রায়শ্চিত্তরূপ উপনয়ন হয় তাহা হইলে ব্রাহ্মণাদি তিনবর্ণের অনধ্যায়ে, দক্ষিণায়নে ও কৃষ্ণপক্ষে সেই উপনয়ন হইতে পারে, কিন্তু একদিন † পরিত্যাগ করিলেই যদি নিষিদ্ধ দিন বর্জ্জন হয় তাহাই কর্ত্তব্য। ১৯

---

* চাতুর্ম্মাস্যদ্বিতীয়াসু মন্বাদিষু যুগাদিষু। অষ্টকাসু চ সংক্রান্ত্যাং শয়নে বোধনে হরেঃ॥ আষাঢ়ফাল্গুনোর্জ্জেষে যা দ্বিতীয়া বিধুক্ষয়ে। চাতুর্ম্মাস্যদ্বিতীয়াস্তাঃ প্রবদন্তি মহর্ষয়ঃ॥ সিতাজ্যৈষ্ঠে দ্বিতীয়া চ আশ্বিনে দশমী তথা। চতুর্থী দ্বাদশী মাঘে এতাঃ সোপপদা-তিথিঃ॥ অনধ্যায়ং প্রকুর্ব্বীত তথা সোপপদাসু চ। ইতিগ্রহাংরে।

+ অপিনা দক্ষিণায়নকৃষ্ণপক্ষয়োঃ সমুচ্চয়ঃ। নৈমিত্তিকং প্রায়শ্চিত্তরূপমিতি মলমাসতত্ত্বে স্মার্ত্তলিখনম্।

† একদিনস্যাপবাদেন গময়িতুং শক্যত্বাদিতি স্মার্ত্তাঃ।

অস্তংগতে দৈত্যগুরৌ গুরৌ বা ঋক্ষেঽপি বা পাপযুতেঽপ্যমুক্তে।
ব্রতোপনীতোদিবসে প্রণাশং প্রয়াতি দেবৈরপি রক্ষিতো যঃ॥ ২০

ইতিকৃত্যচিন্তামণৌ।

কৃত্যচিন্তামণি গ্রন্থে লিখিত আছে যে— শুক্র কি বৃহস্পতি অস্তগত কিম্বা পাপযুক্ত হইয়া যদি কোন রাশিতে অবস্থিতি করেন তাহা হইলে তিথি-নক্ষত্রাদি অনুক্তদিবসে যাহার উপনয়ন হইবে সেই ব্যক্তি দেবগণকর্তৃক রক্ষিত হইলেও যমালয়ে গমন করিবে। ২০

ঋক্ষৈকমন্দিরগতৌ যদি জীবভানু
শুক্রোঽস্তগঃ সুরবরৈকগুরুশ্চ সিংহে।
নারভ্যতে ব্রতবিবাহগৃহপ্রতিষ্ঠা-
ক্ষৌরাদিকর্ম্ম গমনাগমনঞ্চ ধীরৈঃ॥ ২১

ইতিকাশ্যপঃ।

কাশ্যপ কহিয়াছেন যে একরাশিতে একনক্ষত্র বিশিষ্ট হইয়া যদি বৃহস্পতি ও রবি অবস্থান করেন অথবা শুক্র অস্তগত হ'ন কিম্বা বৃহস্পতি সিংহে থাকেন তাহা হইলে পণ্ডিতগণ উপনয়ন, বিবাহ; গৃহপ্রতিষ্ঠা, চূড়াদিকর্ম্ম ও গমনাগমন পরিত্যাগ করিবেন। ২১

একরাশিগতৌ স্যাতামেকর্ক্ষবিষয়ে যদি।
গুর্ব্বাদিত্যৌ তদা ত্যাজ্যা যজ্ঞোদ্বাহাদিকা ক্রিয়া॥ ২২

ইতিকাশ্যপঃ।

কাশ্যপ আরও কহিয়াছেন যে,—একরাশিতে একনক্ষত্র বিশিষ্ট হইয়া যদি গুর্ব্বাদিত্যযোগ হয় তাহা হইলেও যজ্ঞ, বিবাহ ও উপনয়নাদি নিষিদ্ধ। ২২

যাত্রাং চূড়াং বিবাহং শ্রুতিবিবরবিধিং গ্রামসদ্মপ্রবেশং
প্রাসাদোদ্যানহর্ম্ম্যান্ সুরনবভবনারম্ভবিদ্যাপ্রদানং।
মৌঞ্জীবন্ধং প্রতিষ্ঠাং মণিবরকনকাধারণং কুর্ব্বতে যে
মৃত্যুস্তেষাঞ্চ সিংহে গুরুদিনকরয়োরেকরাশিস্থয়োশ্চ॥ ২৩

ইতিহারীতঃ।

বৃহস্পতি ও রবি যদি সিংহরাশিতে অবস্থিত হ'ন কিম্বা অন্য কোন রাশিতে একনক্ষত্র বিশিষ্ট হইয়া উভয়ে অবস্থান করেন,তাহা হইলে যাত্রা, চূড়া,বিবাহ, কর্ণবেধ, গ্রামপ্রবেশ, গৃহপ্রবেশ, প্রাসাদারম্ভ, উদ্যানারম্ভ, হর্ম্ম্যারম্ভ, দেবগৃহারম্ভ বিদ্যাপ্রদান, উপনয়ন, প্রতিষ্ঠা, শ্রেষ্ঠমণিধারণ ও স্বর্ণালঙ্কারাদিধারণ করিবে না; উক্ত নিষিদ্ধকালে ঐ সকল কার্য্য করিলে তাহার মৃত্যু হইবে। ২৩

নীচস্থঃ সিংহগো বা যদি ভবতি গুরুঃ সূর্য্যরশ্মৌ চ লীনঃ
সংযুক্তো বা যদি স্যাদ্দশশতঘৃণিনা ক্ষীণরূপোঽথ বালঃ।
যাত্রা গেহং বিবাহোব্রতমমরগৃহং যজ্ঞচূড়াদিসর্ব্বং
বাপী চোদ্যানকূপং ন ভবতি শুভদং যদ্যদিষ্টঞ্চ লোকে ॥ ২৪

ইতিরত্নাবল্যাং।

রত্নাবলীগ্রন্থে লিখিত আছে যে, বৃহস্পতি যদি নীচস্থ, সিংহস্থ, রবিযুক্ত, অস্তগত অথবা বাল্যাবস্থা ধারণ করেন তাহা হইলে যাত্রা, গৃহারম্ভ, বিবাহ, উপনয়ন, দেবগৃহারম্ভ, যজ্ঞ,চূড়াদিকর্ম্ম, বাপীখনন, উদ্যানকরণ এবং কূপখনন ও অন্যান্য ঈপ্সিত কর্ম্ম শুভপ্রদ হইবে না। ২৪

সর্ব্বং কার্য্যং ন কুর্ব্বীত গুরৌ সিংহেঽস্তগেঽপি চ।
ব্রতদীক্ষে ন কুর্ব্বীত তমোযুক্তে বৃহস্পতৌ ॥ ২৫

ইতিভোজদেবঃ।

ভোজদেব কহিয়াছেন,—বৃহস্পতি সিংহস্থ কি অস্তগত হইলে কোন কাম্যকর্ম্মই করিতে নাই, আর রাহুযুক্ত হইলে উপনয়ন ও দীক্ষা করিবে না। ২৫

উল্কাপাতে ভুবঃ কম্পে অকালবর্ষগর্জ্জিতে,
বজ্রকেতূদগমোৎপাতে গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ
প্রয়াণন্তু ত্যজেৎক্ষত্রঃ সপ্তরাত্রমতঃপরং।
ব্রাহ্মণঃ ক্ষাত্রয়োবৈশ্যস্ত্যজেৎ কর্ম্ম ত্রিরাত্রকং।
শূদ্রস্ত্যক্ত্বা চৈকরাত্রং সর্ব্বকর্ম্ম সমাচরেৎ ॥ ২৬

ইতিজ্যোতিস্তত্ত্বে।

জ্যোতিষতত্ত্বে উক্ত হইয়াছে যে.—উল্কাপতনে, ভূমিকম্পে, অকালবর্ষণে, অকালগর্জ্জনে, বজ্রপাতে, ধূমকেতু উদয়ে, অন্যরূপ উৎপাতে, চন্দ্রগ্রহণে এবং সূর্য্যগ্রহণ হইলে ক্ষত্রিয় সপ্তরাত্র যাত্রা ত্যাগ করিবে; আর ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের কর্ম্মমাত্রেই ত্রিরাত্র পরিত্যাগ করিতে হইবে। কিন্তু শূদ্রের একরাত্র অতীত হইলেই সকল কর্ম্মে অধিকার জন্মিবে। ২৬

## গ্রহণে বিশেষব্যবস্থা।

প্রয়াণে সপ্তরাত্রং স্যাত্ত্রিরাত্রং ব্রতবন্ধনে।
একরাত্রং পরিত্যজ্য কুর্য্যাৎ পাণিগ্রহং গ্রহে ॥ ২৭

ইতিপরাশরঃ।

পরাশর বলিয়াছেন।—গ্রহণ হইলে সপ্তদিন পর্য্যন্ত যাত্রা পরিত্যাগ করিতে হইবে, উপনয়ন ত্রিরাত্রের পরে করিবে। আর আপৎকালে বিবাহ এক রাত্রের পরেই হইতে পারে। ২৭

কম্পে রাজনি সপ্তাহোব্রাহ্মণানাং ত্র্যহস্তথা।
শূদ্রস্যার্দ্ধদিনং * প্রোক্তং সর্ব্বকার্য্যেষু বৈ ভৃগুঃ॥ ২৮

ইতিভৃগুঃ॥

ভৃগু কহিয়াছেন,—ভূকম্পাদি হইলে ক্ষত্রিয় সপ্তদিবস, ব্রাহ্মণ তিনদিন এবং শূদ্র (আপদ্বিষয়ে) অর্দ্ধদিন পরিত্যাগ করিয়াই সকল কার্য্য করিতে পারিবে। ২৮

নো সন্ধ্যাগর্জ্জিতে প্রাহুর্ব্রতোপনয়নং বুধাঃ।
ন চ বৃষ্টাবথাকালে বৃষ্টা বা সপ্তবাসরান্॥ * ২৯

ইতিব্যাসঃ।

সন্ধ্যাগর্জ্জনে ও অকালবৃষ্টিতে উপনয়নাদি করিবে না, পণ্ডিতগণ এইরূপ বলিয়াছেন। পরন্তু তিনদিন ক্রমে বৃষ্টি হইলে শেষদিন হইতে সাতদিন পর্য্যন্ত অকাল হইবে। ২৯

তথা চ

একেনাহ্না চৈকদিনং দ্বিতীয়েন দিনত্রয়ং।
তৃতীয়েন তু সপ্তাহং ত্যজেদকালবর্ষণে॥ ৩০

ইতিসারসংগ্রহে।

অকালবৃষ্টি একদিন হইলে সেইদিন মাত্র অকাল হয়, এইরূপ ক্রমে দুইদিন হইলে শেষদিন হইতে তিনদিন অকাল এবং ক্রমে তিনদিন হইলে শেষদিন হইতে সপ্তাহ অকাল হইয়া থাকে। ৩০

আকালিকীং বৃষ্টিমবেক্ষ্য গন্তা পদং ন গচ্ছেচ্ছুভমাত্মনীচ্ছন্।
ক্ষৌরং ব্রতঞ্চাপি শুভাভিলাষী কদাপি নৈব মনসাপি কুর্য্যাৎ॥ ৩১

ইতিশ্রীপতিব্যবহারনির্ণয়ে।

---

* শূদ্রস্যাপদ্বিষয়ং। কম্পইত্যুপলক্ষণং গ্রহণাদাবপ্যেবমেবাস্যত্রৈকত্রপঠিতত্বাৎ ইতি স্মার্ত্তাঃ।

* আসপ্তবাসরানিত্যত্র উপস্থিতত্বাদ্বৃষ্টিকালমাদায় সপ্তাহগণনা (বৃষ্ট্যন্তরমেব সপ্তাহত্যাগঃ) এতদ্বচনন্তু তৃতীয়াদিদিবসীয়াকালবৃষ্ট্যভিপ্রায়েণ। অতোদিনেনৈকদিনং ত্যাজ্যং দ্বিতীয়েন দিনত্রয়ং। তৃতীয়েন চ সপ্তাহং ত্যজেদকালবর্ষণে। ইতি ন্যায়রত্নপরিগৃহীতবাক্যেঽপি দিনেন দিনবৃষ্টিবর্ষণেন এবং দ্বিতীয়ে নেত্যাদৌ জ্ঞেয়ং।

অকালবৃষ্টি দর্শন করিয়া নিজের মঙ্গলাকাঙ্ক্ষী মনুষ্য একপদও গমন করিবে না! অর্থাৎ যাত্রা নিষিদ্ধ, আর শুভাভিলাষী ব্যক্তি ক্ষৌর (চূড়া কর্ম) কি উপনয়নাদি মনেও স্থান দিবে না অর্থাৎ উক্ত সকল কার্য্য নিষেধ। ৩১

আবৈশাখাদ্‌ভুজগবনিতাচুম্বনায়াসখিন্নঃ
দেবোদৈত্যপ্রমথনপটুর্যাবদেকান্তশান্তঃ।
অন্তঃ শয্যাপরিগততনুর্যোগনিদ্রামুপৈতি
তাবদ্‌বৃষ্টেঃ সময়োচিতোব্রহ্মণা ভাষিতোঽয়ম্‌॥ ৩২

ইতিসৎকৃত্যমুক্তাবল্যাং।

সৎকৃত্যমুক্তাবলী ধৃতবচনে উক্ত হইয়াছে যে,—দৈত্যদমনকারী ভগবান্‌ বিষ্ণু সর্পবনিতার চুম্বনদ্বারা পরিশ্রান্ত হইয়া ক্লান্তিদূর করিবার নিমিত্তে জলশয্যায় যে কালপর্য্যন্ত নিদ্রিত হইয়াছিলেন, বৈশাখমাস হইতে সেই সময় পর্য্যন্ত অকালবৃষ্টির সময়। ৩২

অকালস্তু ততোবৃষ্টের্যাবদ্‌বহ্নিমহোৎসবঃ॥ ৩৪

ইতিসৎকৃত্যমুক্তাবল্যাং।

সৎকৃত্যমুক্তাবলী-ধৃতবচনান্তরে কথিত হইয়াছে যে—শ্রীহরির উত্থান হইতে দোল পূর্ণিমা পর্য্যন্ত বৃষ্টি হইলে তাহাকে অকালবৃষ্টি জানিবে। * ৩৩

অথানধ্যায়কথনং

প্রতিপৎ পঞ্চপর্ব্বাণি কৃষ্ণা পৌষস্য সপ্তমী।
চৈত্রে কৃষ্ণদ্বিতীয়া চ নবমী শুক্লগাশ্বিনে।
দ্বে দ্বিতীয়ে সহোমাঘোর্জ্জাষাঢ়াশ্বিনফাল্গুনে।
দ্বাদশী শয়নোত্থানপরিবর্ত্তেষু যা ভবেৎ।
মন্বাদয়োযুগাদ্যাশ্চ অশৌচপ্রেতপক্ষকৌ।
অনধ্যায়োঽত্র কর্ত্তব্য ইতিবেদবিদাং স্মৃতিঃ॥
ত্র্যহং কুর্য্যাদনধ্যায়মম্বুবাচ্যুপরাগয়োঃ।
সন্ধ্যাগর্জ্জশ্রাদ্ধভুক্তিভুকম্পাদাবহর্নিশম্‌॥ ৩৩

ইতিজ্যোতিঃসারে।

* অকালবৃষ্টিতে শ্রীহরির উত্থান হইতে শয়ন পর্য্যন্ত প্রথমপক্ষ পরিত্যাগ করাই বিধেয়। পৌষাদি চারি মাস কি শ্রীহরির উত্থান হইতে দোলপূর্ণিমা পর্য্যন্ত দ্বিতীয়পক্ষ আপৎ বিষয়ে এবং পৌষাদি দুই মাস অত্যন্ত আপৎ বিষয়ে পরিত্যাজ্য। অকালবৃষ্টি বিবাহ-প্রকরণে কালাশুদ্ধি প্রসঙ্গে বিশেষরূপে কথিত হইয়াছে পাঠকগণ দেখিয়া লইবেন।

অনধ্যায় কথিত হইতেছে—প্রতিপদ্, পক্ষপর্ব্ব,পৌষের কৃষ্ণাসপ্তমী, চৈত্রের কৃষ্ণাদ্বিতীয়া, আশ্বিনের শুক্লানবমী, অগ্রহায়ণ, মাঘ, কার্ত্তিক, আষাঢ়, আশ্বিন ও ফাল্গুনমাসের উভয় পক্ষীয়দ্বয় দ্বিতীয়া, শয়ন, উত্থান ও পার্শ্বপরিবর্ত্তন দ্বাদশী; মন্বন্তরা, যুগাদ্যা, অশৌচ ও প্রেতপক্ষ এই সকল দিনে অনধ্যায় হয়; ইহা বেদবেত্তাদিগের মত। আর অম্বুবাচি ও গ্রহণে তিনদিন, সন্ধ্যাগর্জ্জনে ও শ্রাদ্ধান্নভোজনে একদিন এবং ভূকম্পাদি হইলেও একদিন অনধ্যায় হইয়া থাকে। ৩৪

ব্রতেঽহ্নি পূর্ব্বসন্ধ্যায়াং * বারিদো যদি গর্জ্জতি।
ব্রতং তত্র তু † নৈব স্যাদিতি ধর্ম্মোব্যবস্থিতঃ॥ ৩৫

ব্রতদিনে (উপনয়নদিনে) পূর্ব্বসন্ধ্যাতে মেঘগর্জ্জন হইলে উপনয়ন করিবে না, মুনিগণ কর্ত্তৃক এই ধর্ম্ম ব্যবস্থাপিত হইয়াছে। ৩৫

কার্ত্তিকস্যাশ্বিনস্যাপি ফাল্গুনাষাঢ়য়োরপি।
কৃষ্ণপক্ষে দ্বিতীয়ায়ামনধ্যায়ং বিদুর্ব্বুধাঃ॥ ৩৬

ইতিশ্রীপতিব্যবহারসমুচ্চয়ে।

কার্ত্তিক, আশ্বিন,ফাল্গুন ও আষাঢ়ের কৃষ্ণপক্ষের দ্বিতীয়া অনধ্যায়, পণ্ডিতগণ এইরূপ বলিয়াছেন। ৩৬

যুগাদ্যেষু যুগান্তেষু তথা মন্বন্তরাদিষু।
সন্ধ্যাগর্জ্জেঽকালশুদ্ধৌ বিদ্যারম্ভং ন কারয়েৎ॥ ৩৭

ইতিসৎকৃত্যমুক্তাবল্যাং।

যুগাদ্যাতিথি * যুগান্ততিথি, মন্বন্তরা † সন্ধ্যাগর্জ্জন ও কালাশুদ্ধিতে বিদ্যারম্ভ (বেদারম্ভ) করাইবে না। ৩৭

---

* পূর্ব্বদিনে সায়ংসন্ধ্যাগর্জ্জনে পরদিনে ব্রতনিষেধ ইতি মৈথিলমতং। পূর্ব্বপদমত্র পরসন্ধ্যাব্যাবর্ত্তকং স্বরূপাখ্যানং পরং বেতি স্মার্ত্তাঃ।

† তদ্দিনং স্যাদনধ্যায়ঃ ব্রতং তত্র ন কারয়েদিতি পরার্দ্ধং ভীমপরাক্রমে।

* যুগাদ্যামাহ। বৈশাখে শুক্লপক্ষে তু তৃতীয়ায়াং কৃতং যুগং। কার্ত্তিকে শুক্লপক্ষে তু ত্রেতাথ নবমেঽহনি। অথ ভাদ্রপদে কৃষ্ণত্রয়োদশ্যান্তু দ্বাপরং। মাঘে চ পৌর্ণমাস্যাং বৈ ঘোরং কলি যুগং স্মৃতং। যুগারম্ভাস্তু তিথয়োযুগাদ্যাস্তেন বিশ্রুতাঃ। ইতি ব্রহ্মপুরাণং।

† অথ মন্বন্তর। অশ্বযুক্ শুক্লনবমী দ্বাদশী কার্ত্তিকী তথা। তৃতীয়া চৈত্রমাসস্য তথা ভাদ্রপদস্য চ। ফাল্গুনস্যাপ্যমাবস্যা পৌষস্যৈকাদশী তথা। আষাঢ়স্যাপি দশমী

অয়নে বিষুবে চৈব শয়নে বোধনে হরেঃ ।
অনধ্যায়োঽত্র কর্ত্তব্যোমন্বাদিষু যুগাদিষু ॥ ৩৮

অয়নসংক্রান্তি, বিষুবসংক্রান্তি, শ্রীহরির শয়ন, বোধন এবং মন্বন্তরা ও যুগাদ্যা এই সকল অনধ্যায় । ৩৮

### অথোপনয়নকালঃ ।

গর্ভাষ্টমেঽষ্টমে বাব্দে ব্রাহ্মণস্যোপনয়নং ।
রাজ্ঞামেকাদশে সৈকে * বিশামেকে যথাকুলম্ ॥ † ৩৯

ইতিজ্যোতিস্তত্ত্বে ।

অধুনা উপনয়নের কাল কথিত হইতেছে,—গর্ভাষ্টমে * অথবা অষ্টমবৎসরে ব্রাহ্মণশিশুর উপনয়ন দিবে । আর ক্ষত্রিয়ের একাদশ বৎসরে এবং বৈশ্যের দ্বাদশবৎসরে উপনয়ন দিতে হইবে । অথবা কুল-ধর্ম্মানুসারে যেরূপ বয়সে প্রথা থাকে সেই সময়েও হইতে পারে । ৩৯

বিপ্রস্য ষোড়শব্দর্ষাদ্রাজ্ঞোদ্বাবিংশতেঃ পরং ।
বৈশ্যস্যাষ্টত্রিকাদব্দাৎ সাবিত্রীপতনং ভবেৎ ॥ ৪০

ইতিমার্কণ্ডেয়ঃ ।

মার্কণ্ডেয় কহিয়াছেন—ব্রাহ্মণের ষোড়শবর্ষের পরে, ক্ষত্রিয়ের দ্বাবিংশতি-বৎসরের পরে এবং বৈশ্যের চতুর্ব্বিংশতি বৎসরের পরে সাবিত্রী পতন হয় । ৪০

---

তথা মাঘস্য সপ্তমী । শ্রাবণস্যাষ্টমী কৃষ্ণা তথাষাঢ়স্য পূর্ণিমা । কার্ত্তিকী ফাল্গুনী চৈত্রী জ্যৈষ্ঠী পঞ্চদশী সিতা । মন্বন্তরাদয়স্ত্বেতা দত্তস্যাক্ষয়কারিকাঃ ॥ ইতি ভবিষ্যমৎস্যপুরাণয়োঃ । অত্র অমাবস্যাষ্টমী ব্যতিরিক্তাঃ শুক্লাঃ পুনঃ পুনস্তথা পদোপাদানাৎ উপক্রমোপসংহারয়োঃ শুক্লত্বকীর্ত্তনাচ্চ । কামধেনৌ তৃতীয়া চৈব মাঘস্যেতি কল্পতরৌতু তৃতীয়া চৈত্রমাসস্যেতি লিখিতং অত্র পাঠবৈধে শ্রীপতিরত্নমালায়াং । অশ্বযুজি শুক্লনবমী দ্বাদশ্যূর্জ্জে মধৌ তৃতীয়া চ ইতি পাঠাচ্চৈত্রে তৃতীয়ৈব গ্রাহ্যা শ্রীদত্তোঽপ্যেবং ইতি তিথিতত্ত্বে স্মার্ত্তাঃ ।

* একাদশে সৈকে দ্বাদশে গর্ভদেকাদশে রাজ্ঞোগর্ভাত্তু দ্বা দশে বিশঃ । ইতি বচনান্তর-শ্রবণাৎ ।

† দেশানুশিষ্টং কুলধর্ম্মমগ্র্যং স্বগোত্র ধর্ম্মং ন হি সন্ত্যজেচ্চ । ইতি বামনপুরাণং ।

* জন্ম হইতে গণনায় ছয়বৎসর তিনমাসের পরে গর্ভাষ্টমকাল বলা যায় ।

ষোড়শাব্দোহি বিপ্রস্য রাজন্যস্য দ্বিবিংশতিঃ।
বিংশতিঃ সচতুর্থী চ বৈশ্যস্য পরিকীর্ত্তিতা।
সাবিত্রী নাতিবর্ত্তেত অত ঊর্দ্ধং নিবর্ত্ততে॥ ৪২ *

ইতিবিষ্ণুধর্ম্মোত্তরে।

ষোড়শবর্ষ পর্য্যন্ত ব্রাহ্মণের উপনয়ন হইতে পারে, এইরূপ ক্ষত্রিয়ের দ্বাবিংশতিবর্ষ ও বৈশ্যের চতুর্ব্বিংশতিবর্ষ পর্য্যন্ত উপনয়নের কাল, কিন্তু উক্তকালের পরে সাবিত্রী পতন হয়, বিষ্ণুধর্ম্মোত্তরগ্রন্থে এইরূপ লিখিত আছে। ৪২

আষোড়শাচ্চ দ্বাবিংশাচ্চতুর্ব্বিংশাচ্চ বৎসরাৎ।
ব্রহ্মক্ষত্রবিংশাং কাল ঔপনায়নিকঃ পরঃ॥ ৪৩ †

ইতিযাজ্ঞবল্ক্যঃ।

যাজ্ঞবল্ক্য বলিয়াছেন—ব্রাহ্মণের ষোড়শবর্ষ পর্য্যন্ত, ক্ষত্রিয়ের দ্বাবিংশতিবর্ষ পর্য্যন্ত এবং বৈশ্যের চতুর্ব্বিংশতিবর্ষ পর্য্যন্ত উপনয়নের কাল। ৪৩

ঔপনায়নিকঃ কালঃ পরঃ ‡ ষোড়শবার্ষিকঃ।
দ্বাবিংশতিঃ পরোহন্যস্য স্যাচ্চতুর্ব্বিংশতিঃ পরঃ॥ ৪৪

ইতিব্যাসঃ।

ব্যাস কহিয়াছেন যে—ব্রাহ্মণের ষোড়শবর্ষ, ক্ষত্রিয়ের দ্বাবিংশতিবর্ষ ও বৈশ্যের চতুর্ব্বিংশতিবর্ষ উপনয়নের অন্ত্যকাল অর্থাৎ উক্ত বর্ষেই উপনয়নের আবশ্যকতা। ৪৪

---

* আভ্যাং ( মার্কণ্ডেয়বিষ্ণুধর্ম্মোত্তরবচনাভ্যাং ) ষোড়শবর্ষাদূর্দ্ধ্বপরি যাবেন পঞ্চদশবর্ষোপরি যৎপতনমভিহিতং তদ্‌গর্ভজন্মপ্রভৃতিগণনাভ্যামবিরুদ্ধং তথা চ কৃত্যচিন্তামণৌ মাণ্ডব্যঃ। "ব্রতবন্ধবিবাহে তু বৎসরং পরিকল্পনমাহুরাচার্য্যাঃ আধানপূর্ব্বমেকে প্রসূতিপূর্ব্বং সদ'ন্যে তু। এবঞ্চ ব্যাসমার্কণ্ডেয়াদিবাক্যৈকবাক্যতয়া ন্যায়সিদ্ধ তয়া চ আষোড়শাদিত্যাদাবাঙোহভিবিধ্যর্থৈতেব অত্রাপি বর্ষগণনা সাবনেনৈব। যত্তু দ্বিজানামুপক্রম্য পৈঠীনসি বচনং। দ্বাদশষোড়শবিংশতিশ্চেদতীতা অবরুদ্ধা কালাতবন্তীতি। তদ্‌দ্বাদশবর্ষাদূর্দ্ধ্বপরি প্রত্যবায়াল্পত্বজ্ঞাপনপরমিতি শূলপাণ্যুপাধ্যায়াঃ। অত্র মহাব্যাহৃতিহোমপ্রায়শ্চিত্তং তদূর্দ্ধ্বং ব্রাত্যপ্রায়শ্চিত্তমিতি মলমাসতত্ত্বে স্মার্ত্তেনাভিহিতম্।

† অত্র যাজ্ঞবল্ক্যবচনে আঙভিবিধ্যর্থঃ। মর্য্যাদাভিবিধিসন্দেহে কার্য্যান্বিতত্বেনাভিবিধেরেব বলবত্ত্বাদিতি মলমাসতত্ত্বে স্মার্ত্তেনোক্তম্।

‡ পরোহন্ত্যঃ ষোড়শবার্ষিকঃ ষোড়শবর্ষং ব্যাপ্যভূতস্থিতি ইতি যাবৎ ইতি মলমাসতত্ত্বে স্মার্ত্তেন ব্যাখ্যাতম্।

পতিতা যস্য সাবিত্রী দশবর্ষাণি পঞ্চ চ।
ব্রাহ্মণস্য বিশেষেণ তথা রাজন্যবৈশ্যয়োঃ। *
প্রায়শ্চিত্তং ভবেদেষাং প্রোবাচ বদতাং বরঃ॥ ৪৫

ইতিযমঃ।

যম কহিয়াছেন যে—ব্রাহ্মণের পঞ্চদশবর্ষের মধ্যে যদি সাবিত্রী গ্রহণ অর্থাৎ উপনয়ন না হয়, আর ক্ষত্রিয়ের ও বৈশ্যের যথাকালে উপনয়ন না করা যায় তাহা হইলে প্রায়শ্চিত্ত (ব্রাত্যপ্রায়শ্চিত্ত) করিতে হইবে। ৪৫

আষোড়শাদ্‌ব্রাহ্মণস্য সাবিত্রী নাতিরিচ্যতে।
আদ্বিবিংশাচ্চ ক্ষত্রস্য আচতুর্ব্বিংশতের্ব্বিশঃ।
অতঃপরং নোপনেয়োব্রাত্যঃ সংস্কারহীনকঃ॥ ৪৬

ইতিজ্যোতিঃসারে।

জ্যোতিঃসারগ্রন্থ-ধৃতবচনে উক্ত হইয়াছে যে—ষোড়শবর্ষ পর্য্যন্ত ব্রাহ্মণ সাবিত্রী অর্থাৎ গায়ত্রীতে অনধিকারী হয় না, এইরূপ দ্বাবিংশতি বৎসর পর্য্যন্ত ক্ষত্রিয়ের এবং চতুর্ব্বিংশতিবর্ষ পর্য্যন্ত বৈশ্যের গায়ত্রীতে অধিকার থাকে, কিন্তু উক্তকালের পরে উপনয়ন হইতে পারে না ব্রাত্য ও সংস্কার হীন হইয়া থাকে। ৪৬

মার্কণ্ডেয়, বিষ্ণুধর্ম্মোত্তর, যাজ্ঞবল্ক্য ও যম প্রভৃতির বচনের অর্থ নানারূপ হইতে পারে অর্থাৎ কোন বচনে ষোড়শবর্ষ পর্য্যন্ত উপনয়ন বিধান ও বচনান্তরে পঞ্চদশবর্ষের পর উপনয়ন নিষেধ আছে, অতএব উক্ত সকল বচনের মীমাংসার নিমিত্তে স্মার্ত্ত ভট্টাচার্য্য বিষয়ভেদে (গর্ভগ্রহণ ও জন্ম-সময় হইতে গণনা করিয়া) বিধি ও নিষেধের সার্থক রাখিয়াছেন, "গর্ভ-গ্রহণ হইতে পঞ্চদশ বর্ষের পর উপনয়ন নিষেধ" এইরূপ মীমাংসা করিয়াছেন।

ইত্যুপনয়নম্।

---

## অথ সমাবর্ত্তনম্।

তৃতীয়লাভারিগতৈরসৌম্যৈঃ কেন্দ্রত্রিকোণোপগতৈঃ শুভৈশ্চ।
চূড়োদিতর্ক্ষাদিবিলগ্নযোগে মৌঞ্জীবিমোক্ষঃ শুভদোদ্বিজানাম্॥ ১

ইতিদীপিকায়াং।

---

* পূর্ব্বোক্তবিষ্ণুধর্ম্মোত্তরবচনে ষোড়শবর্ষস্ত উপনয়নাঙ্গতা অত্র যমবচনে তদনঙ্গতা প্রতীয়তে অদয়োর্গর্ভজন্মপ্রভৃতিগণনাভ্যামবিরুদ্ধতা। ইতি জ্যোতিস্তত্ত্বে স্মার্ত্তেনোক্তম্।

অধুনা সমাবর্ত্তন কথিত হইতেছে যে, লগ্নের তৃতীয়, একাদশ ও ষষ্ঠ-স্থানে পাপগ্রহগণ অবস্থিত হইলে আর কেন্দ্র ও ত্রিকোণস্থানে শুভগ্রহ থাকিলে চূড়োদিত নক্ষত্রে বার, তিথি, যোগ ও লগ্নাদিতে দ্বিজগণের মৌঞ্জী-বিমোক্ষণ শুভদ হয়। ১

সমাবর্ত্তনমাহ। তৃতীয়েতি। চূড়াকরণোক্তেষু নক্ষত্রাদিষু চূড়োক্তলগ্নযোগে চ আদিশব্দাৎ তিথিবারাদি চূড়াবজ্জ্ঞাতব্যমিত্যর্থঃ। মৌঞ্জীবিমোক্ষঃ সমাবর্ত্তনং শেষং সুগমং। ১

ভৌমভানুজয়োর্ব্বারে নক্ষত্রে চ ব্রতোদিতে।
তারা * চন্দ্রবিশুদ্ধৌ চ সমাবর্ত্তনমিষ্যতে॥ ২

ইতিজ্যোতিস্তত্ত্বে।

জ্যোতিস্তত্ত্বধৃতবচনে লিখিত আছে যে—মঙ্গল অথবা শনিবারে উপনয়ন বিহিত নক্ষত্রে তারা ও চন্দ্র শুদ্ধ থাকিলে সমাবর্ত্তন হইতে পারে। ২

ইতি সমাবর্ত্তনম্।

## অথাগ্নিগ্রহণম্।

বহ্নিগ্রহং কুজগুরুজ্ঞদিনেশবারে মাঘাদিষট্সু চ মৃদুধ্রুববহ্নিভেষু।
কুম্ভাজভাংশকবিলগ্নমশুদ্ধকালং লগ্নস্থশীতগুসিতৌ চ বিহায় কুর্য্যাৎ॥ ১

অনন্তর বহ্নিগ্রহণ কথিত হইতেছে ;—মঙ্গল, বৃহস্পতি, বুধ ও রবিবারে মাঘাদি ছয়মাস মধ্যে চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, ও কৃত্তিকানক্ষত্রে, কুম্ভ, মেষ ও জলজ-রাশির উদয় ও নবাংশ ভিন্ন লগ্নে, অশুদ্ধ কাল ভিন্ন লগ্নে চন্দ্র ও শুক্র না থাকিলে অগ্নিগ্রহণ করিবে। ১

অগ্নিগ্রহণপরীক্ষায়াস্তু বিশেষমাহ। বহ্নিগ্রহমিতি। মঙ্গলগুরুজ্ঞরবিবারেষু মাঘাদি-ষট্সু মৃদুধ্রুবগণকৃত্তিকাসু কুম্ভাজস্য চ জলজরাশেরংশকং ন ৮/২শং লগ্নঞ্চ ত্যক্ত্বা অশুভ-কালং শুক্রাস্তাদি ত্যক্ত্বা বহ্নিগ্রহণং কুর্য্যাৎ। শেষং সুগমং ১

## অথ ধনুর্ব্বিদ্যারম্ভঃ।

অদিতিগুরুযমার্কস্বাতিপিত্র্যাগ্নিচিত্রা-
ধ্রুবহরিবসুমূলাশ্বীন্দুভাগ্যান্ত্যভেষু।

---

* কালচন্দ্রবিশুদ্ধৌ চেত্যপি পাঠান্তরং।

বিশনিশশিবুধাহে বিষ্ণুবোধে বিপৌষে
সুসময়তিথিযোগে চাপবিদ্যা প্রদানম্। ১

অধুনা ধনুর্ব্বিদ্যারম্ভ কথিত হইতেছে—পুনর্ব্বসু, পুষ্যা, ভরণী, হস্তা, স্বাতী, মঘা, কৃত্তিকা, চিত্রা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, শ্রবণা, ধনিষ্ঠা, মূলা, অশ্বিনী, মৃগশিরা, পূর্ব্বফল্গুনী ও রেবতীনক্ষত্রে, শনি, সোম ও বুধবার ভিন্নে শ্রীহরির বোধে, পৌষ, চৈত্র ভিন্ন মাসে কালশুদ্ধি, থাকিলে রিক্তা ভিন্ন শুভতিথি ও যোগাদিতে ধনুর্ব্বিদ্যা প্রদান করিবে। ১

ধনুর্ব্বিদ্যারম্ভমাহ। অদিতীতি। ধ্রুবো ধ্রুবগণঃ ১২।২১।২৬।৪ ভাগাঃ পূর্ব্বফল্গুনী-ত্যর্থঃ। শনিবুধচন্দ্রবারাংস্ত্যক্ত্বা বিষ্ণুবোধে হরেরুত্থানে বিপৌষে পৌষং ত্যক্ত্বা চাপবিদ্যাদানং কুর্য্যাৎ। পৌষ ইত্যুপলক্ষণং চৈত্রঞ্চ যথা রাজমার্ত্তণ্ডে। "হরৌ সুপ্তে তথা পৌষে চৈত্রে বাপ্যসিতেতরে। শশিসৌম্যশনের্ব্বারে ধনুর্ব্বিদ্যা ন শস্যতে।" সুসময়ে কালশুদ্ধৌ সুতিথৌ অরিক্তে তিথৌ সুযোগে চ কার্য্যমিত্যর্থ। ১

# অথ মোক্ষদীক্ষা (সন্ন্যাসগ্রহণম্)

জীবার্কেন্দুড়ুশুদ্ধৌ ধ্রুবমৃদুগণভে চোত্তরস্থে দিনেশে
প্রব্রজ্যেশে স্ববীর্য্যে স্থিরভবনবিলগ্নস্থিতেঽর্কেজ্যবারে।
প্রব্রজ্যাখ্যেষু যোগেষ্বশুভগগনগৈর্ব্বীর্য্যহীনৈঃ সুবীর্য্যে
জীবে ধর্ম্মে স্মরে বা স্থিরভবননবাংশোদয়ে মোক্ষদীক্ষা॥১

অধুনা মোক্ষদীক্ষা অর্থাৎ সন্ন্যাসগ্রহণ কথিত হইতেছে—বৃহস্পতি, রবি, চন্দ্র এবং নক্ষত্র গোচরে শুদ্ধ হইলে উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, চিত্রা, অনুরাধা, মৃগশিরা ও রেবতীনক্ষত্রে উত্তরায়ণে প্রব্রজ্যাধিপগ্রহ বলবান্ অবস্থায় স্থিরলগ্নে থাকিলে, রবি কিম্বা বৃহস্পতিবারে প্রব্রজ্যাখ্যযোগে অশুভ গ্রহগণ হীনবীর্য্য হইলে, বলবান্ বৃহস্পতি নবম বা সপ্তমস্থানে থাকিলে, স্থিররাশির উদয়ে অথবা নবাংশে মোক্ষদীক্ষা কর্ত্তব্য। ১

মোক্ষার্থদীক্ষামাহ। জীবার্কেতি। জাতকচন্দ্রিকাদৌ তাপস বুদ্ধেত্যাদিনা প্রব্রজ্যেশা উক্তা যেন বা প্রব্রজ্যা কার্য্যা তদীশ্বরে বলবতী। স্থিরলগ্নে স্থিতে সতি প্রব্রজ্যাযোগে চ রবিচন্দ্রজীবশুদ্ধৌ চ ধ্রুবমৃদুগণনক্ষত্রেষু মাঘাদিষট্‌কে স্থিরভবনে বিলগ্নে রবিগুরুবারে প্রব্রজ্যাযোগেঽশুভগ্রহৈর্যত্র তত্রস্থৈর্ব্বলহীনৈঃ সদ্ভিঃ স্ববীর্য্যে বলবতী জীবে নবমে সপ্তমে বা স্থিতে স্থির নবাংশোদয়ে চ মোক্ষদীক্ষা বিহিতৈবেত্যর্থঃ। :শেষং সুগমং। ১

## অথ নৃপাভিষেকঃ।

পুষ্টৈঃ শুক্রেন্দুজীবৈর্ধ্রুবলঘুবলভিদ্বিষ্ণুমৈত্রেন্দুপৌষ্ণৈঃ
সল্লগ্নে পাকজন্মোদয়পতিষু বিরন্ধ্রারিগেন্দাবসৌম্যৈঃ।
ত্র্যায়ারিস্থৈরথাষ্টব্যয়গৃহরহিতৈঃ সদ্‌গ্রহৈঃ কেন্দ্রকোণে
বীর্য্যাঢ্যে ক্ষত্রিয়েশে সুদিনতিথিশুভেন্দৌ নৃপস্যাভিষেকঃ॥ ১

অধুনা নৃপাভিষেক কথিত হইতেছে,—শুক্র, চন্দ্র ও বৃহস্পতি পূর্ণবলবান্ হইলে উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ, রোহিণী, পুষ্যা, অশ্বিনী, হস্তা, জ্যেষ্ঠা, শ্রবণা, অনুরাধা, মৃগশিরা ও রেবতীনক্ষত্রে তৎকালীন দশাধিপতি জন্মরাশ্যধিপতি ও জন্মলগ্নাধিপতি গ্রহ সকল শুভ হইলে, গোচরে ষষ্ঠ ও অষ্টম ভিন্ন স্থানে চন্দ্র অবস্থিতি করিলে, তৃতীয় একাদশ ও ষষ্ঠস্থানে পাপগ্রহগণ না থাকিলে, অষ্টম ও দ্বাদশস্থানে শুভগ্রহগণ থাকিলে, ক্ষত্রিয়েশগ্রহ (যে জাতির অভিষেক হইবে সেই জাতির অধিপতি গ্রহ) বলবান্ হইয়া কেন্দ্রস্থিত হইলে, শুভগ্রহের বারে শুভতিথিতে শুভযোগে গোচরে চন্দ্রশুদ্ধ হইলে রাজার অভিষেক কর্ত্তব্য। ১

রাজ্যাভিষেকমাহ। পুষ্টৈরিতি। শুক্রেন্দুজীবৈঃ পুষ্টৈঃ স্ফুটকিরণজালৈঃ ধ্রুবলঘুগণাদি নক্ষত্রৈঃ সল্লগ্নে শুভগ্রহস্ত লগ্নে পাকজন্মোদয়পতিষু সৎসু পাকপতিস্তৎকালীনদশেশঃ জন্মরাশ্যধিপোজন্মলগ্নাধিপতিশ্চ তেম্বিত্যর্থঃ। বিরন্ধ্রারিগেন্দৌ তৎকাললগ্নাদষ্টমষষ্ঠবর্জ্জিতে চন্দ্রে ত্র্যায়ারিস্থৈরসৌম্যৈঃ পাপৈঃ শুভৈর্ব্যয়াষ্টমরহিতৈঃ বলবতি ক্ষত্রিয়েশে কেন্দ্রে ত্রিকোণে চ স্থিত ইতি ক্ষত্রিয়েশ ইত্যুপলক্ষণং যোঽভিষিচ্যতে তজ্জাত্যধিপ ইত্যর্থঃ। সুদিনতিথিশুভেন্দাবিতি সুদিনে শুভগ্রহবারে সুতিথৌ রিক্তাহীনে তিথৌ সুযুতৌ যুতির্যোগোবিষ্কুম্ভাদিঃ সুযুতেম্বিন্দৌ গোচরশুভে চন্দ্রে নৃপাভিষেকঃ কার্য্যঃ। ১

## অথ নববস্ত্রপরিধানম্।

ব্রহ্মানুরাধবসুতিষ্যবিশাখহস্তাচিত্রোত্তরাশ্বিপবনাদিতিরেবতীষু।
জন্মর্ক্ষজীববুধশুক্রদিনোৎসবাদৌ ধার্য্যং নবং বসনমীশ্বরবিপ্রতুষ্টৌ॥

ইতিদীপিকায়াং।

ইদানীং নববস্ত্র পরিধান করার দিন কথিত হইতেছে,—রোহিণী, অনুরাধা, ধনিষ্ঠা, পুষ্যা, বিশাখা, হস্তা, চিত্রা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, অশ্বিনী, স্বাতী, পুনর্ব্বসু ও রেবতীনক্ষত্রে বৃহস্পতি, বুধ, ও শুক্রবারে

নূতনবস্ত্র পরিধান করিবে। আর বিবাহাদি উৎসবকর্ম্মে, জন্মনক্ষত্রে, জন্মদিনে অনুক্তংবার ও নক্ষত্রে ব্রাহ্মণ ও ঈশ্বরের তুষ্টির জন্যে নববস্ত্র পরিধান করিতে পারিবে। ১

নববস্ত্রপরিধানমাহ। ব্রহ্মেতি। রোহিণ্যাদিনক্ষত্রেষু জন্মনক্ষত্রে জন্মদিনে জীববুধ শুক্রবারেঽনুক্তবারনক্ষত্রে বিবাহাদ্যুৎসবে ঈশ্বরবিপ্রতুষ্টৌ চ নবাংশুকং ধার্য্যং। যথা রাজমার্ত্তণ্ডে। "রবিণাক্রান্তে বস্ত্রং সোমে শোকজলপ্লুতং। অঙ্গারকে ভবেন্মৃত্যুঃ সর্ব্বং হন্তি শনৈশ্চরে॥" ভোক্তুর্নবাম্বরং শস্তমৃক্ষেঽপি গুণবর্জ্জিতে। বিবাহে রাজসম্মানে ব্রাহ্মণানাঞ্চ সম্মতৌ॥ ১

অন্যচ্চ।

সূর্য্যে চাল্পধনং ব্রণং শশিদিনে ক্লেশং সদা ভূমিজে
বস্ত্রাণাং বহুধা বুধে সুরগুরৌ সৌখ্যং সদা ধারণে।
নানাভোগযুতং প্রমোদশয়নং দিব্যাঙ্গনাভার্গবে
মন্দে রোগযুতং সদা চ কলহোবস্ত্রে ধৃতে নূতনে॥ ২

রবিবারে নূতনবস্ত্র পরিধান করিলে দরিদ্র হয়; এইরূপ সোমবারে ব্রণরোগযুক্ত, মঙ্গলবারে ক্লেশভাজন, বুধ ও বৃহস্পতিবারে বহুপ্রকারে সুখী, শুক্রবারে নানাভোগযুক্ত, সুনিদ্র ও উত্তমাস্ত্রীর পতি হয়, আর শনিবারে নূতনবস্ত্র পরিধান করিলে রোগযুক্ত ও সর্ব্বদা কলহে অভিভূত হইয়া থাকে। ২

অপরঞ্চ।

ধনিষ্ঠা রোহিণী হস্তা বিশাখোত্তরভাদ্রকাঃ।
পুষ্যা পুনর্ব্বসুঃ স্বাতী চিত্রাশ্বিনী চ রেবতী।
নববস্ত্রপরিধানমেতেষু শুভদং ভবেৎ॥ ৩

ইতি জ্যোতিঃসারে।

ধনিষ্ঠা, রোহিণী, হস্তা, বিশাখা, উত্তরভাদ্রপদ, পুষ্যা, পুনর্ব্বসু, স্বাতী, চিত্রা, অশ্বিনী ও রেবতীনক্ষত্রে নববস্ত্র পরিধান শুভদ হয়। ৩

প্রকারান্তরঞ্চ।

অনেষ্টেষ্বপি ঋক্ষেষু শস্তমম্বরধারণং।
উদ্বাহরাজসম্মানে ব্রহ্মণানাঞ্চ সম্মতৌ॥ ৪

ইতিজ্যোতিঃসারে।

বিবাহকালে কি রাজসম্মান সময়ে অনুক্ত নক্ষত্রেও ব্রাহ্মণের অনুমতি গ্রহণ করিয়া নববস্ত্র পরিধান করিতে পারিবে। ৪

অথ বস্ত্রক্ষারসংযোগনিষেধঃ।

মন্দমঙ্গলষষ্ঠীষু দ্বাদশ্যাং শ্রাদ্ধবাসরে।
বস্ত্রাণাং ক্ষারসংযোগে দহত্যাসপ্তমং কুলং॥ ৫

ইতিস্মৃতিসারে।

বস্ত্রক্ষারসংযোগে নিষিদ্ধকাল কথিত হইতেছে,—শনিবারে ও মঙ্গলবারে ষষ্ঠী, দ্বাদশীতিথিতে এবং শ্রাদ্ধদিবসে বস্ত্রে ক্ষারসংযোগ করিলে সপ্তমকুল পর্য্যন্ত দগ্ধ হয়। ৫

অন্যচ্চ।

সংক্রান্ত্যাং পক্ষয়োরন্তে দ্বাদশ্যাং শ্রাদ্ধবাসরে।
বস্ত্রং ন পীড়য়েত্তত্র ন চ ক্ষারে তু যোজয়েৎ॥ ৬

সংক্রান্তিতে, অমাবস্যাতে, পূর্ণিমায়, দ্বাদশীতে এবং শ্রাদ্ধদিনে বস্ত্র নিষ্পীড়ন ও ক্ষারযোগ করিবে না। ৬

---

# অথ রত্নশঙ্খাদিধারণম্।

পুষ্যার্কাদিতিপিত্র্যমিত্রশশভৃদ্বিত্তধ্রুবত্বষ্টৃষু
মুক্তাদন্তসুবর্ণবিদ্রুমমণীন্ দধ্যাদ্বিবোধে হরৌ
পুষ্টেন্দৌ সময়ে শুভে ধ্রুবসুরাচার্য্যাদিতিশেঽঙ্গনা
নোরত্নং বিভূয়াৎ প্রবালকমণীন্ শঙ্খং হিতা স্বামিনে॥১

ইতিদীপিকায়াং।

ইদানীং রত্নাদি ধারণ কথিত হইতেছে,—পুষ্যা, হস্তা, পুনর্ব্বসু, মঘা, অনুরাধা, মৃগশিরা, ধনিষ্ঠা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী ও চিত্রানক্ষত্রে শ্রীহরিরশয়ন ভিন্নে—মুক্তা,হস্তীদন্তনির্ম্মিত ভূষণ,সুবর্ণ ও বিদ্রুমমণি প্রভৃতি স্ত্রী ও পুরুষ উভয়েই ধারণ করিতে পারিবে। কিন্তু পতির হিতাকাঙ্ক্ষা করিলে উত্তরাত্রয়ে, রোহিণীতে, পুষ্যায় ও পুনর্ব্বসুতে স্ত্রীগণ রত্ন, প্রবাল, মণি ও শঙ্খধারণ করিতে পারিবে না।

অলঙ্কারপরিধানমাহ। পুষ্যেতি। পুষ্যাদিনক্ষত্রেষু মুক্তাহস্তিদন্তপ্রবালাদীনি হরিবোধে পুষ্টেন্দৌ স্ফুটকিরণে গুরৌ কালশুদ্ধে শুভবারে শুভচন্দ্রে দধ্যাৎ পরিদধ্যাৎ অত্রৈব যোগে স্বামিনে হিতা ভর্ত্তুঃ কুশলকারিণী ধ্রুবগণে পুষ্যাপুনর্ব্বস্বোঃ শঙ্খং রত্নাদীংশ্চ ন দধ্যাৎ অদিতিরীশোযস্ত পুনর্ব্বসুরিত্যর্থঃ। রোহিণ্যুত্তরাত্রয়পুষ্যা পুনর্ব্বসুংশ্চ বর্জয়িত্বা উক্তেষু বিধিষু শঙ্খাদীনি দধ্যাদিত্যর্থঃ। তথা রাজমার্ত্তণ্ডে—"পৌষ্ণেন্দ্বশ্বিধনিষ্ঠাসু হস্তাদিষু চ পঞ্চসু। শঙ্খবিদ্রুমমুক্তানাং পরিধানং স্ত্রিয়া ভবেৎ"॥ ১

অন্যচ্চ

রেবত্যশ্বিধনিষ্ঠাসু হস্তাদিপঞ্চকেষু চ।
শঙ্খবিদ্রুমমুক্তানাং পরিধানং প্রশস্যতে॥ ২

ইতিসারসংগ্রহে।

রেবতী, অশ্বিনী, ধনিষ্ঠা, হস্তা, চিত্রা, স্বাতী, বিশাখা ও অনুরাধানক্ষত্রে শঙ্খ, বিদ্রুম ও মুক্তাধারণ প্রশস্ত। ২

অপরঞ্চ।

গুরুবুধসিতবারে শোভনস্থে শশাঙ্কে পিতৃকরবসুচিত্রামৈত্রপৌষ্ণোত্তরাসু
কনকরজতরত্নং শঙ্খমুক্তাপ্রবালং শুভদমিহসমগ্রং ধার্য্যমাণং মনুষ্যৈঃ॥৩

ইতিসারসংগ্রহে।

বৃহস্পতি, বুধ ও শুক্রবারে চন্দ্র শুভ থাকিলে মঘা, হস্তা, ধনিষ্ঠা, চিত্রা, অনুরাধা, রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদনক্ষত্রে, স্বর্ণ, রজত রত্ন, শঙ্খ, মুক্তা ও প্রবালধারণ মানবের শুভদ হইবে। ৩

প্রকারান্তরঞ্চ।

ধারয়েন্ন চ রোহিণ্যাং ভর্ত্তুর্জীবনকাঙ্ক্ষিণী।
বিষ্টিযোগে চ রিক্তায়াং শনিভৌমদিনে তথা॥ ৪

ইতিসারসংগ্রহে।

সারসংগ্রহে বচনান্তরে লিখিত আছে যে, রোহিণীনক্ষত্রে, বিষ্টিভদ্রায়, রিক্তাতিথিতে এবং শনি ও মঙ্গলবারে পতির জীবনাকাঙ্ক্ষিণী স্ত্রী শঙ্খাদি ধারণ করিবে না। ৪

অপিচ।

অস্তংগতে ভৃগুসুতে নয়নে চ বিষ্ণোর্জ্জন্মাষ্টচাপঝষগে চ রবৌ ন দধ্যাৎ
রিক্তেন্দুহীনদিবসে ন চ বিষ্টিযোগে শঙ্খাদিরত্নবসনং যুবতী ন দধ্যাৎ॥৫

ইতিসারসংগ্রহে।

শুক্র অস্ত থাকিলে অর্থাৎ কালাশুদ্ধিতে, শ্রীহরির শয়নে গোচরে জন্মস্থ ও অষ্টম রবিতে চৈত্র ও পৌষমাসে, রিক্তা অমাবস্যা ও বিষ্টিভদ্রা তিথিতে যুবতীগণ শঙ্খ-রত্নাদি ও নূতন বসনধারণ করিবে না। ৫

# অথনবশয্যাদ্যুপভোগঃ।

মৈত্রেন্দুপৌষ্ণপিতৃভাদিতিবাজিচিত্রাহস্তোত্তরাত্রয়হরীজ্যবিধাতৃভানি।
এতেষ্বভীষ্টশয়নাসনপাদুকাদিসম্ভোগকার্য্যমুদিতং মুনিভিঃ শুভাহে॥১

ইতি দীপিকায়াম্।

অধুনা নূতন শয্যাদির প্রথম উপভোগ কথিত হইতেছে—অনুরাধা, মৃগশিরা, রেবতী, মঘা, পুনর্ব্বসু, অশ্বিনী, চিত্রা, হস্তা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, শ্রবণা, পুষ্যা ও রোহিণীনক্ষত্রে শুভবার ও শুভতিথ্যাদিতে নূতনশয্যা, নবাসন ও নূতনপাদুকাদি প্রথম সম্ভোগ করিবে। ১

শয্যাদীনাং প্রথমভোগমাহ। মৈত্রেতি। আদ্যং প্রথমমুপভোগং কুর্য্যাদিত্যর্থঃ। শেষং সুগমম্। ১

অন্যচ্চ।

হরিকরমরুদনুরাধাবিধাতৃপৌষ্ণাদিতিধ্রুবোত্তরভে।
ভোজনবিধিশয্যাসনভোগারম্ভোহিতার্থায়॥ ২

ইতি চিন্তামণৌ হারীতঃ।

হারীত কহিয়াছেন,—শ্রবণা, হস্তা, স্বাতী, অনুরাধা, রোহিণী, রেবতী, পুনর্ব্বসু, পুষ্যা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদনক্ষত্রে অন্নাশন, নবশয্যাভোগ ও আসন পরিগ্রহ মঙ্গলপ্রদ হইয়া থাকে। ২

অপরঞ্চ।

হস্তাদিতিব্রহ্মগুরূত্তরেষু পৌষ্ণাশ্বিমূলেন্দুভচিত্রভেষু।
বারেষুজীবেন্দুসিতেন্দুজানাং * শয্যাসনাদীনি হিতপ্রদানি॥৩

ইতি শ্রীপতিসংহিতায়াম্।

শ্রীপতিসংহিতাতেও কথিত হইয়াছে যে,—হস্তা, পুনর্ব্বসু, রোহিণী, পুষ্যা, উত্তরাত্রয়, রেবতী, অশ্বিনী, মূলা, মৃগশিরা ও চিত্রানক্ষত্রে, বৃহস্পতি সোম শুক্র ও বুধবারে নবশয্যা, নবাসনাদি উপভোগ শুভপ্রদ হয়। ৩

প্রকারান্তরঞ্চ।

অনুরাধা-মৃগশিরা-রেবতী-চোত্তরাত্রয়ং।
হস্তা-চিত্রা-মঘা-পুষ্যা-শ্রবণা চ পুনর্ব্বসুঃ।
রোহিণী নবশয্যায়াং নবদ্রব্যাসনাদিষু।
প্রশস্তা নবপীঠাদৌ সম্ভোগে গ্রহবিদ্বদেৎ॥ ৪

ইতি জ্যোতিঃসারে।

---

* বারেন্দুজীবেন্দুসিতেন্দুজানাং ইতি পাঠান্তরম্।

জ্যোতিঃসারস্বতবচনে লিখিত আছে যে,—অনুরাধা, মৃগশিরা, রেবতী, উত্তরফল্গুণী, উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ, হস্তা, চিত্রা, মঘা, পুষ্যা, পুনর্ব্বসু ও রোহিণী নক্ষত্রে নবশয্যা, নবদ্রব্য, নবাসন ও নবপীঠাদি সম্ভোগ প্রশস্ত হয়। গ্রহবিৎ এইরূপ বলিয়াছেন। ৪

ইতি নবশয্যাদ্যুপভোগঃ।

# অথগজাদ্যারোহণম্।

পৌষ্ণাশ্বিনীপবনবারুণবাসুদেবচিত্রাদিতিশ্রবণহস্তসুরেজ্যভেষু।
বারে চ জীবশশিসূর্য্যসিতেন্দুজানামারোহণং গজতুরঙ্গরথেষু শস্তম্॥ ১

ইতি দীপিকায়াম্।

অধুনা গজাদি আরোহণ কথিত হইতেছে,—রেবতী, অশ্বিনী, স্বাতী, শতভিষা, ধনিষ্ঠা, চিত্রা, পুনর্ব্বসু, শ্রবণা, হস্তা ও পুষ্যানক্ষত্রে বৃহস্পতি, সোম, রবি, শুক্র ও বুধবারে হস্তী, ঘোটক ও রথাদিতে আরোহণ প্রশস্ত হয়। ১

অন্যচ্চ

পুষ্যাধনিষ্ঠাশ্বিনসৌম্যভেষু পৌষ্ণানিলাদিত্যকরাহ্বয়েষু॥
সবারুণর্ক্ষেষু বুধৈঃ স্মৃতানি সর্ব্বাণি কার্য্যাণি তুরঙ্গমানাম্॥ ২

পুষ্যা, ধনিষ্ঠা, অশ্বিনী, মৃগশিরা, রেবতী, স্বাতী, পুনর্ব্বসু, হস্তা ও শতভিষানক্ষত্রে অশ্বসম্বন্ধীয় সকল কার্য্য করিবে। ২

অপরঞ্চ।

পুষ্যহস্তাশ্বিনীপৌষ্ণধনিষ্ঠামূলবারুণে।
বাতাদিত্যেঽশ্বকার্য্যং সম্ম রিক্তাকুজবাসরে॥ ৩

পুষ্যা, হস্তা, অশ্বিনী, রেবতী, ধনিষ্ঠা, মূলা, শতভিষা, স্বাতী ও পুনর্ব্বসুনক্ষত্রে রিক্তা ভিন্ন তিথিতে এবং মঙ্গল ভিন্ন বারে অশ্বসম্বন্ধীয় কার্য্য করিবে। ৩

## অথগজবাজিক্রিয়াদন্তকল্পনক্রিয়ানিষেধশ্চ।

স্ববরুণগুরুপার্শ্বান্ত্যেষু ভৌমার্কিবারে
স্তুতিথিকরণতারাচন্দ্রযোগাদয়েষু।
শুভমিভহয়কার্য্যং চাথ সুপ্তে মুরারৌ
গুরুগৃহগতভানৌ কল্পয়েন্নেভদন্তান্॥ ৪

হস্তী ও অশ্বের ক্ষুরচ্ছেদনাদি কথিত হইতেছে,—ধনিষ্ঠা, শতভিষা, পুষ্যা এবং পার্শ্বমুখ নক্ষত্রগণে মঙ্গল ও শনিবারে শুভতিথি, শুভকরণ, শুভতারা, শুভচন্দ্র ও শুভলগ্নে হস্তী ও অশ্বের জিহ্বামার্জ্জন, রক্তমোক্ষণ, ক্ষুরচ্ছেদনাদি চিকিৎসা এবং প্রথম দমন প্রশস্ত; কিন্তু উক্ত যোগ হইলেও শ্রীহরির শয়নে কি সৌর চৈত্র অথবা পৌষমাসে হস্তীর দন্তমার্জ্জন ও ভূষণাদিক্রিয়া বিধেয় নহে। ৪

গজবাজিকার্য্যমাহ। স্ববরুণেতি। স্বঃ ধনিষ্ঠা বরুণঃ শতভিষা গুরুঃ পুষ্যা এষু পার্শ্বস্থ গণেষু ১৭।১৮।৫।১৩।১৪।১৫।২৭।৭ ইভহয়কার্য্যং হস্ত্যশ্বকার্য্যং প্রত্যঙ্গং জিহ্বামার্জ্জ নরক্ত-মোক্ষণখুরচ্ছেদনাদিচিকিৎসা প্রথম দমনঞ্চ কার্য্যং। অত্র চাত্রৈব যোগে হরিশয়নে শুভগৃহে রবৌ চৈত্রে পৌষে ইভদন্তান্ ন কল্পয়েৎ দন্তমার্জ্জনভূষাদিকং ন কার্য্যমিত্যর্থঃ। শেষং সুগমম্। ৪

---

## অথনবদোলাদ্যারোহণম্।

উগ্রেন্দুমূলাহিশিবাগ্নিবর্জ্জং শস্তেন্দুতারাতিথিলগ্নযোগে।
বিষ্টিক্ষমাপুত্ত্রযমাহবর্জ্জং দোলাদিকারোহণমাদ্যমিষ্টম্॥ ১

অনন্তর নবদোলাদি আরোহণ কথিত হইতেছে,—পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া পূর্ব্বভাদ্রপদ, মঘা, ভরণী, মৃগশিরা, মূলা, অশ্লেষা, আর্দ্রা ও কৃত্তিকাভিন্ন নক্ষত্রে চন্দ্র ও তারাশুদ্ধ থাকিলে, শুভতিথি, শুভলগ্ন ও শুভযোগে বিষ্টিভদ্রা তিথি, মঙ্গল ও শনিবার ভিন্নে নূতন দোলাদিতে প্রথম আরোহণ শুভ হয়। ১

নবদোলাদ্যারোহণমাহ। উগ্রেন্দ্বিতি। উগ্রগণাদিনক্ষত্রবর্জ্জিতে বিষ্টিমঙ্গলশনিবারবর্জ্জং দোলাখট্টাদিবাহনারোহণমাদ্যং ইষ্টং শস্তং। শেষং সুগমম্। ১

## অথখড়্গাদিধারণম্।

মূলেন্দুপূর্ব্বাত্রয়যাম্যপিতৃশক্রাগ্নিসর্পানলশূলিনশ্চ।
খড়্গাদিসংধারণমেব কুর্য্যাত্তিথৌ বিলগ্নে চ শুভেশুভাহে॥ ১

ইতি দীপিকায়াম্।

ইদানীং খড়্গাদিধারণ কথিত হইতেছে—মূলা, মৃগশিরা, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, ভরণী, মঘা, বিশাখা, অশ্লেষা, কৃত্তিকা ও আর্দ্রানক্ষত্রে শুভতিথি, শুভলগ্ন ও শুভদিনে খড়্গাদিধারণ করিবে। ১

খড়্গাদিধারণমাহ। মূলেতি, শূলী আর্দ্রা খড়্গাদীনাং খড়্গচর্ম্ম চক্রাদ্যস্ত্রাণাংধারণং কুর্য্যাৎ। শেষং সুগমম্। ১

## অথক্রয়বিক্রয়নক্ষত্রাণি।

যমাহিশক্রাগ্নিহুতাশপূর্ব্বা নেষ্টাঃ ক্রয়ে বিক্রয়ণে প্রশস্তা।
পৌষ্ণাশ্বিচিত্রাশতবিষ্ণুবাতাঃ ক্রয়ে হি বিক্রয়ণে নিষিদ্ধাঃ॥ ১

অধুনা ক্রয়-বিক্রয়ের নক্ষত্র কথিত হইতেছে,—ভরণী, অশ্লেষা, বিশাখা, কৃত্তিকা, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া ও উত্তরভাদ্রপদনক্ষত্র দ্রব্যাদিক্রয়ে প্রশস্ত নহে, কিন্তু বিক্রয়ে প্রশস্ত। রেবতী, অশ্বিনী, চিত্রা, শতভিষা, শ্রবণা, ও স্বাতীনক্ষত্র ক্রয়ে প্রসিদ্ধ কিন্তু বিক্রয়ে নিষিদ্ধ। ১

ক্রয়বিক্রয়চিন্তামাহ। যমেতি। শক্রাগ্নিসমুদিতোঃবিশাখা, শেষং স্পষ্টার্থম্। ১

---

## অথধনপ্রয়োগনিষেধঃ।

আজং যমবহ্নমহিত্রয়ঞ্চ শক্রত্রয়ং বাতযুগং মহেশঃ।
কার্য্যো ন চৈতেষু ধনপ্রয়োগো মৃদৌ গণে গ্রাহ্যমৃণং ন দেয়ম্॥ ১

ইদানীং ধনপ্রয়োগাদি কথিত হইতেছে,—পূর্ব্বভাদ্রপদ, ভরণী, কৃত্তিকা, অশ্লেষা, মঘা, পূর্ব্বফল্গুনী, জ্যেষ্ঠা, মূলা, পূর্ব্বাষাঢ়া, স্বাতী, বিশাখা ও আর্দ্রানক্ষত্রে ঋণদান ও ঋণগ্রহণ করিবে না। চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতীনক্ষত্রে ঋণগ্রহণ করিবে কিন্তু ঋণদান নিষেধ। এতদ্ভিন্ন নক্ষত্রে ঋণদান করিতে পারিবে। ১

ঋণদানগ্রহণনিষেধমাহ। আজমিতি। আজং ২৫ যমবহ্নং ২।৩ অহিত্রয়ং ৯।১০।১১ শক্রত্রয়ং ১৮।১৯।২০ বায়ুযুগ্মং ১৫।১৬ মহেশ আর্দ্রা ৬ মহেশমীশসহিতমিতি সৌভরেঃ প্রলাপঃ। এতেষু নক্ষত্রেষু ঋণপ্রয়োগঃঋণগ্রহণং দানঞ্চ ন কর্ত্তব্যং মৃদুগণে তু ১৪।১৭।৫।২৭ ঋণগ্রহণং কার্য্যং ন তু দেয়মিত্যর্থঃ। ১

---

## অথনৃপদর্শনম্।

ধ্রুবমৃদুলঘুবর্গে বাসবে বিষ্ণুদেবে বিকুজ রবিজবারে কেন্দ্রকোণেষু সংস্থ
বিতনুবৃষভপঞ্চাস্যোদয়ে চন্দ্রশুদ্ধৌ স্বতিথিকরণযোগে দর্শনং ভূমিপানাম্

অধুনা রাজদর্শন কথিত হইতেছে,—উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ, রোহিণী, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, পুষ্যা, অশ্বিনী, হস্তা, জ্যেষ্ঠা ও শ্রবণানক্ষত্রে, মঙ্গল ও শনিবার ভিন্নে কেন্দ্র ও ত্রিকোণে শুভগ্রহ থাকিলে, ব্যাত্মক বৃষ ও সিংহলগ্নে চন্দ্রশুদ্ধ হইলে শুভতিথি, শুভকরণ ও শুভযোগে রাজদর্শন কর্ত্তব্য। ১

যাজদর্শনমাহ। ধ্রুবেতি। ধ্রুবগণে মৃদুগণে লঘুগণে জ্যেষ্ঠা শ্রবণয়োশ্চ মঙ্গলশনিবর্জ্জিতে কেন্দ্রত্রিকোণেষু সৎসু শুভগ্রহেষু স্থাস্নুকলগ্নে বৃষসিংহলগ্নে চ ভূমিপানাং দর্শনং কার্য্যমিত্যর্থঃ। ১

# অথনাট্যারম্ভঃ।

অনুরাধা ধনিষ্ঠা চ পুষ্যা হস্তাত্রয়ং তথা।
জ্যেষ্ঠাবারুণপৌষ্ণে চ নাট্যারম্ভে শুভোগণঃ॥ ১

ইদানীং নাট্যারম্ভ কথিত হইতেছে,—অনুরাধা, ধনিষ্ঠা, পুষ্যা, হস্তা, চিত্রা, স্বাতী, জ্যেষ্ঠা, শতভিষা, ও রেবতীনক্ষত্রে নাট্যারম্ভ প্রশস্ত হয়। ১

নাট্যারম্ভে বিহিতনক্ষত্রগণমাহ। অনুরাধেতি স্পষ্টার্থম্। ১

# অথপুণ্যাহঃ [ করগ্রহণম্ ]

তীক্ষ্ণোগ্রবহ্নিভরম্ভেষু লগ্নে শীর্ষোদয়ে ভানুদিনে শুভাহে।
কুর্য্যাদমূন্যানি সমীহিতানি করগ্রহারম্ভমপি প্রজাভ্যঃ॥ ১

ইতি জ্যোতিঃসারে।

করগ্রহণ কথিত হইতেছে,—অশ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা, মূলা, পূর্ব্বাত্রয়, মঘা, ভরণী ও কৃত্তিকাভিন্ন নক্ষত্রে সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, কুম্ভ, মিথুন ও মীনলগ্নে রবিবারে ও শুভগ্রহের বারে প্রজার নিকট হইতে করগ্রহণ শুভপ্রদ হয়। ১

---

# অথবাস্তুলক্ষণম্।

স্নিগ্ধা স্থিরা সুরভিগুল্মলতা সুগন্ধা শস্তা প্রদক্ষিণজলা চ নিবাসভূমিঃ।
নেষ্টা বিপর্য্যয়গুণা কচকর্করাস্থিবল্মীককণ্টকিবিভীতকসংকুলা চ॥ ১

অধুনা বাস্তুভূমির লক্ষণ কথিত হইতেছে,—স্নিগ্ধা, স্থির, অর্থাৎ পরাধিকার জন্য উপদ্রবহীনা, সুগন্ধি গুল্মলতাদি দ্বারা পরিবেষ্টিতা, প্রশস্ত জলাশয় সন্নিহিতা এইরূপ ভূমি বাসোপযোগী হয়, উক্তরূপ গুণযুক্ত না হইয়া যদি কেশ-কর্করাস্থি বল্মীক, কণ্টকযুক্ত বৃক্ষ এবং বয়ড়া বৃক্ষময় ভূমি হয় তাহা হইলে ঐ ভূমিতে কদাপি বাস করিবে না। ১

বাস্তুলক্ষণমাহ। স্নিগ্ধেতি। সিক্তাভিবিতা স্নিগ্ধা পত্রাধিকাম্রাহ্যপত্রবরহিতা সুরভি-গুল্মলতা যত্র সা সুগন্ধা প্রশস্তগন্ধা প্রদক্ষিণমুদারং প্রশস্তজলং যত্র গভীরপ্রশস্তজলে-ত্যর্থঃ। দক্ষিণে সরলোদারাবিত্যমরঃ। তথা চ "ধনিনঃ শ্রোত্রিয়ো রাজা নদী বৈদ্যস্তু পঞ্চমঃ। পঞ্চ যত্র ন বিদ্যন্তে তত্র বাসং ন কারয়েৎ।" যথা নদ্যাদৌ প্রদক্ষিণং জলং বহতি ঈদৃশী নিবাসভূমিঃ শস্তেত্যর্থঃ এতদ্বিপর্য্যয়গুণা রুক্ষা পত্রাধিকাম্রাহ্যপত্রবরশেন চঞ্চলা বৃক্ষাদিবর্জ্জিতা দুর্গন্ধা নির্জ্জলা বামজলবাহিনী বা নিবাসভূমির্ন কর্ত্তব্যেত্যর্থঃ। কেশকর্করাস্থিবল্মীকৈঃ কণ্টকযুক্তবৃক্ষৈঃ শাল্মল্যাদিভির্ব্বিভীতকং বয়ড়েতি যস্ত প্রসিদ্ধঃ তেন সঙ্কুলা ব্যাপ্তা নেষ্টেত্যর্থঃ। তথা পশুপতিদীপিকায়াং। "বর্জ্জয়েৎ পূর্ব্বতোঽশ্বত্থং প্লক্ষঞ্চ দক্ষিণে তথা। বটং পশ্চিমে ভাগে উত্তরে চাপ্যুডুম্বরং। তথা নিশালিনী পলাশশ্চ চিঞ্চা শ্বেতাপরাজিতা, কোবিদারশ্চ সর্ব্বত্র সর্ব্বং নিম্বস্তি মঙ্গলম্॥" নিশা দারুহরিদ্রা তত্র ষোড়শপ্রকারং বাস্তু যথা রাজমার্ত্তণ্ডে। "আয়তং চতুরস্রঞ্চ বৃত্তং ভদ্রাসনং তথা। চক্রং বিষমবাহুশ্চ ত্রিকোণং শকটাকৃতিঃ॥ দণ্ডং প্রণবসংস্থানং মুরজঞ্চ বৃহন্মুখং। ব্যজনং কূর্ম্মপৃষ্ঠঞ্চ ধনুঃ সূর্পঞ্চ ষোড়শঃ॥ আয়তে মুনিদিক্ প্রোক্তং চতুরস্রে নবাষ্টকং। তিথিত্রয়োদশং বৃত্তে ভদ্রে রুদ্রদিবাকরৌ। আয়তে সিদ্ধয়ঃ সর্ব্বাশ্চতুরস্রে ধনাগমঃ। ভদ্রাসনে কৃতার্থত্বং বৃত্তে পুষ্টিবিবর্দ্ধনম্। চক্রে দারিদ্র্যমেবোক্তং শোকোবিষমবাহুকে॥ নৃপাদ্ভীতিস্ত্রিকোণে স্যাৎ শকটে চ ধনক্ষয়ঃ। নশ্যন্তি পশবো দণ্ডে প্রণবে লোচনক্ষতিঃ॥ মুরজে ম্রিয়তে ভার্য্যা অর্থনাশো বৃহন্মুখে। ব্যজনে বিত্তনাশঃ স্যাৎ কূর্ম্মে বন্ধনপীড়নম্। সূর্পে ধান্যক্ষয়ং বিদ্যাৎ চাপে চৌরভয়ং ভবেৎ। তথা গজবাজিক্ষয়ং কুর্য্যাদ্বিস্তারাদ্দি-গুণায়তা॥ তথা বাস্তুনির্ণয়ে। হলেন চালয়েদ্বাস্তু গোষ্ঠং তত্র তু কারয়েৎ। গোমূত্র গোময়াভ্যাঞ্চ পূতং বাস্তু ভবেদ্ধ্রুবম্॥ শোধয়েদ্ বাস্তু পর্য্যন্তং গৃহস্থানং প্রযত্নতঃ। তদা তত্র গৃহং কুর্য্যাদ্বাস্তুনং শোধনে কৃতে। শোধনে প্রাপ্যতে রত্নং তাম্রাদি প্রাপ্যতে যদা॥ মুক্তাং বিদ্রুমবজ্রং বা বিপুলং শুভমাদিশেৎ॥ শোধনে স্বর্ণরৌপ্যাদীন্ লভন্তে বিপুলং শুভম্। পদ্মরাগাদি সংপ্রাপ্য লভন্তে বিপুলাং শ্রিয়ম্॥ কার্পাসবীজতুষঞ্চ বল্মীকং কণ্টকং তথা। অস্থিভস্মনখঞ্চৈব কেশাঙ্গারশর্করাং ত্যজেৎ॥ ন কোণে চ গৃহং কুর্য্যান্নাপ্যন্তে নাপি মধ্যতঃ। নবমে প্রবিভাগে তু গৃহং কুর্য্যাদ্বিচক্ষণঃ॥ ১

## অথ বাস্তুভূমিপ্লবকথনম্।

পূর্ব্বপ্লবো বৃদ্ধিকরো ধনদশ্চোত্তরপ্লবঃ।
দক্ষিণে মৃত্যুদশ্চৈব ধনহা পশ্চিমপ্লবঃ॥ ২

বাস্তুভূমির পূর্ব্বদিক নিম্ন হইলে বংশবৃদ্ধি হয়। এইরূপ উত্তরদিক নিম্ন হইলে ধনবৃদ্ধি, দক্ষিণদিকে মৃত্যু এবং পশ্চিমদিক নিম্ন হইলে ধনহানি হইয়া থাকে। ২

বাস্তূনাং পূর্ব্বাদিক্রমেণ প্লবমাহ। পূর্ব্বেতি। পূর্ব্বপ্লবং পূর্ব্বভাগে নীচঃ যথা পূর্ব্বভাগে জলং নিঃসরতি বাস্তূনাং পূর্ব্বনম্রতা বৃদ্ধিকরী, উত্তরনম্রতা ধনদা দক্ষিণনম্রতা মৃত্যুদা পশ্চিমনম্রতা ধনহানিকরী। যথা রাজমার্ত্তণ্ডে। স্থণ্ডুরতিঃ পূর্ব্বনতে নরাণাং বাস্তৌ ধনং দক্ষিণভাগতুঙ্গে। করোধনানাং বিনতে প্রতীচ্যাং উচ্চে বিনাশোধ্রুবমুত্তরেণ। উত্তরেণোচ্চে-রুত্তরতুঙ্গে অর্থাদ্দক্ষিণনম্রতা ইত্যর্থঃ। ২

## অথবাস্তুভূমেঃ পূর্ব্বাদিদিক্ষু জলাশয়কথনম্।

প্রাগাদিস্থে সলিলে সুতহানিঃ শিখিভয়ং রিপুভয়ঞ্চ।
স্ত্রীকলহঃ স্ত্রীদৌষ্ট্যং নৈস্বং বিত্তাত্মজ বিবৃদ্ধী॥ ৩

বাসভূমির পূর্ব্বদিকে জলাশয় থাকিলে সুতহানি হয়, উত্তরদিকে থাকিলে অগ্নিভয়, শত্রুভয় ও স্ত্রীকলহ, পশ্চিমদিকে থাকিলে ভার্য্যার দুশ্চরিত্রতা ও নিস্বতা হয় এবং দক্ষিণে জলাশয় থাকিলে বিত্ত ও পুত্রাদির বৃদ্ধি হইয়া থাকে। ৩

বাস্তুভুমেঃ পূর্ব্বাদ্যষ্টদিকস্থজলস্ত যথাক্রমং ফলমাহ। প্রাগাদিস্থ ইতি। স্পষ্টার্থং। এতেনোত্তরেশানয়োর্জ্জলং কর্ত্তব্যমিত্যর্থঃ। ৩

## অথপুষ্করিণ্যারম্ভঃ।

পুষ্যামৈত্রকরোত্তরস্ববরুণব্রহ্মাম্বুপিত্র্যেন্দুভৈঃ
শস্তেঽর্কে শুভবারযোগতিথিষু ক্রূরেষ্ববীর্য্যেষু চ।
পুষ্টেন্দৌ জলরাশিগে দশমগে শুক্রে শুভাংশোদয়ে
প্রারম্ভঃ সলিলাশয়স্য শুভদোজীবেন্দুশুক্রোদয়ে॥ ১

অনন্তর পুষ্করিণী আরম্ভ কথিত হইতেছে,—পুষ্যা, অনুরাধা, হস্তা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, ধনিষ্ঠা, শতভিষা, রোহিণী, পূর্ব্বাষাঢ়া মঘা ও মৃগশিরানক্ষত্রে, গোচরে রবি শুদ্ধ থাকিলে, শুভবারে শুভযোগে ও শুভতিথিতে ক্রূরগ্রহগণ হীনবল হইলে সম্পূর্ণ জলজরাশিতে * অবস্থান করিলে লগ্নের দশমস্থানে শুক্র অবস্থিত হইলে ধনু, মীন, কর্কট, বৃষ ও তুলালগ্নে শুভগ্রহের নবাংশে জলাশয়ারম্ভ শুভদ হয়। ১

পুষ্করিণ্যারম্ভমাহ। পুষ্যেতি। পুষ্যাদি দ্বাদশনক্ষত্রেষু শস্তে রবৌ শুভগ্রহস্য বারে শুভতিথৌ শুভযোগে পাপগ্রহেষু বলহীনেষু সৎসু পূর্ণচন্দ্রে জলরাশিস্থিতে সতি শুক্রে চ দশমস্থে জীবেন্দুশুক্রোদয়ে .ধনুর্মীনকর্কটবৃষতুলালগ্নে শুভাংশোদয়ে:শুভগ্রহস্য নবাংশোদয়ে সলিলাশয়স্যারম্ভঃ শুভদঃ স্যাৎ। অগ্নিনৈর্ঋতবায়ুকোণে জলাশয়নিষেধমাহ। তথা রাজমার্ত্তণ্ডঃ। আগ্নেয়ে যদি কোণে গ্রামস্য পুরস্য বা ভবতি কূপঃ। নিত্যং স করোতি ভয়ং দাহং বা মানসং প্রায়ঃ। নৈর্ঋতকোণে বালক্ষয়ং বনিতাক্ষয়ঞ্চ বায়ব্যে॥ জীবেন্দুশুক্রোদয়ইত্যত্র জীবেন্দুপুত্রোদয় ইতি কেচিৎ বদন্তি। ১

---

* কর্কট, মীন, কুম্ভ ও মকরের শেষার্দ্ধকে জলজরাশি বলা যায়।

## অথপুষ্করিণ্যাদিপ্রতিষ্ঠা।

প্রাপ্য পক্ষং শুভং শুক্লমতীতে * চোত্তরায়ণে।
আষাঢ়ে দ্বে তথা মূলমুত্তরাত্রয়মেব চ।
জ্যেষ্ঠাশ্রবণরোহিণ্যঃ পূর্ব্বভাদ্রপদে তথা।
হস্তাশ্বিনী রেবতী চ পুষ্যোমৃগশিরাস্তথা।
অনুরাধা তথা স্বাতী প্রতিষ্ঠাদিষু শস্যতে॥ ২

ইতিমৎস্যপুরাণে।

পুষ্করিণ্যাদিপ্রতিষ্ঠা কথিত হইতেছে,—শুক্লপক্ষে, উত্তরায়ণে, পূর্ব্বাষাঢ়া মূলা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, জ্যেষ্ঠা, শ্রবণা, রোহিণী, পূর্ব্বভাদ্রপদ, হস্তা, অশ্বিনী, রেবতী, পুষ্যা, মৃগশিরা, অনুরাধা, স্বাতী-নক্ষত্রে প্রতিষ্ঠাদি কার্য্য প্রশস্ত হয়। ২

প্রতিপচ্চ দ্বিতীয়া চ তৃতীয়া পঞ্চমী তথা।
দশমী ত্রয়োদশী চৈব পৌর্ণমাসী চ কীর্ত্তিতা।
সোমোবৃহস্পতিশ্চৈব শুক্রশ্চৈব তথা বুধঃ।
এতে সৌম্যগ্রহাঃ প্রোক্তাঃ প্রতিষ্ঠাযাগকর্ম্মণি। ৩

ইতিভবিষ্যে।

প্রতিপদ, দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী, দশমী, ত্রয়োদশী ও পূর্ণিমা তিথিতে সোম, বৃহস্পতি, শুক্র ও বুধ এই সকল শুভগ্রহের বারে প্রতিষ্ঠা ও যাগাদি কর্ম্ম প্রশস্ত। ৩

মৈত্রোত্তরাপুষ্যধনিষ্ঠধাতৃপিত্র্যাশুভর্ক্ষে বরুণে শুভেহর্কে।
বারে জ্ঞশুক্রেন্দুবৃহস্পতীনাং শুভপ্রদা স্যাৎ সরসাং প্রতিষ্ঠা॥ ৪

অনুরাধা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, পুষ্যা, ধনিষ্ঠা, রোহিণী, মঘা, স্বাতী ও শতভিষানক্ষত্রে গোচরে রবিশুদ্ধ হইলে বুধ, শুক্র, সোম ও বৃহস্পতিবারে সরোবরের প্রতিষ্ঠা শুভপ্রদ হইয়া থাকে। ৪

---

## অথবৃক্ষাদিরোপণম্।

বারুণমূলবিশাখাসৌম্যধ্রুবহস্তপুষ্যপৌষ্ণেষু।
তরুগুল্মলতাদীনাং আরোপণং প্রশস্তম্॥ ১

অধুনা বৃক্ষাদিরোপণ কথিত হইতেছে,—শতভিষা, মূলা, বিশাখা,

* অতীতে প্রাপ্তে গতার্থস্ত প্রাপ্ত্যর্থবাদিতি জ্যোতিস্তত্ত্বে স্মার্ত্তেনোক্তম্।

মৃগশিরা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, হস্তা, পুষ্যা ও রেবতীনক্ষত্রে বৃক্ষ, গুল্ম ও লতাদির আরোহণ প্রশস্ত হয়। ১

বৃক্ষাদ্যারোপণমাহ। বারুণেতি। আরামে উদ্যানে ভাব্যর্থস্ত ভূতবত্ত্বাৎ "নিমিত্তস প্তমী বা আরামার্থমিত্যর্থঃ। শেষং স্পষ্টম্। ১

## অথবাটীপ্রশস্তবৃক্ষারোপণম্।

পূগশ্রীফলনারিকেললবনীজম্বীরকণ্টাফলা-
শ্চূতাদাড়িমনাগরঙ্গমধুকারম্ভাশিরীষামলাঃ।
জাতীচম্পকমল্লিকাবকুলকাঃ শোভাঞ্জনঃ পাটলঃ।
দেবাশোকজয়ন্তিকা তগরিকা নিত্যং শ্রিয়ং কুর্ব্বতে॥ ২

ইতিদীপিকায়াম্।

বাটীতে কোন্ কোন্ বৃক্ষরোপণ করিতে হয় তাহা কথিত হইতেছে,— সুপারি, শ্রীফল. নারিকেল, নোনাফল, জামিরনেবু, কাঁঠাল, আম, দাড়িম্ব, নারাঙ্গানেবু, মধুপর্ণী, রম্ভা, শিরীষ, আমলা, জাতী, চম্পক, মল্লিকা, বকুল, সজনা, পাটল, দেবদারু, অশোক, জয়ন্তী ও তগর এই সকল বৃক্ষ বাটীতে রোপণ করিলে শ্রীবৃদ্ধি হইয়া থাকে। ২

জম্বীরপূগপনসাম্রককেতকীভির্জ্জাতীসরোজতগরপত্রকমল্লিকাভিঃ।
যন্নারিকেলকদলীদলপাটলাভির্যুক্তং তদাশ্রমপদং শ্রিয়মাতনোতি॥৩

ইতিজ্যোতিস্তত্ত্বে।

জ্যোতিস্তত্ত্বধৃতবচনে উক্ত হইয়াছে,—জামিরনেবু, সুপারি; কাঁঠাল, আম, কেতকী, জাতী, পদ্ম, তগর, মল্লিকা,নারিকেল, কদলী ও পাটল, এই সকল বৃক্ষ যে ব্যক্তি বাটীতে রোপণ করিবেন তাহার গৃহে লক্ষ্মী বাস করিয়া থাকেন। ৩

ভবনস্য বটঃ পূর্ব্বে জাতঃ স্যাৎ সার্ব্বকামিকঃ।
ঔডুম্বরস্তথা যাম্যে বারুণে পিপ্পলঃ শুভঃ॥
প্লক্ষশ্চোত্তরতোধন্যো বিপরীতোবিপর্য্যয়ে॥ ৪

ইতিজ্যোতিস্তত্ত্বে।

বাটীর পূর্ব্বদিকে বটবৃক্ষ থাকিলে কামনাসিদ্ধি হয়, এইরূপ ঔডুম্বর দক্ষিণদিকে, অশ্বথ পশ্চিমে ও পর্পটী বৃক্ষ উত্তরে থাকিলে মঙ্গল হইয়া থাকে। কিন্তু ঐ সকল বৃক্ষ বিপরীতদিকে থাকিলে বিপর্য্যয় ফল হয়। ৪

শোভনাদাড়িমাশোকপুন্নাগবিল্বকেশরাঃ।
রক্তপুষ্পাস্ত্বয়ং রাজ্ঞঃ ক্ষিরিণা চ পশোর্ভয়ম্।
কণ্টক্যরিভয়ং কুর্য্যাৎ গৃহভেদঞ্চ শাল্মলিঃ॥ ৫

জ্যোতিষতত্ত্বে বচনান্তরে উক্ত হইয়াছে যে দাড়িম্ব, অশোক, পুন্নাগ, বিল্ব ও কেশরবৃক্ষ বাটীতে রোপণ করিলে মঙ্গল হয়। আর রক্তপুষ্পের বৃক্ষ বাটীতে রোপণ করিলে রাজভয়, ক্ষীরিবৃক্ষে পশুভয়, কণ্টকযুক্তবৃক্ষে অরিভয় এবং শাল্মলীবৃক্ষ বাটীতে রোপণ করিলে গৃহবিচ্ছেদ হইয়া থাকে। ৫

অথবাস্তুভূম্যনারোপ্যবৃক্ষকথনম্।

ধবখদিরপলাশানিম্বখর্জ্জূরজম্বু-সরলনকুচচিঞ্চা কাঞ্চনস্থূলশিম্বা।
কলিবিটপিকপিত্থৈরগুধুস্তূরপথ্যা বিদধতি ধনহানিং সপ্তপর্ণঃ স্নুহী চ

ইতিদীপিকায়াম্।

বাটীতে অনারোপণীয় বৃক্ষ কথিত হইতেছে,—ধব, খদির, পলাশ, নিম্ব, খর্জ্জুর, জাম, সরল, নকুচ, তেঁতুল, কাঞ্চন. স্থূলশিম্ব, বয়ড়া, কপিত্থ, ধুস্তুর হরীতকী, সপ্তপর্ণ ও মনসা এই সমস্ত বৃক্ষ বাটীতে থাকিলে ধনহানি হয়। ৬

# অথগৃহারম্ভঃ।

আদিত্যে যুককর্কিক্রিয়মিথুনঘটালিস্থিতে সৎসমেতৈঃ
কেন্দ্রাষ্টান্ত্যেরসৌম্যৈস্ত্রিভবরিপুগতৈঃ স্বস্থিরগ্রাম্যলগ্নে।
ভেষু স্বারাড্‌বিশাখাদিতিফণিদহনোগ্রেতরেষর্কশুদ্ধৌ
বেশ্মারম্ভঃ শুভঃ স্যাৎ সুতিথিশুভবিধৌ ভৌমসূর্য্যেতরাহে ॥ ১

ইতিদীপিকায়াম্।

অধুনা গৃহারম্ভ কথিত হইতেছে,—সৌরকার্ত্তিক, শ্রাবণ, বৈশাখ, আষাঢ় ফাল্গুন ও অগ্রহায়ণ মাসে, লগ্নের কেন্দ্র, অষ্টম ও দ্বাদশস্থানে শুভগ্রহ থাকিলে, তৃতীয়, একাদশ ও ষষ্ঠস্থানে পাপগ্রহ অবস্থিত হইলে, স্বীয় জন্মলগ্নে, আর বৃষ, সিংহ, বৃশ্চিক, কুম্ভ, মিথুন, তুলা ও কন্যালগ্নে এবং ধনুলগ্নের পূর্ব্বার্দ্ধে জ্যেষ্ঠা, বিশাখা, পুনর্ব্বসু, অশ্লেষা, কৃত্তিকা, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, মঘা ও ভরণী এই সমস্ত নক্ষত্র ভিন্ন নক্ষত্রে, মঙ্গল ও রবিবার ভিন্ন বারে গোচরে রবি চন্দ্র শুদ্ধ থাকিলে শুভ তিথিতে গৃহারম্ভ শুভজনক হয়। ১

গৃহারম্ভমাহ। আদিত্য ইতি। সূর্য্যে তুলাকর্কটমেষমিথুনকুম্ভবৃশ্চিকরাশিস্থিতে কার্ত্তিকশ্রাবণবৈশাখাষাঢ়ফাল্গুনমার্গশীর্ষেম্বিত্যর্থঃ। লগ্নস্য কেন্দ্রাষ্টমদ্বাদশৈঃ শুভগ্রহসমেতৈঃ পাপৈঃ তৃতীয়ৈকাদশষষ্ঠস্থৈঃ স্বকীয়জন্মলগ্নে স্থিরলগ্নে বৃষসিংহবৃশ্চিককুম্ভলগ্নেষু গ্রাম্যলগ্নে মিথুনতুলাঘটকন্যাধনুঃ পূর্ব্বার্দ্ধলগ্নেষু জ্যেষ্ঠাদিবর্জ্জিতেষৃক্ষেষু ভেষু গোচরশুদ্ধে রবৌ সুতিথৌ শুভচন্দ্রে চ মঙ্গলরবিবারেতরেষু বেশ্মারম্ভঃ শুভঃ স্যাৎ। অত্র চ ভৌমসূর্য্যেতি পাপবারোপলক্ষণং তেন শনিবারেঽপি নিষেধঃ। যথা রাজমার্ত্তণ্ডে।—"রবাবগ্নিঃ কুজে

নাশঃ শশিন্যর্থং শবৌ ভয়ং। সুরেজ্যে ভার্গবে সৌম্যে গৃহবাস্যং মনোহরম্" ॥ তথা তত্রৈব সৌম্যানাং দিবসেহথ পাপবর্জ্জিতে যোগে। তথা গর্গঃ। বুধে লাভস্তথারোগ্যং মরণং ভাস্করাত্মজ ইতি। প্রবেশে তু শনিবার বিহিতএব স্থাপ্যং সমাপ্যং ক্রতুযূপকাষ্ঠং বেশ্মপ্রবেশং গজবাহনঞ্চ ইত্যাদি লিখিত পশুপতিদীপিকাবচনাৎ। ১

## অথগৃহারম্ভে নিষিদ্ধানিষিদ্ধমাসাদিকথনম্।

চৈত্রে ব্যাধিমবাপ্নোতি যোগৃহং কারয়েন্নরঃ।
বৈশাখে ধনরত্নানি জ্যৈষ্ঠে মৃত্যুস্তথৈব চ।
আষাঢ়ে ধনরত্নানি পশুবর্জ্জমবাপ্নুয়াৎ।
শ্রাবণে কাঞ্চনং পুত্রান্ হানিং ভাদ্রপদে তথা ॥
পত্নীনাশ ইষে মাসি কার্ত্তিকে ধনধান্যভাক্।
মার্গশীর্ষে তথা ভক্তং পৌষে তস্করতোভয়ম্।
মাঘে চাগ্নিভয়ং বিদ্যাৎ ফাল্গুনে কাঞ্চনং সুতান্ ॥ ২

ইতিমৎস্যপুরাণে।

গৃহারম্ভের মাস কথিত হইতেছে,—চৈত্রমাসে গৃহারম্ভ করিলে রোগগ্রস্ত হয়; এইরূপ বৈশাখমাসে ধনরত্নাদি লাভ, জ্যৈষ্ঠে মৃত্যু এবং আষাঢ়েও ধনরত্নাদি লাভ হয়, কিন্তু তাহার গৃহে পশু পালিত হয় না। আর শ্রাবণমাসে কাঞ্চন ও পুত্রলাভ, ভাদ্রে হানি, আশ্বিনে পত্নীবিয়োগ, কার্ত্তিকে ধনধান্যের অধিকারী, অগ্রহায়ণে অন্নের অধিপতি, পৌষে চৌরভীতি, মাঘে অগ্নিভয় এবং ফাল্গুনমাসে গৃহারম্ভ করিলে কাঞ্চন ও পুত্রলাভ হইয়া থাকে। ২

বৈশাখশ্রাবণাষাঢ়মার্গফাল্গুনকার্ত্তিকাঃ।
সুপ্রশস্তা গৃহারম্ভে পত্নীপুত্রসমৃদ্ধিদাঃ ॥ ৩

ইতিজ্যোতিষে।

জ্যোতিষের বচনান্তরে উক্ত হইয়াছে,—বৈশাখ, শ্রাবণ, আষাঢ়, অগ্রহায়ণ, ফাল্গুন ও কার্ত্তিকমাসে গৃহারম্ভ করিলে পত্নী, পুত্র ও ধনাদিদ্বারা সুখলাভ করে। ৩

আদিত্যভৌমবর্জ্জ্যাস্তু সর্ব্বে বারাঃ শুভাবহাঃ।
প্রাসাদেহপ্যেবমেব স্যাৎ কূপবাপীষু চৈব হি ॥ ৪

ইতিমাৎস্যে।

রবি ও মঙ্গলবার ভিন্ন সকল বারেই গৃহ, প্রাসাদ, কূপ ও ব্যাপী আরম্ভ শুভদ হয়, মাৎস্য পুরাণে এইরূপ কথিত হইয়াছে। ৪

শুক্লপক্ষে ভবেৎ সৌখ্যং কৃষ্ণে তস্করতোভয়ম্॥ ৫

শুক্লপক্ষে গৃহারম্ভ করিলে সুখ এবং কৃষ্ণপক্ষে চৌরভীতি হয়। ৫

প্রতিপদি গৃহং কৃত্বা দুঃখমাপ্নোতি মানবঃ।
অর্থনাশোভবেৎ ষষ্ঠ্যামেকাদশ্যাং বিঘট্টনম্।
পঞ্চম্যাং চৌরভীতিঃ স্যাদ্দশম্যাস্তু নৃপাদ্ভয়ম্।
পৌর্ণমাস্যাং চার্থনাশোভার্য্যানাশস্তথৈব চ॥ ৬

ইতিসারসংগ্রহে।

প্রতিপদতিথিতে গৃহারম্ভ করিলে দুঃখ হয়, এইরূপ ষষ্ঠীতে অর্থনাশ, একাদশীতে নানারূপ বিভ্রাট, পঞ্চমীতে তস্কর ভয়, দশমীতে রাজভয়, এবং পূর্ণিমাতে গৃহারম্ভ করিলে অর্থহানি ও পত্নীবিয়োগ হইয়া থাকে। ৬

অশ্বিনী রোহিণী মূলমুত্তরত্রয়মৈন্দবঃ।
স্বাতী হস্তানুরাধা চ গৃহারম্ভে প্রশস্যতে॥ ৭

ইতিমাৎস্যে।

অশ্বিনী, রোহিণী, মূলা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, মৃগশিরা, স্বাতী, হস্তা ও অনুরাধানক্ষত্র গৃহারম্ভে প্রশস্ত হয়। ৭

বজ্রব্যাঘাতশূলে চ ব্যতীপাতেঽতিগণ্ডকে।
বিষ্কুম্ভগণ্ডপরিঘবর্জ্জং যোগেষু কারয়েৎ॥ ৮

ইতিমাৎস্যে।

বজ্র, ব্যাঘাত, শূল, ব্যতীপাত, অতিগণ্ড, বিষ্কুম্ভ, গণ্ড ও পরিঘযোগ ত্যাগ করিয়া অন্যযোগে গৃহারম্ভ করিবে। ৮

চন্দ্রাদিত্যবলং লব্ধা লগ্নং শুভনিরীক্ষিতম্।
স্তম্ভোচ্ছ্রায়াদিকর্ত্তব্যমন্যত্র পরিবর্জ্জয়েৎ॥ ৯

ইতিমাৎস্যে।

গোচরে চন্দ্র ও রবি শুদ্ধ হইলে শুভগ্রহকর্ত্তৃক নিরীক্ষিত লগ্নে স্তম্ভরোপণাদি করিবে, কিন্তু রবিচন্দ্র অশুদ্ধ থাকিলে পাপগ্রহগণকর্ত্তৃক লগ্ন দৃষ্ট হইলে স্তম্ভরোপণ অকর্ত্তব্য। ৯

আদিত্যেজ্যভরোহিণীমৃগশিরশ্চিত্রাধনিষ্ঠোত্তরা-
পৌষ্ণীবিষ্ণুশভানুরাধপবনৈঃ শুদ্ধৈঃ সুতারান্বিতৈঃ।
সৌম্যানাং দিবসেঽথ পাপরহিতে যোগে বিরিক্তে তিথৌ
বিষ্টিত্যক্তদিনে বদন্তি মুনয়োবেশ্মাদিকার্য্যং শুভম্॥ ১০

ইতিরাজমার্ত্তণ্ডে।

রাজমার্ত্তণ্ডে কথিত হইয়াছে যে,—হস্তা, পুষ্যা, রোহিণী, মৃগশিরা, চিত্রা, ধনিষ্ঠা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রেবতী, শ্রবণা, শতভিষা, অনুরাধা ও স্বাতীনক্ষত্রে, তারাশুদ্ধি থাকিলে শুভগ্রহের বারে, শুভযোগে, রিক্তা ও বিষ্টি ভিন্ন শুভতিথিতে গৃহারম্ভ শুভদ হয়, মুনিগণ এইরূপ বলিয়াছেন। ১০

উগ্রং বিশাখামদিতিঞ্চ শক্রং ভুজঙ্গমগ্নিঞ্চ বিহায় গেহম্।
গ্রাম্যস্থলগ্নস্থিরমন্দিরেষু কুর্য্যাচ্ছুভৈর্দৃষ্টলগ্নবীক্ষিতেষু॥ ১১

ইতিজ্যোতিস্তত্ত্বে।

পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, মঘা, ভরণী, বিশাখা, পুনর্ব্বসু, জ্যেষ্ঠা, অশ্লেষা ও কৃত্তিকা ভিন্ন নক্ষত্রে মিথুন, তুলা, কুম্ভ, কন্যা ও ধনুর পূর্ব্বার্দ্ধে এবং স্বীয় জন্মলগ্ন ও স্থির ( বৃষ, সিংহ, বৃশ্চিক, কুম্ভ ) লগ্নে শুভগ্রহ-স্থিত কি শুভগ্রহকর্ত্তৃক ঐ সকল লগ্ন দৃষ্ট হইলে গৃহারম্ভ প্রশস্ত হয়। ১১

নবগ্রহাভবেয়ুশ্চ যদি কেন্দ্রত্রিকোণগাঃ।
দোষস্তদা ক্ষয়ং যাতি তমঃ সূর্য্যোদয়ে যথা॥ ১২

ইতিজ্যোতিস্তত্ত্বে।

লগ্নের দোষনাশকযোগ কথিত হইতেছে,—নয়টি গ্রহ যদি লগ্নের কেন্দ্রে ও ত্রিকোণে অবস্থান করেন, তাহা হইলে সূর্য্যোদয়ে যেমন অন্ধকার নষ্ট হয় সেইরূপ লগ্নের সমুদয় দোষ বিনষ্ট হইয়া থাকে। ১২

কুম্ভাজালিকুলীরতৌলিমিথুনস্থার্কে কুজার্কেতরে
বারে ভদ্রজয়ে তিথৌ শুভরবৌ স্বগ্রাম্যযুগ্মোদয়ে। *
ভেষূগ্রাদিতিশক্রপাবকবিশাখাসর্পভিন্নেষু চ
প্রারম্ভঃ শুভদোগৃহস্য শুভরাত্রীশর্ক্ষযোগেষ্বপি॥ ১৩

ইতিজ্যোতিঃসারে।

জ্যোতিঃসারে বর্ণিত হইয়াছে,—সৌরফাল্গুন, বৈশাখ, অগ্রহায়ণ, শ্রাবণ, কার্ত্তিক ও আষাঢ় মাসে, মঙ্গল ও রবি ভিন্ন বারে দ্বিতীয়া, দ্বাদশী, সপ্তমী, ত্রয়োদশী, অষ্টমী ও তৃতীয়াতিথিতে রবি শুদ্ধ হইলে স্বীয়জন্মলগ্নে এবং গ্রাম্য ও স্থিরলগ্নে পূর্ব্বাত্রয়, মঘা, ভরণী, পুনর্ব্বসু, জ্যেষ্ঠা, কৃত্তিকা, বিশাখা ও অশ্লেষা ভিন্ন নক্ষত্রে চন্দ্র ও তারা] শুদ্ধ হইলে শুভযোগে গৃহারম্ভ শুভদ হয়। ১৩

---

* বচনান্তরৈক বাক্যত্বাদযুগ্মোদয়ে স্থিরলগ্নে ইত্যর্থঃ।

## অথনক্ষত্রশুদ্ধ্যা বাসগৃহনির্ণয়ঃ।

কৃত্তিকাদ্যাস্তু পূর্ব্বাদৌ সপ্তসপ্তোদিতাঃ ক্রমাৎ।
যদ্দিশ্যাং যস্য নক্ষত্রং তস্য তত্র গৃহং শুভম্॥ ১৪

ইতিদীপিকায়াম্।

অধুনা নক্ষত্রশুদ্ধি দ্বারা বাসগৃহের স্থান নির্ণয় হইতেছে,—কৃত্তিকাদি সপ্ত সপ্ত নক্ষত্র পূর্ব্বাদি চতুর্দ্দিকে সন্নিবেশিত করিলে গৃহস্বামীর জন্মনক্ষত্র যে দিকে পড়িবে সেই দিকে গৃহ নির্ম্মাণ করিলে শুভ হইয়া থাকে। ১৪

স্বনক্ষত্রক্রমেণ পূর্ব্বাদিষু চতুর্দ্দিক্ষু গৃহস্থানমাহ। কৃত্তিকেতি। পূর্ব্বাদৌ দিশি কৃত্তিকাদ্যাঃ সপ্ত সপ্ত তারাঃ ক্রমাদুদিতাঃ তত্র চ যদ্দিশ্যং যদিক্স্থিতং যস্য নক্ষত্রং স্যাৎ তস্য তত্র দিশি গৃহং শুভং স্যাৎ তত্র চ বিশেষমাহ। গর্গঃ—“ধ্বজং পূর্ব্বগৃহং প্রোক্তং আগ্নেয্যাং ধূমমুচ্যতে। সিংহস্তু দক্ষিণাগারং নৈঋ‌ত্যাং স্বগৃহং তথা। বৃষস্তু পশ্চিমাগারং বায়ব্যাং খরমেবচ। উত্তরস্তু গজাগারং ধ্বাঙ্ক্ষমৈশানকং গৃহম্”॥ রাজমার্ত্তণ্ডেঽপ্যেবং। তথা পশুপতিদীপিকায়াং। গৃহমষ্টবিধং প্রোক্তং পূর্ব্বাদিষু যথাক্রমং। ধ্বজোধূমশ্চ সিংহশ্চ শ্বা বৃষঃ খরএব চ। গজোধ্বাঙ্ক্ষস্তথৈতানি স্থানানি ক্রমতোবিদুঃ॥”এতেন রাশিচক্রবদ্ভাগং কৃত্বা পূর্ব্বাদিতোধ্বজাদিস্থানং প্রকল্প্য নৈঋ‌তৈশানয়োরগ্নিবাতয়োশ্চ মধ্যে দণ্ডদ্বয়ং দত্বা স্পষ্টমধ্যভাগং দণ্ডস্পর্শনঞ্চ বিহায় চতুর্দ্দিক্ষু গৃহং কার্য্যং। তথা চ রাজমার্ত্তণ্ডে,—“ন কোণেষু গৃহং কুর্য্যান্ন মধ্যে নাস্তএব চ। তথা নবপদে ভাগে জ্ঞাত্বা গেহঞ্চ কারয়েৎ”। ধ্বজাদি স্থানানাং ফলমাহ। গর্গঃ—“ধ্বজে বিভূতির্ম্মরণঞ্চ ধূমে সিংহে জয়ঃ শ্বা চ করোত্যনর্থং। ভোগোবৃষে রোগধনক্ষয়ৌ খরে পুষ্টির্গজে কাকপদে চ দুঃখম্॥ ১৪

## অথনাগশুদ্ধ্যা গৃহস্থাননির্ণয়ঃ।

পূর্ব্বাদিষু শিরঃ কৃত্বা নাগঃ শেতে ত্রিভিস্ত্রিভিঃ।
ভাদ্রাদ্যৈর্ব্বামপার্শ্বেন তস্য ক্রোড়ে গৃহং শুভম্॥ ১৫

ইতিদীপিকায়াম্।

অনন্তর নাগশুদ্ধি দ্বারা গৃহস্থান কথিত হইতেছে,—ভাদ্রাদি করিয়া তিন তিনমাসে পূর্ব্বাদিক্রমে মস্তক রাখিয়া নাগ বামপার্শ্বে শয়ন করেন; ঐ নাগের বামপার্শ্বে (ক্রোড়দেশে) গৃহারম্ভ শুভদ হইয়া থাকে। ১৫

নাগশুদ্ধ্যা গৃহস্থানমাহ। পূর্ব্বাদিষিতি। ভাদ্রাদ্যৈস্ত্রিভিস্ত্রিভির্ম্মাসৈঃ পূর্ব্বাদিষু চতুর্দ্দিক্ষু শিরঃ কৃত্বা বামপার্শ্বেন নাগঃ শেতে ভাদ্রাদিমাসত্রয়ে পূর্ব্বশিরাঃ, অগ্নিকোণাভিমুখঃ দক্ষিণক্রোড়ঃ উত্তরপৃষ্ঠঃ পশ্চিমপুচ্ছঃ শেতে তদা আস্যক্রোড়ে দক্ষিণে সিংহস্থানে শুভং গৃহমিত্যর্থঃ। এবমন্যত্রাপি দিক্ষু বোদ্ধব্যং। যথা পশুপতিদীপিকায়াং—“প্রাচ্যাং দিশি শিরোরাজস্য নাগোভাদ্রপদাদিষু। যাম্যাং মার্গাদিমাসেষু বারুণ্যাং ফাল্গুনাদিষু। কৌবের্য্যাং বামপার্শ্বেন শেতে জ্যৈষ্ঠাদিষু ত্রিষু। ক্রোড়েতু ক্রিয়তে নিত্যং স্থিতায় সদনং বুধৈঃ।

ন শিরঃপৃষ্ঠপুচ্ছে তু আত্মনঃ শুভ মিচ্ছতা।" তথা গর্গঃ—ভাদ্রাদিষু চ মাসেষু কর্ত্তব্যং সিংহমন্দিরম্। বৃষাগারন্তু কর্ত্তব্যং মার্গশীর্ষাদিষু ত্রিষু। ফাল্গুনাদিষু মাসেষু গজাগারন্তু কারয়েৎ। ধ্বজাগারন্তু কর্ত্তব্যং জ্যৈষ্ঠমাসাদিষু ত্রিষু"। ১৫

বাস্তুপ্রমাণেন তু গাত্রকেণ বামেন শেতে খলু নিত্যকালং।
ত্রিভিস্তু মাসৈঃ পরিবৃত্য ভূমৌ তং বাস্তুনাগং প্রবদন্তি সিদ্ধাঃ॥ ১৬

ইতিজ্যোতিস্তত্ত্বে।

বাস্তুপরিমিত গাত্রবিশিষ্ট নাগ সর্ব্বদা বামপার্শ্বে শয়নে থাকেন, তিন তিনমাস পরে উক্ত বাস্তুনাগের মস্তক দিগ পরিবর্ত্তনে অবস্থিত হয়, সিদ্ধগণ এইরূপ বলিয়াছেন। ১৬

ভাদ্রাদিকে বাসবদিক্‌শিরাঃ স্যাম্মার্গাদিকেষু ত্রিষু যাম্যমূর্দ্ধা।
প্রত্যক্‌শিরাঃ স্যাৎ খলু ফাল্গুনাদৌ জ্যৈষ্ঠাদি কৌবেরশিরাঃ সনাগঃ॥ ১৭

ইতিজ্যোতিস্তত্ত্বে।

ভাদ্রাদি তিনমাসে বাস্তুনাগ পূর্ব্বদিকে মস্তক রাখিয়া শয়নে থাকেন। এইরূপ অগ্রহায়ণাদি তিনমাসে দক্ষিণশিরা, ফাল্গুনাদি তিনমাসে পশ্চিমশিরা এবং জ্যৈষ্ঠাদি তিনমাসে উত্তরদিকে মস্তক রাখিয়া শয়ন করেন। ১৭

## অথনাগশীর্ষাদৌ গৃহকরণফলম্।

স্বামিনোহি ভবেন্মৃত্যুর্নাগমূর্দ্ধ্নি গৃহে কৃতে।
পুত্রস্য চ কলত্রস্য নাগপৃষ্ঠে গৃহে কৃতে
পুচ্ছে চার্থক্ষয়ং বিদ্যাৎ ক্রোড়ে গৃহে সমৃদ্ধিমান্। ১৮

নাগের মস্তকাদিতে গৃহারম্ভের ফল কথিত হইতেছে,—নাগের মস্তকদেশে গৃহারম্ভ করিলে গৃহস্বামীর মৃত্যু হয়, এইরূপ পৃষ্ঠদেশে পুত্র ও ভার্য্যার মৃত্যু, পুচ্ছদেশে ধনক্ষয় এবং নাগের ক্রোড়দেশে গৃহনির্ম্মাণ করিলে গৃহস্বামী সমৃদ্ধশালী হইয়া থাকে। ১৮

মূর্দ্ধ্নি খাতে ভবেন্মৃত্যুঃ পৃষ্ঠে স্যাৎ সুতভার্য্যয়োঃ।
জঘনেঽর্থক্ষয়ং বিদ্যাৎ সর্ব্বসম্পত্তথোদরে। ১৯

ইতিজ্যোতিস্তত্ত্বে।

জ্যোতিষতত্ত্ব-ধৃতবচনে উক্ত হইয়াছে যে,—বাস্তুনাগের মস্তকে খাত করিলে অর্থাৎ মস্তক যেদিকে অবস্থিত সেই দিকে গৃহ করিলে গৃহপতির মৃত্যু হয়, এইরূপ পৃষ্ঠদেশে গৃহ করিলে পুত্র ও ভার্য্যাবিনাশ, জঙ্ঘাতে অর্থহানি এবং ক্রোড়দেশে গৃহ করিলে সম্পদলাভ হইয়া থাকে। ১৯

## অথ একশালাদি ব্যবস্থা।

একং নাগোড়ুসংশুদ্ধৌ দ্বে চেদ্দক্ষিণপশ্চিমে।
*ত্রিশালং পূর্ব্বতোহীনং কার্য্যং বা সৌম্যবর্জ্জিতম্ ॥*
*কেচিদ্দক্ষিণভাগে তু বদন্ত্যেকং গৃহং বুধাঃ ॥ ২০*

ইতিদীপিকাদৌ

অধুনা একাদি গৃহারম্ভ কথিত হইতেছে,—বাস্তুভূমিতে নূতন একখানি গৃহ করিতে হইলে নাগ ও নক্ষত্র শুদ্ধিতে করিবে। দুইখানি গৃহ করিতে হইলে বাস্তুর দক্ষিণ ও পশ্চিমভাগে করিতে হইবে। তিনখানি গৃহ করিতে হইলে পূর্ব্বদিক কিম্বা উত্তরদিক পরিত্যাগ করত গৃহ নির্ম্মাণ করিবে। কেহ কেহ বলেন একখানি মাত্র গৃহ করিতে হইলে বাস্তুর দক্ষিণাংশেই কর্ত্তব্য। ২০

একাদিগৃহব্যবস্থামাহ। একমিতি একং গৃহং নাগোড়ুশুদ্ধৌ যস্যাং দিশি স্বকীয়-জন্মনক্ষত্রং তদ্দিশি নাগোড়ুশুদ্ধিঃ কর্ত্তব্যা নান্যত্র দিঙ্নিয়মঃ। যদি দ্বে গৃহে স্যাতাং তদা দক্ষিণপশ্চিমযোরেবকর্ত্তব্যে নান্যত্র। কিন্তত্রাপি নাগোড়ুশুদ্ধৌ মুখ্যং গৃহং কর্ত্তব্য-মিত্যর্থঃ। ত্রিশালং পূর্ব্বতোহীনং উত্তরতো বা হীনং কর্ত্তব্যং ন কদাপি দক্ষিণপশ্চিম-হীনং কর্ত্তব্যমিত্যর্থঃ। যথা যাম্যহীনং ত্রিশালঞ্চ বিত্তনাশকরং ভবেৎ। অবস্করঞ্চ পরম্পরা হীনং বৈরকরং মহৎ॥ বিশেষমাহ। রাজমার্ত্তণ্ডে—ঐশান্যাং দেবনিলয়ং আগ্নেয্যাঞ্চ মহানসম্। অবস্করস্তু নৈর্ঋত্যাং বায়ব্যাং কোষমন্দিরম্॥ মহানসং পাকশালা অবস্করং মূত্র-পুরীষোৎসর্গশালা॥ ২০

ঐশান্যাং দেবশালা স্যাদাগ্নেয্যাঞ্চ মহানসম্।
অবস্করস্তু নৈর্ঋত্যাং বায়ব্যাং কোষমন্দিরম্॥ ২১

ইতিজ্যোতিস্তত্ত্বে।

জ্যোতিস্তত্ত্ব-ধৃতবচনে উক্ত হইয়াছে,—ঈশানকোণে দেবগৃহ নির্ম্মাণ করিবে, এইরূপ অগ্নিকোণে রন্ধনশালা, নৈর্ঋতে মল-মূত্রাদি পরিত্যাগ করি-স্থান এবং বায়ুকোণে ধনাগার করিবে। ২১

কর্কিকুম্ভহরিনক্রগতেঽর্কে পূর্ব্বপশ্চিমমুখানি গৃহাণি।
তৌলিমেষবৃষবৃশ্চিকযাতে দক্ষিণোত্তরমুখানি কুর্য্যাৎ॥
অন্যথা যদি করোতিদুর্ম্মতির্ব্যাধিশোকধনহানিমশ্নুতে।
মীনচাপমিথুনাঙ্গনাগতে কারয়েন্ন গৃহমেব ভাস্করে॥ ২২

ইতিভোজবচনম্।

ভোজরাজ কহিয়াছেন,—সৌরশ্রাবণ, ফাল্গুন, ভাদ্র ও মাঘমাসে পূর্ব্ব-পশ্চিমমুখ গৃহ করিতে পারিবে, আর কার্ত্তিক, বৈশাখ, জ্যেষ্ঠ, অগ্রহায়ণ মাসে দক্ষিণ-উত্তরমুখ গৃহ করিবে। গৃহপতি যদি দুর্ম্মতি হইয়া ইহার অন্যথা করেন তাহা হইলে তাহার রোগ, শোক ও ধনহানি হইবে। সৌরচৈত্র, পৌষ, আষাঢ় ও আশ্বিনমাসে কখনই গৃহারম্ভ করিবে না। ২১

ন প্রধানং গৃহারম্ভং কুর্য্যাৎ পৌষে শুচাবপি।
যদি কুর্য্যাৎ সোঽচিরেণ মহতীমাপদং ব্রজেৎ॥ ২২

ইতিজ্যোতিস্তত্ত্বে।

প্রধান গৃহারম্ভ পৌষে ও চৈত্রমাসে করিবে না। যে ব্যক্তি পৌষ কি চৈত্রমাসে গৃহারম্ভ করে তাহার শীঘ্রই আপদ ঘটিয়া থাকে। ২২

নিষিদ্ধেঽপি হি কালে তু স্বানুকূলে শুভে দিনে।
তৃণবস্ত্রগৃহারম্ভে মাসদোষো ন বিদ্যতে॥ ২৩

ইতিমহাভারতে।

মহাভারতে কথিত হইয়াছে যে,—নিষিদ্ধকালে যদি শুভদিন হয়, আর তাহাতে রবিচন্দ্রাদির অনুকূলতা থাকে তবে তৃণ ও বস্ত্র-গৃহারম্ভে মাসদোষ গ্রাহ্য হয় না। ২৩

পুর্ণিমাতোঽষ্টমীং যাবৎ পূর্ব্বাস্যং বর্জ্জয়েদ্গৃহম্।
উত্তরাস্যং ন কুর্ব্বীত নবম্যাদিচতুর্দ্দশীম্।
অমাবস্যাষ্টমীমধ্যে পশ্চিমাস্যং বিবর্জ্জয়েৎ।
নবমীতশ্চ যাম্যাস্যং যাবচ্ছুক্লচতুর্দ্দশীম্॥ ২৪

ইতিরাজমার্ত্তণ্ডে।

রাজমার্ত্তণ্ডে কথিত হইয়াছে,—পূর্ণিমা হইতে কৃষ্ণাষ্টমী পর্য্যন্ত পূর্ব্বাস্য গৃহ করিবে না। এইরূপ কৃষ্ণানবমী হইতে কৃষ্ণাচতুর্দ্দশী পর্য্যন্ত উত্তরাস্য গৃহ নিষেধ হয়। আর অমাবস্যা হইতে শুক্লাষ্টমী পর্য্যন্ত পশ্চিমাস্য গৃহ এবং শুক্লানবমী হইতে শুক্লাচতুর্দ্দশী পর্য্যন্ত দক্ষিণাস্য গৃহ নিষেধ হইয়া থাকে। ২৪

## দেবগৃহারম্ভে বিশেষঃ।

যস্য দেবস্য যঃ কালঃ প্রতিষ্ঠাধ্বজরোপণে।
গর্ত্তাপুরশিলান্যাসে শুভদস্তস্য পূজিতঃ॥ * ২৫

ইতি দেবীপুরাণে।

* যস্য দেবস্য প্রতিষ্ঠাধ্বজরোপণে যঃ কালঃ শুভদস্তস্য গর্ত্তাপুরশিলান্যাসে স কালঃ পূজিত ইত্যর্থঃ।

অধুনা দেবগৃহারম্ভ কথিত হইতেছে,—যে দেবতার প্রতিষ্ঠা ও ধ্বজ-রোপণবিষয়ে যে কাল বিহিত হইয়াছে সেই দেবতার গৃহারম্ভ সেই কালেই শুভদ হয়। ২৫

চৈত্রেঽথ ফাল্গুনে বাপি জ্যৈষ্ঠে বা মাধবেঽপি বা।
মাঘে বা সর্ব্বদেবানাং প্রতিষ্ঠা শুভদা ভবেৎ॥ * ২৬

ইতিমাৎস্যে।

চৈত্র, ফাল্গুন, জ্যৈষ্ঠ, বৈশাখ ও মাঘমাস সকল দেবতার প্রতিষ্ঠা-তেই প্রশস্ত। ২৬

মহিষাসুরহন্ত্র্যাশ্চ প্রতিষ্ঠা দক্ষিণায়নে। ২৭

ইতিদেবীপুরাণে।

দেবীপুরাণে কথিত হইয়াছে যে,—মহিষাসুরনাশিনী ভগবতী দুর্গাদেবীর প্রতিষ্ঠা দক্ষিণায়নে করিবে। ২৭

গৃহেষু যোবিধিঃ প্রোক্তোবিনিবেশপ্রবেশয়োঃ।
স এব বিদুষা কার্য্যোদেবতায়তনেষ্বপি॥ † ২৮

ইতিকৃত্যচিন্তামণৌ।

পূর্ব্বোক্ত গৃহারম্ভে যে সকল বিষয় উক্ত হইয়াছে তন্মধ্যে মাস‡ভিন্ন শুভ-চন্দ্রাদি ও তিথিনক্ষত্র প্রভৃতি সমস্তই দেবতাগৃহারম্ভে বিহিত জানিবে। ২৮

## অথতৃণকাষ্ঠাদিসঞ্চয়নিষেধঃ।

ছেদনং সংগ্রহশ্চৈব কাষ্ঠাদীনাং ন কারয়েৎ।
শ্রবণাদৌ বুধঃ ষট্‌কে ন গচ্ছেদ্দক্ষিণাং দিশম্॥
নাহরেত্তৃণকাষ্ঠানি ন কুর্য্যাদ্দৃঢ়বন্ধনম্॥ ২৯

ইতিদীপিকায়াম্।

অনন্তর গৃহাদির তৃণকাষ্ঠ প্রভৃতি সঞ্চয় নিষেধ কথিত হইতেছে,—শ্রবণাদি ছয় নক্ষত্রে পণ্ডিত ব্যক্তি গৃহনির্ম্মাণার্থ কাষ্ঠাদির ছেদন কি গ্রহণ করিবে না এবং উক্ত ছয় নক্ষত্রে দক্ষিণদিকে গমনও নিষেধ। বিশেষতঃ ঐ সকল নক্ষত্রে তৃণ আহরণ ও দৃঢ় বন্ধন সর্ব্বথা পরিত্যাগ করিবে। ২৯

* প্রতিষ্ঠা সমুচ্চয়ে জ্যৈষ্ঠাষাঢ়কয়োর্ব্বাপীত্যুক্তেরাষাঢ়ে দক্ষিণায়নেঽপি দুর্গাপ্রতিষ্ঠাভিহিতা।

‡ এতত্ মাসব্যতিরিক্তশুভচন্দ্রাদিবিষয়ং অন্যথা প্রাগুক্তবিরোধাপত্তেরিতি জ্যোতিস্তত্ত্বে স্মার্ত্তেনাভিহিতম্।

শ্রবণাদিষট্‌কে কাষ্ঠাদিচ্ছেদননিষেধমাহ। ছেদনমিতি। কাষ্ঠাদীনাং তৃণাদীনাং সংগ্রহং সমানয়নঞ্চ শ্রবণাদৌ রেবত্যন্তে নক্ষত্রষট্‌কে ন কারয়েৎ। তথা শ্রবণাদিষট্‌কে দক্ষিণদিশং ন গচ্ছেৎ। তথা রাজমার্ত্তণ্ডে। "ছেদনং তৃণকাষ্ঠানাং সংহৃতঞ্চ বিশেষতঃ। ভূতিকামো ন কুর্ব্বীত ষট্‌কেন শ্রবণাদিনা।" ॥ অত্রোত্তরাষাঢ়াশেষপাদত্তোদোষইতি লোকাচারস্তত্রেয়ং যুক্তিঃ উত্তরাষাঢ়ায়াঃ শেষপাদে শ্রবণাতারা তিষ্ঠতি তৎসম্পর্কাত্তত্র দোষ ইতি। যথা সূর্য্যসিদ্ধান্তে তারানির্ণয়াধ্যায়ে। আপ্যস্যৈবাভিজিৎপ্রান্তে বৈশ্বান্তে শ্রবণস্থিতঃ। ইতিগোটী। বল্মীকোমূষিকোনাগোব্যাঘ্রচৌরাগ্নিভয়ং তথা। রেবত্যাং নির্ম্মিতা লঙ্কা তেন দগ্ধা হনূমতা। ইতিসারসংগ্রহে। বহ্নিস্তস্করোরাজানোমূষিকোমশকঃ ফণী। ইতি সংকৃত্যমুক্তাবল্যাম্। ২৯

অগ্নিদাহোভয়ং শোকোরাজপীড়া ধনক্ষয়ঃ।
সংগ্রহেতৃণকাষ্ঠানাং কৃতে দ্রবিণপঞ্চকে ॥ ৩০

ধনিষ্ঠাদি পাঁচনক্ষত্রে তৃণকাষ্ঠাদি সঞ্চিত হইলে, কি দৃঢ়বন্ধন করিলে অগ্নিদাহ, ভয়, শোক, রাজপীড়া এবং ধনক্ষয় হইয়া থাকে। ৩০

## অথবাস্তুগ্রহকরণকথনম্।

ধ্বজোধূমশ্চ সিংহশ্চ শ্বা বৃষঃ খর এব চ।
গজঃ কাকপদশ্চৈব স্থানান্যষ্টৌ চ বস্তুনি ॥ ৩১

অধুনা বাস্তুগ্রহকরণ কথিত হইতেছে,—ধ্বজ, ধূম, সিংহ, শ্বা, বৃষ, খর, গজ ও কাকপদ এই আটটি বাস্তুস্থান বলিয়া প্রসিদ্ধ। ৩১

চতুরস্রং কৃতং বাস্তু সূত্রাভ্যাং তির্য্যগূর্দ্ধতঃ।
কোণসূত্রদ্বয়েনাপি বিভজেদষ্টধা ততঃ।
ঈশানতো ধ্বজাদ্যাঃ স্যুস্তত্র বেশ্মফলং যথা। ৩২

বাস্তুভূমিকে চতুরস্র করিয়া তির্য্যক্ ও ঊর্দ্ধভাবে দুইটি রেখা দিবে, অনন্তর কোণসূত্রদ্বয় অঙ্কিত করিলেই আটভাগে বিভক্ত হইবে; পরে ঈশানকোণ হইতে ধ্বজাদি গণনা করিতে হয়, ফল নিম্নে বিবরিত হইতেছে। ৩২

ধ্বজে বিভূতির্ম্মরণঞ্চ ধৌমে সিংহে যশঃ শ্বা করোত্যনর্থম্।
বৃষে চ ভোগী খরদেহপীড়া সিদ্ধির্গজে কাকপদে চ মৃত্যুঃ ॥৩৩

ধ্বজাদির ফল কথিত হইতেছে,—ধ্বজস্থানে গৃহ করিলে ঐশ্বর্য্য হয়, এই রূপ ধূমস্থানে মৃত্যু, সিংহে যশোলাভ, কুক্কুরে অনর্থ, বৃষে ভোগ, খরে দেহপীড়া, গজে সিদ্ধিলাভ এবং কাকপদে গৃহ করিলে গৃহস্বামীর মৃত্যু হয়। ৩৩

পূর্ব্বদ্বারং গবাং স্থানং কুর্য্যাদ্দ্বারন্তু পশ্চিমম্।
গজে সিংহে ন কুর্ব্বীত গৃহস্থঃ পশুবৃদ্ধয়ে॥ ৩৪

গো-গৃহ পূর্ব্বদ্বারী অথবা পশ্চিমদ্বারী কর্ত্তব্য। পশুবৃদ্ধি ইচ্ছা করিলে গৃহস্থ গজে কিম্বা সিংহে পশুগৃহ করিবে না। ৩৪

বাস্তু ষোড়শবিধং তত্রায়তাদিচতুষ্কং প্রশস্তম্।
চক্রাদিদশপ্রকারং নিষিদ্ধম্। ৩৫

ইতিসারসংগ্রহে হৃদয়ানন্দঃ।

বাস্ত ষোড়শ প্রকার তন্মধ্যে আয়তাদি চতুর্ব্বিধ প্রশস্ত এবং চক্রাদি দ্বাদশ প্রকার নিষিদ্ধ। ৩৫

আয়তে সিদ্ধয়ঃ সর্ব্বাশ্চতুরস্রে ধনাগমঃ।
ভদ্রাসনে কৃতার্থত্বং বৃত্তে পুষ্টিবিবর্দ্ধনম্।৩৬

আয়ত বাস্তুতে সর্ব্বার্থসিদ্ধি হয়, এইরূপ চতুরস্র বাস্তুতে ধনাগম, ভদ্রাসনে কৃতার্থতা এবং বৃত্ত বাস্তুতে পুষ্টিবৃদ্ধি হইয়া থাকে। ৩৬

## অথায়তাদিলক্ষণম্।

আয়তে মুনিদিক্প্রোক্তং চতুরস্রে নবাষ্টকম্।
তিথিস্ত্রয়োদশং বৃত্তে ভদ্রে রুদ্রদিবাকরে॥ ৩৭

ইতিসারসংগ্রহে।

অনন্তর আয়তাদি বাস্তুর লক্ষণ কথিত হইতেছে,—দশদণ্ড * দীর্ঘে, সপ্তদণ্ড প্রস্থে যে ভূমি তাহাকে আয়ত বলা যায়। এইরূপ নয় দণ্ড দীর্ঘে,আটদণ্ড প্রস্থের নাম চতুরস্র, পঞ্চদশ দণ্ড দীর্ঘ ও ত্রয়োদশ দণ্ড প্রস্থকে বৃত্ত এবং দ্বাদশ দণ্ড পরিমিত দীর্ঘ ওএকাদশ দণ্ড পরিমিত প্রস্থ এইরূপ ভূমিকে ভদ্রাসন বলা যায়।৩৭

## অথবাস্তুনক্ষত্রকথনম্।

প্রস্তারদৈর্ঘয়োর্ম্মানং † ত্রিঘ্নং চৈকেন বর্জ্জিতম্।
হরেদ্বৈ সপ্তবিংশেন শেষমৃক্ষন্তু বাস্তুনঃ॥ ৩৮

ইতিসারসংগ্রহে।

---

* অষ্টহস্তদণ্ডেন বাটীমাপনং। যথা বসুহস্তোভবেদ্দণ্ডোবাটীং তেনৈব মাপয়েৎ। চতুর্হস্তেন বা স্বল্পাং মাপয়েদিচ্ছয়া বুধঃ। ইতিসারসংগ্রহে হৃদয়ানন্দঃ।

† মানং দণ্ডমানমিত্যর্থঃ।

আটহস্ত পরিমাণ দণ্ডদ্বারা বাস্তভূমিকে মাপিলে দীর্ঘ ও প্রস্থে যত দণ্ড হইবে তাহা যোগ করিয়া দ্বিগুণ করিলে যত সংখ্যক অঙ্ক হয়, তাহার তিন ভাগের একভাগ ত্যাগ করিবে। অনন্তর বক্রী দুইভাগে যে অঙ্ক থাকিবে, তাহাকে সপ্তবিংশতি দ্বারা হরণ করিলেই বাস্তনক্ষত্র জানিতে পারা যায়। ৩৮

খনা।

আড়ে দীর্ঘে যত পাই তিনগুণ করি একফালাই।

সাতাইসে হরিলে রহে যে বাটীর নক্ষত্র হয় সে॥

অথবাস্তুরাশিকথনম্। *

অশ্বিন্যাদিত্রয়ং মেষে সিংহে প্রোক্তং মঘাত্রয়ম্।

মূলাদিত্রিতয়ং চাপে দ্বৌ দ্বৌ তু নবরাশিষু॥ ৩৯

ইতিসারসংগ্রহে।

অধুনা বাস্তভূমির রাশি নির্ণীত হইতেছে,—অশ্বিনী, ভরণী ও কৃত্তিকা এই তিন নক্ষত্রে মেষরাশি, মঘা, পূর্ব্বফল্গুনী ও উত্তরফল্গুনী. সিংহরাশি এবং মূলা পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়া এই তিন নক্ষত্রে ধনুরাশি হয়, এতভিন্ন নয়টী রাশি দুই দুই নক্ষত্রে হইয়া থাকে। বাস্তভূমির রাশি ও বাস্তস্বামীর রাশি দ্বারা "কন্যা ও বরের রাশিদ্বারা বিবাহপ্রকরণে যেরূপ যোটকশুদ্ধি কথিত হইয়াছে সেইরূপ" দেখিতে হইবে। ৩৯

অথগৃহারম্ভে লোকপালাদিপূজা।

বলিভিঃ পুষ্পধূপাদ্যৈর্লোকপালানগ্রহান্।

পূজয়েৎ ক্ষেত্রপালাংশ্চ ক্রূরভূতাংশ্চ বাহ্যতঃ॥ ৪০

অনন্তর গৃহারম্ভ সময়ে লোকপালাদি পূজা কথিত হইতেছে যথা—পূজোপহার পুষ্প ও ধূপাদিদ্বারা লোকপাল, নবগ্রহ ও ক্ষেত্রপালগণকে পূজা করিবে আর গৃহের বহির্দ্দেশে ক্রূরভূতগণের পূজা করিতে হইবে। ৪০

গৃহারম্ভকালে লোকপালাদিপূজাং শ্লোকদ্বয়েনাহ। বলিভিরিতি। কুশপুষ্পৈরিতি চ। পুষ্পধূপাদ্যৈর্ব্বলিভিঃ পূজোপহারৈরিত্যর্থঃ। বাহ্যতঃ গৃহস্থানবাহ্যে ক্রূরভূতান্ পূজয়েৎ। তদ্দেশস্থান্তদ্দেশগ্রামেষধিপদেবতাইত্যর্থঃ শেষং সুগম্। অত্র বিশেষমাহ। গর্গঃ—"পূর্ণকুম্ভং সমারোপ্য চূতপল্লবসংযুতং। গন্ধপুষ্পাদিভির্লক্ষ্মীং শ্রীসূক্তেন প্রপূজয়েৎ"। ইন্দ্রাদিলোকপালাংশ্চ স্ব স্ব দিক্ষু ঘটে যজেৎ। অষ্টৌ বসূংশ্চ সংপূজ্য মাতৃকাশ্চ প্রপূজয়েৎ। অনন্তং বাস্তুপুরুষং কূর্ম্মং পৃথ্বীং গ্রহান্নব। বাসুকিং তক্ষকঞ্চৈব কর্কটং কুলিরন্তথা। পদ্মঞ্চ শঙ্খচূড়ঞ্চ মহাপদ্মং ধনঞ্জয়ম্। পূজয়েদ্ গন্ধপুষ্পাদ্যৈর্নাগানষ্টৌ প্রযত্নতঃ। হস্তমাত্রমিতে গর্ত্তে সপদ্মং সহিরণ্যকম্। বাস্তোষ্পতেতিমন্ত্রেণ দদ্যাদর্ঘ্যং ঘটাম্বুভিঃ।

* নক্ষত্রানুরোধেন রাশিতঃ কন্যাবরয়োরিব বাটীপুরুষয়োর্যোটকশুদ্ধির্জ্ঞেয়া। ইতি জ্যোতিঃসারসংগ্রহে হৃদয়ানন্দঃ।

ততঃ পৃথিব্যৈ কূর্ম্মায় অনন্তায় পৃথক্ পৃথক্ ওঁ বসুধে হেমগর্ভাসি শেষস্তোপরিশায়িনি। তব পৃষ্ঠে দদাম্যেতদ্‌গৃহাণার্ঘ্যং ধরিত্রি মে। ওঁ সর্ব্বলক্ষণসম্পন্ন সর্ব্বেশ কমঠাকৃতে। স্থানং দেহি গৃহং কর্ত্তুং বিষ্ণুরূপিন্নমোঽস্তু তে। ততোঽনন্তায় ওঁ হিমকুন্দমৃণালাভ নাগানন্ত মহাফণিন্। স্থানং দেহি গৃহং কর্ত্তুং গৃহাণার্ঘ্যং নমোনমঃ। ৪০

## অথগৃহারম্ভে ব্রহ্মাদিপূজা।

কুশপুষ্পৈস্তথা লাজৈস্তিলতণ্ডুলমিশ্রিতৈঃ।
ব্রহ্মাণং বাস্তুপুরুষং তদ্দেশস্থাশ্চ দেবতাঃ॥ ৪১

ব্রহ্মা, বাস্তুপুরুষ ও তদ্দেশস্থ দেবতাগণকে পুষ্প, তিল ও তণ্ডুল মিশ্রিত খইর দ্বারা অর্চ্চনা করিতে হয়। ৪১

## পূর্ব্বাদিচতুর্দ্দিক্ষু গৃহবন্ধধ্রুবাঙ্ক।

পূর্ব্বাদিষু চতুর্দ্দিক্ষু বামমেকাদয়োধ্রুবাঃ।
প্রস্তারস্যাথ দৈর্ঘ্যস্য তত্র বৈকসমন্বিতাঃ॥ ৪২

পূর্ব্বাদি চতুর্দ্দিগের গৃহবন্ধের ধ্রুবাঙ্ক কথিত হইতেছে,—বামাবর্ত্তক্রমে প্রস্থের পরিমাণ পূর্ব্বাদিচতুর্দ্দিকে একাদি অঙ্ক ধ্রুবাঙ্ক অর্থাৎ পূর্ব্বে এক, উত্তরে দুই, পশ্চিমে তিন, দক্ষিণে চারি আর দীর্ঘের পরিমাণ পূর্ব্বাদিক্রমে বামাবর্ত্তে একাধিক একাদি অঙ্ক ধ্রুবাঙ্ক অর্থাৎ পূর্ব্বে দুই, উত্তরে তিন, পশ্চিমে চারি, দক্ষিণে পাঁচ। ৪২

গৃহবন্ধস্য ব্যবস্থামাহ। পূর্ব্বাদিষ্বিতি। পূর্ব্বাদিষু চতুর্দ্দিক্ষু বামং বিপরীতেন পূর্ব্বোত্তরক্রমেণৈকাদয়ঃ প্রস্তারস্য ধ্রুবাঃ একঃং পূর্ব্বে দ্বাবুত্তরে ত্রয়ঃ পশ্চিমায়াং চত্বারো-দক্ষিণস্যাং। অথ দৈর্ঘ্যস্য ধ্রুবাস্তএব পূর্ব্বোত্তরক্রমেণৈকাদয়ঃ একযুক্তাঃ দ্বৌপূর্ব্বে ত্রয়ঃ উত্তরে চত্বারঃ পশ্চিমে পঞ্চ দক্ষিণে ৪২

## বায়ব্যাদিচতুষ্কোণেগৃহবন্ধধ্রুবকথনম্।

বামং বাতাদিকোণেষু ধ্রুবাঃ প্রস্তারদৈর্ঘ্যয়োঃ।
একাদ্যাঃ স্বেচ্ছয়া * সর্ব্বে কার্য্যা বেদসমন্বিতাঃ॥ ৪৩

বামাবর্ত্তে বায়ব্যাদি চতুষ্কোণ প্রস্থের পরিমাণে একাদি অঙ্ক ও দীর্ঘের পরিমাণে একাদি অঙ্ক যোগ করিলে যে পরিমাণ হইবে তাহাকে ধ্রুবাঙ্ক বলা যায়। ৪৩

বায়ব্যাদিকোণেষু গৃহবন্ধস্য ব্যবস্থামাহ। বামমিতি। বাতাদিকোণেষু বামং বিপরীতেন বায়ুনৈর্ঋতাগ্নীশানক্রমেণ প্রস্তারদৈর্ঘ্যয়োস্তএবোক্তা একাদ্যাধ্রুবাঃ প্রস্তারে একাদ্বৌ ত্রয়শ্চত্বরঃ দৈর্ঘ্যএকসমন্বিতা দ্বৌ ত্রয়শ্চত্বারঃ পঞ্চ ইত্যর্থঃ। অথ সর্ব্বএবাষ্ট গৃহধ্রুবাঃ

---

* উভয়তঃ স্বেচ্ছায়ানুরূপতশ্চতুঃসংখ্যাদানেন ধ্রুবশুদ্ধিশ্চ ইতিদীপিকায়াং মূলং।

প্রস্তারে দৈর্ঘ্যে চ স্বেচ্ছয়া বেদসমন্বিতাঃ কার্য্যাঃ শক্ত্যনুরূপং যাবদ্ভির্ব্বা গৃহাঃ শোভন্তে তাবদ্ভিশ্চতুর্ভির্যুক্তা ধ্রুবাঃ কার্য্যা ইত্যর্থঃ। ৪৩

## অথগৃহাণামায়কথনম্।

ব্যাসেন গুণিতে দৈর্ঘ্যে বসুভির্ব্বিহৃতে ততঃ।
যচ্ছেষমায়ং তদ্‌বিদ্যাৎ পূর্ব্বাদিভবনাষ্টকে ॥ ৪৪

গৃহের আয়জ্ঞান কথিত হইতেছে,—প্রস্থের হস্ত পরিমিত অঙ্ক দ্বারা দীর্ঘের হস্ত পরিমিত অঙ্ককে গুণ করিয়া আটদ্বারা হরণ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে তাহাই পূর্ব্বাদি অষ্টকোণের আয়-অঙ্ক হইবে। ৪৪

গৃহায়জ্ঞানমাহ। ব্যাসেনেতি। ব্যাসেন প্রস্তারহস্তপ্রমাণেন দৈর্ঘ্যে দৈর্ঘ্যহস্তপ্রমাণে পূরিতেঽষ্টাভির্হৃতে সতি যচ্ছেষং তিষ্ঠতি তদায়াং বিদ্যাৎ। যথা পশুপতিদীপিকায়াম্। "আয়ামেন চ যে হস্তাঃ প্রস্তারেণ চ তান্ গুণেৎ। অষ্টাভির্ভাগমাহৃত্য শেষমায়ং প্রকল্পয়েৎ।" ৪৪

## অথগৃহাণাং সামান্যনক্ষত্রকথনম্।

তস্মাদ্‌ব্যাসগুণাদ্দৈর্ঘ্যাৎ পুনর্ম্মঙ্গলতাড়িতাৎ।
ত্রিঘনেন হৃতাচ্ছেষং নক্ষত্রং তস্য বেশ্মনঃ ॥ ৪৫

অনন্তর গৃহের সামান্য নক্ষত্র কথিত হইতেছে,—প্রস্থাঙ্কদ্বারা গুণিত দীর্ঘ-পরিমিত অঙ্ককে পুনর্ব্বার আটদ্বারা পূরণ করিবে, অনন্তর সপ্তবিংশতিদ্বারা হরণ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে তাহাই সেই গৃহের নক্ষত্র জানিবে। ৪৫

গৃহস্য নক্ষত্রজ্ঞানমাহ। তস্মাদিতি। তস্মাদ্ধস্তাদ্ব্যাসপ্রমাণপূরিতাৎ দৈর্ঘ্যপ্রমাণাৎ পুনরপিমঙ্গলেনাষ্টভিস্তাড়িতাৎ পূরিতাৎ ত্রিঘ্নেন সপ্তবিংশত্যা হৃতাদ্ যচ্ছেষং স্যাৎ তস্য বেশ্মনোনক্ষত্রং স্যাৎ যথা রাজমার্ত্তণ্ডে। "পিণ্ডমষ্টগুণং কৃত্বা ত্রিঘনেন বিভাজয়েৎ। শেষং নক্ষত্রমাদিষ্টং কৃত্তিকাদিব্যবস্থয়া"। পিণ্ডমুক্তং তত্রৈব। আয়ামসংগুণিতা বিস্তারহস্তাঃ পিণ্ডমিতি। ৪৫

## অথগৃহাণামায়জ্ঞানমায়ব্যয়ফলঞ্চ।

বসুশিষ্টং যদা জাতং নক্ষত্রং ভবতি ব্যয়ঃ।
ব্যয়াধিকং ন কর্ত্তব্যং গৃহমায়াধিকং শুভম্ ॥ ৪৬

পূর্ব্বোক্ত বচনানুসারে গৃহনক্ষত্র নির্ণয় করিয়া তাহাকে আটদ্বারা হরণ করিলে অবশিষ্ট যে অঙ্ক থাকিবে তাহার নাম ব্যয়। দীর্ঘ ও প্রস্থের পরিমিত অঙ্ককে একত্র যোগ করিলে যে অঙ্ক হইবে তাহার নাম পিণ্ড। উক্ত পিণ্ডাঙ্ককে আটদ্বারা গুণ করিয়া দ্বাদশদ্বারা হরণ করিলে যে অঙ্ক অবশিষ্ট হইবে তাহার নাম আয়। আয়ের অঙ্কাপেক্ষায় ব্যয়ের অঙ্ক অধিক হইলে গৃহ করিবে না। আর যদি ব্যয়ের অঙ্ক হইতে আয়াঙ্ক অধিক হয় তবে গৃহকরণ শুভ হইয়া থাকে। ৪৬

গৃহাণাং ব্যয়জ্ঞানমাহ। বস্বিতি। তস্মাৎ্যাসগুণিতাদিতি যচনোক্তং ত্রিঘনৈন হৃতা-চ্ছেষমঙ্কং যন্নক্ষত্রসংজ্ঞকং আয়াতং:তৎসুশিষ্টং অষ্টহৃতশেষং ব্যয়ং স্যাৎ। যথা পশুপতিঃ। "পিণ্ডমষ্টগুণং কৃত্বা ত্রিঘনেন বিভাজয়েৎ। শেষং নক্ষত্রমুদ্দিষ্টমষ্টাভির্হরণাদ্ব্যয়" ইতি। ততশ্চ ব্যায়াধিকং ন কর্ত্তব্যং আয়াধিকস্তু শুভং সমে সমমিতি। কেনচিত্তু আয়াদিজ্ঞানং প্রকারান্তরেনোক্তং। যথা গৃহভূমিসমাহ্বতপিণ্ডপদং বসুলোচনরন্ধ্রগজৈর্গুণিতং। রবি-ভূধরত্রিংশদযোগহৃতং ভবনায়ব্যবস্থিতিঋক্ষপদং॥ অস্যার্থঃ গৃহভূমিপ্রমাণস্য সমাহৃতং প্রস্তারদৈর্ঘ্যাভ্যাং অন্যোহন্যেন পূরিতং পিণ্ডপদং পিণ্ডসংজ্ঞকং। যথা রাজমার্ত্তণ্ডে। "আয়াম সংগুণিতবিস্তারহস্তঃ পিণ্ডমিতি। তচ্চ পিণ্ডং পৃথক্ পৃথক্ স্থানচতুষ্টয়ে কৃত্বা বসুলোচন রন্ধ্রগজৈর্গুণিতং যথাসংখ্যকং দ্বাদশ-সপ্তত্রিংশৎ-সপ্তবিংশতিভির্হৃতশেষং গৃহস্যায়ব্যয়-স্থিতিনক্ষত্রাণি স্যুঃ। যথাক্রমং অন্যোহস্যার্থং ন বুদ্ধা অন্যথা ব্যাচক্ষতে তন্বেয়ং এতত্তু প্রকারমাত্রং দৈবাৎ ক্বাপি দৃশ্যতে কিন্তু গ্রন্থকারমতমেব রাজমার্ত্তণ্ডাদীনাং বহুনাং সম্মতং সপ্রমাণ-কঞ্চ।৪৬

## অথগৃহাণাং নক্ষত্রব্যবস্থা।

প্রত্যগ্দক্ষিণয়োর্ভং দ্রবিণাদ্যং বিদিক্ষু দহনাদি।
পূর্ব্বোত্তরয়োর্গৃহয়োরশ্বিন্যাদীনি ভানি স্যুঃ ৪৭

গৃহনক্ষত্র বিষয়ে বিশেষ কথিত হইতেছে,—পশ্চিম ও দক্ষিণদিকৃস্থিত গৃহের নক্ষত্র ধনিষ্ঠাদি হয়, এইরূপ বিদিক্স্থিত (কোণস্থিত) গৃহের নক্ষত্র কৃত্তিকাদি এবং পূর্ব্ব ও উত্তরদিক্স্থিত গৃহের নক্ষত্র অশ্বিন্যাদি হইয়া থাকে। ৪৭

প্রাগুক্ত গৃহনক্ষত্রস্য ব্যবস্থামাহ। প্রত্যগিতি। পশ্চিমদক্ষিণগৃহয়োর্নক্ষত্রং দ্রবিণাদ্যং ধনিষ্ঠাদ্যং স্যাৎ ধনিষ্ঠামারভ্য গণয়েদিত্যর্থঃ। বিদিক্ষু কোনস্থগৃহাণাং দহনাদি কৃত্তিকাদি স্যাৎ পূর্ব্বোত্তরগৃহয়োরশ্বিন্যাদীনি নক্ষত্রাণি স্যুঃ। এতত্তু নক্ষত্রজ্ঞানং বক্ষ্যমাণব্যয়-জ্ঞানার্থং গৃহপতিনক্ষত্রেণ সার্দ্ধং বিবাহবদ্যোটকনাড়ীনক্ষত্রাদি শুদ্ধ্যা শুভাশুভজ্ঞানার্থ-ঞ্চেতি বোদ্ধব্যম্। ৪৭

## অথশৈল্যোদ্ধারাদি।

সুনিশ্চিতাং মন্দিরভূমিমাদৌ নিখায় তোয়াবধিবত্নতস্তান্।
কুর্য্যাদ্বিশল্যামথ বা নৃমানং খাত্বাথ বা প্রশ্নবশাদ্বিধিজ্ঞঃ॥
দূর্ব্বাপ্রবালাক্ষতপুষ্পপাণিঃ শুচিঃ শুচিং দৈববিদং নমেত্যা।
পৃচ্ছেদ্বিনীতোমধুরস্বরেণ শল্যস্য তত্ত্বং ভবনে তদীশঃ॥ ৪৮

ইতিজ্যোতিস্তত্ত্বে।

অনন্তর শৈল্যোদ্ধারাদি কথিত হইতেছে,—গৃহাদি নির্ম্মাণের জন্য ভূমি স্থির করিয়া যতদূর খনন করিলে জলদৃষ্ট হইবে সেই পর্য্যন্ত খনন করিবে।

অথবা একমুষ্যু পরিমিত খাত করিয়া গৃহপতি শুচি হইয়া দূর্ব্বা, প্রবাল, আতপ-তণ্ডুল ও পুষ্প হস্তে করতঃ পবিত্র দৈবজ্ঞকে নমস্কার পূর্ব্বক বিনীত ভাবে মধুর বাক্যে শৈল্যের বৃত্তান্ত জিজ্ঞাসা করিবেন। ৪৮

ততঃ প্রশ্নাদিমোবর্ণঃ সন্ধ্যার্ঘ্যোযত্নতোঽথ বা।
ক্রমাৎ পুষ্পনদীদেবফলানাং ব্রাহ্মণাদিতঃ।
প্রণবোধরণী ধারিণী করৌ চ তদনন্তরম্।
নভূত্যৈ নম ইত্যেষ মন্ত্রোবহ্নিপ্রিয়ান্তকঃ।
মন্ত্রেণানেন কঠিনীমভিমন্ত্র্য বিভাজয়েৎ।
নবধা সদনক্ষেত্রং তথা পশ্চাদ্বিলেখয়েৎ।
বকচতএহাঃ শপযানবচেৎ প্রশ্নাক্ষরাণি জায়ন্তে।
প্রাগাদিকোষ্ঠনবকে বর্ণান্তে শল্যমাখ্যান্তি॥ ৪৯

ইতি জ্যোতিস্তত্ত্বে।

অনন্তর দৈবজ্ঞ যথাক্রমে গৃহস্বামীর প্রশ্নের আগুক্ষর দ্বারা শল্য আছে কিনা তাহা স্থির করিবেন। প্রশ্নবিষয়ে ব্রাহ্মণাদি ক্রমে দ্রব্যাদি গ্রহণ করিতে হয়, তাহার নিয়ম এই—ব্রাহ্মণ পুষ্প, ক্ষত্রিয় নদী, বৈশ্য দেবতা ও শূদ্র ফল গ্রহণ করিবে। তদনন্তর প্রণব উচ্চারণ করতঃ "ধরণী" ইত্যাদি মন্ত্রদ্বারা কঠিনী অর্থাৎ খড়ি অভিমন্ত্রিত করিয়া তদ্দ্বারা গৃহভূমিকে নয় অংশে বিভক্ত করিবে পরে ব, ক, চ, ত, এ, হ, শ, প, য, এই নবাক্ষরের মধ্যে যেবর্ণ প্রশ্নাক্ষর হইবে, তাহা পূর্ব্বোক্ত নয়কোঠায় পূর্ব্বাদিক্রমে বিন্যস্ত করিয়া শল্য বোধ করাইবে।৪৯

প্রশ্নে বকারঃ পুরতোনরাস্থি ব্রবীতি শল্যং মরণপ্রদায়ি
ক্ষৌণীশদণ্ডোরগহেতুমৃত্যুপ্রদং ককারঃ খরশল্যমগ্নৌ।
যাম্যাং চকারঃ প্লবগাস্থিবেশ্মপ্রভোর্ব্বিনাশাবহমাহ শল্যম্।
রক্ষোদিশিশ্বাস্থিগৃহস্থিতানাং মহদ্ভয়ং বক্তি সুনিশ্চিতং তঃ॥
এঃ পাশিদিশংস্থি শিশোর্ব্রবীতি মৃত্যুং প্রবাসাদ্গৃহমেত্যশৈল্যম্।
হোবায়ুকোণে নররূপমস্থি-দারিদ্র্যমিত্রক্ষয়কৃদ্বিধত্তে।
ধনপদিশি শকারঃ প্রাহবিপ্রাস্থি বিত্ত-
ক্ষয়কৃদথ পকারো বক্তি খঙ্কাস্থি শম্ভো।
তদিহকুলবিনাশং গোধনানাঞ্চ হানিং
রিতরতি গৃহনাথস্যাপি গুপ্তস্য দেবৈঃ।

যোমধ্যভাগে ত্ব্যাসিতং কপালং কালায় সঙ্কায় কুলক্ষয়ায়।

যত্নাদপাস্যাম্যধুনা প্রমাণং সর্ব্বত্র তথ্যং কথয়ামি শল্যে॥ ৫০

পূর্ব্বোক্ত প্রশ্নের আদ্যক্ষর ব হইলে পূর্ব্বদিকে গৃহস্বামীর মৃত্যুদায়ক মনুষ্যাস্থি থাকে। এইরূপ প্রশ্নাক্ষর ক হইলে রাজদণ্ড অথবা সর্পদংশন দ্বারা মৃত্যুপ্রদ গর্দ্দভাস্থি অগ্নিকোণে, চ দক্ষিণদিকে বানরাস্থি গৃহকর্তার বিনাশপ্রদ, ত নৈঋর্তকোণে কুক্কুরের অস্থি মহদ্ভয়জনক, এ পশ্চিমদিকে বালকাস্থিরূপ শল্য প্রবাসে মৃত্যুদ, হ বায়ুকোণস্থ মনুষ্যের সর্ব্বাবয়বের অস্থি দারিদ্র্যপ্রদ ও বন্ধু বিনাশক, শ উত্তরদিকে ব্রাহ্মণাস্থি ধনক্ষয়কারী হয়, প ঈশানকোণে ভল্লুকাস্থি দেবকর্ত্তৃক রক্ষিত হইলেও গৃহপতির হস্তী ও গোধনাদি বিনাশক হয়, আর মধ্যভাগে নৃকপালরূপ শল্য গৃহপতির ও বংশের বিনাশক হইয়া থাকে। অতএব যত্নবান্ হইয়া উক্ত প্রকার শল্য সকল বাস্তভূমি হইতে উত্তোলন করা একান্ত কর্ত্তব্য। ৫০

## অথ দিগ্‌বিশেষে শল্যস্থিতিকথনম্।

ইন্দ্ররক্ষোজলেশানে শল্যং সার্দ্ধকরে কটৌ।

বহ্ন্যন্তককুবেরেষু পুরুষে মধ্যবাতয়োঃ॥ ৫১

ইতিজ্যোতিস্তত্ত্বে।

অনন্তর দিক্‌বিশেষে শল্যের স্থিতি নির্ণীত হইতেছে—পূর্ব্ব, নৈঋর্ত, পশ্চিম, ও ঈশানকোণে দেড় হস্ত-পরিমিত ভূমির মধ্যে শল্য থাকে, আর অগ্নিকোণে, দক্ষিণে ও উত্তরদিকে কটী-পরিমিত ভূমির মধ্যে শল্য জানিবে এবং মধ্যস্থানে ও বায়ুকোণে পুরুষপরিমিত ভূমির মধ্যে শল্য থাকিবার স্থান। ৫১

পুরুষাধঃ স্থিতং শল্যং ন গৃহে দোষদং ভবেৎ।

প্রাসাদে দোষদঃ শল্যং ভবেদ্‌যাবজ্জলান্তকম্॥ ৫২

ইতিদেবীপুরাণে।

পুরুষপ্রমাণ ভূমির নিম্নস্থিত শল্য গৃহমধ্যে দোষাবহ হয় না, কিন্তু মনুষ্য পরিমিত ভূমির মধ্যস্থিত শল্যই গৃহমধ্যে দোষাবহ হইয়া থাকে। আর জলান্তকশল্য প্রাসাদে (অট্টালিকা প্রভৃতিতে) দোষাবহ হইবে। ৫২

গৃহারম্ভেঽপি কণ্ডূতিঃ স্বাম্যঙ্গে যদি জায়তে।

শল্যং ত্বপনয়েত্তত্র প্রাসাদে ভবনেঽপি বা॥ ৫৩

ইতিদেবীপুরাণে।

গৃহারম্ভ হইলে যদি গৃহপতির গাত্রকণ্ডু হয় তাহা হইলে জানিবে যে গৃহে কি

প্রাসাদে শল্য আছে,অতএব ঐ শল্য যে রূপে অপসারিত হইতে পারে তাহাতে অবশ্য যত্নবান্ হইবে। ৫৩

### অথ গৃহারম্ভে হস্তপ্রমাণম্। *

স্বামিহস্তপ্রমাণেন ধর্ম্মপত্নীকরেণ বা।
মাপয়েদ্‌গর্ভমাত্রন্তু গৃহকর্ম্মণি কোবিদঃ॥ ৫৪

অধুনা গৃহারম্ভের হস্ত-প্রমাণ কথিত হইতেছে—গৃহস্বামীর স্বীয় হস্তদ্বারা অথবা ধর্ম্মপত্নীর হস্তদ্বারা গৃহগর্ত্ত মাপিতে হইবে। ৫৪

### অথ গৃহারম্ভে সুত্রাদীনামারোপণস্থানম্।

ঈশানে সূত্রপাতঃ স্যাদাগ্নেয়ে স্তম্ভরোপণম্।
দ্বারং নবমভাগে তু কার্য্যং বামাৎ প্রদক্ষিণম্॥ † ৫৫

গৃহারম্ভে ঈশানকোণে সূত্রপাত, অগ্নিকোণে স্তম্ভরোপণ এবং বামাবর্ত্তক্রমে অষ্টমভাগের একভাগ দ্বার করিবে। ৫৫

সূত্রাদ্যারোপণমাহ। ঈশানেতি। ঈশানকোণে সূত্রপাতঃ কার্য্যঃ অগ্নিকোণে স্বর্ঘ্যাদিকং দত্ত্বা গর্ত্তে স্তম্ভারোপণঞ্চ স্তম্ভে বাস্তুপুরুষং পূজয়িত্বা পঠেৎ। ওঁ যথাচলোগিরির্ম্মেরুর্হিমবাংশ্চ যথা চলঃ। শুভপ্রদ মহাস্তম্ভ তথা ত্বমচলো ভব॥ অত্র চ মাসাদিবিলম্বে পুনঃ কর্ত্তব্যমিদং॥ তথা মাসান্তরে স্বনারম্ভে ঈশানারোপণং পুনরিতি। গৃহদ্বারঞ্চাষ্টভাগীকৃতস্য গৃহস্যৈকভাগে বক্ষ্যমাণশ্লোকেন বিশিষ্যোক্তে কর্ত্তব্যং, তচ্চ গৃহস্য বামপার্শ্বাৎ প্রদক্ষিণক্রমেণ কর্ত্তব্যমেতদুক্তং ভবতি। নির্গচ্ছতঃ পুংসোবামভাগো গৃহস্য বামপার্শ্বঃ। তদাদিত আরভ্য প্রদক্ষিণক্রমেণাষ্টৌ ভাগান্ কৃত্বা বক্ষ্যমাণশ্লোকৈকভাগৈকদ্বারং কার্য্যমিত্যর্থঃ। ৫৫

### অথ গৃহস্য বামস্য দ্বারকরণব্যবস্থা।

তৃতীয়তূর্য্যয়োঃ প্রাচ্যাং যাম্যে তূর্য্যেঽথ পশ্চিমে।
তূর্য্যপঞ্চময়োঃ পঞ্চ ত্রিচতুর্থেঽপি চোত্তরে॥ ৫৬

কোন্‌দিক্‌স্থিত গৃহের কত অংশে দ্বার করিতে হয় তাহা বর্ণিত হইতেছে,— পূর্ব্বদিক্‌স্থিত গৃহে তৃতীয় অথবা চতুর্থভাগের একভাগে দ্বার করিতে হয়। এইরূপ দক্ষিণদিকস্থ গৃহের, চতুর্থভাগে দ্বার শুভদ, পশ্চিমদিক্‌স্থিত গৃহের চতুর্থ কি পঞ্চমভাগের একভাগে এবং উত্তরদিক্‌স্থিত গৃহের পঞ্চম, তৃতীয় কিম্বা চতুর্থভাগের একভাগে দ্বার করিতে হইবে। ৫৬

* হস্তোঽপ্যত্র কফোন্যপক্রমমধ্যমাঙ্গুল্যগ্রপর্য্যন্তং। মধ্যমাঙ্গুলীকূর্পয়োর্ম্মধ্যে প্রামাণিকঃ করঃ। ইত্যভিযুক্তস্মরণাদিতি কল্পতরুরত্নাকরৌ॥ ইতিস্মার্ত্তেনোক্তম্।

† বামাৎ প্রদক্ষিণং বামাপেক্ষয়া প্রকৃষ্টং দক্ষিণং; তথা চ দক্ষিণেঽধিকাংশং স্থাপয়িত্বা দ্বারং কুর্য্যাদিত্যর্থঃ। বিস্তারাদ্বিগুণোচ্ছ্রায়ং দ্বারং কুর্য্যাত্তথা গৃহে। ইতিহৃদয়ানন্দঃ।

পূর্ব্বাদিদিক্ষু স্থিতানাং গৃহাণাম ইভাগীকৃতানাং দ্বারব্যবস্থামাহ। তৃতীয়েতি। প্রাচ্যাং দিশিস্থিতস্য গৃহস্য তৃতীয়চতুর্থভাগয়োর্দ্বারং শুভদং, দক্ষিণদিশি স্থিতস্য গৃহস্য চতুর্থভাগে দ্বারং শুভদং, পশ্চিমগৃহস্য চতুর্থপঞ্চমভাগয়োর্দ্বারং শুভদং। উত্তরগৃহস্য পঞ্চমতৃতীয়চতুর্থভাগেষু দ্বারং শুভদমিতি, এতদেব ব্যক্তীকৃতোক্তং রাজমার্তণ্ডে। অনলভয়ং স্ত্রীজন্ম, প্রভূতধনতা নরেন্দ্রসাযুজ্যং। ক্রোধপরতানৃতত্বং ক্রৌর্য্যং চৌর্য্যঞ্চ পূর্ব্বেণ। অল্পসুতত্বং প্রৈষ্যং নীচত্বং ভক্ষ্যপানসুতবৃদ্ধিঃ। রৌদ্রং স্বনিধনমধনং সুতবীর্য্যঘ্নঞ্চ যাম্যেন। সুতপীড়া-রিপুবৃদ্ধির্ধনসুতনাশঃ সুতার্থবলসম্পৎ। ধনসম্পন্নৃপতিভয়ং ধনক্ষয়রোগ ইত্যপরে। বধবন্ধৌ রিপুবৃদ্ধির্ধনসুতলাভঃ সমস্তগুণসম্পৎ। পুত্রধনাপ্তির্বৈরং সৌম্যেন দোষক্রিয়ানৈঃস্বমিতি। ৫৬

## অথ গৃহারম্ভে সূত্রচ্ছেদাদিদোষকথনম্।

সূত্রচ্ছেদে ভবেন্মৃত্যুঃ কীলে চাবাঙ্মুখে মহানুরোগঃ।
গৃহনাথস্থপতীনাং স্মৃতিলোপে মৃত্যুরাদেশ্যঃ॥ ৫৭

গৃহারম্ভ সময়ে সূত্রাদিছিন্ন হইলে কি ফল হয় তাহা বর্ণিত হইতেছে—সূত্রছিন্ন হইলে গৃহস্বামীর মৃত্যু হইবে কীলক উৎপাটিত হইলে মহৎরোগ হয়, আর মাপ করিবার সময় যদি পরিমাণ বিস্মরণ হয় তাহা হইলে গৃহস্বামীর ও গৃহনির্ম্মাতার মৃত্যু হইয়া থাকে। ৫৭

সূত্রচ্ছেদাদিফলমাহ। সূত্রেতি। সূত্রেচ্ছিন্নে গৃহপতের্মৃত্যুঃ স্যাৎ আরোপিতে কীলকে সূত্রাকর্ষণৈরবাঙ্মুখে উৎপাটিতে মহানুরোগঃ স্যাৎ। মানকালে হস্তপ্রমাণস্য স্মৃতিলোপে ভ্রান্তৌ গৃহিণঃ কর্ম্মিণশ্চ মৃত্যুঃ স্যাৎ॥ ৫৭

## অথ গৃহার্ঘ্যদানোপস্থাপিতকুম্ভভঙ্গদোষকথনম্।

স্কন্ধাচ্চ্যুতে শিরোরুক্ গলোপসর্গোঽপবর্জ্জিতে কুম্ভে।
ভগ্নেঽপি চ কর্ম্মিবধঃ করাচ্চ্যুতে গৃহপতের্ম্মৃত্যুঃ॥ ৫৮

অনন্তর অর্ঘ্যনিমিত্তক উপস্থাপিত ঘট ভগ্নাদি হইলে দোষ কথিত হইতেছে। জল আনিবার সময়ে কুম্ভ স্কন্ধদেশ হইতে স্খলিত হইলে গৃহস্বামীর শিরঃপীড়া হয়, স্থাপিত কুম্ভ কোনরূপে অধোমুখ হইলে গলরোগ জন্মে, ঘট ভগ্ন হইলে কুম্ভ নির্ম্মাতার মৃত্যু হয় এবং হস্ত হইতে পতিত হইলে গৃহস্বামীর মৃত্যু হইয়া থাকে। ৫৮

অর্ঘ্যার্থোপস্থাপিতস্য কলসস্য ভঙ্গাদিফলমাহ। স্কন্ধাদিতি। জলানয়নসময়ে স্কন্ধাচ্চ্যুতে কুম্ভে সতি গৃহপতেঃ শিরোরুক্ অর্ঘ্যার্থস্থাপিতে কুম্ভে অপবর্জ্জিতে কিঞ্চিদাসঙ্গাদিনা পতিতত্বাদবাঙ্মুখে গৃহপতের্গলোপসর্গো গলরোগঃ স্যাৎ, শেষং সুগমং॥ ৫৮

## অথ সূত্রদানে কুব্জাদিদর্শননিষেধঃ।

কুব্জং বামনকং ভিক্ষুং বৈদ্যং রোগাতুরানপি।
দর্শনে সূত্রকালে তু সংত্যজেৎ ক্ষেমহেতবে॥ ৫৯

কুব্জাদিদর্শনে গৃহারম্ভে সূত্রপাতাদি নিষেধ কথিত হইতেছে,—গৃহস্বামী যদি মঙ্গলাকাঙ্ক্ষা করেন, তাহা হইলে গৃহের সূত্রপাতসময়ে কুব্জ, বামন, ভিক্ষুক, বৈদ্য এবং রোগগ্রস্ত ব্যক্তিকে দর্শন করিবেন না। ৫৯

সূত্রপাতাদিকালে কুব্জাদিদর্শননিষেধমাহ। কুব্জমিতিস্পষ্টার্থং। ৫৯

## অথ সূত্রাদানকালে হুলহুলাদিশ্রবণফলম্।

**শ্রুতৌ হুলহুলানাঞ্চ মেঘানাং গর্জ্জিতেন চ।**
**গজানামপি হংসানাং ধ্বনিতং ধনদং ভবেৎ॥ ৬০**

সূত্রপাত সময়ে হুলাহুলিধ্বনি, মেঘগর্জ্জন এবং হস্তী ও হংসের ধ্বনি শ্রবণ করিলে ধনলাভ হইয়া থাকে। ৬০

সূত্রদানকালে হুলহুলাদিশ্রুতিফলমাহ। শ্রুতাবিতি। হুলহুলানাং স্ত্রীকপোলধ্বনীনাং মেঘগর্জ্জিতস্য শ্রুতৌ সত্যাং ধনং স্যাৎ শেষং সুগমং। রাজমার্ত্তণ্ডে। "সূত্রে বিস্তার্য্যমাণেতু নাগোহশ্বো গিরির্যদি দৃশ্যতে। নরো বা ঘোটকারূঢ়োলভেদ্রাজ্যং ন সংশয়ঃ। শঙ্খতূর্য্যাদিনির্ঘোষে বসতির্বিপুলা গৃহে। যোষিতাং কন্যকানাঞ্চ ক্রীড়িতে বিত্তবর্দ্ধনম্" ॥ ৬০

ইতিগৃহারম্ভঃ।

# অথ গৃহপ্রবেশঃ।

**জ্যেষ্ঠাপুনর্ব্বসু * বর্জ্জং গৃহারম্ভোদিতঞ্চ যৎ।**
**তৎ সর্ব্বং চিন্তয়েদ্বেশ্মপ্রবেশে দৈবচিন্তকঃ॥ ১**

অনন্তর গৃহপ্রবেশ কথিত হইতেছে,—জ্যেষ্ঠা, পুনর্ব্বসু বর্জ্জিত যে গৃহারম্ভোক্ত নক্ষত্রাদি তাহাতে গৃহপ্রবেশ করিবে। এই বচনে জ্যেষ্ঠা, পুনর্ব্বসু বর্জ্জিত এই ব্যর্থনিষেধে, গৃহপ্রবেশে উক্ত দুই নক্ষত্র প্রশস্ত হয়। ১

গৃহপ্রবেশমাহ। জ্যেষ্ঠেতি। গৃহারম্ভোক্তং যদ্‌বিধানং তৎসর্ব্বং জ্যেষ্ঠাপুনর্ব্বসুং বর্জ্জয়িত্বা গৃহপ্রবেশে দৈবজ্ঞো যোজয়েৎ। অয়মর্থঃ—অত্র জ্যেষ্ঠাপুনর্ব্বস্বোর্নিষেধঃ উক্তঃ। অত্র নিষেধস্য নিষেধাদ্বিধিরিতি অতো জ্যেষ্ঠাপুনর্ব্বস্বোঃ গৃহপ্রবেশঃ কার্য্যঃ। কশ্চিত্তু জ্যেষ্ঠাপুনর্ব্বসূ বর্জ্জয়িত্বা সামান্যনক্ষত্রং সৎ অন্যচ্চ গৃহারম্ভোক্তং যৎ তৎঃ সর্ব্বং যোজয়েৎ। তন্ন জ্যেষ্ঠাপুনর্ব্বস্বোঃ পার্শ্বাস্যগণোক্তেন গৃহপ্রবেশে বিহিতত্বাৎ। তথা চ রাজমার্ত্তণ্ডে। 'জ্যেষ্ঠা পুষ্যা পুনর্ব্বসুঃ শতভিষা স্বাতী তথা রোহিণী রেবত্যুত্তরত্রয়ং হরিমৃগৌ মূলানিষ্ঠা করঃ। কন্যাকুম্ভমৃগালিসিংহমিথুনস্থর্ক্ষস্থিরাংশোদ্‌গমে বারা জীবসুধাংশুসৌম্যভৃগুজা বেশ্মপ্রবেশে হিতাঃ। ১

---

* জ্যেষ্ঠাদিতিভ্যাং সংযুক্তমিত্যপি পাঠান্তরমস্তি তদা ব্যক্ত এবার্থঃ।

হস্তাপুষ্যাপুনর্ব্বসুশতভিষাজ্যেষ্ঠাশ্বথোরোহিণী-
রেবত্যুত্তরবিষ্ণুরতি * শশভৃন্মূলাধনিষ্ঠাসু চ।
কন্যাকুম্ভবৃষালিসিংহমিথুনেষু কেন্দ্রেঽর্কে শুভে
শুক্রেজ্যেন্দুজশীতরশ্মিদিবসে বেশ্মপ্রবেশঃ শুভঃ॥ ২

ইতিসারসংগ্রহে।

সারসংগ্রহে উক্ত হইয়াছে যে,—হস্তা, পুষ্যা, পুনর্ব্বসু, শতভিষা, জ্যেষ্ঠা, রোহিণী, রেবতী, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, শ্রবণা, পূর্ব্বফল্গুনী, মৃগশিরা, মূলা ও ধনিষ্ঠানক্ষত্রে কন্যা, কুম্ভ, বৃষ, বৃশ্চিক, সিংহ ও মিথুনলগ্নে গোচরে রবি শুদ্ধ থাকিলে শুক্র, বৃহস্পতি; বুধ ও সোমবারে গৃহপ্রবেশ শুভ হয়। ২

সকলং হন্তি সা রিক্তা দেবৈরপি বিনিন্দিতা।
ইতিবচনাত্তিথিস্তু রিক্তাভিন্ন এব। ৩

ইতিসারসংগ্রহে হৃদয়ানন্দঃ।

রিক্তাতিথিতে কর্ম্ম বিনষ্ট হয়, বিশেষতঃ দেবগণও রিক্তাতিথিকে নিন্দা করিয়াছেন, অতএব রিক্তা ভিন্ন তিথিতে গৃহপ্রবেশ করিবে। ৩

স্থাপ্যং সমাপ্যং ক্রতুযূপকাষ্ঠং গৃহপ্রবেশো গজবাজিবন্ধঃ।
গ্রামে প্রবেশো নগরে পুরে বা দিনে প্রশস্তানি শনৈশ্চরস্য॥

যজ্ঞীয় যূপকাষ্ঠ স্থাপন কি বিসর্জ্জন, গৃহপ্রবেশ হস্তীঘোটকাদি প্রথমবন্ধন, গ্রামে অথবা নগরে প্রবেশ এই সকল কার্য্যে শনিবার প্রশস্ত। ৪

গোপুচ্ছবিন্যস্তকরঃ প্রবিশেচ্চ গৃহং গৃহী।
অনুলিপ্তঃ সুখী স্রগ্বী সপত্নীকস্তথৈব চ॥ ৫

ইতিবিষ্ণুধর্ম্মোত্তরে।

চন্দনাদি দ্বারা অনুলিপ্ত হইয়া হর্ষচিত্তে পুষ্পমাল্য ধারণ করতঃ গৃহস্বামী পত্নীর সহিত গো-পুচ্ছ ধারণপূর্ব্বক গৃহপ্রবেশ করিবে। ৫

## অথ গৃহপ্রবেশবিধিঃ।

কৃত্বা গ্রতোদ্বিজবরানথ পূর্ণকুম্ভং দধ্যক্ষতাম্রদলপুষ্পফলোপশোভম্।
দত্ত্বা হিরণ্যবসনানি তথা দ্বিজেভ্যো মাঙ্গল্যশান্তিনিলয়ং নিলয়ং বিশেচ্চ॥

ইতিদীপিকায়াম্।

---

* রতিশশভৃদিত্যত্র শশিশশিভৃদিতি পাঠোঽন্যথা এব। উগ্রগণস্থে পূর্ব্বফল্গুন্যাগৃহারম্ভে বর্জ্জনাদিতি সাম্প্রদায়িকাঃ।

অধুনা গৃহপ্রবেশের বিধি কথিত হইতেছে,—গৃহস্বামী ব্রাহ্মণ এবং দধি অক্ষত, আম্রশাখা, পুষ্প ও কলধারা উপশোভিত পূর্ণকুম্ভ অগ্রে করতঃ ব্রাহ্মণগণকে সুবর্ণ ও বস্ত্রাদিদান করিয়া নবগৃহে প্রবেশ করিবে। ৬

গৃহপ্রবেশ বিধিমাহ। কৃত্বেতি। অগ্রতো ব্রাহ্মণান্ কৃত্বা দধ্যাদিশোভিতং পূর্ণকুম্ভং চাগ্রে কৃত্বা পূজিতদ্বিজেভ্যো হিরণ্যবস্ত্রাণি দত্ত্বা মাঙ্গল্যকর্ম্মণঃ শান্তিকর্ম্মণশ্চ নিলয়ং স্থানং নিলয়ং গৃহং প্রবিশেৎ। ৬

## অথ পারাবতাদিপোষণকথনম্।

পরাবতময়ুরাশ্চ শুকাবৈ সারিকাস্তথা।
গৃহস্থেন সদা পোষ্যা আত্মনঃ শ্রেয় ইচ্ছতা॥ ৭

ইতিমহাভারতে।

গৃহস্থ যদি নিজের মঙ্গল ইচ্ছা করেন তবে পারাবত, ময়ূর, শুক ও শারী সর্ব্বদা পোষণ করিবেন। ৭

গোগজাশ্বাবিশালাসু তৎ পুরীষস্য নির্গমম্।
অস্তং গতে ন কর্ত্তব্যং দেবদেবে দিবাকরে॥ ৮

ইতিমৎস্যপুরাণে।

ভগবান্ সূর্য্যদেব অস্তাচলে গমন করিলে গো, হস্তী, অশ্ব ও মেষশালা (গৃহ) হইতে ইহাদের পুরীষাদি বহির্গত করিবে না। ৮

গৃহমুপক্রম্য।

বর্জ্জয়েৎ পূর্ব্বতোঽশ্বত্থং প্লক্ষং * দক্ষিণতস্তথা।
ন্যগ্রোধমপরাদ্দেশাদুত্তরাচ্চাপ্যুড়ুম্বরম্॥ ৯

ইতিগোভিলঃ।

গোভিল বলিয়াছেন যে,—গৃহের পূর্ব্বদিকে অশ্বত্থ, দক্ষিণে পাকুড়, পশ্চিমে বট এবং উত্তরে উডুম্বরবৃক্ষ পরিত্যাগ করিবে। ৯

ফলম্।

অশ্বত্থোঽগ্নিভয়ং কুর্য্যাৎ প্লক্ষো ব্রূয়াৎ প্রমায়ুকান্।
ন্যগ্রোধোরাজসংপীড়াং কুক্ষ্যাময়মুডুম্বরাঃ॥ ১০

ইতিগোভিলঃ।

গৃহের পূর্ব্বদিকে অশ্বত্থবৃক্ষ থাকিলে অগ্নিভয়, দক্ষিণে পাকুড় থাকিলে পিত্তবৃদ্ধি, পশ্চিমে বট থাকিলে রাজসপীড়া এবং গৃহের উত্তরে উডুম্বরবৃক্ষ থাকিলে উদরাময় হইয়া থাকে। ১০

ইতি গৃহপ্রবেশঃ।

---

* প্লক্ষঃ পকটী।

# অথ দেবতাগঠনম্।

ধ্রুবলঘুমৃদুবর্গে বারুণে বিষ্ণুদৈবে
মরুদদিতিধনিষ্ঠে শোভনে বাসরে চ।
ত্রিদশমদনজন্মৈকাদশে শীতরশ্মৌ
বিবুধকৃতিরভীষ্টা নাড়ীনক্ষত্রহীনে॥ ১

অধুনা দেবপ্রতিমা গঠন কথিত হইতেছে,—উত্তরাত্রয়, রোহিণী, পুষ্যা, অশ্বিনী, হস্তা, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, শতভিষা, শ্রবণা, স্বাতী, পুনর্ব্বসু ও ধনিষ্ঠানক্ষত্রে শুভগ্রহের বারে গোচরে চন্দ্র তৃতীয়, দশম, সপ্তম, জন্মস্থ কি একাদশস্থ হইলে নাড়ীনক্ষত্রবিহীন দিনে দেবপ্রতিমা গঠন প্রশস্ত। ১

দেবতাগঠনমাহ। ধ্রুবেতি। বিষ্ণুর্দ্দেবো যস্ত স বিষ্ণুদৈবঃ, শ্রবণা শোভনে বাসরে শুভগৃহস্ত বারে জন্মরাশেঃ সকাশাৎ ত্রিদশসপ্তজন্মৈকাদশস্থে জন্মাদিনাড়ীনক্ষত্রহীনে চ চন্দ্রে বিবুধকৃতির্দ্দেবতাকরণমিষ্টা। ১

## অথ সামান্যদেবতাপ্রতিষ্ঠা।

শস্তেন্দৌ মাঘষট্কে শুভদিবসতিথৌ গোগুরুজ্ঞর্ক্ষ লগ্নে-
বিত্তবন্দ্বাহিযুগ্মাদিতিহয়ভরণীযুথিশাখান্যভেষু।
ক্ষীণং ষষ্ঠাষ্টমেন্দুং হরিশয়নমসদ্ যুক্তলগ্নঞ্চ হিত্বা
কেন্দ্রে জীবে চ শুক্রে ত্রিভবরিপুগৃহেহসৎসু দেবপ্রতিষ্ঠা॥ ২

সামান্যদেবতা প্রতিষ্ঠা কথিত হইতেছে,—গোচরে চন্দ্রশুদ্ধ থাকিলে মাঘাদি ছয়মাসের মধ্যে শুভগ্রহের বারে, শুভতিথিতে বৃষ, ধনু, মীন, মিথুন ও কন্যা-লগ্নে,—ধনিষ্ঠা, শতভিষা, অশ্লেষা মঘা, পুনর্ব্বসু, অশ্বিনী, ভরণী, কৃত্তিকা, ও বিশাখা এই সকল নক্ষত্র ভিন্ন নক্ষত্রে, লগ্নের ষষ্ঠ, অষ্টম এবং ক্ষীণচন্দ্র ভিন্নে, হরিশয়ন ও পাপযুক্তলগ্ন পরিত্যাগ করিয়া কেন্দ্রস্থানে বৃহস্পতি ও শুক্র অবস্থিত হইলে, আর তৃতীয়, একাদশ ও ষষ্ঠস্থানে পাপগ্রহ থাকিলে দেব-প্রতিষ্ঠা কর্ত্তব্য। ২

সামান্যদেবতাপ্রতিষ্ঠামাহ। শস্তেন্দাবিতি। গোচরশুদ্ধে চন্দ্রে মাঘাদৌ ষট্কে চ মাসি শুভবারে শুভতিথৌ বৃষধনুর্মীনমিথুনকন্যালগ্নে বিত্তবন্দ্বং ধনিষ্ঠা শতভিষা অহিযুগ্মে অশ্লেষামঘায়াং অদিতিঃ পুনর্ব্বসুঃ হয়োঽশ্বিনী ভরণীযুক্ ভরণী কৃত্তিকা বিশাখা এতদন্যেষু ভেষু লগ্নাৎ ষষ্ঠাষ্টমস্থং চন্দ্রং ক্ষীণচন্দ্রঞ্চ হিত্বা হরিশয়নং পাপযুক্তলগ্নঞ্চ হিত্বা তৃতীয়ৈকাদশষষ্ঠেষু পাপেষু দেবপ্রতিষ্ঠা কার্য্যা। ২

প্রতিষ্ঠা সর্ব্বদেবানাং কেশবস্য বিশেষতঃ।
উত্তরায়ণ-আপন্নে শুক্লপক্ষে শুভে দিনে॥
কৃষ্ণপক্ষে চ পঞ্চম্যামষ্টম্যাঞ্চৈব শস্যতে॥ ৩

ইতিব্যবহারসমুচ্চয়ে।

ব্যবহারসমুচ্চয়ে লিখিত আছে যে,—উত্তরায়ণে, শুক্লপক্ষে শুভদিনে আর কৃষ্ণপক্ষের পঞ্চমী ও অষ্টমীতিথিতে সকল দেবতারই প্রতিষ্ঠা করিতে পারিবে, বিশেষতঃ উক্ত সময়ে বিষ্ণুপ্রতিষ্ঠা প্রশস্ত। ৩

যুগাদ্যাবয়নে পুণ্যে কর্ত্তব্যং বিষুবদ্বয়ে।
চন্দ্রসূর্য্যগ্রহে বাপি দিনে পুণ্যেঽথ পর্ব্বসু।
যা তিথি * র্যস্য দেবস্য তস্যাং বা তস্য দীক্ষণে।
গৃহ্যাগমবিশেষেণ প্রতিষ্ঠা মুক্তিদায়িনী॥ ৪

ইতিভুজবলে।

যুগাদ্যাতে অয়নসংক্রান্তিদ্বয়ে বিষুবসংক্রান্তিদ্বয়ে চন্দ্রসূর্য্যগ্রহণে, পুণ্যাহে, পর্ব্বদিনে, আর যে দেবতার যে তিথি উক্ত আছে তাহাতে এবং দীক্ষাদিবসে স্বস্ব গৃহ্যোক্ত প্রতিষ্ঠা মুক্তিদায়িনী হয়। ৪

## অথ বাসুদেবপ্রতিষ্ঠা।

প্রাজেশবাসবকরাদিতিভাশ্বিনীষু †
পৌষ্ণামরেজ্যশশিভেষু তথোত্তরাসু।
কর্ত্তুঃ শুভে শশিনি কেন্দ্রগতে চ জীবে
কার্য্যা হরেঃ শুভতিথৌ বিধিবৎপ্রতিষ্ঠা॥ ৫

---

* প্রতিপদ্ধনদস্তোক্তা পবিত্রারোহণে তিথিঃ।
শ্রিয়াদেব্যা দ্বিতীয়া চ তিথীনামুত্তমা স্মৃতা।
তৃতীয়া তু ভবান্যাশ্চ চতুর্থী তৎসুতস্য চ।
পঞ্চমী সোমরাজস্য ষষ্ঠী প্রোক্তা গুহস্য চ।
সপ্তমী ভাস্করস্যোক্তা দুর্গায়াশ্চাষ্টমী তিথিঃ।
মাতৃণাং নবমীপ্রোক্তা দশমী বাসুকেস্তথা।
একাদশী ঋষীণাঞ্চ দ্বাদশী চক্রপাণিনঃ।
ত্রয়োদশী অনঙ্গস্য শিবস্য চ চতুর্দ্দশী।
মম চাপি মুনিশ্রেষ্ঠ পৌর্ণমাসী তিথিঃ স্মৃতা॥

ইতিপদ্মপুরাণে।

† অশ্বিনীশ ইতিপাঠান্তরম্।

বিষ্ণুপ্রতিষ্ঠা কথিত হইতেছে—রোহিণী, জ্যেষ্ঠা, হস্তা, পুনর্ব্বসু, অশ্বিনী, রেবতী, পুষ্যা, মৃগশিরা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদনক্ষত্রে, কর্ত্তার গোচরে চন্দ্রশুদ্ধ থাকিলে বৃহস্পতি কেন্দ্রস্থিত হইলে শুভতিথিতে বিষ্ণুর প্রতিষ্ঠা করিবে। ৫

বিষ্ণুপ্রতিষ্ঠামাহ। প্রাজেশেতি। প্রাজেশোরোহিণী অদিতিভং পুনর্ব্বসুঃ অমরেজ্যঃ পুষ্যা লগ্নাৎ কেন্দ্রস্থে জীবে, শেষং স্পষ্টম্। ৫

## হরেঃ প্রতিষ্ঠায়াং তিথিবিশেষকথনম্।

দ্বাদশ্যেকাদশী রাকা শুক্লেঽশুক্লে চ পঞ্চমী।
অষ্টমী চ বিশেষেণ প্রতিষ্ঠায়াং হরেঃ শুভা॥ ৬

বিষ্ণুপ্রতিষ্ঠাতে তিথিবিশেষ কথিত হইতেছে—দ্বাদশী, একাদশী, পূর্ণিমা উভয় পক্ষীয়াপঞ্চমী ও অষ্টমী এই সকল তিথিতে বিষ্ণুর প্রতিষ্ঠা কর্ত্তব্য। ৬

হরিপ্রতিষ্ঠায়াং তিথিবিশেষমাহ। দ্বাদশীতি। রাকা পূর্ণিমা পঞ্চমী অষ্টমী চ পক্ষদ্বয়েঽপি শস্তা ইত্যর্থঃ॥ ৬

## অথ মহেশাদিপ্রতিষ্ঠা।

পুষ্যাশ্বিশক্রভগদৈবতবাসবেষু
সৌম্যানিলেশমঘরোহিণীমূলহস্তে।
পৌষ্ণানুরাধহরিভেষু পুনর্ব্বসৌ চ
কার্য্যাভিষেকতরুভূতপতিপ্রতিষ্ঠা॥ * ৭

বৃক্ষ ও শিবাদিপ্রতিষ্ঠা কথিত হইতেছে—পুষ্যা, অশ্বিনী, জ্যেষ্ঠা, পূর্ব্বফল্গুনী ধনিষ্ঠা, মৃগশিরা, স্বাতী, আর্দ্রা, মঘা, রোহিণী, মূলা, হস্তা, রেবতী, অনুরাধা, শ্রবণা, ও পুনর্ব্বসুনক্ষত্রে অভিষেক, বৃক্ষপ্রতিষ্ঠা ও শিবপ্রতিষ্ঠা কর্ত্তব্য। ৭

বৃক্ষাদিপ্রতিষ্ঠামাহ। পুষ্যেতি। ভগদৈবতং পূর্ব্বফল্গুনী: বসুদৈবতমস্যেতি বাসবো-ধনিষ্ঠা অভিষেকযুক্তা তরুভূতপতিপ্রতিষ্ঠা কার্য্যা, শিবাভিষেকতরুপ্রতিষ্ঠা ভূতপতিপ্রতিষ্ঠা চ ভূতপতির্মহেশস্তস্য প্রতিষ্ঠা কার্য্যা এবং পুষ্করিণী সেতু মঠাদিপ্রতিষ্ঠা, শেষং স্পষ্টম্॥ ৭

# অথ পরীক্ষাকরণম্।

নোশুক্রাস্তেঽষ্টমেঽর্কে গুরুসহিতরবৌ জন্মমাসেঽষ্টমেন্দৌ
বিষ্টৌ মাসে মলাখ্যে কুজশনিদিবসে জন্মতারাসু চাথ॥

---

* অত্রৈব যোগাভিষেকতরুকূপলিপিপ্রতিষ্ঠাদ্যাঃ পঠন্তি।

নাড়ীনক্ষত্রহীনে গুরুরবিরজনীনাথতারাবিশুদ্ধৌ
প্রাতঃকার্য্যা পরীক্ষা দ্বিতনুচরগৃহাংশোদয়ে শস্তলগ্নে॥১

ইতিদীপিকায়াম্।

অধুনা পরীক্ষাকরণ কথিত হইতেছে,—শুক্রগ্রহ অস্ত না হইলে, আর গোচরে রবি অষ্টম ভিন্ন স্থানে থাকিলে, গুর্ব্বাদিত্যযোগ, জন্মমাস, অষ্টমচন্দ্র, বিষ্টিভদ্রা, মলমাস, মঙ্গল ও শনিবার, জন্মতারা এবং নাড়ীনক্ষত্র ভিন্নে বৃহস্পতি, রবি, চন্দ্র ও তারা শুদ্ধ থাকিলে দ্ব্যাত্মক ও চরলগ্নের নবাংশে প্রশস্ত লগ্নে প্রাতে পরীক্ষা কর্ত্তব্য। ১

নাষ্টম্যাং ন চতুর্দ্দশ্যাং প্রায়শ্চিত্তপরীক্ষণে।
ন পরীক্ষা বিবাহশ্চ শনিভৌমদিনে তথা॥ ২

ইতিব্যবহারচিন্তামণৌ জ্যোতিষে চ।

ব্যবহারচিন্তামণিগ্রন্থে ও জ্যোতিষে কথিত হইয়াছে—অষ্টমী ও চতুর্দ্দশী-তিথিতে প্রায়শ্চিত্ত এবং পরীক্ষা নিষিদ্ধ, শনি, মঙ্গলবারে বিবাহ পরীক্ষা করিবে না। কেহ কেহ শনি ও মঙ্গলবারে প্রায়শ্চিত্তও নিষেধ করিয়া থাকেন। ২

## অথ দীক্ষাগ্রহণম্।

ধ্রুবমৃদুনক্ষত্রগণে রবিশুভবারে সত্তিথৌ দীক্ষা।
স্থিরলগ্নে শুভচন্দ্রে কেন্দ্রে কোণে শুভে গুরৌ ধর্ম্মে॥ ১

অনন্তর দীক্ষাগ্রহণ কথিত হইতেছে,—উত্তরাত্রয়, রোহিণী, চিত্রা, অনুরাধা, মৃগশিরা ও রেবতীনক্ষত্রে রবি, সোম, বুধ, বৃহস্পতি ও শুক্রবারে শুভতিথিতে, স্থিরলগ্নে চন্দ্র শুদ্ধ হইলে লগ্নের কেন্দ্রস্থানে ও ত্রিকোণে শুভগ্রহ থাকিলে এবং বৃহস্পতি নবমস্থ হইলে দীক্ষাগ্রহণ কর্ত্তব্য। ১

দীক্ষাগ্রহণমাহ। ধ্রুবেতি। রবিবারে শুভগ্রহবারে চ গোচরে শুভে চন্দ্রে লগ্নাৎ কেন্দ্রত্রিকোণে শুভগ্রহে নবমস্থে গুরৌ দীক্ষা কার্য্যেত্যর্থঃ। দীক্ষাবিচারস্তু তন্ত্রপ্রসিদ্ধান্নলিখিতঃ॥ ১

### অথ দীক্ষামাসকথনম্।

মধুমাসে ভবেদ্দুঃখং মাধবে রত্নসঞ্চয়ঃ।
মরণস্তুবতি জ্যৈষ্ঠে আষাঢ়ে বন্ধুনাশনম্

সমৃদ্ধিঃ শ্রাবণে নূনং ভবেদ্ভাদ্রপদে ক্ষয়ঃ।
প্রজানামাশ্বিনে মাসি সর্ব্বতঃ শুভমেব হি।
জ্ঞানং স্যাৎ কার্ত্তিকে সৌখ্যং মার্গশীর্ষে ভবত্যপি।
পৌষে জ্ঞানক্ষয়োমাঘে ভবেন্মেধাবিবর্দ্ধনম্।
ফাল্গুনেঽপি বিবৃদ্ধিঃ স্যান্মলমাসং বিবর্জ্জয়েৎ ॥ ২

ইতিদীক্ষামলমাসতত্ত্বয়োঃ।

অধুনা দীক্ষাগ্রহণের মাসফল কথিত হইতেছে—চৈত্রমাসে দীক্ষাগ্রহণ করিলে দুঃখ পায়, এইরূপ বৈশাখে রত্নসঞ্চয়, জ্যৈষ্ঠে মরণ, আষাঢ়ে বন্ধুনাশ, শ্রাবণে সমৃদ্ধিলাভ, ভাদ্রে প্রজাক্ষয়, আশ্বিনে সর্ব্বপ্রকারে শুভ, কার্ত্তিকে ও অগ্রহায়ণে সুখলাভ, পৌষে জ্ঞানক্ষয়, মাঘে মেধাবৃদ্ধি, এবং ফাল্গুনে মন্ত্রগ্রহণ করিলে শুভ হইয়া থাকে। কিন্তু ইহার মধ্যে যে কোন মাস মলমাস হইলে তাহাতে দীক্ষা গ্রহণ করিবে না। ২

## অথ দীক্ষায়াবারাদিকথনম্।

গুরৌ রবৌ দিনে * শুক্রে কর্ত্তব্যং বুধসোমযোঃ।
অশ্বিনী রোহিণী † স্বাতী বিশাখাহস্তভেষু চ।
জ্যেষ্ঠোত্তরা ‡ ত্রয়েষ্বেবং কুর্য্যান্মন্ত্রাভিষেচনম্ ॥ ৩

ইতিমলমাসতত্ত্বে।

বৃহস্পতি, রবি, শুক্র, বুধ ও সোমবারে, অশ্বিনী, রোহিণী, স্বাতী, বিশাখা, হস্তা, জ্যেষ্ঠা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, ও উত্তরভাদ্রপদনক্ষত্রে মন্ত্রাভিষেচন করিবে। ৩

শুক্লপক্ষে চ কৃষ্ণে বা দীক্ষা সর্ব্বসুখাবহা।
পূর্ণিমা পঞ্চমী চৈব দ্বিতীয়া সপ্তমী তথা।
ত্রয়োদশী চ দশমী প্রশস্তা সর্ব্বকামদা ॥ ৪

ইতিদীক্ষাতত্ত্বে।

শুক্লপক্ষে কি কৃষ্ণপক্ষে দীক্ষাগ্রহণ করিলে সুখলাভ হয়, পূর্ণিমা, পঞ্চমী, দ্বিতীয়া, সপ্তমী, ত্রয়োদশী ও দশমীতিথিতে দীক্ষাগ্রহণ প্রশস্ত। ৪

---

* গুরৌ রবৌ শনৌ সোমে কর্ত্তব্যং বুধশুক্রয়োঃ। ইতি পাঠান্তরম্ ॥

† অশ্বিনী ভরণী স্বাতী। ইতি পাঠান্তরম্।

‡ জ্যেষ্ঠোত্তরাত্রয়েষ্বেবং ইত্যপি দীক্ষাতত্ত্বে পাঠান্তরম্ ॥

পঞ্চাঙ্গশুদ্ধিদিবসে সোদয়ে শশিতারয়োঃ।
গুরুশুক্রোদয়ে শুদ্ধলগ্নে দ্বাদশশোধিতে।*
চন্দ্রতারানুকূলে চ শস্যতে সর্ব্বকর্ম্ম চ ॥ ৫

ইতিদীক্ষাতন্ত্রে।

তিথি, বার, নক্ষত্র,করণ, যোগ ও চন্দ্র, জন্মতারা শুদ্ধ থাকিলে কালশুদ্ধিতে, শুদ্ধলগ্নের দ্বাদশাংশে সকল কর্ম্মই প্রশস্ত হয়, অতএব ইহাতে দীক্ষা গ্রহণ, কর্ত্তব্য। ৫

সূর্য্যগ্রহণকালেন সমানো নাস্তি কশ্চন।
তত্র যদ্‌যৎকৃতং সর্ব্বমনন্তফলদং ভবেৎ।
ন মাসতিথিবারাদি শোধনং সূর্য্যপর্ব্বণি।†
দদাতীষ্টং গৃহীতং যত্তস্মিন্‌কালে গুরোর্ন্মু।
সিদ্ধির্ভবতি মন্ত্রস্য বিনায়াসেন সেব্যতঃ ॥ ৬

ইতিদীক্ষাতন্ত্রে।

সূর্য্যগ্রহণের সমান কাল নাই, ঐসময়ে যে কার্য্য করিবে তাহাতেই অনন্ত-ফল জন্মে; আর সূর্য্যসংক্রমণেও মাস, তিথি, বার, নক্ষত্র, যোগ,করণ, প্রভৃতি শুদ্ধাশুদ্ধ বিচার করিতে হয় না। উক্ত সময়ে গুরুর নিকট হইতে ইষ্টমন্ত্র গ্রহণ করিলে অনায়াসেই সিদ্ধি হইয়া থাকে। ৬

রোহিণী শ্রবণার্দ্রা চ ধনিষ্ঠা চোত্তরাত্রয়ম্
পুষ্যাশতভিষার্কো * চ দীক্ষানক্ষত্রমুচ্যতে ॥ ৭

ইতিবীরতন্ত্রে।

বীরতন্ত্রে কথিত হইয়াছে,—রোহিণী, শ্রবণা, আর্দ্রা, ধনিষ্ঠা, উত্তরাত্রয়, পুষ্যা, শতভিষা ও হস্তানক্ষত্র দীক্ষা-বিষয়ে প্রশস্ত। ৭

---

* পঞ্চাঙ্গশুদ্ধদিবসে তিথিবারনক্ষত্রকরণযোগশুদ্ধদিবসে। তথা চ মহাকপিল পঞ্চরাত্রং। এবং নক্ষত্রতিথ্যাদৌ করণে যোগবাসরে, মন্ত্রোপদেশো গুরুণা সাধকস্য শুভাবহঃ। সোদয়ে শশিতারয়োরিতি জন্মচন্দ্রাদ্যতারয়োরানুকূল্যসহিতে গুরুশুক্রোদয়ে গুরুশুক্রানস্ত-সময়ে এতত্ সময়শুদ্ধ্যন্তরোপলক্ষণং। দ্বাদশশোধিতে দ্বাদশাংশশোধিতে ইতিমলমাসতত্ত্বে স্মার্ত্তেনাভিহিতম্।

† অমা বৈ সোমবারে চ ভৌমবারে চতুর্দ্দশী। চতুর্থ্যর্কবারে চ সূর্য্যাপর্ব্বশতৈঃ সমাঃ॥

* অর্কো হস্তঃ।

যোগাশ্চ প্রীতিরায়ুষ্মান্ সৌভাগ্যঃ শোভনো ধৃতিঃ।
বৃদ্ধির্ধ্রুবঃ সুকর্ম্মা চ সাধ্যঃ শুক্রশ্চ হর্ষণঃ।
বরীয়াংশ্চ শিবঃ সিদ্ধো ব্রহ্ম-ইন্দ্রশ্চ ষোড়শ।
শুভানি করণানি স্যুর্দ্দীক্ষায়াস্তু বিশেষতঃ।
শকুন্যাদীনি বিষ্টিঞ্চ বিশেষেণ বিবর্জ্জয়েৎ॥ ৮

ইতিরত্নাবল্যাম্।

রত্নাবলীগ্রন্থে উক্ত হইয়াছে,—প্রীতি, আয়ুষ্মান্, সৌভাগ্য, শোভন, ধৃতি, বৃদ্ধি, ধ্রুব, সুকর্ম্মা, সাধ্য, শুক্র, হর্ষণ, বরীয়ান্ শিব, সিদ্ধ, ব্রহ্মা ও ইন্দ্র এই ষোড়শযোগে শকুনি, চতুষ্পাদ, নাগ, কিন্তুঘ্ন ও বিষ্টি ভিন্ন করণে দীক্ষাকার্য্য প্রশস্ত। ৮

কৃষ্ণাষ্টম্যাং চতুর্দ্দশ্যাং পূর্ব্বপঞ্চদিনে তথা॥ * ৯

কৃষ্ণপক্ষের অষ্টমী ও চতুর্দ্দশীতিথি আর প্রতিপদ্ হইতে পঞ্চমীপর্য্যন্ত দীক্ষাকার্য্যে প্রশস্ত। ৯

রবিসংক্রমণে চৈব সূর্য্যস্য গ্রহণে তথা।
অত্র লগ্নাদিকং কিঞ্চিদবিচার্য্যং কথঞ্চন॥ ১০

ইতিজ্ঞানমালায়াম্।

জ্ঞানমালাতে লিখিত আছে যে,—রবিসংক্রমণে ও সূর্য্যগ্রহণে দীক্ষাগ্রহণ করিতে লগ্নাদি কিছুই দেখিতে হইবে না। ১০

যদৈবেচ্ছা তদা দীক্ষা গুরোরাজ্ঞানুরূপতঃ।
ন তিথির্ন ব্রতং হোমো ন স্নান ন জপক্রিয়া।
দীক্ষায়াং কারণং কিন্তু সেচ্ছাবাপ্তে তু সদ্গুরৌ॥ ১১

ইতিতত্ত্বসাগরে।

তত্ত্বসাগরে লিখিত আছে যে,—যেকালে ইচ্ছা হইবে গুরুর অনুমতিক্রমে তৎকালেই মন্ত্রগ্রহণ করিতে পারিবে। তিথি, ব্রত, হোম, স্নান ও জপাদি কিছুই দীক্ষাতে কারণ নহে ; সদ্গুরুর ইচ্ছা হইলেই মন্ত্রগ্রহণ করিতে পারা যায়। ১১

শিষ্যত্রিজন্মদিবসে সংপ্রাপ্তে বিষুবায়নে।
সত্তীর্থেঽর্কে বিধুগ্রাসে তন্তুদামন † পর্ব্বণোঃ।
মন্ত্রদীক্ষাং প্রকুর্ব্বাণো মাসর্ক্ষাদীন্ন শোধয়েৎ॥ ১২

ইতিসারসংগ্রহে।

---

* কৃষ্ণপক্ষে ইতিশেষঃ।

† তন্তুপর্ব্ব পরমেশ্বরোপবীতদানতিথিঃ শ্রাবণীপূর্ণিমা। দামনপর্ব্ব মদনভঞ্জনতিথিশ্চৈত্র-শুক্লচতুর্দ্দশীতি স্মার্ত্তেনাভিহিতম্॥

শিষ্যের ত্রিজন্মদিবসে, বিষুবসংক্রান্তি ও অয়নসংক্রান্তিতে, মহাতীর্থে, সূর্য্য ও চন্দ্রগ্রহণে, শ্রাবণী পূর্ণিমায় এবং চৈত্র-শুক্লাচতুর্দ্দশীতে মন্ত্রগ্রহণ করিতে মাস, নক্ষত্র ও তিথ্যাদি বিচার করিতে হয় না। ১২

## অথ তন্ত্রসারোক্ত দীক্ষাকালকথনম্।

### তত্র মাসনির্ণয়ঃ।

মন্ত্রারম্ভস্তু চৈত্রে স্যাৎ সমস্তপুরুষার্থদঃ।
বৈশাখে রত্নলাভঃ স্যাজ্জ্যৈষ্ঠে তু মরণং ভবেৎ।
আষাঢ়ে * বন্ধুনাশঃ স্যাৎ পূর্ণায়ুঃ শ্রাবণে ভবেৎ।
প্রজানাশো ভবেদ্‌ভাদ্রে আশ্বিনে রত্নসঞ্চয়ঃ।
কার্ত্তিকে মন্ত্রসিদ্ধিঃ স্যান্মার্গশীর্ষে তথা ভবেৎ।
পৌষে তু শত্রুপীড়া স্যান্মাঘে মেধাবিবর্দ্ধনম্।
ফাল্গুনে সর্ব্বকামাঃ স্যুর্ম্মলমাসং বিবর্জ্জয়েৎ॥ † ১

ইতিগৌতমীয়ে।

দীক্ষাগ্রহণের মাস কথিত হইতেছে,—চৈত্রমাসে মন্ত্রগ্রহণ করিলে সমস্ত পুরুষার্থ সিদ্ধ হয়, বৈশাখমাসে মন্ত্রগ্রহণ করিলে রত্নলাভ হইয়া থাকে। এইরূপ জ্যৈষ্ঠে মন্ত্রগ্রহণে মরণ, আষাঢ়ে বন্ধুনাশ, শ্রাবণে দীর্ঘায়ুলাভ, ভাদ্রে সন্ততিক্ষয়, আশ্বিনে রত্নসঞ্চয়, কার্ত্তিক ও অগ্রহায়ণে মন্ত্রসিদ্ধি, পৌষে শত্রুপীড়া, মাঘে মেধাবৃদ্ধি এবং ফাল্গুন মাসে মন্ত্রগ্রহণ করিলে সমস্ত কামনা পূর্ণ হয়, কিন্তু মলমাসে মন্ত্রগ্রহণ করিতে পারিবে না। ১

মন্ত্রাদ্যারম্ভণং মেষে ধনধান্যপ্রদং ভবেৎ।
বৃষে মরণমাপ্নোতি মিথুনেঽপত্যনাশনম্।
কর্কটে সর্ব্বসিদ্ধিঃ স্যাৎ সিংহে মেধাবিনাশনম্।
কন্যা লক্ষ্মীপ্রদা নিত্যং তুলায়াং সর্ব্বসিদ্ধয়ঃ।
বৃশ্চিকে স্বর্ণলাভঃ স্যাদ্ ধনুর্ম্মানবিনাশকঃ।

---

* জ্যৈষ্ঠে মৃত্যুপ্রদা চৈব আষাঢ়ে সুখসম্পদঃ। ইতিযোগিনীহৃদয়াৎ আষাঢ়ে দীক্ষা-গ্রহণে নিন্দা শ্রীবিদ্যায়াং নাস্তি।

† চৈত্রে তু গোপাল বিষয়ং গৌতমীয়োক্তত্বাৎ যথা "মধুমাসে ভবেদ্দীক্ষা দুঃখায় মরণায় বা"। ইতিবচনান্তরাত্র। অত্র চ মাসঃ সৌরএব "সৌরে মাসি শুভা দীক্ষা ন চান্দ্রে ন চ তারকে"। ইতিগৌতমীয়াৎ।

মকরঃ পুণ্যদঃ প্রোক্তঃ কুম্ভোধনসমৃদ্ধিদঃ।
মীনোদুঃখপ্রদো নিত্যমেবং মাসবিধিক্রমঃ॥ ২

ইতিবৈশম্পায়নসংহিতায়াম্।

বৈশম্পায়নসংহিতায় উক্ত হইয়াছে যে,—বৈশাখমাসে মন্ত্রগ্রহণ করিলে ধনধান্য লাভ হয়, এইরূপ জ্যৈষ্ঠে মরণ, আষাঢ়ে সন্ততিক্ষয়, শ্রাবণে সর্ব্বসিদ্ধি, ভাদ্রে মেধাক্ষয়, আশ্বিনে লক্ষ্মীবৃদ্ধি, কার্ত্তিকে সর্ব্বসিদ্ধি, অগ্রহায়ণে স্বর্ণলাভ, পৌষে মানহানি, মাঘে পুণ্যসঞ্চয়, ফাল্গুনে ধনলাভ এবং চৈত্রমাসে মন্ত্রগ্রহণ করিলে সর্ব্বদা দুঃখভাগী হইয়া থাকে। ২

## অথ দীক্ষায়াস্তিথিনির্ণয়ঃ।

প্রতিপদি কৃতা দীক্ষা জ্ঞাননাশকরী মতা।
প্রতিপত্তির্দ্বিতীয়ায়াং * তৃতীয়ায়াং শুচির্ভবেৎ।
চতুর্থ্যাং বিত্তনাশঃ স্যাৎ পঞ্চম্যাং বুদ্ধিবর্দ্ধনম্।
ষষ্ঠ্যাং জ্ঞানক্ষয়ং সৌখ্যং লভতে সপ্তমীদিনে।
অষ্টম্যাং বুদ্ধিনাশঃ স্যান্নবম্যাং বপুষঃ ক্ষয়ঃ।
দশম্যাং রাজসৌভাগ্যমেকাদশ্যাং শুচির্ভবেৎ।
দ্বাদশ্যাং সর্ব্বসিদ্ধিঃ স্যাত্ত্রয়োদশ্যাং দরিদ্রতা।
তির্য্যগ্‌যোনিশ্চতুর্দ্দশ্যাং হানির্মাসাবসানকে।
পক্ষান্তে ধর্ম্মবৃদ্ধিঃ স্যাদনধ্যায়ং † বিবর্জ্জয়েৎ॥ ৩

অনন্তর দীক্ষার তিথি কথিত হইতেছে,—প্রতিপদ্ তিথিতে মন্ত্রগ্রহণ করিলে জ্ঞানবিনষ্ট হয়; এইরূপ দ্বিতীয়াতে প্রতিপত্তিলাভ, তৃতীয়ায় পবিত্রতা, চতুর্থীতে বিত্তনাশ, পঞ্চমীতে বুদ্ধিবৃদ্ধি, ষষ্ঠীতে জ্ঞানক্ষয়, সপ্তমীতে সুখলাভ, অষ্টমীতে বুদ্ধিনাশ, নবমীতে দেহক্ষয়, দশমীতে রাজসৌভাগ্যপ্রাপ্তি, একাদশীতে পবিত্রতা লাভ, দ্বাদশীতে সর্ব্বসিদ্ধি, ত্রয়োদশীতে দরিদ্রতা, চতুর্দ্দশীতে তির্য্যগ্‌যোনিপ্রাপ্তি, অমাবস্যায় ক্ষতি এবং পূর্ণিমাতে মন্ত্রগ্রহণ করিলে ধর্ম্মবৃদ্ধি হইয়া থাকে। কিন্তু উক্ত তিথি সকল যদি মাসবিশেষে কি অন্য কোন কারণ বশতঃ অনধ্যায় মধ্যে পরিগণিত হয় তাহা হইলে উহাতে মন্ত্রগ্রহণ করিবে না। ৩

---

* দ্বিতীয়ায়াং ভবেজ্জ্ঞানং ইত্যপি পাঠঃ।

† সন্ধ্যাগর্জ্জিতনির্ঘোষভূকম্পোল্কানিপাতনে। এতানন্যাংশ্চ দিবসান্ শ্রুত্যুক্তান্ পরিবর্জ্জয়েৎ।

দ্বিতীয়া পঞ্চমী চৈব ষষ্ঠী চৈব বিশেষতঃ। *
দ্বাদশ্যামপি কর্ত্তব্যং ত্রয়োদশ্যামথাপি বা॥ ৪

ইতিরামার্চ্চনচন্দ্রিকায়াম্।

রামার্চ্চনচন্দ্রিকায় উক্ত হইয়াছে যে—দ্বিতীয়া, পঞ্চমী, ষষ্ঠী, দ্বাদশী ও ত্রয়োদশীতিথিতে মন্ত্রগ্রহণ কর্ত্তব্য; কিন্তু ইহার মধ্যে বিশেষ এই ষষ্ঠী ও ত্রয়োদশীতিথি বিষ্ণুমন্ত্র গ্রহণে প্রশস্ত। ৪

পঞ্চমী সপ্তমী ষষ্ঠী দ্বিতীয়া পূর্ণিমা সিতা।
ত্রয়োদশী চ দশমী প্রশস্তা সর্ব্বকামদা॥ ৫

ইতিসনৎকুমারীয়ে।

সনৎকুমারীয়ে কথিত হইয়াছে যে,—পঞ্চমী, সপ্তমী, ষষ্ঠী, দ্বিতীয়া, পূর্ণিমা, এবং শুক্লপক্ষীয় ত্রয়োদশী ও দশমীতিথি মন্ত্রগ্রহণে প্রশস্ত হয়; অর্থাৎ উক্ত সমস্ত তিথিতে মন্ত্রগ্রহণ করিলে সকল কামনা পূর্ণ হইয়া থাকে। ৫

চতুর্থী পঞ্চমী চৈব চতুর্দ্দশ্যষ্টমী তথা।
তিথয়ঃ শুভদা প্রোক্তা দীক্ষাগ্রহণকর্ম্মণি॥ † ৬

ইতিতন্ত্রান্তরে।

তন্ত্রান্তরে লিখিত আছে যে,—চতুর্থী, পঞ্চমী, চতুর্দ্দশী ও অষ্টমীতিথি দীক্ষা বিষয়ে শুভদায়িকা হয়, কিন্তু ইহার মধ্যে বিশেষ এই, চতুর্দ্দশী ও অষ্টমীতিথি শক্তিদীক্ষাতে প্রশস্ত, আর চতুর্থীতিথি গণেশমন্ত্রগ্রহণে শুভফল প্রদান করে। ৬

শুক্লপক্ষস্য দশমী সপ্তমী চ বিশেষতঃ।
নিন্দ্যা সদৈব ষষ্ঠী স্যাদিতি শৈবাগমান্তরে॥ ৭

শুক্লপক্ষের দশমী, সপ্তমী, ও ষষ্ঠীতিথি দীক্ষাবিষয়ে নিন্দনীয়া, শৈবাগমে এইরূপ উক্ত হইয়াছে; অতএব ঐ সকল তিথিতে শিবমন্ত্র গ্রহণ করিবে না। ৭

## অথ দীক্ষায়াবারনির্ণয়ঃ।

রবিবারে ভবেদ্বিত্তং সোমে শান্তির্ভবেৎ কিল।
আয়ুরঙ্গারকে হন্তি তত্র দীক্ষাং বিবর্জ্জয়েৎ।

---

* ইতি যৎ ষষ্ঠীত্রয়োদশীবিধানং তদ্বিষ্ণুবিষয়ং রামার্চ্চনচন্দ্রিকাধৃতত্বাৎ। ইতিকৃষ্ণানন্দঃ।

† অত্রবচনে চতুর্দ্দশ্যষ্টমীতি শক্তিবিষয়ং, চতুর্থী তু গণেশবিষয়ং তত্তৎকল্পোক্তত্বাৎ ইতি তন্ত্রসারে কৃষ্ণানন্দঃ।

বুধে সৌন্দর্য্যমাপ্নোতি জ্ঞানং স্যাত্তু বৃহস্পতৌ।
শুক্রে সৌভাগ্যমাপ্নোতি যশোহানিঃ শনৈশ্চরে॥ ৮

ইতিতন্ত্রান্তরে।

অনন্তর দীক্ষার বার কথিত হইতেছে,—রবিবারে মন্ত্রগ্রহণ করিলে বিত্তলাভ হয়, এইরূপ সোমবারে শান্তিলাভ, মঙ্গলবারে আয়ুক্ষয়, বুধবারে সৌন্দর্য্যলাভ, বৃহস্পতিবারে জ্ঞানলাভ, শুক্রবারে সৌভাগ্যলাভ এবং শনিবারে মন্ত্র গ্রহণ করিলে যশোহানি হইয়া থাকে। ৮

অথ দীক্ষায়ানক্ষত্রনির্ণয়ঃ।

অশ্বিন্যাং সুখমাপ্নোতি ভরণ্যাং মরণং ধ্রুবম্।
কৃত্তিকায়াং ভবেদ্দুঃখী রোহিণ্যাং বাক্‌পতির্ভবেৎ।
মৃগশীর্ষে সুখাবাপ্তিরার্দ্রায়াং বন্ধুনাশনম্।
পুনর্ব্বসৌ ধনাঢ্যঃ স্যাৎ পুষ্যে শত্রুবিনাশনম্।
অশ্লেষায়াং ভবেন্মৃত্যুর্ম্মঘায়াং দুঃখমোচনম্।
সৌন্দর্য্যং পূর্ব্বফল্গুন্যাং প্রাপ্নোতি চ ন সংশয়ঃ।
জ্ঞানঞ্চোত্তরফল্গুন্যাং হস্তায়াঞ্চ ধনী ভবেৎ।
চিত্রায়াং জ্ঞানসিদ্ধিঃ স্যাৎ স্বাত্যাং শত্রুবিনাশনম্
বিশাখায়াং সুখং চানুরাধায়াং বন্ধুবর্দ্ধনম্।
জ্যেষ্ঠায়াং সুতহানিঃ স্যান্মূলায়াং কীর্ত্তিবর্দ্ধনম্।
পূর্ব্বাষাঢ়োত্তরাষাঢ়ে ভবেতাং কীর্ত্তিদায়িকে।
শ্রবণায়াং ভবেদ্দুঃখী ধনিষ্ঠায়াং দরিদ্রতা।
বুদ্ধিঃ শতভিষায়াং স্যাৎ পূর্ব্বভাদ্রে সুখী ভবেৎ।
সৌখ্যঞ্চোত্তরভাদ্রে চ রেবত্যাং কীর্ত্তিবর্দ্ধনম্॥ ৯

অনন্তর দীক্ষার নক্ষত্র কথিত হইতেছে,—অশ্বিনীনক্ষত্রে মন্ত্রগ্রহণ করিলে সুখলাভ হয়, এইরূপ ভরণীতে মৃত্যু, কৃত্তিকায় দুঃখ, রোহিণীতে বৃহস্পতিতুল্য, মৃগশিরায় সুখপ্রাপ্তি, আর্দ্রায় বন্ধুবিনাশ, পুনর্ব্বসুতে ধনপ্রাপ্তি, পুষ্যায় শত্রুক্ষয়, অশ্লেষাতে মৃত্যু, মঘায় দুঃখশান্তি, পূর্ব্বফল্গুনীতে সৌন্দর্য্যলাভ, উত্তরফল্গুনীতে জ্ঞানোদয়, হস্তায় ধনলাভ, চিত্রাতে জ্ঞানসিদ্ধি, স্বাতীতে শত্রুবিনাশ. বিশাখায় সুখ, অনুরাধায় বন্ধুবৃদ্ধি, জ্যেষ্ঠাতে সুতহানি, মূলা, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়াতে কীর্ত্তিবৃদ্ধি, শ্রবণায় দুঃখপ্রাপ্তি, ধনিষ্ঠায় দরিদ্রতা, শতভিষাতে বুদ্ধিবৃদ্ধি, পূর্ব্বভাদ্রপদে ও উত্তরভাদ্রপদে সুখ এবং রেবতীনক্ষত্রে মন্ত্রগ্রহণ করিলে কীর্ত্তিবৃদ্ধি হইয়া থাকে। ৯

আর্দ্রায়াং কৃত্তিকায়াঞ্চ মন্ত্রারম্ভঃ প্রশস্যতে।
যদীশস্য কৃশানোর্ব্বা মন্ত্রারম্ভো যথাক্রমাৎ। ১০

আর্দ্র ও কৃত্তিকানক্ষত্রে মন্ত্রগ্রহণ নিষিদ্ধ, কিন্তু আর্দ্রানক্ষত্রে শিবমন্ত্র ও কৃত্তিকানক্ষত্রে অগ্নিমন্ত্র গ্রহণ প্রশস্ত হয়। ১০

অশ্বিনী ভরণী স্বাতী বিশাখাহস্তভেষু চ।
জ্যেষ্ঠোত্তরাত্রয়েষ্বেবং কুর্য্যান্মন্ত্রাভিষেচনম্॥ * ১১

অশ্বিনী, ভরণী, স্বাতী, বিশাখা, হস্তা, জ্যেষ্ঠা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া ও উত্তরভাদ্রপদনক্ষত্রে মন্ত্রগ্রহণ করিবে, এই বচনে যে জ্যেষ্ঠা ও ভরণীনক্ষত্রে মন্ত্রগ্রহণ বিধান আছে তাহা অগস্ত্যসংহিতোক্ত জানিবে। ১১

### অথ দীক্ষায়াযোগকথনম্।

শুভঃ সিদ্ধস্তথায়ুষ্মান্ ধ্রুবযোগস্ততঃপরম্।
প্রীতিঃ সৌভাগ্যযোগশ্চ বৃদ্ধিযোগস্ততঃপরম্।
হর্ষণশ্চ তথা যোগাঃ সর্ব্বতন্ত্রে শুভাবহাঃ॥ ১২

ইতিবিশ্বসারে।

বিশ্বসারে কথিত হইয়াছে,—শুভ, সিদ্ধ, আয়ুষ্মান্, ধ্রুব, প্রীতি, সৌভাগ্য, বৃদ্ধি ও হর্ষণ এই সকল যোগ দীক্ষা-বিষয়ে প্রশস্ত। ১২

### অথ দীক্ষায়াঃ করণনির্ণয়ঃ।

বববালবকৌলবতৈতিল † স্তদনন্তরম্।
করণানি শুভান্যেব সর্ব্বতন্ত্রেষু ভাষিতম্॥ ১৩

দীক্ষা-বিষয়ে প্রশস্ত করণ কথিত হইতেছে,—বব, বালব, কৌলব, তৈতিল. এই সকল করণ দীক্ষা-বিষয়ে প্রশস্ত। কেহ কেহ গর ও বণিজকরণ দীক্ষাতে প্রশস্ত বলিয়া থাকেন। ১৩

### অথ দীক্ষায়ালগ্ননির্ণয়ঃ।

বৃষে সিংহে চ কন্যায়াং ধনুর্ম্মীনাখ্যলগ্নকে।
চন্দ্রতারানুকূলে চ কুর্য্যাদ্দীক্ষাপ্রবর্ত্তনম্॥ ১৪

অনন্তর দীক্ষাতে প্রশস্ত লগ্ন বর্ণিত হইতেছে,—বৃষ, সিংহ, কন্যা, ধনু ও মীনলগ্নে চন্দ্র এবং তারা শুদ্ধ থাকিলে দীক্ষাগ্রহণ প্রশস্ত। ১৪

---

* ইতিজ্যেষ্ঠাভরণ্যোর্ব্বিধানং অগস্ত্যসংহিতোক্তত্বাৎ।

† গরবণিজস্তদনন্তরং। ইতিক্বচিৎপুস্তকে পাঠঃ।

স্থিরলগ্নং বিষ্ণুমন্ত্রে শিবমন্ত্রে চরং শুভম্।
দ্বিস্বভাবগতং লগ্নং শক্তিমন্ত্রে প্রশস্যতে॥ ১৫

লগ্নসম্বন্ধে বিশেষ কথিত হইতেছে,—বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভ-লগ্নে বিষ্ণুমন্ত্রগ্রহণ করিবে। মেষ, কর্কট, তুলা ও মকর এই সকল লগ্ন শিবমন্ত্র গ্রহণে শুভদায়ক; এবং মিথুন, কন্যা, ধনু ও মীনলগ্নে শক্তিমন্ত্র গ্রহণ প্রশস্ত। ১৫

ত্রিষড়ায়গতাঃ পাপাঃ শুভাঃ কেন্দ্রত্রিকোণগাঃ।
দীক্ষায়ান্তু শুভাঃ সর্ব্বে রন্ধ্রস্থাঃ সর্ব্বনাশকাঃ॥ ১৬

ইত্যগস্ত্যসংহিতায়াম্।

অগস্ত্যসংহিতায় লিখিত আছে যে,—লগ্নের তৃতীয়, ষষ্ঠ ও একাদশস্থানে পাপগ্রহ এবং লগ্নে ও লগ্নের চতুর্থ, সপ্তম, দশম, নবম ও পঞ্চমস্থানে শুভগ্রহ অবস্থিত হইলে দীক্ষা প্রশস্ত হয়, কিন্তু উক্ত গ্রহ সকল অষ্টমস্থ হইলে দীক্ষা অনিষ্টদায়িকা হইয়া থাকে। ১৬

## অথ দীক্ষায়াং পক্ষনির্ণয়ঃ।

শুক্লপক্ষে শুভা দীক্ষা কৃষ্ণেঽপ্যাপঞ্চমাদ্দিনাৎ॥ ১৭

ইতিতন্ত্রান্তরে।

শুক্লপক্ষে তু কৃষ্ণে বা দীক্ষা সর্ব্বশুভাবহাঃ॥ ১৮

ইত্যগস্ত্যসংহিতায়াম্।

ভূতিকামৈঃ সিতে সদা মুক্তিকামৈঃ কৃষ্ণপক্ষে॥ ১৯

ইতিকালোত্তরে।

তন্ত্রান্তরে লিখিত আছে যে,—শুক্লপক্ষে দীক্ষাগ্রহণ শুভদায়ক হয়, আর কৃষ্ণপক্ষের পঞ্চমীতিথি পর্য্যন্ত দীক্ষাতে প্রশস্ত। ১৭

অগস্ত্যসংহিতায় কথিত হইয়াছে,—শুক্ল কি কৃষ্ণ এই উভয় পক্ষই দীক্ষা গ্রহণে প্রশস্ত। ১৮

কালোত্তরগ্রন্থে বর্ণিত হইয়াছে যে,—ঐশ্বর্য্য ইচ্ছা করিলে শুক্লপক্ষে দীক্ষা-গ্রহণ করিবে আর মুক্তিকামনা করিলে কৃষ্ণপক্ষেও দীক্ষাগ্রহণ করিতে পারে। ১৯

## নিষিদ্ধমাসাদৌ তিথিবিশেষাণাং প্রাশস্ত্যমাহ।

ষষ্ঠী ভাদ্রপদে মাসি ইষে কৃষ্ণা চতুর্দ্দশী।
কার্ত্তিকে নবমী শুক্লা মার্গে শুক্লা তৃতীয়িকা।

পৌষে চ নবমী শুক্লা মাঘে শুক্লা চতুর্থিকা।

ফাল্গুনে নবমী * শুক্লা চৈত্রে কামচতুর্দ্দশী ॥ † ২০

ইতিরত্নাবল্যাম্।

অধুনা নিষিদ্ধমাসাদিতে তিথিবিশেষের প্রশস্ততা কথিত হইতেছে,—ভাদ্র-মাসের ষষ্ঠীতিথি, আশ্বিনের কৃষ্ণাচতুর্দ্দশী, কার্ত্তিকের শুক্লানবমী, অগ্রহায়ণের শুক্লাতৃতীয়া, পৌষের শুক্লানবমী, মাঘের শুক্লাচতুর্থী, ফাল্গুনের শুক্লানবমী এবং চৈত্রমাসের ( কাম ) চতুর্দ্দশী মন্ত্রগ্রহণে প্রশস্তা অর্থাৎ উক্ত সকল তিথিতে মাসাদি বিচার করিতে হয় না। ২০

অন্যচ্চ

বৈশাখে চাক্ষয়া চৈব জ্যৈষ্ঠে দশহরাতিথিঃ।

আষাঢ়ে নবমী শুক্লা শ্রাবণে কৃষ্ণপঞ্চমী।

এতানি দেবপর্ব্বাণি তীর্থকোটিফলং লভেৎ।

অত্র দীক্ষা প্রকর্ত্তব্যা ন মাসঞ্চ পরীক্ষয়েৎ।

ন বারং ন চ নক্ষত্রং ন তিথ্যাদিকদূষণম্।

ন যোগকরণঞ্চৈব শঙ্করেণেতিভাষিতম্॥ ২১

ইদানীং দেবপর্ব্ব বর্ণিত হইতেছে,—বৈশাখের শুক্লাতৃতীয়া, ( অক্ষয়-তৃতীয়া ) জ্যৈষ্ঠের দশহরা, ( শুক্লাদশমী ) আষাঢ়ের শুক্লানবমী এবং শ্রাবণের কৃষ্ণাপঞ্চমী ( নাগপঞ্চমী ) এই সকল দেবপর্ব্ব, উক্ত সকল তিথিতে পুণ্যকর্ম্ম করিলে কোটিতীর্থের ফললাভ হয়, আর ঐ সকল তিথি দীক্ষা বিষয়ে অতিশয় প্রশস্ত, ইহাতে দীক্ষাগ্রহণ করিতে মাস পরীক্ষা করিতে নাই এবং বার, নক্ষত্র, তিথি. যোগ ও করণ ইহার কিছুই দূষণীয় হয় না; ভগবান্ শঙ্কর এইরূপ বলিয়াছেন। ২১

অপি চ।

চৈত্রে ত্রয়োদশী শুক্লা বৈশাখৈকাদশী সিতা।

জ্যৈষ্ঠে চতুর্দ্দশী কৃষ্ণা আষাঢ়ে নাগপঞ্চমী।

শ্রাবণৈকাদশীভাদ্রে রোহিণী সহিতাষ্টমী।

আশ্বিনে চ মহাপুণ্যা মহাষ্টম্যপ্যভীষ্টদা।

কার্ত্তিকে নবমী শুক্লা মার্গশীর্ষে তথা সিতা।

ষষ্ঠী চতুর্দ্দশী পৌষে মাঘেঽপ্যেকাদশী সিতা।

ফাল্গুনে চ সিতা ষষ্ঠী চেতিকালবিনির্ণয়ঃ॥ ২২

---

* ফাল্গুনে দশমী শুক্লেতি পাঠঃ। † চৈত্রে কামত্রয়োদশী ইতি ক্বচিৎ পাঠঃ।

গ্রন্থান্তরে মাসবিশেষে প্রশস্ত তিথি কথিত হইতেছে,—চৈত্রমাসের শুক্লা ত্রয়োদশী (কামত্রয়োদশী) বৈশাখের শুক্লা একাদশী, জ্যৈষ্ঠের কৃষ্ণাচতুর্দ্দশী, আষাঢ়ের নাগপঞ্চমী (কৃষ্ণাপঞ্চমী) শ্রাবণের একাদশী, ভাদ্রের রোহিণীযুক্ত অষ্টমী (জন্মাষ্টমী) আশ্বিনে মহাষ্টমী (শুক্লাষ্টমী) কার্ত্তিকের শুক্লানবমী, (জগদ্ধাত্রীনবমী) অগ্রহায়ণের শুক্লাষষ্ঠী, পৌষের চতুর্দ্দশী, মাঘের শুক্লা-একাদশী এবং ফাল্গুনমাসের শুক্লাষষ্ঠী এই সমস্ত তিথি দীক্ষা বিষয়ে প্রশস্ত, এমন কি ইহাতে দীক্ষাগ্রহণ করিতে মাস, তিথি ও নক্ষত্রাদি বিচার করিতে নাই। ২২

অয়নে বিষুবে চৈব গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ।
রবিসংক্রান্তিদিবসে যুগাদ্যায়াং সুরেশ্বরি
মন্বন্তরাসু সর্ব্বাসু মহাপূজাদিনে তথা। ২৩

ইতি যোগিনীতন্ত্রে।

যোগিনীতন্ত্রে শিব বলিয়াছেন, "হে সুরেশ্বরি! দক্ষিণায়ন ও উত্তরায়ণ, সংক্রান্তিতে, বিষুব ও জলবিষুবসংক্রান্তিতে, চন্দ্রগ্রহণে ও সূর্য্যগ্রহণে, অন্য সাধারণ সংক্রান্তিতে, যুগাদ্যায়, মন্বন্তরাতে এবং মহাষ্টমী ও মহানবমীতে দীক্ষা-গ্রহণ অতি পুণ্যজনক হয়; ইহাতেও মাস, তিথি, নক্ষত্রাদি কিছুই বিচার করিতে হয় না। পরন্তু সাধারণ সংক্রান্তি অপেক্ষায় অয়ন ও বিষুবসংক্রান্তি অধিক পুণ্যজনক হইয়া থাকে। ২৩

অপি চ।

নিন্দিতেষ্বপি কালেষু দীক্ষোক্তা গ্রহণে তু বা।
সূর্য্যগ্রহণকালস্য সমানোনাস্তি ভূতলে।
বিশেষতো মহাদেবি দীক্ষাগ্রহণকর্ম্মণি।
তত্র যদ্‌যৎকৃতং সর্ব্বমনন্তফলদং ভবেৎ॥ ২৪

শিব কহিয়াছেন—হে মহাদেবি! নিন্দিতকালেও গ্রহণ সমানকালীন মন্ত্রগ্রহণ করিতে পারা যায়, বিশেষতঃ দীক্ষাতে সূর্য্যগ্রহণের তুল্য পুণ্যকাল পৃথিবীতে অন্য কোন সময়ে হয় না, সূর্য্যগ্রহণ সমানকালীন যে কোন পুণ্যকর্ম্ম অনুষ্ঠান করা যায় তাহাতে অনন্ত ফললাভ হইয়া থাকে। ২৪

অন্যচ্চ।

রবিসংক্রমণে চৈব সূর্য্যস্য গ্রহণে তথা।
তত্র লগ্নাদিকং কিঞ্চিন্ন বিচার্য্যং কথঞ্চন॥ ২৫

রবিসংক্রমণে অর্থাৎ সংক্রান্তির পুণ্যকাল সময়ে এবং সূর্য্যগ্রহণকালে দীক্ষা গ্রহণ করিতে লগ্নাদি কিছুই বিচার করিবে না। ২৫

**অপরঞ্চ।**

**রবিসংক্রমণে চৈব নান্যদন্বেষিতং ভবেৎ।**
**ন বারতিথিমাসাদি শোধনং সূর্য্যপর্ব্বণি॥ ২৬**

সংক্রান্তির পুণ্যকালে এবং গ্রহণসমানকালীন মন্ত্রগ্রহণাদি কার্য্য করিতে মাস, তিথি ও বারাদির শুভাশুভ দেখিতে হয় না। ২৬

**দেব্যাবোধং সমারভ্য যাবৎ স্যান্নবমীতিথিঃ।**
**কৃতৈতাসু শুভাদীক্ষা সর্ব্বাভীষ্টফলপ্রদা॥ ২৭**

ইতিবিষ্ণুযামলে।

বিষ্ণুযামলে লিখিত আছে যে,—ভগবতী দুর্গাদেবীর বোধন হইতে মহানবমী পর্য্যন্ত যে পঞ্চদশতিথি তাহাতে দীক্ষাগ্রহণ করিলে সকল অভীষ্ট সিদ্ধি হইয়া থাকে। ২৭

**তত্রাপি শারদী পূজা যত্র দেবি গৃহে গৃহে।**
**তত্র দীক্ষা প্রকর্ত্তব্যা মাসর্ক্ষাদীন্ন শোধয়েৎ॥ ২৮**

ইতিবিষ্ণুযামলে।

বিষ্ণুযামলে বচনান্তরে লিখিত আছে যথা,—যেকালে প্রতিগৃহে ভগবতী শারদীয়াদেবীর অর্চ্চনা হয়, সে সময়ে দীক্ষাগ্রহণ করিতে মাস, নক্ষত্র ও তিথ্যাদি কিছুই বিচার্য্য নহে। ২৮

**শুক্লপক্ষে বিশেষেণ তত্রাপি তিথিরষ্টমী।**
**বোধনে চৈব দুর্গায়াঃ কালাকালং ন শোধয়েৎ॥ ২৯**

ইতিরুদ্রযামলে।

রুদ্রযামলে লিখিত আছে যে,—দুর্গাদেবীর বোধন মধ্যে বিশেষতঃ মহাষ্টমী তিথিতে মন্ত্রগ্রহণাদি কর্ম্মে কালাকাল কিছুই দেখিতে হয় না। ২৯

**ন কুর্য্যাচ্ছাক্তিকীং দীক্ষামুপরক্তে বিভাবসৌ।**
**ন কুর্য্যাদ্বৈষ্ণবীন্তাস্তু যদি চন্দ্রমসোগ্রহঃ॥ * ৩০**

ইতিরুদ্রযামলে।

রুদ্রযামলে উক্ত হইয়াছে যে,—সূর্য্যগ্রহণে শক্তিমন্ত্র গ্রহণ করিবে না এবং চন্দ্রগ্রহণে বিষ্ণুমন্ত্র গ্রহণ নিষেধ। কিন্তু গৌতমীয়তন্ত্রে চন্দ্রগ্রহণে ও সূর্য্য গ্রহণে বিষ্ণুমন্ত্র গ্রহণ করিতে পারে বিধান আছে এবং যোগিনীহৃদয়েও

---

* এতচ্চ গোপালশ্রীবিদ্যেতরবিষয়ং। অন্যেষু পুণ্যযোগেষু গ্রহণে চন্দ্রসূর্য্যয়োরিতি-গৌতমীয়াৎ। সূর্য্যগ্রহণকালে তু নান্যদন্বেষিতং ভবেদিতি যোগিনীহৃদয়াচ্চ। ইতিতন্ত্রসারে কৃষ্ণানন্দেনোক্তম্॥

সূর্য্যগ্রহণে শক্তিমন্ত্র গ্রহণ উক্ত হইয়াছে, এই বিরোধের মীমাংসা তন্ত্রসারে কৃষ্ণানন্দ করিয়াছেন যে, সূর্য্যগ্রহণে শ্রীবিদ্যামন্ত্র গ্রহণ ও চন্দ্রগ্রহণে গোপালমন্ত্র গ্র হণ করিতে পারিবে, এতদতিরিক্তে নিষেধের সার্থক থাকিবে। ৩০

চন্দ্রগ্রহণে বিশেষমাহ।

শ্রীপরাকালীবীজানি লোপাদৌর্গশ্চ যোমনুঃ।
সূর্য্যস্যোপগ্রহে লব্ধোনৃণাং শীঘ্রফলপ্রদঃ॥ ৩১

মন্ত্রগ্রহণ বিষয়ে সূর্য্যগ্রহণে বিশেষ কথিত হইতেছে যথা,—শ্রীবীজ, মায়াবীজ, কালীবীজ, লোপাদুর্গার মন্ত্র যদি ভাগ্যবশতঃ কোন ব্যক্তির সূর্য্যগ্রহণ সমানকালীন লাভ হয়, তবে সেই মন্ত্র আশু ফলপ্রদ হইবে। ৩১

অথ তারাদিবিদ্যায়াং বিশেষঃ।

দীক্ষাকালং প্রবক্ষ্যামি নীলতন্ত্রানুসারতঃ।
কৃষ্ণপক্ষস্য চাষ্টম্যাং শুভে লগ্নে শুভে ক্ষণে।
পূর্ব্বভাদ্রপদাযুক্তে মিত্রতারাদিসংযুতে।
অথবা অনুরাধায়াং রেবত্যাং বা প্রশস্যতে॥ ৩২

তারাদিবিদ্যার দীক্ষাবিষয়ে নীলতন্ত্রোক্তকাল কথিত হইতেছে,—কৃষ্ণ পক্ষের অষ্টমীতিথিতে, শুভলগ্নে, শুভক্ষণে, পূর্ব্বভাদ্রপদ, অনুরাধা অথবা রেবতী নক্ষত্রে, মিত্রাদিতারা হইলে দীক্ষা প্রশস্ত হইবে। ৩২

অন্যচ্চ।

জানীয়াৎ শোভনং কালং মন্ত্রস্য গ্রহণং প্রতি।
ইষে চৈব বিঁশেষেণ কার্ত্তিকে চ বিশেষতঃ॥ ৩৩

বচনান্তরে উক্ত হইয়াছে যে,—মন্ত্রগ্রহণ বিষয়ে আশ্বিন ও কার্ত্তিকমাসই অধিক প্রশস্ত জানিবে। ৩১

অমাবস্যা সোমবারে ভৌমবারে চতুর্দ্দশী।
সপ্তমী রবিবারে চ সূর্য্যগ্রহশতৈঃ সমা॥ ৩৪

অধুনা সূর্য্যগ্রহণের তুল্যকাল কথিত হইতেছে;—সোমবার অমাবস্যা, মঙ্গলবারে চতুর্দ্দশী এবং রবিবারে সপ্তমীতিথি হইলে বহুশত সূর্য্যগ্রহণের তুল্যকাল হইবে। ৩৪

অশোকাখ্যাষ্টমী যত্র রামাখ্যনবমী তথা।
লগ্নে বাপ্যথ বা লগ্নে যত্র তত্র তিথাবপি॥
গুরোরাজ্ঞানুসারেণ দীক্ষাকার্য্যা বিশেষতঃ॥ ৩৫

ইতিবিষ্ণুযামলে।

বিষ্ণুযামলে বচনান্তরে লিখিত আছে যে,—অশোকাষ্টমীতিথি কি শ্রীরাম-নবমীতে লগ্নাদি শুদ্ধ হউক, কি না হউক—দীক্ষাগ্রহণ করিতে পারা যায়, আর বিশেষতঃ গুরুর আজ্ঞানুসারে যে কোন তিথিতেই মন্ত্রগ্রহণ করিতে পারে। ৩৫

গ্রহণে চ মহাতীর্থে নাস্তি কালস্য নির্ণয়ঃ। ৩৬

ইতিযোগিনীতন্ত্রে।

যোগিনীতন্ত্রে লিখিত আছে যে,—মহাতীর্থে এবং গ্রহণসময়ে কালাকাল বিচার করিবে না। ৩৬

পুণ্যতীর্থে কুরুক্ষেত্রে দেবীপীঠচতুষ্টয়ে।
প্রয়াগে শ্রীগুরৌ কাশ্যাং কালাকালং ন শোধয়েৎ॥ ৩৭

ইতিযামলে।

যামলে কথিত আছে যে,—পুণ্যতীর্থে, কুরুক্ষেত্রে, মহাদেবীর পীঠচতুষ্টয়ে, প্রয়াগে, শ্রীশৈলপর্ব্বতে এবং কাশীধামে কালাকাল দেখিতে হইবে না। ৩৭

যুগাদ্যায়াং জন্মদিনে বিবাহদিবসে তথা।
বিষুবায়নয়োর্দ্দন্দ্বে নৈব কিঞ্চিদ্বিচারয়েৎ॥ ৩৮

ইতিসময়াতন্ত্রে।

সময়াতন্ত্রে উক্ত হইয়াছে যে,—যুগাদ্যাতিথিচতুষ্টয়ে, জন্মদিনে, বিবাহ-দিবসে বিষুবসংক্রান্তি ও অয়নসংক্রান্তিতে মন্ত্রাদিগ্রহণে কিছুই বিচার করিতে হয় না। ৩৮

অস্তং গতে দৈত্যগুরৌ শিশৌ চ বৃদ্ধেঽথ বালে চ গুরৌ তথৈব।
ভবেন্ন দীক্ষাগ্রহণং শুভায় জীবাতিচারে মলমাসসংজ্ঞে॥ ৩৯

ইত্যাগমার্ণবে।

আগমার্ণবে কথিত হইয়াছে যে,—শুক্র বুধ কি বৃহস্পতির অস্ত বৃদ্ধি অথবা বাল্য হইলে, আর বৃহস্পতি অতিচারী থাকিলে অর্থাৎ অকালে কি মলমাসে দীক্ষাগ্রহণ শুভদ হইবে না। ৩৯

জীবে হরৌ দৈত্যগুরৌ স সূর্য্যে কেতূদ্গমে ভূচলনাদিদোষে।
অকালবৃষ্টৌ জলদে সগর্জ্জে দীক্ষা ভবেন্নৈব চ সাধকানাম্॥* ৪০

ইত্যাগমার্ণবে।

* এতৎসর্ব্বং কালাশুদ্ধিপ্রদর্শকং। অশুদ্ধকালমুক্তা পরীক্ষারামযজ্ঞাংশ্চ পুরশ্চরণ দীক্ষণে ইত্যনেন জ্যোতিষে দীক্ষানিষেধদর্শনাৎ।

বৃহস্পতি সিংহস্থ হইলে কিম্বা শুক্র কি রবির সহিত অস্থিতি করিলে, ধূমকেতু উদিত হইলে, ভূমিকম্পাদিতে, অকালবৃষ্টিতে এবং সন্ধ্যাগর্জ্জন কি অকালে মেঘগর্জ্জন হইলে সাধক দীক্ষাগ্রহণ করিবে না। ৪০

প্রতিপ্রসবমাহ।

শুক্রোঽস্তোযদি বা বৃদ্ধোগুর্ব্বাদিত্যো ভবেদ্‌যদি।
মেষবৃশ্চিকসিংহেষু তদা দোষো ন বিদ্যতে॥ ৪১

ইতিবারাহীতন্ত্রে।

পূর্ব্বোক্ত অকালের প্রতিপ্রসব কথিত হইতেছে,—মেষ, বৃষ, কিম্বা সিংহরাশিতে শুক্র অস্ত কি বৃদ্ধ হইলে এবং উক্ত সকল রাশিতে গুর্ব্বাদিত্যযোগজন্য অকাল হইবে না। ৪১

শ্রীগুরোর্দ্দর্শনাদ্দেবি গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ।
ন চাত্র নিয়মং কুর্য্যাদ্দীক্ষায়াঃ কালদেশয়োঃ॥* ৪২

ইতিযামলে।

যামলে কথিত হইয়াছে যে,—শ্রীগুরুর দর্শন পাইলে এবং চন্দ্রগ্রহণ ও সূর্য্যগ্রহণে দীক্ষাতে কাল ও দেশাচার নিয়ম প্রতিপালন না করিলেও চলিবে। ৪২

মহাবিদ্যাসু সর্ব্বাসু কালাদিবিচারোনাস্তি।
তদুক্তং দশমহাবিদ্যামধিকৃত্য।
কালাদিশোধনং নাস্তি ন চামিত্রাদিদূষণম্‌। ৪৩

ইতিমুণ্ডমালাতন্ত্রে।

মুণ্ডমালাতন্ত্রে কথিত হইয়াছে যে,—দশমহাবিদ্যার মন্ত্রগ্রহণ করিলে কালাকাল দেখিতে হয় না এবং অমিত্রাদিও বিচার করিবে না। ৪৩

দশমহাবিদ্যাকথনম্‌।

কালী তারা মহাবিদ্যা ষোড়শী ভুবনেশ্বরী।
ভৈরবী ছিন্নমস্তা চ বিদ্যা ধূমাবতী তথা।
বগলা সিদ্ধিবিদ্যা চ মাতঙ্গী কমলাত্মিকা।
এতাদশ মহাবিদ্যাঃ সিদ্ধবিদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ॥ ৪৪

ইতিনিরুত্তরতন্ত্রে চামুণ্ডাতন্ত্রে চ।

---

* নিষিদ্ধদেশমাহ। গয়ায়াং ভাস্করক্ষেত্রে বিরজে চন্দ্রপর্ব্বতে। চট্টলে চ মতঙ্গে চ তথা কন্যাশ্রমেষু চ। ন গৃহ্নীয়াত্ততোদীক্ষাং তীর্থেষ্বেতেষু পার্ব্বতি।

দশমহাবিদ্যা কথিত হইতেছে,—কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী ও কমলা, ইহাঁরা দশমহাবিদ্যা ও সিদ্ধবিদ্যানামে খ্যাতা, কিন্তু ইহার মধ্যে বিশেষ এই, কালী ও তারা মহা মহাবিদ্যা এবং সিদ্ধবিদ্যাসংজ্ঞায় অভিহিতা আর বগলা সিদ্ধবিদ্যা এবং মহাবিদ্যানামে খ্যাতা। ৪৪

নাত্র কালবিশুদ্ধিঃ স্যাৎ সময়াসময়াদিকম্।
ন বারতিথিনক্ষত্রং ন যোগকরণস্তথা।
সিদ্ধবিদ্যামহাবিদ্যা যুগসেবাঃ প্রকীর্ত্তিতাঃ॥ ৪৫

ইতিনিরুত্তরতন্ত্রে।

নিরুত্তরতন্ত্রে কথিত হইয়াছে যে,—অষ্টাদশ মহাবিদ্যা সিদ্ধবিদ্যা, ইহাদিগের মন্ত্রগ্রহণ করিতে কালাকাল দেখিতে হয় না, বারতিথি ও নক্ষত্র দেখিবার আবশ্যকতা নাই এবং যোগ-করণাদি শুদ্ধ কিনা তাহাও দেখিবে না। কিন্তু সিদ্ধবিদ্যা ও মহাবিদ্যার যুগসেবা করিবে। ৪৫

## অষ্টাদশমহাবিদ্যামাহ।

কালী তারা তথা ছিন্না মাতঙ্গী ভুবনেশ্বরী।
অন্নপূর্ণা তথা নিত্যা দুর্গা মহিষমর্দ্দিনী।
ত্বরিতা ত্রিপুরা পুটা ভৈরবী বগলা তথা।
ধূমাবতী তথা জ্ঞেয়া কমলা চ সরস্বতী।
জয়দুর্গা তথা ভদ্রে তথা ত্রিপুরসুন্দরী।
অষ্টাদশ মহাবিদ্যাস্তন্ত্রাদৌ কথিতাঃ প্রিয়ে॥ ৪৬

ইতিনিরুত্তরতন্ত্রে।

অষ্টাদশ মহাবিদ্যা-বিষয়ে নিরুত্তরতন্ত্রে শিব কহিয়াছেন,—হে প্রিয়ে! কালী, তারা, ছিন্নমস্তা, মাতঙ্গী, ভুবনেশ্বরী, অন্নপূর্ণা, নিত্যা, দুর্গা, মহিষ-মর্দ্দিনী, ত্বরিতা, ত্রিপুরাভৈরবী, ত্রিপুটাভৈরবী, বগলা, ধূমাবতী, কমলা, সরস্বতী, জয়দুর্গা এবং ত্রিপুরসুন্দরী (ষোড়শী) এই অষ্টাদশ মহাবিদ্যা আমি তোমার নিকট অন্যান্য তন্ত্রেও কহিয়াছি। ৪৬

শিষ্যানাহূয় গুরুণা কৃপয়া দীয়তে যদি।
তদা লগ্নাদিকং কিঞ্চিন্ন বিচার্য্যং কথঞ্চন॥ ৪৭

ইতিবিষ্ণুযামলে।

অনন্তর গুরুদেবের ইচ্ছানুসারে যে কোনকালে দীক্ষাগ্রহণ কথিত

হইতেছে। গুরুদেব কৃপা করিয়া যে সময়ে শিষ্যকে মন্ত্রগ্রহণ করাইবেন সেই কালই শুভপ্রদ, ইহাতে লগ্নাদি কিছুই বিচার করিতে হয় না। ৪৭

সর্ব্বে বারাগ্রহাঃ সর্ব্বে নক্ষত্রাণি চ রাশয়ঃ।
যস্মিন্নহনি সন্তুষ্টোগুরুঃ সর্ব্বে শুভাবহাঃ॥ ৪৮

ইতিসময়াতন্ত্রে।

গুরুদেব সন্তুষ্ট হইয়া যে দিন শিষ্যকে মন্ত্রপ্রদান করেন সেই সময়ে বার, তিথি, গ্রহ ও নক্ষত্র প্রভৃতি সমস্তই শুভ ভাবাপন্ন হইয়া থাকে। ৪৮

ইতিতন্ত্রসারকালোক্তদীক্ষাকালকথনম্।

# অথ পুরশ্চরণকালঃ।

চৈত্রে মাস্যথ বা কুর্য্যাচ্ছুভর্ক্ষে গুরুশাসনাৎ।
দ্বাদশ্যাং শুক্লপক্ষে চ মাধবে মাসি তত্তিথৌ।
আরভেদমলায়াং বৈ পুরশ্চর্য্যাং সুসিদ্ধয়ে॥ ১

ইতিগৌতমীয়ে।

ইদানীং পুরশ্চরণের কাল কথিত হইতেছে,—চৈত্রমাসে শুভনক্ষত্রে গুরুর আদেশানুসারে কিম্বা বৈশাখমাসের শুক্লাদ্বাদশীতে পুরশ্চরণ আরম্ভ হইতে পারে, গৌতমতন্ত্রে এইরূপ উক্ত হইয়াছে। ১

চন্দ্রতারানুকূলে চ শুক্লপক্ষে শুভেঽহনি।
আরভেন্মকরাদৌ চ সুপ্তে বিষ্ণৌ জপেন্ন চ॥ ২

ইতিবৈশম্পায়নসংহিতায়াম্।

বৈশম্পায়নসংহিতায় উক্ত হইয়াছে,—চন্দ্র ও তারা শুভ হইলে শুক্লপক্ষে শুভদিনে মাঘাদিমাসে পুরশ্চরণ আরম্ভ করিতে পারা যায়, কিন্তু শ্রীহরির শয়ন-মধ্যে পুরশ্চরণ করিবে না। ২

চন্দ্রতারানুকূলে চ শুক্লপক্ষে শুভেঽহনি।
আরভেয়ুঃ পুরশ্চর্য্যাং হরৌ সুপ্তে ন চাচরেৎ। ৩

ইতিবারাহীতন্ত্রে।

বারাহীতন্ত্রে লিখিত আছে যে,—চন্দ্র ও তারা শুভ হইলে শুক্লপক্ষে শুভদিনে, শ্রীহরির শয়ন ভিন্নে পুরশ্চরণ আরম্ভ করিবে। ৩

অন্যচ্চ।

কার্ত্তিকাশ্বিনবৈশাখমাঘেঽথ মার্গশীর্ষকে।
ফাল্গুনে শ্রাবণে দীক্ষা পুরশ্চর্য্যা প্রশস্যতে। ৪

ইতিবারাহীতন্ত্রে।

বারাহীতন্ত্রে বচনান্তরে উক্ত হইয়াছে,—কার্ত্তিক, আশ্বিন, বৈশাখ, মাঘ, অগ্রহায়ণ, ফাল্গুন ও শ্রাবণমাসে দীক্ষা এবং পুরশ্চরণ প্রশস্ত। ৪

অপরঞ্চ

রবৌ গুরৌ সিতে সোমে কর্ত্তব্যং বুধবাসরে।
চন্দ্রতারানুকূলে চ পুরশ্চরণকর্ম্ম তৎ॥ ৫

ইতিবারাহীতন্ত্রে।

রবি, বৃহস্পতি, শুক্র, সোম ও বুধবারে চন্দ্র এবং তারা শুভ হইলে পুরশ্চরণ কর্ত্তব্য। বারাহীতন্ত্রে বচনান্তরে এইরূপ উক্ত হইয়াছে। ৫

রোহিণী শ্রবণার্দ্রা চ ধনিষ্ঠা চোত্তরাত্রয়ম্।
পুষ্যা শতভিষা শস্তা পুরশ্চরণকর্ম্মসু॥ ৬

ইতিনারদতন্ত্রে।

নারদতন্ত্রে উক্ত হইয়াছে যে,—রোহিণী, শ্রবণা, আর্দ্রা, ধনিষ্ঠা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, পুষ্যা ও শতভিষানক্ষত্রে পুরশ্চরণ আরম্ভ করিবে। ৬

পূর্ণিমা পঞ্চমী চৈব দ্বিতীয়া সপ্তমী তথা।
ত্রয়োদশী দশমী চ প্রশস্তা সর্ব্বকর্ম্মণি॥ ৭

ইতিনারদতন্ত্রে।

নারদতন্ত্রে বচনান্তরে উক্ত হইয়াছে যে,—পূর্ণিমা, পঞ্চমী, দ্বিতীয়া, সপ্তমী, ত্রয়োদশী ও দশমীতিথিতে সমস্ত কর্ম্মই প্রশস্ত। ৭

সত্তীর্থেঽর্কবিধুগ্রাসে তন্তুদামনপর্ব্বণোঃ।
পুরশ্চর্য্যাং প্রকুর্ব্বাণো মাসর্ক্ষাদীন্ন শোধয়েৎ। ৮

সত্তীর্থে, সূর্য্য ও চন্দ্রগ্রহণে, শ্রাবণী পূর্ণিমাতে এবং চৈত্রের শুক্লাচতুর্দ্দশীতে পুরশ্চরণ আরম্ভ করিতে মাস ও নক্ষত্রাদি বিচার করিতে হইবে না। ৮

অন্যচ্চ।

গ্রহণে চ মহাতীর্থে ন কালমবধারয়েৎ। ৯

বচনান্তরে উক্ত হইয়াছে যে,—গ্রহণে ও মহাতীর্থে (গঙ্গাদিতে) পুরশ্চরণ আরম্ভ করিতে কালাকাল দেখিতে হয় না। ৯

ইতিপুরশ্চরণকালঃ।

---

## অথ শান্তি-পুষ্টিকথনম্।

শুভগ্রহার্কবারেষু মৃদুক্ষিপ্রধ্রুবেষু চ।
শুভরাশীন্দুলগ্নেষু শুভং শান্তিকপৌষ্টিকম্॥ ১

অনন্তর শান্তি ও পুষ্টিকর্ম্ম কথিত হইতেছে,—শুভগ্রহের বারে, রবিবারে, চিত্রা, অনুরাধা, মৃগশিরা, রেবতী, পুষ্যা, অশ্বিনী, হস্তা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদ ও রোহিণীনক্ষত্রে, শুভরাশিতে চন্দ্র গোচরে শুদ্ধ হইলে এবং শুভলগ্নে শান্তিক ও পৌষ্টিককর্ম্ম কর্ত্তব্য। ১

শান্তিকর্ম্মণঃ পুষ্টিকর্ম্মণশ্চ বিধিমাহ। শুভেতি। শুভগ্রহবারে রবিবারে চ মৃদুলঘুধ্রুবগণেষু শুভরাশৌ গোচরশুদ্ধে চন্দ্রে শুভলগ্নে শান্তিকং পৌষ্টিকঞ্চ কুর্য্যাদিতি। ১

---

## অথ হলপ্রবাহঃ।

পূর্ব্বাগ্নিযাম্যফণিচিত্রশিবান্ত্যভেষু রিক্তাষ্টমীবিগতচন্দ্রতিথিং বিহায়।
দ্ব্যঙ্গালিগোসমুদয়ে বিকুজার্কিবারে শস্তেন্দুযোগকরণেষু হলপ্রবাহঃ॥ ১

অধুনা হলারম্ভ কথিত হইতেছে,—পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, কৃত্তিকা, ভরণী, অশ্লেষা, চিত্রা ও আর্দ্রা ভিন্ন নক্ষত্রে, রিক্তা, অষ্টমী ও অমাবস্যা ভিন্ন তিথিতে, মঙ্গল ও শনি ভিন্ন বারে শুভচন্দ্র, শুভযোগ ও শুভ-করণে, দ্ব্যাত্মক, বৃশ্চিক এবং বৃষলগ্নে হলপ্রবাহ কর্ত্তব্য। ১

হলপ্রবাহমাহ। পূর্ব্বেতি। পূর্ব্বাত্রয় কৃত্তিকা-ভরণী-অশ্লেষ-চিত্রা আর্দ্রা ব্যতিরিক্তেষু নক্ষত্রেষু রিক্তাষ্টমী বিগতচন্দ্রমমাবস্যাঞ্চ ত্যক্ত্বা অন্যতিথৌ দ্ব্যাত্মকলগ্নে বৃশ্চিকবৃষলগ্নে চ মঙ্গলশনিবারং ত্যক্ত্বা হলপ্রবাহঃ কার্য্যঃ। তিথিদোষমাহ। কৃষিপরাশরঃ। "শস্যক্ষয়ং প্রাতিপদি দ্বাদশ্যাং বন্ধবন্ধনং। বহুবিঘ্নকরীষষ্ঠী কুহূঃ কৃষকনাশিনী। হন্ত্যষ্টমী বলীবর্দ্দান্ নবমী শস্যঘাতিনী। চতুর্থী কীটজননী পতিং হন্তি চতুর্দ্দশী"। অথ শুভতিথিমাহ। "দশম্যেকাদশী চৈব দ্বিতীয়া পঞ্চমী তথা। ত্রয়োদশী তৃতীয়া চ সপ্তমী চ শুভাবহা"। অথ বারানাহ। "ভৌমার্কদিবসে চৈব তথৈব শনিবাসরে। কৃষিকর্ম্মসমারম্ভে রাজোপদ্রবমাদিশেৎ"। তত্র চ নক্ষত্রমাহ। পরাশরঃ। "অনিলোত্তররোহিণ্যাং মৃগমূলপুনর্ব্বসৌ। পুষ্য-শ্রবণহস্তাসু কুর্য্যাদ্ধলপ্রসারণং"॥ অথ লগ্নমাহ। 'বৃষে মীনে চ কন্যায়াং যুগ্মে ধনুষি বৃশ্চিকে। এতেষু শুভলগ্নেষু কুর্য্যাদ্ধলপ্রসারণং"॥ তথা পরাশরঃ। মেষলগ্নং পশুং হন্যাৎ কর্কটে জলজং ভয়ং। সিংহে সর্পভয়ং চৈব কুম্ভে চৌরভয়ং ভবেৎ। মকরে শস্যনাশঃ স্যাৎ তুলায়াং

প্রাণসংশয়ঃ। তস্মাল্লগ্নং প্রযত্নেন কৃষ্যারম্ভে বিচারয়েৎ। তথা স্নাত্বা গন্ধৈশ্চ পুষ্পৈশ্চ পূজয়িত্বা যথা বিধি। পৃথিবীং গ্রহসংযুক্তাং পৃথুংচৈব প্রজাপতিম্। সংপূজ্যাগ্নিং দ্বিজং দেবং কুর্য্যাদ্ধলপ্রসারণম্। ছিন্নরেখা ন কর্ত্তব্যা যথা প্রাহ পরাশরঃ। একাতিস্রস্তথা পঞ্চ হলরেখাঃ প্রকীর্ত্তিতাঃ। একা জয়করী রেখা তৃতীয়া চার্থসিদ্ধিদা। পঞ্চসংখ্যা তু যা রেখা বহুশস্য প্রদায়িনী। হলপ্রসারণং যেন ন কৃতং মৃগকুম্ভয়োঃ। গৃহস্থস্য কৃশানস্য কদাশা কৃষিকর্ম্মণি॥ ইতি। অপিচ;—মেষে পশুবিনাশঃ স্যাৎ কর্কটে জলজাদ্ভয়ং। সিংহে শস্য বিনাশঃ স্যাত্তুলায়াং প্রবরাকৃতিঃ। মৃগে শত্রুক্ষয়ং বিদ্যাৎ: কুম্ভে চৌরং সমাদিশেৎ। সংপূজ্য কনকৈঃ কালং লেপয়েন্মধুসর্পিষা। একাতিস্রস্তথা পঞ্চ হলরেখাঃ প্রকীর্ত্তিতাঃ। উত্তরাভিমুখোভূত্বা কৃষকঃ কৃষিমারভেৎ। একা রেখা শুভা প্রোক্তা ত্রিরেখা বৃদ্ধিদায়িনী। পঞ্চরেখা বহুফলা করোতি ধরণীষু চ। অতউর্দ্ধং প্রকুর্ব্বাণো মহাপাতকমাপ্নুয়াৎ। গোষু পীড়া ভবেন্নিত্যং দংষ্ট্রীণাঞ্চ ভয়ন্তথা॥ ইতি সারসংগ্রহে হৃদয়ানন্দঃ। ১

সংক্রান্ত্যাং পৌর্ণমাস্যাঞ্চ অমাবস্যান্তথৈব চ।
হলস্য বাহনাৎ পাপং গবামযুতহত্যয়া॥ ২

ইতিস্মৃতিঃ।

সংক্রান্তি, পূর্ণিমা ও অমাবস্যাতিথিতে হলপ্রবাহ করিবে না, যে ব্যক্তি উক্ত তিথিতে হলবাহন করে তাহার অযুত গোহত্যার পাতক জন্মে।

অন্যচ্চ।

রিক্তাষ্টমীবিষ্টিষু নষ্টচন্দ্রে ক্ষীণেন্দুভৌমার্কজবাসরেষু।
নিরংশকে বা নিশিসন্ধ্যয়োর্ব্বা কৃতাকৃষিঃ পূর্ব্বফলং নিহন্তি॥ ৩

রিক্তা, অষ্টমী, বিষ্টিভদ্রা ও অমাবস্যাতিথিতে, ক্ষীণচন্দ্রে, মঙ্গল ও শনিবারে, সংক্রান্তিতে, রাত্রি কি সন্ধ্যা সময়ে কৃষিকার্য্য করিলে পূর্ব্বফল বিনষ্ট হয়। ৩

বামে কৃষ্ণং বলীবর্দ্দং দক্ষিণে লোহিতং ন্যসেৎ।
উত্তরাভিমুখো ভূত্বা কর্ষকঃ কৃষিমারভেৎ॥ ৪

ইতিভীমপরাক্রমে।

বামদিকে কৃষ্ণবর্ণ বৃষ ও দক্ষিণদিকে লোহিতবর্ণ বৃষ রাখিয়া কর্ষক উত্তর মুখে কৃষিকার্য্য আরম্ভ করিবে। ৪

হলে তু যোজিতে যত্র ক্ষেত্রে গ্রাসং করোতি গৌঃ।
তত্র স্যাদ্দ্বিগুণং শস্যমবশ্যং গর্গভাষিতম্॥ ৫

ইতিভীমপরাক্রমে গর্গঃ।

হলে যোজিত হইয়া বৃষ যদি ক্ষেত্রে ঘাস ভক্ষণ করে তাহা হইলে সেই-ক্ষেত্রে দ্বিগুণ শস্য উৎপন্ন হইবে, গর্গমুনি ইহা কহিয়াছেন। ৫

# অথ বীজবপনম্।

হলপ্রবাহবদ্বীজবপনস্য বিধিঃ স্মৃতঃ।
চিত্রাং ত্যক্ত্বা শুভে কেন্দ্রে স্থিরস্বমনুজোদয়ে॥ ১

বীজ বপন কথিত হইতেছে,—হল প্রবাহোদিত নক্ষত্রে ও চিত্রানক্ষত্রে, লগ্নের কেন্দ্রস্থানে শুভগ্রহ থাকিলে বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভলগ্ন, স্বীয়জন্মলগ্ন এবং মিথুন, তুলা, কন্যা ও ধনুর পূর্ব্বার্দ্ধ এই সমস্ত লগ্নে বীজবপন প্রশস্ত হয়। ১

বীজবপনমাহ। হলেতি। হলপ্রসারণে যোবিধিঃ বীজবপনেঽপি সঃ কিন্তু হলপ্রবাহঃ চিত্রায়াং নিষেধঃ, বীজবপনং কার্য্যমিত্যর্থঃ। কেন্দ্রস্থে শুভগ্রহে স্থিরলগ্নে বৃষ-সিংহ-বৃশ্চিক-কুম্ভলগ্নে নরলগ্নে মিথুনতুলা-ঘট-কন্যা-ধনুঃপূর্ব্বার্দ্ধেষু কর্ত্তব্যমিত্যর্থঃ। বিশেষমাহ পরাশরঃ। "বৈশাখে বপনং শ্রেষ্ঠং জ্যৈষ্ঠে চ রোহিণীরবৌ। আষাঢ়ে চাধমং প্রাহুঃ শ্রাবণে চাধমাধমং। রোপণং সর্ব্বশস্যানাং শ্রেষ্ঠং হি মিথুনে রবৌ। শ্রাবণে মধমাং প্রোক্তং ভাদ্রে মধ্যম-মধ্যমম্।" বপনবিধিমাহ পরাশরঃ। ক্ষেত্রমধ্যে স্বয়ং গত্বা স্থিরাচম্য সমাহিতঃ। সংকল্পং কারয়েদ্ধীমান্ স্বস্তিবাচনপূর্ব্বকম্। গণনাথাদিকং দেবং পূজয়িত্বা বিধানতঃ। প্রাঙ্মুখঃ কলসং ধৃত্বা পঠেন্মন্ত্রং বিধানতঃ। ওঁ বসুন্ধরে সিতে দেবি বহুশস্যফলপ্রদে। দেবরাজ্ঞি নমস্তুভ্যং সুভগে শস্যকারিণি। রোপণে সর্ব্বশস্যানাং কালে মেঘঃ প্রবর্ত্ততু। সুস্থা ভবন্তু কৃষকাধনধান্যসমৃদ্ধিভিঃ। তথা হিমবারিণি সিক্তস্য বীজস্য তন্মনাঃ শুচিঃ। ইন্দ্রং চিত্তে সমাধায় স্বয়ং মুষ্টিত্রয়ং বপেৎ। কৃত্বা ধান্যস্য পুণ্যাহং কৃষকাহৃষ্টমানসাঃ। দিব্যগন্ধৈশ্চ পুষ্পৈশ্চ তদলঙ্কৃতবান্ গৃহী। কৃত্বা তু বপনং ক্ষেত্রে কৃষাণং ঘৃতপায়সৈঃ। ভোজয়িত্বা তু তে তুষ্টা নির্ব্বিঘ্না জায়তে কৃষি॥ ১

সুখদা প্রতিপচ্চৈব দ্বিতীয়া কার্য্যসাধিনী।
আরোগ্যদা তৃতীয়া চ চতুর্থী কীটকৃৎ সদা।
পঞ্চমী শ্রীপদা নূনং ষষ্ঠী চ কলহপ্রিয়া।
সপ্তমী স্থানদা ভোগ্যা বৃষং হন্তি তথাষ্টমী।
নবমী শস্যনাশায় দশমী ভূতিদা সদা।
একাদশী তথা কুর্য্যাদ্ধনং ধান্যং মনোরথম্।
দ্বাদশী প্রাণসন্দেহা সর্ব্বসিদ্ধা ত্রয়োদশী।
চতুর্দ্দশী পতিং হন্তি পঞ্চদশ্যেব নিষ্ফলা॥ ২

ইতিকৃত্যচিন্তামণৌ।

কৃত্যচিন্তামণিতে কথিত হইয়াছে,—প্রতিপদে কৃষিকর্ম্ম আরম্ভ করিলে সুখ, দ্বিতীয়াতে কার্য্যসাধন, তৃতীয়ায় আরোগ্যলাভ ও চতুর্থীতিথিতে কীট-কর্ত্তৃক শস্যবিনষ্ট হয়। এইরূপ পঞ্চমীতে শ্রীলাভ, ষষ্ঠীতে কলহ, সপ্তমীতে স্থান ও ভোগবৃদ্ধি, অষ্টমীতে বৃষহানি, নবমীতে শস্যনাশ, দশমীতে ঐশ্বর্য্যলাভ

একাদশীতে ধনধান্য ও মনোরথ সিদ্ধি, দ্বাদশীতে প্রাণসংশয়, ত্রয়োদশীতে ক্ষেত্রপতির হানি এবং পূর্ণিমা ও অমাবস্যায় কৃষি আরম্ভ করিলে নিষ্ফল হইয়া থাকে। ২

অমাবস্যাষ্টমীষষ্ঠীরিক্তাশ্চ পরিবর্জ্জয়েৎ।
সৌরিভৌমদিনে চৈব কৃষ্যারম্ভে ধনক্ষয়ঃ॥ ৩

ইতিবলভদ্রঃ।

অমাবস্যা, অষ্টমী, ষষ্ঠী ও রিক্তাতিথিতে এবং শনি ও মঙ্গলবারে কৃষিকর্ম্ম আরম্ভ করিলে ধনক্ষয় হয়। ৩

প্রাজেশবিষ্ণুতিষ্যেষু পিতৃকরোত্তরেষু চ।
অশ্বিনীবাতপৌষ্ণেষু মূলাদিতীন্দুভে তথা।
বারে ভানুজশুক্রে চ জীবে শীতকরে তথা।
লগ্নে স্ত্রীগোমীনযুগ্মে কৃষ্যারম্ভং শুভং বিদুঃ॥ ৪

ইতিজ্যোতিস্তত্ত্বে।

রোহিণী, শ্রবণা, পুষ্যা, মঘা, হস্তা, উত্তরাত্রয়, অশ্বিনী, স্বাতী, রেবতী, মূলা, পুনর্ব্বসু, ও মৃগশিরানক্ষত্রে শনি, শুক্র, বৃহস্পতি ও সোমবারে, কন্যা, বৃষ, মীন ও মিথুনলগ্নে কৃষিকার্য্য আরম্ভ শুভদ হয়। ৪

পূর্ব্বভাদ্রপদামূলং রোহিণ্যুত্তরফল্গুনী।
বিশাখাশতভিষা বাথ ধান্যানাং রোপণে বরাঃ॥ ৫

ইতিজ্যোতিষে।

জ্যোতিষবচনে উক্ত হইয়াছে যে,—পূর্ব্বভাদ্রপদ, মূলা, রোহিণী, উত্তরফল্গুনী, বিশাখা ও শতভিষানক্ষত্র ধান্যরোপণে প্রশস্ত হইয়া থাকে। ৫

অন্যচ্চ।

হস্তাশ্বিতিষ্যচন্দ্রেষু ব্রহ্মেন্দ্রবিষ্ণুবারুণে।
বায়ব্যেন্দ্রাগ্নিভে চৈব রোহিণ্যামুত্তরাসু চ।
বারে জীবজ্ঞশুক্রে চ সোমে দিনকরে তথা।
যুগ্মে যুবতিগোমীনে শস্তং স্যাদ্বীজবাপনম্॥ ৬

ইতিজ্যোতিস্তত্ত্বে।

হস্তা, অশ্বিনী, পুষ্যা, মৃগশিরা, জ্যেষ্ঠা, শ্রবণা, শতভিষা, স্বাতী, বিশাখা, রোহিণী ও উত্তরাত্রয়ে, বৃহস্পতি, বুধ, শুক্র, সোম ও রবিবারে, মিথুন, কন্যা বৃষ ও মীনলগ্নে বীজবপন প্রশস্ত হয়। ৬

প্রাজেশশ্রবণোত্তরাদিতিমঘামার্ত্তণ্ডতিষ্যাশ্বিনী-
পৌষ্ণানুষ্ণমরীচয়ঃ শতভিষা স্বাতির্বিশাখা তথা।
জীবার্কেন্দুসিতেন্দুনন্দনদিনে বারে স্থিরস্যোদয়ে
শস্যানাং বপনে ভবন্তি লবনে শস্তে তিথৌ রোপণে ॥ ৭

ইতিরাজমার্ত্তণ্ডে।

রাজমার্ত্তণ্ডে উক্ত হইয়াছে যে,—রোহিণী, শ্রবণা, উত্তরাত্রয়, পুনর্ব্বসু, মঘা, হস্তা, পুষ্যা, অশ্বিনী, রেবতী, মৃগশিরা, শতভিষা, স্বাতী ও বিশাখানক্ষত্রে, বৃহস্পতি, রবি, সোম, শুক্র ও বুধবারে এবং স্থিরলগ্নে শস্যবপন, ছেদন ও রোপণ প্রশস্ত হয়। ৭

গুরুসোমসূর্য্যশুক্রাঃ ক্ষেম্যাঃ সম্পৎকরাঃ শুভাঃ।
বুধার্কিভূমিপুত্রাশ্চ ন ভবন্তি ফলপ্রদাঃ ॥ ৮

ইতিদেবলঃ।

বৃহস্পতি, সোম, রবি ও শুক্রবারে কৃষি আরম্ভ করিলে মঙ্গল ও সম্পদ বৃদ্ধি হয়; আর বুধ, শনি এবং মঙ্গলবারে কৃষ্যারম্ভে নিস্ফল হইয়া থাকে। ৮

হন্তি মেষঃ পশূন্ সর্ব্বান্ স্বভাবেনাথ বৃশ্চিকঃ।
কর্কটে ন ভবেৎ সৌখ্যং তুলায়াং ন প্ররোহতি।
কেশরী শস্যঘাতী স্যাৎ পার্থিবোপদ্রবং ধনুঃ।
মকরে চৈব কুম্ভে চ ভয়মেব বিনির্দ্দিশেৎ ॥ ৯

ইতিজ্যোতিস্তত্ত্বে।

মেষলগ্নে কৃষিকর্ম্ম আরম্ভ করিলে পশুগণ বিনষ্ট হয়, এইরূপ বৃশ্চিকলগ্নে বৃশ্চিকদংশন ও কর্কটে সুখহীন হইয়া থাকে। তুলালগ্নে কৃষ্যারম্ভ নিষিদ্ধ, আর সিংহে শস্যবিনাশ, ধনুতে পার্থিব উপদ্রব এবং মকর ও কুম্ভলগ্নে ভয় হইয়া থাকে। ৯

অন্যচ্চ।

গোস্ত্রীমন্মথমীনেষু শস্যং সম্পদ্যতে মহৎ।
প্রশস্তে চন্দ্রতারে চ শুচিঃ শুক্লেন বাসসা ॥ * ১০

* স্নাত্বা গন্ধৈশ্চ পুষ্পৈশ্চ পূজয়িত্বা বিধানতঃ। পৃথ্বীঞ্চ গ্রহসংযুক্তাং পূজয়িত্বা প্রজাপতিম্। অগ্নিং প্রদক্ষিণীকৃত্য দীয়তে ভূরি দক্ষিণা। কৃষ্ণৌ বৃষৌ নিযোক্তব্যৌ নবনীতৈর্ঘৃতেন বা। মুখপার্শ্বং তয়োর্লিম্প্যাৎ ফালাগ্রং কনকৈঃ স্পৃশেৎ। উত্তরাভিমুখোভূত্বা ক্ষীরেণার্ঘ্যং প্রদাপয়েৎ। ততঃ শুভকরঃ শ্রীমান্ কৃষিকর্ম্ম সমাচরেৎ। বর্জ্জয়েদ্ভগ্নশৃঙ্গঞ্চ ক্ষুরভগ্নঞ্চ বর্জ্জয়েৎ। বিকলং ছিন্নলাঙ্গুলং কপিলং বৃষভং তথা। হলপ্রবাহনং কার্য্যং

বৃষ, কন্যা, মিথুন, ও মীনলগ্নে বীজবপনাদি করিলে বহুশস্য জন্মে, অতএব চন্দ্র ও তারা শুদ্ধ হইলে উক্ত লগ্নে শুচি হইয়া শুক্লবস্ত্র পরিধান পূর্ব্বক কৃষ্যারম্ভ করিবে। ১০

## অথ ধান্যচ্ছেদনম্।

যাম্যাজপাদোঽহিধনানলতোয়শক্র-
চিত্রোত্তরোড়ুষু কুজার্কজবারবর্জ্জম্।
শস্তেন্দুযোগকরণেষু তিথাবরিক্তে
ধান্যচ্ছিদি স্থিরনরস্বমৃগোদয়েষু॥ ১

ধান্যচ্ছেদন কথিত হইতেছে,—ভরণী, পূর্ব্বভাদ্রপদ, অশ্লেষা, ধনিষ্ঠা, কৃত্তিকা, পূর্ব্বাষাঢ়া, জ্যেষ্ঠা, চিত্রা ও উত্তরাত্রয়নক্ষত্রে, মঙ্গল ও শনিবার ভিন্নে যোগ ও করণ প্রশস্ত হইলে রিক্তা ভিন্ন তিথিতে স্থির, দ্বিপদ, স্বীয় জন্ম ও মকরলগ্নে ধান্যচ্ছেদন প্রশস্ত। ১

ধান্যচ্ছেদনমাহ। যাম্যেতি। যাম্যাদিষু নক্ষত্রেষু রিক্তাবর্জ্জিতে তিথৌ স্থিরলগ্নে নরলগ্নে স্বলগ্নে স্বকীয়জন্মলগ্নে মকরলগ্নে চ ধান্যচ্ছিদিঃ কার্য্যা শেষং সুগমং॥ মেধিমাহ পরাশরঃ। "ন্যগ্রোধঃ সপ্তপর্ণো বা গাম্ভারী শাল্মলী তথা। উডুম্বরোবিশেষেণ চান্যে বা ক্ষীরবাহিনঃ। এভির্ম্মেধিং নরোমার্গে কুর্য্যাৎ পৌষে বিবর্জ্জয়েৎ॥ কপিত্থবংশবিল্বানাং ন চ মেধিঃ কদাচন॥ ১

নারুগভিঃ কৃষিকর্ম্মকৈঃ। হলাদিভির্দৃঢ়ৈঃ ক্ষেমং কুদৃঢ়ৈর্ন শুভং বদেৎ। বৃষভাযদি মুহ্যন্তি তস্য বিঘ্নপ্রদা ভবেৎ। কৃষিরিতি শেষঃ। তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন নির্ব্বিঘ্নং কারয়েৎ সদা। একা জয়করী রেখা তৃতীয়া চার্থদায়িকা। পঞ্চমী যা ভবেদ্রেখা বহুশস্য ফলাহি সা। অতউর্দ্ধং ন কর্ত্তব্যং মহাদে যস্তদা ভবেৎ। সংপূজ্যাগ্নিং দ্বিজং দেবং কুর্য্যাদ্ধলপ্রবর্ত্তনম্। হেম নিঘৃষ্টফালাগ্রাং ছিন্নরেখাং ন কারয়েৎ। স্মর্ত্তব্যাবসবশ্চেন্দ্রঃ সর্ব্ববিঘ্নোপশান্তয়ে। হলেপ্রবাহমানে তু কূর্ম্ম উৎপাদ্যতে যদি। গৃহিণী ম্রিয়তে তস্য ততোঽগ্নেশ্চ ভয়ং ভবেৎ। লাঙ্গুলং ভিদ্যতে চাপি প্রভুস্তত্র বিনশ্যতি। ঈশাভঙ্গোযদা কর্ত্তুঃ সংশয়ো জীবিতস্য চ। সুতনাশোযুগাভঙ্গে সমীনে ম্রিয়তে সুতঃ। সমীনে যোক্তবন্ধনকাষ্ঠদ্বয়েঃ যোক্তচ্ছেদে তু ব্যাসঙ্গঃ শস্যহানিশ্চ জায়তে। হলে প্রবাহমানে তু গৌরেকঃ প্রপতেদ্যদি। প্রপতেন্মুক্তমাত্রস্তু বন্ধনং স প্রপদ্যতে। জ্বরাতিসাররোগেণ কৃষিভঙ্গং বিনির্দ্দিশেৎ। প্রবাহমুক্তমাত্রস্তু ততো গৌঃ প্রপতেদ্যদি। বৎসালীঢেন নর্দ্দন্তি ততঃ শস্যং চতুর্গুণম্। হেমবা রবিলিপ্তস্য বীজস্যোন্নয়তঃ শুচিঃ। ইন্দ্রং চিত্তে নিধায়াথ স্বয়ং মুষ্টিত্রয়ং বপেৎ ইত্যাদি। চৈত্রে চ কৃষ্ণপঞ্চম্যাং কাশ্মীরা চ রজস্বলা। নিত্যং ভবতি তস্মাত্তামিত্যাদি॥ অষ্টম্যাঞ্চ ততঃ স্নাপ্য তাভিরেব গৃহে গৃহে ইত্যাদি চ জ্যোতিস্তত্ত্বেঽনুসন্ধেয়ম্॥

রোহিণী রেবতী মূলা স্বাতী হস্তা মৃগস্তথা।
ফাল্গুন্যৌ শ্রবণা চৈব পূর্ব্বভাদ্রপদস্তথা।
বন্ধনে সর্ব্ববীজানাং তথা গোলীপ্রবেশনে॥ ২

ইতিসারসংগ্রহে।

রোহিণী, রেবতী, মূলা, স্বাতী, হস্তা, মৃগশিরা, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, শ্রবণা ও পূর্ব্বভাদ্রপদনক্ষত্রে সমস্ত বীজবন্ধন ও গোলাপ্রবেশ শুভদ হয়। ২

## অথ ধান্যাদিসংস্থাপনম্।

যাম্যাগ্নিরুদ্রাহিবিশাখপূর্ব্বমহেন্দ্রপিত্র্যেতরভৈঃ শুভাহে।
ধান্যাদিসংস্থাপনমেব কুর্য্যান্মৃগস্থিরদ্ব্যঙ্গগৃহোদয়েষু॥ ৩

অধুনা ধান্যাদি সংস্থাপন কথিত হইতেছে,—ভরণী, কৃত্তিকা, আর্দ্রা অশ্লেষা, বিশাখা, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, জ্যেষ্ঠা ও মঘা ভিন্ন নক্ষত্রে শুভদিনে শুভগ্রহের বারে স্থির ও দ্ব্যাত্মকলগ্নে ধান্যসংস্থাপন কর্ত্তব্য। ৩

ধান্যাদীনাং স্থাপনমাহ। যাম্যেতি। যাম্যাদিবর্জ্জিতৈর্নক্ষত্রৈঃ মকরলগ্নে স্থিরলগ্নে দ্ব্যাত্মকলগ্নে চ শুভগ্রহবারে ধান্যতিলমুদ্গাদীনাং স্থাপনং কার্য্যং। বিশেষমাহ পরাশরঃ লিখিত্বা স্বামিসৌমন্ত্রৌ ধান্যাগারেষু নিক্ষিপেৎ। "ওঁ ধনদায় সর্ব্বলোকহিতায় দেহি মে ধনং স্বাহা। ওঁ নবে হার্য্যে নবে দেবি সর্ব্বলোকবিবর্দ্ধিনি। কামরূপিণি সুভগে ধনং মে দেহি স্বাহা"॥

## অথ ধান্যাদিবিবর্দ্ধনজ্ঞানম্।

শ্রবণাত্রয়বিশাখাধ্রুবপৌষ্ণপুনর্ব্বসূনি পুষ্যা চ।
অশ্বিন্যথ চ জ্যেষ্ঠা ধনধান্যবিবর্দ্ধনে কথিতা॥ ৪

ধান্যাদির বৃদ্ধিপ্রয়োগ কথিত হইতেছে,—শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, বিশাখা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, রেবতী, পুনর্ব্বসু, পুষ্যা, অশ্বিনী ও জ্যেষ্ঠানক্ষত্র ধনধান্যের বৃদ্ধি বিষয়ে প্রশস্ত হয়। ৪

বৃদ্ধিনিমিত্তং ধনধান্যদানে বিহিতনক্ষত্রমাহ। শ্রবণেতি স্পষ্টার্থং॥ ৪

## অথ ধান্যমহার্ঘ্যাদিকথনম্।

হশপূরোবরং মূল্যং পক্ষাদেঃ লক্ষয়েদ্বুধঃ।
উকৃমূরে সমং বিদ্যাৎ শেষে ধান্যমধঃক্রয়ম্॥ ৫

অনন্তর ধান্যাদির মূল্যজ্ঞান কথিত হইতেছে,—হস্তা, শতভিষা, পূর্ব্বাত্রয় অথবা রোহিণীনক্ষত্র যদি প্রতিপদারম্ভকালে হয় তবে ধান্যের মূল্য অধিক হয়; উত্তরাত্রয়, কৃত্তিকা, মূলা কিম্বা রেবতী যদি প্রতিপদারম্ভকালে থাকে তাহা হইলে ধান্যের মূল্য সমভাবে থাকে এবং উক্ত নক্ষত্রের শেষ নক্ষত্র যদি প্রতিপদ্ কালে হয় তাহা হইলে ধান্যের অল্পমূল্য লক্ষ্য হইবে। ৫

ধান্যমূল্যজ্ঞানমাহ। হস্তেতি। আদ্যক্ষসঙ্কেতেন নক্ষত্রকথনং হস্তাশতভিষাপূর্ব্বাত্রয়ং রোহিণী পঙ্কাদৌ প্রতিপদারম্ভকালে এতানি নক্ষত্রাণি যদি স্যুঃ তদা বহুং অধিকং মূল্যং ধান্যস্য লক্ষয়েৎ। এবং উক্তসূত্রে উত্তরাত্রয়ং কৃত্তিকামূলারেবতী প্রতিপদারম্ভকালে যদি স্যাত্তদা ধান্যমূল্যং সমং গতপক্ষে যন্মূল্যং তদেব বর্ত্তমানেঽপি ন সাহায্যং ন চ ন্যূনাধিক্যমিত্যর্থঃ। এতেষাং শেষনক্ষত্রে প্রতিপদারম্ভকালে ধান্যানামধঃক্রয়োঽল্পমূল্যং স্যাৎ সদা শুক্লে কৃষ্ণে চান্দ্র চ প্রতিপদারম্ভকালে তন্মুহূর্ত্তাধিপনক্ষত্রং জ্ঞাত্বা অতিশয়সমাঙ্ক জ্ঞাতব্যমিতি শ্রীমৎপিতৃচরণাঃ॥ ৫

যদাহি মেষসংক্রান্তিস্তুলাসংক্রমণং নিশি।
তদা প্রজাবিবর্দ্ধন্তে ধনধান্যসমৃদ্ধিভিঃ॥ ৬

ইতিসংকৃত্যমুক্তাবল্যাম্।

যদি মেষসংক্রমণ দিবাতে এবং তুলাসংক্রমণ রাত্রিতে হয় তাহা হইলে ধনধান্যাদিদ্বারা প্রজাগণ সমৃদ্ধিশালী হইয়া থাকে। ৬

কুজার্কশনিবারেণ মহাসংক্রমণং যদা।
ভবেত্তদা প্রজাহানিদুর্ভিক্ষাদিভয়ং তদা॥ ৭

ইতিসংকৃত্যমুক্তাবল্যাম্।

মঙ্গল, রবি ও শনিবারে যদি মহাসংক্রমণ হয় তাহা হইলে প্রজাবিনাশ ও অত্যন্ত দুর্ভিক্ষাদির ভয় জন্মে। ৭

## অথ বার্ষিকধান্যমূল্যজ্ঞানম্।

রবৌ শনৌ কুজে চৈব পৌষে দর্শোভবেৎ যদা।
তদা ধান্যস্য মূল্যং স্যাদেকদ্বিত্রিগুণং ক্রমাৎ॥ ৮

ইতিসংকৃত্যমুক্তাবল্যাম্।

বার্ষিক ধান্যমূল্যজ্ঞান কথিত হইতেছে,—পৌষমাসে রবিবারে যদি অমাবস্যা তিথি হয় তবে ধান্যের মূল্য একগুণ বৃদ্ধি হইবে, এইরূপ শনিবারে হইলে দুইগুণ এবং মঙ্গলবারে পৌষমাসে অমাবস্যা হইলে ধান্যের মূল্য তিনগুণ হইয়া থাকে। ৮

দর্শে পৌষস্য রাত্রৌ চেজ্জ্যেষ্ঠামূলজলানি চ।
ক্রমান্মূল্যস্য বৃদ্ধিঃ স্যাদ্ধান্যানাং বৎসরে তদা॥ ৯

ইতিসংকৃত্যমুক্তাবল্যাম্।

যদি পৌষমাসে রাত্রিতে অমাবস্যাতিথিতে জ্যেষ্ঠা, মূলা কিংবা পূর্ব্বাষাঢ়া নক্ষত্র, হয়, তাহা হইলে সেই বৎসরে ধান্যের মূল্য উত্তরোত্তর বৃদ্ধি হইয়া থাকে। ৯

অন্যচ্চ।

সংক্রান্তিঋক্ষং তিথিবারযুক্তং দ্রব্যাক্ষরং রামহৃতং ভবেত্তু।
একে-সমর্ঘ্যং সমতাং দ্বিতীয়ে শূন্যে মহার্ঘ্যং মুনয়োবদন্তি॥ ১০

ইতিসংকৃত্যমুক্তাবল্যাম্।

প্রকারান্তরে ধান্যাদির মূল্য নির্ণীত হইতেছে। রবি সংক্রমণকালীন যে নক্ষত্র হয় তাহার সংখ্যা, সেইদিনের তিথির সংখ্যা, বারের সংখ্যা, ও দ্রব্যের অক্ষরের সংখ্যা একত্রিত করিয়া যে অঙ্ক হইবে তাহাকে তিন দ্বারা হরণ করিলে যদি এক থাকে তবে পূর্ব্বমূল্যাপেক্ষায় কিঞ্চিৎ মহার্ঘ্য হয়, এইরূপ দুই থাকিলে পূর্ব্ববৎ মূল্য এবং শূন্য থাকিলে পূর্ব্বাপেক্ষায় অত্যন্ত মহার্ঘ্য হইয়া থাকে। ১০

## অথ গোশালাপ্রবেশঃ।

পূর্ব্বাত্রয়ে ধনিষ্ঠায়াং পৌষ্ণে সৌম্যবিশাখয়োঃ।
অশ্লেষা চাশ্বিনী চৈব যাত্রাসিদ্ধিশ্চতুষ্পদাম্॥ ১

ইতিসারসংগ্রহে।

অনন্তর গোযাত্রা কথিত হইতেছে,—পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, ধনিষ্ঠা, রেবতী, মৃগশিরা, বিশাখা, অশ্লেষা ও অশ্বিনীনক্ষত্রে চতুষ্পদ (গো) প্রভৃতির গৃহপ্রবেশে যাত্রাসিদ্ধি হইয়া থাকে। ১

অথ গোযাত্রাদিনিষেধঃ।

ত্রিষূত্তরাসু রোহিণ্যাং সিনীবালী চতুর্দ্দশী।
শ্রবণা চৈব হস্তা চ চিত্রা চৈব তথাষ্টমী।
গবাং যাত্রাং ন কুর্ব্বীত প্রবেশাম্নাপি কারয়েৎ॥ ২

ইতিসারসংগ্রহে।

উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, শ্রবণা, হস্তা ও চিত্রা-নক্ষত্রে অমাবস্যা, চতুর্দ্দশী ও অষ্টমীতিথিতে গো-যাত্রা কিম্বা গো-প্রবেশ করাইবে না। ৬

অথ গবামানয়নাদি।

দর্শাষ্টমীভূততিথিপ্রজেশপূর্ব্বোত্তরাকেশববাম্যচিত্রাঃ।
ক্রূরাহবিষ্টিব্যতিপাতযোগানেষ্টাগবাঞ্চালনবিক্রয়াদৌ॥ ৩

অমাবস্যা, অষ্টমী ও চতুর্দ্দশীতে রোহিণী, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্ব-ভাদ্রপদ, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, শ্রবণা, ভরণী, চিত্রানক্ষত্রে রবি, মঙ্গল ও শনিবারে বিষ্টিভদ্রাতিথিতে এবং ব্যতীপাতযোগে গো-চালন ও ক্রয়বিক্রয়াদি করিলে শুভ হইবে না। ৩

গবাং যাত্রাপ্রবেশক্রয়বিক্রয়েষু নিষেধমাহ। দর্শেতি। অমাবস্যাষ্টমীচতুর্দ্দশীতিথি নে'ষ্টা। রোহিণীপূর্ব্বাত্রয়উত্তরাত্রয়শ্রবণাভরণীচিত্রা :রবিশনিমঙ্গলবারাঃ বিষ্টিব্যতীপাতযোগাশ্চ নেষ্টাঃ। গবামিত্যুপলক্ষণং সর্ব্বেষাং পশূনামিতি। রাজমার্ত্তণ্ডে। "ক্রান্তরেষু চ রোহিণ্যাং সিনীবালী চতুর্দ্দশী। শ্রাবণেঽপি চ নক্ষত্রে।চিত্রায়ামষ্টমীষু চ। গোষু কার্য্যং ন কুর্ব্বীত প্রস্থানঞ্চ প্রবেশনম্। পশবস্তস্য নশ্যন্তি যে চান্যে তৃণচারিণঃ। ৩

---

# অথ বৃষ্টিজ্ঞানম্।

বর্ষপ্রশ্নে সলিলনিলয়ং রাশিমাশ্রিত্য চন্দ্রো-
লগ্নে যাতো ভবতি যদি বা কেন্দ্রগঃ শুক্লপক্ষে।
সৌম্যৈর্দৃষ্টঃ প্রচুরমুদকং পাপদৃষ্টোঽল্পমম্ভঃ
প্রাবৃট্কালে সৃজতি ন চিরাচ্চন্দ্রবদ্ভার্গবোঽপি॥ ১

ইতিপ্রশ্নাদ্‌বৃষ্টিজ্ঞানম্।

অধুনা প্রশ্নদ্বারা বৃষ্টিজ্ঞান কথিত হইতেছে,—কর্কট, মকর কিম্বা মীন যদি প্রশ্নলগ্ন হয় এবং তাহাতে চন্দ্র অবস্থিত থাকেন অথবা চন্দ্র যদি শুক্লপক্ষে লগ্নের কেন্দ্রবর্ত্তী হইয়া শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হ'ন তাহা হইলে প্রচুর বৃষ্টি হইবে। আর চন্দ্র যদি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হ'ন তবে অল্পবৃষ্টি হয়; বর্ষাকালে কর্কট, মকর কিম্বা মীনলগ্নে যদি শুক্র অবস্থিত হ'ন অথবা শুক্লপক্ষে লগ্নের কেন্দ্রস্থ হইয়া শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হ'ন তাহা হইলে প্রচুর জল হইয়া থাকে এবং পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে অল্প জল হইবে। ১

প্রশ্নাদ্‌বৃষ্টিজ্ঞানমাহ। বর্ষেতি। বৃষ্টিপ্রশ্নে চন্দ্রোযদি সলিলনিলয়রাশিং কর্কটমকরমীনমাশ্রিত্য লগ্নং উদয়ং প্রাপ্তঃ স্যাদ্‌যদি বা কেন্দ্রগশ্চন্দ্রঃ শুক্লপক্ষে স্যাত্তদা শুভগ্রহদৃষ্টঃ প্রচুরমুদকং জলং সৃজতি পাপদৃষ্টোঽল্পজলং এবং শুক্রোঽপি বর্ষাকালে জলরাশিগঃ জলরাশিলগ্নে স্যাৎ শুক্লপক্ষে কেন্দ্রগো বা স্যাত্তদা শুভদৃষ্টঃ প্রচুরং জলং পাপদৃষ্টোঽল্পজলং সৃজতি বর্ষতি। সৌভরিস্তু জলরাশিমাশ্রিত্য চন্দ্রস্তিষ্ঠতি যৎকিঞ্চিদ্ বা লগ্নং স প্রশ্নে ভবতি কেন্দ্রগো বা স্যাদিতিব্যাচষ্টে তদশুদ্ধং তিষ্ঠতীতি ক্রিয়ান্তরাধ্যাহারাৎ। তথা বৈষ্ণববল্লভায়াং। "কর্কট-মৃগমীনানাং উদয়ে চন্দ্রং সিতো বা বৃষ্টিকরঃ। তদ্বৎ কেন্দ্রোপগতৌ সিতশ্চন্দ্রশ্চ শুভদৃষ্টৌ যোগান্তরমুক্তং তত্রৈব।" পক্ষে সিতে সলিলরাশিগতাঃ শুভাশ্চ কেন্দ্রদ্বিতীয়সহজনিলয়গাঃ সম্যক্। চন্দ্রোঽথ বা সলিলরাশিবিলগ্নগশ্চ বৃষ্টিং বদেন্নিয়তমেব ততো ধরিত্র্যাং। তথা কৃষিপরাশরঃ। "জলস্থোজলহস্তো বা নিকটে চ জলস্য বা। পৃষ্টোঽবৃষ্টৌ চ বৃষ্ট্যর্থং বৃষ্টিঃ সংজায়তেঽচিরাৎ॥" ১

### অথ গ্রহসংস্থানেন সদ্যোবৃষ্টিজ্ঞানম্।

প্রাবৃষি শীতকরো ভৃগুপুত্রাৎ সপ্তমরাশিগতঃ শুভদৃষ্টঃ।
সূর্য্যসুতান্নবপঞ্চমগো বা সপ্তমগোঽপি জলাগমনায় ॥ ২

বর্ষাকালে গ্রহসংস্থানবশতঃ বৃষ্টিজ্ঞান কথিত হইতেছে,—বর্ষাকালে যদি শুক্র হইতে সপ্তমস্থানে চন্দ্র অবস্থিত হইয়া শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হ'ন তাহা হইলে সেই দিনে বৃষ্টি হইবে ; আর শনি হইতে নবম, পঞ্চম কি সপ্তমগত চন্দ্র শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে সেই কালে বৃষ্টি হইয়া থাকে। ২

বর্ষাকালে গ্রহসংস্থানবশেন বৃষ্টিজ্ঞানমাহ। প্রাবৃষীতি। যস্মিন্ দিনে চন্দ্রঃ শুক্রাৎ সপ্তমগঃ শুভদৃষ্টঃ স্যাত্তস্মিন্ দিনে জলাগমনায় বর্ষাকালে স্যাৎ। তথা সূর্য্যসুতান্নবপঞ্চমগঃ সপ্তমগো বা চন্দ্রঃ শুভদৃষ্টো যত্র দিনে তস্মিন্ দিনে বৃষ্টির্ভবতীত্যর্থঃ ॥ ২

## অথ নবান্নম্।

ভেষু গ্রাহিশিবান্ত্যেষু বিভৌমশনিবাসরে।
অন্নপ্রাশনবৎ কুর্য্যান্নবান্নফলভক্ষণম্ ॥ ১

অনন্তর নবান্নভোজন কথিত হইতেছে,—পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, মঘা, ভরণী, অশ্লেষা ও আর্দ্রা ভিন্ন নক্ষত্রে, মঙ্গল ও শনি ভিন্ন বারে শুক্লপক্ষে অন্নপ্রাশনোক্তলগ্নাদিতে নবান্ন ও নবফল ভক্ষণ বিধেয়। ১

পূর্ব্বোক্তান্নপ্রাশনপ্রকরণপ্রাপ্তং নবান্নফলভক্ষণমাহ। ভেম্বিতি। উগ্রগণঃ ১১।২০।২৫, ১০।২ অহিঃ ৯ শিবঃ ৬ এতদন্যেষু নক্ষত্রেষু মঙ্গলশনিবর্জ্জিতেষু বারেষু নবান্নস্য নবফলস্যাম্রাদেশ্চ ভক্ষণং কুর্য্যাৎ। অন্নপ্রাশনবদিতি এতদতিরিক্তে পূর্ব্ব অন্নপ্রাশনোক্তশ্লোকে যোঽন্নপ্রাশনবিধিঃ গোজঙ্ক মানোদয়-ইত্যাদিরুক্তঃ সোঽত্রৈব বিধেয় ইত্যর্থঃ। এতচ্চ কৃষ্ণপক্ষাদৌ ন কর্ত্তব্যমিতি। তথা চ নবান্নং নৈব নন্দায়াং ন চ সুপ্তে জনার্দ্দনে। ন কৃষ্ণপক্ষে ধনুষি তুলায়াং ন কদাচন। তথা চ বরাহঃ; "বৃশ্চিকে শুক্লপক্ষে তু নবান্নং শস্যতে বুধৈঃ। অপরে ক্রিয়মাণং হি ধনুষ্যেব কৃতং ভবেৎ, যৎকৃতং ধনুষি শ্রাদ্ধং মৃগনেত্রাসু রাত্রিষু। পিতরস্তন্ন গৃহ্ণন্তি নবান্নামিষকাঙ্ক্ষিণঃ।" অপরে কৃষ্ণপক্ষে মৃগনেত্রা জ্যেষ্ঠানক্ষত্রপরার্দ্ধগতে সূর্য্যে ভবতি। শুক্রবারে তু সাবকাশশ্রাদ্ধনিষেধাদেব প্রাপ্তোঽত্রনিষেধঃ। সচ ত্রয়োদশীং জন্মদিনঞ্চেত্যাদিনা বক্ষ্যতে ইতি। অপি চ নবান্নং মলমাসেঽপি কার্য্যং। গর্হিতো মলমাসঃ স্যাদুত্তরে মাসি তৎক্রিয়া। নিত্যশ্রাদ্ধঃ নবান্নঞ্চ বিনা নিরবকাশতঃ। ইতিস্মৃতিসাগরধৃতবচনাৎ। জ্যোতিসারে রামকান্তঃ। ১

দ্বিতীয়া তৃতীয়া চ পঞ্চমী সপ্তমী তথা।
দশমী চ প্রশস্তস্তে নবান্নাশনকর্ম্মণি ॥

ইতিদীপিকায়াম্।

নবান্নভক্ষণে বিহিততিথি কথিত হইতেছে,—দ্বিতীয়া, তৃতীয়া, পঞ্চমী, সপ্তমী ও দশমীতিথি নবান্নভক্ষণে প্রশস্ত। ২

হরিযুগলেঽদিতিপুষযুগলে বিরিঞ্চিযুগলে চ।
করপঞ্চোত্তরেষ্বিনবুধগুরুশশিষু নবান্নভক্ষণং শস্তম্॥ ৩

ইতিদীপিকায়াম্।

নবান্নভক্ষণে প্রশস্ত নক্ষত্রাদি কথিত হইতেছে,—শ্রবণা, ধনিষ্ঠা, পুনর্ব্বসু পুষ্যা, রেবতী, অশ্বিনী, রোহিণী, মৃগশিরা, হস্তা, চিত্রা, স্বাতী, বিশাখা, অনুরাধা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, ও উত্তরভাদ্রপদনক্ষত্রে, রবি, বুধ, বৃহস্পতি ও সোমবারে নবান্ন ভক্ষণ প্রশস্ত। ৩

সূর্য্যে চৈব বিশাখগে * স্মরতিথৌ পাপে ত্রিজন্মান্বিতে
নন্দামন্দমহীজকাব্যদিবসে পৌষে মধৌ কার্ত্তিকে।
তেষু গ্রাহিশিবেষু বিষ্ণুশয়নে কৃষ্ণে শশিন্যষ্টমে।
শ্রাদ্ধং ভোজনকং নবান্নবিহিতং পুত্রার্থনাশপ্রদম্॥ ৪

ইতিজ্যোতিস্তত্ত্বে শ্রাদ্ধতত্ত্বে চ।

নবান্নশ্রাদ্ধের অবহিত কাল কথিত হইতেছে,—সূর্য্য বিশাখানক্ষত্রগত হইলে ত্রয়োদশী ও নন্দাতিথিতে জন্মতারাত্রয় (†) ও প্রত্যরি (‡) তারাত্রয়ে সৌরপৌষ, চৈত্র ও কার্ত্তিকমাসে, শনি, মঙ্গল ও শুক্রবারে বিষ্ণুশয়নে, কৃষ্ণপক্ষে, অষ্টমচন্দ্রে এবং পূর্ব্বাত্রয়, মঘা, ভরণী, অশ্লেষা ও আর্দ্রানক্ষত্রে যে ব্যক্তি নবান্নশ্রাদ্ধ কিংবা নবান্নভোজন করে তাহার পুত্র ও অর্থাদি বিনষ্ট হইয়া থাকে। ৪

পৌষে চৈত্রে কৃষ্ণপক্ষে নবান্নং নাচরেদ্‌বুধঃ।
ভবেজ্জন্মান্তরে রোগী পিতৄণাং নোপতিষ্ঠতে॥ ৫

ইতিভোজরাজঃ।

সৌরপৌষে সৌরচৈত্রে এবং কৃষ্ণপক্ষে নবান্নশ্রাদ্ধ করিবে না, যে ব্যক্তি উক্তকালে নবান্নশ্রাদ্ধ করে সে জন্মান্তরে রোগী হয় এবং উক্তশ্রাদ্ধে পিতৃদেবতাগণ অধিষ্ঠিত হ'ন না। ৫

* সূর্য্যে চৈব বিশাখগে মার্গশীর্ষস্য বিংশতিদণ্ডাধিক প্রথমদিনত্রয়াবস্থিতে সূর্য্যে স্মরতিথৌ ত্রয়োদশ্যাং পাপে পঞ্চমতারাত্রয়ে ত্রিজন্মান্বিত ইত্যত্র ত্রিজন্মপদং জন্মচন্দ্রজন্মতিথিজন্মনক্ষত্রপরমিতিশ্রাদ্ধতত্ত্বে স্মার্ত্তেনাভিহিতম্॥

† স্মার্ত্তভট্টাচার্য্য জন্মরাশি, জন্মতিথি ও জন্মনক্ষত্র ত্রিজন্মপদের অর্থ করিয়াছেন।

‡ জন্মনক্ষত্র হইতে পঞ্চম নক্ষত্রকে পাপতারা বা প্রত্যরিতারা বলা যায়; অতএব সপ্তবিংশতি নক্ষত্রকে জন্ম, সম্পৎ ইত্যাদি গণনা করিলেই তিনটি প্রত্যরিতারা হইবে।

জ্যেষ্ঠাশেষার্দ্ধগে সূর্য্যে মৃগনেত্রানিশাত্মকে। *
নবান্নৈর্ভোজনং শ্রাদ্ধং জন্মচন্দ্রে তিথৌ ন চ ॥ ৬

ইতিজ্যোতিষে ॥

জ্যেষ্ঠানক্ষত্রের শেষার্দ্ধে সূর্য্য অবস্থিত হইলে অর্থাৎ সৌর অগ্রহায়ণের ২৩ দিন ২০ দণ্ড গতে মৃগনেত্রা-রাত্রি বলা যায়, তাহাতে এবং জন্মরাশিতে ও জন্মতিথিতে নবান্নশ্রাদ্ধ ও নবান্নভোজন করিবে না। ৬

ব্রহ্মা-বিষ্ণু-বৃহস্পতী-শশধরো-মার্ত্তণ্ডপৌষ্ণাদিতৌ
মৈত্রে চিত্রবিশাখবায়ুধনভে মূলাশ্বিবহ্নৌ তথা।
শক্রে বারুণঋক্ষকে শুভদিনে শ্রাদ্ধং নবং শস্যতে
নন্দাভার্গবভূমিজেষু ন ভবেৎ শ্রাদ্ধং নবান্নোদ্‌ভবম্ ॥ † ৭

ইতিভোজরাজঃ।

রোহিণী, শ্রবণা, পুষ্যা, মৃগশিরা, হস্তা, রেবতী, পুনর্ব্বসু, অনুরাধা, চিত্রা, বিশাখা, স্বাতী, ধনিষ্ঠা, মূলা, অশ্বিনী, কৃত্তিকা, জ্যেষ্ঠা ও শতভিষানক্ষত্রে, শুভদিনে নবশ্রাদ্ধ প্রশস্ত কিন্তু প্রতিপদ, একাদশী ও ষষ্ঠীতিথিতে শুক্র ও মঙ্গলবারে নবান্নশ্রাদ্ধ করিবে না। ৭

অশ্লেষাকৃত্তিকাজ্যেষ্ঠামূলাজপাদকেষু চ।
ভৃগুভৌমদিনে রিক্তাতিথৌ নাদ্যান্নবোদনম্ ॥ ৮

অশ্লেষা, কৃত্তিকা, জ্যেষ্ঠা, মূলা ও পূর্ব্বভাদ্রপদনক্ষত্রে, শুক্র ও মঙ্গল বারে এবং রিক্তাতিথিতে নবোদন অর্থাৎ নবান্ন ভক্ষণ করিবে না। এই বচনে যে নবান্ন ভোজনে মূলা ও জ্যেষ্ঠা নিষেধ হইল ইহা নবান্নশ্রাদ্ধ না করিয়া যিনি নবান্ন ভক্ষণ করিবেন তাঁহার পক্ষে জানিবে। ৮

রবৌ বুধে গুরৌ চন্দ্রে নবান্নস্য চ ভক্ষণম্।
ভক্ষয়েন্ন শনৌ শুক্রে তথা মহীজবাসরে ॥ ৯

ইতিসারসংগ্রহে।

রবি, বুধ, বৃহস্পতি ও সোমবারে নবান্ন ভক্ষণ করিবে কিন্তু শনি, শুক্র ও মঙ্গলবারে নবান্ন ভক্ষণ নিষেধ। ৯

---

* দিনত্রয়াধিকে বিংশে মার্গশীর্ষস্ত বৈ গতে। মৃগনেত্রা স্মৃতারাত্রিঃ শ্রাদ্ধং তত্র ন কারয়েৎ। ইতিসারসংগ্রহে।

† অত্র বচনে নবান্নশ্রাদ্ধে মূলাকৃত্তিকাজ্যেষ্ঠাবিধানাত্তচ্ছেষভক্ষণপ্রাপ্তে বক্ষ্যমাণ অশ্লেষাকৃত্তিকাজ্যেষ্ঠামূলাজপাদকেষু চ ইত্যাদিবচনং শ্রাদ্ধশেষাভোজিমাত্রপরং ইতি শ্রাদ্ধতত্ত্বে স্মার্ত্তেনাভিহিতম্।

বৃষে মিথুনকন্যায়াং মীনলগ্নে শুভান্বিতে।
ভক্ষণং স্যান্নবান্নস্য দদাত্যায়ুর্ব্বলং ধনম্॥ ১০

ইতিসারসংগ্রহে।

বৃষ, মিথুন, কন্যা ও মীনলগ্ন শুভগ্রহযুক্ত হইলে নবান্নভোজীর আয়ু বল ও ধনবৃদ্ধি হইয়া থাকে। ১০

নন্দায়াং ভার্গবদিনে ত্রয়োদশ্যাং ত্রিজন্মনি।
অত্র শ্রাদ্ধং ন কুর্ব্বীত পুত্রদারধনক্ষয়াৎ॥ * ১১

নন্দাতিথি, জন্মতিথি, ত্রয়োদশী, শুক্রবার, জন্মরাশি এবং জন্মতারাতে শ্রাদ্ধ করিলে পুত্র, ভার্য্যা ও ধনহানি হইয়া থাকে। ১১

নক্ষত্রেঽপি ন কুর্ব্বীত যস্মিন্ জাতোভবেন্নরঃ।
ন প্রোষ্ঠপদয়োঃ † কার্য্যং ন চাগ্নেয়ে চ ভারত।
দারুণেষু ‡ চ সর্ব্বেষু প্রত্যরৌ চ বিবর্জ্জয়েৎ॥ ১২

ইতিমহাভারতে।

মহাভারতে লিখিত আছে যে,—মনুষ্য যে নক্ষত্রে জন্মগ্রহণ করে তাহাতে শ্রাদ্ধ করিবে না; আর পূর্ব্বভাদ্রপদ, কৃত্তিকা, অশ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা কি মূলা-নক্ষত্রেও শ্রাদ্ধ নিষেধ। ফলতঃ পূর্ব্বোক্ত "ব্রহ্ম-বিষ্ণু-বৃহস্পতি-শশধরঃ" ইত্যাদি বচনে নবান্নশ্রাদ্ধে মূলা, কৃত্তিকা ও জ্যেষ্ঠানক্ষত্র বিহিত হইয়াছে বলিয়া এই বচনে যে মূলা, কৃত্তিকা ও জ্যেষ্ঠানক্ষত্র শ্রাদ্ধে নিষেধ আছে তাহা নবোদকশ্রাদ্ধে বলিতে হইবে। ১২

বৃশ্চিকে শুক্লপক্ষে তু নবান্নং শস্যতে বুধৈঃ।
অপরে ক্রিয়মাণং হি ধনুষ্যেব কৃতং ভবেৎ॥ ১৩

ইতিবরাহঃ।

সৌর অগ্রহায়ণ মাসে বিশাখানক্ষত্রে ও জ্যেষ্ঠানক্ষত্রের শেষার্দ্ধে রবি অবস্থিত না হইলে শুক্লপক্ষে নবান্ন প্রশস্ত; কিন্তু কৃষ্ণপক্ষে নবান্নশ্রাদ্ধ

---

* অত্র ত্রিজন্মনীত্যস্য জন্মতিথিজন্মতারাজন্মরাশিস্বরূপ ইত্যর্থঃ। হলায়ুধোঽপ্যেবং বক্ষ্যমাণোক্তত্রয়োদশীং জন্মদিনঞ্চ নন্দামিত্যত্র দিনপদং তিথিপরং তিথিসংদংশপাঠাৎ ত্রিজন্মনি ত্রিজন্মনক্ষত্রমিতিব্যাখ্যানং গুরুচরণানামপি প্রামাণিকং রাজমার্ত্তণ্ডাৎ যথা তারা প্রকরণে। "সর্ব্বমঙ্গলকার্য্যাণি ত্রিষু জন্মসু কারয়েৎ। বিবাদশ্রাদ্ধভৈষজ্যযাত্রাক্ষৌরাণি বর্জ্জয়েৎ।" ইতিমলমাসতত্ত্বে স্মার্ত্তেন লিখিতম্।

† প্রোষ্ঠপদা পূর্ব্বভাদ্রপদা দ্বিতারকত্বাদ্দ্বিবচনং ইতিশ্রাদ্ধবিবেককৃৎ।

‡ দারুণক্ষোরগং রৌদ্রমৈন্দ্রং নৈর্ঋতমেব চ। ইতিশ্রাদ্ধবিবেক-ধৃতবচনম্।

করিলে ধনুতে ( সৌরপৌষে ) নবান্নশ্রাদ্ধ যেরূপ নিষ্ফল হয় সেইরূপ হইয়া থাকে। ১৩

ধনুষি যৎ কৃতং শ্রাদ্ধং মৃগনেত্রাসু রাত্রিষু।
পিতরস্তন্ন গৃহ্ণন্তি নবান্নামিষকাঙ্ক্ষিণঃ॥ ১৪

ইতিবরাহঃ।

যে ব্যক্তি সৌরপৌষ মাসে কি মৃগনেত্রায় ( জ্যেষ্ঠার শেষার্দ্ধে সূর্য্য থাকিলে ) নবান্নশ্রাদ্ধ করে তাহার পিতৃলোক সেই শ্রাদ্ধের অন্ন গ্রহণ করেন না। ১৪

নবান্নং নৈব নন্দায়াং ন চ সুপ্তে জনার্দ্দনে।
ন কৃষ্ণপক্ষে ধনুষি তুলায়াং নৈব কারয়েৎ॥ * ১৫

ইতিজ্যোতিষে।

নন্দাতিথিতে, শ্রীহরির শয়নে, কৃষ্ণপক্ষে, সৌরপৌষে ও সৌরকার্ত্তিকে নবান্নশ্রাদ্ধ করিবে না। ১৫

শুক্লপক্ষে নবং ধান্যং পক্কং জ্ঞাত্বা সুশোভনম্।
গচ্ছেৎ ক্ষেত্রী বিধানেন গীতবাদ্যপুরঃসরঃ।
ইত্যভিধায়।
তেন দেবান্ পিতৃংশ্চৈব তর্পয়েদর্চ্চয়েত্তথা॥ ১৬

ইত্যাশ্বিনাধিকারে ব্রহ্মপুরাণম্।

ব্রহ্মপুরাণে কথিত হইয়াছে যে,—আশ্বিনমাসে শুক্লপক্ষে ধান্য পক্ক হইয়াছে জানিয়া ক্ষেত্রাধিপতি গীতবাদ্যাদি অগ্রে করতঃ ক্ষেত্রে যাইয়া ধান্য কর্ত্তন করাইবেন। অনন্তর সেই ধান্যের তণ্ডুলদ্বারা দেবগণ ও পিতৃলোকের অর্চ্চনা করিতে হইবে। এই ব্রহ্মপুরাণোক্তবচন দ্বারা প্রতীতি হইল পূর্ব্ববচনে শ্রীহরিশয়ন মধ্যে যে নবান্নশ্রাদ্ধ নিষেধ হইয়াছে তাহা আশ্বিন মাসের শুক্লপক্ষের ইতরে বলিতে হইবে। ১৬

ত্রয়োদশীং জন্মদিনঞ্চ † নন্দাং জন্মর্ক্ষতারাং সিতবাসরঞ্চ।
ত্যক্ত্বা হরীশেন্দু ‡ করাস্ত্যমৈত্রধ্রুবেষু চ শ্রাদ্ধবিধানমিষ্টম্॥১৭

---

* ন চ সুপ্তে জনার্দ্দনে ইতি আশ্বিনশুক্লপক্ষেতরপরং। ইতিশ্রাদ্ধতত্ত্বে স্মার্ত্তেনোক্তম্।

† জন্মতিথিঞ্চেতি পাঠান্তরম্।

‡ হরীজ্যেন্দ্বিতিমলমাসতত্ত্বাদৌ পাঠঃ। তত্র হরিঃ শ্রবণা ইজ্যঃ পুষ্যা ইতিস্মার্ত্তেন ব্যাখ্যাতম্॥

অনন্তর অনিয়ত অর্থাৎ অনাবশ্যক শ্রাদ্ধকাল কথিত হইতেছে। ত্রয়োদশী, জন্মতিথি, নন্দাতিথি, জন্মরাশি, জন্মতারা ও শুক্রবার ত্যাগ করিয়া শ্রবণা, মৃগশিরা, হস্তা, রেবতী, অনুরাধা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ ও রোহিণীনক্ষত্রে শ্রাদ্ধ প্রশস্ত হইয়া থাকে। ১৭

অনাবশ্যকশ্রাদ্ধমাহ। ত্রয়োদশীমিতি। ত্রয়োদশীং জন্মদিনং নন্দাতিথিং জন্মরাশিং জন্মতারাং শুক্রবারঞ্চ ত্যক্ত্বা, হরিরীশোযস্য স হরীশঃ, শ্রবণা ইন্দুর্মৃগশিরাঃ করোহস্তা অন্ত্যং রেবতী মৈত্রং অনুরাধা এষু ধ্রুবগণেষু চ শ্রাদ্ধমিষ্টং, এতচ্চ সাবকাশশ্রাদ্ধবিষয়ং যচ্ছ্রাদ্ধমন্যদিনে কর্ত্তুং শক্যতে, যদকরণে প্রত্যবায়াভাবঃ, যথা—ব্রীহিযবপাকশ্রাদ্ধং দ্রব্যব্রাহ্মণপ্রাপ্তিশ্রাদ্ধং সংক্রান্ত্যাদিকাম্যতিথিশ্রাদ্ধঞ্চেতি অমাবস্যাদিনিত্যশ্রাদ্ধস্তু তদ্দিনাকরণে প্রত্যবায়াদবশ্যকর্ত্তব্যত্বেন নাস্য বিষয়ইতি। সৌভরিণা তু হরিঃ শ্রবণা ঈশ আর্দ্রা ইতিব্যাখ্যাতং, তদশুদ্ধং আর্দ্রায়াং নিষেধশ্রবণাৎ। যথা বিষ্ণুধর্ম্মোত্তরে নক্ষত্রাণি তথৈবাত্র দারুণোগ্রাণিবর্জ্জয়েৎ। দারুণগণউক্তঃ দারুণঞ্চোরগং রৌদ্রমৈন্দ্রং নৈঋর্তমেব চ। ইতি উরগমশ্লেষা রৌদ্রমার্দ্রা ঐন্দ্রং জ্যেষ্ঠা নৈঋর্তং মূলেতি। উগ্রগণস্তু উগ্রঃ পূর্ব্বমঘাস্তকেতি। তথা মহাভারতে। "নক্ষত্রে ন চ কুর্ব্বীত যস্মিন্ জাতোভবেন্নরঃ। ন প্রৌষ্ঠপদয়োঃ কার্য্যং তথাগ্নেয়ে চ ভারত। দারুণেষু চ সর্ব্বেষু প্রত্যরৌ চ বিবর্জ্জয়েৎ"। প্রৌষ্ঠপদা পূর্ব্বভাদ্রপদা আগ্নেয়ং কৃত্তিকা প্রত্যরিঃ পঞ্চমতারা অত্র যত্র চ সাক্ষাচ্ছব্দোচ্চারণেন বিশেষবিধিরস্তি তত্র বিধিবৈয়র্থ্যভয়ান্নানেন নিষেধইতি। যথান্নপ্রাশনে সিতেন্দুজীবদিবস ইতি। শুক্রবারেঽপিকণ্ঠোক্তত্বাৎ বিধানমেব। কুর্য্যাৎ পুংসবনং সুযোগকরণে নন্দে সভদ্রে তিথাবিতিবচনান্নন্দায়ামপি পুংসবনং কর্ত্তব্যমেব। তথা চ মূলানুরাধামঘেতিবচনাদ্দারুণোগ্রগণত্বেন নিষিদ্ধয়োরপি মূলামঘয়োর্ব্বিবাহঃ কর্ত্তব্য এবান্যথা বিধিবৈয়র্থ্যাপত্তেঃ এবমন্যত্রাপ্যূহ্যঃ। ১৭

নবং * কৃষরপূপানি পায়সং মধুসর্পিষী।
বৃথামাংসং ন চাশ্নীয়াৎ পিতৃদেববিবর্জ্জিতম্॥ † ১৮

ইতিদেবীপুরাণম্।

দেবীপুরাণে উক্ত হইয়াছে যে,—নূতন ধান্যের তণ্ডুল, কৃষর (গুড়যুক্ত তিল-তণ্ডুল) পিষ্টক, পায়স, মধু, ঘৃত ও মাংস এই সকল বস্তু দ্বারা পিতৃলোক ও দেবতার অর্চ্চনা না করিয়া উহা ভক্ষণ করিবে না। ১৮

বৃথাকৃষরসংযাবপায়সাপূপশষ্কুলীঃ।
ভুক্ত্বা ত্রিরাত্রং কুর্ব্বীত ব্রতমেতৎ সমাহিতঃ॥ ‡ ১৯

ইতিশঙ্খঃ।

---

* নবং নবান্নং।

† পিতৃদেববিবর্জ্জিতং পিতৃদেবোদ্দেশং বিনা কৃতৎ নবান্নাদিমাংসান্তং অতএব বৃথাকৃতং। ইতি। প্রা গোটী ১৮

‡ তেনদেবপিত্রতিথিবর্জ্জং কামতঃ সকৃদমীষাং ভক্ষণে ত্রিরাত্রং কৃষরাদিসাহচর্য্যে নবান্নেঽপি তথা। ইতিমলমাসতত্ত্বে স্মার্ত্তেনোক্তম্।

কৃশর, সংযাব ( ঘৃতক্ষীরাদিদ্বারা পক্ক গোধূমচূর্ণ ) পায়স, পিষ্টক ও শষ্কুলী ( তিল-তণ্ডুলাদি মিশ্রিত যবাগুবিশেষ ) এই সকল দ্রব্য যদি পিতৃগণকে কি দেবতাকে নিবেদন না করিয়া বৃথা ভোজন করে, তবে তাহার ত্রিরাত্র উপবাসরূপ প্রায়শ্চিত্ত অথবা তদনুকল্প দান করিতে হইবে। আর নবান্নও দেবতা এবং পিতৃগণকে না দিয়া ভোজন করিলে ঐরূপ প্রায়শ্চিত্ত করিতে হয়। ১৯

প্রাশ্নীয়াদ্দধিসংযুক্তং নবং বিপ্রাভিমন্ত্রিতম্॥ * ২০

ইতিব্রহ্মপুরাণম্।

দধিসংযুক্ত নবান্ন বিপ্রদ্বারা গায়ত্রীপাঠ করাইয়া ভোজন করিতে হয়। ২০

গৃহীত্বা ব্রাহ্মণানুজ্ঞাং সদধি প্রাশয়েন্নবম্॥ ২১

ইতিস্মৃতিঃ।

বচনান্তরে উক্ত হইয়াছে যে,—ব্রাহ্মণের অনুমতি গ্রহণ করিয়া দধিযুক্ত নবান্ন ভক্ষণ করিবে। ২১

অত্র ব্রীহ্যভাবে শালিনা নূতনাভাবে পুরাতনেনাপি।
শ্রাদ্ধাদিকমাহ। ভট্টভাষ্যে স্মৃতিঃ।
গৃহমেধী ব্রীহিযবাভ্যাং শরদ্বসন্তয়োর্যজেত।
শ্যামাকৈর্ব্বনী বর্ষাসু আপৎকল্পে অন্যেন পুরাতনৈর্ব্বেতি ॥২২

নবান্নশ্রাদ্ধ নূতন ব্রীহিধান্যের তণ্ডুলদ্বারা কর্ত্তব্য, তদাভাবে শালিধান্যের তণ্ডুলদ্বারাও করিতে পারা যায়, নূতন ধান্যের অভাব হইলে নবান্নশ্রাদ্ধ পুরাতন ধান্যের দ্বারাই করিতে হইবে, ভট্টভাষ্যধৃত স্মৃতির বচনে এইরূপ লিখিত আছে যথা,—"গৃহস্থমনুষ্য ব্রীহিদ্বারা শরৎকালে এবং যবদ্বারা বসন্তকালে শ্রাদ্ধ করিবেন, বানপ্রস্থাশ্রমীর শ্যামাকধান্যের তণ্ডুলদ্বারা বর্ষাকালে শ্রাদ্ধ করিতে হইবে; কিন্তু আপৎকালে পুরাতন ধান্যের তণ্ডুল দ্বারাই শ্রাদ্ধ নির্ব্বাহ করিতে হয়"। ২২

প্রেতমাতাপিতৃকস্য পুরাতনধান্যালাভে নবেনৈব বৈশ্বদেবং কৃত্বা নবঞ্চ ব্রাহ্মণেভ্যোদত্ত্বা ব্রাহ্মণানুজ্ঞাং গৃহীত্বা ভোজনাদিকং কর্ত্তব্যম্॥ ২৩

মাতা কি পিতা প্রেত থাকিলে পুরাতনধান্যের অভাবে নূতনধান্যের

* অভিমন্ত্রিতং "মন্ত্রাবাদেশে গায়ত্রী" ইতিবচনাদ্গায়ত্র্যা ইতি শ্রাদ্ধতত্ত্বে স্মার্ত্তাঃ।

তণ্ডুল দ্বারা বিশ্বদেবকবলি উপহার দান করতঃ নবান্ন ব্রাহ্মণকে দান করিয়া ব্রাহ্মণের অনুমতি গ্রহণ পূর্ব্বক নবান্নভোজনাদি করিবে ইহার প্রমাণ নিম্নে লিখিত হইতেছে। ২৩

দত্ত্বৈবং ব্রাহ্মণেভ্যশ্চ হুত্বা বা বৈশ্বদেবিকম্।
অশক্তো * নবান্নমশ্নীয়াদিতিবৌধায়নোঽব্রবীৎ॥ ২৪

ইতিনব্যবর্দ্ধমানধৃতাস্মৃতিঃ।

নব্যবর্দ্ধমানধৃত-স্মৃতিবচনে লিখিত আছে,—শ্রাদ্ধকরণে অসমর্থ ব্যক্তি বৈশ্বদেবাহুতি ও ব্রাহ্মণকে নবান্ন দান করিয়া স্বয়ং গ্রহণ করিবে। ২৪

ইতিনবান্নম্।

# অথ জন্মতিথিকৃত্যম্।

সর্ব্বৈশ্চ জন্মদিবসে স্নাতৈর্ম্মঙ্গলপাণিভিঃ।
গুরুদেবাগ্নিবিপ্রাশ্চ পূজনীয়াঃ প্রযত্নতঃ।
স্বনক্ষত্রঞ্চ পিতরৌ তথা দেবঃ প্রজাপতিঃ।
প্রতিসংবৎসরঞ্চৈব কর্ত্তব্যশ্চ মহোৎসবঃ॥ ১

ইতিব্রহ্মপুরাণে।

ব্রহ্মপুরাণে উক্ত হইয়াছে যে,—মানব জন্মতিথি দিবসে তিলযুক্ত জলে স্নানাদিদ্বারা পরিশুদ্ধ হইয়া নববস্ত্র পরিধান পূর্ব্বক দূর্ব্বাগোরোচনাদি-যুক্ত জন্মগ্রন্থি দক্ষিণ হস্তে ধারণ করতঃ গুরু, দেবতা, অগ্নি, ব্রাহ্মণ, স্বীয়জন্ম-নক্ষত্র, পিতা, মাতা এবং প্রজাপতি দেবতাকে (ব্রহ্মাকে) যত্ন সহকারে অর্চ্চনা করিবে। প্রতিবৎসর জন্মতিথিতেই উক্তরূপে মহোৎসব করিতে হয়। ১

তিলোদ্বর্ত্তী তিলস্নায়ী তিলহোমী তিলপ্রদঃ।
তিলভুক্ তিলবাপী চ ষট্তিলী নাবসীদতি॥ ২

ইতিতিথিতত্ত্বে।

---

* অশক্তঃ শ্রাদ্ধাকরণসমর্থঃ শ্রাদ্ধানধিকারী চ অতএব বিধবয়া নবমেকোদ্দিষ্টে দীয়তে ভুজ্যতে চ। ইতিশ্রাদ্ধতত্ত্বে স্মার্ত্তাঃ।

। জন্মতিথিকৃত্যং মলমাসে ন কর্ত্তব্যং চান্দ্রমাসীয়ত্বেনসাবকাশত্বাৎ। ন চ তস্য সৌরমাসীয়ত্বং তথাত্বে তন্মাসে তত্তিথেঃ কদাচিদপ্রাপ্তৌ তদ্বর্ষে তৎকৃত্যলোপাপত্তেঃ; ন চেষ্টাপত্তিঃ প্রতিসংবৎসরে তদ্বিধানাৎ। ইতিতিথিতত্ত্বে স্মার্ত্তেনাভিহিতম্।

তিথিতত্ত্বে উক্ত হইয়াছে যে,—জন্মতিথিতে তিলোদ্বর্ত্তন, তিলস্নান, তিল-হোম, তিলপ্রদান, তিলভোজন ও তিলবপন করিলে সেই ব্যক্তি অবসাদ প্রাপ্ত হয় না। ২

গুড়দুগ্ধতিলানদ্যাজ্জন্মগ্রন্থেশ্চ বন্ধনম্।
গুগ্‌গুলুং নিম্বসিদ্ধার্থং দূর্ব্বাগোরোচনাযুতম্॥ ৩

ইতিকৃত্যচিন্তামণৌ।

মনুষ্য জন্মতিথিতে গুড়, দুগ্ধ ও তিলভক্ষণ এবং গুগ্‌গুল, নিম্ব, শ্বেতসর্ষপ, দূর্ব্বা ও গোরোচনাযুক্ত সূত্রদ্বারা দক্ষিণ হস্তে জন্মগ্রন্থি বন্ধন করিবে। ৩

খণ্ডনং নখকেশানাং মৈথুনাধ্বানমেব চ।
আমিষং কলহং হিংসাং বর্ষবৃদ্ধৌ বিবর্জ্জয়েৎ॥ ৪

ইতিস্কান্দে।

জন্মতিথিতে নখ ও কেশকর্ত্তন, মৈথুন, অধ্বগমন, (যাত্রা) আমিষভক্ষণ, কলহ এবং হিংসা পরিত্যাগ করিবে। ৪

স্নাত্বা জন্মদিনে স্ত্রিয়ং পরিহরন্ প্রাপ্নোত্যভীষ্টাং শ্রিয়ং
মৎস্যান্ মোচয়তোদ্বিজায় দদতোঽপ্যায়ুশ্চিরং বর্দ্ধতে।
শক্তূন্ খাদতি যস্তু তস্য রিপবোনাশং প্রয়ান্তি ধ্রুবং
ভুঙ্‌ক্তে যস্তু নিরামিষং সহি ভবেজ্জন্মান্তরে পণ্ডিতঃ॥ ৫

ইতিজ্যোতিষে।

জন্মতিথিতে স্নান করিলে এবং স্ত্রীসংসর্গ পরিত্যাগ করিলে অতুলা শ্রীলাভ হয়। আর মৎস্যমোচন পূর্ব্বক ব্রাহ্মণকে দান করিলে আয়ুর্বৃদ্ধি হইয়া থাকে। জন্মতিতিতে শক্তু খাদক ব্যক্তির শত্রুগণ বিনষ্ট হয় এবং নিরামিষ ভোজন করিলে জন্মান্তরে পণ্ডিত হইয়া থাকে। ৫

মৃতে জন্মনি সংক্রান্তৌ শ্রাদ্ধে জন্মদিনে তথা।
অস্পৃশ্যস্পর্শনে চৈব ন স্নায়াদুষ্ণবারিণা॥ ৬

ইতিবৃদ্ধমনুঃ॥

বৃদ্ধমনু কহিয়াছেন,—মরণ জন্য অঙ্গাস্পৃশত্ব হইলে, পুত্র জন্মিলে, সংক্রান্তিনিমিত্তে, শ্রাদ্ধদিনে, জন্মতিথিতে এবং অস্পৃশ্য বস্তু স্পর্শ করিলে উষ্ণ জলে স্নান করিবে না। ৬

অথ জন্মতিথেরুভয়দিনে লাভে ব্যবস্থামাহ।

যুগাদ্যা বর্ষবৃদ্ধিশ্চ সপ্তমী পার্ব্বতীপ্রিয়া।
রবেরুদয়মীক্ষন্তে ন তত্র তিথিযুগ্মতা॥ ৭

ইতিদেবীপুরাণম্।

দেবীপুরাণে উক্ত হইয়াছে,—যুগাদ্যা, জন্মতিথি ও আশ্বিনের শুক্লাসপ্তমী যদি উভয়দিনে পূর্ব্বাহ্নে লাভ হয় তবে উদয়গামিনী তিথি গ্রহণ করিবে না, অতএব জন্মতিথি উভয়দিন পূর্ব্বাহ্নে লাভ হইলে পরদিন কৃত্য করিতে হইবে। ৭

ঘস্রদ্বয়ে জন্মতিথির্যদি স্যাৎ পূজ্যা তদা জন্মভসংযুতৈব।
অসংযুতা তেন দিনদ্বয়েঽপিপূজ্যা পরা যা ভবতীহ যত্নাৎ॥ ৮

ইতিবৃহদ্রাজমার্ত্তণ্ডে।

উভয়দিন পূর্ব্বাহ্নে জন্মতিথি লাভ হইলে যে দিন জন্মনক্ষত্র পূর্ব্বাহ্নে থাকিবে সেই দিনই জন্মতিথির কৃত্য করিতে হইবে; আর উভয়দিন পূর্ব্বাহ্নে জন্মনক্ষত্র থাকিলে কি একদিনও না হইলে পরদিনে জন্মতিথির কৃত্য করিবে। পূর্ব্বাহ্নেতরকালে জন্মনক্ষত্রযোগ হইলেও আদর নাই। ৮

বিস্তরেণালং প্রকৃতমনুসরামঃ।

অথ স্বনক্ষত্রে জন্মতিথিফলম্।

জন্মর্ক্ষযুক্তা যদি জন্মমাসে যস্য ধ্রুবং জন্মতিথির্ভবেচ্চ।
ভবন্তি সংবৎসরমেব যাবন্নৈরুজ্যসম্মানসুখানি তস্য॥ ৯

জন্মনক্ষত্র জন্মতিথিযোগে ফল কথিত হইতেছে,—যদি কোন ব্যক্তির জন্মমাস মধ্যে জন্মনক্ষত্রযুক্ত জন্মতিথি হয় তাহা হইলে সেই বৎসর তাহার রোগ হয় না এবং সংবৎসর পর্য্যন্ত সম্মানলাভ ও সুখভোগ করিয়া থাকে। ৯

জন্মতিথৌ স্বনক্ষত্রযোগে ফলমাহ। জন্মর্ক্ষেতি সুগমম্। ১

কৃতান্তকুজয়োর্ব্বারে যস্য জন্মদিনং ভবেৎ।
অনৃক্ষযোগসংপ্রাপ্তৌ বিঘ্নস্তস্য পদে পদে॥ ১০

যদি কোন মনুষ্যের শনিবারে কি মঙ্গলবারে জন্মতিথি হয় তবে তাহার বিঘ্ন ঘটে এবং তাহাতে যদি জন্মনক্ষত্র যুক্ত না হয় তাহা হইলে সেই বৎসর উক্ত ব্যক্তির পদে পদে বিঘ্ন হইয়া থাকে। ১০

শনিকুজবারে জন্মতিথিপ্রাপ্তৌ দোষমাহ। কৃতান্তেতি। শনিমঙ্গলবারে জন্মতিথৌ সত্যাং বিঘ্নঃ স্যাৎ। তথা অনৃক্ষযোগসংপ্রাপ্তৌ ঋক্ষযোগাভাবে পদে পদে বিঘ্নঃ স্যাদিত্যর্থঃ।

অতএব সৌরারয়োর্দ্দিনে মুক্তাদেয়া অনৃক্ষে তু কাঞ্চনমিতি পৃথক্ পৃথক্ প্রতীকারোঽনন্তরং বক্ষ্যতে। সৌভরিণা তু যদি নক্ষত্রযোগাভাবঃ তাত্তদৈব শনিকুজবারে দোষোভবেৎ ইতিনিগদিত আত্মনোমূর্খত্বং প্রতিপাদিতম্। ১০

## অথ শনিমঙ্গলবারযুক্তজন্মনক্ষত্রফলম্।

জন্মন্যৃক্ষে যদি স্যাতাং বারৌ ভৌমশনৈশ্চরৌ।
স মাসঃ কল্মষো নাম মনোদুঃখপ্রদায়কঃ॥ ১১

যে কোনমাসে জন্মনক্ষত্র যদি মঙ্গলবারে কিংবা শনিবারে হয় তাহা হইলে সেইমাস তাহার পাপমাস বলিয়া অভিহিত হয় এবং সেই মনুষ্যের ঐ মাসে নানাপ্রকার মনোদুঃখ হইয়া থাকে। ১১

যস্মিন্ কস্মিন্নপি মাসি শনিকুজবারে জন্মনক্ষত্রে সতি দোষমাহ। জন্মনীতি। কল্মষঃ পাপইত্যর্থঃ। ১১

## অথ দোষশান্তিঃ।

তস্য সর্ব্বৌষধিস্নানং গ্রহবিপ্রসুরার্চ্চনম্।
সৌরারয়োর্দ্দিনে মুক্তাদেয়াঽনৃক্ষে তু কাঞ্চনম্॥ ১২

জন্মতিথিতে ও প্রতিমাসে জন্মনক্ষত্রে শনিবার কিম্বা মঙ্গলবার যোগ হইলে যে দোষ উক্ত হইয়াছে, তাহা শান্তির জন্য সর্ব্বৌষধিযুক্ত জলে স্নান, গ্রহ, ব্রাহ্মণ ও দেবতার পূজা করিবে এবং শনি, মঙ্গলবারে জন্মতিথি ও জন্মনক্ষত্রজন্য দোষশান্ত্যর্থ মুক্তাদান, জন্মনক্ষত্রবিহীন জন্মতিথিতে কাঞ্চন দান করিতে হইবে। ১২

এতৎপ্রতীকারমাহ। তস্যেতি। যস্য জন্মতিথৌ প্রতিমাসং জন্মনক্ষত্রে বা দোষউক্ত স্তস্যেত্যর্থঃ। সৌরারয়োর্দ্দিনে জন্মতিথৌ জন্মনক্ষত্রে বা মুক্তাদেয়া, তথা অনৃক্ষে জন্মতিথৌ স্বনক্ষত্রযোগাভাবে তু কাঞ্চনং দেয়মিত্যর্থঃ। ১২

## অথ সর্ব্বৌষধিকথনম্।

মুরামাসী বচা কুষ্ঠং শৈলেয়ং রজনীদ্বয়ম্।
শঠী চম্পকমুস্তঞ্চ সর্ব্বৌষধিগণঃ স্মৃতঃ॥ ১৩

সর্ব্বৌষধি কথিত হইতেছে,—মুরামাংসী (জটামাংসী) বচ, কুড়, শৈলেয় অর্থাৎ শৈলজ, হরিদ্রা, দারুহরিদ্রা, শঠী, চম্পক (ভুমিচম্পক) মুথা এই সকল দ্রব্যকে সর্ব্বৌষধি বলিয়া থাকে। ১৩

ইতিজন্মতিথিকথনম্।

ইতি জ্যোতিষতত্ত্ববারিধৌ দেবতাগঠনাদি জন্মতিথ্যন্তঃ পঞ্চমস্তরঙ্গঃ।

# অথ যাত্রা।

সিংহে ধনুষি মীনে চ স্থিতে সপ্ততুরঙ্গমে।
যাত্রোদ্বাহগৃহারম্ভক্ষৌরকর্ম্মাণি বর্জ্জয়েৎ॥ * ১

ইতিসংবৎসরপ্রদীপে।

অনন্তর যাত্রা কথিত হইতেছে,—সিংহে, ধনুতে ও মীনে সূর্য্য থাকিলে অর্থাৎ সৌরভাদ্রে, পৌষে ও চৈত্রে যাত্রা, বিবাহ, গৃহারম্ভ এবং ক্ষৌরকার্য্য পরিত্যাগ করিবে। ১

ষষ্ঠ্যষ্টমীদ্বাদশীষু ন গচ্ছেত্ত্রিদিনস্পৃহশি।
পূর্ণিমাপ্রতিপদ্দর্শরিক্তাবমদিনেষু চ॥ ২

ইতিদীপিকায়াম্।

ষষ্ঠী, অষ্টমী, দ্বাদশী, পূর্ণিমা, প্রতিপদ, অমাবস্যা ও রিক্তাতিথিতে এবং ত্র্যহস্পর্শ ও অবমদিনে যাত্রা করিবে না। ২

নিষিদ্ধতিথিমাহ। ষষ্ঠীতি। ত্রিদিনস্পৃশি ত্র্যহস্পৃশি পূর্ব্বোক্তে অত্র চ প্রতিপদোর্ব্বিধিনিষেধশ্চ শ্রূয়তে। যথা রাজমার্ত্তণ্ডে। প্রতিপৎসু প্রয়াতানাং সিদ্ধিরেব ন সংশয়ঃ। এতচ্চ চন্দ্রস্য ক্ষীণত্বপূর্ণত্ববশেন শুক্লকৃষ্ণাভেদেন নিষেধোবিধিশ্চ জ্ঞাতব্য ইতি। দর্শোঽমাবস্যা রিক্তা চতুর্থীনবমীচতুর্দ্দশ্যঃ। অবমদিনং পূর্ব্বোক্তং ত্র্যহস্পর্শবমদিনয়োশ্চ ভেদস্তত্রৈব কৃতঃ। ইতিশেষং স্পষ্টার্থং। অত্র চ লগ্নবিশেষবশেন তিথিনিষেধ উক্তঃ। পশুপতিদীপিকায়াং। "দ্বিতীয়ামীনধনুষোশ্চতুর্থী বৃষকুম্ভয়োঃ। মেষকর্কটয়োঃ ষষ্ঠী কন্যামিথুনকেঽষ্টমী। দশমী বৃশ্চিকে সিংহে দ্বাদশী মকরে তুলে। এভির্যাতো ন জীবেত যদি শক্রসমোভবেৎ। এষু গন্তুর্ব্বিনাশঃ স্যাৎ প্রবেশে ভঙ্গভাগ গৃহে। বিবাহে চৈব বৈধব্যং চূড়ায়াং মরণং ধ্রুবম্। কৃষ্যারম্ভে ফলং নাস্তি ব্রতদানে চ মূর্খতা। শুভকর্ম্মাণি সর্ব্বাণি নৈব কুর্য্যাদ্বিচক্ষণঃ। অত্র কেচিৎ তিথিভেদাৎ পূর্ব্বাদিদিক্ষু যোগিন্যবস্থিতত্বেন তত্তদ্দিশি যাত্রানিষেধঃ বদন্তি বচনঞ্চ পঠন্তি। প্রতিপন্নবমী পূর্ব্বে রামারুদ্রাশ্চ পাবকে। শরঃ ত্রয়োদশী যাম্যে বেদামাসাশ্চ নৈঋর্তে। ষষ্ঠী চতুর্দ্দশী পশ্চাৎ বায়ৌ পূর্ণা চ সপ্তমী। দ্বিতীয়া দশমী সৌম্যামৈশান্যামষ্টমী কুহূঃ। বামে শুভকরী দেবী দক্ষিণে মৃত্যুদা স্থিতা; বধবন্ধকরী চাগ্রে পৃষ্ঠে সর্ব্বার্থসাধিনী। এতদনাকরং সাকরত্বে বা যোগিন্যাশ্চতুশ্চতুর্দ্দণ্ডক্রমেণ ঘোটকগত্যা বামাবর্ত্তেন প্রতিদিকৃস্থ ভ্রমণাদনাস্থাপ্রসঙ্গঃ স্যাৎ। তথা চ পঠন্তি যামার্দ্ধেনাশ্বগত্যা তু ভ্রমতে দিক্ষু যোগিনীতি। ২

তথা যমদ্বিতীয়ায়াং যাত্রায়াং মরণং ভবেৎ। ৩

ইতিজ্যোতিষে।

---

* এষযাত্রানিষেধঃ রাজেতরপরঃ। ইতিমলমাসতত্ত্বে স্মার্ত্তেনাভিহিতং, ভাদ্রচৈত্রপৌষে বৃহদ্‌যাত্রানিষেধ ইতিজ্যোতিঃসারে রামকান্তঃ।

জ্যোতিষে কথিত হইয়াছে যে,—যমদ্বিতীয়া ( ভ্রাতৃদ্বিতীয়া ) তিথিতে যাত্রা করিলে সেই ব্যক্তির মরণ হইয়া থাকে। ৩

অজাতচন্দ্রা প্রতিপত্তিথির্যা সা সর্ব্বথা সিদ্ধিকরী ন পুংসাম্।
কলোন চন্দ্রা প্রতিপত্তিথির্যা সা সর্ব্বদা সিদ্ধিকরী নিযুক্তা॥ ৪

অজাতচন্দ্র অর্থাৎ শুক্লপ্রতিপদতিথিতে যাত্রা করিলে গন্তার মনস্কামনা সিদ্ধ হয় না, কলোনচন্দ্রা ( কৃষ্ণাপ্রতিপদ্ ) তিথিতে যাত্রা করিলে তাহার যাত্রা শুভকরী হইয়া থাকে। ৪

প্রতিপৎসু প্রযাতানাং সিদ্ধিরেব ন সংশয়ঃ।
দ্বিতীয়ায়াং শুভঃ পন্থাস্তৃতীয়ায়াং জয়ীভবেৎ।
বধবন্ধনসংক্লেশশ্চতুর্থ্যাং নাত্র সংশয়ঃ।
পঞ্চম্যামীপ্সিতার্থঃ স্যাৎ ষষ্ঠ্যাং ব্যাধিযুতো ভবেৎ।
সপ্তম্যামর্থলাভঃ স্যাদষ্টম্যামস্ত্রপীড়নম্।
নবম্যাং মৃত্যুসংযোগান্নগন্তব্যং কদাচন।
দশম্যাং ভূমিলাভঃ স্যাদেকাদশ্যামরোগিতা।
দ্বাদশ্যাঞ্চ ন গন্তব্যং সর্ব্বসিদ্ধা ত্রয়োদশী।
চতুর্দ্দশ্যাং পঞ্চদশ্যাং গমনঞ্চ নিষেধয়েৎ॥ ৫

ইতিজ্যোতিস্তত্ত্বে।

কৃষ্ণপ্রতিপদে যাত্রা করিলে গন্তার মনোরথ সিদ্ধ হয়, এইরূপ উভয় দ্বিতীয়াতে শুভ, তৃতীয়াতে জয়লাভ, চতুর্থীতে বধবন্ধনক্লেশ, পঞ্চমীতে অভীষ্টলাভ, ষষ্ঠীতে রোগ, সপ্তমীতে অর্থলাভ, অষ্টমীতে অস্ত্রাঘাত এবং নবমীতে যাত্রা করিলে মৃত্যু হইয়া থাকে, অতএব ইহাতে কদাচও গমন করিবে না। আর দশমীতে যাত্রা করিলে ভূমিলাভ ও একাদশীতে অরোগিতা লাভ হয়, কিন্তু দ্বাদশীতে যাত্রা করিবে না, ত্রয়োদশীতে সকলকার্য্য সিদ্ধি হয়, চতুর্দ্দশী, অমাবস্যা এবং পূর্ণিমাতে যাত্রা নিষেধ। ৫

সংত্যজেদ্দিবসে যাত্রাং সূর্য্যারার্কীন্দুবক্রিণাম্।
অষ্টবর্গদশাপাকেষ্বনিষ্টফলদস্য চ॥ ৬

ইতিজ্যোতিস্তত্ত্বে।

রবি, মঙ্গল, শনি ও সোমবারে এবং গ্রহবক্রী থাকিলে তাহার বারে যাত্রা ত্যাগ করিবে, আর অষ্টবর্গে কি দশাপাকে যে সকল গ্রহ অনিষ্টদায়ক সেই গ্রহের বারেও যাত্রা করিবে না। ৬

যাত্রায়াং নিষিদ্ধবারানাহ। সংত্যজেদিতি। সূর্য্যস্যারস্য মঙ্গলস্য আর্কেঃ শনেরিন্দোশ্চন্দ্রস্য বক্রিগ্রহস্য বারে যাত্রাং ত্যজেৎ। তথা লঘুযাত্রায়াং। সূর্য্যদিবসেবিনাশশ্চান্দ্রে শক্তিক্ষয়োঽর্থহানিশ্চ। অনলাসৃক্পিত্তরুজঃ কৌজে বৌধে সুহৃদপ্রাপ্তিঃ। জৈবে জয়ধনলব্ধিঃ শৌক্রে স্ত্রীবস্ত্রগন্ধধনলাভঃ। দৈন্যবধবন্ধরোগান্ প্রাপ্নোতি দিনেঽর্কপুত্রস্য। * তথাচ তত্রৈব বক্রী ন শুভঃ কেন্দ্রে তদহঃ তদ্বর্গলগ্নকেতি। অত্র চ বারিধিপতেরনুলোমদিশি গমনং প্রশস্তং প্রতিলোমদিশি ন প্রশস্তং। যথা রাজমার্ত্তণ্ডে। তোয়েশবহ্নিধনদান্তকরাক্ষসানাং বাতোবদানিলশতক্রতুশঙ্করাণাং দিগ্ভাগমুষ্ণকিরণাদি দিনেষু দেবৈঃ সংরক্ষিতোঽপি নিধনং নচিরাদুপৈতি। প্রতীচীং রবিবারেণ প্রাচীঞ্চ রবিনন্দনে। উদীচীং ভূমিপুত্রেণ ন যায়াদ্দক্ষিণাং বুধে। তথা পশুপতিদীপিকায়াং। দক্ষিণদিঙ্মুখগমনং বাপ্যাভিনবাসু নারীষু ব্যয়মপি শস্তফলানাং ন বুধোবুধবাসরে কুর্য্যাৎ। সামান্যেনোক্তং বিশেষমাহ। অষ্টবর্গেতি। অষ্টবর্গাদ্যুক্তগোচরে দশাপাকাদৌ আদিশব্দান্তর্দ্দশাদৌ। নাড়ীনক্ষত্রাদৌ চানিষ্টফলদস্য শুভগ্রহস্যাপি বারে যাত্রাং সংত্যজেৎ। এবঞ্চ পাপগ্রহস্যাপি অষ্টবর্গাদৌ শুভফলদস্য বারে যাত্রা প্রশস্তা। তথা প্রতিলোমাদিগ্রহস্যাপি বারে গোচরাদৌ শুভদত্বেন যাত্রা শুভেতি তাৎপর্য্যার্থঃ। যথা রাজমার্ত্তণ্ডে। আশ্চর্য্যকং পুনরিদং যশুভঃ শুভোবা যঃ স্যাদ্গ্রহঃ শুভফলোদিনপঃ প্রশস্তঃ। তথা লঘুযাত্রায়াং। উপচয়করগ্রহদিনে সিদ্ধিঃ ক্রূরেঽপি যায়িনাং ভবতি। সৌম্যেঽপ্যনুপচয়স্থে ন ভবতি যাত্রা শুভা যাতুঃ। ৬

সূর্য্যদিনেঽধ্বনি নাশশ্চন্দ্রে শক্তিক্ষয়োঽর্থহানিশ্চ।
অনলাসৃক্পিত্তরুজঃ কৌজে বুধে সুহৃৎপ্রাপ্তিঃ।
জৈবে ধনজয়লব্ধিঃ শৌক্রে স্ত্রীবস্ত্রগন্ধধনলাভান্।
দৈন্যেবধবন্ধরোগান্ প্রাপ্নোতি দিনেঽর্কপুত্রস্য॥ ৭

ইতিজ্যোতিস্তত্ত্বে।

রবিবারে গমন করিলে গন্তার মৃত্যু হয়; এইরূপ সোমবারে শক্রক্ষয় ও অর্থহানি, মঙ্গলবারে অগ্নিভয় ও রক্তপিত্তপীড়া, বুধবারে বন্ধুপ্রাপ্তি, বৃহস্পতিবারে ধনপ্রাপ্তি ও জয়লাভ, শুক্রবারে স্ত্রী, বস্ত্র, গন্ধদ্রব্য ও ধনলাভ এবং শনিবারে যাত্রা করিলে দৈন্যতা, বধ, বন্ধন ও রোগপ্রাপ্তি হইয়া থাকে। ৭

উপচয়গ্রহদিনে সিদ্ধিঃ ক্রূরেষ্বপি যায়িনাং ভবতি।
সৌম্যেঽনুপচয়স্থে ন ভবতি যাত্রা শুভা যাতুঃ॥ ৮

ইতিজ্যোতিস্তত্ত্বে।

* টীকাতে যে সকল বচন লিখিত আছে তাহার মধ্যে কোন কোনটি নিতান্ত আবশ্যক বিবেচনায় সাধারণের বোধগম্য হওয়ার নিমিত্তে মূলে উদ্ধৃত করিয়া অনুবাদ করা গেল, ইহাতে দ্বিরুক্তি বিবেচনা করিয়া পাঠকবর্গ ত্যক্ত হইবেন না।

ক্রূরগ্রহগণ যদি উপচয়স্থ ( তৃতীয়, একাদশ, ষষ্ঠ কি দশমস্থ ) হ'ন তবে সে সকল গ্রহের বারে গন্তার যাত্রা শুভ হইবে। আর শুভগ্রহগণ যদি অনুপচয়স্থ হ'ন তাহা হইলে তাঁহাদের বারে যাত্রা শুভদায়িকা হয় না। ৮

শুক্রাদিত্যদিনেন বারুণদিশং ন জ্ঞে কুজে চোত্তরাং
মন্দেন্দ্বোশ্চ দিনে ন শক্রককুভং যাম্যাং গুরৌ ন ব্রজেৎ।
শূলানীতিবিলঙ্ঘ্য যান্তি মনুজা যে সৌখ্যবিত্তাশয়া
ভ্রষ্টাশাঃ পুনরাপতন্তি যদি তে শক্রেণ তুল্যা অপি॥ ৯

শুক্রবার ও রবিবারে পশ্চিমদিকে গমন করিবে না, এইরূপ বুধবার ও মঙ্গলবারে উত্তরদিকে, শনিবার ও সোমবারে পূর্ব্বদিকে এবং বৃহস্পতি-বারে দক্ষিণদিকে গমন নিষিদ্ধ হইয়া থাকে। ঐ সমস্ত দিকশূল দিনে যে ব্যক্তি সুখ ও বিত্তের আশা করিয়া গমন করে সে ইন্দ্রতুল্য হইলেও নিরাশ হইয়া থাকে। ৯

দিগীশাহে শুভা যাত্রা পৃষ্ঠাহে মরণং ধ্রুবম্। ১০

ইতিজ্যোতিস্তত্ত্বে।

দিগধিপতির বারে সেই দিকে যাত্রা করিলে শুভফল হয়,আর দিগধিপতিকে পৃষ্ঠদিকে রাখিয়া যাত্রা করিলে গন্তার মরণ হইয়া থাকে। ১০

### অথ দিগধিপতিকথনম্।

সূর্য্যঃ শুক্রঃ ক্ষমাপুত্রঃ সৈংহিকেয়ঃ শনিঃ শশী।
সৌম্যস্ত্রিদশমন্ত্রী চ প্রাচ্যাদিদিগধীশ্বরাঃ॥ ১১

ইতিদীপিকায়াম্।

অনন্তর দিগধিপতি কথিত হইতেছে, যথা—পূর্ব্বদিকের অধিপতি রবি, অগ্নিকোণের অধিপতি শুক্র, দক্ষিণদিকের অধিপতি মঙ্গল, নৈর্ঋতকোণের অধিপতি রাহু, পশ্চিমদিকের অধিপতি শনি, বায়ুকোণের অধিপতি চন্দ্র, উত্তরদিকের অধিপতি বুধ এবং ঈশানকোণের অধিপতি বৃহস্পতি হইয়া থাকেন। ১১

পূর্ব্বাদ্যষ্টদিশাং পতীনাহ। সূর্য্যইতিস্পষ্টার্থম্। ১১

দিগীশবারে গমনং প্রশস্তং বিহায় সৌম্যং যদি জীবিতাশা।
ন বার দোষাঃ প্রভবন্তি রাত্রৌ বিশেষতোঽর্কাবনিভূশনীনাম্॥ ১২

ইতিগর্গঃ।

দিগধিপতির বারে সেই দিকে গমন প্রশস্ত হয়, কিন্তু বুধবারে

জীবনের আশা করিলে উত্তরদিকে গমন করিবে না। রাত্রিতে উক্ত বার-দোষ অনিষ্টজনক হয় না, বিশেষতঃ রবি, মঙ্গল ও শনিবারে রাত্রিতে দোষ থাকে না। ১২

পূর্ব্বাস্যাং সূর্য্যশুক্রৌ চ প্রতীচ্যাং শনিসোমকৌ।
দক্ষিণস্যাং ক্ষিতিসুতশ্চোত্তরস্যাং বৃহস্পতিঃ॥ ১৩

ইতিজ্যোতিঃসারে।

রবি ও শুক্রবারে পূর্ব্বদিকে গমন প্রশস্ত, এইরূপ শনি ও সোমবারে পশ্চিমে, মঙ্গলবারে দক্ষিণে এবং বৃহস্পতিবারে উত্তরদিকে গমন প্রশস্ত হইয়া থাকে। ১৩

ন গচ্ছেদুত্তরে ভৌমে ন প্রাচ্যাম্দিশি সোমকে।
যাম্যে দেবগুরৌ চৈব ন গন্তব্যং কদাচন।
ঈশানে চৈব নৈর্ঋত্যামাগ্নেয্যাং মারুতে তথা।
ন গন্তব্যং সুরাচার্য্যে প্রতীচ্যাং রবিশুক্রয়োঃ॥ ১৪

ইতিসারসংগ্রহে।

উত্তরদিকে মঙ্গলবারে যাত্রা করিবে না, পূর্ব্বদিকে সোমবারে যাত্রা নিষেধ, দক্ষিণদিকে, ঈশানকোণে, নৈর্ঋতে, অগ্নিকোণে ও বায়ুকোণে বৃহস্পতিবারে কদাচও যাত্রা করিতে নাই। আর রবিবারে ও শুক্রবারে পশ্চিমে যাত্রা নিষিদ্ধ। ১৪

শনিসোমদিনে প্রাচীং দক্ষিণাং বুধজীবয়োঃ।
প্রতীচীং রবিশুক্রাহে গচ্ছেদ্ভৌমে ন চোত্তরাম্॥ ১৫

সৎকৃত্যমুক্তাবলীতে কথিত হইয়াছে যে,—শনি ও সোমবারে পূর্ব্বদিকে গমন নিষেধ হয়, এইরূপ বুধ ও বৃহস্পতিবারে দক্ষিণদিকে, রবি ও শুক্রবারে পশ্চিমদিকে এবং মঙ্গলবারে উত্তরদিকে গমন নিষিদ্ধ হইয়া থাকে। ১৫

প্রবন্ধা।

শনি সোম পূবে বারে, বুধ বৃহস্পতি দক্ষিণে মারে।
রবি শুক্র পশ্চিমে শূল, উত্তরে মঙ্গল করে নির্ম্মূল।
শুক্রাদিত্য পূর্ব্বে সিদ্ধি, বুধ বৃহস্পতি উত্তরে নিধি॥
শনি সোম পশ্চিমে কাজ, দক্ষিণে মঙ্গল-ভুজে রাজ॥ *

* খনাবাক্যাদ্‌বুধবারেঽপি উত্তরদিগ্‌গমনে ন দোষ ইতি জ্যোতিঃসারে।

## অথ বারবেলাকথনম্।

কৃতমুনিযমশরমঙ্গরামর্ত্তুষু ভাস্করাদিযামার্দ্ধে।
প্রভবতি হি বারবেলা ন শুভাশুভকার্য্যকরণায় ॥ ১৬

অনন্তর বারবেলা কথিত হইতেছে,—দিনমানকে আটভাগে বিভক্ত করিলে তাহার এক এক ভাগের নাম যামার্দ্ধ। রবিবার চতুর্থ যামার্দ্ধ বারবেলা হয়, অর্থাৎ দেড়প্রহরের পর এক যামার্দ্ধ বারবেলা হইয়া থাকে। এইরূপ সোমবারে সপ্তম যামার্দ্ধ, মঙ্গলবারে দ্বিতীয় যামার্দ্ধ, বুধবারে পঞ্চম যামার্দ্ধ, বৃহস্পতিবারে অষ্টম যামার্দ্ধ, শুক্রবারে তৃতীয় যামার্দ্ধ এবং শনিবারে ষষ্ঠ যামার্দ্ধ অর্থাৎ আড়াই প্রহরের পরে বারবেলা হইয়া থাকে। এই সকল বারবেলাতে শুভাশুভ কোন কার্য্যই কর্ত্তব্য নহে। ১৬

বারবেলামাহ। কৃতেতি। কৃতাদিসংখ্যাসু চতুরাদিসংখ্যাবিষয়েষু যথাসংখ্যং ভাস্করাদীনাং যামার্দ্ধং প্রহরার্দ্ধং তত্র বারবেলা স্যাৎ, সা শুভাশুভ কর্ম্মকরণায় ন শুভা স্যাৎ। রবিবারে চতুর্থযামার্দ্ধে বারবেলা সোমবারে সপ্তমযামার্দ্ধ ইত্যাদি অত্র চ বারপ্রবৃত্তিকালাদেব বারবেলা গণনীয়েত্যাহুরেতচ্চ যুক্তিসিদ্ধং ব্যবহ্রিয়তে চ কৈশ্চিৎ। * ১৬

## অথ কালবেলাদিকথনম্।

কালস্য বেলা রবিতঃ শরাঙ্কী-কালানলাগাম্বুধয়োগজেন্দূ
দিনে নিশায়াম্ ঋতুবেদনেত্র-নগেষুরামাবিধুদন্তিনৌ চ ॥ ১৭

কালবেলা কথিত হইতেছে,—রবিবারে পঞ্চম যামার্দ্ধ কালবেলা হয় অর্থাৎ দুইপ্রহরের পরে এক যামার্দ্ধ কালবেলা হইয়া থাকে। এইরূপ সোমবারে দ্বিতীয় যামার্দ্ধ, মঙ্গলবারে ষষ্ঠ যামার্দ্ধ, বুধবারে তৃতীয় যামার্দ্ধ, বৃহস্পতিবারে সপ্তম যামার্দ্ধ, শুক্রবারে চতুর্থ যামার্দ্ধ এবং শনিবারে প্রথম-যামার্দ্ধ ও অষ্টম যামার্দ্ধ কালবেলা হইয়া থাকে। এই কালবেলা দিবাতে হয়। রাত্রিতে রবিবারে ষষ্ঠ যামার্দ্ধ কালরাত্রি, এইরূপ সোমবারে চতুর্থ যামার্দ্ধ, মঙ্গলবারে দ্বিতীয় যামার্দ্ধ, বুধবারে সপ্তম যামার্দ্ধ, বৃহস্পতিবারে পঞ্চম যামার্দ্ধ, শুক্রবারে তৃতীয় যামার্দ্ধ এবং শনিবারে রাত্রিতে প্রথম-যামার্দ্ধ ও অষ্টম যামার্দ্ধ কালরাত্রি হয়। ১৭

কালবেলামাহ। কালস্যেতি। রবিতোরবিবারাদিতঃ দিনে যথাসংখ্যং শরাদিযামার্দ্ধানি কালস্য বেলা স্যাৎ। গজেন্দু ইতি দ্বিবচনাৎ শনিবারে প্রথমং শেষঞ্চ যামার্দ্ধং কালবেলা স্যাৎ। রাত্রৌ তু যথাসংখ্যমৃতুবেদাদি যামার্দ্ধানি কালবেলা ইত্যর্থঃ। অত্র চ কালস্য বেলেতি সংজ্ঞয়া অশুভত্বং দর্শিতমিতি। ১৭

---

* রবিঃ কবিঃ কুজোরাহুশ্চ গুরুশ্চন্দ্রঃ শনির্ব্বুধঃ। এতেষাং রাহুবেলায়াং বারবেলাঃ প্রকীর্ত্তিতাঃ। ইতিগ্রন্থান্তরে।

রবৌ বর্জ্জ্যং চতুঃপঞ্চ সোমে সপ্তদ্বয়ন্তথা।
কুজে ষষ্ঠদ্বয়ং চৈব বুধে বাণতৃতীয়কম্।
গুরৌ সপ্তাষ্টমঞ্চৈব ত্রিচত্বারি চ ভার্গবে।
শনাবাদ্যঞ্চ ষষ্ঠঞ্চ শেষঞ্চ পরিবর্জ্জয়েৎ॥ ১৮

ইতিসারসংগ্রহে।

সারসংগ্রহে উক্ত হইয়াছে যে,—রবিবারে চতুর্থ ও পঞ্চম যামার্দ্ধ অর্থাৎ দেড়প্রহরের পরে একপ্রহর ত্যাগ করিয়া কর্ম্ম করিতে হয়; এইরূপ সোমবারে দ্বিতীয় ও সপ্তম যামার্দ্ধ, মঙ্গলবারে দ্বিতীয় ও ষষ্ঠ যামার্দ্ধ, বুধবারে তৃতীয় ও পঞ্চম যামার্দ্ধ, বৃহস্পতিবারে সপ্তম ও অষ্টম যামার্দ্ধ, শুক্রবারে তৃতীয় ও চতুর্থ যামার্দ্ধ এবং শনিবারে প্রথম, ষষ্ঠ ও অষ্টম যামার্দ্ধ পরিত্যাগ করিয়া সমস্ত কার্য্য করিতে হইবে। ১৮

## অথ কালরাত্র্যাদিকথনম্।

রবৌ ষষ্ঠং বিধৌ বেদং কুজবারে দ্বিতীয়কম্।
বুধে সপ্ত গুরৌ পঞ্চ ভৃগুবারে তৃতীয়কম্।
শনাবাদ্যং তথা চান্তং রাত্রৌ কালং বিবর্জ্জয়েৎ॥ ১৯

ইতিসারসংগ্রহে।

রবিবার রাত্রিতে ষষ্ঠ যামার্দ্ধ কালরাত্রি, এইরূপ সোমবারে চতুর্থ যামার্দ্ধ, মঙ্গলবারে দ্বিতীয় যামার্দ্ধ, বুধবারে সপ্তম যামার্দ্ধ, বৃহস্পতিবারে পঞ্চম, যামার্দ্ধ, শুক্রবারে তৃতীয় যামার্দ্ধ এবং শনিবারে রাত্রিতে প্রথম যামার্দ্ধ ও অষ্টম যামার্দ্ধ কালরাত্রি-সংজ্ঞক হয়, ইহাতে সকল কর্ম্ম পরিত্যাগ করিবে। ১৯

রবৌ রসাব্ধী শীতগৌ হয়াব্ধী দ্বয়ং মহীজে বিধুজে শরাশ্বৌ।
গুরৌ শরাষ্টৌ ভৃগুজে তৃতীয়ং শনৌ রসাদ্যন্তমিতি ক্ষপায়াম্॥ ২০

ইতিসৎকৃত্যমুক্তাবল্যাম্।

সৎকৃত্যমুক্তাবলীতে উক্ত হইয়াছে যে,—রবিবারে রাত্রিতে ষষ্ঠ ও চতুর্থ যামার্দ্ধ কালরাত্রি হয়, এইরূপ সোমবারে সপ্তম ও চতুর্থ যামার্দ্ধ, মঙ্গলবারে দ্বিতীয় যামার্দ্ধ, বুধবারে পঞ্চম ও সপ্তম যামার্দ্ধ, বৃহস্পতিবারে পঞ্চম ও অষ্টম যামার্দ্ধ, শুক্রবারে তৃতীয় যামার্দ্ধ এবং শনিবারে রাত্রিতে ষষ্ঠ প্রথম ও অষ্টম যামার্দ্ধ কালরাত্রি হইয়া থাকে। ২০

## ফলম্।

যাত্রায়াং মরণং কালে বৈধব্যং পাণিপীড়নে।
ব্রতে ব্রহ্মবধঃ প্রোক্তঃ সর্ব্বকর্ম্মসু তং ত্যজেৎ॥ ২১

ইতিদীপিকায়াম্।

কালবেলাদিতে যাত্রা করিলে গন্তার মৃত্যু হয়, বিবাহে বৈধব্য ঘটে, এবং উপনয়ন হইলে ব্রহ্মবধজন্য পাপ জন্মে, অতএব এই কালবেলাদিতে সমস্ত কার্য্যই পরিত্যাগ করিতে হয়। ২১

## অথ কুলিককালনিরূপণম্।

মন্বর্কদিগস্টভূবেপক্ষৈরর্কাদ্মুহূর্ত্তৈঃ কুলিকাভবন্তি
দিবা নিরেকৈরথ যামিনীষু তে গর্হিতাঃ কর্ম্মসু শোভনেষু॥ ২২

ইতিগ্রন্থান্তরে।

রব্যাদি সপ্তবারে দিবাতে যথাক্রমে চতুর্দ্দশ, দ্বাদশ, দশম, অষ্টম, ষষ্ঠ, চতুর্থ ও দ্বিতীয় মুহূর্ত্ত কুলিকসংজ্ঞায় অভিহিত হয়; এবং রাত্রিতে ঐ সকল মুহূর্ত্তের এক এক ন্যূন অর্থাৎ ত্রয়োদশ, একাদশ, নবম, সপ্তম, পঞ্চম, তৃতীয়, ও প্রথম মুহূর্ত্ত যথাক্রমে রব্যাদি সপ্তবারে কুলিকসংজ্ঞায় খ্যাত হইয়া থাকে। কুলিককাল সকল মঙ্গল কার্য্যেই অশুভপ্রদ হয়। ২২

## অথ যামার্দ্ধে মাহেন্দ্রাদিদণ্ডকথনম্।

খ্যাতং বাবযমাসূর্য্যে মাবাবযকলানিধৌ।
যমাবাব কুজে জ্ঞেয়া বযমাবা সুধাংশুজে।
জীবে চৈব বাবযমা মাবাবযভৃগোঃ সুতে।
সূর্য্যপুত্রে যমাবাব ঘটীযুগ্মং শুভাশুভম্॥ * ২৩

ইতিজ্যোতিঃসারে।

অধুনা যামার্দ্ধে মাহেন্দ্রাদি যোগ কথিত হইতেছে;—রবিবারে প্রত্যেক যামার্দ্ধের প্রথম দণ্ড বায়ু, দ্বিতীয় দণ্ড বরুণ, তৃতীয় দণ্ড যম ও চতুর্থ দণ্ড মাহেন্দ্রসংজ্ঞক হয়; এইরূপ সোমবারে প্রথম দণ্ড মাহেন্দ্র, দ্বিতীয় দণ্ড বায়ু, তৃতীয় দণ্ড বরুণ, চতুর্থ দণ্ড যম, মঙ্গলবারে প্রথম দণ্ড যম, দ্বিতীয় দণ্ড মাহেন্দ্র, তৃতীয় দণ্ড বায়ু, চতুর্থ দণ্ড বরুণ, বুধবারে প্রথম দণ্ড বরুণ, দ্বিতীয় দণ্ড যম, তৃতীয় দণ্ড মাহেন্দ্র, চতুর্থ দণ্ড বায়ু, বৃহস্পতিবারে প্রথম দণ্ড বায়ু, দ্বিতীয় দণ্ড বরুণ, তৃতীয় দণ্ড যম, চতুর্থ দণ্ড মাহেন্দ্র; শুক্রবারে প্রথম দণ্ড মাহেন্দ্র, দ্বিতীয় দণ্ড বায়ু, তৃতীয় দণ্ড বরুণ, চতুর্থ দণ্ড যম, এবং শনিবারে প্রত্যেক যামার্দ্ধে প্রথম দণ্ড যম, দ্বিতীয় দণ্ড মাহেন্দ্র, তৃতীয় দণ্ড বায়ু, ও চতুর্থ দণ্ড বরুণসংজ্ঞক হইয়া থাকে। প্রত্যেকবারেই চারি চারি দণ্ডে শুভাশুভ দেখিতে হয়, ফল নিম্নে বিবৃত হইতেছে। ২৩

* বা বায়ুঃ, ব বরুণঃ, য যমঃ, মা মাহেন্দ্রঃ ইতি জ্যোতিঃসারে রামকান্তঃ।

### ফলম্।

মাহেন্দ্রবরুণয়োর্যাত্রা শুভা প্রোক্তা মনীষিভিঃ।
অন্যত্র চাশুভা জ্ঞেয়া জ্যোতিজ্ঞৈরিতি নিশ্চিতম্॥ ২৪

ইতিজ্যোতিঃসারে।

মাহেন্দ্র ও বরুণসংজ্ঞক দণ্ডে যাত্রা করিলে শুভফল প্রদান করে, আর বায়ু, ও যমসংজ্ঞক দণ্ডে যাত্রাতে অশুভ হইয়া থাকে, জ্যোতিজ্ঞ পণ্ডিতগণ এইরূপ বলিয়াছেন। ২৪

### অথ যোগিনীস্থিতিকথনম্।

প্রতিপন্নবমী পূর্ব্বে রামারুদ্রাশ্চ পাবকে।
শরঃ ত্রয়োদশী যাম্যে বেদামাসাশ্চ নৈঋর্তে।
ষষ্ঠী চতুর্দ্দশী পশ্চাদ্বায়ব্যাং মুনিপূর্ণিমে।
দ্বিতীয়া দশমী যক্ষে ঐশান্যামষ্টমী কুহূঃ॥ ২৫

ইতিজ্যোতিস্তত্ত্বে।

অনন্তর যোগিনী-স্থিতি নিরূপিত হইতেছে,—প্রতিপদে ও নবমীতিথিতে যোগিনীদেবী পূর্ব্বদিকে থাকেন, এইরূপ তৃতীয়া, ও একাদশীতে অগ্নি-কোণে, পঞ্চমী ও ত্রয়োদশীতে দক্ষিণদিকে, চতুর্থী ও দ্বাদশীতে নৈঋর্ত-কোণে, ষষ্ঠী ও চতুর্দ্দশীতে পশ্চিমদিকে, সপ্তমী ও পূর্ণিমাতে *বায়ুকোণে, দ্বিতীয়া ও দশমীতে উত্তরদিকে এবং অষ্টমী ও অমাবস্যাতিথিতে যোগিনী ঈশানকোণে অবস্থিত হইয়া থাকেন। ২৫

যোগিনী নবদণ্ডাস্তু শেষাবর্জ্জ্যাঃ প্রযত্নতঃ।
দক্ষসম্মুখযোগিন্যাং গমনং নৈব কারয়েৎ॥২৬

ইতিজ্যোতিস্তত্ত্বে।

যোগিনীর শেষ নয় দণ্ড যত্নপূর্ব্বক পরিত্যাগ করিবে, দক্ষিণদিকে কি সম্মুখে যোগিনী রাখিয়া কদাপি গমন করিবে না। ২৬

### খনা।

ঊর্দ্ধে যোগিনী পঞ্চদশ, দশ নেহালে পাতালে।
ডাইনে তের বামে তের, সম্মুখে নয় অন্তকালে॥

যস্যাদ্দিশ্যুদয়ং যাতি ততো বামার্দ্ধভুক্তিকা।
ভ্রমন্তী তেন মার্গেণ ভবেত্তৎকালযোগিনী॥ ২৭

---

* যত্রোদয়গতাদেবী তত্রশাস্তভুক্তিকা। ভ্রমন্তী তেন মার্গেণ ভবেত্তৎকালযোগিনী॥ তেন মার্গেণ পরতিথিক্রমেণ। ক্রমমাহ। ইন্দ্রে সৌম্যাগ্নি নৈঋ তযাম্যতোয়ানিলে শিবে। ইতিজ্যোতিঃসারে রামকান্তঃ।

যোগিনী যে তিথিতে যে দিকে উদিতা হ'ন্ সেইস্থানে যামার্দ্ধ ভোগ করিয়া পরতিথিক্রমে বামাবর্ত্তে অশ্বগতিতে * অন্যান্যদিকে গমন করিয়া থাকেন। ২৭

প্রাচীধনেশ্বরহুতাশনকোণপেয়-বৈবস্বতীবরুণাবায়বশঙ্করেষু।
এষু ক্রমান্নিবসতি প্রতিপন্নবম্যোর্ব্বামাগ্রতোঽভয়ঙ্করী নিধিরাজপুত্রী॥২৮

ইতিসারসংগ্রহে।

প্রতিপদ ও নবমীতিথিতে যোগিনী প্রথম চারিদণ্ড পূর্ব্বদিকে অবস্থিতি করেন আর উত্তরে, অগ্নিকোণে, নৈঋ‍র্তকোণে, দক্ষিণে, পশ্চিমে, বায়ুকোণে ও ঈশানকোণে, পরতিথিক্রমে. প্রতিপদ, দ্বিতীয়া ইত্যাদিক্রমে বামগতিতে ভোগ করিয়া থাকেন। যোগিনী বামদিকে কি পৃষ্ঠদেশে থাকিলে অভয় দান করেন। ২৮

খনা।

পূ; বা, দ, ঈ, প, অ, উ, নৈ, অশ্বপয়ানে, ধায়।
যুদ্ধযাত্রা-ন্যায় সম্মুখে যারে পায় তারে খায়॥

অন্যচ্চ।

বামে শুভকরী দেবী পৃষ্ঠে সর্ব্বার্থদায়িনী।
বধবন্ধকরী চাগ্রে দক্ষিণে মৃত্যুদায়িনী॥ ২৯

ইত্যস্য পূর্ব্বার্দ্ধং জ্যোতিস্তত্ত্বে।

যোগিনীদেবী বামদিকে থাকিলে শুভফল দান করেন, পৃষ্ঠদেশে থাকিলে সর্ব্বার্থ সিদ্ধি হয়, সম্মুখে অবস্থিত হইলে বধ ও বন্ধন দান করেন এবং দক্ষিণদিকে থাকিলে মৃত্যুদায়িকা হইয়া থাকেন। ২৯

গুণবতী তিথাবৃক্ষেঽনিষ্টে দিবাগমনং হিতম্।
নিশি চ ভগুণৈঃ শস্তং যানং তিথিগুণবর্জ্জিতে। ৩০

ইতিজ্যোতিস্তত্ত্বে।

তিথি শুভ হইয়া নক্ষত্র অশুভ হইলেও দিবাগমন প্রশস্ত হয়, রাত্রিতে নক্ষত্র শুভ হইয়া তিথি অশুভ হইলেও যাত্রা শুভদায়িকা হইবে। ৩০

যাম্যায়নে নিশাযাত্রা শুভা স্যাদুত্তরে দিবা।
চন্দ্রসূর্য্যৌ মৃগাদিস্থৌ পূর্ব্বাং যায়াত্তথোত্তরাম্।
দক্ষিণাং পশ্চিমামাশাং কর্ক্যাদৌ তৌ স্থিতৌ যদা।
অন্যথা বধবন্ধাদিক্লেশমাপ্নোত্যসংশয়ঃ॥ ৩১

ইতিজ্যোতিস্তত্ত্বে।

---

* যামার্দ্ধেনাশ্বগত্যা তু ভ্রমতে দিক্ষু যোগিনী। ইতিদীপিকাটীকায়াং গোবিন্দানন্দঃ।

দক্ষিণায়নে রাত্রিতে এবং উত্তরায়ণে দিবাতে যাত্রা শুভ হয়। চন্দ্র ও সূর্য্য মকরাদি মিথুনরাশি পর্য্যন্ত যে সময়ে অবস্থিত হ'ন সেইকালে পূর্ব্বদিকে ও উত্তরদিকে যাত্রা প্রশস্ত। উক্ত গ্রহদ্বয় কর্কট হইতে ধনুরাশি পর্য্যন্ত যতদিন থাকেন সেই সময়ে দক্ষিণদিকে ও পশ্চিমদিকে যাত্রা শুভ হইয়া থাকে। ইহার বিপরীত আচরণ করিলে গন্তার বধ-বন্ধন ও ক্লেশাদিভোগ করিতে হয় সংশয় নাই। ৩১

অথ রাহুভ্রমণচক্রম্।

পশ্চাদর্কে বিধৌ বহ্নৌ সৌম্যাং জ্ঞে বায়বে কুজে।
রক্ষোদিশি ভৃগৌ যাম্যাং গুরাবীশে শনৌ দিনে॥ ৩২

ইতিজ্যোতিস্তত্ত্বে।

রাহুভ্রমণচক্র কথিত হইতেছে,—রবিবারে প্রথম যামার্দ্ধে পশ্চিমে, সোমবারে অগ্নিকোণে, বুধবারে উত্তরে, মঙ্গলবারে বায়ুকোণে, শুক্রবারে নৈর্ঋতকোণে, বৃহস্পতিবারে দক্ষিণে এবং শনিবারে প্রথম যামার্দ্ধে রাহু ঈশানকোণে অবস্থিত হইয়া থাকেন। ৩২

রাহুর্ভ্রমতি যামার্দ্ধাদশ্বগত্যা চ বামতঃ।
প্রতীচ্যাং বহ্নিকোণে তু ততঃ সৌম্যামতোঽস্বপে।
ততঃ প্রাচ্যামতোবায়ৌ তস্মাদ্‌যাম্যাং ততঃ শিবে।
রবাবেবমন্যবারেষ্‌ূহমেবং ক্রমেণ হি॥ ৩৩

ইতিজ্যোতিস্তত্ত্বে।

রাহু এক এক যামার্দ্ধের পরে অশ্বগতিতে বামাবর্ত্তে ভ্রমণ করিয়া থাকেন। রবিবারে প্রথম যামার্দ্ধে পশ্চিমদিকে, দ্বিতীয় যামার্দ্ধে অগ্নিকোণে, তৃতীয় যামার্দ্ধে উত্তরে, চতুর্থ যামার্দ্ধে নৈর্ঋতে, পঞ্চম যামার্দ্ধে পূর্ব্বদিকে, ষষ্ঠ যামার্দ্ধে বায়ুকোণে, সপ্তম যামার্দ্ধে দক্ষিণে এবং অষ্টম যামার্দ্ধে রাহু ঈশানকোণে অবস্থিত থাকেন। রবিবারে রাহুর স্থিতি কথিত হইল, অন্যান্যবারে উক্তরূপ গতিতে যে যামার্দ্ধে যেখানে থাকিবেন তাহা পাঠক দেখিয়া লইবেন। ৩৩

দ্যূতে যুদ্ধে বিবাদে চ যাত্রায়াং সম্মুখস্থিতম্।
রাহুং বির্জ্জয়েদ্‌যত্নাদ্‌যদীচ্ছেৎ কর্ম্মণঃ ফলম্॥ ৩৪

ইতিজ্যোতিস্তত্ত্বে।

দ্যূতক্রীড়ায়, যুদ্ধে, বিবাদে এবং যাত্রাকালে ফল ইচ্ছা করিলে সম্মুখস্থিত রাহু যত্নপূর্ব্বক পরিত্যাগ করিবে। ৩৪

## অথ যাত্রিকনক্ষত্রকথনম্।

অশ্বিহস্তগুরুমৈত্রদৈবতৈঃ পৌষ্ণবিষ্ণুবসুশীতরশ্মিভিঃ।
যানমেতিরতিসুন্দরং বিদুঃ সর্ব্বএব মুনয়স্ত নেতরৈঃ॥ ৩৫

ইতিজ্যোতিস্তত্ত্বে।

অধুনা যাত্রাবিষয়ে নক্ষত্র কথিত হইতেছে,—অশ্বিনী, হস্তা, পুষ্যা, অনুরাধা, রেবতী, শ্রবণা, ধনিষ্ঠা ও মৃগশিরানক্ষত্রে যাত্রা করিলে শুভ হয়, সকল মুনিগণই এইরূপ বলিয়াছেন। কিন্তু উক্ত নক্ষত্র ভিন্নে যাত্রা করিলে শুভ হইবে না। ৩৫

## অন্যচ্চ।

অশ্বিনীমৈত্ররেবত্যোমৃগমূলপুনর্ব্বসুঃ।
পুষ্যা হস্তা তথা জ্যেষ্ঠা প্রস্থানে চোত্তমাঃ স্মৃতাঃ॥ ৩৬

ইতিসারসংগ্রহে।

বচনান্তরে কথিত হইয়াছে যে,—অশ্বিনী, অনুরাধা, রেবতী, মৃগশিরা, মূলা, পুনর্ব্বসু, পুষ্যা, হস্তা ও জ্যেষ্ঠানক্ষত্র যাত্রাতে উত্তম। ৩৬

## অপরঞ্চ।

রোহিণী ত্রীণি পূর্ব্বাণি চিত্রা স্বাতী চ বারুণম্।
শ্রবণা চ ধনিষ্ঠা চ যাত্রায়াং মধ্যমাঃ স্মৃতাঃ॥ ৩৭

ইতিসারসংগ্রহে।

রোহিণী, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, চিত্রা স্বাতী, শতভিষা, শ্রবণা ও ধনিষ্ঠানক্ষত্র যাত্রাতে মধ্যম। ৩৭

## অথ নিন্দ্যনক্ষত্রকথনম্।

চিত্রাশ্লেষাস্বাতিবিশাখাভরণীপিত্র্যেশকৃত্তিকাঃ।
নাতিশুভদা প্রয়াণে শেষাণি শুভাশুভানি ধিষ্ণ্যানি॥ ৩৮

ইতিজ্যোতিস্তত্ত্বে।

চিত্রা, অশ্লেষা, স্বাতী, বিশাখা, ভরণী, মঘা, আর্দ্রা ও কৃত্তিকানক্ষত্র যাত্রাতে অত্যন্ত অশুভদায়ক হয়, এতদ্ভিন্ন নক্ষত্র কোনটি শুভ এবং কোনটি অশুভদায়ক হইয়া থাকে। ৩৮

উত্তরাসু বিশাখাসু মঘার্দ্রাভরণীষু চ।
কৃত্তিকাশ্লেষয়োশ্চৈব প্রস্থানে মরণং ভবেৎ॥ ৩৯

ইতিসারসংগ্রহে।

উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, বিশাখা, মঘা, আর্দ্রা, ভরণী, কৃত্তিকা ও অশ্লেষানক্ষত্রে যাত্রা করিলে সেই ব্যক্তির মৃত্যু হয়। ৩৯

অথ নক্ষত্রাণাং দিগ্ব্যবস্থাকথনম্।

পূর্ব্বাদ্যগ্নিমঘানুরাধবসুভাদীন্যত্র দণ্ডেঽন্তরে
বায়ব্যগ্ন্যোর্ন স লঙ্ঘ্যমৈক্যমনলপ্রাচ্যোস্তথান্যাবিদিক্।
লগ্নে দিগ্বদনে তু দণ্ডগমনং প্রাচ্যাদিশূলং বিনা
তজ্জ্যেষ্ঠাজপদং সরোজনিলয়ঃ স্যাদুত্তরাফল্গুনী॥ ৪০

নক্ষত্রের দিগ্ব্যবস্থা কথিত হইতেছে,—পূর্ব্বদিকে কৃত্তিকাদি সপ্তনক্ষত্রে গমন করিবে, এইরূপ মঘাদি সপ্তনক্ষত্রে দক্ষিণে, অনুরাধাদি সপ্তনক্ষত্রে পশ্চিমে এবং ধনিষ্ঠাদি সপ্তনক্ষত্রে উত্তরে গমন প্রশস্ত জানিবে। অপর বায়ুকোণ হইতে অগ্নিকোণ পর্য্যন্ত একটি দণ্ড কল্পনা করিবে, উক্ত দণ্ড অলঙ্ঘনীয় অর্থাৎ পূর্ব্ব ও উত্তরদিকস্থ নক্ষত্রে দক্ষিণে ও পশ্চিমে গমন করিবে না এবং দক্ষিণ ও পশ্চিমস্থ নক্ষত্রে পূর্ব্বে ও উত্তরে গমন করিবে না, কিন্তু পূর্ব্বদিকস্থ নক্ষত্রে উত্তরে গমন করিবে, উত্তরদিকস্থ নক্ষত্রে পূর্ব্বে গমন করিবে, দক্ষিণদিকস্থ নক্ষত্রে পশ্চিমে গমন করিবে এবং পশ্চিমদিকস্থ নক্ষত্রে দক্ষিণদিকে গমন করিতে পারিবে; আর পূর্ব্বদিকস্থ নক্ষত্রে অগ্নিকোণে, দক্ষিণদিকস্থ নক্ষত্রে নৈর্ঋতকোণে, পশ্চিমদিকস্থ নক্ষত্রে বায়ুকোণে এবং উত্তরদিকস্থ নক্ষত্রে ঈশানকোণে গমন করিবে, বিশেষতঃ দিগানুকূল লগ্ন যদি দিঙ্মুখ লগ্ন হয় তবে পূর্ব্বাদিদিকের শূলসংজ্ঞক নক্ষত্র পরিত্যাগ করিয়া পূর্ব্বোক্ত দণ্ড লঙ্ঘন করিয়াও গমন করিতে পারিবে। দিক্শূলনক্ষত্র যথা—পূর্ব্বদিকে জ্যেষ্ঠা, দক্ষিণে পূর্ব্বভাদ্রপদ, পশ্চিমে রোহিণী, এবং উত্তরে উত্তরফল্গুনী। ৪০

নক্ষত্রাণাং দিগ্ব্যবস্থামাহ। পূর্ব্বাদীতি। পূর্ব্বাদি যথা স্যাৎ তথাগ্নিমঘানুরাধাবসুভাদীনি নক্ষত্রাণি স্যুঃ। পূর্ব্বে কৃত্তিকাদীনি সপ্ত, দক্ষিণে মঘাদীনি সপ্ত, পশ্চিমেঽনুরাধাদীনি সপ্ত, অভিজিতাসহ উত্তরে ধনিষ্ঠাদীনি সপ্ত স্যুঃ। এতেন স্বস্ব দিগুক্তনক্ষত্রৈস্তত্তদ্দিশি গমনং শস্তমিত্যর্থঃ। তত্রৈব বিশেষমাহ। অত্রেতি অত্র বায়ব্যগ্ন্যোরন্তরে মধ্যে দণ্ডঃ স্যাৎ স তু ন লঙ্ঘ্যঃ, এতেন পূর্ব্বোত্তরস্থনক্ষত্রৈর্দক্ষিণ-পশ্চিময়োর্ন গন্তব্যং। দক্ষিণপশ্চিমস্থনক্ষত্রৈঃ পূর্ব্বোত্তরয়োর্ন গন্তব্যং, কিন্তু পূর্ব্বস্থনক্ষত্রৈরুত্তরং গন্তব্যং, উত্তরস্থনক্ষত্রৈঃ পূর্ব্বং গন্তব্যং, দক্ষিণস্থনক্ষত্রৈঃ পশ্চিমং গন্তব্যং, পশ্চিমস্থনক্ষত্রৈর্দক্ষিণং গন্তব্যমিতি। তথা লঘুযাত্রায়াং। প্রাচ্যাদিসপ্তসপ্তক্রমেণ ধিষ্ণ্যানি কৃত্তিকাদীনি। অনুলোমান্যেকত্বং পূর্ব্বোত্তরয়োশ্চ দক্ষিণপরয়োঃ। অনিলানলদিগ্রেখাং পরিঘাখ্যাং যান্তি যে সমুল্লঙ্ঘ্য আজ্ঞাম্বিব কুলিশভৃতঃ পতন্তি ন চিরেণ তে ব্যসনে ইতি। ইদানীং দিগ্ব্যবস্থামাহ। ঐক্যমিতি। আগ্নেয়পূর্ব্বদিশোরৈক্যং পূর্ব্বদিঙ্-নক্ষত্রৈরগ্নিকোণে গন্তব্যমিত্যর্থঃ। তথৈব প্রকারেণান্যাবিদিক্ জ্ঞেয়া। দক্ষিণনৈর্ঋতয়োরৈক্যং পশ্চিমবাতয়োরুত্তরেশানয়োশ্চেতি। বিশেষমাহ লগ্নইতি। প্রাগাদিককুভাং নাথা ইত্যাদি

নোক্তং দিগ্দনং দিগনুকূললগ্নং তচ্ছুদ্ধিঙ মুখং লগ্নং যদি স্যাত্তদা প্রাচ্যাদিশূলং বিনা পূর্ব্বাদি-দিশাং শূলসংজ্ঞকং নক্ষত্রং বিহায় দণ্ডগমনং দণ্ডমূলত্যাপি গমনং কার্য্যং মধ্যপদলোপীসমাসঃ, শূলেঽপি কদাচিন্ন গমনমিত্যর্থঃ। তথা বৃহদ্‌যাত্রায়াং। উল্লঙ্ঘ্য দণ্ডমপি কামমুশন্তি যানং শূলং বিহায় যদি দিঙ্‌মুখলগ্নশুদ্ধিঃ। ইত্যনেন দিগ্দনে লগ্নে সর্ব্বদৈব যাত্রা শস্তেত্যর্থঃ। পূর্ব্বাদিশূলনক্ষত্রমাহ। তদিতি। তচ্ছূলং পূর্ব্বে জ্যেষ্ঠা দক্ষিণেঽজপদং পূর্ব্বভাদ্রপদং পশ্চিমে রোহিণী উত্তরে উত্তরফল্গুনী শূলমিত্যর্থঃ॥ ৪০

অথ নক্ষত্রশূলকথনম্।

প্রাচীং শ্রবণশক্রাভ্যাং ভাদ্রাশ্বিভ্যাঞ্চ দক্ষিণাম্।
প্রতীচীং পুষ্যরোহিণ্যোঃ করেঽর্য্যমনি চোত্তরাম্॥
এতে চাষ্টৌ মহাশূলাদেবৈরপি বিনিন্দিতাঃ।
যদি প্রমাদতোগচ্ছেজ্জীবনং তস্য দুর্ল্লভম্॥ ৪১

ইতিসৎকৃত্যমুক্তাবল্যাং সারসংগ্রহে চ।

সৎকৃত্যমুক্তাবলী ও সারসংগ্রহধৃত-বচনে কথিত হইয়াছে যে,—পূর্ব্বদিকে শ্রবণা ও জ্যেষ্ঠানক্ষত্র-দক্ষিণে পূর্ব্বভাদ্রপদ ও অশ্বিনীনক্ষত্র, পশ্চিমে পুষ্যা ও রোহিণীনক্ষত্র এবং উত্তরদিকে হস্তা ও উত্তরফল্গুনীনক্ষত্র মহাশূল হয়, এই শূলনক্ষত্র দেবতাদিগের ও ত্যাজ্য, ইহাতে প্রমাদ বশতঃ গমন করিলেও তাহার জীবন সংশয় হইয়া থাকে। ৪১

খনা।

দক্ষিণে অশ্বিনী না করিবে গমনা।
উত্তরে হস্তা পূর্ব্বে শ্রবণা।
পশ্চিমে যাইতে পুষ্য, রোষে।
যদি হরি যায় এড়িয়া না আইসে॥

অথ যাত্রায়াং নিষিদ্ধনক্ষত্রকথনম্।

নেশাজাগ্নিবিশাখবায়ু হিমঘাবামৈঃ পরার্দ্ধং ন সৎ
চিত্রাহস্তকজং পরপ্রথমজং পিত্র্যানিলে চাখিলে।
রাহুক্রূরযুগস্তসন্নিধি তথোৎপাতপ্রদুষ্টং গ্রহৈ-
র্ব্যাত্যৈর্যুগ্‌ভমসদ্দিনে নিশি তিথাবৃক্ষেঽপ্যনিষ্টে গমঃ॥ ৪২

অধুনা যাত্রাবিষয়ে নিষিদ্ধ নক্ষত্রাদি কথিত হইতেছে,—আর্দ্রা,পূর্ব্বভাদ্রপদ, কৃত্তিকা, বিশাখা, স্বাতী,অশ্লেষা, মঘা ও ভরণীনক্ষত্রে গমন নিষিদ্ধ। কিন্তু চিত্রা, অশ্লেষা ও ভরণীর পরার্দ্ধ অত্যন্ত নিন্দনীয়, আর আর্দ্রা, পূর্ব্বভাদ্রপদ, কৃত্তিকা ও বিশাখার পূর্ব্বার্দ্ধ অতিশয় গর্হণীয়, মঘা ও স্বাতীর সমস্ত অংশই অত্যন্ত নিন্দনীয়। আর রাহু ও ক্রূরগ্রহযুক্তনক্ষত্র, রবিভুক্তনক্ষত্র রবিভোগ্যনক্ষত্র

উৎপাত ( ধূমকেতু, উল্কাপাত, ভূমিকম্প ও পাংশুবৃষ্ট্যাদি ) দ্বারা প্রদুষ্টনক্ষত্র এবং দ্বিত্রিগ্রহাদিদ্বারা আক্রান্তনক্ষত্র, অশুভতিথি ও অশুভদিনে কদাপিও যাত্রা করিতে নাই। দীপিকাকার যাত্রাতে নক্ষত্র সম্বন্ধে এইরূপ বচন লিখিয়াছেন। কিন্তু এই বচনোক্ত ব্যবস্থা সকল দেশে চলিত নাই। ৪২

অধুনা নিষিদ্ধনক্ষত্রাণ্যাহ। নেশেতি। ঈশঃ আর্দ্রা অজঃ পূর্ব্বভাদ্রপদং অগ্নিঃ কৃত্তিকা বিশাখা বায়ুঃ স্বাতী অহিরশ্লেষা মঘা যাম্যং ভরণী এভির্ন গমইতিপশ্চাদন্বয়ঃ। অত্র চ চিত্রাপি বোদ্ধব্যা বিশেষনিন্দায়াং তস্যা বক্ষ্যমাণত্বাৎ। তথা লঘুযাত্রায়াং। "চিত্রা স্বাতী বিশাখা চ ভরণী পিত্র্যেশকৃত্তিকাশ্লেষা নাতিশুভদা প্রয়াণে শেষাণি শুভানি ধিষ্ণ্যানি ইতি"। অত্রৈব বিশেষনিন্দামাহ। পরার্দ্ধমিতি। চিত্রাশ্লেষাভরণীনাং পরার্দ্ধমত্যন্তং ন সদিত্যর্থঃ। পরেষামেতদন্যেষাং নিষিদ্ধনক্ষত্রাণাং আর্দ্রাপূর্ব্বভাদ্রপদকৃত্তিকাবিশাখানাং প্রথমজমর্দ্ধমত্যন্তমসৎ, পিত্রানিলে মঘাস্বাত্যৌ তু অখিলে সমস্তে নক্ষত্রে সতি ন শুভেত্যর্থঃ। তথা রাহুক্রূরযুক্নক্ষত্রমসৎ তথা রাহুযুক্তং ক্রূরৈঃ রবিশনিকুজৈর্যুক্তং চাসদিতি; কেষাঞ্চিন্মতে রাহোরপাপত্বাৎ রাহুগ্রহণং অন্তসন্নিধৌ অন্তগতস্য রবিযুক্তস্য নক্ষত্রস্য সন্নিধৌ সমীপে স্থিতং রবিভুক্তং রবিভোক্তব্যঞ্চ নক্ষত্রমসদিত্যর্থঃ। অন্তনক্ষত্রস্য তু ক্রূরযুতত্বেন সুতরাং নিষেধ এব। তথা উৎপাতেন ধূমকেতূল্কাপাতভূকম্পপাংশুবৃষ্ট্যাদিনা প্রদুষ্টভমসৎ। তথা দ্ব্যাদ্যৈগ্রহৈর্দ্বাভ্যাং ত্রিভিশ্চতুর্ভিঃ পঞ্চভিঃ ষড়্ভিঃ শুভৈরশুভৈগ্র হৈঃ যুক্তং চাসৎ। তথা বৃহদ্যাত্রায়াং। "ঋক্ষে দ্ব্যাদ্যৈঃ সংযুক্তেঽত্র প্রকোপো লক্ষ্মীভ্রংশো রাহুণার্কেণ রোগঃ। কেতূল্কাভ্যাং পীড়িতে দেহনাশঃ ক্লেশঃ সারে সোঙ্করশ্ম্যাত্মজে চ। তথা স্থানান্তরে উক্তং নক্ষত্রমটুকিরণমিত্যাদি বিশেষান্তরমাহ। দিন ইতি। তিথাবনিষ্টে দিবা কদাপি ন গমঃ দিবসে তিথের্ব্বলবত্ত্বাৎ। ঋক্ষেঽনিষ্টে রাত্রৌ কদাপি ন গমঃ রাত্রৌ তস্য বলবত্ত্বাৎ। তথা বৃহদ্যাত্রায়াং। গুণবতি তিথাবৃক্ষেঽনিষ্টে দিবাগমনং কার্য্যং নিশি চ ভগুণৈঃ শস্তং যানং তিথৌ গুণবর্জ্জিতেঽপি। ভতিথিশদিতান্ দোষান্ প্রাপ্নোত্যতঃ প্রতিলোমগং গুণমপি তয়োঃ সম্যগ্‌যাত্রায়াং জগাদ ভৃগুসূর্নিরিতি। অন্যে ত্বন্যথা প্রলপন্তি তদুপেক্ষিতং। অত্র চ উগ্রতীক্ষ্ণচরমৃদুসংজ্ঞকানি যানি প্রোক্তানি তানি চ তৎকর্ম্মণি যাত্রায়াং বিহিতান্যেবোক্তনিষেধস্তু ন তত্রাবকাশঃ। কিন্তুগ্রোগ্রাদিনক্ষত্রগণানাং তত্তৎ কর্ম্মণ্যুদয়াদিকালভেদেনৈব নিষেধঃ অন্যথা সর্ব্বদা নিষিদ্ধস্য কালভেদেন পুনর্নিষেধানুপপত্তিরিতি। ৪২

## নিষিদ্ধনক্ষত্রাণাং বিশেষকথনম্।

দগ্ধুং শক্রপুরং সদাগ্নিভমুদেত্যর্কো ন চেদুত্তরে
রোহিণ্যাঞ্চ বিশাখভে চ ন গমঃ পূর্ব্বাহ্নকালে শুভঃ।
মধ্যাহ্নে ন শিবাহিমূলবলভিদ্ভেষ্বহ্নিশেষেঽশ্বিনী-
পুষ্যাহস্তমরুৎসু চিত্রশশিমৈত্র্যান্ত্যে ন রাত্র্যাদিতঃ॥ ৪৩

যাত্রাতে সময়ভেদে নক্ষত্রের নিষিদ্ধাদি কথিত হইতেছে,—যে সময়ে সূর্য্য উদিত হ'ন সেইকাল ভিন্ন সমস্ত সময়েই কৃত্তিকানক্ষত্র শক্রপুর দহনে প্রশস্ত। উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী ও বিশাখানক্ষত্র

পূর্ব্বাহ্নে যাত্রাতে প্রশস্ত নহে, মধ্যাহ্নে আর্দ্রা, অশ্লেষা, মূলা ও জ্যেষ্ঠা-নক্ষত্রে শুভাবহ হয় না। অপরাহ্নে অশ্বিনী, পুষ্যা, হস্তা ও স্বাতীনক্ষত্র যাত্রাতে শুভদ হইবে না। রাত্রির প্রথমভাগে চিত্রা, মৃগশিরা, অনুরাধা ও রেবতীনক্ষত্রে যাত্রা করিবে না। ৪৩

এতদেব শ্লোকদ্বয়েনাহ। দক্ষ্মিতি। শক্রপুরদাহে তীক্ষ্ণকর্ম্মণি মৃদুতীক্ষ্ণগণত্বেনাগ্নেয়ত্বেন চ কৃত্তিকা বিহিতৈব অতএব শক্রপুরং দক্ষ্মগ্নিভং সদৈব বিহিতমিত্যর্থঃ। কিন্ত্বর্কো ন চেদুদেতি। অর্কোদয়কালং ত্যক্ত্বা অস্মিন্ সর্ব্বকাল এব শক্রপুরং দক্ষ্ং কৃত্তিকা শস্তেত্যর্থঃ। তথা চ বৃহদ্‌যাত্রায়াং। স্বে স্বে কর্ম্মণি পূজিতানি মুনিভিঃ প্রোক্তানি সর্ব্বাণ্যপি ত্যক্ত্বার্কোদয়মানলেঽরিনিলয়ং যাত্রাদিঋক্ষে শুভা। ইত্যস্মিন্ বচনে সর্ব্বাণ্যপি ইতি অপিশব্দ নিষিদ্ধান্যপি স্বে স্বে কর্ম্মণি বিহিতানীত্যর্থঃ। তথা লঘুযাত্রায়াং। শক্রবিষয়ং দিধক্ষোরত্রার্কোদয়াচ্ছুভাগ্নেয়ী। এতেনার্কো ন চেদুদেতি। অর্কোদয়পূর্ব্বং রাত্রিদণ্ডদ্বয়েঽস্থিতে এব শক্রপুরং দক্ষ্ং অগ্নিভং সৎ নান্যত্রেতি কৈশ্চিৎ প্রলপিতং তদশুদ্ধমেবেতি। অধুনা তত্তৎকর্ম্মণি বিহিতানাং উগ্রাদিনক্ষত্রাণাং শুভকর্ম্মণি যাত্রার্থং পূর্ব্বোক্তানাং নক্ষত্রাণাঞ্চ সর্ব্বেষাং দিনস্ত পূর্ব্বাহ্নাদিষু ষট্‌সু ভাগেষু যথাক্রমং নিষেধমাহ। উত্তরইতি। পূর্ব্বাহ্নে উত্তরাত্রয়ে রোহিণীবিশাখয়োশ্চ গমো ন শুভ ইতি। অত্র কেচিদ্দক্ষ্ং শক্রপুরমিত্যস্য সর্ব্বত্রান্বয়ং কুর্ব্বন্তি তন্ন বৃহদ্‌যাত্রাদিষু সামান্যেনৈব নিষেধাৎ। যথা বৃহদ্‌যাত্রায়াং। রোহিণ্যাং ত্রিষু চোত্তরেষু বিজয়োযাতুর্ব্বিশাখাসু চ ত্যক্ত্বা বাসবপূর্ব্বমবদদ্‌গর্গোঽরিরাজ্যার্থিনঃ ইতি। অত্র চারিরাজ্যার্থিনোঃযাতুর্ব্বিজয়ইত্যুক্ত্বা তথা নিশান্ত্যভাগে ত্রিষু বৈষ্ণবাদ্যে যায়াদ্ধনার্থী ন পুনর্ব্বসৌ চেতি। মধ্যাহ্ন ইতি। আর্দ্রাশ্লেষামূলাজ্যেষ্ঠাসু মধ্যাহ্নে ন গম ইতি। অহ্নঃ শেষেঽপরাহ্নেঽশ্বিনীপুষ্যাহস্তাস্বাতিষু ন গমঃ। রাত্রিপ্রথমভাগে মৃগশিরোঽনুরাধারেবতীষু ন গমঃ। ৪৩

রাত্রের্ম্মধ্যসমস্তু পূর্ব্বভরণীপিত্রেষু শেষে নিশো
হর্য্যাদিত্রিতয়াদিতিষ্বপি জলং মধ্যাহ্নরাত্র্যন্তয়োঃ।
পুষ্যাহস্তমৃগাচ্যুতেষু শুভদাঃ সর্ব্বেঽপি কালাস্তথা
সার্ব্বদ্বারিকসংজ্ঞিতানি গুরুভং হস্তাশ্বিমৈত্রাণি চ ॥ ৪৪

পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, ভরণী ও মঘানক্ষত্রে রাত্রির মধ্যভাগে যাত্রা করিবে না। শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা ও পুনর্ব্বসুনক্ষত্রে রাত্রির শেষভাগে যাত্রা অবিধেয়। পূর্ব্বাষাঢ়ানক্ষত্র রাত্রির মধ্য ও শেষভাগে যাত্রাতে শুভদ হয় না। পুষ্যা, হস্তা, মৃগশিরা ও শ্রবণানক্ষত্রে সর্ব্বদাই যাত্রা করিতে পারা যায়, আর পুষ্যা, হস্তা, অশ্বিনী ও অনুরাধানক্ষত্র সার্ব্বদ্বারিক-সংজ্ঞায় অভিহিত। ৪৪

পূর্ব্বাত্রয়ে ভরণীমঘয়োশ্চ রাত্রের্ম্মধ্যং মধ্যভাগস্তু ন সৎ ন শুভমিত্যর্থঃ। নিশো রাত্রেঃ শেষেহর্য্যাদিত্রয়ে পুনর্ব্বসৌ চাসন্ন শুভ ইত্যর্থঃ। অঘটিত ব্যঞ্জনান্তো নিশ্রাশব্দোঽপ্যস্তি। জলং পূর্ব্বাষাঢ়া মধ্যাহ্নে রাত্র্যন্তে চাসৎ ইতি রাত্রিমধ্যে চাস্য নিষেধ উক্ত এব।

সার্ব্বকালিকনক্ষত্রাণ্যাহ। পুষ্যাহস্তামৃগশিরঃশ্রবণাসু সর্ব্বেঽপি নিষিদ্ধা অপি কালাঃ শুভাঃ। নক্ষত্রপরাহ্নে পুষ্যাহস্তয়োর্নিষেধ উক্তঃ, তথা রাত্রিপ্রথমে মৃগশিরসঃ রাত্রিশেষে শ্রবণায়াশ্চেতি। তৎকথমেতেষু সর্ব্বেষু কালাঃ শুভা ইত্যুক্তং নিষেধবৈয়র্থ্যাপত্তেঃ। ষোড়শিনং গৃহ্ণাতি ইতিবদ্বিকল্পঃ। তথা চ গৌতমসূত্রং। তুল্যবলবিরোধে বিকল্প ইতি। পুষ্যাদিষু পূর্ব্বনিষিদ্ধাঃ কালাঃ নিষিদ্ধাঃ বিহিতা অপি স্যুঃ,যদি কার্য্যবশান্ন বা আত্তদা পুষ্যাদয়স্তেষু পূর্ব্বোক্তকালেষু ন নিষিদ্ধাঃ কিন্তু শুভদা এব ন বা তত্র প্রতীকারঃ কার্য্যঃ; স্বেচ্ছাগমনে তু নিষিদ্ধকাল ত্যক্ত্বা গন্তব্যমিতি বিকল্পস্ত ফলং অতএব আক্ষেপেঽপিশব্দঃ এষু সর্ব্বেঽপি কালাঃ শুভাঃ কিং নিষেধবিচারেণেত্যর্থঃ। ৪৪

### অথ নক্ষত্রামৃতযোগকথনম্।

ধ্রুবগুরুকরমূলাপৌষ্ণভান্যর্কবারে
হরিযুগবিধিযুগ্মে ফল্গুনীভাদ্রযুগ্মে।
দিবসকরতুরঙ্গৌ সর্ব্বরীনাথবারে
গুরুযুগনলবাতোপান্ত্যপৌষ্ণানি কৌজে॥
দহনবিধিশতাখ্যামৈত্রভং সৌম্যবারে
মরুদদিতিভপুষ্যামৈত্রভং জীববারে।
ভগযুগজযুগশ্বোবিষ্ণুমৈত্রে সিতাহে
স্বশনকমলযোনি সৌরিবারেঽমৃতানি॥ ৪৫

অধুনা নক্ষত্রামৃতযোগ কথিত হইতেছে যথা,—রবিবারে উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, পুষ্যা, হস্তা, মূলা ও রেবতীনক্ষত্র হইলে নক্ষত্রামৃতযোগ হয়, এইরূপ সোমবারে শ্রবণা, ধনিষ্ঠা, রোহিণী, মৃগশিরা, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, হস্তা ও অশ্বিনীনক্ষত্রে, মঙ্গলবারে, পুষ্যা, অশ্লেষা, কৃত্তিকা, স্বাতী, উত্তরভাদ্রপদ রেবতীনক্ষত্রে, বুধবারে কৃত্তিকা, রোহিণী, শতভিষা ও অনুরাধানক্ষত্রে, বৃহস্পতিবারে স্বাতী, পুনর্ব্বসু, পুষ্যা ও অনুরাধানক্ষত্রে, শুক্রবারে পূর্ব্বফল্গুনী উত্তরফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, অশ্বিনী, শ্রবণা, অনুরাধানক্ষত্রে এবং শনিবারে স্বাতী কিম্বা রোহিণীনক্ষত্র হইলে নক্ষত্রামৃতযোগ হইয়া থাকে। ৪৫

শ্লোকদ্বয়েনামৃতযোগমাহ। ধ্রুবেতি দহনেতি সুগমম্। ৪৫

আদিত্যহস্তা গুরুপুষ্যাযুক্তা বুধানুরাধা শনিরোহিণী চ।
সোমে চ বিষ্ণু কুজরেবতী চ শুক্রাশ্বিনী চামৃতযোগবর্গাঃ॥ ৪৬

ইতিজ্যোতিস্তত্ত্বে।

প্রকারান্তরে বার ও নক্ষত্রযোগে অমৃতযোগ কথিত হইতেছে। রবিবারে হস্তানক্ষত্র হইলে অমৃতযোগ হয়, এইরূপ বৃহস্পতিবারে পুষ্যা, বুধে অনুরাধা, শনিবারে রোহিণী, সোমে শ্রবণা, মঙ্গলে রেবতী ও শুক্রবারে অশ্বিনীনক্ষত্র হইলে অমৃতযোগ হইয়া থাকে। ৪৬

## অমৃতযোগপ্রশংসা।

যদি বিষ্টিব্যতীপাতৌ দিনং বাপ্যশুভং ভবেৎ।
হন্যতেঽমৃতযোগেন ভাস্করেণ তমোযথা॥ * ৪৭

ইতিদীপিকায়াম্।

যেরূপ তিমিরবিনাশী সূর্য্য অন্ধকাররাশিকে বিনাশ করেন, সেইরূপ এই নক্ষত্রামৃতযোগ বিষ্টিভদ্রা, বৈধৃতি ও ব্যতীপাতাদি দোষ বিনাশ করিয়া থাকে। ৪৭

অমৃতযোগফলমাহ। যদীতি। যদিবিষ্টিব্যতীপাতৌ ভবতঃ ব্যতীপাতইত্যুপলক্ষণং বৈধৃতাদয়োঽপি মন্দযোগাঃ ত্র্যহস্পর্শদিনং বা যদ্যশুভং ভবেৎ তৎসর্ব্বমমৃতযোগেন হন্যত ইত্যর্থঃ। তথা চ রাজমার্ত্তণ্ডে। হস্ত্যমৃতাখ্যোযোগঃ সর্ব্বাণ্যশুভানি হেলয়া নিয়তং। ন ভবন্তি পুনরিহ শঙ্কাবৈধৃতিবিষ্টিব্যতীপাতাঃ। * ৪৭

## উৎপাতাদিযোগঃ।

রব্যাদিদিবসৈর্যুক্তা বিশাখাদি চতুশ্চতুঃ।
উৎপাতামৃত্যবঃ কাণা অমৃতানি যথাক্রমম্॥ ৪৮

উৎপাতাদিযোগ কথিত হইতেছে,—রব্যাদিবারে বিশাখাদি চারি চারি নক্ষত্রযুক্ত হইলে ক্রমে উৎপাট, মৃত্যু, কাণ ও অমৃতযোগ হয়, যথা,—রবিবারে বিশাখানক্ষত্র হইলে উৎপাট, অনুরাধা হইলে মৃত্যু, জ্যেষ্ঠা হইলে কাণ এবং মূলানক্ষত্র হইলে অমৃতযোগ হইয়া থাকে। এইরূপ সোমবারে পূর্ব্বাষাঢ়া হইলে উৎপাট, উত্তরাষাঢ়া হইলে মৃত্যু, অভিজিৎ হইলে কাণ, এবং শ্রবণা হইলে অমৃতযোগ হয়। মঙ্গলাদিবারে ধনিষ্ঠাদি চারি চারি নক্ষত্রক্রমে উৎপাটাদিযোগ জানিবে। ৪৮

উৎপাটাদিচতুর্য়োযোগনাহ। রব্যাদীতি। রব্যাদিবারৈর্ব্বিশাখাদি চত্বারি নক্ষত্রাণি যথাসংখ্যং উৎপাটমৃত্যুকাণামৃতসংজ্ঞকানি স্যুঃ। যথা রবিবারে বিশাখা উৎপাটঃ, অনুরাধা মৃত্যুঃ, জ্যেষ্ঠা কাণঃ, মূলা অমৃতং, সোমবারে পূর্ব্বাষাঢ়া উৎপাটঃ, উত্তরাষাঢ়া মৃত্যুঃ, অভিজিৎ কাণঃ, শ্রবণা অমৃতং। ইত্যাদ্যেবং বোদ্ধব্যম্। ৪৮

* কশ্চিন্মতে বৈধৃত্যাদিযোগহননেঽমৃতযোগস্য ন সামর্থ্যং। ইতিজ্যোতিস্তত্ত্বে স্মার্ত্তাঃ।

অথ করকচাযোগঃ।

বাজিচিত্রোত্তরাষাঢ়ামূলাপাশীজ্যভান্তকাঃ।
সূর্য্যাদিবারসংযুক্তাযোগাঃ করকচাঃ স্মৃতাঃ॥ ৪৯

করকচাযোগ কথিত হইতেছে।—রবিবারে অশ্বিনীনক্ষত্র হইলে করকচা নামক যোগ হয়। এইরূপ সোমবারে চিত্রানক্ষত্র, মঙ্গলবারে উত্তরাষাঢ়ানক্ষত্র, বুধবারে মূলানক্ষত্র, বৃহস্পতিবারে শতভিষানক্ষত্র, শুক্রবারে পুষ্যানক্ষত্র এবং শনিবারে রেবতীনক্ষত্র হইলে করকচা নামক যোগ হইয়া থাকে। ৪৯

করকচাযোগানাহ। বাজীতি। সূর্য্যাদিবারে যথাসংখ্যং অশ্বিন্যাদিনক্ষত্রযোগাৎ করকচাযোগাঃ স্যুঃ। পাশী বরুণঃ শতভিষেতিযাবৎ ইজ্যোগুরুঃ পুষ্যেতিযাবৎ ভান্তকাভান্তং নক্ষত্রান্তং রেবতীতিযাবৎ। এতে সর্ব্বে দগ্ধাদয়ো যোগাঃ অশুভফলা ইত্যর্থঃ। ৪৯

অন্যচ্চ।

অশ্বিনী রবিবারে চ সোমে চিত্রা তথা ভবেৎ
উত্তরাষাঢ়ানক্ষত্রং মঙ্গলে চ প্রকীর্ত্তিতা।
বুধে মূলা তথা জীবে শতভা চ প্রকীর্ত্তিতা
শুক্রে পুষ্যা শনৌ চৈব ভরণীতি প্রকীর্ত্তিতা।
যোগে করকচা চৈব সর্ব্বকর্ম্মাণি বর্জ্জয়েৎ॥ ৫০

ইতিসারসংগ্রহে।

বচনান্তরে করকচাযোগ কথিত হইতেছে,—রবিবারে অশ্বিনীনক্ষত্র হইলে করকচাযোগ হয়; এইরূপ সোমবারে চিত্রা, মঙ্গলে উত্তরাষাঢ়া, বুধে মূলা, বৃহস্পতিবারে শতভিষা, শুক্রে পুষ্যা এবং শনিবারে ভরণীনক্ষত্র হইলে করকচাযোগ হইয়া থাকে। ইহাতে কোন কর্ম্মই করিতে নাই। ৫০

অথ করকচাদিপ্রশংসা।

করকচা মৃত্যুযোগশ্চ দিনং দগ্ধং তথাপরে।
শুভে চন্দ্রে প্রনশ্যন্তি বৃক্ষাবজ্রহতা ইব॥ ৫১

ইতিসারসংগ্রহে।

অনন্তর করকচাদিযোগের প্রতিপ্রসব কথিত হইতেছে,—করকচাযোগ, মৃত্যুযোগ, দিনদগ্ধা ও অন্যান্য অনিষ্টকর যোগ সকল চন্দ্রশুদ্ধ থাকিলে, বৃক্ষ যেরূপ বজ্রাঘাতে বিনষ্ট হয়, সেই রূপ হইয়া থাকে। ৫১

অথ তিথিনক্ষত্রযোগে মৃত্যুযোগঃ।

প্রতিপদ্যুত্তরাষাঢ়া নবম্যাং কৃত্তিকা যদি।
পূর্ব্বভাদ্রপদাষ্টম্যামেকাদশ্যাঞ্চ রোহিণী।
দ্বাদশ্যাঞ্চ যদাশ্লেষা ত্রয়োদশ্যাং মঘা যদি।
এতেষু যদি গচ্ছন্তি নিয়তং মরণং ভবেৎ॥ * ৫২

তিথি ও নক্ষত্রযোগে মৃত্যুযোগ কথিত হইতেছে,—প্রতিপদতিথিতে উত্তরাষাঢ়ানক্ষত্র, নবমীতে কৃত্তিকা, অষ্টমীতে পূর্ব্বভাদ্রপদ, একাদশীতে রোহিণী, দ্বাদশীতে অশ্লেষা এবং ত্রয়োদশীতে মঘানক্ষত্র হইলে মৃত্যুসংজ্ঞক-যোগ হয় অর্থাৎ উক্ত সকল তিথি-নক্ষত্রযোগে গমন করিলে তাহার নিয়তই মরণ হইয়া থাকে। ৫২

অথ বারনক্ষত্রযোগে মৃত্যুযোগঃ।

ত্যজ রবিমনুরাধে বৈশ্বদেবঞ্চ সোমে
শতভিষমপি ভৌমে চন্দ্রজে চাশ্বিনৌ চ।
মৃগশিরমপি জীবে সর্পদেবঞ্চ শুক্রে
রবিসুতমপি হস্তে মৃত্যুযোগোঽস্য সংজ্ঞা॥ ৫৩

বার ও নক্ষত্রযোগে মৃত্যুযোগ কথিত হইতেছে—রবিবারে অনুরাধা-নক্ষত্র হইলে মৃত্যুযোগ হয়, এইরূপ সোমে উত্তরাষাঢ়া, মঙ্গলে শতভিষা, বুধে অশ্বিনী, বৃহস্পতিবারে মৃগশিরা, শুক্রে অশ্লেষা এবং শনিবারে হস্তানক্ষত্র হইলে মৃত্যুযোগ হইয়া থাকে। ৫৩

অথানন্দযোগঃ।

অশ্বিনী সহ সূর্য্যেণ সোমে মৃগশিরস্তথা।
অশ্লেষা ভৌমবারেণ বুধে হস্তা প্রকীর্ত্তিতা।
অনুরাধা গুরোর্ব্বারে বৈশ্বদেবশ্চ ভার্গবে।
বারুণং শনিসংযুক্তমানন্দোঽয়ং প্রকীর্ত্তিতঃ॥ ৫৪

ইতি ভীমপরাক্রমে।

সারসংগ্রহে কথিত হইয়াছে যে,—রবিবারে অশ্বিনী, সোমে মৃগশিরা, মঙ্গলে অশ্লেষা, বুধে হস্তা, বৃহস্পতিতে অনুরাধা, শুক্রে ধনিষ্ঠা এবং শনিবারে শতভিষানক্ষত্র হইলে আনন্দযোগ হইয়া থাকে। ৫৪

---

* কৃষ্যারম্ভে ফলং নাস্তি বিদ্যারম্ভে চ মূর্খতা। সঙ্গমে গর্ভপাতশ্চ বিবাহে মরণং ধ্রুবম্। ইত্যাদ্যং দীপিকায়াম্।

অথামৃতসিদ্ধিযোগঃ।

হস্তা সূর্য্যে মৃগঃ সোমে ভৌমবারে তথাশ্বিনী।
বুধে মৈত্রোগুরৌপুষ্যা রেবতী ভৃগুনন্দনে।
রোহিণী সূর্য্যপুত্রে চ সর্ব্বসিদ্ধি প্রদায়কঃ।
অসাবমৃতসিদ্ধ্যাখ্যযোগঃ প্রোক্তঃ পুরাতনৈঃ॥ ৫৫

ইতিজ্যোতিঃসারে।

রবিবারে হস্তা, সোমবারে মৃগশিরা, মঙ্গলবারে অশ্বিনী, বুধবারে অনুরাধা, বৃহস্পতিবারে পুষ্যা, শুক্রবারে রেবতী এবং শনিবারে রোহিণীনক্ষত্র যোগ হইলে অমৃতসিদ্ধি নামক যোগ হয়, এই যোগ সমস্ত কার্য্যে সিদ্ধি প্রদান করিয়া থাকেন; প্রচীনগণ এইরূপ বলিয়াছেন। ৫৫

অথ প্রশস্তযোগঃ।

রেবতী রবিবারে চ হস্তা সোমে চ সংযুতা।
পুষ্যোঽপ্যবনিপুত্রেণ রোহিণী বুধসংযুতা।
স্বাতী চ গুরুণা যুক্তা শুক্রেণোত্তরফল্গুনী।
মূলন্তু পঙ্গুসঙ্গেন সর্ব্বকার্য্যে প্রশস্যতে॥ ৫৬

ইতিশ্রীপতিব্যবহারনির্ণয়ে।

রবিবারে রেবতী, সোমবারে হস্তা, মঙ্গলবারে পুষ্যা, বুধবারে রোহিণী, বৃহস্পতিবারে স্বাতী, শুক্রবারে উত্তরফল্গুনী এবং শনিবারে মূলানক্ষত্রযোগ হইলে সমস্ত কার্য্যে প্রশস্ত হইয়া থাকে। ৫৬

অথ যমঘণ্টযোগঃ।

দ্বে মঘাপূর্ব্বফল্গুন্যৌ পুষ্যাশ্লেষার্কচন্দ্রয়োঃ।
জ্যেষ্ঠানুরাধাভরণী চাশ্বিনী কুজবাসরে।
হস্তার্দ্রা চন্দ্রজে মূলা পূর্ব্বাষাঢ়া চ রেবতী।
জীবে তূত্তরভাদ্রশ্চ শুক্রাহে স্বাতিরোহিণী।
শনিবারে শ্রবণা শতভিষা যমঘণ্টকাঃ॥ ৫৭

ইতিজ্যোতিঃসারে।

যমঘণ্টযোগ কথিত হইতেছে,—রবিবারে মঘা কি পূর্ব্বফল্গুনীনক্ষত্র, সোমবারে পুষ্যা কিম্বা অশ্লেষা, মঙ্গলবারে জ্যেষ্ঠা, অনুরাধা, ভরণী কি অশ্বিনী, বুধবারে হস্তা কিম্বা আর্দ্রা, বৃহস্পতিবারে মূলা, পূর্ব্বষাঢ়া, রেবতী কি উত্তরভাদ্রপদ, শুক্রবারে স্বাতী অথবা রোহিণী এবং শনিবারে শ্রবণা কিম্বা শতভিষা নক্ষত্রযোগ হইলে যমঘণ্ট নামক যোগ হয়। ৫৭

অথ ত্র্যমৃতযোগাঃ।

ভূমিপুত্রার্কয়োরহ্নি নন্দামরুদ্বারুণার্দ্রান্ত্যচিত্রাহিমূলাগ্নিভিঃ।
ভার্গবেণাঙ্কয়োরহ্নি ভদ্রা ভবেৎ ফল্গুযুগ্মাজযুগ্মোডুভিঃ সংযুতা।
সোমপুত্রস্য বারে জয়া স্যাম্‌ গোপেন্দ্রগুর্ব্বীন্দ্রযাম্যাশ্বিভির্ঘ্বাজিভিঃ।
গীষ্পতেরহ্নি যুক্তা চ রিক্তা যদা বিশ্বশক্রাগ্নিযুর্ক্পিত্র্যাদিত্যম্ভুভিঃ।
সূর্য্যসূতস্য দিনে যদি পূর্ণা ব্রহ্মদিনাধিপতিদ্রবিণৈঃ স্যাৎ।
যোগবারাস্ত্রিভিরেব সমেতাঃ সর্ব্বসমীহিতসিদ্ধিনিযুক্তাঃ॥ ৫৮

অনন্তর ত্র্যমৃতযোগ কথিত হইতেছে,—মঙ্গলবারে কি রবিবারে নন্দা-তিথি, স্বাতী, শতভিষা, আর্দ্রা, রেবতী, চিত্রা, অশ্লেষা, মূলা কিংবা কৃত্তিকা নক্ষত্র হইলে ত্র্যমৃতযোগ হয়। এইরূপ শুক্রবারে কিম্বা সোমবারে ভদ্রাতিথি, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদনক্ষত্রে, বুধবারে জয়াতিথি মৃগশিরা, শ্রবণা, পুষ্যা, জ্যেষ্ঠা, ভরণী, অভিজিৎ কিম্বা অশ্বিনীনক্ষত্রে, বৃহস্পতিবারে রিক্তাতিথি, উত্তরাষাঢ়া, জ্যেষ্ঠা, কৃত্তিকা, রোহিণী, মঘা, হস্তা কি পূর্ব্বাষাঢ়ানক্ষত্রে এবং শনিবারে পূর্ণাতিথি, রোহিণী, হস্তা কিম্বা ধনিষ্ঠানক্ষত্র যোগ হইলে ত্র্যমৃতযোগ হইয়া থাকে। এই ত্র্যমৃতযোগ সকল যোগ হইতে শ্রেষ্ঠ, এই যোগে মানবের বাঞ্ছিত ফললাভ হয়। ৫৮

দণ্ডকশ্লোকেন ত্র্যমৃতযোগমাহ। ভূমিপুত্রেতি সুগমং। :অস্থৎ ত্র্যমৃতযোগমেতেষাং ফলমাহ। সূর্য্যসুতস্যেতি। উক্তৈস্ত্রিভির্ব্বারতিথিনক্ষত্রৈর্যুক্তাযোগাঃ সর্ব্বসমীহিতসিদ্ধিকরাঃ। ৫৮

অথ তিথ্যমৃতযোগাঃ।

বুধমন্দগতা নন্দা কুজে ভদ্রা জয়া গুরৌ।
ভৃগৌ রিক্তামৃতং প্রোক্তং পূর্ণা চ রবিচন্দ্রয়োঃ*॥ ৬০

ইতিসারসংগ্রহে।

তিথ্যমৃতযোগ কথিত হইতেছে,—বুধ কি শনিবারে নন্দা (প্রতিপদ, একাদশী, ষষ্ঠী) তিথি, মঙ্গলবারে ভদ্রা (দ্বিতীয়া, দ্বাদশী, সপ্তমী) তিথি, বৃহস্পতিবারে জয়া (ত্রয়োদশী অষ্টমী, তৃতীয়া) তিথি, শুক্রবারে রিক্তা (চতুর্থী, নবমী,

* চন্দ্রার্কয়োর্ভবেৎ পূর্ণা কুজে ভদ্রা জয়া গুরৌ। বুধমন্দৌ চ নন্দায়াং শুক্রে রিক্তামৃতাতিথিঃ। ইতিরাজমার্ত্তণ্ডে। অথ নন্দাদিতিথিমাহ সারসংগ্রহে। একাদশী চ প্রতিপৎ ষষ্ঠী নন্দা সদা ভবেৎ। দ্বিতীয়া সপ্তমী ভদ্রা দ্বাদশী চাপি সা ভবেৎ। অষ্টমী চ তৃতীয়া চ জয়া স্যাচ্চ ত্রয়োদশী। চতুর্থী নবমী রিক্তা তথৈব স্যাচ্চতুর্দ্দশী। পঞ্চমী দশমী পূর্ণা পৌর্ণমাসী ততঃপরম্।

চতুর্দ্দশী) তিথি এবং রবিবার কি সোমবারে পূর্ণা (পঞ্চমী, দশমী, অমাবস্যা, পূর্ণিমা) তিথি যোগ হইলে তিথ্যমৃতযোগ হয়। ৫৯

অন্যচ্চ

অর্কেঽহ্নি পূর্ণার্থ জয়া শশাঙ্কে ভৌমে চ ভদ্রা বুধবারনন্দা।
গুরৌ দ্বিতীয়া ভৃগুজে তৃতীয়া শনৌ জয়া চেদমৃতংবদন্তি॥ * ৬০

ইতিজ্যোতিসারে।

রবিবারে পূর্ণাতিথি, সোমবারে জয়াতিথি, মঙ্গলবার ভদ্রাতিথি, বুধবারে নন্দা, বৃহস্পতিবারে দ্বিতীয়া, শুক্রবারে তৃতীয়া এবং শনিবারে জয়াতিথি হইলে অমৃতযোগ হয়, এইরূপ জ্যোতিঃসারধৃতবচনে উক্ত হইয়াছে। ৬০

অথ সিদ্ধিযোগঃ।

শুক্রে নন্দা বুধে ভদ্রা শনৌ রিক্তা কুজে জয়া।
গুরৌ পূর্ণা চ সংযুক্তা সিদ্ধিযোগঃ প্রকীর্ত্তিতঃ॥ ৬১

ইতি সারসংগ্রহে।

শুক্রবারে নন্দাতিথি, বুধবারে ভদ্রা, শনিবারে রিক্তা, মঙ্গলবারে জয়া এবং বৃহস্পতিবারে পূর্ণাতিথি হইলে সিদ্ধিযোগ হয়। ৬১

অথ রত্নাঙ্কুরযোগঃ।

যদি সোমদিনে নন্দা বিহায় হরিবাসরম্।
জয়া মন্দার্কয়োর্ব্বারে রিক্তা ভূমিসুতে তথা।
পূর্ণা বুধসিতাহে চ ভদ্রা চেদ্গুরুবাসরে।
রত্নাঙ্কুরাখ্যযোগোঽয়ং সর্ব্বকার্য্যে প্রশস্যতে॥ ৬২

ইতিজ্যোতিঃসারে।

সোমবারে একাদশী ভিন্ন নন্দাতিথি, শনিবারে কিম্বা রবিবারে জয়া, মঙ্গলবারে রিক্তা, বুধবারে কিম্বা শুক্রবারে পূর্ণাতিথি এবং বৃহস্পতিবারে ভদ্রাতিথি যোগ হইলে রত্নাঙ্কুর নামক যোগ হইয়া থাকে। এই যোগ সমস্ত কার্য্যেই প্রশস্ত। ৬২

অথ পাপযোগঃ।

আদিত্যভৌময়োর্নন্দা ভদ্রা শুক্রশশাঙ্কয়োঃ।
বুধে জয়া গুরৌ রিক্তা শনৌ পূর্ণা চ পাপদা॥ ৬৩

ইতিদীপিকায়াম্।

---

* ইদং বচনং গ্রন্থান্তরে লিপ্তমিতি জ্যোতিঃসারে রামকান্তেনাভিহিতম্।

† অয়ন্তু স্মার্ত্তভোজরাজসংগ্রহকারদীপিকাকারাদিভির্ব্বহুভিরলিখিতত্বাদপ্রমাণমিব লক্ষ্যতে। ইতিজ্যোতিঃসারে রামকান্তঃ।

রবিবারে কিম্বা মঙ্গলবারে নন্দাতিথি, শুক্রবারে কি সোমবারে ভদ্রাতিথি বুধবারে জয়া, বৃহস্পতিবারে রিক্তা এবং শনিবারে পূর্ণাতিথি যোগ হইলে পাপযোগ হয়। ৬৩

অথ বিষযোগঃ।

সূর্য্যে সূর্য্যসুতে ভদ্রা নন্দা বাক্পতিবাসরে।
জয়া সোমসিতাহে চ পূর্ণা চ ধরণীসুতে।
বুধবারে যদা রিক্তা তথা চন্দ্রার্কয়োরপি।
বিষযোগোঽয়মুদ্দিষ্টঃ সর্ব্বকর্ম্মসু গর্হিতঃ॥ * ৬৪

ইতিজ্যোতিঃসারে।

রবিবারে কিম্বা শনিবারে ভদ্রাতিথি, বৃহস্পতিবারে নন্দাতিথি, সোমবারে কিম্বা শুক্রবারে জয়াতিথি, মঙ্গলবারে পূর্ণাতিথি, এবং বুধবার, সোমবার কিম্বা রবিবারে রিক্তাতিথি হইলে বিষযোগ হয় এই যোগ সমস্তকার্য্যেই নিন্দিত হইয়া থাকে। ৬৪

অমৃতং সিদ্ধিযোগশ্চ যদ্যেকস্মিন্ দিনে ভবেৎ।
তদ্দিনন্তু ভবেদ্দুষ্টং মধুসর্পির্যথা বিষম্॥ ৬৫

ইতিজ্যোতিস্তত্ত্বে।

মধু ও ঘৃত যোগ করিলে যেমন বিষতুল্য হয় তদ্রূপ নক্ষত্রামৃতযোগ ও সিদ্ধিযোগ একসময়ে হইলে বিষযোগ হইয়া থাকে, কেহ কেহ বলেন এক সাবনদিন মধ্যে অমৃত (তিথ্যমৃত) ও সিদ্ধিযোগ হইলেই বিষযোগ হইয়া থাকে। ৬৫

অথ সিদ্ধিদগ্ধপাপযমঘণ্টযোগাঃ।

নন্দাদ্যাঃ সিদ্ধিযোগা ভৃগুজবুধকুজার্কীজ্যবারৈঃ প্রশস্তা
সূর্য্যেশাশাগ্নিষড়্দৃঙ্মুনিমিততিথয়োঽর্কাদিবারৈঃ প্রদগ্ধাঃ।
পাপোঽর্কাহে বিশাখাত্রয়যমমৃড়ুপস্যাঙ্ঘ্রি চিত্রা চতুষ্কং
তোয়ং বিশ্বাভিজিত্তং ত্বথ কুজদিবসে স্বত্রয়ং বিশ্বরুদ্রৌ॥ ৬৬
জ্ঞাহে মূলাবিশাখাযমধনতুরগাস্ত্যানি জীবেঽহ্নি পৈত্র্যা-
রোহিণ্যার্দ্রাযমেন্দুশতভমথ ভৃগোরহ্নি পুষ্যাত্রয়েন্দ্রৌ।

---

* অয়মপি রত্নাঙ্কুরযোগবদিতিজ্যোতিঃসারে।

শৌর্য্যাহে হস্তযুগ্মার্য্যমযমকজলযুক্-পৌষ্ণপুষ্যাধনানি
ষষ্ঠ্যৈঃখগুর্ক্ষযুক্তে স্বগৃহপতিদিনে সৌম্যবারেঽর্য্যমাপি ॥ ৬৭

ইতিদীপিকায়াম্

সিদ্ধি দগ্ধা, পাপ ও যমঘণ্টাদি যোগ কথিত হইতেছে,—শুক্রবারে নন্দা, বুধে ভদ্রা, মঙ্গলবারে জয়া, শনিবারে রিক্তা এবং বৃহস্পতিবারে পূর্ণাতিথি যোগ হইলে সিদ্ধিযোগ হয়। রবিবারে দ্বাদশী, সোমবারে একাদশী, মঙ্গলবারে দশমী, বুধবারে তৃতীয়া, বৃহস্পতিবারে ষষ্ঠী, শুক্রবারে দ্বিতীয়া, শনিবারে সপ্তমীতিথি দিনদগ্ধা হয়। রবিবারে বিশাখা, অনুরাধা, জ্যেষ্ঠা কি ভরণীনক্ষত্র হইলে পাপযোগ হয়। এইরূপ সোমবারে চিত্রা, স্বাতী, বিশাখা, অনুরাধা, পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া কিম্বা অভিজিৎনক্ষত্র হইলে, মঙ্গলবারে ধনিষ্ঠা, শতভিষা, পূর্ব্বভাদ্রপদ, উত্তরাষাঢ়া অথবা আর্দ্রানক্ষত্র হইলে, বুধবারে মূলা, বিশাখা, ভরণী, ধনিষ্ঠা, অশ্বিনী কি রেবতীনক্ষত্র যোগ হইলে, বৃহস্পতিবারে মঘা, রোহিণী, আর্দ্রা, ভরণী, মৃগশিরা কিংবা শতভিষানক্ষত্র হইলে, শুক্রবারে পুষ্যা, অশ্লেষা, মঘা, কি জ্যেষ্ঠানক্ষত্র যোগ হইলে এবং শনিবারে হস্তা, চিত্রা, উত্তরফল্গুনী, ভরণী, পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া, রেবতী, পুষ্যা অথবা ধনিষ্ঠানক্ষত্র যোগ হইলে পাপযোগ হইয়া থাকে। নক্ষত্রের নয়পাদবিশিষ্ট এক এক রাশি, সপ্তবিংশতিনক্ষত্রাত্মক মেষাদি দ্বাদশরাশির মধ্যে যে সকল অভগ্ননক্ষত্র আছে সেই সমস্ত নক্ষত্র ক্ষেত্রাধিপতি রব্যাদিবারে যুক্ত হইলে যমঘণ্টনামক যোগ হয়। উদাহরণ যথা,—মঘা, পূর্ব্বফল্গুনী উত্তরফল্গুনীর একপাদ সিংহরাশি, ইহার অধিপতি রবি, অতএব ভগ্ননক্ষত্র উত্তরফল্গুনী ভিন্ন মঘা কি পূর্ব্বফল্গুনীনক্ষত্র রবিবারে যুক্ত হইলে যমঘণ্টযোগ হয়। ৬৬—৬৭

সিদ্ধিদগ্ধপাপযমঘণ্টযোগান্ শ্লোকদ্বয়েনাহ। নন্দাদ্যা ইতি জ্ঞাহ ইতি। ভৃগুজ্ঞাদিবারে যথাসংখ্যং নন্দাদ্যাস্তিথয়ঃ প্রশস্তাঃ সিদ্ধি যোগাঃ স্যুঃ। তথা চ! "ভৃগৌ নন্দা বুধে ভদ্রা শনৌ রিক্তা কুজে জয়া। গুরৌ পূর্ণা চ সিদ্ধিঃ স্যাত্ত্রৈলোক্যং সাধয়েদ্-ধ্রুবম্ ইতি"। তথা যথাক্রমমর্কাদিবারৈঃ দ্বাদশ্যাদয়স্তিথয়োদগ্ধাঃ স্যুঃ। ফলন্তু সংজ্ঞানুরূপমিতি। তথা চ রাজমার্ত্তণ্ডে, মাসা ১১ রুদ্রা ১১ দিশো ১০ রামাঃ ৩ ষট্ ৬ পক্ষ ২ মুনয়স্তথা। দহন্তে তিথয়ঃ সপ্ত সূর্য্যাদ্যৈঃ সপ্তভিগ্রহৈঃ। তথা রব্যাদিবারে যথোক্তনক্ষত্রৈঃ পাপযোগাঃ স্যুঃ, স্বত্রয়ং ধনিষ্ঠাদিত্রয়মিত্যর্থঃ। অভগ্ননক্ষত্রযোগে স্বগৃহপতিদিনে যমঘণ্টযোগঃ স্যাৎ। বুধবারে অর্য্যামা উত্তরফল্গুনীযমঘণ্টঃ তত্রেদং ব্যাখ্যা রাশিদ্বয়গতং ভগ্ননক্ষত্রং একরাশিগতং ত্বভগ্ননক্ষত্রং অভগ্ননক্ষত্রস্য যদ্‌গৃহং যোরাশিঃ তৎপতিবারে অভগ্ননক্ষত্রযোগে যমঘণ্টঃ স্যাৎ তথা রবিবারে মঘা, পূর্ব্বফল্গুনী; সোমবারে পুষ্যাশ্লেষা, মঙ্গলবারে অশ্বিনী ভরণী অনুরাধা জ্যেষ্ঠা, বুধবারে আর্দ্রা হস্তা বৃহস্পতি-

বারে মূলা পূর্ব্বাষাঢ়া উত্তরভাদ্রপদ রেবতী, শুক্রবারে রোহিণী স্বাতী, শনিবারে শ্রবণা শতভিষা ইত্যর্থঃ। ৬৬—৬৭

## অথ যমঘণ্টযোগাদীনাং ত্যাজ্যকালনির্ণয়ঃ।

যমঘণ্টে * ত্যজেদষ্টৌ মৃত্যৌ দ্বাদশনাড়িকাঃ।
অন্যেষাং ‡ পাপযোগানাং মধ্যাহ্নাৎ পরতঃ শুভম্॥ ৬৮

যমঘণ্টাদিযোগের ত্যাজ্যকাল কথিত হইতেছে যথা,—যমঘণ্টযোগে সূর্য্যোদয়ের পর আটদণ্ড ও মৃত্যুযোগে দ্বাদশদণ্ড পরিত্যাগ করিতে হয়, অন্যান্য সমস্ত পাপযোগে মধ্যাহ্নকালের পরেই শুভ হইয়া থাকে। ৬৮

এতেষাং নিন্দনীয়কালমাহ। যমঘণ্ট ইতি। সূর্য্যোদয়াদষ্টৌ দণ্ডান্ যমঘণ্টে ত্যজেৎ। মৃত্যুযোগস্থ দ্বাদশদণ্ডান্ ত্যজেৎ, ততঃপরং শুভমিত্যর্থঃ। অন্যেষাং দগ্ধাদীনামনিষ্ট-যোগানাং মধ্যাহ্নাৎ পরকালে শুভং, মধ্যাহ্নাৎ পূর্ব্বকালং ত্যজেদিত্যর্থঃ। ৬৮

## বিষ্ট্যাদীনাং প্রতিপ্রসবঃ।

বিষ্টাবঙ্গারকে চৈব ব্যতীপাতে শনৈশ্চরে।
নিধনে জন্মনক্ষত্রে মধ্যাহ্নাৎ পরতঃ শুভম্॥ ৬৯

ইতিশ্রীপতিব্যবহারনির্ণয়ে।

বিষ্টিভদ্রা, মঙ্গলবার, ব্যতীপাতযোগ, শনিবার, জন্মতারা ও জন্মতারা হইতে সপ্তমতারা, এই সকল তিথি, নক্ষত্র, বার ও যোগ কর্ম্মকালে মধ্যাহ্নের পরে শুভ হইয়া থাকে। ৬৯

## অথ ত্রিপুষ্করযোগকথনম্।

বারাঃ ক্রূরাস্তিথির্ভদ্রা পাদৈকখণ্ডিতঞ্চ ভং।
এতত্রয়সমাযোগে ত্রিপুষ্করমুদাহৃতম্॥ ৭০

ইতিজ্যোতিস্তত্ত্বে।

ক্রূর অর্থাৎ রবি, শনি কিম্বা মঙ্গলবারে যদি ভদ্রা (দ্বিতীয়া, দ্বাদশী বা সপ্তমী) তিথি এবং ভগ্নপাদনক্ষত্র পুনর্ব্বসু, উত্তরফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ কিংবা বিশাখানক্ষত্র যোগ হয় তাহা হইলে ত্রিপুষ্কর-সংজ্ঞক যোগ হইয়া থাকে। ৭০

---

* কালঘণ্টে ইতিপাঠঃ।

‡ সর্ব্বেষাং ইতি চ পাঠান্তরং।

ত্রিপুষ্করে তু যৎকিঞ্চিৎ শুভং বা যদি বাশুভম্।
জায়তে ত্রিগুণং সর্ব্বং প্রাণী জাতস্তু জারজঃ॥ * ৭১

ইতিজ্যোতিস্তত্ত্বে।

শুভ কিম্বা অশুভ যে কার্য্যই হউক ত্রিপুষ্করযোগে ত্রিগুণ ফল পাওয়া যায়; কিন্তু প্রাণী জন্মিলে সে জারজ হয়। ৭১

অথ কালঘণ্টযোগঃ।

ষষ্ঠীং শীতাংশুবারে পরিহর দশমীং সপ্তমীং ভার্গবে চ
অষ্টম্যাং দেবমন্ত্রী বুধদিননবমীং শৌরিবারে দশম্যাং।
ভৌমে চৈকাদশীঞ্চ দশশতকিরণে বর্জ্জয়েদ্দ্বাদশীঞ্চ
সর্ব্বারম্ভং ন কুর্য্যাজ্জনয়তি বিপদং কালঘণ্টোঽপি যোগঃ॥ ৭২

ইতিজ্যোতিঃসারে।

অধুনা কালঘণ্টযোগ কথিত হইতেছে,—সোমবারে ষষ্ঠীতিথি হইলে কালঘণ্টযোগ হয়, এইরূপ শুক্রবারে দশমী কি সপ্তমীতিথি, বৃহস্পতিবার অষ্টমী তিথি, বুধবার নবমীতিথি, শনিবার দশমীতিথি, মঙ্গলবারে একাদশীতিথি এবং রবিবারে দ্বাদশীতিথি হইলে কালঘণ্টযোগ হইয়া থাকে। এই কালঘণ্টযোগে কর্ম্ম করিলে বিপদ ঘটে; অতএব ইহাতে কোনকার্য্যই আরম্ভ করিবে না। ৭২

অথ মহাদগ্ধাকথনম্।

দ্বাদশী চ মঘাদিত্যে কৃত্তিকৈকাদশী বিধৌ।
দশম্যঙ্গারকে চাদ্রর্া বুধে মূলা তৃতীয়িকা।
গুরৌ ষষ্ঠী ভরণ্যাঞ্চ শুক্রেঽশ্বিন্যাং দ্বিতীয়িকা।
অশ্লেষা সপ্তমী মন্দে মহাদগ্ধাঃ প্রকীর্ত্তিতাঃ॥ ৭৩

মহাদগ্ধা কথিত হইতেছে,—রবিবারে দ্বাদশীতিথি ও মঘানক্ষত্র যোগ হইলে মহাদগ্ধা হয়, এইরূপ সোমবারে কৃত্তিকানক্ষত্র ও একাদশীতিথি, মঙ্গলবারে দশমীতিথি ও আর্দ্রানক্ষত্র, বুধবারে মূলানক্ষত্র ও তৃতীয়াতিথি, বৃহস্পতি বারে ষষ্ঠীতিথি ও ভরণীনক্ষত্র, শুক্রবারে অশ্বিনীনক্ষত্র ও দ্বিতীয়াতিথি এবং শনিবারে অশ্লেষানক্ষত্র ও সপ্তমীতিথি যোগ হইলে মহাদগ্ধা হইয়া থাকে। ৭৩

অথ দগ্ধদিনকথনম্।

দ্বাদশ্যেকাদশী চৈব দশমী চ ত্রিষষ্ঠিকা।
দ্বিতীয়া সপ্তমী চৈব দগ্ধা সূর্য্যাদিবারতঃ॥ ৭৪

ইতিজ্যোতিঃসারে।

---

* লাভোহানির্জয়োবৃদ্ধিঃ পুত্রজন্ম তথৈব চ। নষ্টং দত্তং মৃতং বাপি তৎসর্ব্বং ত্রিগুণায়তে। সর্ব্বদেশাবিশেষেণ ফলং স্যাৎ শুভযোগজম্।

রবিবারে দ্বাদশী, সোমবারে একাদশী, মঙ্গলবারে দশমী, বুধবারে তৃতীয়া, বৃহস্পতিবারে ষষ্ঠী, শুক্রবারে দ্বিতীয়া এবং শনিবারে সপ্তমী-তিথি যোগ হইলে তাহা দগ্ধা হইয়া থাকে। ৭৪

আদিত্যরুদ্রকাষ্ঠাগ্নিরসপক্ষতুরঙ্গমাঃ।
অর্কাদিবারযোগেন দহ্যন্তে তিথয়ঃ ক্রমাৎ ॥৭৫

ইতিসারসংগ্রহে।

সারসংগ্রহ-ধৃতবচনেও উক্ত হইয়াছে যে,—রব্যাদি সপ্তবারে দ্বাদশী, একাদশী, দশমী, তৃতীয়া ষষ্ঠী, দ্বিতীয়া ও সপ্তমী এই সকল তিথি যথাক্রমে হইলে দগ্ধা হইয়া থাকে। ৭৫

খনা।

আঘা, এসো, দম, বুতি, বাইট, বৃহস্পতি, শুদ্বি শসাঃ
এতে এতে'পোড় দিবসাঃ॥

মাসারুদ্রাদিশোরামাঃ ষট্‌পক্ষমুনয়স্তথা।
দহ্যন্তে তিথয়ঃ সপ্ত রব্যাদিসপ্তভিগ্র্হৈঃ॥ ৭৬

ইতিরাজমার্ত্তণ্ডে।

রাজমার্ত্তণ্ডে উক্ত হইয়াছে যে,—রব্যাদি সপ্তবারে যথাক্রমে দ্বাদশী, একাদশী, দশমী, তৃতীয়া, ষষ্ঠী, দ্বিতীয়া ও সপ্তমীতিথি দগ্ধা হয়। ৭৬

দ্বাদশ্যর্কযুতা ভবেদশুভদা সোমেন চৈকাদশী
ভৌমে চাপি যুতা তথৈব দশমী নেষ্টা তৃতীয়া বুধে।
ষষ্ঠী নেষ্টফলপ্রদা সুরগুরৌ শুক্রে দ্বিতীয়া তথা
সর্ব্বারম্ভবিনাশবিঘ্নজননী সূর্য্যাত্মজে সপ্তমী॥ ৭৭

ইতিজ্যোতিস্তত্ত্বে।

রবিবারে দ্বাদশীতিথি শুভদায়িকা হ'ন না, এইরূপ সোমবারে একাদশী, মঙ্গলবারে দশমী ও বুধবারে তৃতীয়াতিথি ইষ্টফল দান করেন না; বৃহস্পতি-বারে ষষ্ঠী ও শুক্রবারে দ্বিতীয়াতিথি ইষ্টফলদাত্রী হয় না, আর শনিবারে সপ্তমী তিথি সমস্ত কার্য্য আরম্ভেই বিঘ্নদাত্রী হইয়া থাকেন। ৭৭

## অথ দেশবিশেষে যোগব্যবস্থা।

সর্ব্বেষু দেশেষু বিশেষতোঽমী বিষ্কুম্ভকাদ্যাঃ মুনিভিঃ প্রদিষ্টাঃ। *
বারর্ক্ষযোগাস্তিথিবারযোগাঃ বঙ্গেষু যোজ্যা ন তু তেঽন্যদেশে॥ ৭৮

* এই বচনটি নিত্যযোগপ্রকরণে লিখিত হইয়াছে, আবশ্যক বিধায় এখানেও দেওয়া গেল।

বিষ্কুম্ভাদিসপ্তবিংশতি-নিত্যযোগের ফল সকল দেশেই হয়,কিন্তু শুভযোগ, পাপযোগাদি, নক্ষত্রামৃতাদি ও তিথিবারযোগে যে সিদ্ধি এবং দগ্ধাদিযোগ হয় তাহাতে শুভাশুভ ফল কেবল বঙ্গদেশেই হইয়া থাকে, অন্যকোন দেশে ইহার ব্যবহার নাই, দোষগুণও কিছুই হয় না। ৭৮

সর্ব্বেষাং শুভাশুভযোগানাং দেশবিশেষ এব ফলমাহ। সর্ব্বেষিতি। বারর্ক্ষযোগাঃ অমৃতপাপাদয়ঃ তিথিবারযোগাঃ সিদ্ধিদগ্ধাদয়ঃ বঙ্গেষু যোজ্যাশ্চান্যদেশে গুণদোষো-নাস্তীত্যর্থঃ। * ৭৮

## অথ যাত্রাদিষু করণব্যবস্থা।

গরবণিজবিষ্টিবর্জ্জিতানি করণানি যাতুরিষ্টানি।
গরমপি কৈশ্চিচ্ছস্তং বণিজস্তু বণিক্‌ক্রিয়াস্বেব ॥ ৭৯

যাত্রাদিতে করণব্যবস্থা কথিত হইতেছে।—গর, বণিজ ও বিষ্টি ভিন্ন সমস্ত করণই যাত্রাদিতে প্রশস্ত। কোন কোন মুনি বলেন, গরকরণও যাত্রাতে প্রশস্ত হয়; আর বণিজকরণ বাণিজ্যকর্ম্মে প্রশস্ত হইয়া থাকে। ৭৯

যাত্রায়াং করণান্যাহ। গরেতি। :গরবণিজবিষ্টি-সংজ্ঞকং করণত্রয়ং ত্যক্ত্বান্যানি করণানি যাতুর্জ্জনস্য ইষ্টানি শুভানি। কৈশ্চিন্মুনিভির্গরমিতি প্রশস্তমুক্তং। "বণিজমপি বণিক্‌ক্রিয়াসু বাণিজ্যেষ্বেব কৈশ্চিদুক্তং শস্তং নান্যত্রেতি তথা চ বশিষ্ঠঃ। গরং হি শুভদং যানে বাণিজ্যে বণিজং তথা। বিষ্টিঃ সর্ব্বাত্মনা বর্জ্জ্যা যাতুঃ প্রাণার্থনাশিনী।" ৭৯

## অথ যাত্রায়াং নক্ষত্রবৎ ক্ষণব্যবস্থা।

নক্ষত্রবৎক্ষণানাং পরিঘঃ শূলং সময়ভেদশ্চ।
তারাচন্দ্রবিশুদ্ধিঃ সর্ব্বং তৎস্বামিভিশ্চিন্ত্যম্ ॥ ৮০

যাত্রাতে নক্ষত্রের ন্যায় নক্ষত্রক্ষণের ব্যবস্থা কথিত হইতেছে,—নক্ষত্রের ন্যায় নক্ষত্রক্ষণে (মুহূর্ত্তে) দণ্ডে, নক্ষত্রশূলে, সময়ভেদে, নক্ষত্রাধিপতি ও ক্ষণাধিপতির ঐক্য হইলে এবং তারা চন্দ্র শুদ্ধ থাকিলে নক্ষত্র বিহিত-কর্ম্ম নক্ষত্রের ক্ষণে করিতে পারিবে। ৮০

যাত্রায়াং মুহূর্ত্তফলমাহ। নক্ষত্রবদিতি। নক্ষত্রবৎক্ষণানামপি পরিঘোঽত্র দণ্ডোঽন্তরে বায়ুগ্নোরিত্যনেনোক্তোদণ্ডঃ। তজ্জ্যেষ্ঠাজপদমিত্যনেনোক্তং শূলং সময়শ্চোদোদগ্ধং শক্র-পুরমিত্যাদিনোক্তঃ। কালভেদশ্চন্দ্রতারাবিশুদ্ধিঃ চকারাৎ সার্ব্বদ্বারিকঞ্চ চিন্ত্যমিত্যর্থঃ। ন কেবলং যাত্রায়াং কিন্তু যস্মিন্ যস্মিন্ নক্ষত্রে বিহিতং যদ্যৎকর্ম্মোক্তং তত্তৎ সর্ব্বং কর্ম্ম চ ক্ষণানামপি চিন্ত্যং কথমিতিচেদাহ তচ্চ স্বামিভিরেবেতি। তেষাং ক্ষণানাং স্বামিভিঃ পূর্ব্বোক্তৈর্নক্ষত্রৈরিত্যর্থঃ। তথাচোক্তং নক্ষত্রে যদ্বিহিতঃ তৎকার্য্যং তন্মুহূর্ত্তে

* বিরুদ্ধসংজ্ঞাতিথিবারযোগানক্ষত্রবারপ্রভবাশ্চ যে বৈ। হূনাঙ্গবঙ্গেষু খশেষু বর্জ্জ্যাঃ শেষেষু দেশেষু ন তে বিরুদ্ধাঃ। ইতিশ্রীপতিঃ।

ইতি। বৃহদ্‌যাত্রায়ং। "অহোরাত্রঞ্চ সংপূর্ণং চন্দ্রনক্ষত্রযোজিতং। তন্নক্ষত্রমুহূর্ত্তাশ্চ সর্ব্বকর্ম্মগুণাঃ স্মৃতাঃ। যদ্বা তয়োর্নক্ষত্রক্ষণয়োঃ স্বামিভির্দ্দৈবৈরিতি অশ্বিযমদহনেত্যাদিনা নক্ষত্রাধিপদেবা উক্তাঃ, শিবভুজগ ইত্যাদিনা মুহূর্ত্তাধিপাদেবাশ্চোক্তাঃ, তয়োর্দ্দৈবৈক্যবশেন নক্ষত্রবিহিতং কর্ম্ম ক্ষণেঽপি কার্য্যমিত্যর্থঃ। অন্যে তন্নথা প্রলপন্তি তদুপেক্ষিতম্। ৮০

## অথ নিষিদ্ধলগ্নকথনম্।

মীনে কর্কিণ্যলিনি চ বৃষে জন্মকালস্থপাপে
বামে বা দিগ্‌দ্যুনিশবলিনাং জন্মলগ্নাষ্টমে বা।
বর্গে পাপানুপচয়কৃতাং বক্রিণাং পৃষ্ঠলগ্নে
পাপান্তস্থে ন গতিরবলে জন্মলগ্নানধীনে ॥৮১

অধুনা যাত্রাতে নিষিদ্ধ লগ্ন কথিত হইতেছে,—মীন, কর্কট, বৃশ্চিক ও বৃষ এই সকল লগ্নে, আর জন্মসময়ে পাপগ্রহ যে রাশিতে অবস্থিত ছিলেন সেই লগ্নে কিম্বা রাশিতে এবং দিবাবলী রাশিলগ্নে রাত্রিতে, নিশাবলী রাশিলগ্নে দিবাতে আর জন্মরাশির কি জন্মলগ্নের অষ্টমলগ্নে এবং পাপগ্রহের ক্ষেত্রে কি নবাংশাদিতে, গোচরে অথবা দশাদিতে অনুপচয়কর শুভগ্রহের ও বক্রিগ্রহের ক্ষেত্রাদিতে এবং পৃষ্ঠোদয়লগ্নে ও পাপগ্রহদ্বয়ের মধ্যস্থিত লগ্নে, বলহীন লগ্নে, জন্মলগ্ন ও জন্মরাশির বশীভূত লগ্নে যাত্রা শুভদায়িকা হয় না। ৮১

যাত্রায়াং নিষিদ্ধলগ্নমাহ। মীন ইতি। মীনে কর্কটে বৃশ্চিকে, বৃষলগ্নে গমনং ন শুভমিত্যর্থঃ। তথা চ বৃহদ্‌যাত্রায়াং। বৃষবৃশ্চিককর্কটৈ নৃণামনুকূলৈরপি লগ্নমাশ্রিতৈঃ। গমনং প্রবদন্ত্যশোভনং মুনয়োঽন্যর্ক্ষসমাশ্রিতৈরপি। তথা লঘুযাত্রায়াং। মীনেকুটিলো-মার্গোভবতি তদংশেঽপীত্যাদি বক্ষ্যাতি। এতেন নৌযানং মীনকর্কটয়োরপি শস্তং জলজ-রাশিত্বাদিতি। জন্মেতি জন্মকালস্থঃ পাপগ্রহোযস্মিন্ তত্র রাশৌ লগ্নে বা গমনং ন শস্তমিতি। যথা লঘুযাত্রায়াং। আসনজন্মনি রাশিষু যেষু শুভা ভাস্করাৎ দ্বিতীয়াশ্চ তে লগ্নে শস্যাঃস্তু নেষ্টাঃ পাপগ্রহাধ্যুষিতা ইতি। এতেন মীনাদীনাং বিশেষণং জন্ম-কালস্থপাপ ইতি কস্যচিৎ প্রলাপোহেয় ইতি। বামমিতিদিশাং দিবাবলিনাং নিশাবলিনাঞ্চ লগ্নানাং বামং বিপরীতং গমনং ন শুভমেতদুক্তং ভবতি, দিশাং বামং যস্তান্দিশি গন্তব্যং তদ্দিশোবিমুখলগ্নে ন গন্তব্যং। যথা বৃহদ্‌যাত্রায়াং। যাতব্যাদিঙ্মুখগতস্য সুখেন সিদ্ধি-র্ব্ব্যর্থশ্রমোভবতি। দিকৃপতিনোলগ্ন ইতি। এতেন পূর্ব্বদিগলগ্নে পূর্ব্বোত্তর-দক্ষিণেষু গমনং শস্তং ন কদাচিৎ পশ্চিম ইতি। এবমন্যদপ্যূহ্যং। তথা গোঽজাশ্বীত্যাদিনা দিবাবলিনো-নিশাবলিনশ্চ রাশয়ঃ উক্তাস্তেষাং বামং দিবাবলিরাশিলগ্নে রাত্রৌ গমনং ন শুভং। নিশা-বলিরাশিলগ্নে চ দিবাগমনং ন শস্তমিতি। যথা বৃহদ্‌যাত্রায়াং। শস্তং দিবা দিনবলে নিশি নক্তবীর্য্যে রাশৌ বিপর্য্যয়বলে গমনং ন শস্তমিতি। জন্মেতি জন্মরাশের্জ্জন্মলগ্নস্য চাষ্টমে লগ্নে ন শুভং গমনং বাশব্দশ্চার্থে তথা পাপগ্রহস্য বর্গে গৃহনবাংশাদৌ গোচরে দশাপাকে

বা অনুপচয়কৃতাং শুভানামপি বর্গে গমনং শুভং। এতেনোপচয়করস্তাপি পাপগ্রহস্ত চ বর্গে গমনং শুভমিতিধ্বনিতং। তথা চ লঘুযাত্রায়াং। উপচয়করস্ত বর্গঃ ক্রুরস্তাপি প্রশস্ততে লগ্নে। চন্দ্রেঽপি চ তদ্যুক্তে ন তু বিপরীতস্ত সৌম্যস্তেতি। তথা বক্রিণাং বর্গে গৃহনবাংশাদৌ গমনং ন শুভং। তথা লঘুযাত্রায়াং, বক্রী ন শুভকেন্দ্রে তদহস্তদ্বর্গলগ্নকেতি। তথা চ পৃষ্ঠল গ্ন পৃষ্ঠোদয়লগ্নে গমনং ন শুভং। যথা বৃহদ্‌যাত্রায়াং। শীর্ষোদয়ে স্বমভিবাঞ্ছিতকার্য্যসিদ্ধিঃ পৃষ্ঠোদয়ে বিফলতাবলবিভ্রবশ্চেতি। এতেন পাপানাং পাপগৃহাবস্থিতরাশীনাং অনুপচয়করস্থিতরাশীনাঞ্চ বর্গে গমনং ন শুভং বক্রিগ্রহাণাং পৃষ্ঠলগ্নে পশ্চাল্লগ্নে চ ন শুভমিতি সৌভরের্ম্মতিভ্রমজন্যপ্রলাপইতি। পাপান্তস্থইতিপাপদ্বয়মধ্যগে লগ্নে ন শুভং। তথা অবলে বলহীনে চ লগ্নে ন শুভং। তথা জন্মলগ্নস্য জন্মরাশেশ্চাবিধেয়ে বিধেয়োবিধাতব্যঃ। আজ্ঞাপ্যোবশগ ইতিযাবৎ। তথা চামরসিংহঃ। বিধেয়োবিনয়গ্রাহী বচনেস্থিত আশ্রবঃ। বশ্যঃ প্রণেয়োনিভৃতবিনীতপ্রশ্রিতাঃসমা ইত্যবিধেঽবলেলগ্নে গমনং ন শুভমিত্যর্থঃ। স্বিপদবশগা ইত্যাদিনা তু বশ্যাবশ্যত্বমুক্তমেবেতি। তথা বৃহদ্‌যাত্রায়াং। অবিধেয়ং যদ্ভবনং স্বজন্মলগ্নর্ক্ষয়ো প্রযাতৃণাং। অপ্যনুকূলং লগ্নং ধনক্ষয়ায় স্বেদমদ্ভবতি, সখিবশ্যতামুদেতে স্বজন্মলগ্নর্ক্ষয়োর্ব্বিলগ্নস্থে। অপচয়করেঽপি যাতুর্জ্জয়ধনমানাগমাঃ। ক্ষিপ্রমিতিসৌভরিণা তু অবিধেয়ত্রিলাভরিপুকর্ম্মস্থানবর্জ্জিতে লগ্নে ইতি সর্ব্বার্থাজ্ঞানাদেব প্রলপিতং তদশুদ্ধমেবেতি। * ৮১

## অথ শুভাশুভলগ্নকথনম্।

মীনে কুটিলোমার্গো ভবতি তদংশেঽন্যরাশিলগ্নেঽপি।
নৌযানমাপ্যলগ্নে কার্য্যং তেষাং নবাংশে বা ॥ ৮২

মীনলগ্নে কিম্বা অন্যরাশিলগ্নে মীনের অংশে গমন করিলে গন্তার বক্রপথে গতি হয়। জলরাশিলগ্নে কিম্বা জলরাশিলগ্নের নবাংশাদিতে নৌকায় গমন অতিশয় প্রশস্ত হইয়া থাকে। ৮২

লগ্নে কার্ম্মুকমেষতৌলিগমনে কার্য্যে বিলম্বোনৃণাং
পঞ্চত্বং মকরে তথা শশিগৃহে তদ্বৎফলং বৃশ্চিকে।
সিংহে বা যদি গোঘটেষু গমনং সর্ব্বার্থসিদ্ধিপ্রদম্
স্যাদাশাপতিষু প্রয়াতি সকলং কন্যাঝষে মন্মথে ॥ ‡ ৮৩

ইতিজ্যোতিস্তত্ত্বে।

* বামে বিপরীতে। ঘটমিথুনকুলীরাশ্চাপগোমীনকন্যাঃ খলু শুভভবনযাত্রাশয়ঃ সপ্ত সৌম্যাঃ। অলিঘটমৃগসিংহাজাশ্চ পাপাশ্রয়ত্বান্মুনিভিরভিহিতাস্তে রাশয়ঃ ক্রুরভাবা ইতিজ্যোতিস্তত্ত্বে।

‡ সিংহে বা যদি গোঘটে গত নরঃ সর্ব্বার্থসিদ্ধিং লভেৎ। কন্যায়াং মিথুনে ঝষে স্তভিমতং প্রাপ্নোত্যবশ্যং ফলম্ ॥ ইতিসারসংগ্রহে পরার্দ্ধস্য পাঠঃ।

ধনু, মেষ ও তুলালগ্নে যাত্রা করিলে গন্তার বিলম্বে কার্য্যসিদ্ধি হয়, মকর, কর্কট ও বৃশ্চিকলগ্নে গমনে পঞ্চত্ব প্রাপ্তি হয়। সিংহ, বৃষ ও কুম্ভ-লগ্নে যাত্রা করিলে সর্ব্বার্থসিদ্ধি এবং দিগ্ বদনলগ্নে ও কন্যা, মীন কি মিথুনলগ্নে গমন করিলে সর্ব্বাভীষ্ট সিদ্ধ হইয়া থাকে। ৮৩

অন্যচ্চ।

নেষ্টং দিশন্তি মকরালিকুলীরলগ্নে মেষে ধটে ধনুষি দীর্ঘকরী হি যাত্রা
যুগ্মাঙ্গনাঝষবৃষে ধ্রুবমর্থলাভো-জ্যোতির্ব্বিদঃ সকলসিদ্ধিমুপৈতি লক্ষ্মীঃ

ইতিজ্যোতিস্তত্ত্বে।

বচনান্তরে কথিত হইয়াছে,—মকর, বৃশ্চিক, কর্কট, মেষ, তুলা ও ধনুলগ্নে দীর্ঘযাত্রা শুভকরী হয় না। মিথুন, কন্যা, মীন ও বৃষলগ্নে যাত্রা করিলে অর্থলাভ ও লক্ষ্মীযুক্ত হইয়া থাকে। ৮৪

পূর্ব্বাস্তু গচ্ছেদ্ধনুঃ সিংহমেষে অথোত্তরাং কর্কটকীটমীনে।
প্রতীচিকাং মন্মথতৌলিকুম্ভেহ্বপাচিকাং গোমকরাঙ্গনাসু॥ * ৮৫

ইতিসারসংগ্রহে।

ধনু, সিংহ ও মেষলগ্নে পূর্ব্বদিকে গমন করিবে; কর্কট, বৃশ্চিক ও মীনলগ্নে উত্তরদিকে যাত্রা করিতে পারিবে। মিথুন, তুলা ও কুম্ভলগ্নে পশ্চিমদিকে যাত্রা কর্ত্তব্য এবং বৃষ, মকর ও কন্যালগ্নে দক্ষিণদিকে যাত্রা শুভকরী হইয়া থাকে। ৮৫

যানে ভং জন্মরাশেরুপচয়মুদয়ারিত্রিলাভঞ্চ বেশি-
র্ম্মিত্রং বন্ধুং স্বজন্মস্বতনুভবনয়োর্যদ্গ্রহৈর্নো নিরংশম্।
স্থানং সৌম্যস্য জন্মন্যভিমতফলদস্যাপি যত্র প্লবশ্চ
যাম্যাং ত্যক্তাভিজিদ্ভং শুভদিবসফলেন্দোশ্চ যা কালহোরা॥৮৬

জন্মরাশি অপেক্ষায় তৃতীয়, ষষ্ঠ অথবা একাদশলগ্ন, জন্মকালীন সূর্য্য হইতে দ্বিতীয় রাশির লগ্ন আর জন্মরাশির ও জন্মলগ্নের বন্ধু কি মিত্রলগ্নে অথবা যে রাশির শেষাংশে গ্রহ না থাকে সেই লগ্ন, জন্মকালে শুভ গ্রহাক্রান্ত রাশির লগ্ন, জন্মকালীন শুভফলদ পাপযুক্ত রাশির লগ্ন, গন্তব্য দিকপতির ক্ষেত্রলগ্ন, দক্ষিণদিক্ ভিন্ন অভিজিৎ মূহূর্ত্তের লগ্ন এবং শুভ-ফলপ্রদগ্রহের বারের ও চন্দ্রের কালহোরা প্রভৃতি গমনে শুভফল প্রদান করে। ৮৬

---

* মেষসিংহধনুঃ প্রাচ্যাং বৃষকন্যামৃগাযমে। তুলাযম্মঘটাঃ পশ্চাৎ সৌম্যাং মীনালি-কর্কটাঃ। ইত্যপি সারসংগ্রহে।

বিহিতলগ্নমাহ। যান ইতি। জন্মরাশেঃ সকাশাৎ উপচয়ং ত্রিদশষষ্ঠৈকাদশস্থং লগ্নং সৎ শুভং। এতেন জন্মরাশির্লগ্নং ন শুভমিতিধ্বনিতং। তথা লঘুযাত্রায়াং। ইষ্টং স্বলগ্নলগ্নজন্মরাশ্যাদ্যেপমন্তয়োঃ স্থানানি। ষট্ত্র্যায়গৃহাণি স্থিতাম্যুদয়ে নেষ্টানি শেষানীতি। তথোরয়ারিত্রিলাভঞ্চ সদুদয়ং স্বজন্মলগ্নং অর্থাত্তদীয়ারিত্রিলাভঞ্চ লগ্নং সদেতেন জন্মলগ্নাদ্দশম-স্থানং ন শস্তমিতি সূচিতং। তথা চ বৃহদ্যাত্রায়াং। ক্লেশাদ্বিনাফলমরিক্ষয়শ্চেতি কেচিত্তদুদয়স্তারিত্রিলাভং সৎ কিন্তুনোদয়মিতিপূর্ব্বলিখিতবচনাৎ। তথা বৃহদ্যাত্রায়াং। ক্লেশাদ্বিনাফলমরিক্ষয়মর্থসিদ্ধিং প্রাপ্নোতি লগ্নসহিতে প্রযসন্ স্বলগ্ন ইতি। তথা বেশির্জ্জন্মকালে সূর্য্যাদ্দ্বিতীয়র্ক্ষং লগ্নং শুভমিতি কশ্চিত্তু যাত্রাকালে সূর্য্যাদ্দ্বিতীয় ঋক্ষমিতি বদতি তদসৎ। আসন্ জন্মনি রাশিষু যেষু শুভাভাস্করাদ্বিতীয়াশ্চেতি লঘুযাত্রাবচনাৎ তথা স্বজন্মস্বলগ্নগৃহয়োর্ব্বশ্যং মিত্রঞ্চ লগ্নং সৎ দ্বিপদবশগা ইত্যাদিনা বশ্যত্বমুক্তং, মিত্রত্বঞ্চ স্বামিদ্বারেতি জ্ঞাতব্যং। যল্লগ্নং গ্রহৈঃ শুভাশুভৈর্নিরংশমংশশেষীকৃতং যস্য শেষাংশে গ্রহো ন বর্ত্ততে তল্লগ্নং সদেতেন নিরংশলগ্নং ন শুভমিতি নিষেধ এব তাৎপর্য্যার্থঃ। তথা চ। যস্মিন্ রাশাবন্ত্যভাগে সৌম্যঃ পাপোঽথ বা স্থিতঃ। গমনে বর্জ্জয়েন্নিত্যং ভয়শোক প্রদোষতঃ। অর্থাজ্জন্মকালে সৌম্যস্য স্থানং শুভাক্রান্তং যদগৃহং তল্লগং সৎ যথা আসন্ জন্মনি রাশিষু যেষু শুভা ইত্যাদি। তথা জন্মন্যভিমতফলদস্য রাজযোগ উক্তঃ যোগাদিনা শুভ-ফলদস্য পাপস্যাপি সমাক্রান্তং স্থানং যদগৃহং তল্লগ্নং সৎ। তথা যত্র প্লবঃ স্যাৎ যল্লগ্নস্বামিনো-দিক যস্মিন্‌রাশৌ গন্তুমিষ্টা স্যাত্তল্লগ্নং সৎ। তথা সারাবল্যাং। ভবনাধিপদিঙ্নামপ্লব ইহ যবনৈঃ প্রযত্নতঃ কথিতঃ। তৎপ্লবগো বিনিহন্ত্যাদচিরেণ মহীপতিঃ শত্রূন্ ইতি। এতেন প্লবোবেশিস্থানাবিপোযত্র বিদ্যত ইতি সৌভরেঃ প্রলাপোঽশুদ্ধ এব। তথা যাম্যাং দক্ষিণাং দিশং ত্যক্ত্বাভিজিত্তং অভিজিন্মুহূর্ত্তাধিষ্ঠিতরাশিলগং সৎ। তথা লঘুযাত্রায়াং। যশ্চাষ্টমো-মুহূর্ত্তোদিনেঽভিজিন্নাম নির্দ্দিষ্টঃ। তস্মিংস্ত্যক্ত্বা যাম্যাকন্যত্র গতস্য জয়লব্ধিরিতি। শুভেতি শুভং দিবাফলং বারফলং যস্য তস্য গ্রহস্যোদয়োশ্চ বা কালহোরা তল্লগ্নং সদেতদুক্তং ভবতি সংত্যক্তেদ্দিবসইত্যাদিনা নিষিদ্ধবারা উক্তাঃ। লঘুযাত্রাদিষু চ জৈবে জয়ধনলব্ধিরিত্যাদিনা চ শুভবারা উক্তাঃ। অনুলোমদিগ্নশেন চ বারস্য শুভত্বমুক্তমেবঞ্চ যস্য গ্রহস্য বারে শুভফলং কথিতং তস্য কালহোরা। অস্যার্থঃ গ্রহস্য দিবসফলং বারফলং শুভাশুভং যদুক্তং তস্য কালহোরা তৎফলং করোতি। তথাচ লঘুযাত্রায়াং। যদ্যস্য ফলং বারে তদশেষং তস্য কালহোরায়ামিতি। এতেনাশুভেঽপিবারে শুভফলবারস্য গ্রহস্য কালহোরায়াং গমনং শস্তমিতিধ্বনিতং। এতেন জন্মকোষ্ঠ্যাং শুভদিবসফলস্য শুভদস্যেতি সৌভরের্ব্ব্যাখ্যা-কৌশলং হেয়ং দিবসপদবৈয়র্থাপত্তেশ্চেতি। কালহোরাপিপাশ্চ দৈবজ্ঞবল্লভায়ামুক্তাঃ। বীরপ্রবৃত্তের্ঘটিকাদ্বিনিঘ্নাঃ কালাখ্যাহোরাপতয়ঃ শরাপ্তাঃ। দিনাধিপাদ্যারবিশুক্রসৌম্য-শশাঙ্কসৌরেজ্যকুজাঃ ক্রমেণ। ৮৬

## অথ যাত্রায়াং লগ্নস্থনিষিদ্ধগ্রহনির্ণয়ঃ।

পাপঃ ক্ষীণোবিধুরবিদিনং যস্য জন্মর্ক্ষপীড়া
হোরা জন্মাষ্টমগৃহপতির্জ্জন্মভং প্রত্যনিষ্টঃ।

**নীচগ্রাস্তং গতপরাজিতোজন্মলগ্নেশ শত্রুঃ**
**লগ্নে নেষ্টাঃ খচররহিতং বক্রিযুক্তঞ্চ কেন্দ্রম্॥ ৮৭**

যাহাতে লগ্নস্থিত নিষিদ্ধগ্রহ কথিত হইতেছে। পাপগ্রহ, ক্ষীণচন্দ্র বারাধিপতি যে গ্রহের অরি ·সেই গ্রহ ও যে গ্রহের জন্মনক্ষত্র পীড়িত সেই গ্রহ, জন্মলগ্ন ও জন্মরাশির অষ্টমাধিপতিগ্রহ গোচরে অনিষ্টপ্রদ শুভ কিম্বা অশুভগ্রহ, নীচগৃহস্থিতগ্রহ, অস্তমিতগ্রহ, পরাজিতগ্রহ, এবং জন্মলগ্নাধিপতির ও জন্মরাশ্যধিপতির শত্রুগ্রহ যদি লগ্নে থাকেন কি লগ্নের কেন্দ্রস্থানে গ্রহশূন্য হয় কিম্বা বক্রিগ্রহ কেন্দ্রে অবস্থিত হ'ন তবে সেই লগ্নে যাত্রা করিবে না · ৮৭

লগ্নে নিষিদ্ধগ্রহানাহ। পাপ ইতি। পাপগ্রহোলগ্নে নেষ্টঃ ন শুভঃ। অত্র পাপোঽপি যদি গোচরে দশাপাকে বা শুভগ্রহোঽপ্যনিষ্টদঃ সোঽপি লগ্নে ন শস্ত :ইত্যর্থঃ। যথা লঘুযাত্রায়াং ক্রূরোঽপ্যনুকূলস্থঃ শস্তোলগ্নে শুভোঽপি নানিষ্টফলদ ইতি। তথা ক্ষীণশ্চন্দ্রো-লগ্নে ন শস্তঃ। যদুক্তং কেন্দ্রকোণার্থগোনেষ্টঃ ক্ষীণঃ পূর্ণঃ শশীতি। তথা যস্য গ্রহস্যারিদিনং গ্রহবারঃ যস্মিন্ বারে যাত্রা কর্ত্তব্যা তস্য বারস্য স্বামী যস্য ।গ্রহস্য শত্রুঃ সগ্রহো লগ্নেনেষ্ট ইত্যর্থঃ। তথা বৃহদ্‌যাত্রায়াং। রিপুদিবসে যস্য ভবেৎ সৌম্যোঽপি সলগ্নগো ন শুভদাতা পাপোঽপীষ্টং জনয়তি মিত্রস্থলগ্নস্থ বিলগ্নস্থ ইতি। অত্র লগ্নাধিপস্যারিদিনং গমনে ন যোগ্যমিতি সৌভরের্ম্মতিবিভ্রম ইতি। তথা যস্য গ্রহস্য জন্মনক্ষত্রপীড়া সগ্রহোলগ্নে নেষ্টঃ। যস্যোত্যুভয়ত্র সংবধ্যতে মধ্যপাঠাৎ গ্রহাণাং জন্মনক্ষত্রং যথা বিশাখানলতোয়ানি বৈষ্ণবং ভগদৈবতং। পুষ্যা পৌষ্ণং যমঃ সর্পোজন্মর্ক্ষাণ্যর্কতঃ ক্রমাদিতি। জন্মর্ক্ষপীড়া চ নক্ষত্রম-পটুকিরণমিত্যাদিনোক্তৈব। তথা জন্মলগ্নস্য জন্মরাশেশ্চ যদষ্টমগৃহং তস্য স্বামী লগ্নে নেষ্ট ইতি। তথা জন্মভং জন্মরাশিং প্রতি গোচরে যোঽনিষ্টপ্রদঃ সশুভোঽপি লগ্নে নেষ্টপ্রদঃ। তথা ক্রূরোঽপ্যনুকূলস্থঃ শস্তোলগ্নে শুভোঽপি নানিষ্টফলদ ইতি। তথা যে নীচস্থা যে চাস্তং গতা য়ে চ যুদ্ধে পরৈর্জ্জিতাস্তে লগ্নে নেষ্টাঃ। তথা জন্মলগ্নাধিপস্য জন্মরাশ্যধিপস্য যঃ শত্রুঃ সলগ্নে নেষ্টঃ। এবং দশান্তর্দ্দশাপতেঃ শত্রুর্লগ্নে নেষ্ট ইতি। যথা বৃহদ্‌যাত্রায়াং। পাকেশাদৌ লগ্নে বর্গে বা তস্য ভূপতির্গচ্ছন্ বিনিহতশূরনরাশ্বঃ শত্রোরাপ্নোতি বশ্যত্বমিতি। তথা কেন্দ্রং লগ্নচতুর্থসপ্তমদশমস্থানং সর্ব্বমেব খচররহিতং গ্রহশূন্যং নেষ্টং। তথা বক্রিগ্রহযুক্তঞ্চ কেন্দ্রং নেষ্টং। তথা বৃহদ্‌যাত্রায়াং। একোঽপি বক্রোপগতোগ্রহাণাং শুভোঽশুভোবাপি চতুষ্টয়স্থঃ। বর্গোঽপি বাস্যোদয়গোবিনাশং বহুপ্রকারং কুরুতেঽধ্বগানাং ইতি। অত্র চ বিশেষমাহ রাজমার্ত্তণ্ডে। শুভদঃ শুভদৃষ্টো বা শুভদর্ক্ষগতোঽথ বা শুভদৃষ্টঃ। :শুভগেহে বা শুভদোবক্রী কেন্দ্রোপযাতুরিতি। গোচরে দশাপাকে বা শুভদোবক্রী ।কেন্দ্রস্থঃ শুভফল-দোভবতীত্যর্থঃ। ৮৭

**অথ যাত্রায়াং লগ্নস্য হোরাজ্ঞানম্।**

**তির্য্যগধ উর্দ্ধবদনহোরাঃ স্যুঃ সূর্য্যযোগতঃ ক্রমশঃ।**
**বাঞ্ছিতফলদোর্দ্ধমুখী শেষে দ্বে চাশুভে যাতুঃ॥ ৮৮**

অধুনা যাত্রাতে লগ্নের হোরাফল বর্ণিত হইতেছে,—রাশিকে দুই ভাগে বিভক্ত করিলে তাহাকে হোরা বলা যায়, যে হোরাতে সূর্য্য অবস্থিত থাকেন তাহার নাম তির্য্যঙমুখী, তাহার পশ্চাদ্‌ভাগের নাম অধোমুখী এবং তাহার পশ্চাদভাগের নাম ঊর্দ্ধমুখী। ঊর্দ্ধমুখী হোরাতে যাত্রা করিলে গন্তার বাঞ্ছিতফল লাভ হয়, আর শেষ দুই হোরাতে অশুভ হইয়া থাকে। ৮৮

হোরাফলমাহ। তির্য্যগিতি। হোরারাশ্যর্দ্ধং সূর্য্যযোগাৎ ক্রমেণ তির্য্যগধ ঊর্দ্ধবদন-সংজ্ঞকাহোরায়ঽর্দ্ধানি স্যুঃ। অয়মর্থঃ যস্মিন্ রাশ্যর্দ্ধে সূর্য্যস্তিষ্ঠতি সা তির্য্যঙ্‌মুখী তৎ-পশ্চাদধোমুখী পুনস্তৎপশ্চাদূর্দ্ধ মুখীত্যাদি। তথা বৃহদ্‌যাত্রায়াং। যস্মিন্ সংস্রাংশুরবি-স্থিতেঽর্দ্ধে তির্য্যঙ্‌মুখী স গণয়েৎ পুনঃ পুনরিতি। তত ঊর্দ্ধমুখী বাঞ্ছিতফলদা শেষে দ্বে হোরে তির্য্যঙ্‌মুখী অধোমুখ্যৌ যাতু ন শুভপ্রদেত্যর্থঃ। তথা চ দৈবজ্ঞবল্লভায়াং। ধত্তে বাঞ্ছিতকার্য্যমূর্দ্ধবদনাক্লেশাদ্বিনা লগ্নগা ক্লেশায়াং সপরিশ্রমাশ্চ কুরুতে তির্য্যঙ্‌মুখী গচ্ছতঃ। সৈন্যভ্রংশমধোমুখী চ কুরুতে ক্লেশাদ্‌গৃহে চাগমঃ সর্ব্বাঃ পুষ্টফলপ্রদাঃ স্বপতিনা দৃষ্টা ন পাপগ্রহৈঃ। ৮৮

## অথ যাত্রায়াং দ্রেক্কাণফলম্।

লগ্নে যদ্‌যদ্‌গ্রহাণাং ফলমুদিতমিহাংশেঽপি তেষাং দৃকাণে
সন্নাথে সৌম্যরূপে কুসুমফলযুতে রত্নভাণ্ডান্বিতে বা।
সৌম্যৈর্দৃষ্টে জয়ঃ স্যাৎ প্রহরণসহিতে পাপদৃষ্টে চ ভঙ্গঃ
বহ্নৌ দাহোঽথ বন্ধঃ সভুজগনিগড়ে পাপযুক্তে চ যাতুঃ॥ ৮৯

যাত্রাতে দ্রেকাণফল কথিত হইতেছে,—পূর্ব্বোক্ত লগ্নস্থিত গ্রহগণের যেরূপ ফল নির্দ্দেশ করা হইয়াছে, যাত্রাতে সেই সকল গ্রহের নবাংশেও তদ্রূপ ফল হইবে। শুভগ্রহের দ্রেক্কাণে, সৌম্যরূপ দ্রেক্কাণে, ফলপুষ্পযুত দ্রেক্কাণে, রত্নভাণ্ডান্বিত দ্রেক্কাণে এবং শুভগ্রহকর্ত্তৃক ঈক্ষিত দ্রেক্কাণে যাত্রা করিলে গন্তার জয় হয়। আর উদ্যতাস্ত্র দ্রেক্কাণে ও পাপগ্রহদৃষ্ট দ্রেক্কাণে যাত্রা ভঙ্গ হয়। ভুজগদ্রেক্কাণে, নিগড়দ্রেক্কাণে এবং পাপগ্রহ যুক্ত দ্রেক্কাণে যাত্রা করিলে গন্তার অগ্নিতে দাহ ও বন্ধনলাভ হইয়া থাকে। ৮৯

যাত্রায়াং নবাংশদ্রেক্কাণয়োঃ ফলমাহ। লগ্ন ইতি। লগ্নেস্থিতানাং গ্রহাণাং যদ্‌যৎফলং পাপঃ ক্ষীণোবিধুরিত্যাদিনা পূর্ব্বোক্তমিহ যাত্রায়াং তেষাং গ্রহাণাং নবাংশেঽপি তৎফলমুদিত মিতি। বৃহদ্‌যাত্রায়াং।* যদ্যদয়তি ফলং গ্রহে প্রদিষ্টং জনয়তি তন্ত নবাংশকোবিলগ্ন ইতি। তথা চ ফলান্তরমুক্তং তত্রৈব। নবভাগে তিগ্মাংশোর্ব্বাহননাশোবিলগ্নসংপ্রাপ্তে। কৃচ্ছাৎ স্বগৃহাগমনং প্রভাবযুক্তা চ চন্দ্রাংশে। কৌজেঽগ্নিভয়ং বৌধে মিত্রপ্রাপ্তি ধনাগমোজৈবে। ভোগবিবৃদ্ধিঃ শৌক্রে ভৃত্যাবিনাশোরবিসুতাংশে ইতি। দ্রেক্কাণফলমাহ। সন্ শুভগ্রহো-

নাথোযস্তু তস্মিন্ দ্রেক্কাণে জয়ঃ স্যাত্তথা মৃগুগ্মমীনয়োরিত্যাদিনোক্তঃ। সৌম্যদ্রেক্কাণে জয়ঃ তথা ফলকুসুমযুতে কর্কটাদিদ্রেক্কাণে জয়স্তথা রত্নভাণ্ডান্বিতে ধনুর্দ্ধ্বযো তুলাদিদ্রেক্কাণে জয়ঃ স্যাত্তথা সৌম্যৈঃ শুভৈদৃ্ষ্টে দ্রেক্কাণে জয়ঃ স্যাদথ প্রহরণসহিতে উদ্যতাস্ত্রদ্রেক্কাণে ভঙ্গস্তথা পাপদৃষ্টে চ দ্রেক্কাণে ভঙ্গোঽসদ্গ্রহদ্রেক্কাণে দাহোঽনিভয়ং। অথ সভুজগনিগড়েতি। ভুজগদ্রেক্কাণে নিগড়দ্রেক্কাণে চ পাপগ্রহযুক্তে চ দ্রেক্কাণে ধ্রুবর্ন্ধঃ স্যাৎ। যদ্যপি মীন-কর্কটয়োরিত্যাদিনা সর্পনিগড়য়োরৈক্যমুক্তং তথাপ্যত্র ভেদদর্শনাদত্রাপি পৃথগুক্তং। তথা চ মৃগালিপূর্ব্বে নিগড়ৌ প্রদিষ্টাবিতি। অত্র চ কশ্চিৎ প্রহরণসহিতে পাপযুক্তে ইতি পাঠং কৃত্বা বিশেষ্যবিশেষণভাবেনান্বয়ং করোতি তদসৎ। বৃহদ্যাত্রায়াং পাপদৃষ্ট ইত্যস্যৈব দৃষ্টত্বাৎ চকারস্য বৈয়র্থ্যাপত্তেশ্চ। ৮৯

## অথ ধরিত্রীযোগঃ।

লাভশত্রুসহজেষু যমারৌ সৌম্যশুক্রগুরবোবলযুক্তাঃ।
গচ্ছতোযদি ততোঽস্য ধরিত্রী সাগরাম্বুবসনা বশমেতি॥ ৯০

অনন্তর ধরিত্রীপ্রদযোগ কথিত হইতেছে,—যাত্রাসময়ে লগ্ন হইতে একাদশ, ষষ্ঠ ও তৃতীয়স্থানে শনি ও মঙ্গল থাকিয়া যদি বুধ, শুক্র ও বৃহস্পতি তৎকালে বলযুক্ত না হ'ন তবে ধরিত্রীপ্রদযোগ হয়, উক্তযোগে যাত্রা করিলে যাতার সসাগরা পৃথিবী বশীভূতা হইয়া থাকে। ৯০

অথ কার্য্যবশান্নৃপাগমনে যদৃষদৃষ্টক্তে২ব সর্ব্বং ন লভ্যতে তদা যোগযাত্রা কার্য্যেতি তত্র প্রথমং ধরিত্রীযোগমাহ। লাভেতি। একাদশ ষষ্ঠ তৃতীয়েষু যথাসম্ভবমেকত্র পৃথগ্-ব্যবস্থিতৌ যমারৌ শনিকুজৌ যদিস্যাতাং বুধশুক্রগুরবস্তু যত্র কুত্রচিৎস্থিতাবলযুক্তাঃ যদি স্যুঃ তদাগচ্ছতোঽস্য নৃপতেঃ পৃথিবী সাগরাম্বুবসনা সমুদ্রজলসীমা বশমেতি। বসনেব বসনা সীমেত্যর্থঃ। যদি তু বুধশুক্রগুরূনামেকোঽপ্যবলঃ স্যাত্তদায়ং যোগো ন স্যাদিত্যর্থঃ। ৯০

## অথ কিম্বসুযোগঃ।

কেন্দ্রোপগতেন গুরুণা বীক্ষিতে ত্র্যায়চতুর্থগে সিতে।
পাপৈরনবাষ্টসপ্তমগৈর্ব্বসুকিং তস্য যদাপ্নুয়াদ্গতঃ॥ ৯১

যাত্রাকালে লগ্ন হইতে তৃতীয়, একাদশ কি চতুর্থস্থানস্থিত শুক্র কেন্দ্র-স্থিত বৃহস্পতি কর্ত্তৃক যদি দৃষ্ট হ'ন; আর নবম, অষ্টম ও সপ্তমস্থান পাপগ্রহবর্জ্জিত হয়, তাহা হইলে কিম্বসুযোগ হইয়া থাকে। এইযোগে যাত্রা করিলে গন্তার ধনলাভ হয়। ৯১

কিম্বসুযোগমাহ। কেন্দ্রেতি। লগ্নাত্র্যায়চতুর্থেষু শুক্রে লগ্নাৎ নবমসপ্তমাষ্টমস্থান-রহিতৈঃ পাপৈর্গতঃ পুমান্ যন্নাপ্নুয়াৎ তৎ কিম্বসু ধনং জগত্যস্তি। নবমাষ্টমসপ্তমেষ্বেকোঽপি পাপোযদি বিদ্যতে তদাযোগভঙ্গ ইত্যর্থঃ। ৯১

## বিনাসমরযোগঃ।

শশিনি চতুর্থগৃহং সমুপগতে বুধসহিতেঽস্তগতে ভৃগুপুত্রে।
গমনমবাপ্য পতির্মনুজানাং জয়তি রিপূন্ সমরেণ বিনৈব॥ ৯২

যাত্রাকালীন যদি বুধের সহিত চন্দ্র লগ্নের চতুর্থস্থানে থাকেন এবং শুক্র অস্তগত হ'ন তাহা হইলে বিনাসমরযোগ হয়, উক্ত যোগে যাত্রা করিয়া নৃপতি বিনাযুদ্ধে শত্রুজয় করিতে পারেন। ৯২

বিনাসমরযোগমাহ। শশিনীতি। চন্দ্রে লগ্নাচ্চতুর্থস্থানং প্রাপ্তে বুধযুক্তে শুক্রেঽস্তগতে সপ্তমহে গমনং প্রাপ্য মনুজানাং পতির্ভূপঃ সমরেণ যুদ্ধেন বিনৈব রিপুং জয়তি। অস্মিন্ যোগে রিপুজয়কর্তৃরেবাধিকারঃ নান্যস্য ধনাদ্যাকাঙ্ক্ষিণ ইতি। ৯২

## অথ বিনারণযোগঃ।

সিতেন্দুজৌ চতুর্থগৌ নিশাকরশ্চ সপ্তমে।
যদা তদা গতো নৃপঃ প্রশাস্ত্যরীন্ বিনারণাৎ॥ ৯৩

যাত্রাসময়ে লগ্নাপেক্ষায় যদি চতুর্থস্থানে শুক্র ও বুধ থাকেন এবং চন্দ্র সপ্তমস্থানে অবস্থিত হ'ন তবে বিনারণযোগ হয়, ইহাতে যাত্রা করিলে ভূপতি বিনাযুদ্ধে শত্রুপরাজয় করিতে পারেন। ৯৩

বিনারণযোগমাহ; সিতেতি। চতুর্থস্থৌ শুক্রবুধৌ সপ্তমে চ চন্দ্রোযদা স্যাত্তদা গতো-নৃপঃ শত্রূন্ প্রশাস্তি অত্রাপি রিপুজেতুরেবাধিকারো নান্যস্যেতি। ৯৩

## অরিপ্রধ্বংসযোগঃ।

একান্তরর্ক্ষে ভৃগুজাৎ কুজাদ্বা সৌম্যে স্থিতে সূর্য্যসুতাদ্গুরৌর্ব্বা।
প্রধ্বংসতেঽরিরচিরাদগতস্য বেশাধিকে ভৃত্য ইবেশ্বরস্য॥ ৯৪

যাত্রাকালে শুক্র কি মঙ্গল হইতে তৃতীয়স্থানে শুভ (পাপগ্রহ অযুক্ত) বুধগ্রহ এবং শনি হইতে তৃতীয়স্থানে বৃহস্পতি থাকিলে অরিপ্রধ্বংস নামক যোগ হয়, ইহাতে যাত্রা করিলে গন্তার শত্রু অচিরে বিনষ্ট হইয়া থাকে। ৯৪

অরিপ্রধ্বংসযোগমাহ। একেতি। শুক্রাদ্বা কুজাদ্বা একান্তরর্ক্ষে তৃতীয়গৃহে সৌম্যেঽপাপবুধে সূর্য্যসুতাদ্গুরৌ চ স্থিতে সতি গতস্যারাজ্ঞোঽচিরাদেবারিঃ প্রধ্বংসতে নশ্যতি। যথেশ্বরস্য সেবাস্য বেশাধিকোঽতিরেকেবেশো ভৃত্যোঽচিরান্নশ্যতি। অত্র তু রিপুজেতুরেবাধিকারো ন লাভাদ্যাকাঙ্ক্ষিণ ইতি। এবমুত্তরত্রাপি বিশেষদর্শনাদ্বোদ্ধব্যমিতি। ৯৪

## শশিনরেন্দ্রযোগঃ।

গুরুরুদয়ে রিপুরাশিগতোঽর্কোযদি নিধনে ন চ শীতময়ূখঃ।
ভবতি গতোঽত্র শশীব নরেন্দ্রো-রিপুবনিতাননতামরসানাম্॥ ৯৫

যাত্রাসময়ে লগ্নে বৃহস্পতি এবং লগ্নের ষষ্ঠস্থানে রবি থাকিয়া যদি

অষ্টমস্থানে চন্দ্রস্থিত না হন, তাহা হইলে শশিনরেন্দ্রযোগ হয়, উক্ত যোগে যাত্রা করিলে রাজা রিপু-স্ত্রীদিগের মুখপদ্মের সঙ্কোচক হইয়া থাকেন। ৯৫

শশিনরেন্দ্রযোগমাহ; শুক্রস্থিতি। উদয়ে লগ্নে শুক্রঃ ষষ্ঠে স্থিতোঽর্কোযদি স্যাদস্মিন্ যোগে নিধনেঽষ্টমে চন্দ্রো যদি নস্যাদষ্টমস্থে তু চন্দ্রে যোগভঙ্গ এবেতি। অত্র যোগে গতো নরেন্দ্রো রিপুবনিতাননতামরসানাং শক্রস্ত্রীমুখপদ্মানাং শশীব সঙ্কোচকোভবতি। পঙ্কেরুহং তামরসমিত্যমরঃ। রিপুস্ত্রীণাং পদ্মত্বেন নিরূপিতস্য মুখস্য শোকাদীনা গ্লানিকারকত্বেন রাজা চন্দ্রেণোপমীয়ত ইতি। ৯৫

## অথ শিলাপ্রতরণযোগঃ।

লগ্নারিকর্ম্মহিবুকেষু শুভেক্ষিতে জ্ঞে দ্যূনান্ত্যলগ্নরহিতেষশুভগ্রহেষু।
যাতুর্ভয়ং ন ভবতি প্রতরেৎ সমুদ্রং যদ্যশ্মনাপি কিমুতারিসমাগমেষু ॥৯৬

যাত্রাকালে যদি লগ্নে কি লগ্নের ষষ্ঠ, দশম অথবা চতুর্থস্থানে বুধ অবস্থিত হইয়া শুভগ্রহকর্তৃক অবলোকিত হন এবং সপ্তম, দ্বাদশ ও লগ্নস্থানে পাপগ্রহ অবস্থিত না হ'ন তবে শিলাপ্রতরণযোগ হয়, উক্ত যোগে যাত্রা করিলে গন্তা পাষাণ লইয়াও সমুদ্রতরণ করিতে পারেন, অরি সমাগমে তাহার কি ভয় হইতে পারে? ৯৬

শিলাপ্রতরণযোগমাহ। লগ্নেতি। লগ্নে ষষ্ঠ চতুর্থদশমেষু শুভদৃষ্টে জ্ঞে বুধে সতি পাপেষু সপ্তমদ্বাদশলগ্নরহিতেষু সৎসু অশ্মনাপ্রস্তরেণাপি যদি সমুদ্রং প্রতরেত্তথাপি যাতুর্ভয়ং ন ভবেৎ কিমুত শক্রসমাগমেষু ভয়মিতি। ৯৬

## অরিশলভযোগঃ।

মূর্ত্তিবিত্তসহজেষু সংস্থিতাঃ শুক্রচন্দ্রসুতভানুরশ্ময়ঃ।
যস্য যানসময়ে রণানলে তস্য যান্তি শলভা ইবারয়ঃ ॥ ৯৭

যাত্রাসময়ে লগ্নে শুক্র, লগ্নের দ্বিতীয়স্থানে বুধ ও তৃতীয়স্থানে রবি থাকিলে অরিশলভযোগ হয়, ইহাতে যাত্রা করিলে গন্তার যুদ্ধানলে শত্রু সমূহ পতঙ্গের ন্যায় বিনষ্ট হইয়া থাকে। ৯৭

অরিশলভাযোগমাহ। মূর্ত্তীতি শুক্রবুধসূর্য্যা যথাসংখ্যং লগ্নদ্বিতীয়তৃতীয়েষু স্থিতা যস্য যানকালে স্যুস্তস্যারয়োরণানলে যুদ্ধাগ্নৌ শলভাইব যান্তি নশ্যন্তীতার্থঃ। ৯৭

## অরিবৈনতেয়যোগঃ।

শুক্রবাক্পতিবুধৈর্ধনসংস্থৈঃ সপ্তমে শশিনি লগ্নগতেঽর্কে।
নির্গতোনৃপতিরেতি কৃতার্থো বৈনতেয়বদরীন্ বিনিগৃহ্য ॥ ৯৮

যাত্রাকালীন শুক্র, বৃহস্পতি ও বুধ যদি লগ্নের দ্বিতীয়স্থিত হ'ন আর সপ্তমস্থানে চন্দ্র ও লগ্নে রবি থাকেন তাহা হইলে অরিবৈনতেয় নামক

যোগ হয়, উক্ত যোগে রাজা যাত্রা করিলে গরুড় যেরূপ শত্রু বিনাশ করে, সেইরূপ সমরে শত্রু বিনাশ করিয়া কৃতার্থ হইয়া থাকেন। ৯৮

অরিবৈনতেয়যোগমাহ। শুক্রেতি স্পষ্টার্থং। ৯৮

## অরিযোষাভরণযোগঃ।

ত্রিষন্নবান্ত্যেষবলঃ শশাঙ্কশ্চান্দ্রির্ব্বলী যস্য গুরুশ্চ কেন্দ্রে।
তস্যারিযোষাভরণৈঃ প্রিয়াণি প্রিয়াঃ প্রিয়াণাং জনয়ন্তি সৈন্যে॥ ৯৯

যাত্রাসময়ে যদি বলহীন চন্দ্র তৃতীয়, ষষ্ঠ, নবম কি দ্বাদশস্থানে থাকেন, আর বলী বুধ ও বৃহস্পতি কেন্দ্রস্থানে অবস্থিত হ'ন, তাহা হইলে অরিযোষাভরণযোগ হয়, ইহাতে যাত্রা করিলে সেই নৃপতির বান্ধবগণ শত্রু-স্ত্রীর অলঙ্কার দ্বারা নিজ নিজ প্রিয়তমার প্রীতি জন্মাইতে শক্ত হ'ন। ৯৯

অরিযোষাভরণযোগমাহ। ত্রিষড়িতি। যস্য পুংসোযানকালে বলহীনশ্চন্দ্রস্ত্রিষন্নবান্ত্যেষু স্থিতঃ চান্দ্রির্ব্বুধোবলী গুরুশ্চ বলী কেন্দ্রস্থিতাবুভৌ স্যাতাং তস্য সৈন্যে প্রিয়াঃ প্রিয়জনাবান্ধবাঃ শত্রুবনিতালঙ্কারৈঃ প্রিয়াণাং স্বপত্নীনাং প্রিয়াণি প্রীতির্জ্জনয়ন্তি তস্য পতয়োঽপি শত্রুজয়ে সমর্থাভবন্তীতি তাৎপর্য্যার্থঃ। ৯৯

## অথ যাত্রায়াং রাজযোগাঃ।

বর্গোত্তমগতে চন্দ্রে লগ্নে বা চন্দ্রবর্জ্জিতৈঃ।
চতুরাদ্যৈর্গ্রহৈর্দ্দৃষ্টে নৃপাঃ দ্বাবিংশতিঃ স্মৃতা॥ ১০০

অনন্তর যাত্রাতে রাজযোগ কথিত হইতেছে। গন্তার জন্মরাশি কিম্বা জন্মলগ্ন যদি বর্গোত্তম গত হয় আর চন্দ্র ভিন্ন গ্রহচতুষ্টয়ের যদি তাহাতে দৃষ্টি থাকে তবে দ্বাবিংশতি প্রকার রাজযোগ হয়। ১০০

অথ রাজযোগান্তরমাহ। বর্গোত্তমেতি। প্রতিরাশৌ দ্বাবিংশতিপ্রমাণেন লগ্নচন্দ্রবশাদষ্টাবিংশত্যধিকানি পঞ্চশতানি রাজযোগাঃ স্যুঃ। স্থানান্তরে ব্যাখ্যাতোঽয়ং শ্লোক ইতি। বৃহজ্জাতকে রাজযোগান্তরমুক্তং। যথা কর্কিনি লগ্নে তৎস্থে জীবে চন্দ্রসিতজ্ঞৈরায়ং প্রাপ্তঃ। মেষগতেঽর্কে জাতং বিদ্যাবিক্রমযুক্তং ভূমের্নাথং। বৃষেসেন্দৌ লগ্নে সবিতৃ গুরুতীক্ষাংশুতনয়ৈঃ সুহৃজ্জায়ার্থস্থৈর্ভবতি নিয়মাম্নানবপতিঃ। মৃগে মন্দে লগ্নে সহজরিপুধর্ম্মব্যয়গতৈঃ। শশাঙ্কাদৈঃ খ্যাতঃ পৃথুগুণায়শাঃ পুংগণপতিঃ। এবমন্যে চ যোগাস্তত্রৈবজ্ঞেয়াঃ। * ১০০

---

* মেষাদি দ্বাদশরাশীনাং স্বীয়নবাংশস্থে লগ্নে চন্দ্রে চ যত্র কুত্রাপি স্থিতে চন্দ্রবর্জ্জিতৈশ্চতুরাদিভিগ্রহৈর্বীক্ষিতে। অযমর্থঃ। দ্বাদশরাশিষু লগ্নস্য দ্বাদশএব স্বীয়নবাংশাস্তত্র কুম্ভং বর্জ্জয়িত্বা একাদশৈব স্থিতাঃ। এবং চন্দ্রস্যাপি বৃশ্চিকবর্জ্জনাং একাদশৈব স্থানানি স্যুরিতি দ্বাবিংশতিঃ, কুম্ভ লগ্নে দোষদর্শনাত্ত্যাগঃ। যথা, ন কুম্ভলগ্নে শুভমাহ সত্যো ন ভাগভেদান্ যবনাবদন্তি। বৃশ্চিকরাশিশ্চন্দ্রস্য নীচগৃহমিতি চন্দ্রপক্ষে বৃশ্চিকবর্জ্জনং। সর্বৈর্বর্গগনভ্রমণৈর্দৃষ্টে লগ্নে ভবতি মহীপালঃ। বলিভিঃ শুভৈঃ সর্বৈর্বিগতভয়োদীর্ঘজীবী চ। ইতি জাতকোত্তররাজযোগঃ। ইতিজ্যোতিস্তত্ত্বে স্মার্ত্তেনাভিহিতম্।

### অথ যাত্রায়াং রাজযোগফলম্।

যাত্রায়াং নৃপযোগগতানাং প্রতিদিনং ভবতি রাজ্যবিবৃদ্ধিঃ।
বাতবিঘূর্ণিতমিবার্ণবযানং বৈরিণাং বলমুপৈতি নাশম্ ॥ ১০১

যে নৃপতি রাজযোগে যাত্রা করেন, তাহার রাজ্য দিন দিন বৃদ্ধি হয়; আর বিশেষতঃ অর্ণবযান যেরূপ বায়ুকর্তৃক বিঘূর্ণিত হয়, তদ্রূপ তাহার শত্রুবল বিনষ্ট হইয়া থাকে। ১০১

রাজযোগগমনে ফলমাহ। জাতকেতি। বৃহজ্জাতকাদৌ জাতকে জন্মনি যে রাজযোগা উক্তাস্তত্র গতানাং জনানাং প্রত্যহং রাজ্যবিবৃদ্ধিঃ স্যাৎ, শত্রুবলঞ্চ বিনাশং প্রাপ্নোতি, যথা বায়ুনা ঘূর্ণিতং সমুদ্রমধ্যস্থং যানং নৌকানাশমেতি তদ্বদিতি। ১০১

### অর্থবৃদ্ধিযোগঃ।

লাভার্থলগ্নেষু শুভোরবিশ্চেদ্-যন্তারসৌরৌ সহজেঽরিভে চ।
তস্যার্থকোষঃ সমুপৈতি বৃদ্ধিং লোভোযথাপ্রত্যহমর্থবৃদ্ধ্যা ॥ ১০২

ইতিজ্যোতিস্তত্ত্বে।

যাত্রাসময়ে লগ্নের একাদশ কি দ্বিতীয়স্থানে অথবা লগ্নে যদি শুভরবি অবস্থিত হ'ন এবং মঙ্গল ও শনি তৃতীয় কি ষষ্ঠস্থানে থাকেন,তাহা হইলে অর্থপ্রাপ্তি যোগ হয় অর্থাৎ উক্তযোগে যাত্রা করিলে লোভ যেরূপ অর্থলালসা বৃদ্ধি করে তদ্রূপ গন্তার প্রতিদিন ধনাগার বৃদ্ধি হইয়া থাকে। ১০২

### ফলপ্রাপ্তিযোগঃ।

লগ্নে গুরুর্ব্বুধভৃগূ হিবুকাত্মজস্থৌ ষষ্ঠৌ কুজার্কতনয়ৌ দিনকৃত্তৃতীয়ঃ।
চন্দ্রশ্চ যস্য দশমোভবতি প্রযাতুঃ তস্যাভিবাঞ্ছিতফলাপ্তিরলং নৃপস্য ১০৩

ইতিজ্যোতিস্তত্ত্বে।

যাত্রাকালে লগ্নে বৃহস্পতি, চতুর্থ ও পঞ্চমস্থানে বুধ ও শুক্র, ষষ্ঠস্থানে মঙ্গল ও শনি, তৃতীয়স্থানে রবি এবং দশমস্থানে চন্দ্র থাকিলে এই সময়ে যে নৃপতি যাত্রা করেন তাহার বাঞ্ছিত ফললাভ হইয়া থাকে। ১০৩

### যাত্রাজনিত্রীযোগঃ।

গুরৌ বিলগ্নে যদি বা শশাঙ্কে ষষ্ঠে রবৌ কর্ম্মগতেঽর্কপুত্রে।
সিতজ্ঞয়োর্ব্বন্ধুসুতস্থয়োশ্চ যাত্রাজনিত্রীব সুখানি ধত্তে ॥ ১০৪

ইতিজ্যোতিস্তত্ত্বে।

যাত্রাকালীন বৃহস্পতি কি চন্দ্র যদি লগ্নে থাকেন. আর রবি ষষ্ঠস্থানে, শনি দশমস্থানে, শুক্র চতুর্থস্থানে এবং বুধ যদি পঞ্চমস্থানে অবস্থিত হ'ন তাহা হইলে সেই যাত্রা গন্তাকে মাতার ন্যায় সুখপ্রদান করে। ১০৪

যোগোঽতিযোগোযোগাতিযোগশ্চ।

একেন বা বুধবৃহস্পতিভার্গবাণাং
যোগোভবেন্নব পঞ্চমকণ্টকেষু।
দ্বাভ্যাং বদন্তি মুনয়োঽপ্যতিযোগমেব
যোগাতিযোগমপরে ত্রিভিরুদ্দিশন্তি॥ ১০৫

ইতিজ্যোতিস্তত্ত্বে।

যাত্রাকালীন লগ্নে কিম্বা লগ্নের নবম, পঞ্চম, চতুর্থ, সপ্তম, অথবা দশমস্থানে বুধ. বৃহস্পতি ও শুক্র এই তিন গ্রহের মধ্যে যে কোন একটী গ্রহ থাকিলে তাহাকে যোগ বলা যায়, দুইটী গ্রহ থাকিলে মুনিগণ অতিযোগ বলিয়া থাকেন, আর ঐ তিনটী গ্রহ পূর্ব্বোক্তস্থানে অবস্থিত হইলে অন্যে তাহাকে যোগাতিযোগ বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন। ১০৫

অথযোগযাত্রাদীনাং ব্যবস্থা।

মহীভৃতাং যোগবশাৎ ফলোদয়ো-দ্বিজন্মনামৃক্ষগুণৈশ্চ জায়তে।
শতঙ্কুরাদেঃ শকুনিপ্রভাবতো জনস্য শেষস্য মুহূর্ত্তশক্তিতঃ॥ ১০৬

ইতিজ্যোতিস্তত্ত্বে।

যোগযাত্রাদির ব্যবস্থা কথিত হইতেছে,—নৃপতিদিগের যোগবলাধীন যাত্রার ফল হয়, দ্বিজাতিগণের নক্ষত্রবলাধীন ফল হইয়া থাকে। শতঙ্কুরাদির শকুনির শুভাশুভ দ্বারা যাত্রার ফল হয় এবং অন্যান্য ব্যক্তির মুহূর্ত্তগুণাধীন ফল হইয়া থাকে। ১০৬

তিথ্যাদিষু নিষিদ্ধেষু চন্দ্রতারাবিলোমতঃ। *
ঊষাং গোধূলিযোগম্বা স্বীকৃত্য গমনঞ্চরেৎ॥১০৭

ইতিজ্যোতিস্তত্ত্বে।

তিথিনক্ষত্রাদি বিরুদ্ধ ও চন্দ্রতারা প্রতিকূলে থাকিলে যদি স্থানান্তরে গমনের নিতান্ত আবশ্যক হয়, তাহা হইলে ঊষা কিংবা গোধূলিযোগ স্বীকার করিয়া যাত্রা করিবে। কেহ কেহ বলেন, চন্দ্রতারা গোচরে শুদ্ধ হইলেই ঊষা ও গোধূলিযাত্রা প্রশস্ত হয়। ১০৭

প্রাচ্যামুষাং প্রতীচ্যাঞ্চ গোধূলিং বর্জ্জয়েন্নৃপ॥
দক্ষিণে চাভিজিচ্চৈব উত্তরে চ নিশাং তথা॥ † ১০৮

ইতিজ্যোতিস্তত্ত্বে।

---

* অবলোমতঃ, বিশুদ্ধিতো বা পাঠোদৃশ্যতে।

† খনা। পূর্ব্বে গোধূলি পশ্চিমে ঊষা, উত্তরে অভিজিৎ দক্ষিণে নিশা। প্রশস্ত ইত্যর্থঃ।

ঊষাযাত্রা পূর্ব্বদিকে নিষিদ্ধ হয়, এইরূপ পশ্চিমে গোধূলিলগ্নে, দক্ষিণে অভিজিৎমুহূর্ত্তে এবং উত্তরে যাত্রাতে নিশা নিষিদ্ধ হইয়া থাকে। ১০৮

লগ্নশুদ্ধির্যদা নাস্তি প্রাপ্তকালোঽতিবর্ত্ততে।
অবিশেষেণ বর্ণানাং তদা গোধূলিরিষ্যতে ॥ ১০৯

ইতিব্যাসঃ।

ব্যাস বলিয়াছেন,—যদি স্থানান্তরে গমন আবশ্যক হয়, অথচ প্রশস্ত বার ও তিথ্যাদি ঘটে না এবং লগ্নশুদ্ধি নাই, এইরূপ অবস্থায় সকল বর্ণই গোধূলিতে যাত্রা করিতে পারিবে। ১০৯

ঊষা করোতি কল্যাণং যদি পূর্ব্বং ন গচ্ছতি।
বারুণ্যাং ধূলিযোগেতু ন গন্তব্যং কদাচন ॥ ১১০

পূর্ব্বদিক ভিন্ন অপরদিকে যাত্রাতে ঊষা মঙ্গলদায়িকা হয়, পশ্চিমদিকে গোধূলিযোগে কদাচও যাত্রা করিবে না। ১১০

আরক্তসন্ধ্যং রজনীবিরামং বদন্ত্যুষাযোগমিহ প্রবীণাঃ।
আহুঃ প্রযাতুঃ সকলার্থসিদ্ধিং সংলক্ষ্যতে হস্ততলস্থিতেব ॥ ১১১

ঊষাকাল কথিত হইতেছে,—রাত্রিশেষে পূর্ব্বদিক্ ঈষৎ রক্তবর্ণ হইলে পণ্ডিতগণ সেই কালকেই ঊষা বলিয়া থাকেন, ঐ সময়ে যাত্রা করিলে করতলস্থিতের ন্যায় গন্তার সকল কার্য্য সিদ্ধি হইয়া থাকে। ১১১

ঊষাযোগমাহ। আরক্তেতি। ঊষাযোগ ইতি কৃত্বা রজনীবিরামং রাত্রিক্ষয়কালং বদন্তি জ্যোতিঃপ্রবীণাঃ। আরক্তা ঈষদ্রক্তবর্ণা সন্ধ্যা যত্র রাত্রিশেষে ইতি। তত্রোষাযোগে যাতুর্হস্তস্থেব সকলকার্য্যসিদ্ধির্লক্ষ্যতে। তথা চ প্রভ্রষ্টদ্যুতি তারকাস্ফুটতটি প্রাচী ভবেন্নির্ম্মলা ঈষদ্রক্তবিলোহিতা চ পততাং নীড়স্থিতানাং রবিঃ। নোবারং ন তিথিং ন যোগকরণং চন্দ্রঞ্চ নাপেক্ষ্যতে। হত্বা দোষসহস্রশঃ প্রতিদিনং চোষাকরোত্যুন্নতিং। অত্র চ রবিগুরুমঙ্গলবারস্থোষাতীব প্রশস্তা ইতি। অত্র চ পূর্ব্বগমনে নোষাবিহিতা লালটিকত্বাৎ। তথা চ ঊষা করোতি কল্যাণং যদি পূর্ব্বং ন গচ্ছতীতি। অত্র চ সর্ব্বেষামধিকারঃ সামান্যেনোক্তত্বাৎ এবং কিন্তুসুযোগাদিতিবোদ্ধব্যমিতি। তথা নাস্মিন্‌গ্রহা ইত্যাদিনা গোধূলিযোগে যাত্রা প্রশস্তোক্তা। গোধূলিযোগলক্ষণঞ্চ পূর্ব্বস্মিন্ন্ক্তমিতি। তথা কেন্দ্রে গুরুশুক্রৌ বলিনৌ সর্ব্বদোষক্ষয়করৌ। যথা—কিং কুর্ব্বন্তি গ্রহাঃ সর্ব্বে যস্য কেন্দ্রী বৃহস্পতিঃ। মত্তবারণসংঘাতঃ সিংহেনৈকেন হন্যতে। লগ্নদোষাশ্চ যে কেচিদ্ গ্রহদোষাস্তথাপরে। তে সর্ব্বে বিলয়ং যান্তি লগ্নে গুরুভৃগু যদা। তথা যোগমালায়াং। উদয়ে সৌম্যভার্গবৈঃ সহজেঽর্কার্কিকুজৈশ্চ গচ্ছতঃ। ন ভবন্ত্যরয়ো রণে স্থিরা কিতবানামিব বিত্তসঞ্চয়াঃ। যেষাং গমনে নবপঞ্চমকণ্টকস্থাঃ সৌম্যাস্তৃতীয়রিপুলাভগতাশ্চ পাপাঃ। আয়ান্তি তে স্বভবনানি পুনঃ কৃতার্থা দত্তাঃ দ্বিজাতিষু পুরা বিধিবদ্‌যথার্থাঃ। ইত্যাদি যোগা-

উক্তান্তে গ্রহ্গৌরবাদুপেক্ষিতা ইতি। এবং কেচিদপি দূরাগমনে প্রকারান্তরং বদন্তি। যথা চন্দ্রং বৃষাদৌ জানীয়াম্মেষাদাবুদয়ং তথা।‚তিথিনা সহ সংযোজ্য ত্রিভির্ভাগং সমাহরেৎ। শূন্যেমৃত্যুর্দ্বয়েহানিরেকাঙ্কে বিজয়ী ভবেৎ ইতি। অধুনা রাজ্ঞোযাত্রাদিবসাৎ পূর্ব্বং সপ্তাহা-দিনত্রয়ং প্রথমং প্রথমবলিদানং তৎপরং দিনত্রয়ং বিজয়স্নানং তৎপরং সপ্তমদিনে গ্রহযাগ স্তৎপরং যাত্রেতি। তথা বৃহদ্‌যাত্রায়াং। যাত্রাপ্রাক্‌সপ্তাহাদ্‌ গুহ্যকঃ সাহায্যকং ত্র্যহংপূর্ব্বং ত্র্যহমথ বিজয়স্নানং গ্রহযাগঃ সপ্তমে দিবসে। ১১১

খনা।

রবি, গুরু, মঙ্গলের উষা।
তাতে না বিচারে কোন দিশা॥

## অথাভিজিৎকথনম্।

অষ্টমোদিবসস্যার্দ্ধে ত্বভিজিৎসংজ্ঞকং ক্ষণঃ।
সব্রহ্মণোবরান্নিত্যং সর্ব্বকামফলপ্রদঃ॥ ১১২

ইতিজ্যোতিস্তত্ত্বে।

দিবসের অষ্টম মুহূর্ত্তের নাম অভিজিৎ, এই অভিজিৎক্ষণ ব্রহ্মার বরে সকল কার্য্যের ফলদান করিতে পারে। ১১২

অন্যচ্চ।

দিনমধ্যগতে সূর্য্যে মুহূর্ত্তে অভিজিৎ * প্রভুঃ।
চক্রমাদায় গোবিন্দঃ সর্ব্বান্ দোষান্ নিকৃন্ততিঃ॥ ১১৩

ইতিসারসংগ্রহে জ্যোতিস্তত্ত্বে চ।

সূর্য্যদেব পৃথিবীর মধ্যস্থলে গমন করিলে অর্থাৎ অষ্টম মুহূর্ত্তকালের নাম অভিজিৎ, এই সময়ে স্বয়ং গোবিন্দ চক্রগ্রহণ করিয়া সকল দোষ বিনাশ করিয়া থাকেন। ১১৩

## অথাভিজিদ্‌গমনকথনম্।

অভিজিন্ন বুধে শস্তং যাম্যাস্তু গমনে তথা॥
অন্যদিগ্‌গমনে শস্তং সর্ব্বসিদ্ধিপ্রদায়কম্॥ ১১৪

ইতিজ্যোতিস্তত্ত্বে।

বুধবারে অভিজিৎক্ষণ প্রশস্ত নহে, দক্ষিণে অভিজিৎকালে যাত্রা করিয়া গমন করিবে না, অন্যদিকে অভিজিৎ সময়ে গমন করিলে সকল কার্য্য সিদ্ধি হইয়া থাকে। ১১৪

---

* সর্ব্বেষাং বর্ণানামভিজিৎসংজ্ঞকোমুহূর্ত্তঃ স্যাৎ। ইতিজ্যোতিস্তত্ত্বে।

অথৈকাঙ্কীযোগঃ।

বৃষাদৌ চন্দ্রমাজ্ঞেয়ো মেষাদৌ লগ্নমেব হি।
পরিযোজ্য সমং তিথ্যা ত্রিভির্ভাগং হরেত্ততঃ।
শূন্যে মৃত্যুর্দ্বয়েহানিরেকাঙ্কে বিজয়ী ভবেৎ॥ * ১১৫

ইতিদৈবজ্ঞমনোহরে।

অনন্তর একাঙ্কীযোগ কথিত হইতেছে যথা,—যাত্রাসময়ে বৃষাদি গণনাতে রাশির সংখ্যা যত হয় এবং মেষাদি গণনায় লগ্নের সংখ্যা যাহা হয় এই দুই অঙ্ক সেই সময়ের তিথির অঙ্কের সহিত যোগ করিয়া তিন দ্বারা হরণ করিবে, শূন্য অবশিষ্ট থাকিলে গন্তার মৃত্যু, দুই থাকিলে হানি এবং এক অঙ্ক অবশিষ্ট থাকিলে রাজার জয়লাভ হইয়া থাকে। ১১৫

অথ সর্ব্বাঙ্কীযোগঃ।

দিনং তিথিং বারযুক্তং স্বনক্ষত্রাঙ্কঞ্চ যোজিতম্।
সপ্তভিশ্চ হরেদ্ভাগং শেষে যাত্রাং বিনির্দ্দিশেৎ॥ ১১৬

ইতিভীমপরাক্রমে।

সর্ব্বাঙ্কীযোগ কথিত হইতেছে,—মাসের যেদিবসে যাত্রা করিতে ইচ্ছা সেই দিনের সংখ্যাঙ্ক, তিথির অঙ্ক, বারের অঙ্ক এবং জন্ম সময়ের নক্ষত্রাঙ্ক যোগ করিয়া সপ্তদ্বারা ভাগ করিয়া ভাগশেষ দেখিয়া যাত্রা নির্দ্দেশ করিবে, ফল নিম্নে লিখিত হইতেছে। ১১৬

ফলম্।

প্রথমে শোভনা যাত্রা দ্বিতীয়ে লাভকৃদ্ভবেৎ।
তৃতীয়ে বিত্তলাভঃ স্যাচ্চতুর্থে সিদ্ধিরুত্তমা।
পঞ্চমে মার্গবিঘ্নঃ স্যাৎ ষষ্ঠে নিধনমেব চ।
উক্তং প্রত্যয়মুনিনা শূন্যে শ্রীঃ সর্ব্বতঃ সুখী॥ ১১৭

ইতিভীমপরাক্রমে।

পূর্ব্বোক্ত অঙ্ক এক অবশিষ্ট থাকিলে যাত্রা শুভদায়িনী হয়, এইরূপ দুই থাকিলে লাভদায়িনী, তিন থাকিলে বিত্তলাভ; চারি থাকিলে কার্য্যসিদ্ধি, পাঁচ থাকিলে পথবিঘ্ন, ছয় থাকিলে মৃত্যু এবং অবশিষ্টাঙ্কে শূন্য পড়িলে যাত্রাতে সর্ব্বপ্রকারে সুখ ও লক্ষ্মীবৃদ্ধি হইয়া থাকে। ১১৭

* বৃষাদৌচন্দ্রমাজ্ঞেয়ো মেষাদাবুদয়স্তথা। তিথিনা সহ যোগেন বহ্নিনা ভাগমাহরেৎ। শূন্যে মৃত্যুর্দ্বয়ে হানিরেকাঙ্কী বিজয়ী ভবেৎ। ইতিসারসংগ্রহে।

অথ ঘাতচন্দ্রবর্জ্জনম্।

চন্দ্রভূতগ্রহনেত্ররসদিগ্‌বহ্নিসাগরাঃ।
বেদসিদ্ধিশিবাদিত্যা ঘাতচন্দ্রঃ প্রকীর্ত্তিতঃ॥ ১১৮

যাহার মেষরাশি সেই ব্যক্তির জন্মচন্দ্র ঘাত হয়, এইরূপ বৃষরাশির পঞ্চম চন্দ্র, মিথুনরাশির নবম চন্দ্র, কর্কটরাশির দ্বিতীয় চন্দ্র, সিংহরাশির ষষ্ঠ চন্দ্র, কন্যারাশির দশম চন্দ্র, তুলারাশির তৃতীয় চন্দ্র, বৃশ্চিকরাশির সপ্তম চন্দ্র, ধনুরাশির চতুর্থ চন্দ্র, মকররাশির অষ্টম চন্দ্র, কুম্ভরাশির একাদশ চন্দ্র এবং যাহার মীনরাশি সেই ব্যক্তির দ্বাদশ চন্দ্র ঘাত হইয়া থাকে। ১১৮

ফলম্।

ঘাতচন্দ্রে কৃতা যাত্রা কৃতোদ্‌বাহাদিমঙ্গলম্।
দুঃখায় মরণায় বা গর্গাচার্য্যেণ ভাষিতম্॥ ১১৯

ঘাতচন্দ্রে যে ব্যক্তি যাত্রা কি বিবাহাদি মাঙ্গলিক কর্ম্ম করে তাহার ক্লেশ কিংবা মরণ হইয়া থাকে, গর্গমুনি এইরূপ বলিয়াছেন। ১১৯

অথাকালবৃষ্ট্যাদৌ যাত্রানিষেধঃ।

পৌষাদিচতুরোমাসান্ বৃষ্টিং দৃষ্ট্বা ন সংব্রজেৎ।
যস্তু সংপ্রস্থিতো যাত্রাং ব্রাহ্মণানবমন্যতে॥১২০

ইতিজ্যোতিস্তত্ত্বে।

পৌষ হইতে চৈত্রমাস পর্য্যন্ত বৃষ্টি দর্শন করিয়া যাত্রা করিবে না, যদি গমন করে তাহা হইলে ব্রাহ্মণের অবমাননা করা হয়। ১২০

অথ যাত্রাদিগ্‌গমনবিধিঃ।

দিগীশং হৃদয়ে ধ্যাত্বা গন্তব্যাশামুখস্থিতঃ।
অন্তঃ সমীরণে দেহপ্রবেশে সমুপস্থিতে।
স্বস্তীতি দক্ষিণং পাদমাসনাদবতারয়েৎ॥ ১২১

ইতিভাগুরিঃ।

যাত্রার নিয়ম কথিত হইতেছে,—যেদিকে গমন করিবে সেই দিগধিপতি দেবতাকে হৃদয়ে ধ্যান করতঃ গন্তব্যদিগ্‌মুখস্থিত হইয়া শরীরস্থ সমীরণ দেহে প্রবেশ করিতে আরম্ভ করিলে স্বস্তি এইরূপ শব্দ উচ্চারণপূর্ব্বক আসন হইতে দক্ষিণ পদ অবতরণ করিবে। ১২১

ব্রজেদ্দিগীশং হৃদয়ে নিধায় যথেন্দ্রমৈন্দ্র্যামপরাংশ্চতদ্বৎ।
সুশুক্লমাল্যাম্বরভূষণেন্দ্রো বিসর্জ্জয়েদ্দক্ষিণপাদমাদৌ॥ ১২২

ইতিরাজমার্ত্তণ্ডে।

গন্তব্যদিকের অধিপতি দেবতাকে হৃদয়ে চিন্তা করতঃ শুক্লপুষ্পমাল্য ধারণ ও শুক্লবস্ত্র পরিধানপূর্ব্বক মহীপতি প্রথমতঃ দক্ষিণ পদ নিক্ষেপ করিবেন। ১২২

যাত্রাবিধিমাহ। ব্রজেদিতি ইন্দ্রাদিদিগীশ্বরং হৃদয়ে নিবেশ্য ব্রজেৎ। দিকপতিমাহ। যথা ঐন্দ্র্যাং পূর্ব্বস্যাং গমনে ইন্দ্রং হৃদয়ে নিবেশ্যেত। এবমাগ্নেয্যাদি অপরানগ্ন্যাদীংশ্চ দিগীশান্ তত্তদ্ধৃদয়ে নিবেশ্যেত্যর্থঃ। অতিশুক্লমাল্যবস্ত্রধরোরাজা প্রথমং দক্ষিণং পাদং বিনির্জ্জয়েৎ দদ্যাৎ। ১২২

## অথ কুভযাত্রস্য কথনম্।

গৃহাদ্গৃহান্তরং গর্গঃ সীম্নঃ সীমান্তরং ভৃগুঃ।
শরক্ষেপাদ্ভরদ্বাজোবশিষ্ঠোনগরাদ্ বহিঃ॥ ১২৩

ইতিজ্যোতিস্তত্ত্বে।

যাত্রানন্তর যাতার অবস্থিতি কথিত হইতেছে,—গর্গমুনি বলেন, যাত্রা করিয়া একগৃহ হইতে অপর গৃহে অবস্থান করা যাইতে পারে,ভৃগুমুনি বলেন— এক সীমা হইতে অপর সীমাতে অবস্থান করা যায়, ভরদ্বাজমুনির মতে শর-নিঃক্ষেপ করিলে যতদুর গমন করে তাহার বহির্দ্দেশে গমন করিলেই যাত্রা থাকে,আর বশিষ্ঠমুনি বলেন—যাত্রা করিয়া সেই গ্রামত্যাগ করিতে হইবে।১২৩

## যাত্রানন্তরং নিষিদ্ধানি।

সন্ত্যজেদ্ভোজনাগারং তথা শয়নমন্দিরম্।
দূরস্থং জলমধ্যস্থং শয়ানং ব্যাধিপীড়িতম্।
গচ্ছন্তমপি যানস্থং ব্রাহ্মণং নাভিবাদয়েৎ॥ ১২৪

ইতিবরাহঃ।

বরাহমুনি বলিয়াছেন,—যাত্রানন্তর 'যদি বাটীতে অবস্থিতি করিতে হয়, তাহা হইলে ভোজনগৃহ ও শয়নগৃহ পরিত্যাগ করিবে অর্থাৎ যাত্রার পরে উক্ত দুই গৃহে যাওয়া নিষেধ, অন্যান্য গৃহে থাকিতে পারা যায়। যাত্রার পরে দূরস্থিত, জলস্থ, শয়ান, রোগযুক্ত কিংবা যানারোহণে গমনশীল ব্রাহ্মণকে অভি-বাদন করিতে নাই। ১২৪

## বৃহদ্ যাত্রায়াম্।

প্রাচ্যামহানি মুনয়ঃ প্রবদন্তি সপ্ত যাম্যামতীব শুভদানি দিনানি পঞ্চ।
ত্রীণ্যেব পশ্চিমদিশি ক্ষিতিনায়কানাং প্রস্থানকেষু দিবসত্রয়মুত্তরাস্যাম্॥ *

ইতিরাজমার্ত্তণ্ডে।

---

* এতচ্চাযুক্তমিত্যাহুর্হোরাশাস্ত্রবিদোবুধাঃ।

রাজমার্ত্তণ্ডোক্ত "প্রাচ্যামহানি মুনয়ঃ প্রবন্তি" ইত্যাদি বচনের ব্যবস্থা দূষিত বলিয়া হোরাশাস্ত্রবিৎ পণ্ডিতগণ নির্দ্দেশ করিয়াছেন।

যাত্রানন্তর রাজা কতদিন অবস্থান করিয়া কোন্‌দিকে যাইতে পারেন তাহা কথিত হইতেছে,—মুনিগণ বলেন, যাত্রার পরে রাজা সপ্তাহ মধ্যে পূর্ব্বদিকে গমন করিতে পারেন, এইরূপ দক্ষিণদিকে পাঁচদিন পর্য্যন্ত, পশ্চিম দিকে তিনদিন পর্য্যন্ত এবং যাত্রানন্তর উত্তরদিকে তিনদিন পর্য্যন্ত যাত্রাতে প্রশস্ত হয়। ১২৫

**যাত্রাং ত্রিপঞ্চসপ্তাহাৎ পুনর্ভদ্রেণ যোজয়েৎ,**
**বাঞ্ছিতার্থফলাবাপ্তৌ * যাত্রা পরিসমাপ্যতে॥ ১২৬**

যদি কোন ব্যক্তি যাত্রানন্তর একস্থানে তিনদিন কি পাঁচদিন অথবা সপ্তাহ অবস্থিতি করেন, তাহা হইলে পুনর্ব্বার শুভলগ্নাদিতে যাত্রা করিতে হয়, কিন্তু অভিলষিতার্থ প্রাপ্তি পর্য্যন্ত যাত্রাভঙ্গ হয় না, ইহাও কেহ কেহ বলিয়া থাকেন। ১২৬

যাত্রাং কৃত্বা স্থিতস্য রাজ্ঞঃ পুনঃ প্রস্থানমাহ। যাত্রামিতি। একস্থানে ত্রিপঞ্চসপ্তাহং স্থিত্বা তৎপরং তস্মাৎ স্থানাৎ ভদ্রেণ শুভলগ্নেন পুনর্যাত্রাং যোজয়েদিতি কেচিদ্‌বদন্তি। যদর্থং যাত্রাকৃতা তৎফলপ্রাপ্তাবেব যাত্রা সমাপ্যতে সংপূর্ণা তু স্যাৎ ন তু পুনর্ভদ্রেণ যোজয়েৎ। যথা বৃহদ্‌যাত্রায়াং। একত্রাপ্যষিতস্যাত্রিগৌতমচ্যবনা জগুঃ। যাত্রাং পঞ্চত্রিসপ্তাহং পুনর্ভদ্রেণ যোজয়েৎ। তচ্চাযুক্তমিতিপ্রাহুর্হোরাশাস্ত্রবিদোজনাঃ। বাঞ্ছিতার্থফলাবাপ্তৌ যাত্রা পরিসমাপ্যতে। তথাচাত্রিঃ। যাত্রায়াং নির্গতোরাজা ত্র্যহং পঞ্চাহমেব বা। সপ্তাহং বা স্থিতো যত্র পুনস্তস্মাচ্ছুভে দিনে। শুভলগ্নে যাতব্যা যাত্রা যেনাপ্নুয়াচ্ছুভমিতি। অত্র চ নক্ষত্রবিশেষে কৃতযাত্রস্য স্থিতিনিয়ম উক্তো বৃহদ্‌যাত্রায়াং। সৌম্যে গত্বা ত্র্যক্ষরৌদ্রেঽদিতীশে সংপ্রস্থাতা বাধ্যতে শত্রুসংঘান্‌। মৈত্রে গত্বা পৌরহূতং সমুষ্য মূলে যায়াচ্ছত্রুনাশায় ভূপঃ। হস্তে গত্বা স্বাতিচিত্রে সমুষ্য শক্রাগ্ন্যাখ্যে প্রস্থিতোবাধ্যতেঽরীন্‌। তিষ্যে পৌষ্ণে বাসবে চৈকরাত্রং সীম্নি স্থিত্বা ভূতিমাপ্নোতি যাত্রা। অস্যার্থঃ—মৃগশিরসি যাত্রাং কৃত্বার্দ্রায়াং স্থিত্বা পুনর্ব্বসৌ ন গমনং তথা হস্তায়াং গত্বা চিত্রাস্বাগত্যোঃ স্থিত্বা বিশাখায়াং পুনর্গমনং তথা পুষ্যা রেবতীধনিষ্ঠাসু গত্বৈকরাত্রং স্বসীম্নি স্থিতা পুনর্যানং অন্যেষ্বপ্যূহনীয়ঃ। ১২৬

**জন্মর্ক্ষে চাষ্টমে চন্দ্রে বারে ভৌমশনৈশ্চরে।**
**প্রস্থিতেঽপি ন গন্তব্যমত্যন্তগর্হিতে দিনে॥ ১২৭**

ইতিজ্যোতিস্তত্ত্বে।

যাত্রা করিলেও জন্মনক্ষত্রে, অষ্টম চন্দ্রে মঙ্গলবারে রবি ও শনিবারে এবং অত্যন্ত দূষিত দিনে গমন করিবে না। ১২৭

## অথ যাত্রায়াং মনঃশুদ্ধিপ্রশংসা।

**শুভাশুভানি সর্ব্বাণি নিমিত্তানি স্যুরেকতঃ।**
**একতস্তু মনোযাতুস্তদ্বিশুদ্ধিং জয়াবহম্‌॥ ১২৮**

* কৈশ্চিদিষ্টফলবাপ্তৌ ইতিপাঠান্তরম্‌।

যাত্রাতে মনঃশুদ্ধি-প্রশংসা কথিত হইতেছে,—শুভ কি অশুভ নিমিত্ত ( তিথিনক্ষত্রাদি ) ও মন যাত্রাতে এই উভয়ই তুল্য, অতএব তিথিনক্ষত্রাদি প্রশস্ত হইলেও মন প্রফুল্ল না হইলে যাত্রা শুভদায়িকা হয় না, বস্তুতঃ মন প্রসন্ন হইলেই যাত্রা শুভদাত্রী হইয়া থাকে। ১২৮

মনঃশুদ্ধিপ্রশংসামাহ। শুভেতি। নিমিত্তানি ফলসূচকানি শুভাশুভানি সর্ব্বাণ্যেকতঃ একস্মিন্ পক্ষে স্যুঃ একতোঽন্যস্মিন্ পক্ষে যাতুঃ কেবলং মনঃ ফলদায়কং তন্মনোবিশুদ্ধং প্রসন্নং সৎ জয়াবহং স্যাৎ; যদর্থং যাত্রাকৃতা তদনন্তরং তদর্থং মনঃ প্রসাদো যদি স্যাত্তদা শুভং অপ্রসাদে ত্বশুভমিত্যর্থঃ। তথা চ বৃহদ্‌যাত্রায়াং প্রীয়তেন মনোঽনর্থে নাসিদ্ধাবভি নন্দতি। তস্মাৎ সর্ব্বাত্মনা যাতুরন্বেষ্যং সদাত্মনঃ। ১২৮

শুভং বাপ্যশুভং বাপি তিথিযোগাদিকঞ্চ যৎ।
লব্ধা মনোবলং তত্র প্রয়াণং শুভদং স্মৃতম্॥ ১২৯

ইতিসারসংগ্রহে।

সারসংগ্রহ ধৃতবচনে উক্ত হইয়াছে যে,—যাত্রাতে তিথি, নক্ষত্র, বার ও যোগাদি শুভ হউক কি অশুভ হউক, মনোবল গ্রহণ করিয়া গমন করা কর্ত্তব্য অর্থাৎ তিথি-নক্ষত্রাদি শুভ হইলেও ইচ্ছা না জন্মিলে গমন করিবে না। ১২৯

## যাত্রাসময়েঽশুভদর্শনকথনম্।

শীর্ষতৈলাভিষিক্তং ভুজগমভিমুখং বামনং কাষ্ঠভারং
প্রব্রাজং ছিন্ননাশং জটিলনগ্নযুতং মুক্তকেশং বিনগ্নম্।
স্বস্থানে শূন্যকুম্ভং ভয়মদকুশলং রোদতী ক্রোশতী চ
প্রস্থানে প্রস্থিতানাং যদি চ ন মরণং কার্য্যসিদ্ধির্ন চ স্যাৎ॥ ১৩০

ইতিসারসংগ্রহে।

যাত্রাকালীন অশুভ দর্শনাদি কথিত হইতেছে,—যাত্রাকালে তৈলাভ্যঙ্গকৃত মনুষ্য, সর্প, বামন, কাষ্ঠভার, ভিক্ষুক, ছিন্ননাসাযুক্ত মনুষ্য, জটিল, মুক্তকেশ, উলঙ্গ, স্থানস্থিত শূন্যকুম্ভাদি দর্শন ও রোদন শ্রবণ কিম্বা পশ্চাদভাগ হইতে সম্বোধন করিলে গন্তার যদিও মরণ না হয় কিন্তু কার্য্যসিদ্ধি কখনই হইবে না। ১৩০

কার্পাসৌষধিকৃষ্ণধান্যলবণক্লীবাস্থিতৈলং বসা
পঙ্কাঙ্গারগুড়াহিচর্ম্মশকৃতঃ কেশায়সব্যাধিতাঃ।
বান্তোন্মত্তজটীন্ধনং তৃণতুষক্ষুৎক্ষামতক্রারয়ো-
মুণ্ডাভ্যঙ্গবিমুক্তকেশপতিতাঃ কাষায়িণশ্চাশুভাঃ॥ ১৩১

যাত্রাসময়ে কার্পাস, ঔষধি, কৃষ্ণধান্য, লবণ, ক্লীব (নপুংসক) অস্থি, তৈল, বসা, পঙ্ক, অঙ্গার, গুড়, সর্প, চর্ম্ম, বিষ্ঠা, কেশ, লৌহ, রোগযুক্ত মনুষ্য, বামন, উন্মাদ মনুষ্য, জটাধারী মনুষ্য, কাষ্ঠ, তৃণ, তুষ, কৃশ (দরিদ্র ব্যক্তি) তক্র, অরি, মস্তক মুণ্ডিত ব্যক্তি, কৃত তৈলাভ্যঙ্গ মনুষ্য, মুক্তকেশ ব্যক্তি, পতিত, কষায় বস্ত্রধারী মনুষ্য, (ব্রহ্মচারী প্রভৃতি) যদি দৈবাৎ দর্শন হয় তাহা হইলে, সেই যাত্রায় অমঙ্গল হইয়া থাকে। ১৩২

অমঙ্গল্যদ্রব্যাণ্যাহ। কার্পাসেতি। ঔষধং দ্রব্যপ্রয়োগঃ ক্লীবো নপুংসকং বসা মেদঃ অহিঃ সর্পঃ শকৃদ্বিষ্ঠা আয়সো লৌহবিকারঃ কুঠারাদ্যস্ত্রব্যতিরিক্তঃ। ব্যাধিতোরোগাভিভূতঃ উন্মত্তো বাতুলঃ জটী জটাযুক্তঃ পুরুষঃ। জড়েতিপাঠে শ্রোত্রাদীন্দ্রিয়হীনে জড় ইতি। ইন্ধনং কাষ্ঠং ক্ষুৎক্ষামঃ কৃশঃ দরিদ্র ইত্যর্থঃ। তক্রং মথিতং অরিঃ শত্রুঃ মুণ্ডো মুণ্ডিতমুণ্ডঃ অভ্যাঙ্গস্তৈলাদিনা কৃতাভ্যঙ্গঃ বিমুক্তকেশোঽবদ্ধকেশোজনঃ কাষায়িণঃ কাষায়বস্ত্রাঃ ব্রহ্মচর্য্যাদয়ঃ এতে অনিষ্টপ্রদাঃ।:১৩১

## অথ ক্ষুন্নিন্দা।

সর্ব্বতঃ ক্ষুতমশোভনং স্মৃতং গোক্ষুতং মরণমেব করোতি।
কেচিদাহুরফলং বলাৎকৃতং বৃদ্ধপীনসিতবালকৃতঞ্চ ॥ ১৩২

সমস্তকার্য্যেই হাঁচি অশুভপ্রদ হয়, কিন্তু যাত্রাদিকার্য্যে গোরুব হাঁচি মৃত্যুজনক হইয়া থাকে। কেহ কেহ বলেন যে, তৃণাদিদ্বারা বলপূর্ব্বক হাঁচি, বৃদ্ধের হাঁচি, শ্লেষ্মারোগজন্য হাঁচি ও বালকের হাঁচি শুভাশুভ কিছুই দান করিতে পারে না, ইহা বহু সম্মত। ১৩২

ক্ষুৎফলমাহ। সর্ব্বত ইতি। সর্ব্বকার্য্যেষু প্রবেশেষপি ক্ষুৎমশোভনং গোক্ষুতঞ্চ মরণমেব করোতি। তথা বৃহদ্‌যাত্রায়াং। প্রারম্ভযানসময়েষু তথা প্রবেশে জ্ঞেয়ং ক্ষুতং ন চ শুভং ক্বচিদপ্যুশন্তি। কেচিত্তু বলাৎ কৃতং নাসায়াং তৃণাদিনা কৃতং ক্ষুতং বৃদ্ধকৃতং পীনসিতঃ শ্লেষ্মরোগার্ত্তস্তেন কৃতং শিশুকৃতঞ্চ ক্ষুতমফলং ফলশূন্যমাহুঃ তচ্চ বহূনাং মতম্। ১৩৩

## অথ ক্ষুতাদিফলম্।

বিত্তং ব্রহ্মণি কার্য্যসিদ্ধিরতুলা শক্রে হুতাশোভয়ং
যাম্যামগ্নিভয়ং সুরারিবিষকলির্লাভঃ সমুদ্রালয়ে।
বায়ব্যাং বরবস্ত্রগন্ধসলিলং দিব্যাঙ্গনা চোত্তরে
ঐশান্যাং মরণং ধ্রুবং নিগদিতং দিগ্‌লক্ষণং খঞ্জনে ॥ ১৩৩

ইতিজ্যোতিস্তত্ত্বে।

গ্রন্থকার খঞ্জনদর্শনের ফলাফল ব্যক্ত করিয়া জেষ্ঠী (টিকটিকী) ও ক্ষুতের (হাঁচির) ফল সেইরূপ হইবে বলিয়াছেন। যথা ঊর্দ্ধে খঞ্জনদর্শন করিলে মানবের বিত্তলাভ হয়, এইরূপ পূর্ব্বদিকে সমস্ত কার্য্যসিদ্ধি, অগ্নিকোণে ভয়, দক্ষিণে অগ্নিভয়, নৈঋতকোণে কলহ, পশ্চিমে লাভ, বায়ুকোণে শ্রেষ্ঠবস্ত্র, গন্ধ

ও সলিলাদিপ্রাপ্তি, উত্তরে উত্তমাভার্য্যা লাভ এবং ঈশানকোণে খঞ্জনদর্শন করিলে নিশ্চয়ই মৃত্যু হইয়া থাকে। ১৩৩

জেষ্ঠী রুতে ক্ষুতেঽপ্যেবমূচুঃ কেচিচ্চ কোবিদঃ॥ ১৩৪

ইতিজ্যোতিস্তত্ত্বে।

টিকটিকীশব্দ ও হাঁচিপতনে, খঞ্জনদর্শনে যেদিকে যে ফল ব্যক্ত হইয়াছে সেইরূপ ফল হইবে, ইহা কোন কোন পণ্ডিত বলিয়াছেন।১৩৪

## বিষ্ণোর্নিত্যাখিক্রত্য।

নামসংকীর্ত্তনং নিত্যং ক্ষুতঃ প্রস্খলিতাদিষু।
বিয়োগং শীঘ্রমাপ্নোতি সর্ব্বত্র নাত্র সংশয়ঃ॥ ১৩৫

ইতিবিষ্ণুধর্ম্মোত্তরে।

বিষ্ণুধর্ম্মোত্তরে উক্ত হইয়াছে যে ক্ষুতাদি দোষশান্তির জন্যে বিষ্ণুর নাম সংকীর্ত্তন করিলে সমস্ত দোষ বিনষ্ট হইবে। ১৩৫

স্বকীয়াং পরকীয়াং বা স্ত্রিয়ং পুরুষমেব চ।
তাড়য়িত্বা তু যো গচ্ছেত্তদন্তং তস্য জীবিতম্॥১৩৬

ইতিজ্যোতিস্তত্ত্বে।

যে ব্যক্তি যাত্রাকালে স্বকীয় কিম্বা পরকীয়া স্ত্রী অথবা পুরুষকে তাড়না করিয়া গমন করে তাহার মৃত্যু নিকটে। ১৩৬

যাত্রাকালে তু সংপ্রাপ্তে মৈথুনে যো নিষেবতে।
রোগার্ত্তঃ ক্ষীণকায়শ্চ স নিবর্ত্তেত বা ন বা॥ ১৩৭

ইতিজ্যোতিস্তত্ত্বে।

যে ব্যক্তি যাত্রাকালে স্ত্রীসেবন করিয়া গমন করে সে রোগাক্রান্ত ও ক্ষীণকলেবর হইয়া পুনর্গমন করে কিনা সন্দেহ। ১৩৭

কৃত্বা তু মৈথুনং রাত্রৌ প্রভাতে যঃ প্রতিষ্ঠতে।
নাসৌ প্রতিনিবর্ত্তেত দুঃখঞ্চ প্রাপ্নুয়ান্নরঃ॥ ১৩৮

ইতিজ্যোতিস্তত্ত্বে।

রাত্রিতে স্ত্রীসংসর্গ করিয়া যে ব্যক্তি প্রভাতে গমন করে, সে দুঃখ ভোগ করিয়াও পুনরাগমন করিতে পারে না। ১৩৮

কটুতৈলগুড়ক্ষীরপক্বমাংসাশনস্তথা।
ভুক্ত্বা যো যাত্যসৌ মোহাদ্ব্যাধিতঃ স নিবর্ত্ততে॥ ১৩৯

ইতিজ্যোতিস্তত্ত্বে।

কটুরস তৈল, গুড়, দুগ্ধ ও পক্কমাংস মোহক্রমেও যাত্রাকালীন ভোজন করিবে না, ঐ সকল দ্রব্য ভোজন করিয়া যে ব্যক্তি গমন করিবে সে রোগাক্রান্ত হইয়া গন্তব্যস্থান হইতে পুনর্গমন করিবে। ১৩৯

মার্জ্জারযুদ্ধে কলহে প্রবৃত্তে * রজস্বলাস্ত্রীজননীনিষেধে।
অকালবৃষ্টৌ মৃতসূতকে চ প্রস্থানযাত্রামরণং ধ্রুবঞ্চ॥ ১৪০

বিড়ালের সহিত বিড়ালের যুদ্ধ (ঝগড়া) আরম্ভ হইলে, কলহে প্রবর্ত্ত হইয়া, রজস্বলা স্ত্রী ঘরে রাখিয়া, গর্ভধারিণী নিষেধ করিলে, অকালবৃষ্টি † হইলে এবং মরণাশৌচ কি জননাশৌচসমানকালীন যে মনুষ্য যাত্রা কিম্বা প্রস্থান (দূরগমন) করে নিশ্চয়ই তাহার মরণ অথবা মৃত্যুতুল্য রোগাদি হইয়া থাকে। ১৪০

বামে শবশিবাকুম্ভা দক্ষিণে গোমৃগদ্বিজাঃ।
নকুলঃ সর্ব্বতোভদ্রো ন সর্পস্তু কদাচন॥ ১৪১

ইতিসারসংগ্রহে।

যাত্রাকালে বামভাগে শব (মৃতদেহ) শিবা (জম্বুক) ও কুম্ভ দর্শন করিলে শুভফল হয়; দক্ষিণভাগে গো, মৃগ ও ব্রাহ্মণ দর্শন করিলে শুভফল হইয়া থাকে। নকুল যেদিকে দর্শন হয় তাহাতেই শুভফল দেয়, কিন্তু সর্প দেখিলে অমঙ্গল হইয়া থাকে। ১৪১

## যাত্রাকালে শুভদর্শনাদি।

ধেনুর্ব্বৎসপ্রযুক্তাবৃষগজতুরগাদক্ষিণাবর্ত্তবহ্নিঃ
দিব্যস্ত্রী পূর্ণকুম্ভা দ্বিজনৃপগণিকাঃ পুষ্পমালা পতাকা।
সদ্যোমাংসং ঘৃতং বা দধিমধুরজতং কাঞ্চনং শুক্লধান্যং
দৃষ্ট্বা শ্রুত্বা পঠিত্বা ফলমিহ লভতে মানবোগন্তুকামঃ॥ * ১৪২

ইতিসারসংগ্রহে।

সবৎসাধেনু, বৃষ, হস্তী, ঘোটক, দক্ষিণাবর্ত্ত অগ্নি, উত্তমাস্ত্রী, পূর্ণকুম্ভ, দ্বিজাতি, রাজা, গণিকা, পুষ্পমাল্য, পতাকা, সদ্যোমাংস, ঘৃত, দধি, মধু, রজত, স্বর্ণ, শুক্ল-ধান্য এই সকল দৃষ্টি করিলে কিম্বা এই বচন শ্রবণ করিলে অথবা পাঠ করিলে গমনশীল মনুষ্য অভীষ্ট লাভ করে। ১৪২

* কুটুম্বকলহোগৃহজ্বলনমার্ত্তবং। যোষিতাং বিড়ালসমরং ক্ষুতং স্খলিতমম্বরাদেস্তথা। হুরুক্তমতিকোপতা মহিষয়োশ্চ যুদ্ধং ভবেৎ প্রয়াণসময়ে নৃণামভিমতার্থবাচ্ছিত্তয়ে॥ ইতি জ্যোতিস্তত্ত্বে।

† অকালবৃষ্টি বিবাহে কালাশুদ্ধিপ্রকরণে লিখিত হইয়াছে।

## অথ যাত্রাসময়ে মাঙ্গল্যদ্রব্যদর্শনস্পর্শনাদিনা শুভফলকথনম্।

সিদ্ধার্থকাদর্শপয়োঽঞ্জনানি বদ্ধৈকপশ্বামিষপূর্ণ কুম্ভাঃ।
উষ্ণীষভৃঙ্গারনৃবর্দ্ধমানপুংযানবীণাতপবারণানি ॥ ১৪৩
দধিমধুঘৃতরোচনাকুমার্য্যো ধ্বজকনকাম্বুজভদ্রপীঠশঙ্খাঃ।
সিতবৃষকুসুমায়ুধাম্বরাণি মীনদ্বিজগণিকাপ্তজনাশ্চাচারুবেশাঃ ॥১৪৪
জ্বলিতশিখিফলাক্ষতেক্ষুভক্ষদ্বিরদবরাঙ্কুশচামরায়ুধানি।
মরকতকুরুবিন্দপদ্মরাগ-স্ফটিকমণিপ্রমুখাশ্চ রত্নভেদাঃ ॥ ১৪৫
স্বয়মথ রচিতাগুযত্নতো বা যদি কথিতানি ভবন্তি মঙ্গলানি।
সজয়তি সকলাং ততোধরিত্রীং গ্রহণদৃশালভনযুতৈরুপাস্য ১৪৬

অনন্তর যাত্রাসময়ে মঙ্গলদ্রব্য দর্শন ও স্পর্শনাদি দ্বারা, শুভফল কথিত হইতেছে। শ্বেতসর্ষপ, দর্পণ, দুগ্ধ ( মতান্তরে জল ) অঞ্জন, বন্ধনযুক্ত একটীপশু মাংস, পূর্ণকুম্ভ, উষ্ণীষ ( শিরোবেষ্টন বস্ত্রবিশেষ ) ভৃঙ্গার ( জলপাত্রবিশেষ—গাড়ু ) সমৃদ্ধি ও যশদ্বারা উন্নত মনুষ্য, দোলাদি, বীণা, ছত্র, দধি, মধু, ঘৃত. রোচনা ( গোরোচনা বা হরিদ্রা ) কুমারী, ধ্বজ, কনকপদ্ম, ভদ্রাসন, পীঠ, শঙ্খ, শুক্লবৃষ, কুসুম, আয়ুধ, শুক্লবস্ত্র, মৎস্য, দ্বিজ, বেশ্যা, আপ্তজন, ও সুবেশধারী মনুষ্য, জ্বলিতাগ্নি, চারুফল, যব, ইক্ষুদণ্ড, ভক্ষদ্রব্য ( সন্দেশাদি ) শ্রেষ্ঠ হস্তী, অঙ্কুশ, চামর, শস্ত্র মরকত, কুরুবিন্দ ( প্রস্তরবিশেষ ) পদ্মরাগ ( মণিবিশেষ ) এবং স্ফটিকাদিমণি এই সকল মাঙ্গল্যদ্রব্য যদি যাত্রাকালে নিকটে থাকে অথবা অযত্নক্রমে উপস্থিত হয় তবে নৃপতি শ্বেতসর্ষপাদি দ্রব্যবিশেষ গ্রহণ, বেশ্যাদি দর্শন, ফলাদি স্পর্শন ও বীণাগীতাদি শ্রবণ করিয়া গমন করিলে সমুদয় পৃথিবীকে জয় করিতে পারিবেন। পরন্তু চিরপ্রবাসীর যাত্রা সম্বন্ধে রবিশুদ্ধি থাকা আবশ্যক। † ১৪৩—১৪৬

যাত্রায়াং মঙ্গলদ্রব্যাদি চতুর্ভিশ্লৈকৈরাহ। সিদ্ধার্থকেতি। সিদ্ধার্থং শ্বেতসর্ষপঃ আদর্শ দর্পণং পয়োদুগ্ধং জলমিতি কেচিত্তন্ন পূর্ণকুম্ভস্যাপি বক্ষ্যমাণত্বাৎ বদ্ধ একপশুঃ আমিষং মাংসং উষ্ণীষং মস্তকবেষ্টনবস্ত্রং ভৃঙ্গারোজলপাত্রবিশেষঃ নৃবর্দ্ধমানঃ না পুরুষঃ বর্দ্ধমানঃ সমৃদ্ধ্যা যশসা চোন্নতঃ পুংযানং নৃযানং দোলাদি আতপবারণং ছত্রম্। ১৪৩

* তৃণোদকাদোযু মত্তাঃ ক্রীড়ন্ত গাবঃ সবৃষাঃ সবৎসাঃ। ক্ষীরং প্রমুচন্ত সুখং স্বপন্ত শীতাতপব্যাধিভয়ৈর্বিমুক্তা ইতিজ্যোতিস্তত্ত্বধৃতমন্ত্রং যাত্রাকালে শৃণুয়াৎ।

† চিরপ্রবাসযাত্রায়াং গৃহে কর্ণস্য বেধনে। চূড়াকৃতৌ প্রতিষ্ঠায়াং ভানুশুদ্ধির্বিধীয়তে ইতিব্যাসবচনম্।

কুমার্য্যঃ কন্যকাঃ ভদ্রপীঠং ভদ্রাসনং অম্বরং শ্বেতবস্ত্রং গণিকা বেশ্যা ইত্যর্থঃ। ১৪৪

জ্বলিতাগ্নিশ্চারুফলানি। অক্ষতাযবাঃ ইক্ষুদণ্ডঃ ভক্ষ্যান্নব্যং সন্দেশাদি দ্বিরদবরোহস্তিশ্রেষ্ঠঃ মৃদিতি পাঠে প্রশস্ত মৃত্তিকেত্যর্থঃ। মরকতকুরুবিন্দৌ প্রস্তরবিশেষৌ পদ্মরাগোমাণবিশেষঃ স্ফটিকমণিপ্রমুখাঃ স্ফটিকমণ্যাদয়ঃ যে অন্যে চ মত্ত্বভেদাবৈদূর্য্যাদয়ঃ। ১৪৫

এতানি কথিতানুক্তানি মঙ্গলদ্রব্যাণি যদি স্বয়ং রচিতানি অযত্নতোহন্যৈঃপ্রচিতানি এতেষাং নামানি যদি কথিতান যদা যস্ত ভবন্তি স রাজা ততস্তদা কানিচিন্মঙ্গলানি সিদ্ধার্থকাদীনি গ্রহণেনোপাস্তস্পৃষ্টা কানিচিদ্গণিকাদীনি দৃশা চক্ষুষোপাস্ত দৃষ্ট্বা কানিচিৎ ফলাদীনি আলভনেনোপলব্ধা স্বীকারেণোপাস্ত স্বীকৃত্য কানিচিদ্বীণাগীতাদীনি শ্রুতেন শ্রবণেনোপাস্ত শ্রুত্বা সকলাং ধরিত্রীং জয়তি। ১৪৬

## অথ স্বপ্নদর্শনফলম্।

যান্যত্র মঙ্গলামঙ্গলানি নির্গচ্ছতাং প্রদিষ্টানি।
স্বপ্নেঽপি তানি শুভাশুভানি বিষ্ঠানুলেপনং ধন্যম্॥ ১৪৭

অধুনা স্বপ্নদর্শন ফল কথিত হইতেছে,—যাত্রাবিষয়ে যে সকল মাঙ্গল্যামাঙ্গল্য দ্রব্য কথিত হইয়াছে, স্বপ্নেও সে সকল দ্রব্য দর্শন ও স্পর্শনাদিতে তদ্রূপ শুভাশুভ ফল হইবে কিন্তু স্বপ্নে বিষ্ঠালেপন করিলে ধনলাভ হইয়া থাকে। ১৪৭

অত্র দৃষ্টস্য স্বপ্নস্য শুভাশুভফলমাহ। যানীতি। নির্গচ্ছতাং জনানামত্র যাত্রায়ং মঙ্গলামঙ্গলানি দ্রব্যাণি যানি প্রদিষ্টানি কথিতানি তানি স্বপ্নেঽপি দৃষ্টানি শুভাশুভানি। কিন্তু স্বপ্নে বিষ্ঠানুলেপনং ধন্যং ধনপ্রদমিতি সংক্ষেপঃ। বিস্তরশ্চ বৃহদ্‌যাত্রায়াং দ্রষ্টব্যঃ। তথা সর্ব্বাণি শুক্লানি সুশোভনানি কার্পাসভস্মাস্থিকপালবর্জ্জং। সর্ব্বাণি কৃষ্ণান্যতিনিন্দিতানি গোহস্তিদেবদ্বিজবর্জ্জিতানি। অত্র চ দুঃস্বপ্নদর্শনে পুনর্ন শয়নং,কার্য্যং, দুঃস্বপ্নদর্শনে তু পুনঃ শয়নং বিহিতমেব। যথা বৃহদ্‌যাত্রায়াং। দৃষ্টং স্বপ্নং শোভনং নেহ সুপ্যাৎ,পশ্চাদ্দৃষ্টোযশ্চ পাকং বিধত্তে। শংসে দৃষ্টং তজ্জ্ঞসাধুদ্বিজেভ্যস্তে চাশীর্ভিঃ পূজয়েয়ুর্নরেন্দ্রং। ভূয়ঃ প্রস্বপনং ন চাস্য কথনং গঙ্গাভিষেকোজপঃ স্বস্তিঃ। স্বস্ত্যয়নং নিবেদনমপি প্রাতর্গবাশ্বথয়োঃ, বিপ্রেভ্যশ্চ তিলান্নহেমকুসুমৈঃ পূজা যথাশক্তিতঃ পুণ্যং ভারতকীর্ত্তনঞ্চ কথিতং দুঃস্বপ্নবিচ্ছিত্তয়ে বিস্তরভয়াদুপেক্ষিতম্। ১৪৭

## যাত্রাসময়ে বায়ুশুভাশুভলক্ষণম্।

অনুলোমগতে প্রদক্ষিণে সুরভৌ দেহসুখেঽনিলে গতঃ।
তিমিরাণি গভস্তিমানিব প্রসভং হন্তি বলানি বিদ্বিষাম্॥ ১৪৮

যাত্রাসময়ে বায়ুর শুভাশুভ লক্ষণ কথিত হইতেছে,—যাত্রাকালে যদি সৌগন্ধযুক্ত অনুকূলবায়ু শরীরের সুখজনক হয়, তাহা হইলে অন্ধকাররাশি যেরূপ সূর্য্যকর্ত্তৃক বিনষ্ট হয় তদ্রূপ গমনশীল রাজার শত্রুবর্গ বিনষ্ট হইয়া থাকে। ১৪৮

বায়োঃ শুভমাহ। অনুলোমেতি। গন্তব্যদিগনুকূলগতো সুগন্ধো শরীরসুখজনকো বায়ো গতঃ পুমান্ শত্রূণাং বলানি প্রসভং হঠাৎ হন্তি। সূর্য্যোঽন্ধকারং নিত্যমিব এতেন প্রতিকূলোঽপ্রদক্ষিণঃ দুর্গন্ধো ঝঞ্ঝাবায়ুর্নেষ্ট ইতি। ১৪৮

বণিককর্ম্মণি যাত্রায়াং প্রবেশে নববেশ্মনঃ।

মহোৎসবে চ মাঙ্গল্যে তত্র স্ত্রীণাং ধ্বনিঃ শুভঃ॥ ১৪৯

ইতিমৎস্যসূক্তে।

মৎস্যসূক্তে কথিত হইয়াছে যে,—বণিককর্ম্মে, যাত্রাতে, নূতন গৃহপ্রবেশকালে, মহোৎসবে এবং মাঙ্গল্যকর্ম্মে স্ত্রীদিগের উলু উলু ধ্বনি শুভ হইয়া থাকে। ১৪৯

ইতিজ্যোতিষতত্ত্ববারিধৌ যাত্রাপ্রকরণং নাম ষষ্ঠস্তরঙ্গঃ।

---

# অথ নৌকাঘটনম্।

জ্ঞভহরিধটলগ্নে দেবরাড্‌যুগ্‌-বিশাখা-ত্রিনয়নবিধিযাম্যদ্বন্দ্বসর্পান্ত্যভেষু।

সুকরণতিথিযোগে শুক্রজীবার্কবারে তরণিঘটনমিষ্টং চন্দ্রতারাবিশুদ্ধৌ॥১

অনন্তর নৌকাগঠন কথিত হইতেছে,—মিথুন, কন্যা, সিংহ ও তুলালগ্নে জ্যেষ্ঠা, মূলা, বিশাখা, আর্দ্রা, রোহিণী, ভরণী, কৃত্তিকা, অশ্লেষা ও রেবতী নক্ষত্রে শুভকরণ, শুভতিথি ও শুভযোগে শুক্র, বৃহস্পতি ও রবিবারে চন্দ্র ও তারাশুদ্ধ থাকিলে নৌকাগঠন শুভদ হইয়া থাকে। কেহ কেহ যাম্যদ্বন্দ্বসর্পান্তভেষু" এইরূপ পাঠ করিয়া ঐ সকল নক্ষত্র ভিন্ন নক্ষত্রে নৌকাগঠন শুভদ বলিয়া থাকেন। ১

নৌকাঘটনমাহ। জ্ঞভেতি। জ্ঞভ মিথুনকন্যা হরিঃ সিংহঃ ধটস্তুলালগ্নে দেবরাড্‌যুগ্মং জ্যেষ্ঠামূলে বিশাখা ত্রিনয়নমার্দ্রা রোহিণী যাম্যদ্বন্দ্বং ভরণী কৃত্তিকা সর্পঃ অশ্লেষা অন্ত্যং রেবতী এতেষু তরণিঘটং নৌনির্ম্মাণমিষ্টং শেষং সুগমম্। ১ *

অন্যচ্চ।

অশ্বিনী রেবতী হস্তা গণভং মৃগশিরাস্তথা।

অনুরাধা তথা স্বাতী চিত্রা চৈব প্রশস্যতে।

শুক্রেন্দুগুরুবারেষু রিক্তাবর্জ্জং তিথৌ পুনঃ।

পাপাহঞ্চ পরিত্যাজ্য নৌকাগঠনমুত্তমম্॥ ২

ইতিসারসংগ্রহে।

* কেচিত্তু যাম্যদ্বন্দ্বসর্পান্ত্যভেম্বিতিপাঠং কৃত্বা জ্যেষ্ঠাদিসর্পান্তনক্ষত্রেতরেষু তরণিঘটনং বদন্তি।

সারসংগ্রহ-ধৃতবচনে উক্ত হইয়াছে যে,—অশ্বিনী, রেবতী, হস্তা, শতভিষা, মৃগশিরা, অনুরাধা, স্বাতী ও চিত্রানক্ষত্রে শুক্র, সোম ও বৃহস্পতিবারে রিক্তা ভিন্ন তিথিতে মাসদগ্ধাদিযুক্ত পাপাহ ত্যাগ করিয়া নৌকা গঠন করিবে। ২

## অথ ঘটনস্থানান্নৌকাচালনম্।

শুভাহে বিষ্ণুযুগ্মেন্দুভগমৈত্রাশ্বিপাণিষু।
চালনং ঘটনস্থানান্নাবঃ শুভতিথীন্দুষু॥ ৩

ইতিদীপিকায়াম্।

সোম, বুধ, বৃহস্পতি ও শুক্রবারে শ্রবণা, ধনিষ্ঠা মৃগশিরা, পূর্ব্বফল্গুনী, অনুরাধা, অশ্বিনী ও হস্তানক্ষত্রে শুভতিথিতে ও শুভচন্দ্রে গঠনস্থান হইতে নৌকাচালন বিধেয়। ৩

## অথ নৌকাযাত্রা।

অশ্বিকরেজ্যসুধানিধিপূর্ব্বমৈত্রধনাচ্যুতভেষু সুলগ্নে।
তারকযোগতিথীন্দুবিশুদ্ধৌ নৌগমনং শুভদঃ শুভবারে॥ ৪

ইতিদীপিকায়াম্।

অশ্বিনী, হস্তা, পুষ্যা, মৃগশিরা পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, অনুরাধা, ধনিষ্ঠা ও শ্রবণানক্ষত্রে শুভলগ্নে, শুভতারাতে, শুভযোগে, শুভতিথিতে শুভবারে এবং চন্দ্র গোচরে শুদ্ধ থাকিলে নৌকাযাত্রা প্রশস্ত হইয়া থাকে। ৪

---

# অথ বাণিজ্যকরণম্।

ক্ষিপ্রাণি যানি ঋক্ষাণি চরাণি চ মৃদূনি চ।
বাণিজ্যে তানি শস্যন্তে তিথিং রিক্তাং বিবর্জ্জয়েৎ॥ ১

ইতিবিষ্ণুধর্ম্মোত্তরে।

অনন্তর বাণিজ্যকরণ কথিত হইতেছে,—পুষ্যা, অশ্বিনী, হস্তা, স্বাতী, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা,চিত্রা, অনুরাধা, মৃগশিরা ও রেবতীনক্ষত্রে রিক্তাভিন্ন তিথিতে বাণিজ্যকরণ প্রশস্ত হয়। ১

---

# অথ কুসীদকরণম্।

প্রতিপদ্দ্বাদশী ষষ্ঠী নক্ষত্রাণি ধ্রুবাণি চ।
কুসীদে বর্জ্জনীয়ানি দিনং সূর্য্যসুতস্য চ॥ ১

ইতিবিষ্ণুধর্ম্মোত্তরে।

অধুনা কুষীদকরণ কথিত হইতেছে,—প্রতিপদ, দ্বাদশী ও ষষ্ঠী ভিন্ন তিথিতে উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ ও রোহিণী ভিন্ন নক্ষত্রে এবং শনিবার ভিন্ন বারে কুষীদ অর্থাৎ সুদ আকাঙ্খা করিয়া ঋণদান প্রশস্ত হয়। ১

## অথ নক্ষত্রবিশেষে রোগকথনম্।

অশ্বিন্যাং দশরাত্রেণ জ্বরিতঃ কল্যতামিয়াৎ।
ভরণ্যাং সংশয়প্রাপ্তিরনলে দশভির্দ্দিনৈঃ।
রোহিণ্যাং পঞ্চদিবসৈশ্চতুর্ভির্ম্মৃগশীর্ষকে।
আর্দ্রায়াং সংশয়ঃ পঞ্চদশাহশ্চ পুনর্ব্বসৌ।
পুষ্যে চ পঞ্চদিবসৈর্ম্মৃত্যুরশ্লেষয়া ধ্রুবম্।
মঘায়াং সপ্তভিঃ পূর্ব্বফল্গুন্যামেকবাসরম্।
সপ্তাহ উত্তরফল্গুন্যাং হস্তায়াং পঞ্চভির্দ্দিনৈঃ।
চিত্রায়াং প্রাণসন্দেহঃ স্বাত্যাং চৈব ন জীবতি।
বিশাখায়াং সপ্তদিনৈর্ম্মিত্রে চ দশভির্দ্দিনৈঃ।
জ্যেষ্ঠায়াঞ্চ ধ্রুবং মৃত্যুর্ম্মূলে কল্যং চতুর্দ্দিনম্।
পূর্ব্বাষাঢ়াসু সন্দেহো বিশ্বে পঞ্চদিনৈঃ পটুঃ।
শ্রবণে পঞ্চভিঃ কল্যোধনিষ্ঠে প্রাণসংশয়ঃ।
শতাখ্যে প্রাণসন্দেহঃ পূর্ব্বভাদ্রপদে তথা।
সংশয়শ্চোত্তরভাদ্রে রেবত্যাং পঞ্চবাসরৈঃ॥ ১

ইতিজ্যোতিঃসারে মাণ্ডব্যঃ।

অধুনা নক্ষত্রবিশেষে রোগকাল কথিত হইতেছে,—অশ্বিনীনক্ষত্রে জ্বর হইলে দশরাত্র ভোগ হয়; এইরূপ ভরণীতে প্রাণত্যাগ পর্য্যন্ত, কৃত্তিকাতে দশদিন, রোহিণীতে পাঁচদিন, মৃগশিরায় চারিদিন, আর্দ্রায় প্রাণান্ত, পুনর্ব্বসুতে পঞ্চদশদিন, পুষ্যায় পাঁচদিন, অশ্লেষায় প্রাণবিয়োগ পর্য্যন্ত, মঘায় সপ্তদিবস, পূর্ব্বফল্গুনীতে একরাত্র, উত্তরফল্গুনীতে সপ্তাহ, হস্তায় পাঁচদিন, চিত্রাতে প্রাণশেষ পর্য্যন্ত, স্বাতীতে জীবনান্ত, বিশাখায় সাতদিন, অনুরাধায় দশদিন, জ্যেষ্ঠাতে প্রাণান্ত, মূলায় চারিদিন, পূর্ব্বাষাঢ়ায় জীবনান্ত, উত্তরষাঢ়াতে পাঁচদিন, শ্রবণায় পাঁচদিন, ধনিষ্ঠা, শতভিষা, পূর্ব্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদে জীবনান্ত এবং রেবতী নক্ষত্রে যে ব্যক্তির জ্বর হইবে তাহার পাঁচদিন পর্য্যন্ত ভোগ হইয়া থাকে। ১

কৃত্তিকায়াং যদা কশ্চিদ্ব্যাধিরুৎপদ্যতে ধ্রুবম্।
নবরাত্রং ভবেৎ পীড়া রোহিণ্যাঞ্চ ত্রিরাত্রকম্।
পঞ্চরাত্রং মৃগশিরসি চার্দ্রায়াং সপ্তরাত্রিকম্।
পুনর্ব্বসৌ পঞ্চরাত্রং পুষ্যায়াঞ্চ তথৈব চ।
অশ্লেষায়াং নবরাত্রং মাসমেকং মঘাসু চ।
দ্বৌ মাসৌ পূর্ব্বফল্গুন্যামুত্তরাসু ত্রিপঞ্চকম্।
হস্তায়াং সপ্তমে মোক্ষশ্চিত্রায়ামর্দ্ধমাসকম্।
মাসদ্বয়ং তথা স্বাত্যাং বিশাখায়াঞ্চ বিংশতিঃ।
মৈত্রে চৈব দশাহানি জ্যেষ্ঠায়ামর্দ্ধমাসকম্।
মূলে ন জায়তে মোক্ষঃ পূর্ব্ববাত্রি ত্রিপঞ্চকম্।
উত্তরাষাঢ়ে বিংশত্যা দ্বৌ মাসৌ শ্রবণাসু চ।
ধনিষ্ঠায়ামর্দ্ধমাসো বারোণ্যাঞ্চ দশাহকম্।
ন চ ভাদ্রপদে মোক্ষঃ উত্তরায়াং ত্রিপঞ্চকম্।
রেবত্যাং দিনবিংশত্যা চাহোরাত্রং তথাশ্বিনী।
প্রাণৈর্ব্বিমুচ্যতে নিত্যং ভরণ্যাং নাত্র সংশয়ঃ।
কৌশিকেন সমাদিষ্টাঃ নক্ষত্রব্যাধিসম্ভবাঃ।
নক্ষত্রং প্রতিকর্ত্তব্যং নক্ষত্রমথ জানতা॥ ২ *

ইতিসারসংগ্রহে।

কৃত্তিকানক্ষত্রে রোগোৎপত্তি হইলে নয়রাত্রি ভোগ হয়, এইরূপ রোহিণী-নক্ষত্রে ত্রিরাত্র, মৃগশিরায় পঞ্চরাত্র, আর্দ্রাতে সপ্তরাত্র, পুনর্ব্বসু ও পুষ্যায় পাঁচ রাত্রি, অশ্লেষায় নয়রাত্রি, মঘাতে একমাস, পূর্ব্বফল্গুনীতে দুইমাস, উত্তরফল্গুনীতে পঞ্চদশদিন, হস্তায় সপ্তাহ, চিত্রায় অর্দ্ধমাস, স্বাতীতে দুইমাস, বিশাখায়

* কৃত্তিকাসু যদাব্যাধির্নৃণাং সংপ্রতিপাদিতঃ। নবরাত্রং ভবেৎ পীড়া ত্রিরাত্রং রোহিণীষু চ। মৃগশীর্ষে পঞ্চরাত্রং আর্দ্রায়াং মুচ্যতেঽসুভিঃ। পুনর্ব্বসৌ তথা পুষ্যে সপ্তরাত্রং বিধীয়তে। দশরাত্রং তথাশ্লেষে মাসমেকং মঘাসু চ। দ্বৌ মাসৌ পূর্ব্বফল্গুন্যাং উত্তরাসু ত্রিপঞ্চকম্। হস্তে চ সপ্তমে মোক্ষশ্চিত্রায়ামর্দ্ধমাসকম্। মাসদ্বয়ং তথাস্বত্যাং বিশাখে দিন বিংশতিঃ। মৈত্রে চৈব দশাহানি জ্যেষ্ঠায়ামর্দ্ধমাসকম্। মূলে ন জায়তে মোক্ষঃ পূর্ব্বাষাঢ়ে ত্রিপঞ্চকম্। উত্তরে বিংশতির্জ্ঞেয়া দ্বৌ মাসৌ শ্রবণে তথা। ধনিষ্ঠায়ামর্দ্ধমাসং বারুণ্যাঞ্চ দশাহকম্। ন চ ভাদ্রপদে মোক্ষং উত্তরাসু ত্রিপঞ্চকম্। রেবত্যাং দিনবিংশত্যা চাহোরাত্রং তথাশ্বিনী। প্রাণৈর্ব্বিমুচ্যতে নিত্যং ভরণ্যাং নাত্র সংশয়ঃ। কৌশিকেন সমাদিষ্টাঃ নক্ষত্রব্যাধিসম্ভবাঃ। নক্ষত্রং প্রতিকর্ত্তব্যং নক্ষত্রমথ জানতা। ইতি জ্যোতিস্তত্ত্বধৃতকৌশিকবচনম্।

বিংশতিরাত্র, অনুরাধায় দশদিন, জ্যেষ্ঠায় অর্দ্ধমাস, মূলাতে জীবনান্ত, পূর্ব্বাষাঢ়ায় পঞ্চদশদিন, উত্তরাষাঢ়ায় বিংশতিদিন, শ্রবণাতে দুইমাস, ধনিষ্ঠায় অর্দ্ধমাস, শতভিষায় দশদিন, রেবতীতে বিংশতিদিন, অশ্বিনীতে একদিন এবং ভরণীনক্ষত্রে রোগ জন্মিলে প্রাণান্ত হইয়া থাকে; ইহাতে সংশয় নাই। কৌশিক এইরূপ রোগোৎপত্তির বিষয় বলিয়াছেন। নক্ষত্রজ্ঞ মনুষ্যের ইহার প্রতিবিধান করিতে হয়। ২

## প্রতীকারা ভীমপরাক্রমে।

কৃত্তিকায়াং পিষ্টকচ্ছাগমুখে দধ্যুদকঞ্চ দেয়ং। রোহিণ্যাং পিষ্টকগোমুখে শাকং। মৃগশিরসি পিষ্টকমৃগমুখে মাষোদেয়ঃ। আর্দ্রায়াং পিষ্টকগোমুখে রক্তং। পুনর্ব্বসৌ পিষ্টকবরাহমুখে পটোলং। পুষ্যে পিষ্টকচ্ছাগমুখে পায়সং। অশ্লেষায়াং পিষ্টকবরাহমুখে ঘৃতং। মঘায়াং পিষ্টকবানরমুখে তিলাঃ। পূর্ব্বফল্গুন্যাং পিষ্টকবানরমুখে মুদ্গপূপিকাঃ। উত্তরফল্গুন্যাং পিষ্টকবলীবর্দ্দমুখে শাকং। হস্তায়াং পিষ্টকমহিষমুখে পুষ্করমূলং। চিত্রায়াং পিষ্টকব্যাঘ্রমুখে তগরপুষ্পং। স্বাত্যাং পিষ্টকমার্জ্জারমুখে তিলাঃ। বিশাখায়াং পিষ্টকব্যাঘ্রমুখে গুড়ভক্তং। অনুরাধায়াং পিষ্টকমৃগমুখে কুলত্থং। জ্যেষ্ঠায়াং পিষ্টকমূষিকমুখে ধন্যাকং। মূলে পিষ্টকমার্জ্জারমুখে তিলাঃ। পূর্ব্বাষাঢ়ায়াং পিষ্টককুম্ভীরমুখে বচা। উত্তরাষাঢ়ায়াং পিষ্টকবৃষমুখে শাকভক্তং। শ্রবণায়াং পিষ্টকমহিষীমুখে রক্তং। ধনিষ্ঠায়াং পিষ্টকনরমুখে শাকভক্তং। শতভিষায়াং পিষ্টকবানরমুখে পিপ্পলী। পূর্ব্বভাদ্রপদায়াং পিষ্টকনরমুখে সিততণ্ডুলাঃ। উত্তরভাদ্রপদায়ামপ্যেবং। রেবত্যাং পিষ্টকবানরমুখে গুড়ভক্তং। অশ্বিনীভরণ্যোরপ্যেবং এবং নক্ষত্রদোহদে কৃতে জ্বরো বিনশ্যতি। এতদ্বিধানস্তু প্রথমং গন্ধপুষ্পধূপদীপনৈবেদ্যৈঃ সদীপমাল্যপতাকৈঃ প্রপূজ্য কার্য্যম্॥ ২

অনন্তর নক্ষত্রবিশেষে জ্বরভোগের প্রতীকার কথিত হইতেছে—কৃত্তিকানক্ষত্রে জ্বর হইলে পিষ্টকদ্বারা ছাগাকৃতি নির্ম্মাণপূর্ব্বক গন্ধপুষ্পাদিদ্বারা তাহাকে অর্চ্চনা করিয়া মুখদেশে দধ্যুদক দিতে হইবে, তাহা হইলেই জ্বর বিনষ্ট হইয়া থাকে। এইরূপ রোহিণ্যাদিনক্ষত্রে জ্বর হইলে পিষ্টকদ্বারা গো-মৃগাদি রচনাপূর্ব্বক অর্চ্চনা করিয়া তাহাদের মুখদেশে শাক মাষাদি অর্পণ করিলে জ্বর প্রতীকার হইবে। সংস্কৃত সহজ বলিয়া সমুদায় অনুবাদ করা হইল না ২

## অথ বিরুদ্ধনক্ষত্রাদৌ রোগফলকথনম্।

উরগশতভিষার্দ্রাজ্যেষ্ঠ * যাম্যত্রিপূর্ব্বা-
স্বপি চ রবিজভৌমে চার্কবারেণ যোগে।
যদি ভবতি চতুর্থী দ্বাদশী ভূতষষ্ঠী
নিগদিত ইহ জন্তোর্নাশকালঃ প্রবিষ্টঃ॥ ৩

ইতিজ্যোতিস্তত্ত্বে।

বিরুদ্ধ নক্ষত্রাদিতে রোগোৎপত্তির ফল কথিত হইতেছে—অশ্লেষা, শতভিষা, আর্দ্রা, জ্যেষ্ঠা, (মতান্তরে স্বাতী ও মূলা) ভরণী, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া ও পূর্ব্বভাদ্রপদ এই সকল নক্ষত্রের অন্যতম নক্ষত্র শনি, মঙ্গল কি রবিবার যোগ হইলে যদি চতুর্থী, দ্বাদশী চতুর্দ্দশী কি ষষ্ঠী তিথি থাকে আর তাহাতে রোগ উৎপন্ন হয় তাহা হইলে উক্ত রোগীর নিশ্চয়ই মৃত্যু হইবে। ৩

### অন্যচ্চ।

আর্দ্রাশ্লেষাস্বাতীজ্যেষ্ঠাসু চ যস্য রোগজন্ম স্যাৎ।
ধন্বন্তরিণাপি চিকিৎসিতস্য তস্যাসবো ন স্যুঃ॥ ৪

ইতিদীপিকায়াম্।

দীপিকাতে উক্ত হইয়াছে, আর্দ্রা, অশ্লেষা, স্বাতী ও জ্যেষ্ঠানক্ষত্রের অন্যতম নক্ষত্রে যে ব্যক্তির রোগ জন্মে সে ধন্বন্তরি কর্ত্তৃক চিকিৎসিত হইতে পারিলেও জীবিত থাকিতে পারে না।

আর্দ্রাদিষু রোগে সতি মৃত্যুমাহ। আর্দ্রেতি। আর্দ্রাদিষু যস্য রোগজন্ম স্যাৎ তস্যাসবঃ প্রাণা ন স্যুরিত্যর্থঃ। ৪

### অপরঞ্চ

শিবশতভিষাধাতৃস্বাতি * মূলেন্দ্রনাগে
রবিশনিকুজবারে ভূতষষ্ঠীনবম্যাম্।
ইহহি মরণযোগে যো জ্বরেণাভিভূতঃ
পশুপতিসদৃশশ্চেৎ † সোঽপি মৃত্যুং প্রয়াতি॥ ৫

ইতিদীপিকাটীকায়াম্।

* স্বাতিমূলাত্রিপূর্ব্বা। ইতি জ্যোতিঃসারে পাঠঃ।

† পশুপতিসমযোগী। ইতিজাতকচন্দ্রিকায়াং পাঠঃ।

অত্র বচনে প্রথমচরণে উরগশতভিষার্দ্রা। ইতিপাঠঃ।

দীপিকার টীকাতে উক্ত হইয়াছে যে,—আর্দ্রা, শতভিষা. রোহিণী, স্বাতী, মূলা, জ্যেষ্ঠা ও অশ্লেষানক্ষত্রের অন্যতম নক্ষত্র, রবি, শনি কি মঙ্গলের অন্যতম বার, আর চতুর্দ্দশী, ষষ্ঠী কি নবমীর অন্যতম তিথি যদি একসময়ে হয় এবং তাহাতে রোগজন্মে তাহা হইলে রোগী শিবসদৃশ হইলেও অবশ্যই তাহার মৃত্যু হইবে। ৫

সপ্তাহং বারদোষে স্যাদ্দ্বিগুণং তিথিবারয়োঃ।
তিথিনক্ষত্রয়োর্ম্মাসং ত্রিভির্যুক্তো ন জীবতি॥ ৬

ইতিজাতকচন্দ্রিকায়াম্।

বারদোষে রোগ একসপ্তাহ থাকে, তিথি ও বার দুষ্ট হইলে রোগভোগের কাল চতুর্দ্দশ দিবস, তিথি ও নক্ষত্র দূষিত হইলে ব্যাধি একমাস থাকে এবং বার, তিথি ও নক্ষত্র মন্দ হইলে রোগীর জীবন সংশয় হয়। ৬

আধানে জন্মনক্ষত্রে নিধনে প্রত্যরৌ তথা।
ব্যাধিরুৎপদ্যতে যস্য ক্লেশস্তস্য ভবেদ্ধ্রুবম্॥ ৭

ইতিজাতকচন্দ্রিকায়াম্।

আধান নক্ষত্রে, জন্মনক্ষত্রে এবং জন্মনক্ষত্র হইতে গণনায় সপ্তম ও পঞ্চম-নক্ষত্রে যাহার রোগ হয় সেই ব্যক্তির অতিশয় ক্লেশ হইয়া থাকে। ৭

জন্মনিধনভে প্রত্যরৌ চ বিপৎকরে যদি ব্যাধিঃ।
সম্বৎসরঃ ক্লেশায় মরণায় বা॥ ৮

ইতিজ্যোতিঃসারে।

জ্যোতিঃসার-ধৃতবচনে কথিত হইয়াছে যে,—মনুষ্যের জন্মতারা, নিধনতারা প্রত্যরিতারা ও বিপৎতারাতে যদি ব্যাধি উৎপন্ন হয়, তাহা হইলে সেই ব্যক্তির সম্বৎসর পর্য্যন্ত ক্লেশ ও মরণ হইয়া থাকে। ৮

জন্মাধানে নিধনভে প্রত্যরৌ চ বিপৎকরে।
যদি ব্যাধিঃ সমুৎপন্নঃ ক্লেশায় মরণায় চ॥ ৯

।ইতিহারীতঃ।

জন্ম, আধান, নিধন (সপ্তমতারা) প্রত্যরি (পঞ্চম তারা) ও বিপৎ (তৃতীয়) তারাতে রোগোৎপত্তি হইলে অতিশয় ক্লেশ পায় অথবা মৃত্যুও হইতে পারে। ৯

অথ সর্পক্ষতাদৌ নক্ষত্রবশেন মরণকথনম্।

মূলামঘার্দ্রাশ্লেষাভরণীবিশাখাগ্নিদৈবতেষু নরঃ।
গরুড়প্রিয়োঽপি দষ্টো ন প্রাণিতি দন্দশূকেন॥ ১০

ইতিজ্যোতিস্তত্ত্বে।

সর্পক্ষত ব্যক্তির নক্ষত্র দ্বারা মরণ কথিত হইতেছে,—মূলা, মঘা, আর্দ্রা, অশ্লেষা, ভরণী, বিশাখা ও কৃত্তিকানক্ষত্রে যদি কোন ব্যক্তি সর্পদষ্ট হয়, তবে সে গরুড়ের প্রিয় হইলেও নিশ্চয়ই প্রাণত্যাগ করিবে। ১১

মূলামঘার্দ্রাশ্লেষাভরণী বসুদেবভেষু নরঃ।
গরুড়প্রিয়োঽপি দষ্টো ন প্রাণিতি দন্দশূকেন॥ ১১

ইতিদীপিকায়াম্।

দীপিকাতে উক্ত হইয়াছে যে,—মূলা, মঘা, আর্দ্রা, অশ্লেষা, ভরণী কিম্বা ধনিষ্ঠানক্ষত্রে যদি কোন ব্যক্তি সর্পদষ্ট হয় সে গরুড়ের প্রিয় হইলেও তাহার নিশ্চয়ই মরণ হইবে। ১১

### অথ মরণপ্রদরোগজন্মকথনম্।

যদ্যত্র চন্দ্রমাস্তস্য গোচরে চাশুভপ্রদঃ।
তদা নূনং ভবেন্মৃত্যুঃ সুধাসংসিক্তদেহিনঃ॥ ১২

মরণপ্রদরোগ কথিত হইতেছে,—যে ব্যক্তির রোগোৎপত্তির সময়ে চন্দ্র গোচরে অশুভ হয়, তাহার সুধাসিক্ত দেহ হইলেও প্রাণবিয়োগ হইবে। ১২

পূর্ব্বোক্তার্দ্রাশ্লেষাস্বাতীত্যাদীনাং মূলামঘার্দ্রাশ্লেষেত্যাদিনাঽপবাদমাহ। যদ্যত্র চন্দ্রেতিস্পষ্টার্থং। যদি চন্দ্রে গোচরশুভদে রোগজন্ম স্যাৎ তদা ন মৃত্যুঃ কিন্তু সংশয় ইত্যর্থঃ। অত্র চান্যত্র বিশেষ উক্তঃ। শিবশতভিষধাতৃস্বাতীত্যাদি। সপ্তাহং বারদোষেণ দ্বিগুণং তিথিদোষতঃ। তিথিনক্ষত্রয়োর্ম্মাসস্ত্রিভিঃ কালো ন সংশয়ঃ। তথা সর্পদষ্টস্যান্যত্র বিশেষ উক্তঃ মূলেশযাম্যশক্রাগ্নিমঘাশ্লেষা চ কৃত্তিকা। এষু দষ্টোদন্দশূকৈস্তস্য মৃত্যু ন সংশয়ঃ॥ মূলেশমঘাশ্লেষাবহুলাভরণীবিশাখভেষু নরঃ। গরুড়প্রিয়োঽপি দষ্টো ন প্রাণিতিদন্দশূকেন। ১২

যদা তারাঃ শুভাঃ পুংসাং নক্ষত্রস্যাশুভং ফলম্।
তত্র নাত্যন্তিকং জ্ঞেয়মেবমন্যত্র পণ্ডিতৈঃ॥ ১৩

ইতিজ্যোতিঃসারে।

রোগোৎপত্তিকালীন অশুভ-নক্ষত্র হইলেও যদি মানবের তারাশুদ্ধি থাকে তাহা হইলে প্রাণবিয়োগাদি হইবে না। ১৩

### অথ রোগস্য শুভাশুভপ্রশ্নঃ।

চররাশৌ বিলগ্নস্থে দ্বিদেহার্দ্ধে চ পশ্চিমে।
রোগস্যোপশমঃ প্রশ্নে বিপর্য্যাসে বিপর্য্যয়ঃ॥ ১৪

রোগীব্যক্তির কুশলাকুশল প্রশ্নলগ্নদ্বারা কথিত হইতেছে,—যদি চররাশি এবং দ্ব্যাত্মকরাশির শেষার্দ্ধ প্রশ্নলগ্ন হয় তবে রোগীব্যক্তির ব্যাধির উপশম হইবে, আর যদি স্থিররাশি এবং দ্ব্যাত্মকরাশির পূর্ব্বার্দ্ধ প্রশ্নলগ্ন হয় তাহা হইলে সেই ব্যক্তি চিররোগী হইয়া থাকে। ১৪

প্রশ্নলগ্নাদ্রোগিকুশলাকুশলমাহ। চরেতি। চররাশৌ লগ্নগতে ব্যাম্বকস্ত শেষার্দ্ধভাগে চ প্রশ্নে সতি রোগস্তোপশম স্তাৎ, বিপর্য্যাসে স্থিররাশৌ লগ্নং গতে ব্যাম্বকস্ত শেষার্দ্ধভাগে চ বিপর্য্যয়শ্চিররোগিত্বং স্তাৎ ১৪

### অথ রোগোপশমনযোগকথনম্।

শুভগ্রহাঃ সৌম্য নিরীক্ষিতাশ্চ বিলগ্নসপ্তাষ্টমপঞ্চমস্থাঃ।

ত্রিষড়্দশায়েষু নিশাকরঃ স্যাৎ শুভং বদেদ্রোগনিপীড়িতানাম্॥ ১৫

রোগোপশমনযোগ কথিত হইতেছে,—প্রশ্নলগ্নে কিম্বা প্রশ্নলগ্নের সপ্তম, অষ্টম, কি পঞ্চমস্থানে শুভগ্রহ অবস্থিত হইয়া তাহারা যদি অন্য শুভগ্রহ কর্ত্তৃক ঈক্ষিত হ'ন, তাহা হইলে রোগীব্যক্তির কুশল বুঝাইবে। আর যদি প্রশ্নলগ্নের তৃতীয়, ষষ্ঠ, দশম অথবা একাদশস্থানে চন্দ্র অবস্থিত হ'ন তবেও রোগী ব্যক্তির শুভ জানিবে। ১৫

প্রশ্নে রোগোপশমনমাহ। শুভেতি। লগ্নস্ত সপ্তমাষ্টমপঞ্চমেষু মধ্যে যত্র কুত্রাপি স্থিতাঃ শুভাঃ শুভদৃষ্টা যদি স্যুস্তদা রোগিণাং কুশলং শুভং বদেৎ। তথা ত্রিষড়্দশায়েষু স্থিতে চন্দ্রে শুভং কুশলং বদেদিত্যর্থঃ। ১৫

### অথ প্রশ্নে মরণসূচকযোগদ্বয়ম্।

পাপর্ক্ষে প্রশ্নলগ্নে তু পাপসংযুতবীক্ষিতে।

তথৈব চাষ্টমে স্থানে রোগিণাং মরণং বদেৎ। ১৬

প্রশ্নলগ্নদ্বারা রোগীব্যক্তির মৃত্যু বর্ণিত হইতেছে,—যদি প্রশ্নলগ্ন পাপগ্রহের গৃহ হয় আর তাহাতে পাপগ্রহ থাকে কিংবা প্রশ্নলগ্ন পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তাহা হইলে রোগীর মৃত্যু হইবে। প্রশ্নলগ্নের অষ্টমস্থানে পাপগ্রহের গৃহ কিম্বা পাপগ্রহযুক্ত অথবা পাপগ্রহকর্ত্তৃক অবলোকিত হইলেও রোগীর মৃত্যু হইয়া থাকে। ১৬

প্রশ্নে মৃত্যুযোগমাহ। পাপর্ক্ষ ইতি। পাপগৃহলগ্নে পাপযুক্তে পাপৈর্দৃষ্টে চ রোগিণাং মরণং স্তাৎ। তথৈবাষ্টমস্থানে পাপগৃহে পাপযুক্তে পাপদৃষ্টে চ মরণং। দৈবজ্ঞবল্লভায়ামপ্যুক্তং। লগ্নস্থিতো বাষ্টম সংস্থিতো বা পাপগ্রহো যস্ত তু জন্মরাশিং নিরীক্ষিতে তস্ত গদান্বিতস্ত নিঃসংশয়ং মৃত্যুমুদাহরন্তি। পৃষ্ঠোদয়ে বিলগ্নে ক্রূরাঃ কেন্দ্র হীনঃ শশী যস্ত। রোগার্ত্তস্য বিনাশো দৃষ্টে বা বলযুতৈঃ পাপৈঃ। ১৬

### অথ পরদেশস্থস্য রোগাদিজ্ঞানম্।

মন্দঃ পাপসমেতো লগ্নান্নবমঃ শুভৈর্যুতদৃষ্টঃ।

রোগার্ত্তঃ পরদেশে চাষ্টমগো মৃত্যুকর এব॥ ১৭

অনন্তর বিদেশস্থ ব্যক্তির রোগজ্ঞান ও মৃত্যুজ্ঞান কথিত হইতেছে,—যদি পাপগ্রহযুক্ত শনিগ্রহ প্রশ্নলগ্নের নবমস্থ হইয়া শুভগ্রহযুক্ত কি শুভগ্রহ

কর্ত্তৃক দৃষ্ট না হ'ন তবে বিদেশীয় ব্যক্তিকে রোগার্ত্ত বলিয়া জানিবে। অথবা পাপগ্রহযুক্ত শনি যদি প্রশ্নলগ্নের অষ্টমস্থ হইয়া শুভগ্রহযুক্ত কি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হ'ন তাহা হইলে বিদেশীয় ব্যক্তি রোগার্ত্ত হইয়া প্রাণত্যাগ করিয়াছে বলিতে হইবে। ১৭

প্রশ্নলগ্নাদ্দেশান্তরস্থ রোগজ্ঞানমাহ। মন্দ ইতি। মন্দঃ শনিঃ পাপযুক্তঃ প্রশ্নলগ্নান্নবমস্থঃ শুভৈরযুতোঽদৃষ্টশ্চ যদি স্যাত্তদা পরদেশে রোগার্ত্তোনরঃ স্যাৎ যদি লগ্নাদষ্টমে পাপেন যুক্তঃ শুভৈরযুতোঽদৃষ্টশ্চ শনিঃ স্যাত্তদা বিদেশে রোগীভূত্বা মৃত ইত্যর্থঃ। দেশান্তররোগোপশমনমাহ, দৈবজ্ঞবল্লভায়াং। উপচয়গৃহে চন্দ্রে শুভেষু কেন্দ্রত্রিকোণনিধনেষু। শুভদৃষ্টে বা লগ্নে রোগী দেশান্তরে নীরুগিতি। ১৭

## অথ মনুষ্যাদীনাং পরমায়ুঃপ্রমাণম্।

পঞ্চাহানখভূসমানৃকরিণাং ব্যাঘ্রাদ্যজাদের্নৃপাঃ।
গোকাল্যোর্হিজিনাস্তথোষ্ট্রখরয়োস্তত্ত্বানি সূর্য্যাঃ শুনঃ!
অশ্বায়ুঃ পরমং রদানৃবদিহানীয়ায়ুরেষাং পরা-
য়ুর্নিঘ্নংনৃপরায়ুষা চ বিহৃতং তেষাং স্ফুটায়ুর্ভবেৎ॥ ১৮

ইতিগ্রন্থান্তরে।

অধুনা মনুষ্যাদির পরমায়ুর মান কথিত হইতেছে,—মনুষ্য ও হস্তীর পরমায়ু একশত বিংশতিবর্ষ পাঁচদিন হয়; এইরূপ ব্যাঘ্র ও ছাগাদির আয়ু ষোড়শবর্ষ, গো ও মহিষের পরমায়ু চতুর্ব্বিংশতিবৎসর, উষ্ট্র ও গর্দ্দভের আয়ু পঞ্চবিংশতি-বৎসর, কুক্কুরের পরমায়ু দ্বাদশবর্ষ, এবং অশ্বের পরমায়ু দ্বাত্রিংশ বৎসর হইয়া থাকে। উক্ত সকল জীবের জন্মকালের লগ্ন ও গ্রহসংস্থানদ্বারা আয়ুর্গণনার প্রণালীতে আয়ুর বৎসরাদি নির্ণয় করিয়া তাহাকে হস্তী প্রভৃতির স্ব স্ব নিরূপিত আয়ুদ্বারা গুণ করিতে হইবে, অনন্তর ঐ গুণফলকে ১২০ একশত বিশ দ্বারা ভাগ করিয়া ভাগফল দ্বারা হস্তী প্রভৃতির পরমায়ু নিশ্চয় করিবে। ১৮

অন্যচ্চ।

সমাঃ ষষ্টির্দ্বিঘ্নামনুজকরিণাং পঞ্চ চ নিশাঃ
হয়ানাং দ্বাত্রিংশৎ খরকরভয়োঃ পঞ্চককৃতিঃ।
বিরূপা সত্বায়ুর্ম্মৃগমহিষয়োর্দ্বাদশ শুনঃ
স্মৃতং ছাগাদীনাং দশকসহিতাঃ ষট্ চ পরমম্॥ ১৯

দীপিকাতেও মনুষ্যাদির পরমায়ু কথিত হইয়াছে যে,—মনুষ্য ও হস্তীর পরমায়ু একশত বিশবৎসর পাঁচদিন হয়। এইরূপ অশ্বের পরমায়ু

বত্রিশ বর্ষ, গর্দ্দভ ও উষ্ট্রের পঁচিশবৎসর, গো ও মহিষের চতুর্বিংশতি-বৎসর, কুকুরের দ্বাদশবৎসর এবং ছাগ, মেষ ও মৃগাদির ষোড়শবর্ষ পরমায়ু হইয়া থাকে। ১৯

মানুষাদীনাং পরমায়ুঃপ্রমাণমাহ। সমা ইতি। ষষ্টিদ্বিঘ্না বিংশাধিকশতবর্ষং পঞ্চ চ নিশাঃ পঞ্চদিনানি চ মানুষাণাং গজানাঞ্চ পরমায়ু প্রমাণং। অশ্বানাং দ্বাত্রিংশৎ গর্দ্দভোষ্ট্রয়োঃ পঞ্চকৃতিঃ পঞ্চানাং কৃতি পঞ্চবিংশতিঃ। স্বয়ং সংগুণনং নাম কৃতিরিত্যভিধীয়তে। সা পঞ্চকৃতির্বিরূপা একবর্জ্জিতা চতুর্বিংশতিরিত্যর্থঃ গোমহিষয়োঃ কুক্কুরস্য তু দ্বাদশ, ছাগমেষমৃগাণাং দশসহিতাঃ ষট্ চ পরমং ষোড়শবর্ষাণি পরমায়ু স্মৃতং। অশ্বাদীনাং পুরুষবদায়ুর্দ্দায়ং কৃত্বা বিংশত্যধিকশতেন ভাগমপহৃত্য যল্লব্ধং তদশ্বাদীনাং স্বকীয়দ্বাত্রিংশদ্বর্ষাদিভিঃ পূরিতং তেষামায়ুর্দ্দায়ঃ স্যাদিতি। ১৯

পথ্যাশিনাং শীলবতাং নরাণাং সদ্বৃত্তিভাজাং বিজিতেন্দ্রিয়াণাম্।
এবম্বিধানামিদমায়ুরত্র চিন্ত্যং সদা বৃদ্ধমুনিপ্রবাদঃ॥ ২০

ইতিসারাবল্যাম্।

সারাবলীগ্রন্থ-ধৃতবচনে উক্ত হইয়াছে যে,—পথ্যাশী সৎস্বভাবান্বিত, সদ্বৃত্তি-দ্বারা জীবিকানির্ব্বাহকারী ও জিতেন্দ্রিয় ব্যক্তিদিগের উক্ত একশত কুড়ি-বৎসর পরমায়ু হয়,বৃদ্ধঋষিগণ এইরূপ বলিয়াছেন। ২০

বর্ত্ত্যাধারস্নেহযোগাদ্যথা দীপস্য সংস্থিতিঃ।
বিক্রিয়াপি চ দৃষ্টৈবমকালে প্রাণসংশয়ঃ॥ ২১ *

ইতিযাজ্ঞবল্ক্যঃ।

ভগবান্ যাজ্ঞবল্ক্য বলিয়াছেন যে, তৈল ও দশা (শলূতা) দি বিদ্যমান্ থাকিলেও প্রচণ্ডবায়ুকর্ত্তৃক যেরূপ প্রদীপ নির্ব্বাপিত হয়, সেইরূপ অশুভকর্ম্মের ফলভোগের নিমিত্তে আয়ু থাকিতেও নৌকারোহণ, দুর্গম-পথে গমন, যুদ্ধে প্রবৃত্ত হওন এবং অপথ্যাদি আহারদ্বারা প্রাণনাশ হইয়া থাকে। ২১

## অথ গতায়ুষঃ পরীক্ষা।

দীপনির্ব্বাণগন্ধঞ্চ সুহৃদ্বাক্যমরুন্ধতীম্।
ন জিঘ্রন্তি ন শৃণ্বন্তি ন পশ্যন্তি গতায়ুষঃ॥ ২২

ইতিজ্যোতিস্তত্ত্বে।

* যথা অবিকলবর্ত্ত্যাদিসত্ত্বে প্রচণ্ডবাতাদিনা দীপনাশস্তথা সত্যপ্যায়ুষি অশুভকর্ম্মবশান্নৌকাদুর্গমবর্ত্মযুদ্ধাপথ্যাশিত্বাদিনা প্রাণনাশঃ। ইতিমলমাসতত্ত্বে জ্যোতিস্তত্ত্বে চ স্মার্ত্তৈরভিহিতম্।

গতায়ু ব্যক্তির পরীক্ষা কথিত হইতেছে,—যাহার আসন্ন মৃত্যু, সেইব্যক্তি দীপ নির্ব্বাণ হইলে তাহার গন্ধ নাসিকাদ্বারা অনুভব করিতে পারে না, আত্মীয়ের হিতোপদেশ অগ্রাহ্য করে এবং আকাশমণ্ডলে অরুন্ধতী নক্ষত্র দেখিতে পায় না। ১২

---

## অথৌষধকরণম্।

দ্ব্যঙ্গোদয়ে গুরুবুধেন্দুসিতেষু সৎ সু
বারে রবেশ্চ সুবিধৌ সুতিথৌ সুযোগে।
ভেষূগ্রপন্নগবিশাখশিবেতরেষু
জন্মর্ক্ষবিষ্টিরহিতেষ্বগদঃ শুভায় ১

ইতিসারসংগ্রহে।

অনন্তর ঔষধকরণ কথিত হইতেছে,—দ্ব্যাত্মক (মিথুন, কন্যা, ধনু ও মীন) লগ্নে বৃহস্পতি, বুধ, চন্দ্র ও শুক্র অবস্থিত হইলে আর ঐ সকল গ্রহের বারে এবং রবিবারে শুভচন্দ্রে, শুভতিথিতে, শুভযোগে, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, মঘা, ভরণী, অশ্লেষা, বিশাখা ও আর্দ্রা ভিন্ন নক্ষত্রে জন্মনক্ষত্র এবং বিষ্টিকরণ ভিন্ন কালে ঔষধকরণ প্রশস্ত হয়। ১

ঔষধকরণমাহ। দ্ব্যাঙ্গোদয় ইতি। দ্ব্যাত্মকলগ্নে তত্র চ বুধগুরুচন্দ্রশুক্রেষু সৎসু তেষাং গুরুবুধেন্দুসিতানাং রবেশ্চ বারে সুতিথৌ শুভচন্দ্রে শুভযোগে উগ্রগণে ১১। ২০। ২৫ ১০। ২ অশ্লেষা ৯ বিশাখা ১৬ আর্দ্রা ৬ এতদন্যেষু নক্ষত্রেষু জন্মনক্ষত্রবর্জ্জিতেষু বিষ্টিরহিতেষু অগদ ঔষধং শুভায় স্যাৎ ১

## অথৌষধভক্ষণম্।

হস্তা স্বাতী মঘা মূলা মৃগভংপুষ্য এব চ।
জ্যেষ্ঠা শতভিষা চিত্রা রেবতী চ তথাশ্বিনী।
শ্রবণা চানুরাধা চ লগ্নে মিথুনকন্যকে।
শুক্রেন্দুগুরুবারেষু ভৈষজ্যপানমুত্তমম্॥ ২

ইতিসারসংগ্রহে।

ঔষধভক্ষণ কথিত হইতেছে,—হস্তা, স্বাতী, মঘা, মূলা, মৃগশিরা, পুষ্যা, জ্যেষ্ঠা, শতভিষা, চিত্রা, রেবতী, অশ্বিনী, শ্রবণা ও অনুরাধানক্ষত্রে মিথুন ও কন্যালগ্নে শুক্র, সোম ও বৃহস্পতিবারে ঔষধসেবন শুভদ হইয়া থাকে। ২

---

* তেষামিতিক্বচিৎ পাঠঃ।

## অন্যচ্চ।

দহনবিধিধনিষ্ঠারেবতীবাতপুষ্যা-হরিভমদিতিচিত্রামূলাশক্রোত্তরঞ্চ।
জিনকরমনুরাধা চাশ্বিনী সৌম্যবারো-হরতি সকল রোগান্ ভক্ষণাদৌষধস্য॥

ইতিসারসংগ্রহে।

কৃত্তিকা, রোহিণী, ধনিষ্ঠা, রেবতী, স্বাতী, পুষ্যা, শ্রবণা, পুনর্বসু, চিত্রা, মূলা, জ্যেষ্ঠা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, হস্তা, অনুরাধা ও অশ্বিনীনক্ষত্রে এবং শুভগ্রহের বারে ঔষধভক্ষণ করিলে সকল রোগ বিনষ্ট হয়। ৩

## অপরঞ্চ।

পৌষ্ণাশ্বিনীহরিভশক্রশমীরপুষ্যা-হস্তাদিতীন্দুবসুমূলবিশাখ * মিত্রে
চিত্রান্বিতে ভৃগুবুধেন্দুরবীজ্যবারেভৈষজ্যপানমচিরাদপি হন্তি রোগান্॥৪

রেবতী, অশ্বিনী, শ্রবণা, জ্যেষ্ঠা, স্বাতী, পুষ্যা, হস্তা, পুনর্বসু মৃগশিরা, ধনিষ্ঠা, মূলা, বিশাখা, (মতান্তরে কৃত্তিকা) অনুরাধা ও চিত্রানক্ষত্রে শুক্র, বুধ, সোম, রবি ও বৃহস্পতিবারে রোগীব্যক্তি প্রথম ঔষধসেবন করিলে সকল রোগ অচিরেই বিনষ্ট হয়। ৪

ঔষধভক্ষণমাহ। পৌষ্ণেতি। পৌষ্ণাদিনক্ষত্রেষু ২৭। ১। ২২। ১৮। ১৫। ৮ ১৩। ৭। ৫। ২৩। ১৯। ১৬। ১৭। ১৪। শুক্রচন্দ্রবুধরবিগুরুবারে ঔষধভক্ষণং রোগমচিরেণ হন্তি।

ভৈষজ্যপানে গুরুসোমশুক্রাঃ শুভং বিলগ্নং দিবসে রবেশ্চ।
তিথাবরিক্তে করণে চ শস্তে যোগে চ লগ্নে দ্বিশরীরসংজ্ঞে॥ ৫

ইতি জ্যোতিঃসারসংগ্রহে।

বৃহস্পতি, সোম, শুক্র ও রবিবারে শুভলগ্নে রিক্তা ভিন্ন তিথিতে প্রশস্ত করণ ও প্রশস্ত যোগে দ্ব্যাত্মকলগ্নে ঔষধভক্ষণ প্রশস্ত হয়। ৫

রোহিণী চানুরাধা চ শস্তমৌষধভক্ষণে।

ইতি জ্যোতিস্তত্ত্বে।

জ্যোতিস্তত্ত্ব-ধৃতবচনে কথিত হইয়াছে যে,—রোহিণী ও অনুরাধানক্ষত্রে ঔষধভক্ষণ প্রশস্ত হইয়া থাকে। ৬

## অথ বস্তিবিরেচনবেধঃ।

চিত্রাযুগে বিধিযুগে মিত্রযুগে লঘুষু বারুণবিষ্ণৌ।
বস্তিবিরেচনবেধাঃ শুভদিনতিথিচন্দ্রলগ্নেষু॥ ৭

* ভরণ্যশ্বিতি পাঠান্তরম্।

বস্তিবিরেচন কথিত হইতেছে,—চিত্রা, স্বাতী, রোহিণী, মৃগশিরা, অনুরাধা জ্যেষ্ঠা, পুষ্যা, অশ্বিনী, হস্তা, শতভিষা ও শ্রবণানক্ষত্রে শুভদিনে, শুভতিথিতে চন্দ্রশুদ্ধ থাকিলে শুভলগ্নে বস্তিবিরেচন অর্থাৎ নাভির অধোদেশে ব্যথা হইলে মণ্ডাদির প্রলেপ শুভদ হয়। ৭

বস্তিবিশোধনবিরেচনব্রণাদিবেধানাং বিধিমাহ। চিত্রেতি। চিত্রাযুগে ১৪,১৫ রোহিণী-যুগে ৪,৫ অনুরাধাযুগে ১৭।১৮ লঘুগণে ৮।১।১৩ শতভিষায়াং ২৪ শ্রবণায়াঞ্চ ২২ শোভনেষু বারতিথিচন্দ্রলগ্নেষু বস্তিবিরেচনবেধাঃ কার্য্যাঃ। লিঙ্গাদূর্দ্ধং নাভেরধোভাগো বস্তিঃ। বস্তি-র্নাভেরধোদ্বয়োরিত্যমরঃ। অত্র চ বস্তিদেশে ব্যথাদৌ জাতে মণ্ডাদ্যৌষধদানেন বস্তিশোধনং ক্রিয়ত ইতি বৈদ্যকশাস্ত্রপ্রসিদ্ধঃ। বস্তিশোধনকর্ম্মবিরেচনকর্ম্মচাড়ীশোধনং বিরে-চনং বেধ্য ব্রণাদিবেধনঞ্চ কার্য্যমিত্যর্থঃ। রাজমার্ত্তণ্ডে। পুষ্যোহস্তা তথা জ্যেষ্ঠা শ্রবণা চোত্তরাশ্বিনী। শুভান্যেতানি শিষ্টানি বেধে বস্তৌ বিরেচনে। ৭

## অথারোগ্যস্নানম্।

ব্যাদিত্যেষু চরেষু শক্রদিনকৃৎপুষ্যোগ্রচন্দ্রেষু চ
ক্রূরাহব্যতীপাতবিষ্টিদিবসেষ্বিন্দাবশস্তে তথা।
কেন্দ্রস্থেষশুভেষকামতিথিষু স্নানং গদোন্মুক্তিকৃৎ
শস্তং তত্র ন শোভনাবিধিভুজঙ্গর্ক্ষে সদ্বাসরাঃ॥ ৮

আরোগ্যস্নান কথিত হইতেছে,—পুনর্ব্বসুবর্জ্জিত চরগণে (স্বাতী, শ্রবণা, ধনিষ্ঠা ও শতভিষানক্ষত্রে) কিম্বা জ্যেষ্ঠানক্ষত্রে অথবা হস্তা, পুষ্যা, পূর্ব্ব-ফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, মঘা, ভরণী ও মৃগশিরানক্ষত্রে ক্রূরাহে (রবি, মঙ্গল ও শনিবারে) ব্যতীপাতযোগে, বিষ্টিকরণে চন্দ্র গোচরে অশুদ্ধ থাকিলে এবং লগ্নের কেন্দ্রস্থানে অশুভগ্রহ অবস্থিত হইলে রিক্তাতিথিতে আরোগ্যস্নান বিধেয়, কিন্তু রোহিণী ও অশ্লেষা নক্ষত্র এবং শুভগ্রহের বার কদাচও প্রশস্ত হইবে না। ৮

আরোগ্যস্নানমাহ। ব্যাদিত্য ইতি। পুনর্ব্বসুবর্জ্জিতেষু চরগণেষু ১৫।২২।২৩।২৪ জ্যেষ্ঠাহস্তাপুষ্যোগ্রগণে মৃগশিরসি চ ক্রূরাহে শনিরবিমঙ্গলবারে ব্যতীপাতযোগে বিষ্টৌ গোচরাশুদ্ধে চন্দ্রে লগ্নাৎ কেন্দ্রেষু অশুভেষু গ্রহেষু সৎস্বকামতিথিষু ন বিদ্যতে, কামোযত্র অকামা রিক্তা তত্র গদোন্মুক্তিতঃ রোগত্যাগাৎ স্নানং প্রশস্তম্। রাজমার্ত্তণ্ডে। "জীবে শুক্রে বুধে চন্দ্রে দিনেঽরিক্তে হিতে তিথৌ। যঃ শুভৈঃ কুরুতে স্নান রোগী রোগান্ন মুচ্যতে।" অত্র চ রোহিণী অশ্লেষা ইন্দোশ্চন্দ্রস্য সদ্গ্রহাণাঞ্চ বারাঃ ন শোভনাঃ প্রযত্নেন বর্জ্জনীয়া ইত্যর্থঃ। সদ্গ্রহাণামিত্যনেন সিদ্ধে ইন্দোঃ পৃথগুপাদানং ক্ষীণস্যাপি তস্য বারস্য বর্জ্জনার্থং। প্রতিপদাদি তিথিনিষেধং বিশেষেণাহ রাজমার্ত্তণ্ডে। প্রতিপদ বা দ্বিতীয়া ষষ্ঠী দশমী চ ত্রয়োদশী। কৃচ্ছস্নানং ন কুর্ব্বীত যদীচ্ছেদাত্মনো হিতম্। ৮

অন্যচ্চ।

চন্দ্রাশুদ্ধৌ ব্যতীপাতে ভৌমার্কশনিবাসরে।
ব্রণমুক্তোব্যাধিমুক্তঃ কৃচ্ছ্রস্নানং সমাচরেৎ॥ ৯

ইতিসারসংগ্রহে।

বচনান্তরে আরোগ্যস্নান কথিত হইতেছে,—চন্দ্র গোচরে অশুদ্ধ হইলে, ব্যতীপাতযোগে, মঙ্গল, রবি ও শনিবারে ব্রণমুক্ত ও ব্যাধিমুক্ত মনুষ্য আরোগ্য স্নান করিবে। ৯

অপরঞ্চ।

পূর্ব্বাত্রয়ং মঘাশ্লেষাভরণীকৃত্তিকাসু চ।
ভদ্রায়াঞ্চ তিথৌ রিক্তে আরোগ্যস্নানমাচরেৎ॥ ১০

ইতিসারসংগ্রহে।

পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢা, পূর্ব্বভাদ্রপদ, মঘা, অশ্লেষা, ভরণী ও কৃত্তিকা-নক্ষত্রে ভদ্রা (দ্বিতীয়া, দ্বাদশী, সপ্তমী,) ও রিক্তা (চতুর্থী, নবমী, চতুর্দ্দশী) তিথিতে রোগান্তে আরোগ্যস্নান করিবে। ১০

দশমী নবমী চৈব প্রতিপচ্চ ত্রয়োদশী।
তৃতীয়াশ্চ বিশেষেণ স্নানে চৈতান্ বিবর্জ্জয়েৎ॥ ১১

ইতিসারসংগ্রহে।

দশমী, নবমী, প্রতিপদ, ত্রয়োদশী ও তৃতীয়াতিথিতে আরোগ্যস্নান প্রশস্ত নহে। ১১

---

# অথ তৈলাভ্যঙ্গকথনম্।

অর্কে নূনং হরতি হৃদয়ং কীর্ত্তিলাভশ্চ সোমে
ভৌমে মৃত্যুর্ভবতি নিয়তং চন্দ্রজে পুত্রলাভঃ।
অর্থে হানির্ভবতি হি গুরৌ ভার্গবে শোকযুক্তঃ
তৈলাভ্যঙ্গাত্তনয়মরণং সূর্য্যজে দীর্ঘমায়ুঃ। ১

ইতিসারসংগ্রহে।

তৈলাভ্যঙ্গে বার কথিত হইতেছে,—রবিবারে তৈলাভ্যঙ্গ করিলে কষ্ট পায়, এইরূপ সোমবারে কীর্ত্তিলাভ, মঙ্গলবারে মৃত্যু, বুধে পুত্রলাভ, বৃহস্পতিবারে অর্থহানি, শুক্রবারে পুত্রশোকযুক্ত এবং শনিবারে তৈলাভ্যঙ্গ করিলে দীর্ঘায়ুসম্পন্ন হইয়া থাকে। ১

প্রতিপ্রসবো যথা।

রবৌ পুষ্পং গুরৌ দূর্ব্বাং ভূমিং ভূমিজবাসরে।
ভার্গবে গোময়ং দদ্যাত্তৈলদোষোপশান্তয়ে॥ ২ *

ইতিসারসংগ্রহে।

রবিবারে তৈলাভ্যঙ্গ করিতে হইলে পুষ্পযুক্ত তৈল গ্রহণ করিবে; এই রূপ বৃহস্পতিবারে দূর্ব্বাযুক্ত, মঙ্গলবারে মৃত্তিকাসংযুক্ত এবং শুক্রবারে তৈলাভ্যঙ্গ করিলে গোময়যুক্ত তৈল গ্রহণ করিবে। পুষ্পাদিবাসিত তৈল গ্রহণ দোষজনক হয় না। ২

অন্যচ্চ।

অতৈলং সার্ষপং তৈলং যত্তৈলং পুষ্পবাসিতম্।
অদুষ্টং পক্বতৈলঞ্চ স্নানাভ্যঙ্গেষু নিত্যশঃ॥ ৩

ইতিসারসংগ্রহে।

সরিষার তৈল তৈলসংজ্ঞক নহে, পুষ্পবাসিত তৈল ও পক্বতৈল প্রতিদিনই শরীরে মৃক্ষণ করিতে পারা যায়; তাহাতে কোন দোষ হইবে না। ৩

## অথ সাধারণকার্য্যে বারাদিব্যবস্থা।

শুক্রেন্দুবুধজীবানাং বারাঃ সর্ব্বত্র শোভনাঃ।
ভানুভূসুতমন্দানাং শুভকর্ম্মসু কেম্বপি॥ ১

শুক্র, সোম বুধ ও বৃহস্পতিবার প্রায় সমস্ত কার্য্যেই শুভ দান করে; রবি, মঙ্গল ও শনিবারে কোন কোন শুভকর্ম্ম প্রশস্ত হয়। ১

সর্ব্বত্র কার্য্যেষু বুধজীবশুক্রাঃ কেন্দ্রেত্রিকোণোপগতাঃ প্রশস্তাঃ।
তৃতীয়লাভারিগতাশ্চ পাপাঃ তিথির্ব্বিরিক্তাঃ শুভদস্য চাহঃ॥ ১

সাধারণকার্য্যের শুভাশুভ বিবেচিত হইতেছে,—কর্ম্মকালীন লগ্নে ও লগ্নের চতুর্থ, সপ্তম কি দশমস্থানে বুধ, বৃহস্পতি ও শুক্র অবস্থিত হইলে, তৃতীয়, একাদশ ও ষষ্ঠস্থানে পাপগ্রহ থাকিলে, রিক্তা ভিন্ন তিথিতে, শুভগ্রহের বারে প্রায় সকল কর্ম্মই প্রশস্ত হইয়া থাকে। ২

সাধারণসর্ব্বকর্ম্মসু গ্রহাণাং শুদ্ধিমাহ। সর্ব্বত্রেতি। শুভদস্য শুভগ্রহস্যাহর্ব্বারঃ শস্ত ইত্যর্থঃ। অত্র শুভদস্যেত্যনেন গোচরে দশায়াম্বা শুভফলদায়কস্য পাপস্যাপি বারঃ শুভ ইত্যর্থঃ। ২

* তৈলপদং তিলতৈলপরমিতিহৃদয়ানন্দঃ

নিরংশং দিবসং বিষ্টিং ব্যতীপাতঞ্চ বৈধৃতিম।
কেন্দ্রঞ্চাপি শুভৈঃ শূন্যং পাপাহমপি বর্জ্জয়েৎ॥ ৩

নিরংশ অর্থাৎ রবিসংক্রান্তিদিন, বিষ্টিভদ্রা, ব্যতীপাত ও বৈধৃতিযোগ (কেন্দ্রে শুভগ্রহ না থাকিলে সেই) লগ্নও পাপগ্রহের বার প্রায় সকল কার্য্যেই পরিত্যাগ করিতে হয়। ৩

সর্ব্বকর্ম্মস্বন্যানপি বর্জ্জনীয়মাহ। নিরংশমিতি। নিরংশং রবিণাংশং শূন্যীকৃতং দিনং রবেঃ সঙ্কারদিনং নান্যস্যেত্যর্থঃ। তথা চ রাজমার্ত্তণ্ডে। অস্তং প্রয়াতে চ ভৃগৌ গুরৌ বা সূর্য্যে নিরংশে হিমগৌ প্রণষ্টে। ন কূপবাপ্যাদিকমন্দিরাখ্যং শুভং প্রদিষ্টং ধনকীর্ত্তিনাশাৎ ইতি। শুভৈরিতি বহুবচনমবিবক্ষিতং যৎকিঞ্চিদপি কেন্দ্রং শুভমাত্রেণ যুতং চেত্তদা ন দোষ ইত্যর্থঃ। পাপাহং পাপবারং এতেন পাপয়োশ্চন্দ্রবুধয়োর্দ্দিনমপি বর্জ্জয়েদিত্যর্থঃ। ৩

ইন্দ্বষ্টমগান্ পাপান্ বর্জ্জয়েন্নৈধনং বিলগ্নঞ্চ।
চন্দ্রঞ্চ নিধনসংস্থং সর্ব্বারম্ভপ্রয়োগেষু॥ ৪

সকল কার্য্যেই চন্দ্রগত পাপগ্রহ ও লগ্নগত পাপগ্রহ পরিত্যাগ করিতে হয় এবং চন্দ্র লগ্নের অষ্টমস্থিত পাপগ্রহ ও পরিত্যাজ্য। ৪

## অথ রবিসংক্রান্তিকথনম্।

বিষুবন্মেষতুলয়োরয়নং মকরে রবৌ কুলীরে চ।
ষড়শীতির্দ্বিশরীরে বিষ্ণুপদী চ স্থিরে রাশৌ॥ ১

অধুনা সংক্রান্তির সংজ্ঞা কথিত হইতেছে—মেষ ও তুলারাশিতে রবির সংক্রমণকালের নাম বিষুবসংক্রান্তি, মকর ও কর্কটরাশিতে রবির প্রবেশ কালের নাম অয়নসংক্রান্তি। মিথুন, কন্যা, ধনু ও মীনরাশিতে রবিসংক্রমণ কালের নাম ষড়শীতিসংক্রান্তি এবং বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভ রাশিতে রবিসংক্রমণ হইলে বিষ্ণুপদীসংক্রান্তি বলা যায়।

রবিসংক্রান্তীনাং সংজ্ঞামাহ। বিষুবদিতি। মেষতুলাস্তে মেষপ্রবেশে তুলাপ্রবেশে চেত্যর্থঃ। এবমন্যত্রাপি। ১

অন্যচ্চ

মৃগকর্কটসংক্রান্তী দ্বে তূদগ্দক্ষিণায়নে। *
বিষবতী তুলামেষে গোলমধ্যে তথাপরাঃ।

* মহাবিষুবমাখ্যাতং মেষরাশৌ রবের্গতৌ। জলবিষুবস্তুলায়াং কর্কটে দক্ষিণায়নং উত্তরায়ণমপ্যুক্তং মকরস্থে রবৌ তথা। ইতি জ্যোতিঃসারে।

ধনুর্ম্মিথুনকন্যাসু মীনে চ ষড়শীতয়ঃ।
বৃষবৃশ্চিকসিংহেষু কুম্ভে বিষ্ণুপদী স্মৃতা॥ ২

ইতিভবিষ্যমৎস্যয়োঃ।

মকরসংক্রান্তির নাম উত্তরায়ণসংক্রান্তি হয়, এইরূপ কর্কটসংক্রমণের নাম দক্ষিণায়ন, তুলাসংক্রমণের নাম জলবিষুব এবং মেষসংক্রমণের নাম মহাবিষুব-সংক্রান্তি হইয়া থাকে। রাশিচক্র মধ্যে অন্যান্য সংক্রান্তি অর্থাৎ ধনু, মিথুন, কন্যা ও মিনরাশিতে সংক্রমণ হইলে তাহার নাম ষড়শীতিসংক্রান্তি এবং বৃষ, বৃশ্চিক, সিংহ ও কুম্ভরাশিতে সংক্রমণ হইলে তাহাকে বিষ্ণুপদী সংক্রান্তি বলা যায়। ২

অয়নে দ্বে বিষুবে দ্বে চত্বারি ষড়শীতয়ঃ।
চতস্রোবিষ্ণুপদ্যশ্চ সংক্রান্তয়োদ্বাদশস্মৃতাঃ॥ ৩

ইতিজ্যোতিঃসারে সারসংগ্রহে চ।

জ্যোতিঃসারে ও সারসংগ্রহে লিখিত হইয়াছে যে,—অয়নসংক্রান্তি দুই, বিষুব সংক্রান্তি দুই, ষড়শীতিসংক্রান্তি চারি এবং বিষ্ণুপদীসংক্রান্তি চারি এই দ্বাদশটী সংক্রান্তি হয়। ৩

## অথ সংক্রান্তিক্রমঃ।

বিষুবদ্বিষ্ণুপদীষড়শীতয়োঽয়নবিষ্ণুপদীষড়শীতয়ঃ।
বিষুবদ্বিষ্ণুপদীষড়শীতয়োঽয়নবিষ্ণুপদীষড়শীতয়ঃ। ৪

ইতিজাতকচন্দ্রিকায়াম্।

জাতকচন্দ্রিকাতে লিখিত আছে—মহাবিষুব, বিষ্ণুপদী, ষড়শীতি, দক্ষিণায়ন, বিষ্ণুপদী, ষড়শীতি, জলবিষুব, বিষ্ণুপদী, ষড়শীতি, উত্তরায়ণ, বিষ্ণুপদী ও ষড়শীতি এই দ্বাদশসংক্রান্তি মেষাদিদ্বাদশরাশিতে ক্রমে হইয়া থাকে। ৪

## অথ সংক্রান্তীনাং নক্ষত্রবশাৎ মন্দাদিসংজ্ঞাকথনম্।

মন্দা মন্দাকিনী ধ্বাঙ্ক্ষী ঘোরা চৈব মহোদরী।
রাক্ষসী মিশ্রিতা প্রোক্তা সংক্রান্তিঃ সপ্তধা নৃপ॥ ৫

ইতিভবিষ্যতন্ত্রে।

সংক্রান্তির বিশেষ সংজ্ঞা কথিত হইতেছে,— মন্দা, মন্দাকিনী, ধ্বাঙ্ক্ষী, ঘোরা, মহোদরী, রাক্ষসী, মিশ্রিতা এই সাত সংজ্ঞা বিষুবাদি সংক্রান্তির নক্ষত্র বিশেষে হইয়া থাকে। ৫

মন্দা ধ্রুবেষু বিজ্ঞেয়া মৃদৌ মন্দাকিনী তথা।
ক্ষিপ্রে ধ্বাঙ্ক্ষীং বিজানীয়াদুগ্রে ঘোরা প্রকীর্ত্তিতা।

চরৈর্ম্মহোদরী জ্ঞেয়া ক্রূরৈঋক্ষৈশ্চ রাক্ষসী।
মিশ্রিতা চৈব বিজ্ঞেয়া মিশ্রিতঋক্ষৈশ্চ সংক্রমে॥ ৬

ইতিতিথিতত্ত্বে।

মন্দাদিসংক্রান্তি কথিত হইতেছে,—উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ ও রোহিণীনক্ষত্রে সংক্রমণ হইলে তাহাকে মন্দাসংক্রান্তি বলা যায়; এইরূপ চিত্রা, অনুরাধা, মৃগশিরা ও রেবতীনক্ষত্রে সংক্রমণ হইলে মন্দাকিনীসংক্রান্তি, পুষ্যা, অশ্বিনী ও হস্তানক্ষত্রে ধ্বাঙ্ক্ষীসংক্রান্তি, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, মঘা ও ভরণীনক্ষত্রে ঘোরাসংক্রান্তি, স্বাতী, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা ও শতভিষানক্ষত্রে মহোদরীসংক্রান্তি, অশ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা ও মূলানক্ষত্রে রাক্ষসীসংক্রান্তি এবং কৃত্তিকা ও বিশাখানক্ষত্রে সংক্রমণ হইলে তাহাকে মিশ্রিতাসংক্রান্তি বলিয়া থাকে। ৬

## অথ সংক্রান্তীনাং পুণ্যকালকথনম্।

### তত্রাদৌ দিবাসংক্রমণব্যবস্থা।

ষড়শীতি মুখেঽতীতে বৃত্তে চ বিষুবদ্বয়ে।
ভবিষ্যত্যয়নে পুণ্যমতীতে চোত্তরায়ণে॥ ৭

ইতিতিথিতত্ত্বে।

ষড়শীতিসংক্রান্তি ও বিষুবসংক্রান্তিতে সংক্রমণের পরে পুণ্যকাল হয়, এইরূপ দক্ষিণায়নসংক্রান্তিতে সংক্রমণের পূর্ব্বে এবং উত্তরায়ণসংক্রান্তিতে সংক্রমণের পরে পুণ্যকাল হইয়া থাকে। ৭

যাবদ্বিংশকলাভুক্তা তৎপুণ্যং চোত্তরায়ণে
নিরংশে * ভাস্করে দৃষ্টে দিনান্তং দক্ষিণায়নে॥ ৮

ইতিদেবীপুরাণে।

উত্তরায়ণসংক্রান্তিতে সংক্রমণকাল হইতে বিংশতিদণ্ড পর্য্যন্ত পুণ্যকাল হয়, দক্ষিণায়নসংক্রান্তিতে সংক্রমণের পূর্ব্বে ত্রিংশদ্দণ্ড পুণ্যকাল হইয়া থাকে। ৮

ত্রিংশৎকর্কটকে নাড্যো † মকরে বিংশতিঃ স্মৃতা।

ইতিবৃহদ্বশিষ্ঠঃ।

বৃদ্ধবশিষ্ঠ বলিয়াছেন যে,—দক্ষিণায়ন (কর্কট) সংক্রান্তিতে ত্রিংশদ্দণ্ড

* নিরংশেঽংশকশূন্যে সংক্রান্তিকালে হি ভাস্করোঽংশরহিতোভবতি তস্মিন্ দৃষ্টে দিবেতি- যাবৎ দিনঞ্চ দিনকরকরসংস্কৃতাস্ত্রিংশন্নাড়িকা ইতিজ্যোতির্ব্বিদঃ। ইতিতিথিতত্ত্বে স্মার্ত্তাঃ।

† নাড়ীদণ্ডঃ তথা চ সূর্য্যসিদ্ধান্তঃ। উৎপলাদ্বিপলং ষষ্ট্যা বিপলাত্তু পলং নয়েৎ। পলাং ষষ্ট্যা নয়েন্নাড়ীং তৎষষ্ট্যা তু রবেদ্দিনং। ইতিতিথিতত্ত্বে।

পুণ্যকাল হয়, মকর অর্থাৎ উত্তরায়ণসংক্রান্তিতে বিংশতিদণ্ড পুণ্যকাল হইয়া থাকে। ৯

**অর্ব্বাক্‌ষোড়শ বিজ্ঞেয়ানাড্যঃ পশ্চাচ্চ ষোড়শ।**

**কালঃ পুণ্যোঽর্কসংক্রান্তের্ব্বিদ্বদ্ভিঃ পরিকীর্ত্তিতঃ॥　১০**

ইতিশাতাতপঃ।

শাতাতপ কহিয়াছেন,—রবি সংক্রান্তিতে সংক্রমণের পূর্ব্বে ষোড়শদণ্ড ও পরে ষোড়শদণ্ড পুণ্যকাল হয় পণ্ডিতগণের এইরূপ অভিপ্রায়।

**অতীতানাগতোভোগোনাড্যঃ পঞ্চদশ স্মৃতাঃ॥১১ ***

ইতিদেবীপুরাণে।

দেবীপুরাণেও উক্ত হইয়াছে যে,—বিষ্ণুপদীসংক্রান্তিতে সংক্রমণের পূর্ব্বে ষোড়শদণ্ড ও পরে ষোড়শদণ্ড পুণ্যকাল হয়। ১১

**পুণ্যায়াং বিষ্ণুপদ্যাঞ্চ প্রাক্‌পশ্চাদপি ষোড়শ॥ ১২**

ইতিজাবালিবৃহদ্‌বশিষ্ঠৌ।

জাবালি ও বৃদ্ধবশিষ্ঠ বলিয়াছেন যে,—বিষ্ণুপদীসংক্রান্তির পূর্ব্বে ষোড়শ দণ্ড ও পরে ষোড়শ দণ্ড পুণ্যকাল হয়। ১২

**ষড়শীতিচতস্তৃণাং তথা বিষুবয়োরপি।**
**পশ্চাৎ ষোড়শনাড়ীনাং পুণ্যত্বং সমুদাহৃতম্॥**
**ত্রিংশদ্দণ্ডাস্তথা পুণ্যা ভবিষ্যদ্দক্ষিণায়নে।**
**উত্তরায়ণসংক্রান্তেঃ পশ্চাৎ বিংশতিনাড়িকাঃ॥**
**বিষ্ণুপদ্যামুভয়তঃ প্রাক্‌পশ্চাদপি ষোড়শ।**
**দণ্ডাঃ পুণ্যাস্তু বিজ্ঞেয়াদিবাসংক্রমণে রবেঃ॥ ১৩**

ইতিগ্রন্থান্তরে।

গ্রন্থান্তরে লিখিত আছে যে,—ষড়শীতিসংক্রান্তি চতুষ্টয়ের এবং জলবিষুব ও মহাবিষুবসংক্রান্তির সংক্রমণকাল হইতে ষোড়শদণ্ড পুণ্যকাল হয়। এইরূপ দক্ষিণায়নসংক্রান্তিতে সংক্রমণের পূর্ব্বে ত্রিংশদণ্ড, উত্তরায়ণসংক্রান্তির পরে বিংশতিদণ্ড এবং বিষ্ণুপদীসংক্রান্তির পূর্ব্বে ষোড়শদণ্ড পুণ্যকাল হইয়া থাকে। ১৩

**অহ্নি সংক্রমণে পুণ্যমহঃ কৃৎস্নং প্রকীর্ত্তিতম্।**
**রাত্রৌ সংক্রমণে ভানোর্দ্দিনার্দ্ধং স্নানদানয়োঃ॥ ১৪**

ইতিবৃহদ্‌বশিষ্ঠঃ।

---

* ইদং বচনং দিবাবিষ্ণুপদীবিষয়মিতি স্মার্ত্তেনাভিহিতম্।

প্রকারান্তরে সংক্রমণনিমিত্তক পুণ্যকাল কথিত হইতেছে।—দিবাতে সংক্রমণ হইলে সকল দিনই পুণ্যকাল হয়, রাত্রিতে সংক্রমণ হইলে দিবার্দ্ধ পুণ্যকাল হইয়া থাকে, তাহাতেই সংক্রান্তিনিমিত্তক স্নান ও দানাদি করিতে হয়। ১৪

অথ রাত্রিসংক্রমণে পুণ্যকাল ব্যবস্থা।

কলান্যূনার্দ্ধরাত্রে তু যদি সংক্রমণং ভবেৎ।
তদহঃ * পুণ্যমিচ্ছন্তি গার্গ্যগালবগোতমাঃ॥ ১৫

ইতিগর্গঃ।

দণ্ডৈকন্যূন পূর্ব্বার্দ্ধরাত্রিতে সংক্রমণ হইলে সেই দিবসের পরার্দ্ধ পুণ্যকাল হয়, ইহা গর্গ গালব ও গৌতমাদি মহর্ষিগণ স্বীকার করিয়াছেন। ১৫

অর্দ্ধরাত্রে ত্বসংপূর্ণে দিবা পুণ্যমনাগতম্।
অর্দ্ধরাত্রে ব্যতীতে তু বিজ্ঞেয়ং চাপরেঽহনি।
সম্পূর্ণে চার্দ্ধরাত্রে চ উদয়েঽস্তময়েঽপি বা॥ ১৬

ইতিদেবীপুরাণে।

দেবীপুরাণে উক্ত হইয়াছে যে,—দণ্ডৈকন্যূন পূর্ব্বার্দ্ধরাত্রে সংক্রমণ হইলে সেই দিবসের পরার্দ্ধ পুণ্যকাল হয়,এইরূপ দণ্ডৈকন্যূন পরার্দ্ধ রাত্রিতে সংক্রমণ হইলে পরদিবসীয় পূর্ব্বার্দ্ধ এবং দণ্ডদ্বয়াত্মক মধ্যরাত্রিতে সংক্রমণ হইলে পূর্ব্বদিবসীয় পরার্দ্ধ ও পরদিবসীয় পূর্ব্বার্দ্ধ পুণ্যকাল হইয়া থাকে। ১৬

অন্যচ্চ।

মানার্দ্ধং ভাস্করে পুণ্যমপূর্ণে শর্ব্বরীদলে।
সম্পূর্ণে তূভয়োর্জ্ঞেয়মতিরেকে পরেঽহনি॥ ১৭

বচনান্তরেও উক্ত হইয়াছে যে,—দণ্ডৈকন্যূন পূর্ব্বার্দ্ধরাত্রে সংক্রমণ হইলে পূর্ব্বদিবসীয় পরার্দ্ধ পুণ্যকাল, দণ্ডদ্বয়াত্মক মধ্যরাত্রিতে সংক্রমণ হইলে উভয়দিন পুণ্যকাল এবং দণ্ডৈকন্যূন পরার্দ্ধরাত্রে সংক্রমণ হইলে পরদিবসীয় পূর্ব্বার্দ্ধ পুণ্যকাল হয়। ১৭

অর্দ্ধরাত্রে কলাধিক্যে যদা সংক্রমতে রবিঃ।
তদোত্তরদিনং গ্রাহ্যং স্নানদানজপাদিষু॥ ১৮

ইতিভুজবলভীমে।

দণ্ডৈকাধিক অর্দ্ধরাত্রি অতীতে যদি রবি সংক্রমণ হয় তাহা হইলে স্নান দান ও জপাদি পরদিবসের পূর্ব্বার্দ্ধে করিতে হইবে। ১৮

---

* তদহরিতি যামদ্বয়পরং। ইতিতিথিতত্ত্বে স্মার্ত্তেনোক্তং।

অর্দ্ধরাত্রিব্যতীতে তু যদা সংক্রমতে রবিঃ।
সা জ্ঞেয়া কুটসংক্রান্তির্ম্মুনিভিঃ পরিকীর্ত্তিতা॥ ১

ইতিজ্যোতিঃসারে।

জ্যোতিষসারধৃতবচনে উক্ত হইয়াছে যে,—শেষার্দ্ধরাত্রিতে রবিসংক্রমণ হইলে তাহাকে কূটসংক্রান্তি বলিয়া মুনিগণ ব্যাখা করিয়াছেন। ১৯

অর্দ্ধরাত্রে তু সংপূর্ণে যদা সংক্রমতে রবিঃ।
প্রাহুর্দ্দিনদ্বয়ং পুণ্যং ত্যক্ত্বা মকরকর্কটৌ॥ ২০

ইতিভুজবলভীমে।

সম্পূর্ণার্দ্ধরাত্রিতে অর্থাৎ (দণ্ডদ্বয়াত্মক) অর্দ্ধরাত্রে রবিসংক্রমণ হইলে মকর ও কর্কটসংক্রান্তি ভিন্ন সকল সংক্রান্তিতেই পূর্ব্বদিনের পরার্দ্ধ ও পর-দিনের পূর্ব্বার্দ্ধ পুণ্যকাল হইবে। ২০

পূর্ণে চেদর্দ্ধরাত্রে তু রবিসংক্রমণং ভবেৎ।
প্রাহুর্দ্দিনদ্বয়ং পুণ্যং ত্যক্ত্বা মকরকর্কটৌ॥ ২১

ইতিশাতাতপজাবালী।

শাতাতপ ও জাবালি প্রভৃতিও কহিয়াছেন যে,—সম্পূর্ণার্দ্ধরাত্রিতে রবি-সংক্রমণ হইলে মকর ও কর্কট ভিন্ন সংক্রান্তিতে উভয়দিনই পুণ্যকাল হইয়া থাকে। ২১

আদৌ পুণ্যং বিজানীয়াদ্‌যদ্যভিন্নাতিথির্ভবেৎ। ২২

সম্পূর্ণার্দ্ধরাত্রে সংক্রমণেও যদি সূর্য্যোদয় হইতে সংক্রমণের কাল পর্য্যন্ত এক তিথি থাকে, তাহা হইলে পূর্ব্বদিবস পরার্দ্ধমাত্র পুণ্যকাল হইবে। ২২

অর্দ্ধরাত্রাদধস্তস্মিন্ মধ্যাহ্নস্যোপরিক্রিয়া
ঊর্দ্ধং সংক্রমণে ভানোরুদয়াৎপ্রহরদ্বয়ম্।
পূর্ণার্দ্ধরাত্রসংক্রান্তৌ দ্বে দিনার্দ্ধে তু পুণ্যদে॥ ২৩ *

ইতিসংবৎসরপ্রদীপে।

সংবৎসরপ্রদীপে লিখিত আছে যে,—অর্দ্ধরাত্রের পূর্ব্বে সংক্রমণ হইলে সেই দিন দুই প্রহরের পরে সংক্রান্তি নিমিত্তক ক্রিয়া করিতে হয়। অর্দ্ধরাত্রের পরে সংক্রমণ হইলে পরদিন সূর্য্যোদয় হইতে দুই প্রহরের মধ্যে স্নানদানাদি সংক্রান্তির কর্ম্ম করিতে হইবে। আর সম্পূর্ণার্দ্ধরাত্রে সংক্রমণ হইলে দুইদিনই পুণ্যকাল হইয়া থাকে। ২৩

* উভয়দিনে পুণ্যকালে পূর্ব্বদিনাকরণএব পরদিনে। শ্বঃকার্য্যমদ্য কর্ত্তব্যং পূর্ব্বাহ্ণে চাপরাহ্ণিকং। ন হি প্রতীক্ষতে মৃত্যুঃ কৃতমস্য ন বা কৃতমিতি লিঙ্গপুরাণম্।

অৰ্দ্ধরাত্রাদধশ্চৈব দিনার্দ্ধস্তোপরিক্রিয়া।
উৰ্দ্ধং সংক্রমণে ভানোরুদয়াৎ প্রহরদ্বয়ম্॥ ২৪

ইতিভোজরাজঃ।

ভোজরাজধৃত বচনেও কথিত হইয়াছে যে,—অর্দ্ধরাত্রের পূর্ব্বে সংক্রমণ হইলে সেইদিন দুইপ্রহরের পরে স্নানদানাদি করিবে, অর্দ্ধরাত্রের পরে সংক্রমণ হইলে পরদিন সূর্য্যোদয়ের পরে দুইপ্রহরের মধ্যে সংক্রমণ-নিমিত্তক কর্ম্ম করিতে হইবে। ২৪।

**অথ মৃগকর্কটয়োরর্দ্ধরাত্রিসংক্রমণে বিশেষমাহ।**

মিথুনাৎ কর্কিসংক্রান্তির্যদি স্যাদংশুমালিনঃ।
প্রদোষে বা নিশীথে বা কুর্য্যাদহনি পূর্ব্বতঃ॥ ২৫

ইতিভবিষ্যোত্তরম্।

পূর্ব্বার্দ্ধরাত্রিতেই হউক কি সম্পূর্ণার্দ্ধরাত্রিতেই হউক মিথুনরাশি হইতে কর্কটরাশিতে সূর্য্যগমন করিলে অর্থাৎ দক্ষিণায়নসংক্রান্তি হইলে পূর্ব্বদিবসের পরার্দ্ধমাত্র পুণ্যকাল হইবে। ২৫

কার্ম্মুকঞ্চ পরিত্যজ্য ঝষং সংক্রমতে রবিঃ।
প্রভাতে বার্দ্ধরাত্রে বা স্নানং কুর্য্যাৎ পরেঽহনি॥ ২৬

ইতিভবিষ্যোত্তরম্।

ধনুরাশি হইতে মকররাশিতে শেষার্দ্ধরাত্রিতে হউক কি সম্পূর্ণার্দ্ধরাত্রিতেই হউক রবি যদি গমন করেন অর্থাৎ উত্তরায়ণ সংক্রান্তি হয়, তবে পরদিবসের পূর্ব্বার্দ্ধে সংক্রান্তিনিমিত্তক স্নানদানাদি করিতে হইবে। ২৬

**অথ মন্দাদিভেদেন সংক্রান্তীনাং পুণ্যকালকথনম্।**

ত্রিচতুঃপঞ্চ সপ্তাষ্টনবদ্বাদশ এব চ।
ক্রমেণ ঘটিকাহ্যেতাস্তৎপুণ্যং পারমার্থিকম্॥ ২৭

ইতিদেবীপুরাণে।

অনন্তর মন্দাদি সংক্রান্তির পুণ্যকাল কথিত হইতেছে,—মন্দাসংক্রান্তির পুণ্যকাল তিনদণ্ড হয়, এইরূপ মন্দাকিনীর চারি দণ্ড, ধ্বাঙ্ক্ষীর পাঁচ দণ্ড, ঘোরার সাত দণ্ড, মহোদরীর আট দণ্ড, রাক্ষসীর নয় দণ্ড এবং মিশ্রিতাসংক্রান্তির পুণ্যকাল দ্বাদশদণ্ড হইয়া থাকে। ২৭ *

---

* সংক্রান্তিপ্রকরণ অতি জটিল এই নিমিত্ত বচনসমূহের তাৎপর্য্যার্থ সংক্ষেপে লিখিত হইতেছে। দিবাতে সংক্রমণ হইলে যে, সকল দিন পুণ্য বলিয়া কথিত হইয়াছে তাহা

## অথ মহাজয়াকথনম্।

শুক্লপক্ষে তু সপ্তম্যাং যদা সংক্রমতে রবিঃ।
মহাজয়া * তদা প্রোক্তা সপ্তমী ভাস্করপ্রিয়া॥ ২৮

ইতিব্রহ্মপুরাণে।

শুক্লপক্ষীয় সপ্তমীতিথিতে যদি রবিসংক্রমণ হয়, তাহা হইলে ঐ ভাস্কর-প্রিয়াসপ্তমী মহাজয়া নামে অভিহিতা হইয়া থাকে। ২৮

স্নানদানং তপোহোমঃ পিতৃদেবাতিপূজনম্।
সর্ব্বং কোটিগুণং প্রোক্তং তপনেন মহৌজসা॥ ২৯

ইতিব্রহ্মপুরাণে।

মহাজয়াতে স্নান, দান, তপস্যা, যজ্ঞ, পিতৃশ্রাদ্ধ কি দেবতার্চ্চনা করিলে কোটিগুণ ফল হয়, ভগবান্ সূর্য্যদেব স্বয়ং এইরূপ বলিয়াছেন। ২৯

পুণ্যকাল মাত্র জানিবে। পঞ্চদশ দণ্ড, ষোড়শ দণ্ড, বিংশতি ও ত্রিংশদ্দণ্ডাদি যে সংক্রমণে পুণ্য-কাল বলিয়া উক্ত হইয়াছে তাহা পুণ্যতর কাল জানিবে,আর মন্দাদিভেদে যে তিন দণ্ড,চারি-দণ্ড, পাঁচ দণ্ড ইত্যাদি উক্ত হইয়াছে তাহা পুণ্যতম কাল বলিয়া জানিতে হইবে। ফলতঃ প্রত্যেক সংক্রান্তিতেই এই তিনরূপ কাল বিবেচিত হইয়া থাকে।

দিবাতে সংক্রমণ হইলে ষোড়শ কি বিংশতি দণ্ডাদি পুণ্যতরকাল যদি রাত্রিপর্য্যন্ত থাকে তবে তাহাকেও পুণ্যকাল জানিবে।

দণ্ডৈকন্যূন প্রথমার্দ্ধরাত্রিতে সংক্রমণ হইলে সেই দিবসের পরার্দ্ধ পুণ্যকাল হইবে। দণ্ডৈকন্যূন পরার্দ্ধরাত্রিতে সংক্রমণ হইলে পরদিবসের পূর্ব্বার্দ্ধ পুণ্যকাল জানিবে; আর দক্ষিণায়ন ও উত্তরায়ণ ভিন্ন সংক্রান্তিতে দণ্ডদ্বয়াত্মক মধ্যরাত্রিতে অর্থাৎ পূর্ব্বার্দ্ধরাত্রের শেষ-দণ্ডে কি পরার্দ্ধরাত্রের প্রথম দণ্ডমধ্যে সংক্রমণ হইলে যদি পূর্ব্বদিবসের সূর্য্যোদয়কাল হইতে সংক্রমণের কালপর্য্যন্ত একতিথি থাকে তাহা হইলে পূর্ব্বদিবসের শেষার্দ্ধমাত্র পুণ্যকাল হইবে। সূর্য্যোদয়াবধি সংক্রমণের কাল পর্য্যন্ত একতিথি না থাকিলে পূর্ব্বদিবসের পরার্দ্ধ ও পরদিবসের পূর্ব্বার্দ্ধ পুণ্যকাল জানিবে; এইস্থলে সংক্রান্তিকৃত্য স্নানদানাদি পূর্ব্বদিবস না করা হইলে পরদিবস করিতে পারিবে। দক্ষিণায়নে তিথির ভেদ থাকুক কি না থাকুক দণ্ডদ্বয়া-ত্মকমধ্যরাত্রিতে সংক্রমণ হইলেই পূর্ব্বদিবসের পরার্দ্ধমাত্র পুণ্যকাল জানিবে। আর উত্তরা-য়ণে দণ্ডদ্বয়াত্মক মধ্যরাত্রিতে সংক্রমণ হইলে সূর্য্যোদয়াবধি সংক্রমণকাল পর্য্যন্ত একতিথি হউক কি না হউক পরদিবসের পূর্ব্বার্দ্ধ মাত্র পুণ্যকাল হইবে।

* অত্র মাসপক্ষতিথীনাঞ্চ নিমিত্তানাঞ্চ সর্ব্বশঃ। ইত্যনেন প্রাপ্ততিথ্যুল্লেখে তদ্বিশেষণত্বেন মহাজয়েত্যুল্লেখ্যং সংজ্ঞাবিধেরেতদেব প্রয়োজনং যত্তয়া নির্দ্দেশঃ। এবং সংক্রান্তিবিশেষস্য নিমিত্তত্বেন প্রাপ্তৌ বিষুবাদ্যুল্লেখোঽপি। ইতিতিথিতত্ত্বে স্মার্ত্তেনাভিহিতম্।

## অথ সংক্রান্ত্যাদিষু পুণ্যকর্ম্মকরণে ফলকথনম্।

অয়নে কোটিগুণিতং লক্ষং বিষ্ণুপদীষু চ।
ষড়শীতিসহস্রন্তু ষড়শীত্যামুদাহৃতম্।
শতমিন্দুক্ষয়ে পুণ্যং সহস্রন্তু দিনক্ষয়ে।
বিষুবে শতসাহস্রমাকামাবৈ * ত্বনন্তকম্॥ ৩০

ইতিমৎস্যপুরাণে।

সংক্রান্ত্যাদিতে পুণ্যকর্ম্মকরণে ফল কথিত হইতেছে,—অয়নসংক্রান্তিতে দানাদি করিলে তাহাতে কোটিগুণ ফল হয়, এইরূপ বিষ্ণুপদীসংক্রান্তিতে লক্ষগুণ, ষড়শীতে ছয়আশী·হাজারগুণ,অমাবস্যায় শতগুণ, ত্র্যহস্পর্শে সহস্রগুণ এবং আষাঢ়, কার্ত্তিক, মাঘ ও বৈশাখী পূর্ণিমাতে স্নানদানাদি করিলে অনন্ত পুণ্য হইয়া থাকে। ৩০

অশ্রদ্ধয়াপি যদ্দত্তং কুপাত্রেভ্যোঽপি মানবৈঃ।
অকালেঽপি হি তৎসর্ব্বং সত্যমক্ষয়তাং ব্রজেৎ॥ ৩১

ইতিস্কন্দপুরাণে।

স্কন্দপুরাণে উক্ত হইয়াছে যে,—সংক্রান্তির পুণ্যকালে যদি অশ্রদ্ধাতে অকালে কুপাত্রেও দান করে তাহাও অক্ষয় হইয়া থাকে। ৩১

রবিসংক্রমণে পুণ্যে ন স্নায়াদ্যস্তু মানবঃ।
সপ্তজন্মস্বসৌ রোগী নির্দ্ধনশ্চোপজায়তে॥ ৩২

ইতিদেবীপুরাণম্।

## অথ বিষুবাদিসঞ্চারগণনম্।

### তত্রাদৌ মহাবিষুবস্য।

মূর্দ্ধ্নি সপ্ত মুখে ত্রীণি হৃদয়ে পঞ্চ বিন্যসেৎ।
ত্রিতয়ং হস্তপাদেষু মহাবিষুবতক্রমাৎ॥ ১

ইতিজ্যোতিস্তত্ত্বে।

বিষুবাদি সংক্রান্তির সঞ্চার-গণনপ্রণালী কথিত হইতেছে,—একটি পুরুষাকৃতি (সংক্রান্তিপুরুষ) অঙ্কিত করিয়া তাঁহার মস্তকে সংক্রমণকালের নক্ষত্র হইতে সপ্তনক্ষত্র, মুখে তিন নক্ষত্র, হৃদয়ে পাঁচ নক্ষত্র, প্রত্যেক হস্তে তিন তিন নক্ষত্র

---

* আকামাবৈষু আষাঢ়ীকার্ত্তিকীমাঘীবৈশাখীপূর্ণিমাসু। ইতিতিথিতত্ত্বে স্মার্ত্তেনোক্তম্।

এবং প্রত্যেক পাদে তিন তিন নক্ষত্র অঙ্কিত করিবে, ফল নিম্নে কথিত হই-তেছে। ১

মস্তকে ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭

মুখে ৮। ৯। ১০

বামহেস্ত ১৯। ০।২১

দক্ষিণহস্তে ১৬।১৭।১৮

হৃদয়ে ১১।১২।১৩।১৪।১৫



দক্ষিণপাদে ২২।২৩,২৪

বামপাদে ২৫।`৬'২৭

ফলম্।

মস্তকে ভূপতেঃ সৌখ্যং বদনে পটুতা শুভে।
হৃদয়ে চ ধনাধ্যক্ষোঽর্থপ্রাপ্তির্দক্ষিণে করে।
বামে করে মহদ্দুঃখং সুখং পাদে চ দক্ষিণে।
ভ্রমণং বামপাদে চ কথিতং বিষুবৎফলম্॥ ২

ইতিজ্যোতিস্তত্ত্বে।

মহাবিষুব-সংক্রমণ-নক্ষত্র দ্বারা যে ফল হয় তাহা বর্ণিত হইতেছে,—সংক্রান্তিপুরুষের মস্তকে মনুষ্যের জন্মনক্ষত্র পতিত হইলে রাজসৌখ্য হয়। এই-রূপ মুখে জন্মনক্ষত্র পড়িলে পটুতা, হৃদয়ে ধনাধ্যক্ষতা, দক্ষিণ করে অর্থপ্রাপ্তি, বাম করে অতিশয় দুঃখ, দক্ষিণ পদে সুখ, এবং মনুষ্যের জন্মনক্ষত্র সংক্রান্তি-পুরুষের বাম পদে পতিত হইলে ভ্রমণ হইয়া থাকে। ২

## অথ জলবিষুবগণনম্।

ষণ্মূর্দ্ধ্নি বদনে পঞ্চ চত্বারি হৃদয়ে তথা।
ত্রিতয়ং করপাদেষু পয়োবিষুভক্রমাৎ॥ ৩

ইতিজ্যোতিস্তত্ত্বে।

পূর্ব্বোক্তরূপে সংক্রান্তিপুরুষ অঙ্কিত করিয়া সংক্রমণকালের নক্ষত্র হইতে তাহার মস্তকে ছয় নক্ষত্র, মুখে পাঁচ নক্ষত্র, হৃদয়ে চারি নক্ষত্র, প্রত্যেক হস্তে তিন তিন নক্ষত্র এবং প্রত্যেকপাদে তিন তিন নক্ষত্র যোজনা করিতে হয়। ফল নিম্নে লিখিত হইতেছে। ৩

ফলম্।

মানং মূর্দ্ধ্নি মুখে বৈরং হৃদয়ে সুখসম্ভবঃ।
দোঃ পদোর্দ্দক্ষয়োর্ভোগস্ত্রাসশ্চ বাময়োঃ স্বভে॥ ৪

ইতিজ্যোতিস্তত্ত্বে।

জলবিষুবের ফল কথিত হইতেছে,—মনুষ্যের জন্মনক্ষত্র সংক্রান্তিপুরুষের মস্তকে পতিত হইলে সম্মান, মুখে বৈরতা, হৃদয়ে সুখ, দক্ষিণ হস্তে ও দক্ষিণ পদে ভোগ এবং সংক্রান্তিপুরুষের বাম হস্তে ও বাম পদে মানবের জন্মনক্ষত্র পতিত হইলে ত্রাস হইয়া থাকে। ৪

অথোত্তরায়ণসংক্রমণগণনম্।

শীর্ষে পঞ্চ মুখে ত্রীণি হস্তয়োশ্চ ত্রয়ং ত্রয়ম্।
হৃদি পঞ্চ শশী নাভৌ গুদে চ পাদয়ো রসাঃ।
উত্তরায়ণভাজ্জ্ঞেয়ং স্বনক্ষত্রস্থিতৈঃ ফলম্॥ ৫

ইতিজ্যোতিস্তত্ত্বে।

পূর্ব্বোক্তরূপে পুরুষ অঙ্কিত করিয়া তাহার মস্তকে উত্তরায়ণ সংক্রমণকালের নক্ষত্রাবধি পাঁচ নক্ষত্র, মুখে তিন নক্ষত্র, প্রত্যেক হস্তে তিন তিন নক্ষত্র, হৃদয়ে পাঁচ নক্ষত্র নাভিদেশে এক নক্ষত্র, গুহ্যে এক নক্ষত্র এবং প্রত্যেক পাদে তিন তিন নক্ষত্র অঙ্কিত করিবে পরে মানবের জন্মনক্ষত্র যে অঙ্গে পতিত হয় তাহা দেখিয়া ফলনির্ণয় করিবে। ৫

ফলম্।

শীর্ষেঽর্থলাভো বদনে সুখানি দক্ষে করোঽঙ্ঘ্রৌ হৃদয়ে চ সৌখ্যম্
নাভৌ শুভং বামকরেঽর্থনাশো গুহ্যে ভয়ং বামপদে প্রবাসঃ॥ ৬

ইতিজ্যোতিস্তত্ত্বে।

মানবের জন্মনক্ষত্র সংক্রান্তিপুরুষের মস্তকে পড়িলে অর্থলাভ, মুখে, দক্ষিণ হস্তে, দক্ষিণ পদে ও হৃদয়ে সৌখ্য, নাভিদেশে মঙ্গল, বাম হস্তে অর্থনাশ, গুহ্যদেশে ভয় এবং বাম পদে জন্মনক্ষত্র পড়িলে প্রবাস হয়। ৬

অথ দক্ষিণায়নসংক্রান্তিগণনম্।

শীর্ষে ত্রীণি মুখে ত্রীণি হৃদয়ে পঞ্চ হস্তয়োঃ।
অষ্টৌ পাদদ্বয়েঽপ্যষ্টৌ দক্ষিণায়নভক্রমাৎ॥ ৭

ইতিজ্যোতিস্তত্ত্বে।

দক্ষিণায়নসংক্রমণ-নক্ষত্র হইতে সংক্রান্তিপুরুষের মস্তকে তিন নক্ষত্র, মুখে তিন নক্ষত্র, হৃদয়ে পাঁচ নক্ষত্র, হস্তদ্বয়ে ও পাদদ্বয়ে আট নক্ষত্র যোজনা করিবে। ৭

ফলম্।

শীর্ষে মানং মুখে বিদ্যা হৃদয়ে বিত্তসঞ্চয়ঃ।
প্রবাসঃ স্যাৎ করে বামে ভিক্ষালাভশ্চ দক্ষিণে।
নিষ্ফলং বামপাদে চ কিঞ্চিল্লাভশ্চ দক্ষিণে॥ ৮

ইতিজ্যোতিস্তত্ত্বে।

দক্ষিণায়নসংক্রমণের ফল কথিত হইতেছে। মনুষ্যের জন্মনক্ষত্র সংক্রান্তি পুরুষের মস্তকে পড়িলে সম্মান, মুখে বিদ্যালাভ, হৃদয়ে বিত্তসঞ্চয়, বাম হস্তে প্রবাস, দক্ষিণ হস্তে ভিক্ষালাভ, বাম পদে নিষ্ফল এবং দক্ষিণ পদে মানবের জন্মনক্ষত্র পতিত হইলে কিঞ্চিৎলাভ হইয়া থাকে। ৮

বিষ্ণুপদীসপ্তাব্রগণনম্।

ঋক্ষে সংক্রমণং যত্র বিষ্ণুপদ্যা মুখে তু তৎ।
চত্বারি দক্ষিণে বাহৌ ত্রীণি ত্রীণি পদদ্বয়ে।
চত্বারি বামবাহৌ চ হৃদয়ে পঞ্চ নির্দ্দিশেৎ।
অক্ষোর্দ্বয়ং দ্বয়ং যোজ্যং মূর্দ্ধ্নি দ্বে চৈকভং গুদে॥ ৯

ইতিজ্যোতিস্তত্ত্বে।

যে নক্ষত্রে বিষ্ণুপদীসংক্রমণ হয়, সেই নক্ষত্র সংক্রান্তিপুরুষের মুখে, তৎপর চারি নক্ষত্র দক্ষিণ বাহুতে, তিন তিন নক্ষত্র প্রত্যেক পাদে, চারি নক্ষত্র বাম বাহুতে, পাঁচ নক্ষত্র হৃদয়ে, দুই দুই নক্ষত্র প্রত্যেক চক্ষুতে, দুই নক্ষত্র মস্তকে এবং সংক্রান্তিপুরুষের গুহ্যদেশে এক নক্ষত্র যোজনা করিবে। ৯

ফলম্।

রোগো ভোগস্তথা মানং * বন্ধনং লাভ এব চ।
ঐশ্বর্য্যং রাজপূজা চ অপমৃত্যুরিতিক্রমাৎ॥ ১০

ইতিজ্যোতিস্তত্ত্বে।

সংক্রান্তিপুরুষের মুখে মনুষ্যের জন্মনক্ষত্র পতিত হইলে রোগ হয়, এইরূপ দক্ষিণ হস্তে জন্মনক্ষত্র পড়িলে ভোগবৃদ্ধি, পাদদ্বয়ে গমন বা মান, বাম হস্তে বন্ধন, হৃদয়ে লাভ, নেত্রদ্বয়ে ঐশ্বর্য্য, মস্তকে রাজপূজা এবং সংক্রান্তিপুরুষের গুহ্যদেশে জন্মনক্ষত্র পতিত হইলে অপমৃত্যু হইয়া থাকে। ১০

অথ ষড়শীতিসপ্তাব্রগণনম্।

মুখে চৈকং করে বেদাঃ পাদযুগ্মে দ্বয়ং দ্বয়ম্।
ক্রোড়ে বাণাস্তথা বেদাঃ করে সব্যেতরেঽপি চ।

* যানমিত্যপি পাঠঃ।

দ্বয়ং দ্বয়ং তথা নেত্রে মস্তকে ত্রিতয়ন্তথা।
দ্বয়ঞ্চৈব তথা গুহ্যে ষড়শীত্যাং স্বভে স্থিতে॥ ১১

ইতিজ্যোতিস্তত্ত্বে।

ষড়শীতিসংক্রমণ-নক্ষত্র সংক্রান্তিপুরুষের মুখে যোজনা করিবে, তৎপর নক্ষত্র হইতে দক্ষিণ হস্তে চারি নক্ষত্র, প্রত্যেক পাদে দুই দুই নক্ষত্র, হৃদয়ে পাঁচ নক্ষত্র, বাম হস্তে চারি নক্ষত্র, প্রত্যেক চক্ষুতে দুই দুই নক্ষত্র, মস্তকে তিন নক্ষত্র এবং গুহ্যদেশে দুই নক্ষত্র অঙ্কিত করিতে হইবে। ১১

ফলম্।

মুখে দুঃখং করে লাভঃ পাদয়োর্ভ্রমণং হৃদি।
কান্তা স্যাদ্বন্ধনং বামে হস্তে স্যাৎ স্বীয়ভে নৃণাম্।
সম্মানং নেত্রয়োশ্চৈব অপমানঞ্চ মস্তকে।
গুহ্যে চৈব ভবেন্মৃত্যুঃ ষড়শীতিফলশ্রুতিঃ। ১২

ইতিজ্যোতিস্তত্ত্বে।

মনুষ্যের জন্মনক্ষত্র সংক্রান্তিপুরুষের মুখে পতিত হইলে দুঃখ হয়; এইরূপ দক্ষিণ হস্তে পড়িলে লাভ, পাদদ্বয়ে ভ্রমণ, হৃদয়ে স্ত্রীলাভ, বাম হস্তে বন্ধন, নেত্রদ্বয়ে সম্মান, মস্তকে অপমান এবং সংক্রান্তিপুরুষের গুহ্যদেশে জন্মনক্ষত্র পতিত হইলে মৃত্যু হইয়া থাকে। ১২

## অথ নাড়ীনক্ষত্রে পাপগ্রহসংক্রমণফলম্।

নাড়ীনক্ষত্রদিবসে রবিভৌমশনৈশ্চরাঃ।
সংক্রান্তিং যস্যকুর্ব্বন্তি তস্য ক্লেশোঽপি জায়তে॥ ১৩

অনন্তর নাড়ীনক্ষত্রে পাপগ্রহ সংক্রমণের ফল কথিত হইতেছে। যদি রবি, মঙ্গল, কি শনৈশ্চর কোন মনুষ্যের নাড়ীনক্ষত্রগত হইয়া কিম্বা নাড়ীনক্ষত্র দিবসে একরাশি হইতে অপর রাশিতে গমন করেন তাহা হইলে সেই মনুষ্যের অতিশয় ক্লেশ হইয়া থাকে। ১৩

পাপগ্রহসঞ্চারেণ নাড়ীদোষমাহ। নাড়ীতি। সংক্রান্তিং রাশিসঞ্চারমিত্যর্থঃ। ১৩

## অথ নাড়ীনক্ষত্রে পাপগ্রহসংক্রমণস্নানম্।

গোমূত্রসর্ষপৈঃ স্নানং সর্ব্বৌষধিজলেন চ।
গ্রহং সংপূজ্য তং দদ্যাদ্বিপ্রায় কনকোত্তমম্॥ ১৪

নাড়ীনক্ষত্রদিবসে পাপগ্রহের সংক্রমণ হইলে গোমূত্র, সর্ষপ ও সর্ব্বৌষধিযুক্ত-জলে স্নান, এবং যে গ্রহ নাড়ীনক্ষত্রগত হইয়াছে তাঁহার অর্চ্চনা এবং ব্রাহ্মণকে স্বর্ণদান করিলে দোষ নষ্ট হইবে। ১৪

এতৎপ্রতীকারমাহ। গোমূত্রেতি। মুরামাংসীত্যাদিনা বক্ষ্যমাণ সর্ব্বৌষধিঃ। যস্য গ্রহস্য প্রতীকারস্তং গ্রহং সংপূজ্যেতান্বয়ঃ। ১৪

### অথ জন্মনক্ষত্রে রবিসংক্রান্তিফলম্।

যস্য জন্মর্ক্ষমাসাদ্য রবিসংক্রমণং ভবেৎ।

তন্মাসাভ্যন্তরে তস্য রোগক্লেশধনক্ষয়াঃ॥ ১৫

পূর্ব্বে নাড়ীনক্ষত্রে রবিসংক্রমণের দোষ সামান্যরূপে উক্ত হইয়াছে, অধুনা কেবল জন্মনাড়ীনক্ষত্রে রবিসঞ্চারের বিশেষ দোষ কথিত হইতেছে,—যদি কোন মনুষ্যের জন্মনক্ষত্র প্রাপ্ত হইয়া রবি একরাশি হইতে অন্যরাশিতে সংক্রমণ করেন তাহা হইলে সেই সৌরমাস মধ্যে ঐ ব্যক্তির রোগ ক্লেশ এবং ধনক্ষয় হইয়া থাকে। ১৫

পূর্ব্বং নাড়ীনক্ষত্রে রবিসঞ্চারে সামান্যতোদোষ উক্তঃ। অধুনা তু কেবল জন্মনাড়ীনক্ষত্রে বিশেষদোষমাহ। যস্যেতি। জন্মর্ক্ষং যত্র পুমান্ জাত ইত্যর্থঃ। ১৫

### অথ জন্মনক্ষত্রে রবিসংক্রান্তিস্নানম্।

তগরসরোরুহপত্রৈরজনীসিদ্ধার্থলোধ্রসংযুক্তৈঃ।

স্নানং জন্মর্ক্ষদিনে রবিসংক্রান্তৌ নৃণাং শুভদম্॥ ১৬

জন্মনক্ষত্রে রবিসংক্রমণ হইলে তাহার প্রতীকার কথিত হইতেছে,—যে কোন ব্যক্তির জন্মনক্ষত্রে রবিসঞ্চার হইলে তগরপুষ্প, পদ্মপত্র, হরিদ্রা, শ্বেতসর্ষপ ও লোধ্রযুক্ত জলে স্নান করিবে, তাহা হইলেই তাহার সংক্রমণ-জন্য দোষ বিনষ্ট হইবে। ১৬

এতৎ প্রতীকারমাহ। তগরেতি। রজনী হরিদ্রামাত্রং। ১৬

---

## অথ গোচরেঽশুভরবিশান্তিস্নানম্।

মঞ্জিষ্ঠা ত্বথ পত্রাঙ্গং কুঙ্কুমং রক্তচন্দনম্।

তাম্রকুম্ভে কৃতং পূর্ণে স্নানং তেনার্কশুদ্ধয়ে॥ ১

পূর্ব্বোক্তগোচরে রবিগ্রহ অশুভ হইলে তাহার শান্তিস্নান কথিত হইতেছে—মঞ্জিষ্ঠা, কুঙ্কুম ও রক্তচন্দনাদিযুক্ত জল তাম্রকুম্ভে পূর্ণ করিয়া তদ্দারা স্নান করিলে রবির গোচরদোষ বিনষ্ট হয়। ১

এতৎ প্রতীকারমাহ। মঞ্জিষ্ঠেতি। পত্রাঙ্গং তেজপত্রং তেন চ মঞ্জিষ্ঠাদিদ্রব্যেণ পূর্ণে তাম্রকুম্ভে বিষয়ে কৃতং স্নানং রবিদোষোপশান্তয়ে স্যাদিত্যর্থঃ। ১

ধুস্তূরবীজসলিলৈঃ স্নায়াৎ সংক্রান্তিশান্তয়ে।

তথা সর্ব্বৌষধিভিশ্চ বিষ্ণুমন্ত্রাংশ্চ সংজপেৎ॥ ২

ইতিসংবৎসরপ্রদীপে।

সংবৎসরপ্রদীপে কথিত হইয়াছে,—ধুস্তুরপুষ্পের বীজ ও সর্ব্বৌষধিযুক্ত জলে স্নান করিয়া বিষ্ণুমন্ত্র জপ করিলে সংক্রান্তিদোষ বিনষ্ট হয়। ২

যদহ্নি মেষসংক্রান্তিস্তুলাসংক্রমণং নিশি।
তদা প্রজাবিবর্দ্ধন্তে ধনধান্যসমৃদ্ধিভিঃ॥ ৩

ইতিতিথিতত্ত্বে।

দিবাতে মেষসংক্রান্তি ( মহাবিষুবসংক্রান্তি ) এবং রাত্রিতে তুলাসংক্রান্তি ( জলবিষুবসংক্রান্তি ) হইলে সেই বর্ষে প্রজাবৃদ্ধি ও ধনধান্যাদি সমৃদ্ধি যুক্ত হইয়া থাকে। ৩

কুজার্কশনিবারেণ মহাসংক্রমণং যদা।
তদা ভবেৎ প্রজানাশোদুর্ভিক্ষাদিভয়ং মহৎ॥ ৪

ইতিতিথিতত্ত্বে।

মঙ্গল, রবি কি শনিবারে যদি মহাসংক্রমণ অর্থাৎ মেষসংক্রান্তি হয় তাহা হইলে সেই বর্ষে প্রজানাশ ও দুর্ভিক্ষাদি নানারূপ ভয় হইয়া থাকে। ৪

ইতিরবিসংক্রান্তিকথনম্।

## অথ গ্রহণম্।

ভত্রিপাদান্তরে * রাহোঃ কেতোর্ব্বা সংস্থিতোরবিঃ।
চতুষ্পাদান্তরে চন্দ্রস্তদা সম্ভাব্যতে গ্রহঃ॥ ১

ইতিজ্যোতিষে।

অধুনা গ্রহণ কিরূপে হয় তাহা বর্ণিত হইতেছে,—রাহু কি কেতু যে রাশিতে অবস্থিত হ'ন সেই রাশিঘটক নক্ষত্রের ত্রিপাদমধ্যে রবি অবস্থিত হইলে সূর্য্যগ্রহণ এবং চতুষ্পাদ মধ্যে চন্দ্র থাকিলে চন্দ্রগ্রহণ হইবার সম্ভাবনা। ১

### অথ চন্দ্রগ্রহণম্।

যস্মিন্নৃক্ষে রবিস্তস্মাচ্চতুর্দ্দশগতঃ শশী।
পূর্ণিমাপ্রতিপৎসন্ধৌ রাহুণা গ্রস্যতে শশী॥ ২ †

ইতিতিথিতত্ত্বে॥

---

* ভত্রিপাদান্তরে নক্ষত্রস্য নক্ষত্রয়োর্ব্বা ত্রিপাদাভ্যন্তরে। ইতি তিথিতত্ত্বে স্মার্ত্তে নাভিহিতম্।

† এতদপি পূর্ব্ববচনানুসারেণ তচ্চতুষ্পাদাভ্যন্তরে সতি জ্ঞেয়ং তস্মাত্তমারভ্য তৎপরতো বা ইত্যর্থঃ। ইতিস্মার্ত্তাঃ।

যে নক্ষত্রে রবি থাকেন তাহা হইতে গণনায় চতুর্দ্দশনক্ষত্রে চন্দ্র অবস্থিত হইলে পূর্ণিমা ও প্রতিপদের সন্ধিক্ষণে রাহু চন্দ্রকে গ্রাস করিয়া থাকেন। ২

খনা।

যে মাসের যে রাশি, তার সপ্তমে থাকে শশী॥
সেই মাসের পৌর্ণমাসী, অবশ্য রাহু গ্রাসে শশী॥

কৃষ্ণপক্ষে তৃতীয়ায়াং মাসর্ক্ষং * যদি জায়তে।
ততস্ত্রয়োদশে সূর্য্যে রাহুণাং গ্রস্যতে রবিঃ॥ ৩

ইতিজ্যোতিস্তত্ত্বে।

কৃষ্ণপক্ষের তৃতীয়াতে যদি মাসনক্ষত্রের † যোগ হয় আর তাহার ত্রয়োদশনক্ষত্রে রবি থাকেন তাহা হইলে অমাবস্যা ও প্রতিপদের সন্ধিক্ষণে রাহু সূর্য্যকে গ্রাস করিয়া থাকেন। ৩

## অথ নবাংশবিশেষে বর্ষণাদিকথনম্।

রবিভৌমনবাংশে তু নিরভ্রং গ্রাসমাদিশেৎ।
বুধসৌরিনবাংশে তু মলিনং ক্ষুদ্রবর্ষণম্।
গুরোরংশকমাসাদ্য দৃশ্যতে সবলাহকং।
শশিশুক্রনবাংশে তু প্রাবৃট্‌কালে মহজ্জলম্।
অন্যত্রা ‡ ব্যক্তভূতৌ তৌ দৃশ্যেতেচ্ছাদিতাম্বরৌ॥ ৪

ইতিজ্যোতিস্তত্ত্বে।

রবি ও মঙ্গলের নবাংশে গ্রহণ হইলে আকাশমণ্ডল মেঘশূন্য থাকে অতএব গ্রহণ স্পষ্টরূপে দেখিতে পাওয়া যায়, বুধ ও শনির নবাংশে গ্রহণ হইলে গগন মেঘাবৃত হইয়া ক্ষুদ্র বর্ষণ হয়,কাজেই অল্প দৃষ্ট হইয়া থাকে। বৃহস্পতির নবাংশে গ্রহণ হইলে আকাশ মেঘাচ্ছন্ন হইয়া গ্রহণ অদৃশ্য হয়, চন্দ্র ও শুক্রের নবাংশে বর্ষাকালে গ্রহণসময়ে অত্যন্ত বৃষ্টি হইয়া থাকে। আর বর্ষার ইতরকালে চন্দ্র ও শুক্রের নবাংশে গ্রহণ হইলে মেঘদ্বারা আচ্ছাদিত হইয়া অদৃশ্য হয়। ৪

* মাসর্ক্ষং কার্ত্তিকাদৌ কৃত্তিকাদি অন্ত্যোপান্ত্যৌ ত্রিভৌ জ্ঞেয়ৌ ফাল্গুনশ্চ ত্রিভোমতঃ। শেষামাসাদ্বিভাজ্ঞেয়াঃ কৃত্তিকাদিব্যবস্থয়া॥ ইতি মলমাসতত্ত্বধৃতবচনাৎ। এতদপি ভত্রিপাদান্তরে সতি জ্ঞেয়ং রাহোঃ পাদভোগশ্চ মাসদ্বয়েন।

† মাসনক্ষত্র কার্ত্তিকে কৃত্তিকাদি, বৈশাখে বিশাখাদি, জ্যৈষ্ঠে জ্যেষ্ঠাদি করিয়া জানিতে হইবে।

‡ অন্যত্র বর্ষেতরকালে তৌ চন্দ্রার্কৌ ইতি তিথিতত্ত্বে স্মার্ত্তঃ।

অথ গ্রহণসময়ে রাহুবর্ণফলম্।

শ্বেতে ক্ষেমসুভিক্ষং ব্রাহ্মণপীড়াঞ্চ নির্দ্দেশেদ্রাহৌ।
অগ্নিভয়মনলবর্ণে পীড়া চ হুতাশনবৃত্তীনাম্॥ ৫

ইতিবরাহঃ।

গ্রহণ সময়ে রাহু শ্বেতবর্ণ দৃষ্ট হইলে সেই বৎসর সুভিক্ষ ও ব্রাহ্মণজাতির পীড়া হয়, অগ্নিবর্ণ দৃষ্টিগোচর হইলে অগ্নিভয় ও ব্রাহ্মণগণের পীড়া হইয়া থাকে। ৫

হরিতে রোগোহসুতাপঃ শস্যানামীতিভিশ্চ * বিধ্বংসঃ।
কপিলে শীঘ্রগসত্ত্বম্লেচ্ছধ্বংসঃ সোহথ দুর্ভিক্ষম্॥ ৬

ইতিবরাহঃ।

রাহু পীতবর্ণ দর্শন হইলে মনুষ্যদিগের রোগ ও অনুতাপ জন্মে, এবং অতিবৃষ্টি অনাবৃষ্টি প্রভৃতি দ্বারা শস্য বিনষ্ট হয়। কপিলবর্ণ দৃষ্ট হইলে শীঘ্র গমনশীল প্রাণিগণ ও ম্লেচ্ছগণ বিনষ্ট এবং দুর্ভিক্ষ হইয়া থাকে। ৬

অরুণকিরণানুরূপে দুর্ভিক্ষং বৃষ্টয়োবিহগপীড়া চ।
ধূম্রাভে ক্ষেমসুভিক্ষমাদিশেন্মন্দবৃষ্টিশ্চ॥ ৭

ইতিবরাহঃ॥

রাহু অরুণকিরণসদৃশ দৃষ্ট হইলে দুর্ভিক্ষ, অতিবৃষ্টি ও পক্ষিগণ বিনষ্ট হয়। ধূম্রবর্ণ দর্শন হইলে মঙ্গল, সুভিক্ষ ও অল্পবৃষ্টি হইয়া থাকে। ৭

কপোতারুণকপিলে শ্যামাভে চ ক্ষুদ্ভয়ং বিনির্দ্দিশেৎ।
কাপোতঃ শূদ্রাণাং ব্যাধিকরঃ কৃষ্ণবর্ণশ্চ॥ ৮

ইতিবরাহঃ।

রাহু কর্ব্বুর অরুণ ও নীল-পীতবর্ণ কি শ্যামবর্ণ দৃষ্ট হইলে জীবগণের ক্ষুধাতে কষ্ট হয়। কর্ব্বুরবর্ণ কি কৃষ্ণবর্ণ দর্শন হইলে শূদ্রজাতির পীড়া হইয়া থাকে। ৮

বিমলকমলপীতাভোবৈশ্যধ্বংসী ভবেৎ সুভিক্ষায়।
সার্চ্চিস্মত্যগ্নিভয়ং গৈরিকরূপে চ যুদ্ধানি॥ ৯

ইতিবরাহঃ।

রাহু নির্ম্মল পদ্মসদৃশ ও পীতবর্ণ দৃষ্টিগোচর হইলে বৈশ্যজাতি বিনষ্ট ও সুভিক্ষ হয়। অত্যন্ত তেজস্মান্ রাহু দর্শন হইলে অগ্নিভয় ও গৈরিকবর্ণ দৃষ্ট হইলে পৃথিবীতে যুদ্ধ ঘটিয়া থাকে। ৯

---

* ঈতয়শ্চ। অতিবৃষ্টিরনাবৃষ্টিঃ শলভামূষিকাঃ খগাঃ। প্রত্যাসন্নয়াস্ত রাজানঃ ষড়েতে ঈতয়ঃ স্মৃতাঃ॥

দূর্ব্বাকাণ্ডশ্যামে হারিদ্রে চাপি বিনির্দ্দিশেন্মরণং।
অশনিভয়সম্প্রদায়ী পাটলিকুসুমোপমোরাহুঃ॥ ১০

ইতিবরাহঃ

রাহু দূর্ব্বাদলের ন্যায় শ্যামবর্ণ কি হরিদ্রাবর্ণ দর্শন হইলে জীবগণ বিনষ্ট হয়। পাটলিপুষ্পের বর্ণের ন্যায় রাহু দৃষ্ট হইলে বজ্রাঘাতে বহু জীব বিনষ্ট হইয়া থাকে। ১০

অথ গ্রহণদর্শননিষেধকথনম্।

সপ্তাষ্টজন্মশেষেষু চতুর্থে দশমে তথা।
নবমে চ তথা চন্দ্রে ন কুর্য্যাদ্রাহুদর্শনম্॥ ১১ †

ইতিরাজমার্ত্তণ্ডে।

মানবের জন্মরাশি হইতে কোন্ কোন্ রাশিতে গ্রহণ দর্শন নিষেধ তাহা রাজমার্ত্তণ্ডে কথিত হইয়াছে যথা,—জন্মচন্দ্র ও জন্মরাশি হইতে সপ্তম, অষ্টম, দ্বাদশ, চতুর্থ, দশম এবং নবম চন্দ্রে রাহু দর্শন করিবে না। ১১

জন্মভে জন্মরাশৌ চ ষষ্ঠাষ্টমগতে তয়োঃ। ‡
চতুর্থে দ্বাদশে চন্দ্রে ন কুর্য্যাদ্রাহুদর্শনম্।
গ্রাসদর্শনমাত্রেণ চার্থহানির্ম্মহদ্ভয়ম্।
জায়তে নাত্র সন্দেহস্তস্মাত্তৎপরিবর্জ্জয়েৎ॥ ১২

ইতিবশিষ্ঠঃ।

বশিষ্ঠ বলিয়াছেন,—মনুষ্যের জন্মতারা হইতে সপ্তম তারাতে এবং জন্মরাশিতে আর জন্মরাশি হইতে অষ্টম, নবম, চতুর্থ ও দ্বাদশরাশিতে রাহু দর্শন করিবে না। যে ব্যক্তি ঐ সকল রাশিতে গ্রহণ দর্শন করে তাহার অর্থক্ষতি ও অত্যন্ত ভয় হইয়া থাকে। অতএব উক্ত রাশিতে মানবগণ কখনই গ্রহণ দর্শন করিবে না। ১২

জন্মসপ্তাষ্টরিপ্ফাঙ্কদশমস্থে নিশাকরে।
দৃষ্টোরিষ্টপ্রদোরাহুর্জ্জন্মর্ক্ষে নিধনেঽপি চ॥ ১৩ *

ইতিবরাহসংহিতায়াম্।

---

* এতানি বচনানি কৃত্যচিন্তামণৌ ধৃতানি।

† জন্মনক্ষত্রাপেক্ষয়া ষষ্ঠে অর্থাৎ সপ্তমতারায়াং নিধনেঽপি চেত্যেকবাক্যত্বাৎ। ইতি স্মার্ত্তেনাভিহিতম্।

‡ রিপ্ফং দ্বাদশরাশিঃ। অঙ্কোনবমঃ। নিধনং সপ্তমতারা। ইত্যপি তিথিতত্ত্বে স্মার্ত্তেন ব্যাখ্যাতং। অত্র বচনে চতুর্থে জন্মচন্দ্রে চ ন কুর্য্যাদ্রাহুদর্শনং। ইতিজ্যোতিঃসারেঽধিকং লিখিতম্।

বরাহসংহিতাতেও উক্ত হইয়াছে যে,—জন্মরাশি ও জন্মরাশি হইতে সপ্তম অষ্টম, দ্বাদশ, নবম কি দশমস্থ চন্দ্র হইলে এবং জন্মনক্ষত্রে ও জন্মনক্ষত্র হইতে সপ্তমনক্ষত্রে রাহু দর্শন হইলে অমঙ্গল হইয়া থাকে। ১৩

রাশৌ যত্র বিধুন্তুদেন তরণিশ্চন্দ্রোঽথ বা গ্রস্যতে
তস্মাৎবেদহুতাশশঙ্কররসাঃ (১) কল্যাণদারাশয়ঃ।
মধ্যস্থা রবিশায়কাঙ্কদশমাঃ (২) সামান্যভোগপ্রদা-
যুগ্মাগ্নীতুরগাষ্টমাঃ (৩) খলু নৃণাং যচ্ছন্তি নেষ্টং ফলম্॥ ১৪

ইতিজ্যোতিষে।

জ্যোতিষবচনে কথিত হইয়াছে যে,—যে রাশিতে অবস্থিত হইয়া রাহু সূর্য্য ও চন্দ্রকে গ্রাস করেন সেই রাশি হইতে গণনায় চতুর্থ, তৃতীয়, একাদশ ও ষষ্ঠস্থান যাহার জন্মরাশি হইবে সেই ব্যক্তির পক্ষে গ্রহণ শুভজনক হয়; আর রাহুস্থিত রাশি হইতে দ্বাদশ, পঞ্চম, নবম ও দশমস্থানে যাহার জন্মরাশি হয় তাহার পক্ষে গ্রহণ মধ্যম ফলদায়ক এবং রাহু স্থিতিরাশি ও সেইস্থান হইতে দ্বিতীয়, সপ্তম ও অষ্টমস্থান যাহার জন্মরাশি সেইব্যক্তির পক্ষে গ্রহণ অশুভদায়ক হইয়া থাকে। ১৪

যস্মিংস্ত্রিজন্মনক্ষত্রে গ্রস্যেতে শশিভাস্করৌ।
তজ্জাতীনাং ভবেৎপীড়া যে নরাঃ শান্তিবর্জ্জিতাঃ॥ ১৫

ইতিগর্গঃ।

গর্গ কহিয়াছেন,—যে মানবের ত্রিজন্মনক্ষত্রে (৪) চন্দ্রগ্রহণ ও সূর্য্যগ্রহণ হয়, সেই ব্যক্তি যদি গ্রহণদোষের শান্তি না করে তাহা হইলে স্বজাতিসহ পীড়িত হইয়া থাকে। ১৫

বৈনাশিক (৫) ঋক্ষে দৃষ্টং গ্রহণং সুধাংশুভাস্করয়োঃ।
জনয়তি রোগং বহুধা ক্লেশং বিত্তক্ষয়ং চাশু॥ ১৬

ইতিতিথিতত্ত্বে।

১। বেদহুতাশশঙ্কররসাশ্চতুস্ত্র্যেকাদশষড়িত্যর্থঃ।

২। রবিশায়কাঙ্কদশমা দ্বাদশপঞ্চমনবমদশমা ইত্যর্থঃ।

৩। যুগ্মাগ্নীতুরগাষ্টমা দ্ব্যেকসপ্তাষ্টমা ইত্যর্থঃ।

৪। ত্রিজন্মনক্ষত্র উক্ত হইয়াছে।

৫। বৈনাশিক ঋক্ষে ত্রয়োবিংশতি নক্ষত্রে ইতি কেচিৎ। বস্তুতস্তু বৈনাশিকপদং নিধনতারাপরং। নিধনেঽপি চেত্যেকবাক্যত্বাদ্ বৈনাশিকপদস্য গর্গেণ বিপৎকরাদিসাহচর্য্যাৎ ত্রয়োবিংশতিনক্ষত্রস্য প্রত্যরিপদপ্রাপ্তাদপি সপ্তমতারায়াং পঠিতত্বাচ্চ যথা "বিপৎকরপ্রত্যরিসংজ্ঞিতেষু বৈনাশিকর্ক্ষেষু কৃতং হি কর্ম্ম। সর্ব্বং নৃণাং নিষ্ফলমেব তস্মাৎ কৃতেঽপি তত্রাস্তি শুভং ন কিঞ্চিৎ॥ ইতিতিথিতত্ত্বে স্মার্ত্তেনোক্তং ধৃতঞ্চ।

বৈনাশিক অর্থাৎ জন্মনক্ষত্র হইতে সপ্তমতারাতে যদি কোন মানব চন্দ্রগ্রহণ কি সূর্য্যগ্রহণ দর্শন করে, তাহা হইলে সেই ব্যক্তির অচির কাল মধ্যে রোগ, বহুক্লেশ ও অর্থহানি হইয়া থাকে। ১৬

সপ্তাষ্টজন্মশেষাঙ্কচতুর্থদশমে বিধৌ।
ত্রিজন্মনি ত্রিনিধনে ন কুর্য্যাদ্রাহুদর্শনম্।
দৃষ্টস্তু জনয়েদ্ভীতিং ক্লেশং রোগং ধনক্ষয়ম্।
দৈবাত্তত্র বিধুং দৃষ্ট্বা দদ্যাৎ স্বর্ণং দ্বিজাতয়ে॥ ১৭

ইতিরাজমার্ত্তণ্ডে বচনান্তরম্।

রাজমার্ত্তণ্ডগ্রন্থে বচনান্তরেও উক্ত হইয়াছে যে,—মানবের জন্মচন্দ্রে কি জন্মচন্দ্র হইতে সপ্তম, অষ্টম, দ্বাদশ, নবম, চতুর্থ কি দশমচন্দ্রে এবং ত্রিজন্ম (১) ও ত্রিনিধন নক্ষত্রে (২) রাহুদর্শন করিবে না। যে ব্যক্তি ঐ সকল নিষিদ্ধ রাশ্যাদিতে রাহুদর্শন করে তাহার ভয়, ক্লেশ, রোগ ও ধনক্ষয় হইয়া থাকে। দৈবাৎ দর্শন হইলে ব্রাহ্মণকে স্বর্ণদান করিতে হয়। ১৭

জন্মাষ্টজায়ান্ত্যখধর্ম্ম (৩) সংস্থে নিশাকরে জন্মসু তারকাসু।
দৃষ্ট্বা তমশ্চন্দ্রসমং (৪) প্রযত্নাদভ্যর্চ্চ্য দদ্যাৎ কনকং দ্বিজায়॥ ১৮

ইতিতিথিতত্ত্বে।

মনুষ্যের জন্মরাশি ও জন্মরাশি হইতে অষ্টম, সপ্তম, দ্বাদশ, দশম কি নবম-রাশিতে চন্দ্র অবস্থিত হইলে কিংবা জন্মতারাতে যদি গ্রহণ দর্শন হয় তবে যত্ন পূর্ব্বক অর্চ্চনা করিয়া ব্রাহ্মণকে স্বর্ণদান করিতে হইবে। ১৮

## অথ গ্রহণগতনাড়ীনক্ষত্রফলম্।

গ্রহণং রবিচন্দ্রমসোর্নাড়ীনক্ষত্রবাসরে যস্য।
অব্দার্দ্ধাভ্যন্তরতো দোষো নাড়ীসমস্তস্য॥ ১৯

গ্রহণ সময়ে যদি মনুষ্যের নাড়ীনক্ষত্র হয় তাহার ফল বর্ণিত হইতেছে। যে নক্ষত্রে সূর্য্য ও চন্দ্রের গ্রহণ হইবে সেই নক্ষত্র যদি মানবের জন্মাদিনাড়ীর মধ্যে কোন একটী নাড়ী হয় তাহা হইলে ছয়মাসমধ্যে ঐ ব্যক্তির সমুদয় নাড়ী দূষিত হইয়া থাকে। ১৯

---

(১) জন্মনক্ষত্র ও জন্মনক্ষত্র হইতে গণনায় দশম নক্ষত্র ও ঊনবিংতি নক্ষত্রের নাম ত্রিজন্মনক্ষত্র।

(২) জন্মনক্ষত্র হইতে গণনায় সপ্তম, ষোড়শ ও পঞ্চবিংশতি নক্ষত্রকে ত্রিনিধন বলা যায়।

(৩) জায়ান্ত্যখধর্ম্মাঃ সপ্তমদ্বাদশদশমনবমরাশয়ঃ।

(৪) উপক্রমে সুধাংশুভাস্করয়োরিতি দর্শনাচ্চন্দ্রমসমিতি সূর্য্যস্যাপ্যুপলক্ষণমিতি স্মার্ত্তাঃ।

গ্রহণপীড়িতানাং তেষামেব নাড়ীনক্ষত্রমশুভফলমাহ। গ্রহণমিতি। নাড়ীসমোদোষঃ নাড়ীনামাস্বরূপশুভফলমিতি তচ্চ পূর্ব্বমেব লিখিতমাস্তে। ১৯

### গ্রহণগতনাড়ীনক্ষত্রদোষোপশমনস্নানম্।

গ্রহণগ্রহপীড়িতনাড়ীনক্ষত্রদোষোপশমনায়।
সহশতপুষ্পৈঃ স্নায়াৎ ফলিনীফলচন্দনোশীরৈঃ॥ ২০

যে ব্যক্তির গ্রহণ সময়ে নাড়ীনক্ষত্র পতিত হয় তাহার সেই দোষ শান্তির নিমিত্তে শতপুষ্প (শুলূফা) প্রিয়ঙ্গু, জাতিফল, চন্দন ও বীরণমূলযুক্ত জলে স্নান করিলেই গ্রহণগত নাড়ী-নক্ষত্রদোষ বিনষ্ট হইবে। ২০

শতপুষ্পা শোলুফা ইতিখ্যাতা ফলিনী প্রিয়ঙ্গুঃ ফলং জাতীফলং উশীরং বীরণমূলং ইতিজ্যোতিস্তত্ত্বে স্মার্ত্তেন ব্যাখ্যাতং। এতৎপ্রতীকারমাহ। গ্রহণমিতি। শতপুষ্পং শোলফা ইতিপ্রসিদ্ধং ফলিনীফলং প্রিয়ঙ্গুফলমিত্যর্থঃ। অন্যচ্চ রাজমার্ত্তণ্ডে উক্তং যথা। গব্যপয়োগুড়-পূপং ঘৃতমধুদধিপায়সং ক্রমেণাহ। তরুণদ্বিজায় দদ্যাদনিষ্টনাড়ীবিশুদ্ধ্যর্থঃ। তাম্রপাত্রং তিলৈঃ পূর্ণমিত্যাদি। ঘৃতকুম্ভোপরি নিহিতমিত্যাদি। এষ চ প্রতীকারোগ্রহণসময়ে গ্রহণা-নন্তরং বা কার্য্যং। ন তু প্রাক্ যতঃ প্রতীকারোনৈমিত্তিকএব নিমিত্তানন্তরঞ্চ নৈমিত্তিকং ভূতস্যৈবর্গনিমিত্তত্বাৎ। এবঞ্চ যত্র যত্র প্রতীকার উক্তস্তত্র তত্র দোষকারণস্য পশ্চাদেব কর্ত্তব্য ইত্যর্থঃ। ২০

### অথ সূর্য্যগ্রহণে বিশেষঃ।

তাম্রপাত্রং তিলৈঃ পূর্ণং পূর্ণং বা গব্যসর্পিষা।
ভাস্করগ্রহণে দদ্যান্নাড়ীদোষোপশান্তয়ে॥ ২১

ইতিজ্যোতিস্তত্ত্বে।

সূর্য্যগ্রহণে নাড়ীদোষ প্রতীকারার্থে তাম্রপাত্রে তিলপূর্ণ করিয়া অথবা গব্যঘৃত পরিপূর্ণ করিয়া দান করিতে হইবে। ২১

### অথ চন্দ্রগ্রহণে বিশেষঃ।

ঘৃতকুম্ভোপরিনিহিতং শঙ্খং নবনীতপূরিতং দদ্যাৎ।
নাড্যাদিদোষশান্ত্যৈ দ্বিজায় দোষাকরগ্রহণে॥ ২২

ইতিজ্যোতিস্তত্ত্বে।

চন্দ্রগ্রহণে নাড়ীদোষ প্রতীকারের নিমিত্ত গব্যঘৃতপূর্ণ কুম্ভের উপরিভাগে নবনীত পূরিত শঙ্খ রাখিয়া অভিলাষপূর্ব্বক ব্রাহ্মণকে দান করিবে। ২২

### অথ স্বরাশ্যাদৌ গ্রহস্থিতে গ্রহণফলম্।

যস্য রাশৌ গ্রহাঃ পঞ্চাথ বা সপ্ত নরাধিপ।
গ্রহণং চন্দ্রসূর্য্যস্য গ্রহৈর্ব্বাষ্টমসংস্থিতৈঃ।

বলিদানং প্রকর্ত্তব্যং মাতৃণাং পূজনং হিতম্।
সূর্য্যস্যাভ্যর্চ্চনং কার্য্যং শিবস্যাশুভনাশনম্॥ ২৩

ইতিজ্যোতিস্তত্ত্বে।

যদি কোন মনুষ্যের জন্মরাশিতে পাঁচটি কি সাতটি গ্রহ অবস্থিত হ'ন কিংবা অষ্টমস্থানে গ্রহগণ থাকেন, আর সেই সময়ে চন্দ্র কি সূর্য্যগ্রহণ হয় তবে মাতৃগণের পূজা ও বলিদান করিবে, আর অশুভবিনাশের নিমিত্তে সূর্য্য ও শিবের অর্চ্চনা করিতে হইবে। ২৩

অথ গ্রহণফলকথনম্।

গ্রস্তাবুদিতাস্তমিতৌ শারদধান্যাবনীশ্বরক্ষয়দৌ।
সর্ব্বগ্রস্তৌ চ দুর্ভিক্ষমরকদৌ পাপসংদৃষ্টৌ॥ ২৪

ইতি বরাহসংহিতায়াম্।

অধুনা গ্রহণবিশেষে ফল কথিত হইতেছে,—গ্রস্তোদয় কি গ্রস্তাস্ত হইলে শরৎকালোৎপন্নধান্য ও অবনীপতির অমঙ্গল হয়, পাপগ্রহগণ কর্ত্তৃক দৃষ্ট হইয়া সর্ব্বগ্রস্ত হইলে দুর্ভিক্ষ ও মরকাদি হইয়া থাকে। ২৪

মুক্তে সপ্তাহান্তঃ পাংশুনিপাতোঽর্থসংক্ষয়ং কুরুতে।
নীহারোরোগভয়ং ভূকম্পঃ প্রচুরনৃপমৃত্যুম্॥ ২৫

ইতিবরাহসংহিতায়াম্।

গ্রহণান্তে সপ্তাহমধ্যে যদি পাংশুবৃষ্টি হয় তাহা হইলে অর্থক্ষয় হইবে, আর কুজ্ঝটিকা হইলে রোগভয় হয় এবং গ্রহণান্তে সপ্তাহমধ্যে ভূমিকম্প হইলে নৃপতিগণের অমঙ্গল হইয়া থাকে। ২৫

উল্কামন্ত্রিবিনাশং নানাবর্ণাঘনাশ্চ ভয়মতুলম্।
স্তনিতং গর্ভবিনাশং বিদ্যুন্নৃপদংষ্ট্রিপরিপীড়াম্॥ ২৬

ইতিবরাহসংহিতায়াম্।

গ্রহণের পর সপ্তাহমধ্যে উল্কাপাত হইলে রাজমন্ত্রীর বিনাশ হয়, নানাবর্ণ-মেঘ আকাশমধ্যে দৃষ্ট হইলে প্রাণিগণের অত্যন্ত ভয় হইয়া থাকে, আর মেঘগর্জ্জন হইলে গর্ভবতীর গর্ভবিনষ্ট হয় এবং বিদ্যুৎ দৃষ্ট হইলে নৃপতি দংষ্ট্রি-কর্ত্তৃক পীড়িত হইয়া থাকেন। ২৬

পরিবেশো * রুক্পীড়াং দিগ্দাহো নৃপবধঞ্চ সাগ্নিভয়ম্।
রুক্ষোবায়ুঃ প্রবলশ্চৌরসমুত্থং ভয়ং ধত্তে॥ ২৭

ইতিবরাহসংহিতায়াম্।

---

* বাতেন মণ্ডলীভূতঃ সূর্য্যাচন্দ্রমসোঃ করঃ। মালাভোব্যোম্নিতনুতে পরিবেশঃ প্রকীর্ত্তিতঃ। ইতিগ্রন্থান্তরে।

গ্রহণের সপ্তাহ মধ্যে পরিবেশ অর্থাৎ চন্দ্রমণ্ডল দৃষ্ট হইলে প্রাণিগণের দুঃখ ও পীড়া জন্মে, দিগ্‌দাহ হইলে নৃপতিনিধন ও অগ্নিভয় হয়, আর রুক্ষবায়ু বেগে প্রবাহিত হইলে চৌরভীতি হইয়া থাকে। ২৭

নির্ঘাতঃ * সুরচাপোদণ্ডশ্চ ক্ষুদ্ভয়ং স্বপরচক্রম্।
গ্রহযুদ্ধে নৃপযুদ্ধং কেতুশ্চ তথৈব নির্দ্দিষ্টঃ॥ ২৮

ইতিবরাহসংহিতায়াম্।

গ্রহণের সপ্তাহমধ্যে নির্ঘাত ( বায়ুকর্তৃক অভিহত হওয়াতে যে শব্দ হয় তাহা ) শ্রবণ এবং ইন্দ্রধনু ও দণ্ড দৃষ্ট হইলে প্রাণিগণের ক্ষুধাতে কষ্ট, স্বচক্র ও পরচক্রভয় হয় ; আর গ্রহযুদ্ধ হইলে নরপতিগণের যুদ্ধ হইয়া থাকে। ২৮

## অথগ্রহণদোষপ্রতিপ্রসবকথনম্।

অবিকৃত † সলিলনিপাতৈঃ সপ্তাহান্তঃ সুভিক্ষমাদেশ্যম্।
যচ্চাশুভং গ্রহণজং তৎসর্ব্বং নাশমুপযাতি॥ ২৯

ইতিবরাহসংহিতায়াম্।

গ্রহণদোষের প্রতিপ্রসব কথিত হইতেছে,—গ্রহণের সপ্তাহমধ্যে অবিকৃত করকাপাত ও ঝটিকাদি না হইয়া মেঘ হইতে বর্ষণ হইলে পৃথিবীতে প্রচুর শস্য জন্মিয়া সুভিক্ষ হয়, আর গ্রহণনিমিত্তক যে সকল দোষ তাহাও বিনষ্ট হইয়া থাকে। ২৯

## অথ গ্রহণে ভোজনব্যবস্থা।

চন্দ্রস্য যদি বা ভানোর্যস্মিন্নহনি ভার্গব।
গ্রহণন্তু ভবেত্তত্র তৎপূর্ব্বাং ভোজনক্রিয়াম্।
নাচরেৎ সগ্রহে চৈব তথৈবাস্তমুপাগতে।
যাবৎস্যান্নোদয়স্তস্য নাশ্নীয়াত্তাবদেব তু।
মুক্তিং দৃষ্ট্বা তু ভুঞ্জীত স্নানং কৃত্বা পরেঽহনি॥ ৩০

ইতিবিষ্ণুধর্ম্মোত্তরে।

অনন্তর গ্রহণে ভোজনের ব্যবস্থা কথিত হইতেছে,—চন্দ্রগ্রহণ কি সূর্য্যগ্রহণ যে দিবস হইবে সেদিন গ্রহণের পূর্ব্বে কি গ্রহণের সময়ে ভোজন করিবে না, আর গ্রস্তাস্ত হইলে যে পর্য্যন্ত পুনর্ব্বার উদয় দর্শন না হয় তাবৎ ভোজন নিষেধ ; পরদিন উদিত হইলে দর্শনপূর্ব্বক স্নান করিয়া ভোজন করিতে হইবে। ৩০

* যদান্তরীক্ষে বলবান্ মারুতোমরুতাহতঃ। পতত্যধোযোনির্ঘোষো নির্ঘাতঃ স উদাহৃতঃ॥। ইতিগ্রহান্তরে।

† অবিকৃতেতিকরকাদিরহিতোর্থঃ। ইতিতিথিতত্ত্বে।

চন্দ্রসূর্য্যগ্রহে ভুক্ত্বা প্রাজাপত্যেন শুদ্ধ্যতি।
তস্মিন্নেব দিনে * ভুক্ত্বা ত্রিরাত্রাচ্ছুদ্ধিরিষ্যতে ॥ ৩১

ইতিদেবলঃ।

দেবল কহিয়াছেন,—চন্দ্রগ্রহণ-সময়কালীন ভোজন করিলে প্রাজাপত্যব্রত করিতে হয়, গ্রহণদিবসে নিষিদ্ধ কালমধ্যে যেব্যক্তি ভোজন করে সে ত্রিরাত্র উপাস করিলে শুদ্ধ হইবে। ৩১

আদিত্যেঽহনি সংক্রান্তৌ গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ।
পারণঞ্চোপবাসঞ্চ ন কুর্য্যাৎ পুত্রবান্ গৃহী ॥ † ৩২

ইতিতিথিতত্ত্বে।

রবিবার সংক্রান্তিনিমিত্তক এবং চন্দ্রগ্রহণ ও সূর্য্যগ্রহণে পুত্রবান্ গৃহস্থ পারণ ও উপবাস করিবে না। ৩২

## অথ গ্রহণপূর্ব্বভোজননিষেধমাহ।

সূর্য্যগ্রহে তু নাশ্নীয়াৎ পূর্ব্বং যামচতুষ্টয়ম্।
চন্দ্রগ্রহে তু যামাংস্ত্রীন্ বালবৃদ্ধাতুরৈর্ব্বিনা ॥ ৩৩

ইতিবৃহদ্গৌতমঃ।

গ্রহণের পূর্ব্বে ভোজন-নিষেধ কথিত হইতেছে,—বালক, বৃদ্ধ ও রোগী ভিন্ন মনুষ্য সূর্য্যগ্রহণের চারিপ্রহর পূর্ব্ব হইতে এবং চন্দ্রগ্রহণের তিনপ্রহর পূর্ব্ব হইতে ভোজন করিবে না। ৩৩

## চন্দ্রস্য গ্রস্তোদয়ে বিশেষমাহ।

গ্রস্তোদয়ে বিধোঃ পূর্ব্বং নাহর্ভোজনমাচরেৎ ॥ ৩৪

ইতিবৃহদ্বশিষ্ঠঃ।

চন্দ্রের গ্রস্তোদয়ে বিশেষ কথিত হইতেছে,—বৃহদ্বশিষ্ঠ কহিয়াছেন, চন্দ্রের গ্রস্তোদয় হওয়ার একদিন পূর্ব্ব হইতে ভোজন নিষিদ্ধ। ৩৪

## অথ বালবৃদ্ধাতুরবিষয়ে।

সায়াহ্নে গ্রহণং চেৎ স্যাদপরাহ্নে ন ভোজনম্।
অপরাহ্নে ন মধ্যাহ্নে মধ্যাহ্নে চেন্ন সঙ্গবে।

* তস্মিন্নেব দিনে তদ্দিবসীয়নিষিদ্ধকালাভ্যন্তরে, ইতিতিথিতত্ত্বে স্মার্ত্তেন ব্যাখ্যাতঃ।

† অত্র বচনে উপবাসনিষেধাৎ পুত্রিণোগৃহস্থস্যাপি গ্রস্তাস্তেঽপি নোপবাসঃ কিন্তু গ্রহণানন্তরং পূর্ব্বং বা নির্দ্দোষকালে তেন কিঞ্চিদ্ভক্ষ্যমিতিসংবৎসরপ্রদীপঃ।

সঙ্গবে * গ্রহণং চেৎ স্যান্ন পূর্ব্বং ভোজনক্রিয়া॥ ৩৫

ইতিমার্কণ্ডেয়ঃ।

বালক, বৃদ্ধ ও রোগীদিগের সম্বন্ধে মার্কণ্ডেয় বলিয়াছেন যে,—সায়াহ্ন-কালে গ্রহণ হইলে বালক, বৃদ্ধ ও রোগী ব্যক্তি অপরাহ্নে ভোজন করিবে না, এইরূপ অপরাহ্নে গ্রহণ হইলে মধ্যাহ্নে,মধ্যাহ্নে হইলে সঙ্গবে এবং সঙ্গবে গ্রহণ হইলে প্রাতঃকালে ভোজন নিষিদ্ধ। ৩৫

### অথ গ্রহদর্শনে স্নানমাহ।

সংক্রমে গ্রহণে চৈব ন স্নায়াদ্যস্তু মানবঃ।
সপ্তজন্মসু কুষ্ঠী স্যাদ্দুঃখভাগী চ সর্ব্বদা॥ ৩৬

ইতিবৃহদ্বশিষ্ঠঃ।

গ্রহণদর্শনের স্নানের আবশ্যকতা কথিত হইতেছে,—বৃহদ্বশিষ্ঠ কহিয়াছেন, যে ব্যক্তি সংক্রান্তিতে এবং গ্রহণনিমিত্তে স্নান না করে সে সপ্তজন্ম পর্য্যন্ত কুষ্ঠরোগী হয় আর সদাকাল দুঃখভাগী হইয়া থাকে। ৩৬

সূতকে মৃতকে চৈব ন দোষোরাহুদর্শনে।
স্নানমাত্রস্তু কর্ত্তব্যং দানশ্রাদ্ধবিবর্জ্জিতম্॥ ৩৭

ইতিসংবৎসরপ্রদীপঃ।

সংবৎসর প্রদীপধৃতবচনে কথিত হইয়াছে যে—জননাশৌচ কি মরণাশৌচ-সমানকালীন যদি গ্রহণ হয় তাহা দর্শন করিতে পারিবে এবং সাঙ্গস্নান কর্ত্তব্য, কিন্তু গ্রহণ নিমিত্তকদান ও শ্রাদ্ধ করিতে পারে না। ৩৭

### অথ রাহুদর্শনে সূতককথনম্।

সর্ব্বেষামেব বর্ণানাং সূতকং রাহুদর্শনে।
স্নাত্বা কর্ম্মাণি কুর্ব্বীত শৃতমন্নং বিবর্জ্জয়েৎ॥ ৩৮

ইতিতিথিতত্ত্বে॥

রাহুদর্শনে অশৌচ কথিত হইতেছে,—গ্রহণদর্শন করিলে সকল বর্ণেরই অশৌচ হয়, অতএব স্নান করিয়া কর্ম্ম করিবে এবং পূর্ব্বের পকান্নও পরিত্যাগ করিতে হইবে। ৩৮

---

* প্রাতঃকালোমুহূর্ত্তাংস্ত্রীন্ সঙ্গবস্তাবদেব তু। মধ্যাহ্নস্ত্রিমুহূর্ত্তঃ স্যাৎ অপরাহ্নস্তত.পরম্। সায়াহ্নস্ত্রিমুহূর্ত্তঃ স্যাদিত্যাদি।

‡ অত্রাশৌচেঽপি সাঙ্গং স্নানং কর্ত্তব্যং ন শ্রাদ্ধাদি। ইতিস্মার্ত্তেনোক্তম্।

## অথ গ্রহণাদর্শিনোঽপি মুক্তিস্নানকথনম্।

গ্রহণে শাবমাশৌচং বিমুক্তৌ সৌতিকং স্মৃতম্।
তয়োঃ সম্পত্তিমাত্রেণ উপস্পৃশ্য ক্রিয়াক্রমঃ॥ ৩৯

ইতিব্রহ্মাণ্ডপুরাণম্।

গ্রহণ হইলে মৃতাশৌচ হয় এবং গ্রহণমুক্ত হইলে জননাশৌচ হইয়া থাকে অতএব গ্রহণান্তে স্নান করিয়া ক্রিয়া করিতে হইবে। ৩৯

## অথ গ্রহণাদৌ পর্য্যুষিতান্নবর্জ্জনকথনম্।

প্রেতশ্রাদ্ধে যদুচ্ছিষ্টং গ্রহে পর্য্যুষিতঞ্চ যৎ।
দম্পত্যোর্ভুক্তশেষঞ্চ ন ভুঞ্জীত কদাচন॥ ৪০

ইতিস্মৃতৌ।

স্মৃতির বচনে উক্ত হইয়াছে যে,—প্রেতশ্রাদ্ধের পাত্রাবশিষ্টান্ন গ্রহণসময়ের স্থিত অন্ন এবং গৃহস্বামী ও গৃহিণীর ভোজনানন্তর পাকস্থলীর অবশিষ্টান্ন কদাচও ভোজন করিবে না। ৪০

## অথ বৈধগ্রহণদর্শনফলম্।

চন্দ্রে বা যদি সূর্য্যে দৃষ্টে রাহৌ মহাগ্রহে।
অক্ষয়ং কথিতং পুণ্যং তত্রাপ্যর্কেবিশেষতঃ॥ ৪১

ইতিমার্কণ্ডেয়ঃ।

অনন্তর বৈধ গ্রহণ দর্শনের ফল কথিত হইতেছে,—চন্দ্রগ্রহণ কি সূর্য্যগ্রহণ যদি কোন মানব দর্শন করে তবে তাহার অক্ষয় পুণ্য হয়, বিশেষতঃ সূর্য্যগ্রহণ দর্শনে অধিক পুণ্য হইয়া থাকে। ৪১

## অথ বৈধেতরগ্রহণদর্শননিষেধকথনম্।

তৈলে জলে তথা বক্ত্রমাদর্শে চ মলান্বিতে।
ন পশ্যেন্ন তথা পশ্যেদুপরক্তং দিবাকরম্॥

ইতিবিষ্ণুধর্ম্মোত্তরে।

বৈধেতরগ্রহণদর্শন নিষেধ কথিত হইতেছে,—তৈলে, জলে ও মলযুক্ত দর্পণে মুখদর্শন নিষিদ্ধ এবং সূর্য্যগ্রহণ দর্শন করিতে নাই। ৪২

ইতিগ্রহণম্।

# অথ ভূকম্পশুভাশুভগণনম্।

মীনে কুলীরে মকরে চ কূর্ম্মঃ সিংহে (১) তুলায়াং মিথুনে ফণীশঃ।
কুম্ভে (২) ধনুঃ কন্যকয়োর্ধরিত্রী মেষে বৃষালোর্দ্দিগিভাশ্চকম্পি ॥ ১(৩)

ইতিজ্যোতিঃসারে।

অনন্তর ভূমিকম্পের শুভাশুভ বিষয় বর্ণিত হইতেছে—মীন, কর্কট ও মকর লগ্নে ভূমিকম্প হইলে কূর্ম্ম (কচ্ছপ) বিচলিত হইয়াছে জানিতে হইবে; এইরূপ সিংহ, তুলা ও মিথুনলগ্নে নাগ (অনন্ত) কুম্ভ, ধনু ও কন্যালগ্নে স্বয়ং পৃথিবী এবং মেষ, বৃষ ও বৃশ্চিকলগ্নে ভূমিকম্প হইলে দিগ্‌গজগণ বিচলিত হইয়া থাকে। ১

অস্য ফলম্।

কচ্ছপে চলিতে মৃত্যুর্দ্দুর্ভিক্ষমথ পন্নগে।
কুশলং (৪) সর্ব্বজন্তূনাং পৃথিব্যাঞ্চ গজেঽপি চ ॥ ২

ইতিজ্যোতিঃসারে।

কূর্ম্মাদি চালিত হইলে কি ফল হয় তাহা বর্ণিত হইতেছে,—কচ্ছপ চালিত হইলে অত্যন্ত মরক হয় এইরূপ নাগে দুর্ভিক্ষ এবং পৃথিবী ও হস্তীগণ বিচলিত হইলে সকল প্রাণীর মঙ্গল হইয়া থাকে। ২

অন্যচ্চ।

কীটে মীনে মৃগাধিপে যদি মহী কূর্ম্মো ধ্রুবং কম্পতে
কন্যায়াং মিথুনে ভুজঙ্গমপতির্ম্মেষে বৃষে দন্তিনঃ।
শৈলস্তৌলিঘটে প্রকীর্ত্তিতমিদং ব্যাসাদিগর্গাদিভিঃ
শেষস্থাধরণী যদা বিচলতে সর্ব্বত্র সংকারিণী ॥ ৩

ইতিগ্রন্থান্তরে।

গ্রন্থান্তরে কথিত হইয়াছে যে,—বৃশ্চিক, মীন ও সিংহলগ্নে ভূকম্প হইলে কূর্ম্ম চালিত হয়, এইরূপ কন্যা, ও মিথুনলগ্নে সর্প, মেষ ও বৃষলগ্নে হস্তী, তুলা ও কুম্ভলগ্নে পর্ব্বত এবং কর্কট ও ধনুর্লগ্নে ভূকম্প হইলে পৃথিবী স্বয়ং চালিতা হইয়া থাকেন। ৩

১ কুম্ভে তুলাযাং মিথুনে ফণীশঃ ইতিগ্রন্থান্তরে।

২ সিংহে ধনুঃকন্যকয়োর্ধরিত্রী। পুস্তকান্তরে।

৩ ইতিলগ্নপরমিতি প্রাচীনাঃ।

৪ আরোগ্যং সুখসম্পত্তিঃ পৃথিব্যাঞ্চ গজেঽপি চ। ইতিগ্রন্থান্তরে। কুশলং সর্ব্বরাজ্যেষু পৃথিব্যাং চলিতে গজে। ইত্যপি পুস্তকান্তরে।

অপরঞ্চ।

বৃষবৃশ্চিকমেষেষু গজাশ্চ পরিকম্পিতাঃ।
মৃগকর্কটয়োশ্চাপি কচ্ছপং পরিকীর্ত্তিতঃ।
কন্যামিথুনসিংহেষু পন্নগাঃ কম্পিতা ক্রমম্।
শেষে রাশৌ বসুমতী কম্পিতা শুভদা স্মৃতা॥ ৪

ইতিগ্রন্থান্তরে।

বচনান্তরে উক্ত হইয়াছে যে,—বৃষ, বৃশ্চিক, ও মেষলগ্নে ভূমিকম্প হইলে হস্তীগণ বিচলিত হয়; এইরূপ মকর ও কর্কটলগ্নে কচ্ছপ, কন্যা, মিথুন ও সিংহলগ্নে সর্প এবং তুলা, ধনু; কুম্ভ ও মীনলগ্নে ভূমিকম্প হইলে বসুমতী স্বয়ং বিচলিতা হইয়া থাকেন এবং ঐ কম্প শুভদ হয়। ৪

ফলম্।

কচ্ছপে মরণং ঘোরং দুর্ভিক্ষং পরিকীর্ত্তিতম্।
পৃথিব্যাং শুভমতুলং শুভঞ্চ পন্নগে স্মৃতম্।
গজেষু নরনাশঃ স্যাদ্ব্যাসাদিবচনং যথা॥ ৫

ইতিগ্রন্থান্তরে।

কচ্ছপ চালিত হইলে মারী ও দুর্ভিক্ষ হয়, এইরূপ পৃথিবী স্বয়ং চালিতা হইলে অতিশয় মঙ্গল, সর্প কম্পনে শুভ এবং হস্তীগণ বিচলিত হইলে মানবের মৃত্যু হইয়া থাকে। ৫

অথ ঋতুফলম্।

হেমন্তে চ বসন্তে চ যদা চলতি মেদিনী।
দিবা দুর্ভিক্ষমরণং রাত্রৌ কম্পঃ শুভাবহঃ।
বর্ষাকালে তথা গ্রীষ্মে শরচ্ছিশিরয়োরপি।
রাত্রৌ কম্পস্ত্বনাবৃষ্টি দুর্ভিক্ষং পীড়নং প্রজাঃ॥ ৬ *

ইতিগ্রন্থান্তরে।

হেমন্তঋতুতে ও বসন্তকালে যদি দিবাতে ভূমিকম্প হয় তাহা হইলে দুর্ভিক্ষ ও মরক হয় এবং রাত্রিতে হইলে শুভ হইয়া থাকে। আর বর্ষাঋতুতে, গ্রীষ্মে, শরৎকালে ও শিশির ঋতুতে রাত্রিতে ভূমিকম্প হইলে অনাবৃষ্টি, দুর্ভিক্ষ ও প্রজার পীড়া হয়। ৬

* দিবাকম্পে চ দুর্ভিক্ষমনাবৃষ্টিশ্চ জায়তে। ইতি গ্রন্থান্তরে বিরুদ্ধবচনমস্তি॥

অথ বারফলম্।

রবিশনিকুজবারে ভূমিকম্পো যদি স্যাৎ।
তদপি মনুজপীড়াং শস্যহানিং করোতি।
দহতি সকলরাজ্যং ছত্রভঙ্গোনৃপাণাম্।
ভবতি বিষমযুদ্ধং সংশয়স্ত্যেব লোকাঃ॥ ৭

ইতিগ্রন্থান্তরে।

রবি, শনি কি মঙ্গলবারে যদি ভূমিকম্প হয় তাহা হইলে মনুষ্যের পীড়া, শস্যক্ষতি, সর্ব্বস্থানে অগ্নিদাহ, রাজছত্রভঙ্গ, ঘোরতরযুদ্ধ ও মনুষ্যগণের নানারূপ সংশয় হইয়া থাকে। ৭

শীঘ্রং শীঘ্রং চলতি বসুধা চন্দ্রসূর্য্যোপরাগে
লোকে বহ্নির্জ্জ্বলতি সলিলং চঞ্চলং বা কদাচিৎ।
পৃথ্বী শস্যং ন ফলতি জনোৎপাতকঙ্কালমালা
যুদ্ধে রাজা ন ভবতি জয়ী নষ্টচেষ্টাং করোতি॥ ৮

ইতিগ্রন্থান্তরে

চন্দ্রগ্রহণ কি সূর্য্যগ্রহণ সময়ে যদি পুনঃ পুনঃ ভূমিকম্প কি অগ্নিকাণ্ড অথবা জলকম্প হয় তাহা হইলে পৃথিবী শস্য প্রসব করে না, জনগণের নানারূপ উৎপাত হয়, আর যুদ্ধে রাজার পরাজয় ঘটে এবং চেষ্টা ব্যর্থ হইয়া থাকে। ৮

## অথাম্বুবাচীকথনম্।

আর্দ্রাদিতোবিশাখান্তং রবিচারেণ বর্ষতি।
তস্যাশ্চ প্রথমে পাদেঽম্বুবাচী॥ ১

ইতিনবীনবর্দ্ধমানধৃতম্।

অনন্তর অম্বুবাচী বর্ণিত হইতেছে,—নব্যবর্দ্ধমানধৃতবচনে কথিত হইয়াছে যে—আর্দ্রা হইতে বিশাখা পর্য্যন্ত একাদশ নক্ষত্রে যতদিন রবি অবস্থান করিবেন সেইকাল পর্য্যন্ত বর্ষণ হইবে। আর আর্দ্রানক্ষত্রের প্রথমপাদে রবির অবস্থান-কালে অম্বুবাচী হইয়া থাকে। ১

যস্মিন্ বারে সহস্রাংশুর্যৎকালে † মিথুনং ব্রজেৎ।
অম্বুবাচী ভবেন্নিত্যং পুনস্তৎকালবারয়োঃ॥ ২

ইতিজ্যোতিষে।

পূর্ব্বার্দ্ধং জ্যোতিঃসারে লিখিতং।

এতচ্চ প্রামাণিকং। ইতিমলমাসতত্ত্বে তিথিতত্ত্বে চ স্মার্ত্তেনাভিহিতম্।

জ্যোতিষ বচনে কথিত হইয়াছে যে,—যে ভাবে যে সময়ে সূর্য্য মিথুনরাশিতে গমন করিবেন সেইভাবে সেই সময়ে অম্বুবাচী হইয়া থাকে। ২

মৃগশিরসি নিবৃত্তে রৌদ্রপাদেঽম্বুবাচী
ঋতুমতী খলুপৃথ্বী বর্জ্জয়েৎত্রীণ্যহানি।
যদি বপতি কৃষাণঃ ক্ষেত্রমাসাদ্য বীজং
ন ভবতি ফল * ভোগঃ শস্যচাণ্ডালপাকঃ॥ ৩

ইতিরাজমার্ত্তণ্ডে।

রাজমার্ত্তণ্ডে কথিত হইয়াছে,—মৃগশিরানক্ষত্র শেষ হইয়া আর্দ্রানক্ষত্রে ভোগ আরম্ভ হইলে অম্বুবাচী অর্থাৎ তিনদিন পর্য্যন্ত পৃথিবী ঋতুমতী থাকেন। অম্বুবাচীর মধ্যে কৃষক যদি ক্ষেত্রে বীজবপন করে, তাহাতে শস্য উৎপন্ন হইলে ভোগ করিতে পারে না; আর শস্য চাণ্ডালপাকতুল্য হইয়া থাকে। ৩

অন্যচ্চ

আর্দ্রাদ্যপাদগে সূর্য্যে ত্র্যহং পৃথ্বী রজস্বলা।
অম্বুবাচীতি সংজ্ঞং তৎস্বাধ্যায়ং তত্র বর্জ্জয়েৎ॥ ৪

আর্দ্রানক্ষত্রের প্রথমপাদে সূর্য্য অবস্থান করিলে তিনদিন পৃথিবী রজস্বলা হয়, ঐ কালকে অম্বুবাচী বলা যায়, ইহাতে অধ্যয়ন করিবে না। ৪

অপরঞ্চ

রজোযুক্ক্ষ্মা † ম্বুবাচী চ রৌদ্রাদ্যপাদগে রবৌ।
তস্যাং পাঠোবীজবাপোনাহিভীর্দুগ্ধপানতঃ॥ ৫ ‡

ইতিজ্যোতিষে।

আর্দ্রানক্ষত্রের প্রথমপাদে রবি থাকিলে পৃথিবী ঋতুমতী হয় এবং ঐ কালকে অম্বুবাচী বলা যায়, অম্বুবাচীতে বেদাদি পাঠ ও বীজবপন করিবে না। আর ঐ কালে দুগ্ধপান করিলে সর্পভয় থাকে না। ৫

প্রকারান্তরঞ্চ

আর্দ্রার্কে চাম্বুবাচী স্যাদ্ভূমিস্তত্র রজস্বলা। ।
ভূমেরুৎখননং তত্র কুর্ব্বন্ ভবতি কিল্বিষী॥ ৬

* ন ভবতি ফলভাগীতি পাঠান্তরমস্তি।

† রজোযুক্ক্ষ্মা ঋতুমতী পৃথ্বী। ইতি তিথিতত্ত্বে স্মার্ত্তেন ব্যাখ্যাতম্।

‡ আর্দ্রায়াঃ প্রথমে পাদে ক্ষীরং পিবতি যোনরঃ। অপি রোষান্বিতস্তস্য তক্ষকঃ কিং করিষ্যতি। ইতিমলমাসতত্ত্বধৃতবচনম্।

। ইত্যাদিবচনাদম্বুবাচীয়ং কালস্যৈব ন তু ভূমেঃ।

আর্দ্রানক্ষত্রে রবি গমন করিলে অম্বুবাচী হয় এবং এ সময়ে পৃথিবী রজস্বলা থাকেন। অম্বুবাচীতে ভূমিখনন করিলে মনুষ্য পাপী হইয়া থাকে। ৬

অম্বুবাচ্যাং নিষিদ্ধানিষিদ্ধকর্ম্মাণি।

অম্বুবাচ্যাং ভূখননং যঃ করোতীহ মানবঃ।
স যাতি কৃমিদংশঞ্চ স্থিতিস্তত্র চতুর্গুণম্॥ ৭

অনন্তর অম্বুবাচীতে নিষিদ্ধানিষিদ্ধ কর্ম্ম কথিত হইতেছে,—অম্বুবাচীর মধ্যে যে ব্যক্তি ভূমিখনন করে সে কৃমিদংশকনামক নরকে চতুর্গুণকাল বাস করিয়া থাকে। ৭

অন্যচ্চ

অম্বুবাচ্যাং ভূখননং জলে শৌচকাদিস্তথা।
নিষ্ঠীবনং তথা কৃত্বা ব্রহ্মহত্যাং লভেত সঃ॥ ৮

ইতিপ্রকৃতিখণ্ডে।

প্রকৃতিখণ্ডেও কথিত হইয়াছে যে, অম্বুবাচীমধ্যে ভূমিখনন, জলমধ্যে শৌচাদিক্রিয়া ও শ্লেষ্মাদি নিক্ষেপ করিলে ব্রহ্মহত্যার পাপ হয়। ৮

জ্যৈষ্ঠআষাঢ়য়োর্ম্মধ্যে কল্পদাহোদিনত্রয়ম্।
যোষিদ্ভিস্তত্র কর্ত্তব্যং ব্রতং বৈষ্ণবমুত্তমম্॥ ৯

ইতিকৃত্যচিন্তামণৌ।

কৃত্যচিন্তামণিগ্রন্থে কথিত হইয়াছে,—জ্যৈষ্ঠ ও আষাঢ়ের মধ্যে দিনত্রয় পর্য্যন্ত কল্পদাহ হয়, এ তিনদিন মহিলাগণ বৈষ্ণবব্রতে নিরত থাকিবেন। ৯

কল্পদাহে ন কুর্ব্বীত বিধবা চাগ্নিসেবনম্।
দ্বিজাশ্চ ব্রহ্মনির্ঘোষং ন কুর্ব্বীরন্ মুমুক্ষবঃ॥ ১০

ইতিকৃত্যচিন্তামণৌ।

কৃত্যচিন্তামণির বচনান্তরে কথিত হইয়াছে যে,—কল্পদাহে বিধবার অগ্নিস্পর্শ নিষেধ এবং দ্বিজাতিগণ এ তিনদিন বেদাধ্যয়ন করিতে পারিবে না। ১০

যতিনোব্রতিনশ্চৈব বিধবা চ দ্বিজস্য চ *
অম্বুবাচীদিনে চৈব পাকং কৃত্বা ন ভক্ষয়েৎ॥ ১১

ইতিজ্যোতিস্তত্ত্বে।

ব্রহ্মচারী, গৃহীতব্রতমনুষ্য এবং ব্রাহ্মণের বিধবা ইহারা অম্বুবাচী মধ্যে পাক করিয়া ভোজন করিবে না, অর্থাৎ পক্বান্ন ভক্ষণ নিষিদ্ধ, উক্ত বচনের পাঠান্তর দেখিয়া জানা যায় যে বিধবামাত্রে এবং দ্বিজাতিগণেরও পক্বান্ন ভক্ষণ অকর্ত্তব্য। ১১

---

* বিধবা চ দ্বিজস্তথা। ইতিকচিৎপুস্তকে পাঠঃ।

স্বপাকং পরপাকং বা অম্বুবাচীদিনে তথা।

ভক্ষণং নৈব কর্ত্তব্যং চাণ্ডালান্নসমং স্মৃতম্॥ ১২

সম্বৎসরপ্রদীপধৃতবচনে কথিত হইয়াছে যে,—অম্বুবাচীর মধ্যে স্বীয় পক্বই হউক অন্যের পক্বই হউক, অন্ন কখনই ভোজন করিবে না, যে হেতু ঐ পক্ব অন্ন চাণ্ডালান্ন সদৃশ হইয়া থাকে। ১২

অম্বুবাচীমধিকৃত্য।

সাপেক্ষে দৈবপৈত্রে চ বীজোপ্তিহলবাহনম্।

ন স্বাধ্যায়ং বষট্কারো ন দেবপিতৃতর্পণম্॥ ১৩

সাপেক্ষ দেবকার্য্য ও পিতৃকর্ম্ম, বীজবপন, হলবাহন, বেদাদি অধ্যয়ন, হোমাদি এবং দেবতর্পণ ও পিতৃতর্পণাদি নিষিদ্ধ। ১১

অন্যচ্চ।

হলানাং বাহনঞ্চৈব বীজানাং বপনন্তথা।

দিনত্রয়ং ন কুর্ব্বীত যাবৎপৃথ্বীরজস্বলা॥ ১৪

পৃথিবী যে দিন ঋতুমতী হইয়া থাকেন সেই তিনদিন হলবাহন কি বীজবপন করিবে না। ১৪

অপরঞ্চ।

একোদ্দিষ্টং বৃষোৎসর্গং নিত্যঞ্চ প্রেতকর্ম্ম চ।

এতান্ন হাপয়েদ্বিদ্বান্ কাম্যং কিঞ্চিন্ন চাচরেৎ॥ ১৫

অম্বুবাচীর মধ্যে মুখ্যকালে একোদ্দিষ্ট ও বৃষোৎসর্গ করিতে পারিবে, নিত্যকর্ম্ম এবং প্রেতকর্ম্মও পরিত্যাগ করিবে না, কিন্তু অনাবদ্ধ কাম্য কোন কর্ম্মই কর্ত্তব্য নহে। ১৫

প্রকারান্তরঞ্চ।

ধরণ্যামৃতুমত্যাঞ্চ ভূমিকম্পে তথৈব চ।

অন্তরাগমনে * চৈব বিদ্যাং নৈব পঠেন্নরঃ॥ ১৬

মৎস্যসূক্তে কথিত হইয়াছে যে,—পৃথিবী ঋতুমতী হইলে, ভূমিকম্প হইলে এবং গুরুর নিকট পাঠারম্ভকালীন পশ্বাদি মধ্য দিয়া গমন করিলে অধ্যয়ন করিতে পারিবে না। ১৬

ইত্যম্বুবাচীকথনম্।

---

* পশুমণ্ডূকনকুলশ্বাহিমার্জ্জারমূষিকৈঃ। গতেঽন্তরে ত্বহোরাত্রং শিষ্টে চ গৃহমাগতে। ইতিপশ্বাদিগমনেঽধ্যয়ননিষেধকথনম্।

## অথযুগাদ্যা।

বৈশাখে শুক্লপক্ষে তু তৃতীয়ায়াং কৃতং যুগম্।
কার্ত্তিকে শুক্লপক্ষে তু ত্রেতাথ নবমেঽহনি।
অথ ভাদ্রপদেকৃষ্ণত্রয়োদশ্যান্তু দ্বাপরম্।
মাঘে চ পৌর্ণমাস্যাং বৈ ঘোরং কলিযুগং স্মৃতম্।
যুগারম্ভাস্তু তিথয়োযুগাদ্যাস্তেন বিশ্রুতাঃ॥ ১

ইতিব্রহ্মপুরাণে।

অনন্তর যুগাদ্যা কথিত হইতেছে,—বৈশাখমাসের শুক্লপক্ষের তৃতীয়াতে সত্যযুগোৎপত্তি হইয়াছিল। এইরূপ কার্ত্তিকের শুক্লানবমীতে ত্রেতাযুগোৎপত্তি, ভাদ্রের কৃষ্ণাত্রয়োদশীতে দ্বাপরযুগোৎত্তি এবং মাঘমাসের পূর্ণিমা-তিথিতে কলিযুগোৎপত্তি হইয়াছিল। এই চারি তিথিতে যুগের আরম্ভ হইয়াছিল বলিয়া যুগাদ্যাতিথি বলা যায়। ১

বৈশাখমাসস্য তু যা তৃতীয়া নবম্যসৌ কার্ত্তিকশুক্লপক্ষে।
নভস্য মাসস্য তমিস্রপক্ষে ত্রয়োদশী পঞ্চদশী চ মাঘে।
এতা যুগাদ্যাঃ কথিতাঃ পুরাণৈরনন্তপুণ্যাস্তিথয়শ্চতস্রঃ॥ ২

ইতিবিষ্ণুপুরাণে।

বিষ্ণুপুরাণেও কথিত হইয়াছে যে,—বৈশাখমাসের শুক্লাতৃতীয়া, কার্ত্তিকের শুক্লানবমী, ভাদ্রের কৃষ্ণাত্রয়োদশী ও মাঘের পৌর্ণমাসী এই সকল তিথিকে যুগাদ্যা বলা যায়, ইহাতে পুণ্যকর্ম্ম করিলে অনন্ত ফল হইয়া থাকে। ২

শুক্লা তৃতীয়া বৈশাখে প্রেতপক্ষে ত্রয়োদশী।
কার্ত্তিকে নবমীশুক্লা মাঘমাসে চ পূর্ণিমা।
এতে যুগাদয়ঃ প্রোক্তা দত্তস্যাক্ষয়কারিকাঃ। ৩

ইতিনারদীয়ে।

বচনান্তরে কথিত হইয়াছে,—বৈশাখের শুক্লাতৃতীয়া, ভাদ্রের প্রেতপক্ষের ত্রয়োদশী, কার্ত্তিকের শুক্লানবমী ও মাঘের পূর্ণিমা এই সকল তিথি যুগাদ্যা, ইহাতে দান করিলে অক্ষয় ফল হইয়া থাকে। ৩

---

## অথাক্ষয়া।

সোমবারেঽপ্যমাবস্যা আদিত্যাহে চ সপ্তমী।
চতুর্থ্যঙ্গারবারে চ অষ্টমী চ বৃহস্পতৌ।

অত্র যৎ ক্রিয়তে পাপমথ বা ধর্ম্ম সঞ্চয়ঃ।
কোটিজন্মসহস্রাণি প্রতিজন্ম তদক্ষয়ম্॥ ১
ইতিসারসংগ্রহে।

অক্ষয়া কথিত হইতেছে,—সোমবারে অমাবস্যা, রবিবারে সপ্তমী, মঙ্গলবারে চতুর্থী ও বৃহস্পতিবারে অষ্টমীতিথি হইলে ইহাদিগকে অক্ষয়াতিথি বলা যায়; অক্ষয়াতে পাপকর্ম্ম কি ধর্ম্মসঞ্চয় যাহাই করা হউক না কেন, সহস্রকোটি বর্ষ পর্য্যন্ত অক্ষয় হইয়া থাকে। ১

## অথ পুণ্যতরা।

শনৈশ্চরস্য বারেণ বারেণাঙ্গারকস্য চ।
কৃষ্ণাষ্টমীচতুর্দ্দশ্যৌ পুণ্যাৎ পুণ্যতরে স্মৃতে॥ ১

পুণ্যতরা কথিত হইতেছে,—শনিবারে কৃষ্ণাষ্টমী ও মঙ্গলবারে কৃষ্ণাচতুর্দ্দশী হইলে পুণ্যতরা বলা যায়। ১

## অথ মন্বন্তরা।

অশ্বযুক্‌শুক্লনবমী দ্বাদশী কার্ত্তিকী তথা।
তৃতীয়া চৈত্রমাসস্য তথা ভাদ্রপদস্য চ।
ফাল্গুনস্যাপ্যমাবস্যা পৌষস্যৈকাদশী তথা।
আষাঢ়স্যাপি দশমী তথা মাঘস্য সপ্তমী।
শ্রাবণস্যাষ্টমী কৃষ্ণা তথাষাঢ়স্য পূর্ণিমা।
কার্ত্তিকী ফাল্গুনী চৈত্রী জ্যৈষ্ঠীপঞ্চদশী তথা।
মন্বন্তরাদয়স্ত্বেতাদত্তস্যাক্ষয়কারিকাঃ॥ ১
ইতিভবিষ্যমৎস্যয়োঃ।

মন্বন্তরাতিথি কথিত হইতেছে,—আশ্বিনের শুক্লপক্ষীয় নবমীতিথিকে মন্বন্তরা বলা যায়। এইরূপ কার্ত্তিকের শুক্লাদ্বাদশী, চৈত্র ও ভাদ্রের শুক্লাতৃতীয়া, ফাল্গুনের অমাবস্যা, পৌষের শুক্লা একাদশী, আষাঢ়ের শুক্লা দশমী, মাঘের শুক্লাসপ্তমী, শ্রাবণের কৃষ্ণাষ্টমী এবং আষাঢ়, কার্ত্তিক, ফাল্গুন চৈত্র ও জ্যৈষ্ঠের পূর্ণিমা মন্বন্তরাতিথি হইয়া থাকে। মন্বন্তরাতিথিতে দান করিলে অক্ষয়ফল লাভ হয়। ১

## অথার্দ্ধোদয়যোগঃ।

'অমার্কপাতশ্রবণৈর্যুক্তা চেৎ পৌষমাঘয়োঃ।
অর্দ্ধোদয়ঃ সবিজ্ঞেয়ঃ কোটিসূর্য্যগ্রহৈঃ সমঃ। *
দিবৈব যোগঃ শস্তোঽয়ং ন তু রাত্রৌ কদাচন॥ † ১

ইতিপাশ্চাত্যনির্ণয়ামৃতে।

অনন্তর অর্দ্ধোদয়যোগ কথিত হইতেছে,—পৌষ কি মাঘের গৌণচান্দ্রের অমাবস্যাতিথিতে রবিবার, ব্যাতীপাতযোগ ও শ্রবণানক্ষত্র যুক্ত হইলে অর্দ্ধোদয়সংজ্ঞক যোগ হইয়া থাকে, এই যোগ কোটি সূর্য্যগ্রহণের তুল্য। দিবাতে উক্ত যোগ প্রশস্ত, রাত্রিতে ঐ যোগে ফল হয় না। ১

অর্দ্ধোদয়ে তু সংপ্রাপ্তে সর্ব্বং গঙ্গাসমং জলম্।
শুদ্ধাত্মানোদ্বিজাঃ সর্ব্বে ভবেয়ুর্ব্রহ্মসন্মিতাঃ।
যৎকিঞ্চিৎ ক্রিয়তে দানং তদ্দানং সেতুসন্নিভম্॥ ২

ইতিস্কন্দপুরাণে।

স্কন্দপুরাণে কথিত হইয়াছে,—অর্দ্ধোদয়যোগ হইলে সাধারণ জল গঙ্গাজলের তুল্য হয়, দ্বিজগণ ব্রহ্মসদৃশ হইয়া থাকেন। আর যে কিছু দ্রব্য দান করিলেই তাহাতে সেতুদানের তুল্য ফল হয়। অর্দ্ধোদয়যোগে অভিলাপ বাক্যে গৌণচান্দ্রমাস উল্লেখ করিতে হয়।

---

## অথ ব্যতীপাতযোগঃ।

শ্রবণাশ্বিধনিষ্ঠার্দ্রানাগদৈবতমস্তকে।
যদ্যমা রবিবারেণ ব্যতীপাতঃ স উচ্যতে। ‡ ১

ইতিবৃহন্মনুঃ।

ব্যতীপাতযোগ কথিত হইতেছে,—রবিবার অমাবস্যাতিথিতে যদি শ্রবণা, অশ্বিনী, ধনিষ্ঠা, আর্দ্রা, অশ্লেষা কি মৃগশিরানক্ষত্র যুক্ত হয়, তবে ব্যতীপাতযোগ হইয়া থাকে। ১

---

* সূর্য্যপর্ব্বশতাধিক ইতি কৃত্যচিন্তামণৌ পাঠঃ।

† স চ যোগোরবিবারব্যতীপাতশ্রবণনক্ষত্রৈর্যুক্তাচেৎ পৌষমাঘয়োরমাবস্যা স্যাত্তদ ভবতি। ইতি তিথিতত্ত্বে স্মার্ত্তেনাভিহিতম্। অত্রমাসোল্লেখোগৌণচান্দ্রেণ। গঙ্গাস্নানে কোটিসূর্য্যগ্রহণকালীনগঙ্গাস্নানজন্যপুণ্যসমপুণ্যপ্রাপ্তিঃ ফলং। এবং দানাদাবপি বোধ্যম্।

‡ নাগদৈবতমশ্লেষা মস্তকং মৃগশিরাঃ। ইতি প্রায়শ্চিত্ততত্ত্বে স্মার্ত্তেন ব্যাখ্যাতম্।

সংক্রান্তিষু ব্যতীপাতে গ্রহণে চন্দ্রসূর্য্যোয়োঃ।
পুণ্যে স্নাত্বা তু গঙ্গায়াং কুলকোটিঃ সমুদ্ধরেৎ॥ ২

ইতিব্রহ্মাণ্ডে।

ব্রহ্মাণ্ডপুরাণে কথিত হইয়াছে,—সংক্রান্তিতে, ব্যতীপাতযোগে, চন্দ্রগ্রহণে ও সূর্য্যগ্রহণে এবং পুষ্যাতে গঙ্গাস্নান করিলে কোটিকুল পর্য্যন্ত উদ্ধার হইয়া থাকে। ২

চতুর্দ্দশ্যাং যদা যোগোব্যতীপাতেন চার্দ্রয়া। *
তদা পুণ্যতমঃ কালোদেবানামপি দুর্ল্লভঃ।
তদা যঃ স্নাতি গঙ্গায়াং ভক্ত্যা তৎফলমাপ্নুয়াৎ।
যত্র যত্র বিপন্নোহি গঙ্গামরণজস্তুসঃ॥ ৩

ইতিগঙ্গামৃতগ্রন্থধৃতভবিষ্যপুরাণে।

গঙ্গামৃতগ্রন্থধৃত-ভবিষ্যপুরাণে উক্ত হইয়াছে,—চতুর্দ্দশীতিথিতে যদি ব্যতীপাতযোগ ও আর্দ্রানক্ষত্র যুক্ত হয়, তাহা হইলে পুণ্যতমকাল হইয়া থাকে, এমন কি ঐ কাল-দেবগণেরও দুর্ল্লভ, ইহাতে ভক্তিযুক্ত হইয়া গঙ্গাস্নান করিলে দেবদুর্ল্লভ ফল পাওয়া যায়। আর ঐ কালে যে কোন স্থানে প্রাণত্যাগ হইলে গঙ্গাতে মরণের ফললাভ হইয়া থাকে। ৩

## অথ চূড়ামণিযোগঃ।

সূর্য্যগ্রহঃ সূর্য্যবারে সোমে সোমগ্রহোভবেৎ।
চূড়ামণিরয়ং যোগস্তত্রানন্তফলং স্মৃতম্॥ † ১

ইতিগারুড়ে।

চূড়ামণিযোগ কথিত হইতেছে,—রবিবারে সূর্য্যগ্রহণ এবং সোমবারে চন্দ্রগ্রহণ হইলে চূড়ামণিযোগ হয়, উক্তযোগে গঙ্গাস্নান করিলে অনন্ত গঙ্গাস্নানের ফল হইয়া থাকে। এই যোগে রাত্রিতেও গঙ্গাস্নান করিবে; অভিলাপবাক্যে (অনন্ত গঙ্গাস্নানজন্যফলসমফলপ্রাপ্তিকামঃ) ইত্যাদি উল্লেখ করিতে হইবে। ১

---

* ব্যতীপাতেন চন্দ্রমাঃ। ইতিগঙ্গাবাক্যাবলুক্তপাঠোঽনম্বিতত্বাদ্ধেয়ঃ। ইতিপ্রায়শ্চিত্ততত্ত্বে স্মার্ত্তেন কথিতম্।

† অত্রানন্তগঙ্গাস্নানজন্যফলসমফলপ্রাপ্তিঃ ফলং। রাত্রাবপ্যনন্তহেন ফলমূহনীয়ম্।

# অথ নারায়ণীযোগঃ।

মূলর্ক্ষচাপসংযুক্তে * যদি সোমদিনে কুহুঃ।
নারায়ণীতি বিখ্যাতা ত্রিকোটিকুলমুদ্ধরেৎ॥ ১

মূলানক্ষত্রযুক্ত সৌরপৌষমাসে সোমবারে যদি অমাবস্যা তিথি হয়, তাহা হইলে নারায়ণীযোগ হইয়া থাকে। নারায়ণীযোগে করতোয়াতে স্নান করিলে ত্রিকোটিকুল উদ্ধার হয়। ১

করতোয়াজলং প্রাপ্য যোগে নারায়ণী শুভে।
প্রাতর্ম্মৌনেন যঃ স্নায়াত্রিকোটিকুলমুদ্ধরেৎ॥ ২

নারায়ণীযোগ হইলে প্রাতঃস্নানসময়ে মৌনাবলম্বনকরতঃ যে মনুষ্য করতোয়ার জলে স্নান করে, তাহার তিনকোটিকুল পর্য্যন্ত উদ্ধার হইয়া থাকে। ২

করতোয়াজলং প্রাপ্য যদি সোমযুতা কুহুঃ।
অরুণোদয়বেলায়াং সূর্য্যগ্রহশতৈঃ সমা॥ ৩

ইতিতিথিতত্ত্বধৃতাস্মৃতিঃ।

তিথিতত্ত্বধৃতস্মৃতির বচনে উক্ত হইয়াছে,—অমাবস্যাতিথিযুক্ত সোমবারে অরুণোদয়কালে করতোয়াজলে স্নানাদি করিলে বহুশত সূর্য্যগ্রহণসমানকালীন স্নানাদিতে যে ফল হয় তত্তুল্য ফল হইয়া থাকে। ৩

# অথ বারুণী।

বারুণেন † সমাযুক্তা মধৌ ‡ কৃষ্ণাত্রয়োদশী।
গঙ্গায়াং যদি লভ্যেত সূর্য্যগ্রহশতৈঃ সমা॥ ১

ইতিস্কন্দপুরাণে।

চৈত্রমাসের গৌণচান্দ্রের কৃষ্ণাত্রয়োদশীতিথিতে শতভিষানক্ষত্র যোগ হইলে সেই তিথি বারুণী নামে অভিহিতা হয়, ঐ সময়ে গঙ্গাস্নান করিলে বহুশতসূর্য্য গ্রহণজন্য গঙ্গাস্নানের ফলসম ফল হইয়া থাকে। ১

## অথ মহাবারুণী।

শনিবারসমাযুক্তা সা মহাবারুণী স্মৃতা।
গঙ্গায়াং যদি লভ্যেত কোটিসূর্য্যগ্রহৈঃ সমা॥ ২

ইতিস্কন্দপুরাণে।

---

* চাপার্কেমূলসংযুক্তা। ইতিপাঠান্তরমপি।

† বারুণং শতভিষা; ইতিতিথিতত্ত্বে।

‡ মধুশ্চৈত্রমাসঃ। ইতি চ তিথিতত্ত্বে স্মার্ত্তেন ব্যাখ্যাতম্।

শতভিষানক্ষত্রযুক্ত চৈত্রমাসের গৌণচান্দ্রের কৃষ্ণাত্রয়োদশীতে শনিবার যোগ হইলে মহাবারুণী হয়, ইহাতে গঙ্গাস্নান করিলে কোটিসূর্য্যগ্রহণজন্য ফলসমান ফল হইয়া থাকে। ২

অথ মহামহাবারুণী।

শুভযোগসমাযুক্তা শনৌ শতভিষা যদি
মহামহেতি বিখ্যাতা ত্রিকোটিকুলমুদ্ধরেৎ॥ * ৩

ইতিস্কন্দপুরাণে।

চৈত্রমাসের গৌণচান্দ্রের কৃষ্ণাত্রয়োদশীতে যদি শুভযোগ, শতভিষানক্ষত্র ও শনিবার যুক্ত হয় তাহা হইলে মহামহাবারুণী হইয়া থাকে, উক্তযোগে স্নান করিলে তিনকোটি পুরুষের উদ্ধার হয়। ৩

---

## অথ ব্রহ্মপুত্রস্নানে বিশেষযোগকথনম্।

পুনর্ব্বসৌ বুষে লগ্নে চৈত্রে মাসি সীতাষ্টমীম্।
লৌহিত্যবিরজে স্নায়াৎ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥ † ১

ইতিতিথিতত্ত্বে।

ব্রহ্মপুত্রস্নানে যোগ কথিত হইতেছে,—পুনর্ব্বসুনক্ষত্র ও বৃষলগ্ন যদি চৈত্রমাসের শুক্লাষ্টমীতে যোগ হয় তাহা হইলে ঐ যোগে ব্রহ্মপুত্রনদে স্নান করিলে মনুষ্য সকল পাপ হইতে মুক্ত হইয়া সকল তীর্থস্নানের ফললাভ করিয়া থাকে। ১

অথ বুধাষ্টমীযোগঃ।

পুনর্ব্বসুবুধোপেতাং চৈত্রে মাসি সিতাষ্টমীম্।
স্রোতঃসু বিধিবৎ স্নাত্বা বাজপেয়ফলং লভেৎ॥ ২

ইতিবিষ্ণুঃ।

* কুলং পুরুষং। ইতি যাজ্ঞবল্ক্যদীপকলিকা। অত্র সংজ্ঞাবিধেঃ সার্থকত্বায় নিমিত্তত্বেন মাসপক্ষতিথ্যুল্লেখানন্তরং মহাবারুণী মহামহাবারুণ্যাবুল্লেখনীয়ে শ্রাদ্ধে পার্ব্বণাদি সংজ্ঞোল্লেখবৎ পৌর্ণমাস্যমাবস্যয়োঃ পক্ষোল্লেখবচ্চ। মাসপক্ষতিথীনাঞ্চ নিমিত্তানাঞ্চেত্যাদিবচনাৎ। তেন চৈত্রেমাসি কৃষ্ণে পক্ষে ত্রয়োদশ্যাস্তিথৌ মহাবারুণ্যাং মহামহাবারুণ্যাং বা যথাযথং প্রযোজ্যং। ইতিতিথিতত্ত্বে স্মার্ত্তেনাভিহিতম্।

† পৃথিব্যাং যানি তীর্থানি সরিতঃ সাগরাদয়ঃ। সর্ব্বে লৌহিত্যমায়ান্তি চৈত্রে মাসি সিতাষ্টমী। স্নানমন্ত্রঃ। ব্রহ্মপুত্র মহাভাগ শান্তনোঃ কুলনন্দন। অমোঘাগর্ভসম্ভূত পাপং লৌহিত্য মে হর। ইতিতিথিতত্ত্বে স্মার্ত্তেন ধৃতম্।

বুধাষ্টমীযোগ কথিত হইতেছে,—বিষ্ণু বলিয়াছেন, বুধবারে চৈত্রমাসের শুক্লাষ্টমীতে পুনর্ব্বসুনক্ষত্র যুক্ত হইলে যদি মনুষ্য স্রোতজলে স্নান করে তবে বাজপেয়যজ্ঞের ফললাভ করিয়া থাকে। কিন্তু ব্রহ্মপুত্রনদে ঐ যোগে স্নান করিলে সকল পাপক্ষয় এবং সর্ব্বতীর্থস্নানের ফল ও বাজপেয়যজ্ঞের ফললাভ হইয়া থাকে। ২

## অথ দশহরা।

জ্যৈষ্ঠস্য শুক্লদশমী সম্বৎসরমুখীস্মৃতা।
তস্যাং স্নানং প্রকুর্ব্বীত দানঞ্চৈব বিশেষতঃ
যাং কাঞ্চিৎ সরিতং প্রাপ্য দদ্যাদ্দর্ভৈস্তিলোদকম্।
মুচ্যতে দশভিঃ পাপৈঃ সুমহাপাতকোপমৈঃ॥ * ১

ইতিব্রহ্মপুরাণ-ব্রহ্মবৈবর্ত্তয়োঃ।

জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষীয় দশমী বৎসরের মধ্যে অতিপ্রশস্ত তিথি, এই তিথিতে স্নান ও দান কর্ত্তব্য। উক্ত তিথিতে যে কোন নদীর জলে স্নান, দান এবং কুশযুক্ত তিলোদক তর্পণ করিলে দশবিধ পাপক্ষয় হয়, এইরূপ কেহ কেহ বলিয়া থাকেন ; কিন্তু স্মার্ত্তমহামহোপাধ্যায় রঘুনন্দন ভট্টাচার্য্য বলিয়াছেন "ব্রহ্মবৈবর্ত্তপুরাণে যে সরিৎ শব্দ উল্লেখ আছে তাহাতে নদী না বুঝাইয়া ভাগীরথী গঙ্গাকে বুঝাইবে, তবে যে কোন সরিৎ যে উক্ত বচনে উল্লেখ আছে তাহা জাহ্নবীর স্তাবকতা মাত্র। এইরূপ মীমাংসা না করিলে নানাবিধ কল্পনা করিতে হয়, বিশেষতঃ কৃত্রিমজলপ্রণালীতে স্নান করিলেও দশবিধপাপক্ষয় হইতে পারে। ১

শুক্লপক্ষস্য দশমী জ্যৈষ্ঠে মাসি দ্বিজোত্তম।
হরতে দশপাপানি তস্মাদ্দশহরোচ্যতে॥ ২

ইতিব্রাহ্মে।

---

* অত্র কেবল দশম্যাং নদীমাত্রে দর্ভকরণকতিলতর্পণাঙ্গকস্নানাদ্দশবিধপাপক্ষয়ঃ ফলদ এবং দানাদাবপি। বস্তুতস্তু বক্ষ্যমাণভবিষ্যেজাহ্নবীপদশ্রবণাৎ হেতুমন্নিগদস্বরসাচ্চ ব্রহ্মবৈবর্ত্তেঽপি। সরিৎপদং জাহ্নবীপরং অন্যথা নানাবিধিঃ স্যাৎ। যাং কাঞ্চিদিতি তু জাহ্নবী স্তাবকং অন্যথা কুল্যাস্নানেঽপি দশবিধপাপক্ষয়ঃ স্যাৎ মন্ত্রলিঙ্গে জাহ্নবীতিপদশ্রবণাচ্চ। ইতি-তিথিতত্ত্বে স্মার্ত্তেনাভিহিতম্।

ব্রহ্মপুরাণে উক্ত হইয়াছে যে,—জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষের দশমীতে গঙ্গাস্নান করিলে দশবিধ পাপক্ষয় হইয়া থাকে, এই জন্য উক্ত তিথিকে দশহরা বলা যায়। ২

জ্যৈষ্ঠেশুক্লদশম্যাস্তু হস্তযোগেন জাহ্নবী।
হরত্তে দশপাপানি তস্মাদ্দশহরোচ্যতে॥ ৩

ইতিভবিষ্যে।

ভবিষ্যে কথিত হইয়াছে,—জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষীয় দশমীতে হস্তানক্ষত্রযোগ হইলে গঙ্গাস্নানে দশবিধ পাপক্ষয় হইয়া থাকে। ৩

জ্যৈষ্ঠে মাসি সিতে পক্ষে দশম্যাং হস্তযোগতঃ।
দশজন্মাঘহা গঙ্গা দশপাপ * হরা স্মৃতা॥ ৪

ইতিপরাশরভাষ্যে যমঃ।

যম কহিয়াছেন,—জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষের দশমীতে হস্তানক্ষত্র যোগ হইলে গঙ্গাস্নানে দশজন্মার্জ্জিত দশবিধ পাপক্ষয় হইয়া থাকে। ৪

জ্যৈষ্ঠে মাসি ক্ষিতিসুতদিনে শুক্লপক্ষে দশম্যাম্।
হস্তে শৈলান্নিরগমদিয়ং জাহ্নবী ম ্যলোকম্।
পাপান্যস্যাং হরতি চ তিথৌ সা দশেত্যাহুরার্য্যাঃ।
পুণ্যং দদ্যাদপি শতগুণং বাজিমেধাযুতস্য। † ৫

ইতিশঙ্খঃ।

শঙ্খ বলিয়াছেন,—মঙ্গলবারে জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষীয় দশমীতে হস্তানক্ষত্রযুক্ত হইলে গঙ্গাস্নানে দশজন্মার্জ্জিত দশবিধ পাপক্ষয় ও অযুত অশ্বমেধযজ্ঞের শতগুণ ফললাভ হইয়া থাকে। উক্ত যোগই ভগীরথদশহরানামে প্রসিদ্ধ। ৫

---

# অথ মহাজ্যৈষ্ঠীযোগকথনম্।

ঐন্দ্রে গুরুঃ শশী চৈব প্রাজাপত্যে রবিস্তথা।
পূর্ণিমা গুরুবারেণ মহাজৈষ্ঠী প্রকীর্ত্তিতা॥ ১

---

* অদত্তানামুপাদানং হিংসা চৈবাবিধানতঃ। পরদারোপসেবা চ কায়িকং ত্রিবিধং স্মৃতম্। পারুষ্যমনৃতঞ্চৈব পৈশুন্যঞ্চাপি সর্ব্বশঃ। অসম্বন্ধপ্রলাপশ্চ বাঙ্ময়ং স্যাচ্চতুর্ব্বিধং॥ পরদ্রব্যেস্বভিধ্যানং মনসানিষ্টচিন্তনং। বিতথাভিনিবেশশ্চ ত্রিবিধং কর্ম্মমানসম্॥ ইতিদশবিধমহাপাপানি বাল্মীকিনা কথিতানি।

† ভৌমবারহস্তানক্ষত্রযুক্তদশম্যাং। গঙ্গাস্নানাদ্দশবিধ পাপক্ষয়শতগুণবাজিমেধাযুতজন্যপুণ্যসমপুণ্যং ফলং। ইতিতিথিতত্ত্বে স্মার্ত্তেনোক্তম্।

অনন্তর মহাজ্যৈষ্ঠীযোগ কথিত হইতেছে,—বৃহস্পতিবার জ্যৈষ্ঠমাসের পূর্ণিমাতে জ্যেষ্ঠানক্ষত্র যোগ হইলে যদি ঐ নক্ষত্রে বৃহস্পতি ও চন্দ্র থাকেন আর রোহিণীনক্ষত্রে রবি অবস্থিত হ'ন, তাহা হইলে মহাজ্যৈষ্ঠীযোগ হয়। ১

অন্যচ্চ।

ঐন্দ্রে গুরুঃ শশী চৈব প্রাজাপত্যে রবিস্তথা।
পূর্ণিমা জ্যৈষ্ঠমাসস্য মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা॥ ২

জ্যেষ্ঠানক্ষত্রে বৃহস্পতি ও চন্দ্র থাকিয়া যদি রোহিণীনক্ষত্রে রবি থাকেন আর ঐ সময়ে জ্যৈষ্ঠমাসের পূর্ণিমা হয় তবে মহাজ্যৈষ্ঠী যোগ হইবে। ২

অপরঞ্চ।

ঐন্দ্রে মৈত্রে যদা জীবস্তৎপঞ্চদশকে রবিঃ।
পূর্ণিমা শক্রচন্দ্রেণ মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা॥ ৩

জ্যেষ্ঠা কি অনুরাধানক্ষত্রে বৃহস্পতি থাকিয়া যদি তাহার পঞ্চদশনক্ষত্রে অর্থাৎ রোহিণী কি মৃগশিরানক্ষত্রে রবি অবস্থিত হ'ন এবং জ্যেষ্ঠানক্ষত্রে চন্দ্র থাকেন আর ঐ সময়ে জ্যৈষ্ঠমাসের পূর্ণিমা হয়,তবে মহাজৈ্যষ্ঠী হইয়া থাকে।৩

প্রকারান্তরঞ্চ।

ঐন্দ্রর্ক্ষেঽথ বা মৈত্রে গুরুচন্দ্রৌ যদা স্থিতৌ।
পূর্ণিমা জ্যৈষ্ঠমাসস্য মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা॥ ৪

জ্যেষ্ঠানক্ষত্রে কি অনুরাধানক্ষত্রে বৃহস্পতি ও চন্দ্র থাকিলে যদি উক্ত সময়ে জ্যৈষ্ঠমাসের পূর্ণিমা হয়, তবে মহাজ্যৈষ্ঠী যোগ হইবে। ৪

অপিচ।

জৈষ্ঠে সম্বৎসরে * চৈব জ্যৈষ্ঠমাসস্য পূর্ণিমা।
জ্যেষ্ঠাভেন সমাযুক্তা মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা॥ ৫

জ্যৈষ্ঠনামা সম্বৎসরে জ্যেষ্ঠানক্ষত্রযুক্ত জ্যৈষ্ঠমাসের পূর্ণিমা হইলে মহাজ্যৈষ্ঠী হইয়া থাকে। ৫

মহাজ্যৈষ্ঠ্যান্তু যঃ পশ্যেৎ পুরুষঃ পুরুষোত্তমম্।
বিষ্ণুলোকমবাপ্নোতি মোক্ষং গঙ্গাম্বুমজ্জনাৎ॥ ৬

ইতিব্রহ্মপুরাণে।

* জ্যৈষ্ঠসম্বৎসরশ্চ জ্যেষ্ঠামূলোপগে জীবে বর্ষঃ স্যাচ্ছক্রদৈবতং। ইতিবিষ্ণুধর্ম্মোত্তরোক্তোগ্রাহ্যঃ ন তু সম্বৎসরাদি পঞ্চকান্তর্গতবর্ষবিশেষোজ্যৈষ্ঠ :ইতিবর্ষবিশেষণস্য বৈয়র্থ্যাপত্তেঃ। সম্বৎসরে যদি স্যাদিতিপাঠঃ কাল্পনিকঃ। ইতিতিথিতত্ত্বে স্মার্ত্তাঃ।

ব্রহ্মপুরাণে উক্ত হইয়াছে,—মহাজ্যৈষ্ঠীতে যে ব্যক্তি পুরুষোত্তম (জগন্নাথ) দেবকে দর্শন করে তাহার অন্তে বিষ্ণুলোকপ্রাপ্তি হয় এবং মহাজ্যৈষ্ঠীতে গঙ্গা-স্নান করিলে অন্তে মোক্ষপ্রাপ্তি হইয়া থাকে। ৬

মাসি জ্যৈষ্ঠে তু সংপ্রাপ্তে নক্ষত্রে শক্রদৈবতে।
পৌর্ণমাস্যাং তদা স্নানং সর্ব্বপাপং হরেদ্দ্বিজাঃ।
তস্মিন্ কালে তু যে মর্ত্ত্যাঃ পশ্যন্তি পুরুষোত্তমম্।
বলভদ্রং সুভদ্রাঞ্চ তে যান্তি পদমব্যয়ম্॥ ৭

ইতিব্রহ্মপুরাণে।

ব্রহ্মপুরাণের বচনান্তরে উক্ত হইয়াছে—জ্যেষ্ঠানক্ষত্রযুক্ত জ্যৈষ্ঠমাসের পূর্ণিমাতে স্নান করিলে সকল পাপ বিনষ্ট হয়, ঐসময়ে পুরুষোত্তম (জগন্নাথ) বলভদ্র ও সুভদ্রাদেবীকে দর্শন করিলে অন্তে নিত্যপদ প্রাপ্ত হইয়া থাকে।

ইতিমহাজ্যৈষ্ঠীকথনম্।

---

# অথ প্রশ্নে ধাতুমূলজীবজ্ঞানম্।

স্বাংশং বিলগ্নে যদি বা ত্রিকোণে স্বাংশে স্থিতঃ পশ্যতি ধাতুচিন্তাম্।
পরাংশকস্থশ্চ করোতি জীবং মূলং পরাংশোপগতঃ পরাংশম্॥ ১

অনন্তর প্রশ্নলগ্নদ্বারা ধাতু, মূল ও জীবজ্ঞান কথিত হইতেছে।—প্রশ্নকালে যদি কোনগ্রহ স্বীয় নবাংশে থাকিয়া লগ্নগত হ'ন কি প্রশ্নলগ্নের নবম কি পঞ্চম-স্থানে অবস্থিত থাকেন অথবা প্রশ্নলগ্ন দর্শন করেন তাহা হইলে প্রশ্নকর্ত্তা ধাতু* চিন্তা করিতেছে বলিতে হইবে। যদি কোন গ্রহ অন্যগ্রহের নবাংশে থাকিয়া প্রশ্নলগ্নে কি প্রশ্নলগ্নের নবম ও পঞ্চমস্থানে দৃষ্টি করেন তবে প্রশ্নকর্ত্তা জীব-চিন্তা † করে জানিবে। আর যদি কোন গ্রহ অন্যগ্রহের নবাংশস্থিত হইয়া অপর গ্রহের নবাংশগত লগ্ন কিম্বা পঞ্চম অথবা নবমস্থান দৃষ্টি করেন তাহা হইলে প্রশ্নকর্ত্তামূল ‡ চিন্তা করিয়াছেন বলিতে হইবে। ১

ধাতুং মূলং জীবমিত্যোজরাশৌ যুগ্মে বিদ্যাদেতদেবং প্রতীপম্।
লগ্নে যোঽংশস্তৎক্রমাদ্গণ্যএবং সংক্ষেপোঽয়ং বিস্তরাত্তৎপ্রভেদঃ॥ ২

---

* ধাতুশব্দে সুবর্ণ, রজত ও মৃত্তিকা প্রভৃতিকে বুঝায়।

† জীবশব্দে পুরুষাদি সরীসৃপ পর্য্যন্ত জানিতে হইবে।

‡ মূলশব্দে স্থলজ ও জলজ এই উভয় মূল বুঝায়।

লগ্নকে নয়ভাগে বিভক্ত করিলে তাহার এক এক ভাগের নাম নবাং রাশি অর্থাৎ মেষ, মিথুন সিংহ, তুলা, ধনু কি কুম্ভরাশি প্রশ্নলগ্ন হইলে প্র নবাংশে ধাতুচিন্তা, দ্বিতীয় নবাংশে মূলচিন্তা ও তৃতীয় নবাংশে জীবচিন্তা জানিবে। এইরূপ চতুর্থনবাংশে ধাতু, পঞ্চমে মূল, ষষ্ঠে জীব, সপ্তমে ধাতু, অষ্টমে মূল এবং নবমাংশে প্রশ্ন হইলে জীবচিন্তা জানিতে হইবে। আর যুগ্ম-রাশিতে ইহার বিপরীত অর্থাৎ প্রথম নবাংশে প্রশ্ন হইলে জীব, দ্বিতীয়ে মূল ও তৃতীয়ে ধাতুচিন্তা বুঝিবে। ২

অথ শুভাশুভপ্রশ্নঃ।

কেন্দ্রত্রিকোণেষু শুভস্থিতেষু পাপেষু কেন্দ্রাষ্টমবর্জ্জিতেষু।
সর্ব্বার্থসিদ্ধিং প্রবদেন্নরাণাং বিপর্য্যয়েষেষু বিপর্য্যয়ঃ স্যাৎ॥ ৩

শুভাশুভ প্রশ্ন কথিত হইতেছে, শুভগ্রহ যদি প্রশ্নলগ্নে কি প্রশ্নলগ্নের চতুর্থ, সপ্তম, দশম, পঞ্চম ও নবমস্থানে থাকেন, আর পাপগ্রহ লগ্নে কি লগ্নের চতুর্থ, সপ্তম, দশম ও অষ্টমস্থান ভিন্ন অন্যত্র অবস্থিত হ'ন তাহা হইলে কার্য্যসিদ্ধি বুঝা-ইবে। কিন্তু পাপগ্রহ যদি প্রশ্নলগ্নের কেন্দ্রে, ত্রিকোণে কি অষ্টমস্থানে থাকিয়া শুভগ্রহ কেন্দ্র ও ত্রিকোণে না থাকেন তবে অশুভ হইয়া থাকে। ৩

ত্রিপঞ্চলাভাস্তমযেষু সৌম্যালাভপ্রদানেষ্টফলাশ্চ পাপাঃ।
তুলাথ কন্যা মিথুনং ঘটশ্চ নৃরাশয়স্তেষু শুভং বদন্তি॥ ৪

যদি প্রশ্নলগ্নের তৃতীয়, পঞ্চম, একাদশ ও সপ্তমস্থানে শুভগ্রহ থাকেন তাহ হইলে প্রশ্নকর্ত্তার লাভ হয়, পাপগ্রহ উক্ত সকলস্থানে থাকিলে অনিষ্ট হইয় থাকে। তুলা, কন্যা, মিথুন ও কুম্ভ এই সকল নররাশি, ইহাতে শুভগ্রহ অব স্থিতি করিলে শুভ হয়। ৪

স্থান প্রদাদশমসপ্তমগাশ্চ সৌম্যা-
মানার্থদাঃ স্বসুতলগ্নগতাভবন্তি।
পাপাব্যয়ায়সহিতানশুভপ্রদাঃ স্যুঃ।
লগ্নে শশী ন শুভদোদশমেঽশুভশ্চ॥ ৫

যদি প্রশ্নলগ্নের দশম ও সপ্তস্থানে শুভগ্রহ থাকেন তাহা হইলে প্রশ্নকর্ত্তা স্থানলাভ হয়। প্রশ্নলগ্নের দ্বিতীয়স্থানে কি পঞ্চমস্থানে কি প্রশ্নলগ্নে শুভ থাকিলে সম্মান ও অর্থাদি লাভ হইয়া থাকে। পাপগ্রহ প্রশ্নলগ্নের দ্বাদশ একাদশস্থানে অবস্থিত হইলে অশুভ হয়। এবং চন্দ্র প্রশ্নলগ্নে কি প্র লগ্নের দশমে থাকিলে অশুভ হইয়া থাকে। ৫

ইন্দুং দ্বিসপ্তদশমায়রিপুত্রিসংস্থং পশ্যেদ্‌গুরুঃ শুভফলং প্রমদাকৃতং স্যাৎ
লগ্নত্রিধর্ম্মসুতনৈধনগাশ্চ পাপাঃ কার্য্যার্থনাশভয়দাঃ শুভদাঃ শুভশ্চ ॥ ৬

যদি প্রশ্নলগ্নের দ্বিতীয়, সপ্তম, দশম, একাদশ ষষ্ঠ, কি তৃতীয়স্থানে চন্দ্র অবস্থিত হইয়া বৃহস্পতিকর্ত্তৃক দৃষ্ট হ'ন, তাহা হইলে প্রশ্নকর্ত্তার স্ত্রীহেতুক শুভফল লাভ হয়। প্রশ্নলগ্নে কি প্রশ্নলগ্নের তৃতীয়, নবম, পঞ্চম ও অষ্টমস্থানে পাপগ্রহ অবস্থিত হইলে কার্য্যনাশ, অর্থক্ষয় ও ভয় হইয়া থাকে। আর যদি উক্তসকল স্থানে শুভগ্রহ থাকে তাহা হইলে শুভফল হয়। ৬

যোযোভাবঃ স্বামিদৃষ্টোযুতো বা সৌম্যৈর্ব্বা স্যাত্তস্য তস্যাস্তি বৃদ্ধিঃ।
পাপৈরেবং তস্য তস্যাস্তি হানিঃ নির্দ্দেষ্টব্যাজন্মতঃ পৃচ্ছতো বা ॥ ৭

প্রশ্নকালে কি জন্মকালে তন্বাদি * দ্বাদশভাবের যে কোনভাব শুভগ্রহ কি স্বামিগ্রহকর্ত্তৃক দৃষ্ট অথবা যুক্ত হইলে তাহার বৃদ্ধি হয়,আর পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট কি যুক্ত হইলে তাহার হানি হইয়া থাকে। ৭

## অথ লাভালাভপ্রশ্নঃ।

সৌম্যৈর্ব্বিলগ্নে যদি বাস্য বর্গে শীর্ষোদয়ে সিদ্ধিমুপৈতি কার্য্যম্।
অতোবিপর্য্যস্তমসিদ্ধিহেতুঃ কৃচ্ছ্রেণ সংসিদ্ধিকরং বিমিশ্রমম্ ॥ ৮

লাভালাভপ্রশ্ন কথিত হইতেছে,—শুভগ্রহ যদি প্রশ্নলগ্নের অধিপতি হ'ন অথবা শুভগ্রহের বর্গে কি শীর্ষোদয়লগ্নে প্রশ্ন হয়, তাহা হইলে কার্য্যসিদ্ধ হইয়া থাকে। আর উঁহার বিপরীত হইলে কার্য্যসিদ্ধি হয় না। বিমিশ্রিত লগ্ন হইলে কষ্টে কার্য্যসিদ্ধি হয়। ৮

## অথ নষ্টলাভাদিপ্রশ্নঃ।

হোরাস্থিতঃ পূর্ণতনুঃ শশাঙ্কোজীবেন দৃষ্টো যদি বা সিতেন।
ক্ষিপ্রং প্রণষ্টস্য করোতি লব্ধিং লাভোপযাতো বলবান্ শুভশ্চ ॥ ৯

নষ্টলাভপ্রশ্ন কথিত হইতেছে,—পূর্ণচন্দ্র যদি প্রশ্নলগ্নে থাকিয়া বৃহস্পতি কিম্বা শুক্রকর্ত্তৃক অবলোকিত হ'ন, তবে শীঘ্রই নষ্টবস্তু লাভ হয়। আর উক্তরূপ না হইয়া যদি প্রশ্নলগ্নের একাদশস্থানে মাত্র বলবান্ শুভগ্রহ থাকেন তাহা হইলেও নষ্টবস্তু লাভ হইয়া থাকে। ৯

* তনুর্ধনং সোদরশ্চ বন্ধুঃ পুত্রোরিপুস্তথা। পত্নী চ নিধনং ধর্ম্মকর্ম্ম চায়োব্যায়োঽপি চ। ইতিজাতকচন্দ্রিকায়াং। লগ্নকে তনুস্থান বলে, এইরূপ দ্বিতীয় ধনস্থান, তৃতীয় সোদরস্থান, চতুর্থ বন্ধুস্থান, পঞ্চম পুত্রস্থান, ষষ্ঠ রিপুস্থান, সপ্তম পত্নীস্থান, অষ্টম রিপুস্থান, নবম ধর্ম্মস্থান, দশম কর্ম্মস্থান, একাদশ আয়স্থান এবং দ্বাদশস্থানকে ব্যয়স্থান বলিয়া থাকে।

পূর্ণঃ শশী লগ্নগতঃ শুভো বা শীর্ষোদয়ে সৌম্যনিরীক্ষিতশ্চ।
নষ্টস্য লাভং কুরুতে তদাস্তু লাভোপযাতো বলবান্ শুভশ্চ॥ ১০

শীর্ষোদয় অর্থাৎ মিথুন, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, কুম্ভ কি মীন যদি প্রশ্ন-লগ্ন হয়, আর তাহাতে পূর্ণচন্দ্র শুভগ্রহ থাকিয়া শুভগ্রহকর্তৃক দৃষ্ট হ'ন তাহা হইলে নষ্টবস্তু শীঘ্র লাভ হয়, আর প্রশ্নলগ্নের একাদশস্থানে শুভগ্রহ থাকিলেও নষ্টবস্তু লাভ হইয়া থাকে। ১০

স্থিরোদয়ে স্থিরাংশে বা বর্গোত্তমগতেঽপি বা।
স্থিতং তত্রৈব তদ্দ্রব্যং স্বকীয়েনৈব চৌরিতম্॥ ১১

স্থিররাশি কি স্থিররাশির নবাংশ অথবা বর্গোত্তম যদি প্রশ্নলগ্ন হয় তাহা হইলে অপহৃত বস্তু আত্মীয় কর্তৃক হৃত হইয়া সেইস্থানে আছে জানিতে হইবে। আর যদি ইহার অন্যরূপ হয় তবে অপর কোন চৌরকর্তৃক অপহৃত হইয়াছে জানিবে। ১১

আদ্যমধ্যাবসানেষু দ্রেক্কাণেষু বিশেষতঃ।
দ্বারদেশে তথা মধ্যে গৃহান্তে চ বদেদ্ধ্রুবম্॥ ১২

লগ্নের প্রথম দ্রেক্কাণে যদি প্রশ্ন হয় তবে হৃতবস্তু দ্বারদেশে আছে জানিবে; এইরূপ দ্বিতীয় দ্রেক্কাণে প্রশ্ন হইলে গৃহমধ্যে রন্ধনস্থানসমীপে এবং তৃতীয় দ্রেক্কাণে প্রশ্ন হইলে অপহৃতবস্তু গৃহের পশ্চাদ্ভাগে আছে জানিতে হইবে। ১২

দিগ্বাচ্যাঃ কণ্টকগৈরসম্ভবৈর্ব্বা বদেদ্বিলগ্নর্ক্ষাৎ।
মধ্যাচ্চ্যুতৈর্ব্বিলগ্ননবাংশকৈর্যোজনানি বদেৎ॥ ১৩

প্রশ্নলগ্নের কেন্দ্রস্থানস্থিত গ্রহদ্বারা হৃতদ্রব্য কোন্ স্থানে আছে তাহা নির্ণয় করিবে যথা,—রবি কেন্দ্র থাকিলে পূর্ব্বদিকে, শুক্র থাকিলে অগ্নিকোণে, মঙ্গল থাকিলে দক্ষিণে, রাহু থাকিলে নৈঋর্তে, শনি থাকিলে পশ্চিমে, চন্দ্র থাকিলে বায়ুকোণে, বুধ থাকিলে উত্তরে এবং কেন্দ্রে বৃহস্পতি অবস্থিত হইলে ঈশান কোণে বুঝাইবে। কেন্দ্রে যদি অনেক গ্রহ থাকে তবে অধিক বলবান্ গ্রহের দিক্ অনুসারে দিক্ নির্ণয় করিবে। যদি কেন্দ্রে গ্রহ না থাকে তাহা হইলে দিক্ অধিপতির্ লগ্নানুসারে দিক্ নিরূপিত হইবে। নবাংশদ্বারা দূরতা বিবেচিত হয়, অর্থাৎ পঞ্চমনবাংশের পরে যত নবাংশ অতীত হইবে তৎসংখ্যক যোজন অন্তরে হৃতদ্রব্য আছে বুঝাইবে। ১৩

অথ প্রবাসাদিজ্ঞানপ্রশ্নঃ।

দূরগতস্যাগমনং সুতধনসহজস্থিতৈর্ব্বিলগ্নাৎ।
সৌম্যৈর্নষ্টপ্রাপ্তিং লঘ্বাগমনং গুরুসিতাভ্যাম্॥ ১৪

প্রবাসবিষয়ে প্রশ্ন কথিত হইতেছে,—যদি প্রশ্নলগ্নের পঞ্চম, দ্বিতীয় ও তৃতীয়স্থানে গ্রহ অবস্থিত হ'ন তাহা হইলে দূরগতব্যক্তির আগমন বুঝায়, উক্ত সকল স্থানে শুভগ্রহ থাকিলে নষ্টবস্তুর লাভ হইয়া থাকে। আর যদি বৃহস্পতি ও শুক্র প্রশ্নলগ্নের পঞ্চম, দ্বিতীয় কি তৃতীয়স্থানে অবস্থিত হ'ন, তাহা হইলে প্রবাসীব্যক্তির শীঘ্র আগমন বুঝাইবে। ১৪

যামিত্রেঽপ্যথ বা ষষ্ঠে গ্রহঃ কেন্দ্রে বৃহস্পতিঃ।
প্রোষিতাগমনং বিদ্যাৎ ত্রিকোণে জ্ঞে সিতেঽপি বা॥ ১৫

প্রশ্নলগ্নের সপ্তম ও ষষ্ঠস্থানে যদি গ্রহ থাকে, আর বৃহস্পতি যদি লগ্নে কি লগ্নের চতুর্থ, সপ্তম কি দশমস্থানে অবস্থিত হ'ন, তাহা হইলে প্রবাসীব্যক্তির আগমন বুঝায়, প্রশ্নলগ্নের নবম ও পঞ্চমস্থানে বুধ ও শুক্র অবস্থিত হইলেও প্রোষিত ব্যক্তির আগমন বুঝাইয়া থাকে। ১৫

গ্রহঃ সর্ব্বোত্তমবলোলগ্নাদ্‌যস্মিন্ গৃহে স্থিতঃ।
মাসৈস্তত্তুল্যসংখ্যাতৈর্নিবৃত্তিং যাতুরাদিশেৎ॥ ১৬

প্রশ্ন লগ্ন হইতে যে যে স্থানে অত্যন্ত বলবান্ গ্রহ অবস্থান করেন সেই স্থান পরিমিত মাসে প্রবাসী আগমনেচ্ছু ব্যক্তির প্রবাসনিবৃত্তি হইয়া থাকে। ১৬

চরাংশস্থে গ্রহে তস্মিন্ কালমেতদ্বিনির্দ্দিশেৎ।
দ্বিগুণং স্থিরভাগস্থে ত্রিগুণং তদ্দ্বিরাত্মকে॥ ১৭

পূর্ব্বশ্লোকে যে অত্যন্ত বলবান্ শুভগ্রহ-স্থিতিদ্বারা আগমনের কাল নিরূপিত হইয়াছে তাহা চররাশির নবাংশে বুঝিতে হইবে। এইরূপ স্থিররাশির নবাংশে বলবান্ গ্রহ থাকিলে তাহার দ্বিগুণ পরিমিত মাসে এবং দ্ব্যাত্মকরাশির নবাংশে শুভগ্রহ অবস্থিত হইলে ত্রিগুণ পরিমিত মাসে প্রবাসীব্যক্তির আগমন বুঝাইবে।

যাতুর্ব্বিলগ্নযামিত্রভবনাধিপতির্যদা।
করোতি বক্রমাবৃত্তেঃ কালং তং ব্রুবতেঽপরে॥ ১৮

প্রশ্নলগ্নের সপ্তমাধিপতিগ্রহ যে সময়ে বক্রগতি প্রাপ্ত হ'ন, সেইকালে প্রবাসী আগমনেচ্ছু ব্যক্তির প্রবাসনিবৃত্তি হইয়া থাকে। ইহাও কোন কোন জ্যোতির্ব্বিদের মত। ১৮

অষ্টমস্থে নিশানাথে কণ্টকৈঃ পাপবর্জ্জিতৈঃ।
প্রবাসী সুখমায়াতি সৌম্যৈর্লাভসমন্বিতঃ॥ ১৯

প্রশ্নলগ্নের অষ্টমস্থানে চন্দ্র থাকিলে আর কেন্দ্র স্থানে * পাপগ্রহ অবস্থিত

---

লগ্ন, লগ্ন হইতে চতুর্থ, সপ্তম ও দশমস্থানের নাম কেন্দ্র বলা যায়

না হইলে প্রবাসীর সুখগমন বুঝায়, আর শুভগ্রহ কেন্দ্রস্থিত হইলে প্রবাসীব্যক্তি লাভবান্ হইয়া আগমন করিবে জানিতে হইবে। ১৯

পৃষ্ঠোদয়ে * পাপনিরীক্ষিতে বা পাপাস্তৃতীয়ে রিপুকেন্দ্রগে বা।
সৌম্যৈরদৃষ্টাবধবন্ধনাস্যুঃ নষ্টাবিনষ্টামুষিতাশ্চ বাচ্যাঃ॥ ২০

পৃষ্ঠোদয়ে অর্থাৎ বৃষ, মেষ, ধনু, কর্কট, মকর ও মীনরাশির মধ্যে যদি কোন রাশি প্রশ্নলগ্ন হইয়া পাপগ্রহ কর্তৃক দৃষ্ট হয় তাহা হইলে প্রবাসীব্যক্তির বধ, ছেদন কি বন্ধন বুঝাইবে। শুভগ্রহ কর্তৃক অদৃষ্ট হইয়া পাপগ্রহ প্রশ্নলগ্নের তৃতীয়ে অবস্থিত হইলে প্রবাসীর দেশান্তর বুঝায়, প্রশ্নলগ্নের ষষ্ঠস্থানে পাপগ্রহ থাকিয়া শুভগ্রহ কর্তৃক দৃষ্ট না হইলে প্রবাসীব্যক্তির মৃত্যু জানা যায়; আর প্রশ্নলগ্নের কেন্দ্রে পাপগ্রহ থাকিয়া শুভগ্রহ কর্তৃক ঈক্ষিত না হইলে প্রবাসীব্যক্তির দ্রব্যাদি চৌর কর্তৃক অপহৃত হইয়াছে বলিতে হইবে। ২০

গ্রহোবিলগ্নাদ্‌যতমে গৃহে তু তেনাহতাদ্বাদশরাশয়শ্চ।
তাবদ্দিনান্যাগমনস্য বিদ্যান্নিবর্ত্তনং বক্রগতৈর্গ্রহৈশ্চ॥ ২২

প্রশ্নলগ্ন হইতে যে যে রাশিতে গ্রহ আছে সেই অঙ্ক দ্বারা দ্বাদশকে পূরণ করিয়া যে অঙ্ক লাভ হয় তৎসংখ্যক দিনে প্রবাসীব্যক্তির আগমন জানিবে. আর গ্রহ বক্র অবস্থায় থাকিলে ঐ সংখ্যক দিবস পর্য্যন্ত গমননিবৃত্তি বুঝাইবে।২১

বৃষসিংহবৃশ্চিকঘটৈর্ব্বিদ্ধি স্থানং গমাগমৌ ন স্তঃ।
ন মৃতং ন চাপি নষ্টং ন রোগশান্তির্ন চাভিভবম্॥ ২২

বৃষ সিংহ, বৃশ্চিক ও কুম্ভলগ্নে প্রশ্ন হইলে প্রশ্নকর্ত্তার স্থানলাভ জানা যায়; স্থিররাশি বিধায় ঐ সকল লগ্নে গমনাগমন, ব্যাধিপীড়িত ব্যক্তির রোগশান্তি, মরণ এবং পরাভব বুঝায় না, ধান্যাদি বিষয়ে প্রশ্ন হইলে তাহা নষ্ট কি হৃত না হইয়া সমভাবে আছে জানা যায়। ২২

তদ্বিপরীতং চরৈর্দ্বিশরীরৈর্মিশ্রিতং ভবতি।
লগ্নেন্দ্বোর্ব্বক্তব্যং শুভদৃষ্ট্যা শোভনমতোঽন্যচ্চ॥ ২৩

চররাশি অর্থাৎ মেষ, কর্কট তুলা ও মকররাশি প্রশ্নলগ্ন হইলে পূর্ব্বোক্ত স্থানাদি প্রাপ্তির বিপরীত ফল হয় অর্থাৎ স্থানপ্রাপ্তি হয় না, গমনাগমন বুঝায়. পীড়িত ব্যক্তির মৃত্যু হয়, ধান্যাদি নষ্ট বুঝায় এবং রোগশান্তি ও পরাভব জানা-যায়। দ্ব্যাত্মকরাশি প্রশ্নলগ্ন হইলে মিশ্রফল হয় অর্থাৎ পূর্ব্বার্দ্ধে প্রশ্ন হইলে স্থির-রাশির ন্যায় এবং পরার্দ্ধে প্রশ্ন হইলে চররাশির ন্যায় ফল হইয়া থাকে। পরন্তু

* বৃষমেষকর্কটমকরধনুর্মীনাঃ পৃষ্ঠোদয়াঃ।

প্রশ্নলগ্ন ও চন্দ্র যদি শুভগ্রহ কর্তৃক দৃষ্ট হয় তবে শুভফল হয়, অশুভগ্রহ কর্তৃক দৃষ্ট হইলে অশুভ ফল হইয়া থাকে। ২৩

অথাংশকাদিনা হৃতদ্রব্যাদীনাং জ্ঞানম্।

অংশকাজ্জ্ঞায়তে দ্রব্যং দ্রেক্কাণৈস্তস্করাঃ স্মৃতাঃ।

রাশিভ্যঃ কালদিগ্দেশাবয়োজাতিস্তু লগ্নপাৎ॥ ২৪

অনন্তর নবাংশাদি দ্বারা হৃত দ্রব্যাদি কথিত হইতেছে। প্রশ্নলগ্নের নবাংশ-দ্বারা দ্রব্য বিবেচিত হইবে। এইরূপ দ্রেক্কাণ দ্বারা তস্করবিচার, রাশি দ্বারা কাল, দিগ্ ও দেশ নির্ণয় এবং লগ্নাধিপের দ্বারা তস্করের বয়স ও জাতি বিবেচিত হইবে। ২৪

অথ পুত্রজন্মাদিপ্রশ্নঃ।

বিষমস্থিতেঽর্কতনয়ে সুতস্য জন্মান্যথাঙ্গনায়াস্তু।

লভ্যা বরস্য নারী সমস্থিতেঽন্যথা বামম্॥ ২৫

পুত্রজন্মাদি-বিষয়ে প্রশ্ন কথিত হইতেছে,—যদি প্রশ্নলগ্নের তৃতীয়, পঞ্চম, সপ্তম, নবম ও একাদশস্থানে শনৈশ্চর থাকেন তবে পুত্র জন্মিবে বলিতে হয়, ঐ সকল স্থানভিন্ন অন্যত্র শনি থাকিলে কন্যা জন্মিবে জানা যায়। আর প্রশ্নলগ্ন হইতে সমসংখ্যক রাশিতে শনি অবস্থিত হইলে বরের কন্যালাভ হয়, বিষম রাশিতে শনি থাকিলে বিপরীত অর্থাৎ কন্যালাভ হয় না। ২৫

পুংবর্গে লগ্নগতে পুংগ্রহদৃষ্টে বলান্বিতে পুরুষঃ।

যুগ্মে স্ত্রীগ্রহদৃষ্টে স্ত্রীবুধযুক্তে তু গর্ভযুতা॥ ২৬

পুংবর্গরাশি অর্থাৎ মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু কি কুম্ভ যদি প্রশ্নলগ্ন হইয়া পুরুষগ্রহ কর্তৃক দৃষ্ট হয় তাহা হইলে পুরুষ জন্মে। সমরাশি যদি প্রশ্নলগ্ন হইয়া স্ত্রীগ্রহ কর্তৃক দৃষ্ট হয় তবে কন্যা জন্মিবে। আর বুধগ্রহযুক্ত প্রশ্নলগ্ন হইলে প্রসব হয় নাই (গর্ভবতী আছে) জানিতে হইবে। ২৬

অথ বিবাহজ্ঞানপ্রশ্নঃ।

গুরুরবিসৌম্যৈর্দৃষ্টস্ত্রিসুতমদনায়ারিগঃ শশী বিলগ্নাৎ।

ভবতি তু বিবাহকর্তা ত্রিকোণকেন্দ্রেষু বা সৌম্যাঃ॥ ২৭

বিবাহবিষয়ে প্রশ্ন কথিত হইতেছে। চন্দ্র যদি প্রশ্নলগ্নের তৃতীয়, পঞ্চম, সপ্তম, একাদশ কি ষষ্ঠস্থানে থাকিয়া বৃহস্পতি, রবি ও বুধ কর্তৃক দৃষ্ট হ'ন, তাহা হইলে বিবাহ হওয়ার সম্ভব, শুভগ্রহগণ প্রশ্নলগ্নের নবমে, পঞ্চমে কি কেন্দ্রস্থানে থাকিলেও বিবাহ হইতে পারে। ২৭

## অথ প্রশ্নে বাল্যাদিচিন্তাকথনম্।

**কুমারিকাং বালশশী বুধশ্চ বৃদ্ধাং শনিঃ সূর্য্যগুরূ প্রসূতাম্।**
**স্ত্রীকর্কশাং ভৌমসিতৌ বিধত্তে এবং বয়ঃস্যাৎ পুরুষেষু চৈবম্॥ ২৮**

প্রশ্নে বালিকাদি চিন্তা কথিত হইতেছে—যদি প্রশ্নলগ্ন বালচন্দ্র কর্ত্তৃক ঈক্ষিত হয় কি বালচন্দ্র * লগ্নে থাকেন, তাহা হইলে প্রশ্নকর্ত্তার মনে কন্যা-চিন্তা এবং বুধগ্রহ প্রশ্নলগ্নে থাকিলে কি বুধ কর্ত্তৃক প্রশ্নলগ্ন দৃষ্ট হইলেও কন্যা-চিন্তা জানিবে, এইরূপ যুবাচন্দ্র † প্রশ্নলগ্নে থাকিলে, কি দৃষ্টি করিলে যুবতী বৃদ্ধচন্দ্র ‡ ও শনিকর্ত্তৃক প্রশ্নলগ্ন দৃষ্ট কি যুক্ত হইলে বৃদ্ধা, রবি ও বৃহস্পতি যুক্ত কি দৃষ্ট হইলে প্রসবযুক্তা, মঙ্গল ও শুক্রকর্ত্তৃক প্রশ্নলগ্ন দৃষ্ট কি যুক্ত হইলে কর্কশা (অতি-তরুণী) প্রশ্নকর্ত্তার মনে জানিতে হইবে। উক্তরূপে শরীরের অবস্থানুসারে বয়স জানিবে। আর স্ত্রীপুরুষজ্ঞানও ঐরূপেই জানিতে হয়। ২৮

## অথ প্রশ্নে আত্মসমাদিচিন্তাকথনম্।

**আত্মসমোলগ্নগতৈর্ভ্রাতা সহজস্থিতৈঃ সুতঃ সুতগৈঃ।**
**মাতা বা ভগিনী বা চতুর্থগৈঃ শত্রুগৈঃ শত্রুঃ॥ ২৯**

প্রশ্নে আত্মাদি চিন্তা কথিত হইতেছে,—বলবান্ গ্রহ যদি প্রশ্নলগ্নে অবস্থিত হ'ন,তাহা হইলে প্রশ্নকর্ত্তা মনে স্বশরীর তুল্য কিছু চিন্তা করিতেছেন বলিবে। এইরূপ প্রশ্নলগ্নের তৃতীয়স্থানে বলবান্ গ্রহ থাকিলে ভ্রাতৃচিন্তা; চতুর্থস্থানে মাতৃ ও ভগিনী চিন্তা, পঞ্চমস্থানে পুত্রচিন্তা এবং প্রশ্নলগ্নের ষষ্ঠস্থানে বলবান্ গ্রহ থাকিলে প্রশ্নকর্ত্তা মনে শত্রুচিন্তা করিতেছেন বলিতে হইবে। ২৯

**ভার্য্যা সপ্তমসংস্থৈর্নবমে ধর্ম্মাশ্রিতোগুরুর্দ্দশমে।**
**স্বাংশপতিমিত্রশত্রুস্তথৈব বাচ্যঃ বলযুতেষু তেষু॥ ৩০**

প্রশ্নল গ্নের সপ্তমস্থানে বলবান্ গ্রহ অবস্থিত হইলে প্রশ্নকর্ত্তার মনে ভার্য্যা-চিন্তা জা[illegible]। এইরূপ প্রশ্নলগ্নের নবমস্থানে বলবান্ গ্রহ থাকিলে ধর্ম্মযুক্ত-পুরুষচিন্তা এবং প্রশ্নলগ্নের দশমস্থানে বলবান গ্রহ থাকিলে প্রশ্নকর্ত্তার মনে গুরুচিন্তা জানিতে হইবে। আর যদি স্বীয় নবাংশাধিপতি লগ্নপতি হইয়া প্রশ্ন-লগ্নে থাকে তবে প্রশ্নকর্ত্তার স্বীয় বিত্তচিন্তা জানিবে। স্বীয় নবাংশপতির মিত্র প্রশ্নলগ্নে স্থিত হইলে মিত্রচিন্তা এবং স্বাংশপতির শত্রু প্রশ্নলগ্নে অবস্থিত হইলে প্রশ্নকর্ত্তার মনে শত্রুচিন্তা জানিতে হইবে। ৩০

---

* শুক্ল প্রতিপদ হইতে দশমী পর্য্যন্ত বালচন্দ্র থাকে।

† শুক্লাদশমী হইতে কৃষ্ণাপঞ্চমী পর্য্যন্ত চন্দ্র যুবা থাকে।

‡ কৃষ্ণাষষ্ঠী হইতে অমাবস্যা পর্য্যন্ত চন্দ্র বৃদ্ধ হয়।

চরলগ্নে চরভাগে মধ্যাদ্‌ভ্রষ্টে প্রবাসচিন্তা স্যাৎ।
ভ্রষ্টঃ সপ্তমভবনাৎ পুনর্নিবিষ্টোযদি নোবক্রী ॥ ৩১

চরলগ্নে কি চররাশির নবাংশে অথবা লগ্নের পঞ্চমাংশ অতীত হইলে যদি প্রশ্ন হয় তাহা হইলে প্রবাসচিন্তা বুঝায়। প্রশ্নলগ্নের সপ্তমরাশিতে যদি গ্রহ চলিত হয় তবে প্রবাসীব্যক্তির প্রবাসনিবৃত্তিচিন্তা বুঝাইয়া থাকে। প্রশ্নলগ্নের সপ্তমরাশিস্থিত গ্রহ বক্রী হউক কি না হউক তাহাতে উক্তরূপ ফলই জানিতে হয়। ৩১

---

## অথ বর্ষাসময়ে বৃষ্টিজ্ঞানম্।

চন্দ্রার্কয়োঃ সপ্তমগৌ সিতার্কী সুখেঽষ্টমে বাপি তথা বিলগ্নাৎ।
দ্বিতীয়দুশ্চিক্যগতৌ তথা বা বর্ষাসু বৃষ্টিং প্রবদেদ্বিলগ্নাৎ ॥ ১

অনন্তর পুনর্ব্বার বৃষ্টিবিষয়ে প্রশ্ন কথিত হইতেছে,—চন্দ্র ও রবির সপ্তমস্থানে শুক্র ও শনি অবস্থিত হইলে বৃষ্টি হয়, আর প্রশ্নলগ্নের চতুর্থ ও অষ্টমস্থানে কি দ্বিতীয় ও তৃতীয়স্থানে উক্ত গ্রহদ্বয় থাকিলেও বৃষ্টি হইয়া থাকে। ১

### অথ প্রকারান্তরে বৃষ্টিকথনম্।

সৌম্যাজলরাশিস্থাস্তৃতীয়ধনকেন্দ্রগাঃ।
সিতপক্ষে চন্দ্রে বাপ্যুদয়গতে জলরাশিস্থে বদেদ্বর্ষম্ ॥ ২

প্রকারান্তরে বৃষ্টি কথিত হইতেছে,—জলরাশি অর্থাৎ কর্কট, মকর, কি মীনরাশিতে শুভগ্রহ থাকিলে অথবা শুক্লপক্ষে মাসার্দ্ধসময়ে জলরাশিস্থ শুভগ্রহ তৃতীয় কি দ্বিতীয় কিংবা কেন্দ্রস্থিত হইলে বা জলরাশির লগ্নে চন্দ্র থাকিলে বৃষ্টি হইয়া থাকে। ২

---

## অথ মরণে ত্রিপুষ্করযোগকথনম্।

ভগ্নপাদে তু নক্ষত্রে ভৌমার্কশনিবাসরে।
ভদ্রাতিথিসমাযোগে ত্রিপুষ্করউদাহৃতঃ ॥ ১

মরণে ত্রিপুষ্করদোষ কথিত হইতেছে,—ভগ্নপাদ অর্থাৎ
উত্তরফল্গুনী, বিশাখা, উত্তরাষাঢ়া ও পূর্ব্বভাদ্রপদনক্ষত্র যদি মঙ্গল
বারে হয় আর ভদ্রা অর্থাৎ দ্বিতীয়া, সপ্তমী কি দ্বাদশী তিথি

একেনাপি ভবেদেকোগুণস্তত্র ত্রিপুষ্করে। ২

ইতিজ্যোতিষে।

বার, তিথি ও নক্ষত্রযোগে ত্রিগুণদোষ হয়, এইরূপ দুইটিযোগে দ্বিগুণদো এবং একটি থাকিলে একগুণ দোষ হইয়া থাকে। ২

পুনর্ব্বসূত্তরাষাঢ়া কৃত্তিকোত্তরফল্গুনী।
পূর্ব্বভাদ্রং বিশাখা চ ষড়েতে বৈ ত্রিপুষ্করঃ॥ ৩

ইতিবরাহসংহিতায়াম্

বরাহসংহিতায় উক্ত হইয়াছে যে,—পুনর্ব্বসু, উত্তরাষাঢ়া, কৃত্তিকা, উত্তর-ফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ ও বিশাখানক্ষত্র ত্রিপুষ্কর সংজ্ঞক। ৩

দ্বিতীয়া সপ্তমী চৈব দ্বাদশীতিথিরেব চ।
শনিভৌমরবিশ্চৈব ষড়েতে বৈ ত্রিপুষ্করঃ॥ ৪

ইতিবরাহসংহিতায়াম্।

দ্বিতীয়া সপ্তমী ও দ্বাদশীতিথি, শনি, মঙ্গল ও রবিবার এই ছয়টি ত্রিপুষ্কর-সংজ্ঞায় অভিহিত। ৪

ফলম্।

এবং ত্রিপুষ্করে দোষে হানিরেব ন সংশয়ঃ।
পুত্রাশ্চ ভ্রাতরঃ পত্ন্যঃ পিতরোমাতরস্তথা।
পিতৃব্যাশ্চ ভগিন্যশ্চ ম্রিয়ন্তে তৎপ্রভাবতঃ॥ ৫

ইতিবরাহসংহিতায়াম্॥

উক্ত ত্রিপুষ্করদোষে হানি হয়, সংশয় নাই। এমন কি পুত্র, ভ্রাতা, পত্নী পিতা, মাতা, পিতৃব্য ও ভগিনী প্রভৃতির ত্রিপুষ্করদোষে মরণ হইয়া থাকে। ৫

মাতা ভ্রাতা স্বসা চৈব জ্ঞাতয়শ্চ সপিণ্ডকাঃ।
সর্ব্বাভাবে রিষ্টিদোষৈর্ব্বাস্তবৃক্ষো ন জীবতি॥ ৬

ইতিবরাহসংহিতায়াম্।

মাতা, ভ্রাতা, ভগিনী ও সপিণ্ডজ্ঞাতি পর্য্যন্ত যাহার নাই, সেইব্যক্তি রযোগে মরিলে ঐ দোষে বাস্তবৃক্ষ পর্য্যন্ত জীবিত থাকে না। ৬

পক্ষেঽথ বা ত্রিপক্ষে বা ষণ্মাসে বৎসরেঽপি বা।
অবশ্য মরণং তত্র নাস্তি গণ্ডোনিরামিষঃ॥ ৭

ইতিবরাহসংহিতায়াম্

ত্রিপুষ্করদোষে পক্ষমধ্যে, ত্রিপক্ষে, ষণ্মাসে অথবা সম্বৎসরমধ্যে পুত্রাদির অবশ্যই মরণ হইয়া থাকে। ত্রিপুষ্করদোষ কখনই ব্যর্থ হয় না। ৭

অন্যচ্চ।

পুনর্ব্বসূত্তরাষাঢ়া কৃত্তিকোত্তরফল্গুনী।
পূর্ব্বভাদ্রং বিশাখা চ রবিভৌমশনৈশ্চরাঃ।
দ্বিতীয়া সপ্তমী চৈব দ্বাদশীতিথিরেব চ।
এতেষামেব যোগেতু ভবতীতিত্রিপুষ্করঃ॥ ৮

ইতিগ্রন্থান্তরে।

গ্রন্থান্তরে কথিত হইয়াছে,—পুনর্ব্বসু, উত্তরাষাঢ়া, কৃত্তিকা, উত্তরফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ ও বিশাখানক্ষত্রের অন্যতম নক্ষত্র যদি রবি, মঙ্গল ও শনিবারের অন্যতম বারে হয়,আর দ্বিতীয়া,সপ্তমী কি দ্বাদশীতিথি থাকে তবে ত্রিপুষ্করযোগ হইয়া থাকে। ৮

ফলম্।

বারে শস্যসুতং হন্তি তিথৌ গোধনমেব চ।
নক্ষত্রে গোত্রহানিঃ স্যাদ্বাস্তু * বৃক্ষো ন জীবতি॥ ৯

ত্রিপুষ্করাতে মৃত্যু হইলে বারদোষে শস্য ও সুতহানি হয়,এইরূপ তিথিদোষে নাশ এবং নক্ষত্রদোষে গোত্রনাশ হইয়া থাকে। ত্রিপুষ্করদোষে বাস্তবৃক্ষ পর্য্যন্ত বত থাকে না। ৯

অথ ত্রিপুষ্করপ্রতিপ্রসবকথনম্।

অষ্টাদশন্তু সংস্থাপ্য তিথিবারসমন্বিতম্।
পুনঃ সপ্তদশং দেয়ং ত্রিভির্ভাগেন হারয়েৎ।
একেন বসতি স্বর্গে দ্বাভ্যাং পাতালমেব চ।
শূন্যে মর্ত্ত্যে বিজানীয়াত্তত্রাভীবাশুভং ভবেৎ॥ ১০

ইতিগ্রন্থান্তরে।

ত্রিপুষ্করের প্রতিপ্রসব কথিত হইতেছে,—একস্থানে অষ্টাদশসংখ্যক অ· করিয়া মরণ সময়ের তিথি ও বারের অঙ্ক তাহাতে যোগ করিবে, পুনঃ তন্মধ্যে সপ্তদশযোগ করিয়া তিনদ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে পুষ্করাস্থিতি নির্ণয় করিতে হইবে। এক অবশিষ্ট থাকিলে পুষ্করা স্বর্গে জানিবে; এইরূপ দুই থাকিলে পাতালে এবং [illegible] শূন্য থাকিলে

## অথ ত্রিপুষ্করদোষশান্তিকথনম্।

তস্মাত্তৎপাপশান্ত্যর্থং হোমং * কুর্য্যাদ্বিচক্ষণঃ।
তত্রাযুতং তদর্দ্ধং বা সহস্রং বা শতন্তথা।
হোমং দানং তথা কৃত্বা মুক্তো ভবতি নান্যথা॥ ১১

ইতিবরাহসংহিতায়াম্।

ত্রিপুষ্করদোষশান্ত্যর্থ বরাহসংহিতোক্ত হোমাদি করিতে হয়, হোমে সা শক্ত্যনুসারে দশসহস্র, পঞ্চসহস্র, সহস্র কি একান্ত অশক্ত হইলে শতসংখ্য বিধান আছে। বরাহসংহিতোক্ত হোম ও দানাদি করিলেই ত্রিপুষ্করদো শান্তি হয়। ১১

ইতিজ্যোতিষতত্ত্বাবিধৌ নৌকাঘটনাদি সপ্তমস্তরঙ্গঃ।

দীপিকাবচনং যদ্যৎ পুস্তকেঽস্মিন্নিয়োজিতম্।
যোজিতা তত্র তত্রাপি গোবিন্দানন্দটিপ্পনী॥
ইষিন্দুবসুভূশাকে মকরেঽর্কে শনের্দ্দিনে।
মুদ্রিতোবাণভূমানে জ্যোতিষতত্ত্ববারিধিঃ।

সম্পূর্ণোঽয়ং।

---

* কঙ্কতোড়ুম্বরাশ্বত্থৈঃ প্রত্যেকাষ্টোত্তরংশতং। একস্মিন্ [illegible] কর্তব্যং দ্বাভ্যাং ত্রিগুণং ত্রিগুণে তত্র পুষ্করে পরিকীর্ত্তিতম্। ইত্যাদি বরাহসংহিতায়াম্।